

বহুদার-১কে উপনিমদ্

শুক্ল-যজুর্বোদের—বাজসনেয় সংহিতার— কাগ্নশাধার—শতপথ ত্রান্মণের চরমাংশ।

শিশাবতার শ্রীমং শঙ্করাচার্য্যের মহাভায্যের বিশাদ ক্ষমুবাদ সহ।

> শাঙ্কর-ভাষ্যের অনুবাদক— পণ্ডিত শ্রীনৃত্যগোপাল পঞ্চতীর্থ।

গ্রন্থ-প্রবেশ-লেখক— শ্রীসতীশচশ্র মুখোপাধ্যায়।

Sarkar's Collection-Bellechate
বহু শান্ত্ৰগ্ৰের অনুবাদক—সম্পাদক—প্রচারকার্কার
উপেন্দ্রনাথ মুখোপাধ্যায় প্রতিষ্ঠিত
ব বস্ত্রমতী-সাহিত্য-সন্দির হাইতে
সাহীশচনে মুখোপাধ্যায় প্রকাশিত।

কলিকাতা, ১৬৬ নং বহুবাজার দ্বীট, বস্থমতী বৈদ্যুতিক-রোটারী-বন্ধে শ্রীপূর্ণচিন্দ্র মুখোপাধ্যাস মুদ্রিত।

—[প্রথম সংস্করণ]—

থেছ-প্রবেশ

নব-ভারতের মৃক্তিনরের মুরোহিত, জ্ঞানগুড়, স্বামী বিবেকানন উদাত্তসত্তর গাহিয়াছেন,---

"উঠাও সন্মানী, উঠাও সে তান,

হিমাজি-শিবরে উঠিল যে •গান—
গভীর অর্থাে পর্বত-প্রদেশে
সংসারের তাপ ঘণা নাহি পশে—
যে সঙ্গীত-ধ্বনি •প্রশান্তলহরী
দংসারের রোল উঠে ভেদ করি;
কাঞ্চন কি কাম কিখা বশং-কাশ
যাইতে না পারে কতু যার পাশ;
বথা সত্য-জ্ঞান-আনল-ত্রিবেণী
সাধু যায় স্নান করে ধন্ত দানি—
উঠাও সন্মানী, উঠাও সে তান,
গাও গাও গাও, গাও সেই গান—

હું હલ્યલ હું !"

তা কোন্ পান । কোন্ সমীতের জনাহতধানির প্রশান্তবরী ?—
যাহা গভীর অরণ্যে—পর্বতপ্রদেশে উথিত হইয়া সংসারের কর্মকলোল—সন্তাপরোল ভেদ ক্রিয়া, ভারতের গগনে পবনে চির প্রতিধানিত—মুগরিত। বিষের
স্টায় চিক্তরন্থত মহান্ গোরবে গরীয়ান্—চিরপূল্য শ্বতির সন্থানে মহীয়ান্—
মুক্তির প্রতীক সেই ওঁ ক্লাল্লখনি । ভারত-তপোবন-অন্তর্গত সেই বেদ্দমক্ত্রোপাথা । মহাশ্রীণ আর্যা-ঝিন্-তপন্থিগণের অতুল্য সাধনাস্কিত দিবাজ্ঞানের
প্রাজ্যোতি: স্বরূপ সেই, প্রস্থান্ত-সন্থোক্তিক্ত্রাইনী শতাদীর পর শতাদী
অতীতকালের তাম্বাক্রনার ছেদ করিয়া—কর্ম-কর্মান্তের ব্যবধান বিশ্বত
করিয়া—আবার মোক্ত্রামী মানব-সম্প্রদায়কে চিরবান্থিত মুক্তি—সংসারের
ক্রিতাপজ্ঞানাদ্ধ—বিলাসী ত্যাগী ভোগী সন্মানী সর্বসন্থানায়কে, ক্রামান্তর্গতান্ত্রাক্তিক্ত্রাক্ত্রাক্ত্রাক্তিল
প্রদান্তিক্ত্রক্তির উল্লেখ্য সম্প্রান্তর জক্ত বর্ত্তমান মুগ্র সমাগ্রত—
স্থানিত—মুগ্রিত ইইয়াছে।

জ্ঞান-ধর্মের পুণ্যভূমি—সাধনার ওঁপোবন ভারতে—লৈ দেশে বাতাসে মর্মারিত বেদগাথার আকাশে উপিত বজ্ঞধ্যে—স্বর্জের দেবতাকে মর্দ্রের আক্রি করিত —সর্বর্জ-ক্রাদ্রি আছতিপ্রভাবে অখনেধ, গোনেধ—নরমেধ—মহানেধ—অগ্নিজ্যোতিষ্টোম—বছিষ্টোম—রাত্যষ্টোম—বৃদ্ধন্তীম—বৃহৎভোম—নিত্যবজ্ঞ—বাজপের—রাজ্যর—বর্ষথ্য —পুরুষযক্ত—গোমবজ্ঞ—পিতৃয়তে—দৈববজ্ঞ—নৃবজ্ঞ—ভাতবজ্ঞ—পরমেষ্টি—পুজেষ্টি—হেরছ—আত্মান্ততি প্রভৃতি ভাট্টোত্রিক্ত সাহস্রাধ্যের ভাগমন সন্তব হইত। প্রক্রোর তপত্যাপ্রভাবে কুবেরের ঐপর্যা—ইন্দ্রের প্রবল্প প্রভাগ পর্যান্ত ভূক্তজ্ঞান হইয়া ব্রক্ষজানের উন্মেয়ে—উপলব্ধিতে সিদ্ধি ও মৃক্তি অনায়াধ্যক্ত হইত।

নিভৃত গুহার ব্গ-ব্গান্তের ক্জুসাধনাধ—মহতী চিস্তার ফলে—বিশ্ববাদাব চিপ্তপুল—চিক্ত উপজীব্য—অতুলা জন্ত্য অনস্ক অন্তান্ত রক্ষজান—মানব-চিস্তা—বিজ্ঞানকল্পনার অতীত দিকান্তরাশি কাল্ড্রনী আর্থ্য-সাহিত্য-রন্থাকরে হুদক্ষিত হইয়াছে। জ্ঞান-অন্থশীলনের পুণাতীর্থ ভারতে সংসারের জনকল্পোলবিহীন শান্তিমর নিভৃত অরণ্যে যে মহা চিস্তারাশির আহতিপ্রভাবে বিশ্বের শ্রেষ্ঠতম বিজ্ঞানসমূদ্দি—মর্জগতে অম্বর্ত্ত প্রদানের সাধনার উদ্ভব হুইয়াছিল ভাইতি ক্রজানিক্যা। আর সেই কটোরতম সাধনার-দিদ্ধি—কোটী-প্র্যাসম প্রজ্ঞান-জ্যোতির্ম্য ব্রক্ষজানের পুণ্যপ্রভার সমূজ্জ্য জ্যোতিঃসমন্ত্র ক্রহান্ত্রশাক্ষর বিশ্ববাক্ষর ক্রহান্ত্রশাক্ষর ক্রহান্ত্রশাক্য ক্রহান্ত্রশাক্ষর ক্রহান্ত্রশাক

যজ্ঞন্দপরিমণ-স্থানপিত—পুশা-পরাগ-রঞ্জিত—দামগান-অন্থরণিত ভার:
তের প্ণ্য-তপোবনে বিশ্বসভ্যতার শৈশবে— বৈদিক যুগে যে জানের সাধনা
হইরাছিল— সেই জানস্থা কি ভাবে ধীরে ধীরে বিকশিত হইরা বিখের
অক্তান অক্তান বিদ্রিত করিরা—বিমল জ্যোতিঃ সম্প্রাদারণে ভারতের দীওগোরব চিবসম্জ্রল করিরাছে—সেই হাদশস্থ্য-সম্ জ্ঞানজ্যোতির জুমরিকাশের
রেপা বিশ্লেশ করা আমাদের কুল মানবনুদ্ধিতে অসভ্য-ন্থাজ্ঞান প্রয়াস
পাইতেছি— অক্ততার ক্রটি মার্ক্লনীর।

নাজ্রাই দেবতা নম্বৰ্গ দেবতার অপরীবিণী বাণী মন্ত্র।
মন্তর্গের অতীক্রির শক্তিপ্রতাবে দেবতার প্রতীক অপ্রভৃত হয়। বোগি-অবিগণ
মন্তের অতী নৃহেন—উইংবারা নাজসন্তী—মন্ত্রণাধক বার্তা। কতি, সাধনার
অক্সভৃতিতে নিরাকার নিবিদ্ধবনি ছন্দ:-জোত্রে এথিত হুইয়াছে। কৃতব্বের
তপক্তার কামাফলে-প্রশীশক্তির অপ্রপ্রেরণার অক্ষরবিভার সমাহিত হুইয়াছে—

এই ধৃলি-ধ্ন-জ্ঞালমর বৈজ্ঞানিক যুগে কে তাহা নির্ণন্ন করিবে? শক্তরের জালৌকিন্দ শক্তির সময়র মন্ত্র-দেবতার অরুণায়ক। মান্ত্রাই বেদে। রঞ্জ, অথর্ব চারিবেদের সংহিত্য-অংশ ঘাহাতে মন্তরাঞ্জি সময়িত তাহাই বেদ। বেদ অনাদি অনস্ক—বিশ্বের চিরপুঞ্য—কালজয়ী—সর্কব্যাপী। সর্কবিলে নিত্য-বিভামীন বেদ কোন ঋষি ননীমীয় পৃষ্ঠ নহেন—বিশ্বস্থারী আদির্গে অয়ং বক্ষের ফাই—তিনিই বেদবিভার প্রবর্ত্ত। পৃষ্টিকর্তা ত্রন্ধা তাহার নিকট হইতেই বেদবিভার উপদেশ প্রার্থ হন। খেতাখতর উপনিষদে প্রকাশ—শুভারবান্ প্রথমে ব্রন্ধাকে ক্রি করিয়া তাহাকে বেদ-বিভাসমূহ প্রদান করেন। এই বৃহস্থার্কাক উপনিষদে উক্ত হইরাছে, মৃত্যুরূপী প্রজাপতি প্রথমে বেদসমূহ চিন্তা করিয়া পরে বিশ্ব স্থাই করিয়া ছিলেন;—২য়, ৪র্ব, ৬ঠ অধ্যায়ের শেনে উক্ত হইরাছে, অরুত্র বন্ধানি শ্বি বন্ধবিভা লাভ করেন। মহর্ষি বেদব্যাস বেদের রচয়িতা নহেন—সঙ্কলনের শ্বি। বেদে যে দেবতার যে মন্ত্র নির্দ্ধি আছে—সেই দেবতা সেই মন্ত্রন্থপ। বেদমশ্রের অতিরিক্ত কোন দেবতার সভা। বিভামান নাই।

• বিশ্বপৃদ্ধা বেদ—ঋক্, সাম, যজুং, অথর্ম চারি ভাগে বিভক্ত । কর্মকাণ্ড বেদের মুখ্য উদ্দেশ—আজ্ঞান্মুক্তানা । ঋক্, যজুং সাম এই তিন বেদের মন্ত্র প্রযোজ্য, এই জন্মই এই জিবেদের সংহিতানর 'ত্রহী' নামে অভিহিত— ।
ভিরপৃদ্ধা । অথ্ববিবেদে যজ্ঞের বিধান নাই ।

বেদের তুই বিভাগ কর্মকাও জ্ঞানকাও।
কর্মকান্তের সাথনায়—যজাম্পানে মানবের এইক সর্কবিধ কল্যাণ—
এইবা সমৃদ্ধি শক্তি শান্তি, প্রভাব প্রতিমা, প্রতিপতি বৃদ্ধি—পার্ত্তিক পরম
ও চরম মন্ত্র —ইইবাভ — মর্গপ্রান্তি —কোটীকরব্যাপী স্বর্গরাজ্যের অনন্ত স্থসন্তোগ—এমন কি দেবিত —ইক্রত—শ্বমন্ত্র পর্যন্ত লাভ সন্তব।

জ্ঞানকাতে হা নিবেদ্দাল দংসাকে জনজনিত অপার তৃংথের অব-সান—মার্থাবিভ্রম প্রেপ্তের্গার নিরশন—মৃক্তিকামী মানব-সম্প্রদারে প্রন্ধজ্ঞানের প্রসার—জীবাত্মার সহিত প্রমাত্মার সংযোগ—চির্বান্থিত মৃক্তির পথি-নির্দেশ— জীবনুক্তি —ছরমে মোক্ষণাত —অনপ্ত নির্বাণ—মির্কিক্স শুমাধি প্রদান।

কর্মকাণ্ডের চুই বিভাগ—সংহিতা ও ভ্রাহ্মণ। জ্ঞানকাণ্ডের চুই বিভাগ—আরণ্যক ও উপনিষদ্। ভারতের গৌরব-জ্যোতির্মায় বৈদিক বুগে আর্যজ্ঞানের অবতার ঋষি-তপস্থিগণ—
বাঁহাদের মহনীয় বরণীয় সাধনার অর্ক্টুতিতে অনস্ত নিভূত হৈ চিস্তা—
তপস্তার সিদ্ধিপ্রভাবে—জ্ঞানে, বিজ্ঞানে, প্রজ্ঞানে, অর্মুণীলনে পুরাভূমি ভারত
বিশ্বজ্ঞানের অসীম—অনস্ত বল্লাকর্মণে চির-প্রতিভাত হইতেছে—সেই
স্মর্থাতীত অতীত খুগে ভারতে কর্মকাণ্ডের সহিত জ্ঞানকাণ্ডের অপূর্ব
সময়রে—মন্ত্র প্রান্ধণের সহিত আর্থাক ও উপনিষদ প্রবর্ত্তিত ছিল।

শাক্ষাত্য শাক্ষিত্রীপ বৈজ্ঞানিক যুক্তি ব্যতীত কোন কিছুই
বীকার করিতে—উপশন্ধি করিতে চাহেন না । তাঁহারা বিজ্ঞান-বৃদ্ধিতে বৈদিকসাহিত্যকে বিশ্লেষণ করিয়া বৈদিক হুগ ও বেঁদ সম্বদ্ধে বহু বিভিন্ন নতবাদ
প্রকাশ করিয়াছেন। তাঁহাদের কাহারও মতে বেদ চাষার গান—কাহারও
বিবেচনার বেদ প্রাথমিক রগের অরণ্যাশ্রমী ফল-মূলাহারী সরলপ্রাণ বৈদিক
খবিগণের গীতি-উল্লাস। কেহ বলেন, বেদ—সভ্যতার আদি যুগের প্রাকৃতিক
লীলাবৈচিত্র্য-সন্দর্শনে সম্বোহিত আদিম মানবগণের উদার শূদ্রের মহান্
উচ্ছ্যাস—সকরণ আবাহন-গীতি। প্রাচ্য-জ্ঞানে শ্রদ্ধাদিত কোন কোন
পাশ্চাত্য মনীবীর মতে বৈদিক যুগের উষার বেদ-মর্ক মাত্র প্রচলিত ছিল—
পরে ক্রিমতার রগে পৌরোহিত্য-প্রাধান্তে প্রথমে রান্ধণ—পরে আরণ্যক—শেদে
উপনিষদ-নিচয় রচিত হইয়াছে। পাশ্চাত্যের খবি ম্যাক্সমূলার বৈদিকসাহিত্যের চারিটি বৃগ নির্ণয় করিয়াছেন। ছন্দোমূণ—মন্ত্রপুণ—বান্ধণমূণ
স্কর্ণ—এই চারিটি বিভাগে তিনি বৈদিক সাহিত্যকে বিশ্লেষণ করিয়াছেন;
ভাহার সিন্ধান্তে ছন্দোযুগে মন্ত্রহনা—মন্তর্গুণ সঙ্গলন—বান্ধণমূণ জ্যাবণ্যক—
উপনিষদ্নিচয়ে জ্ঞানবিশ্লার—স্তর্থণ গৃহ্নস্ত্র কল্পাদি সঙ্গলিত—গ্রন্থিত।

পাশ্চাত্য-পণ্ডিতগণের বিচারে উপনিষদের পূর্ববর্তী যুগে বেদের জানকাণ্ডের
—থারণাক উপনিষদ্রাজির—বা অস্ত কোন বিভার প্রসার আদৌ ছিল না—
কেবল কর্মকাণ্ডের যজ্ঞাদি অস্টানের ক্ষণ্ড সংহিতা উ প্রাঙ্গণ অংশ মাত্র
বিভানান ছিল। তাঁহাদের সিহান্তে অতি প্রাচীন উপনিষদ্গুলিও খুইন্দমের
৬০০ ছয় শত বৎসর পূর্বে রচিত হইয়াছে মাত্র। কিন্তু তাঁহাদের এই সকল
সিদ্ধান্ত সম্পূর্ণ প্রান্ত ধারণা মাত্র। মহাভারতের বহু স্থানে উপনিষদের উল্লেখ
ও প্রশংসা দেলীপ্রমান দি মহাভারত যে কলির প্রান্ত অন্যান ৫০০০ পাঁচ
হাজার বংসর পূর্বে রচিত হইয়াছে, ভাহাতে কাহারও অনুমান সন্দেহ নাই।
এই হিসাবে প্রাচীন উপনিষদ্গুলি গাঁচ হাজার হইতে দশ হাজার বংসর পূর্বে

যে রচিত—গ্রন্থিত ইইয়াছে, সে বিষরে সন্দেহের অবকাশ নাই। সিদ্ধান্তশীল পাশ্চাত্র পণ্ডিতগণও যে নকল উপনিষদ্ধে প্রাচীনতম বলিয়া স্বীকার করিয়াছেন—সেই সকল উপনিষদেই বৈদিকবৃগের ভারতবর্ষের বিছ্যাকলার—জ্ঞান অন্ধূলীলনের পর্য্যাপ্ত প্রমাণ দীপ্তিমান। এই বহদারণ্যক উপনিষদের বিতীয় অধ্যায়ের ধর্থ রান্ধণের দশন শৃতিতে বৈদিক ভারতের জ্ঞানের সীমানিদ্দেশ—বিহ্যার বিভাগে বর্ণনা স্থপ্রকাশিত ইইয়াছে।

"প্রাণিনাত্তরই মেনন বিনা আয়াসে নি:খাঁদ প্রধাদ প্রবাহিত **হয়**—তেমনই श्रुक, राष्ट्रः मात्र व्यथ्वं त्यम त्मारे श्रुवालात्ररे निःशामश्रुक्तश विना व्यवातम উদ্ধৃত[®]। বিশ্বের সমুস্ক জ্ঞান জীহা হইতেই প্রবাহিত। তিনিই সমুস্ক বিষ্ণার আধার—আশ্রা। ইতিহাস, পুরাণ, বিভা (শান্ধরভাব্যে দেবজনবিভা—হক্ষ কলাবিলা) উপনিষদ্, শ্লোক, হুত্ৰ, ব্যাখ্যান, অন্তব্যাখ্যান দৰ্কবিলা—সেই পরমন্ত্রক হইতেই নিঃস্থত: ছান্দোগ্য উপনিষ্দেও দেব্যি নারদের তর্কশান্ত, নক্ষত্রবিদ্যা, •কশাবিদ্যা, বিজ্ঞানাদি বিদ্যার, এক্ষজ্ঞানের যথেষ্ট পরিচয় বিদ্যমান। অজাল উপনিষদেও বজুত্বানে বৈদিক ভারতের বিভাগোরবের মহীয়সী প্রশংসা স্থকীর্ত্তিত। এই দক্ত শাস্ত্র-লব্ধ-জ্ঞান-প্রমাণ প্রতাক্ষ করিয়াও বৈদিক ভারতে ' বিস্থার প্রচার ছিল না—বেদ চাষার সান মাত্র—পাশ্চাত্য বিজ্ঞানজগং হইতেই সর্ববিত্যার রত্নাকর ভারতে শিক্ষা, সভ্যতা ও জ্ঞান জাহাজে বোঝাই হইয়া আদিবাছে – তৎপুর্ফে ভারতবাসী অজ্ঞান অৱকারে সনাচ্ছন্ন ছিল, ইহা কিরুপে শার্মা করা সম্ভব হুইতে পারে! এই সকল অতি প্রাচীন প্রামাণিক উপনিষদ্— শিবাৰন্দাক্ষ্মন্ত্র যাহার ভাষ্য প্রণয়ন কবিয়া নধর জগতে অমরত্ব লাভ করিয়া-ছেন, তাঁথাতে বৈদিক-ভারতের বিষ্যা-জ্ঞান-মাহাগ্যা-জ্যোতিঃ উত্তাসিত দেখিয়া ঁকোন অদেশগর্কদীপ্ত অবর্গ্মপ্রাণ হিন্দুর মনে-প্রাণে অবিশ্বাসের মনেনহ সম্পিত হইতে পারে ? .

বিশ্ব-সভ্যতার উন্মেষের বহুপূর্জ্জ বৈদিক বুগে পুণাভূমি ভারতবর্ধ সর্কাধিব জ্ঞানের অফ্রণীশনে—নানা বিভার বিভিন্নবিভাগ্নে—প্রজানে—বিজ্ঞানে—প্রসাবে—সাধনার কি মহিমা প্লোরবাধিত—দীপ্ত-জ্ঞোতির্ম্ম প্রভাৱ সমূজ্জল ছিল, তাহা উপলি করিয়া আনন্দাতিশয়ে খনেশগোরবগর্জে আত্মহারা হইতে হুয়! আর মনে হয়,
—জ্ঞানবিফার লীলানিকেতন—সাধনার পুণাতীর্থ ভারতের মহিয়াময় আর্য্য-হিন্দু
সন্তান আমরা আজ সম্পূর্ণ আত্মবিশ্বত—অর্থকরা পরবিভার চর্চায় উন্মত্ত—
আত্মনিরেদিত—পরাম্বকরণ-সর্বপ ; সেইজন্মই আমরা আজ পরতন্ত্রের ক্রীতদাস।

পেবতার পদরেগুপ্ত ভারতের জানজোতির্দ্ধ বৈদিক যুগে ব্রহ্মজানের
প্রসারের জন্ত নাগ্যজার্ম্ভানে ধর্মসাবনার জন্ত পঞ্চমবেদ মহাভারতরচয়িতা মহামি বেদ্দন্যাস কেন আবহু, সামা, অজুন্ত, তাথাই
ভারি বেদ্দন্ত নাভ্যাহ্র নিভাগে করিছাছিলেন ?
ভাঁহার চাবি প্রধান শিষ্য বৈশ্পায়ন, পৈল, সমন্ত, জৈমিনির সহায়তায়
ভারি বেদ সম্মন করিয়াছিলেন—বেদের কর্মকাণ্ড সংহিতা ব্রাহ্মনে জ্ঞানকাণ্ড
আবন্ধক উপনিষ্কাদে বিভক্ত করিয়াছিলেন—তাহার ফার্গ নির্ণয় হরিতে
হইলে বৈদিক বুগের ধর্ম সাধনৈকপ্রাণ আগ্রহিদ্দ্র জীবনধারা বিশ্লেষণ—চিন্তা
সাধনা অন্তত্তির অন্তর্বন করিতে হয়। সেই গোঁৱন-জ্ঞোতির্ম্ম যুগে আর্যা
হিন্দুর জীবন-বাত্রা—জীবন সাধনা—লাক্ষ্যভূতির পাইছেয় আল্লাম্না

বাণ্যজীবনে গুরুগৃহে বাস করিয়া রীতিমত স্থকঠোর ক্রান্সক্রি পালন করিয়া বেদশাস্ত্রমন্ত্র কণ্ঠন্থ করা—বাধ্যায়—স্থায়ত্তি—সামগান—মঙ্গাঠি ক্রান্তারী ব্রাহ্মণ বালতকর জীবন-মাধনা হইত। ভবিষ্যং জীবনে ভোগবিলাস তৃত্তির জন্ম ব্রাহ্মণবালকের একমীত্র অর্থকরী বিভার উপাসনা—তোতাপাথীর মত নোট মুধস্থ করা রূপ বিভালাভের সার্থকতা দেই মহিমাধিত যুগে কেই কল্পনায়ও আনিতে পারিত না।

. বর্ত্তমান যুগের কালোপথোগী বিধানে, উপনয়ন-সংস্কারের সময় প্রাধান-কুমারের তিনদিন মাত্র প্রথচ পালনই যথেপ্ট বলিয়া বিবেচিত। আবার পুরোন্থিত। মহাশয়দের কাঞ্চনমূদ্যে দকিলা দিলে, অনেককে সে ক্লেশণ্ড স্বীকার ক্রিভে হয় না। আধুনিক প্রাধাণগণের অপূর্ক মাহাদ্যো বেদপাঠ—বেছ-অফুনালন বাজালা দেশ হইতে সম্পূর্ণ বিতাতিত—বিবর্জিত। পুরোহিত-বিধানে উপনয়ন সংস্কারের সময় সাবিত্রী দীক্ষা—গায়ত্রীমন্ত্রপ্রপ্র প্রাধাণ-কুমারের বেদপাঠস্যান্তির—প্রাধাণক

শে বৃদ্ধে বেদ লিপিবন্ধ—মৃত্তিত ইইবার সন্তাবনা ছিল, না। ত্রেদ্দেহক্তে
শাক্তি মাক্ত ছিলে। গুরুম্থে শুনিরাই ব্রন্ধচারী রালককৈ স্মৃতিপথে
চিবহারিভাবে স্থানিক বাথিতে ইইত। শিক্ষাসমাপ্তির পর গৃহে প্রভাবর্তনকালে
বিদার মৃহুর্ত্তে আইনীকান করিয়া গুরু বে শেষ উপদেশ দিতেন, তাহা তৈ নিরীর
উপনিষ্কাদে এইরপ উক্ত ইইরাছে—শিত্তা বিচলিত ইইও না—স্বাধ্যার মন্ত্রন্ধতি বৃদ্ধত ইইও না। ব্রন্ধচারী ব্রান্ধণের বাশ্যজীবনের স্বাধ্যার বিভাগ—

মন্ত্রবাজি-সমধ্য-সংগ্রহ—সহ হৈ ভা । সংহিতা অংশ মন্ত্রসফলনের উদ্দেশ্ত এদ-চারী এই মন্ত্রসমূহ যজে প্রয়োগ করিবেন। মন্ত্র অর্চ্ছণ প্রভৃতি ছন্দে গ্রথিত পদা।

অধ্যয়ন সমান্তির পর একচারী রাজণ যুবক বিবাহিত হইরা, পাইস্ক্যাক্রান্তম প্রবেশ করিতেন। তথন তিনি সাধনী পদ্ধীর সহিত সংসারধর্ষে
প্রবৃত্ত হইরা বাল্যে অবীত সেই কণ্ঠত বেদমরে সর্ববিধ বাগ্যজ্ঞার্ম্ভানে
প্রবৃত্ত হইরো বাল্যে অবীত সেই কণ্ঠত বেদমরে সর্ববিধ বাগ্যজ্ঞার্ম্ভানে
প্রবৃত্ত হইতেন। সে আর্য্য-রাজনের সংসারজীবনও ধর্মসাধনমান্তে
পর্যবৃত্তিত ছিল। ক্রান্যকে ইন্ধনপ্রদান—ভোগবিলাদের চরিতার্থতা সে
বুগের একমাত্র অভীষ্ট কাম্য ছিল না। সংসারাপ্রমে— মজার্ম্ভানে— মর্ম্মাণনাম সহায়তা—সামিসেরা করিতেন বলিয়াই সাধনী স্ত্রী সহধর্মিনী নামে
অভিহিতা। সংহিতা-সন্ধলিত কেবল মদ্বের প্রান্থাে মজার্ম্ভান মন্তব নহে।
বাগ্রজ্ঞের ব্যবহা—অফ্টানের পদ্ধতি—নানা, উপকরণের প্রয়োগবিধি—
সর্বরস-মুগন্ধি আছতি প্রদানে দেবগণের ভৃত্তিবিধান প্রভৃতি দেবকার্য্য
সমাধানের জন্ম বিধানের প্রয়োজন। এজন্ত— মজার্ম্ভানের ব্যবস্থা-নৈপুণ্যের
জন্ম বেদের ক্রাক্ষেক্রা অংশ স্ক্রী। যজ্ঞে প্রয়োগের জন্ম যেনন মন্তপ্রকাশে
সংহিতা—তেমনই যজ্ঞের স্থ্যবেলা—স্ক্রবিধ-বিধান বিবৃত্তির জন্ম ক্রাক্ষেক্রা।

বিদশান্ত অন্থলীলনের একান্ত অভাবে সেই বেদবিধানের প্রাক্ষণ এখন বছস্থানে মূর্ত্তিমান্ প্রান্ধণরূপে পর্যাবসিত—ব্যাখ্যাত হইতেছেন। আমার বাুনিক পিতৃপ্রান্ধের দিনে পুরোহিত গহাশারের কালাশোচ ছিল বলিরা, বিতীয় শ্বশানঘাট হন্তে একজন ন্র্তিমান্ মহাপ্রান্ধণকে সম্মতিবাক্ষ্য দিবার জ্বন্ত এরিয়া আনিয়াছিলেন। তিনি প্রান্ধের সম্মতিবাক্ষ্য প্রয়োগ করিবেন শুনিয়া ও দেখিয়া বিশ্বরে অবাক্ ও ক্ষুত্ত হইলাম। এতদিন স্পীনিতাম, বেদের রাক্ষণ বিধানেই পিতৃপ্রান্ধ সম্পন্ন করিতেছি।

গার্হস্থান্ত্রমে ধ্বানে—সাধনার সিদ্ধিলাতের জন্ত — চিরবাঞ্চিত স্বর্গপ্রাধির জন্ত — বাগমন্ত্রাম্থানের জন্ত কর্মকান্তের সংহিতা ও রাহ্মণ বিভাগ। ভাব্রি—
েন্দ্রমে নিভিন্ন ভাগ্যন্তর ; শুরু গজুর্বেদে শুরুপর্ব ; — কৃষ্ণমন্ত্র্বদে তিতিরীয়— থাক্রৈদে; বৃত্তরের, কৌষিতকী; — সামরেদে ছালোগ্য, ভাও; — স্পর্ববেদে গোপ্থ রাহ্মণ।

যজ্ঞাহণানে চিত্ত দি ইংলে ভোগনাসনার অনসান্দে পুজেন, উপর সংসারের ভার সমর্পণ করিয়া, পরিণত বয়সে আর্থচত্রাধ্বণ আল্পান্ত অবল্পন করিয়া অরণ্যে গমন করিতেন। তথন তিনি 'আব্দিশ্যক্ত' নামে অভিহিত ইইতেন।

জনকোলাইলণ্ড শান্তিমর অরণ্যে নানাবিধ উপচারের আছতি প্রদান করিরা বজ্ঞান্তটান করা আরণ্যকের পক্ষে অসম্ভব—প্রয়োজনও অতীত ইরাছে। জংসার-ত্যাগী মৃক্তিকার্মী আরণ্যাশ্রমী, যাগ্যজ্ঞান্তচারের অন্ধসমূহকে রূপকরপে কর্মনা করিয়া—প্রতীকেদ ধ্যানে সমাহিত ইরা, আত্মাকে পর্মন্তকে বিলীন করিবার জন্ত—সর্কবিধ বজ্ঞান্তচানের কাম্যকল লাভ করিবেন—এই উদ্দেশ্যেই বেদের জ্ঞান-কাণ্ডের আল্রেল্যক লিভাবেগাল পরিক্রনা। 'আরণ্যকের' অনুচানের জন্ম বজ্জরপকের কর্মনান্ত প্রতিকর ধ্যানে—রন্ধচিন্তার নির্দেশ যে সকল মহাগ্রহে সন্নিবেশিত—তাহাই 'আল্রেল্যক্র' বিশ্বগোরব আচার্য্য শক্ষর বৃহদারণ্যক উপনিষ্দের ভান্য-ভূমিকার সেইজন্মই নির্ভ করিয়াছেনণঃ—'অরণ্যে অনুচ্যান্যত্ব আরণ্যক্ষ্য।—'

ইহার অন্তবাদে—'এই উপনিষদ্খানি অরণ্যে পঠিত হয় বলিয়া, আরণ্যক সংজ্ঞা এবং কলেবর বৃহৎ হেডু বৃহৎ নাম প্রাপ্ত হইরা এক কথার বৃহদারণ্যক সংজ্ঞা নির্দেশ করিলে প্রকৃত অর্থের সার্থিকতা উপলব্ধি করা যায় না।

আচার্য্য শঙ্করের পর কত মূগ অতীত হইরাছে। আ্যা-হিন্দুর জীবনযাত্রার প্রণালীর আম্ল পরিবর্ত্তন সংসাধিত হইরাছে। বৈদিকযুগের জীবন সধনার ধারা—এখন আর আমাদের শ্বতিপথেও উদিত হর না। আচার্য্য শঙ্কর তাঁহার সংসারত্যাগী মৃক্তিকামী, শিশ্বসম্প্রদারের জন্ত—বৌদ্ধ-ভাত্তিকপ্রভাবে সমাজ্য্র ভারতে ব্রক্ষজ্ঞানের প্রসারের জন্ত—যে বৈদান্ত উপনিষদ্রাজির ভাগ্নে ব্রক্ষজানের পর পর ক্রমবিকাশের ধারা নির্দেশ করিয়া, অধিকারি-ভেদে যে সকল সম্ভীন স্থাবস্থা দিয়াছেন—সহসা কোন গ্রন্থস্থচনার তৎকালোচিত অবস্থান্ত কথা না লিখিয়া, কেবল 'অরণে, পঠিতবা' বলিলে কোন্ অধিকারীর জন্ত কোন্ অবস্থার্ম এমন বিধান নির্দেশ করিভেছেন, ভাহার স্বরূপ অর্থ উপলব্ধি হইতে গারে না।

"সেয়ং বড়ধ্যায়ী অরণ্যে অন্চ্যমানতাৎ আরণ্যকম্; বৃহত্বাৎ পরিমাণতো বৃহদারণ্যকম্"; ইহার অরপ মর্মজোতক অর্থ বর্ত্তমান যুগে এইরপ হওয়াই সঙ্গত বলিয়া আমার সাধারণ বৃদ্ধিতে মনে হয়:—

বেদের আরণ্যকের সেই ছয় অধ্যায়, যাহাতে সংসারত্যাগিগণের অরণ্যাধ্যমের নির্ভৃত চিস্তায় রক্ষজানলাভের নির্দেশসমূহ উপদ্বিষ্ঠ হইয়াছে—তাহাই আরণ্যক। জানসম্পর্দে—বিষয়-বৈভবে—আকার-গুরুত্বে অঞ্চায়্ত আবিধ্যক সমূহের মধ্যে শ্রেষ্ঠ — বৃহৎ, বিশ্বন্ত এই ব্রক্ষজান-জ্যোতি-স্বরূপ গ্রন্থের নাম ব্রহ্দেশ্রেশ্যক্ত ।

আর্লাকে বেলের শেষাংশ তিশনিষ্ঠদের মূল।
বাঁহারা দংসার ত্যাণ করিয়া অর্ন্যাশ্রমী ইইনাছেন, তাঁহাদের সাধনার নির্দেশসঙ্গলিত দিবা জান-গ্রহ। ঐতরেষ রান্ধণে ঐতরেষ আরণকে—তৈতিরীর রান্ধণে
তৈতিরীর আরণকে—শতপদ রান্ধণে বৃহদারণাক—কোনীতকী রান্ধণে কোনীতকী
আরণ্যক সন্নিবেশিত। মহাপ্রাজ্ঞ মহু বলিয়াছেন, বেদের শেষ পর্যন্ত অধ্যয়ন
করিয়া তবে 'খারণ্যক অধ্যয়ন আরম্ভ করিতে ইইবে।

অর্থ্য-হিন্দুর তেন্ত্রপ্রিত্রতাত সভ্যাস। অরণ্যাশ্রমে ধ্যানধারণার যোগসমাধিতে বিবেক-বৈরাগ্য-সম্পন্ন হইরা, 'আরগ্যক' ব্রন্ধজ্ঞান লাভের জন্ম আকৃল
আকজ্ঞার ব্যাকৃল হইরা, প্রবিজ্ঞার সন্নাস গ্রহণ করিতেন। সর্ব্ধবাদনাত্যাগী
সন্ন্যাসীর তীব্রবৈরাগ্যের শান্তির অমিমনির্মার — মৃক্তিমন্ত উচ্চুসিত জ্ঞানগম্বোত্রীধারা — বেদের চরম ও পরম জ্ঞানসমন্তর— তেন্দ্রা তিন্ত্রতা মুক্তিবিক্রাপ্র
তিন্তিন্ত্রতা এই জন্মই সামবেদীয় আর্কণের উপনিষদ্ বলিয়াছেন—

मधार्मी • दनरमत गमछ व्यक्तिगरू, উপনিষদ পঠি করিবেন।

দৈল-অবসন লাঞ্চিত ভারতবাসী আজ পাশ্চাত্য সভ্যতার গৌরব-গর্মে—বিজ্ঞানের দৃষ্টিপ্রতিঘাতী প্রভায় দিশাহারা—আত্মহারা। আর পেই প্রজ্ঞান-জ্যোতির্দায় বৈদিকযুগে এই সাধনার তপোবন ভারতেই প্রথম জ্ঞানের উণ্মে:ব—সর্ববিভার অঞুশীলনের উৎকর্ষে—মহনীয় চিন্তা তপস্থার প্রভাবে জানজোতি: সম্প্রদারণে—বিষের সঞ্জানতিমিরাককার অপসারিত শ্হী, দিবাজানপ্রভার বিশ্ব উদ্বাসিত কবিয়াছিল। আর্যাহিন্দুর জীবন-যাতার ধারা, বিবর্তনের প্রতিন্তরের ক্রমবিকাশের জন্ম-সাহিত্যের-গুরে • গুরে বিচিত্রবিকাশের মহনীয় বরণীয় ঁদৈথিয়া সমোহিত—আঅবিশ্বত হইতে হয়। বেন প্রাভঃ-সূর্ব্যের জ্যোতীব্ৰস্মানেরখা পূর্বগগনে সমুয়াসিত হইরা, জমবিবর্তনে মধাক-মার্ত্তের মহিমমর প্রচণ্ডদীপ্রিতে বিশ্ব সমুজ্জল—ক্যোতির্ময় যাঁহাদের 'অবদান-মাধুর্যা-গৌজবে বিশের জ্ঞানভাঁগুার তপোষোগ-শক্তিসম্প্র , ভারতের নিকট অপরিশোধনীয় ঋণে চিরঋণী— অতৃল্য সম্পদে চিরসমৃদ্ধ—ধাঁহাদের যুগযুগান্তরের সাধনা অঞ্ভৃতি ভারতকে জ্ঞানের অসীম অনস্ত' কালজনী রত্নাক্রে পরিণত ক্রবিয়াছে—সেই জাতীর চিরনমশ্য—বিশ্বপূজ্য আর্য্য-শ্বি-দৌষিগণ জ্ঞান ও কর্মের প্রকৃষ্ট দাধক व्यागा-वाकालाव कीवनयाका (यमन वक्तिका) नाईका वानश्रक मधान চারি আশ্রমে স্থবিক্তন্ত করিয়াছিলেন—তেমনি সকল আশ্রমবাসীর উপজীব্য
—সাধনাধারার বিবর্ত্তন করিয়া গিয়াছেন। চারি আশ্রমেরই কাম্য
ক্রিহিক ও পার্বত্রিক সর্ব্বিধি উন্নতির বিধিবিধান নির্দ্দেশ করিয়া,
কালোপযোগী সাহিত্যের বিভাগ করিয়া, নহার জগতে অমরত লাভ করিয়া
গিয়াছেন। ব্রহ্মচর্যা আশ্রমে সংহিতা—সংসার আশ্রমের জন্ম বাহ্মগত আশ্রমে আশ্রমের জন্মবির্দ্তন—
আশ্রমে আর্থাক—সন্মানে উপনিষদ। এমন স্তরে স্তরে অম্মবির্দ্তন—
আশ্রমোপযোগী শান্তনির্দ্দেশ—অধিকারিভেদে জ্ঞান-সম্প্রসারণ—সাধন-নির্ণবের
ব্যব্যা বিশ্বের অন্ত কোন জাতির সাহিত্যে আছে কি ?

তিশনিষদেই বেদান্ত—বেদের অন্ত—বেদের প্রমজ্ঞানসঙ্গলন—আরণ্যকের পরিশিষ্ট। পূজ্যপাদ ঋষিগণ বলিয়াছেন, উপনিষদ
বেদের মন্তক্ষরপ—শীর্ষদেশ—বিদান্ত। বেদের এই অংশেই জগতের শ্রেষ্ঠজ্ঞান ব্রন্ধবিভার অপূর্ব্ব বিকাশ। বেদান্তদার বলিতেছেন—'বেদান্তো নাম উপনিষৎ প্রমাণম্।'

কলির প্রভাবে বেদের বিভিন্ন শাখার সহিত বিভিন্ন ব্রাহ্মণ—আরণ্যক উপনিষদ বিস্থা হইরাছে। বেদ লিখিত বা মুদ্রিত ছিল না। শ্রুতিরূপে শুরুপরম্পরাক্রমে স্বাধান দ্বারা স্মৃতির আধারে স্থরক্ষিত ছিল। তাহাতে যে কালক্রমে বহু ব্রাহ্মণ আরণ্যক উপনিষদ্ বেদের বিভিন্ন শাখার সহিত বিশ্বতির গর্ভে বিশীন ইইরাছে, সে বিধীয়ে সন্দেহের অবকাশ নাই।

মৃত্তিক উপনিষদের প্রথম অধ্যায়ে পূর্ণবন্ধ-দনাতন শ্রীরামচক্র পরমভ্রমারত মহাবীর হন্মানকে উপদেশপ্রদঙ্গে প্রক্ত শক্ত জ্যাভিখালি উপালি মৃতদেহল লাচা ও কোন্ উপনিষ্ধ কোন্ বেদের অন্তর্গত, তাহার তালিকা প্রদান করিয়া-ছেন। 'বস্ত্রমতী' সুংস্করণের ১৯ পৃঠার পর হইতে তাহা নিমে উদ্ধৃত করিতেছি:—

১। ঐতরের, ২। কৌষীতকী, ৩। নাদবিন্দ্, ৪। আত্মপ্রহোধ, ৫। নির্ব্ধাণ, ৬। মূদগল, ৭। অক্ষমালিকা, ৮। ত্রিপুরা, ৯। দৌর্জীগ্য, ১০। বছব্চ, এই দশথানি ঋগ্বেদের উপনিষদ্। 'ওঁপান্মে মনসি' ইত্যাদি ইহার শাস্কিমন্ত্র।

১। ঈশ, ২। বৃংদারণ্যক, ৩। জাবাল, ৪। হুণুস, ৫। প্রমহংস, ৬। স্বাল, ৭, মন্ত্রিকা, ৮। নিরালম্ব, ৯। জিশিথী, ১০। ব্রাহ্মণ-মণ্ডল, ১১। ব্রাহ্মণ-মণ্ডল, ১১। ব্রাহ্মণ-মণ্ডল, ১১। ব্রাহ্মণ-মণ্ডল, ১৯। কুরীয়াতীত, ১৫। অধ্যাত্ম, ১৬। তারসার, ১৭। শান্তবন্ধা, ১৮। শান্তারনীয়, ১৯। মুক্তিক এই ১৯থানি উপনিষদ যজুর্কেদের—'ও পূর্ণমদঃ পূর্ণমিদং' ইত্যাদি ইহার শান্তিমন্ত্র।

১। কঠবল্লী, ২। তৈভিরীয়, '৩। ব্রহ্ম, ৪। কৈবল্যা, ৫। শেতাখতর, ৬। গর্জ, ৭। নারারণ, ৮। অমৃতবিন্দু, ১। অমৃতনাদ, ১০। কালাগিকজ, ১১। কুরিকা, ১২। সর্বসার, ১৩। শুকরহস্ত, ১৪। তেজোবিন্দু, ১৫। शानिविन्, ১৬। बक्षविष्ठा, ১१। योগত वं, ১৮। मिक्किनोपूर्छि, ১৯। ऋन, २०। भारीतक, २०। यांगमिशा, २२। এकाकत, २०। अक, २८। अवध्छ, ২৫। কঠকুদু, ২৬,। জাদ্য, ২৭। যোগকুগুলিনী, ২৮। পঞ্জন্ধ, ২৯। প্রাণাগ্নিছোক, ৩০। বরাহ, ৩১। কলিসম্ভরণ, ৩২। সরস্বতীরহস্ত ; এই ৩২ থানি উপনিষদ কৃষ্ণযজুর্বেদের—'ওঁ সহনাববতু' ইত্যাদি ইহার শান্তিমন্ত । ९। (कन, २। (ছाल्नान), २। आंकृति, १। रेमजामानी, १। रेमजामी, ৬। বজ্রহচিক, ৭। যোগচূড়ামণি, ১৮। বাস্থদেব, ১। মহৎ, ১০। সংস্থাস, ১১। व्यवाक, ১२। कुछिका, ১७। माविद्धी, ১৪। कृजांक, ১৫। स्रांबान-पर्नन, ১৬। জাবালি—এই ১৬ থানি সামবেদের—'ওঁ আপ্যায়ন্ত্র' ইত্যাদি ইহার শান্তিমন্ত্র। ১। প্রাণু, ২। মুগুক, ৩। মাগুকা, ৪। শিবঃ, ৫। শিখা, ৬। বৃহজ্জাবাল, ৭। নুসিংহতাপনী, ৮। নারদপরিব্রাজক, ১। সীতা, ১০। সরভ, ১১। মহানারারণ, ১২। রামরহস্ত, ১৫। রামতাপনী, ১৮। শাণ্ডিলা, ১৫। পরমহংদ পরিবাজক, ১৬। অন্নপূর্ণা, ১৭। সূর্যা, ১৮। আত্মা, ১৯। পাশুপত, ২০। পরবৃদ্ধ, ২১। ত্রিপুরাতপন, ২২। দেবী ভাবনা, ২০। ভন্ম, ২৪। জাবাল, ২৫। গ্রপতি, ২৬। মহাবাক্য, ২৭। গোপাল-ত্রীপন, ২৮। কৃষণ, ২১। হয়গ্রীব, ৩০।,দভাত্রেয়, ৩১। গারুড়; এই ৩১ খানি উপনিষদ অথর্কবেদের—'ওঁ ভদ্রং কর্ণেভি:' ইত্যাদি ইহার শান্তিমন্ত্র। ইহাই বর্তুমান যুগে প্রাপ্তব্য মোট ১০৮ খ্যানি উপনিষ্ঠান ! শিবাবতার শঙ্করাচার্য্য বৌদ্ধ ও তন্ত্রমত-প্লাবনযুগে আহৈতবাদ পুনঃ প্রবর্তনের

১। ঈশ, ২। কেন, ৩। কঠ, ৪। প্রশ্ন, ৫। মুগুক, ৬। মাণ্ডুকা, ৭। ঐতরেয়, ৮। তৈত্তিরীয়, ৯। কোষীতকী, ১০। শ্বেতাশ্বতর, ১১। ছালোগ্য, ১২। বৃহদারণাক।

জন্ম একজ্ঞানসমাহিত অধৈতবাদের সমর্থক নিমের ১২ থানি প্রধান উপনিষদের

ভাষ্য প্রণয়ন করিয়াছিলেন:--.

ভারতের ব্রক্ষজানের মূর্ত্ত-প্রতীক আচার্য্য শব্দর ব্রদ্ধবিভার সহিত উপনিবদ নামের সার্থক অর্থের স্থসক্তি প্রতিপাদন করিয়াছেন। আচার্য্য শব্দর বৃহদারণ্যক উপনিবদের ভাষ্য-ভূমিকায় বলিতেছেন :— 'সেয়ং ব্রন্ধবিষ্ঠা—উপনিষংশনব্যাচ্যা—তংপরাণাং সুহেঁতোঃ সংসারশ্র অত্যন্তাবসাদনাং। উপ-নি-পূর্কপ্র তদর্থকাং।" সেই ব্রন্ধবিষ্ঠাই উপনিষদ্। বাঁহারা এই ব্রন্ধবিষ্ঠার অন্ত্রশীলনে তৎপর, তাঁহাদের এই জ্বা-জ্বরা-মবণশীল সংসারে অবিষ্ঠা-প্রভাবের সম্পূর্ণ উচ্ছেদ সংসাধিত করে বলিয়াই এই ব্রন্ধবিষ্ঠা উপনিষদ্ নামে অভিহিত্ব। উপ + নি পূর্ক সদ্ ধাতুর অর্থ হইতেই উপনিষদ্ গ্রন্থ নামের এই সার্থক অর্থ উপলব্ধি হয়।

মুগুক উপনিষদের ভাষ্য স্কানায়ও আচার্য্য শঙ্কর এই উক্তিরই প্রাত্নিধানি কবিয়া বলিতেছেন:---

ধাঁহারা শ্রদা-ভক্তিপূর্মক এই ব্রহ্মবিভার থানে আন্মনিব্রেদন করেন, তাঁহাদের গর্ভবাস, জন্মজ্রা রোগ প্রভৃতি অনর্থনিচয় বিনাশপ্রাপ্ত হয়। অবিভাদি সংশয়-কারণের অবসান ঘটে— তাঁহারা প্রমন্ত্রে লীন হন। এই ব্রহ্মবিভার নাম উপনিষদ্। উপানি পূর্ব্ব সদ্ধাতুর অর্থ স্থারণ করিয়াই এইরূপ বলিতেছি।

তৈত্তিরীয় উপনিষদের ভাষ্য-স্কুচনাও এই কথাই বলিয়াছেন,—উপনিয়দে মোক্ষসাধনরূপ পরম মঙ্গল নিছিত আছে।

প্রায় সকল উপনিখনেই দেখা নায় যে, ব্রহ্মবিদ্যায় গুরুশিখ্যের উপদেশ-প্রসম্বই স্থবিস্কৃত। এ জক্ম উপনিষদ্ নামের অর্থ জ্ঞানপ্রার্থী শিয়ের বিনীতভাবে গুরুসমীপে অবস্থানও হইতে পারে।

শ্বিগণ এই ব্রন্ধবিদ্যা প্রকৃত অধিকারী বাতীত অধারকে উপদেশ করি-তেন না। প্রায় সকল উপুনিষদেই এ বিষয়ে সতর্কবাণী উল্লিখিত। ক্লিঠ উপনিষদে যম নচিকেতাকে বহুপ্রকারে প্রলুক্ত করিয়া, নচিকেতা একমাত্র জ্ঞান-প্রার্থী ব্রিয়া, তবে তাঁহার নিকট মৃত্যুরহস্ত বির্ত করিয়া ব্রন্ধজ্ঞানি প্রদান করিয়াছিলেন। এই উপনিষদের ৬৯ অধ্যান্তের ৩য় ব্রান্ধণের হাদশ শ্রুতিতে উক্ত হইয়াছি:—

জবালাপুত্র সত্যকাম শিষ্যগণকে এই মধবিছা উপদেশ দিয়া বলিয়াছিলেন— ধে শাপাবিহীন নিষ্পত্র শুদ্ধ বৃক্ষপু এই মুম্ববিদ্ধার প্রভাবে পল্লবিত—প্রস্থানিত হইবে, কিন্তু পুত্র বা প্রিয় শিষ্য ব্যতীত অপরকে ইহা উপদেশ কুরিবে না।

খেতাখতর উপনিষদ স্পষ্ট নিষেধ করিয়াছেন—পূর্ব্বকল্পে উপদিষ্ট গুঞ্ বেদান্ত রহস্য অধিকারী শিষ্ণ – পুত্র কৃতীত অপরকে উপদেশ প্রদান ফরিবে না।

বিশের চিরপ্রা হাজ্য হের্লিন ছই ভাগে এবং অশুস্থা বেদের মত বছশাখার বিভক্ত ভগবান্ বেদব্যাসের নির্দেশ অন্নসারে তাঁহার শিয় মহর্ষি বৈশল্পায়ন

যে ষজুর্বেদ সঙ্কলন করেন—তাহা ক্রহণ হাজুরেইদে ও ভৈতেরীয় সংহ্রিতা নামে প্রদিদ্ধ। • মহর্ষি বৈশস্পায়নের প্রধান শিশ্ব প্রহ্মর্ষি যাজ্ঞবন্ধ্য তাঁহার সাহ্বিত বিবাদ ক্রিয়া ,যে যজুর্বেদ সঙ্কলন করেদ, তাহা 🗠 🖘 যজুর্রেদ ও বাজসনেয় সংহিতা নামে প্রাণীর। ওর্গজুর্বেদের পঞ্চদশ শাথার মধ্যৈ কলিকাল-মাহাত্ম্যে অক্সান্ত বেদের বিভিন্ন শাথার মত এয়োদ্শ শাখা, বিলুপ্ত হইয়াছে—কাণ্য, ও আন্তৰ্যনিদ্দন নামে ছুইটি মাত্র শাধা বর্ত্তমান। কাগ ও মাধানিন ছুইটি শাধার সহিতই শতশহাক্ষণ নামে হুইটি স্বতন্ত্ৰ ব্ৰাহ্মণ সংযুক্ত। এই উভয় বান্ধণেরই ভাষাগৃত—বিষয়গত—ভাবগত যথেষ্ট সাম্য—জ্ঞানসমূদ্ধির যথেষ্ট সাদৃত্য বিজ্ঞান। কাথশাখার বান্ধনিট সপ্তদশ কাণ্ডে ও মাধ্যনিন শাখার বান্ধণটি পঞ্চশ কাণ্ডে সম্পূর্ণ—উভয় বান্ধণের কাণ্ডদ্বাই জ্ঞাব্রণ্ডাকে নামে স্প্রিসিদ। ইহারই শেষাংশে তুইখানি সর্বজন-সম্পুজিত--রঞ্চজানের চরম বিকাশদীপ্ত উপনিষদ্ সন্নিবেশিত—ইইশা ও ব্রহদ্যারণ্যক। রহদারণ্যক উপনিয়দখানি কাপু শাখার বাজ-স্বেষ সংহিতার শতপথ আক্ষণের চরমাংশ— সংস্থান কাণ্ডের তৃতীয় অধ্যায় হইতে আরম্ভ হইয়া ছর অধ্যায়ে সম্পূর্ণ। ঈশ উপনিষদথানি বাজসনেয় সংহিতার অষ্ট্রাদশ-মন্ত্রাত্মক শেগ অধ্যায়। বৃহদারণ্যক উপনিষদ্ শব্দ উপনিষদ্ অপেক্ষা স্প্রাচীন—আকারেও স্ববৃহৎ— ,ছঁ∛ু অধ্যায়ে বিশ্বস্ত—,প্রত্যেক অধ্যায় আবার বিভিন্ন বান্ধণে বিভক্ত। আচার্য্য শুরুর ভায়ভূমিকার প্রথমেই এই উপনিষদ্গানির মূল উৎসের সন্ধান मियाट्डन :--

• উষা বা অশ্বস্ত প্রভৃতি বাক্ষ্যে শুরুষজ্বেদের বাজ্সনের সংহিতার শতপথ রাহ্মণের পরিশিষ্ট বে উপনিষদ আরম্ভ হইরাছে—সংসারের কারণভূত অবিছার প্রভাবনিবৃত্তির জন্ম—অবিছা শাতনের উপায়বিধান করিবার জন্ত—মুমুক্ষুগণকে ব্রহ্মজ্ঞান প্রদানের জন্ত সাহা ও ব্রহ্ম এক—এই পরমত্ত্ব উপলব্ধি করাইবার জন্ত সেই ব্রহ্মবিছাসমাহিত উপনিষ্দের এই ব্যাখ্যা-গ্রন্থ বির্চিত হইতেছে।

এত দিন সংসারাশ্রমে ব্রাহ্মণবিধানে গাঁহারা যাগযক্তে কর্মান্ত্র্চান করিয়া আসিয়াছেন, তাঁহারা বানপ্রস্থ অবলম্বন করিয়া আরণ্যাশ্রমে গিরা ব্রহ্মবিভার সমাহিত হইবেন। ইহাই আরণ্যক গ্রন্থের উদ্দেশ্য। কর্মান্ত্রানে নির্ভ হইয়া জ্ঞানযোগ-সাধনার তাঁহারা ব্রহ্মজ্ঞানের স্বরূপ উপলব্ধি করিবেন। তাঁহাদের বৈরাগ্যদীথ পবিত্র হৃদয়ে আহা ও এক অভিন্ন জ্ঞান ক্রমে ক্রমে বিকশিত হৃদুবে ়—এই উদ্দেশ্যেই আরণ্যক গ্রন্থ সৃষ্কলিত। আচার্য্য শঙ্কর অক্তান্ত উপনিষদ্ ভাষ্যেও এ কথার স্বস্পেষ্ট নির্দ্ধেশ দিয়াছেন।

ভমাল-তালী বনরাজিনীলা—হিমাজি কিরীটিনী – সিন্ধচু বিতচরণা—দেবতার অবদানমহিমা-গৌরবান্বিত ভারতে—সমীরণে হোমধুম-স্কুরভিত—পাখীর কুজনে বেদগান মুখরিত সাধনার পুঁলাতপোরনে ;—মুক্তিকামী মানবসম্প্রদায়কে অস্থাতত্ত্ব প্রদানের জন্ম যে ভ্রাফন ভ্রানেত্র উদ্ধব হইয়াছিল—যে ব্রক্ষজ্ঞান বিশ্বস্থাইর সঙ্গে সঙ্গে স্বয়ং পরমত্রন্ধেরণ শ্রীনুধপদ্ম-বিনিঃস্ত—ধিশ্বের সভার চিরপূজা-- মতুলা অমূলা অনন্ত নিম্পাদ্--মানব-কলনাপ্রস্ত বিজ্ঞান--আর্থ্য-ঋণি মনীধিবুনের ক্রকলাপ্তরের সাধনা-অঞ্জিত সাহিত্য-রক্লাকরে স্থ্যঞ্চিত সর্ববিধ জ্ঞান-স্কল বুগে বে দিবাপ্রজ্ঞানের নিকট নিপ্রভ-চিরমান—চিরপরাভূত। যে জানের উপলব্ধিতে বিশ্লপ্রস্তী। বিশ্লবিশ্লস্তা ঈশ্বরের সহিত মানব-আত্মার অভেদ জ্ঞান জন্মে— নথর জগতে মানব অমরত লাভ করে-পরমব্রক্ষের সাধুজা জ্ঞানের অহুভূতি হয়। এই অনন্ত শোভা-সমূদ্ধি—স্থ-ঐধর্যোর লীলা-বিভ্রমময় সংসার অতি অসার—মায়াবৈচিত্তোর পরিহাস মাত্র ;—জাগতিক সকল স্থান্ত সকল সম্পদ্— সকল প্রতিষ্ঠা –প্রতিপত্তি যাহার নিকট অতি ভুচ্ছ ; – স্পুদ্রের ক্ষণহায়ী জল-বুদ্বুদতুল্য প্রতীতি হয়;—দেট্ট অবিভা-শাতন, মায়াপ্রহেলিকার মোহান্তর্কুরি, অপসরণকারী একজানের—দ্বাদ্যশস্থ্যসম দ্বীপ্ত-প্রভায় চিব্র-জ্যোতিস্মন্ন—অনুষ্ঠজান মহিমাধিত মহাগ্রন্থ রহদ্যার্শ্রণ্যক ভশনিষদ,।

দীপ্তভাদ্বের করণসম্পাতে যেমন বিশ্বের অন্ধার দ্রীভূত—তেমনি যে প্রজ্ঞানস্থ্যের পুণা-রোভিঃপ্রভার বিশ্বের অজ্ঞান-তম্মা—মৃত্যুর করাল যবনিক্রা চিরতরে অপসারিত হইমা, মান্বধ্বরে সতারক্ষের অন্ধপ প্রতিভাত হইয়াছে, সেই বিশ্বের চরম ও পরমজ্ঞান বন্ধবিলা সম্প্রারণের জ্যোতীর্দ্মি-রেগার বিশ্বেয়ণের অতীক্র শক্তি—অলোকিক সাধনা আমার মত ক্ষুদ্রবৃদ্ধি অজ্ঞান মানবিশ্বির পক্ষে কোন্ যুগে সম্ভব কি.? কিন্তু শক্তব্যের কি নির্দ্ম পরিহাস। গগনস্পদ্ধিনী স্পর্ধার কি অসহ দন্ত বাক্য যেথানে ক্ষদ্ধ—ভাষা ভন্ধ-বৃদ্ধি অচল—চিন্তা কল্পনা বিপর্যান্ত—বিল্লা অকিঞ্ছিৎকর—জ্ঞান ন্তিমিত— উপলব্ধি বিন্দুমাত্র নাই—ুসেইখানেই বিবেকের কশাঘাত নীরবে সহা করিয়া, বিজ্ঞা কাহির করিতে গিয়া, প্রকৃষ্ট মূর্যতার পরিচয় দিয়া স্থাজন-সমাজের পরিহাস শিরোধার্য করিতে হইবে ৷ অর্মাচীনের বিরাট মূর্যতার জন্ম সার্জনাপ্রার্থী!

বে 'মহতো মহীয়ান্— জনোরণীয়াৢন্' জগতে অমুপমেয় মহাজ্ঞানকে লক্ষ্য ক্রিয়া জানের প্রতীক স্বামী বিবেকানন বলিতেছেন : -

"সর্ববৃত্তি মনের যখন
একীভূত ভোমার ক্লণায়,
কোটি হর্যা অভীত প্রকাশ,
চিৎহর্যা হয় হে বিকাশ,
গলে যায় রাব শনী তারা,
আকাশ পাতাল তলাতলু,
এ ব্রহ্মাণ্ড গোপেদ সমান।
বাহ্ত্মি অভীত গমন,
শান্ত গাতু, মন আকালন নাহি করে,
প্রথ-হাদমের তন্ত্রী যক,
খুলে যায় সকল বন্ধন,
মায়ামোহ হয় দূর,
বাজে তথা অনাহত নাদ-ধ্বনি তব বাণী।"

্বিলাল্য ক্রিলাল্য ক্রিলা

উপলব্ধিতে প্রমন্ত্রন্ধের দৈতভাবের —নানা দেবতার্মপে, বিভিন্ন উপাসনার—
আত্মার হইতে পৃথক্ করনার নাশ হইরা—অহংজ্ঞানের প্রবল প্রতাপ চুর্ণ
হইরা, আবার প্রমন্ত্রন্ধ—সর্ক্রান্তর আত্মার সেহিত অবিনাপ্রর আন্তব-আত্মার প্রকল্পত্রান, লাভ সম্ভব হয়; জাগতিক ভাষার সমন্ত শক্তি নিংশেষে ঢালিয়া দিরাও কি সেই কোটিস্ব্যা-সম-প্রভ প্রজ্ঞান-প্রভাব কিঞ্চিশ্মাক অন্তভ্তি প্রদান সম্ভব হইতে পারে?

যে জ্ঞানগঙ্গোত্রীধারার অম্বর্ত্তী হইয়া ভ্র্জানতেপামুখ্রীর অনস্ত সেম্ভ উৎসম্লের সন্ধান পাইলে মানব-জীবন ধন্ত হয়—চরিতার্থ হয়—মানবমন আর সম্পদ্দ-শোভার বাহ্যবিকাশে আক্ষ্ট—প্রলোভিত-সম্মোহিত হয় না; দেবঁও—অমরত্ব—ব্রন্ধত্ব লাভ করিয়া পরমব্রন্ধে সম্মিলিত হয়; নাম-ক্রাপ-ক্রন্থের অজীত—জ্ঞান-কল্পনা চিন্তার প্রপারে উপনীত হইয়া—পরমব্রন্ধের কেবল সামীপ্য-সাদৃশ্য-প্রাপ্তি নহে—ভাহাতে সংযুক্ত—সমাহিত হইতে পারে; মানবের ক্রেশজিতে সেই বিশের সাধনার শ্রেষ্ঠ-সম্পদ্—অতুল্য বিভৃতি ব্রন্ধজ্ঞানের স্ক্রপমাহাত্ম-কীর্ত্তন কি সন্তব হইতে পারে?

দেবতাবৃন্দ – ব্রহ্মর্যি—কেবর্ষি—মহর্ষি—রাজ্য্যি—ঋষি-মনীষি-তপদ্বিগণ কোটি-কল্পব্যাপী সাধনায়—তপস্থায় যে জ্ঞানের স্বরূপ নির্দেশ করিতে পারেন নাই;
বদ-উপনিষদ্ হইতে আরম্ভ করিয়া পুরাণ উপপুরাণ পর্যান্ত অসংখ্য শাল্পগ্রম্থ ইয়ার অনন্ত মহিমা অবিস্থারিত হইয়াও নিঃশেষিত হয় নাই;—চারিবেদ-বেদান্ত-উপনিষদ্রাজি-সঙ্কলন্বিতা অধ্যাদশপুরাণ—পঞ্চমবেদ মহাভারত-রচ্নিতা ক্রিং মহাহ্যি বেদেল্ব্যাস্য অসীম জ্ঞান—অনন্ত তপস্থাবলে যাহাকে ভাষা-বিজ্ঞানে সমাহিত করিতে পারেন নাই; অতুল্য বাগ্ বিভূতির অধীশ্বর জগতের শ্রেষ্ঠ বন্ধজ্ঞানসম্পন্ন ক্রম্ক্রাহ্যি আন্তর্ক্তর যে , বন্ধজ্ঞানের সামা নির্দেশে সমর্থ না ইয়া—তিনি 'নেতি নেতি আ্থা'—তিনি ইহা নহেন—তিনি ইহা নহেন—তিনি ইহা নহেন—ইহাই তাঁহার প্রকৃষ্ঠ পরিচর বলিয়াই ক্রান্ত ক্রিয়াছেন;—বন্ধিষ্ঠ বন্ধানি ক্রান্তন্তির ক্রোভ্রান্তন সামানিক্রেণ সমর্থ বিজ্ঞান্তন ;—বন্ধিষ্ঠ বন্ধানি ক্রান্তন্তির ক্রান্তন্তন ব্রহ্মান্তন ভাষাবিজ্ঞানের সাহায়ে সেই প্রজ্ঞানময় বন্ধজ্ঞানের সম্যক্ পরিচয়-বর্ণন সম্ভব হইতে পারে ?

দেই অণার ব্রক্ষান-প্রতিপাত্ত-জ্যোতির জ্যোতি ব্রক্ষাকাতি প্রতিভাত-প্রজান-পূণ্য-প্রভা-বিবস্থান্ মহাগ্রহ ক্রহানের ভাসীম—অন্ত মহাসমূল। স্বত্ত

আকাশ—সীমাবিহীন ৰায়্মগুল—সপ্তসমুক্ত বিন্তারের সমাহার সমন্বরও এ
বিশাল জ্ঞানরত্বাকরের তুলনার অকিঞ্চিৎকর—উপমার অবোগ্য! এ বিশাল
জ্ঞান-অমৃত-মহাঁসিল্লর তরকের পর্য তরকে সেই পরমত্রন্ধের মহিমা—জ্ঞপরিমের
প্রজ্ঞানরাশি উদ্ভাসিত্ব—উদ্বেলিত। ক্রেড্রেমা ভক্তিকুর সমীরণহিলোলে সে
তরক বিজ্ঞান-আনন্দে সদা আনন্দমন্ধ—বিচিত্র ভঙ্গি-ভঙ্গ। সে আনন্দতরক
আবার ব্রন্ধ্যান-স্বর্যার কিরণ-সম্পাতে সম্জ্রল লীলাবিবস্থান্ণ। আর
উচ্ছাসে উচ্ছানে ক্রেক্সন-মহিমা শ্রাভিভাতে।

দর্শনে অপার আনন্দ—শ্রবণে অতুল্য তৃথি—চিন্তার অসীম স্থ্য—এ
স্থে যে অতৃথি নাই—নিবৃত্তি নাই! বিজ্ঞানে পরমানন্দের অম্ভূতি—মননে
বন্ধানন্দের উপলব্ধি! এ মহাজ্ঞানগ্রন্থ ক্রমাগত পাঠে—ধারণারও ত' বিরক্তি—
অবসাদ আসিবে না। ধ্যানে এ অমৃতধারা-পানে চিরতৃঞ্চা প্রশমিত হইবে;
আত্মবিভ্রম—মারার মোহ হাদরঙ্গম করিয়া ব্রন্ধ্ঞান লাভের জন্ত আত্মহারা
পাগলপারা—সংসার-বৈরাগ্যে তন্মর—উন্মাদ হইতে হইবে!

ব্রক্ষজানের মূর্ত্তবিকাশ শিবাবতার শঙ্কর যে মহাগ্রন্থের ভাষ্টপ্রপারনে অতুল্যা অন্তর্ভতি লাভ করিতে পারিয়াছিলেন বলিয়াই ভারতের সেই বৌদ্ধতান্ত্রিক প্রাবল্যের—ধর্মবিপ্রবের যুগে অবৈতবাদের পুনঃপ্রবর্ত্তন করিয়া বিশ্ববাসীর ঐহিক ও পার্রিকি অশেষ ,মঙ্গলবিধান করিয়া মরজগতে অমরত্ব লাভ করিয়া বিশ্বিবাদির।

এই মহাগ্রন্থের অন্প্রেরণা-প্রভাবেই আঁচার্য্য শঁলর ভাষত পরিপ্রমণ করিয়া, প্রেষ্ঠ পণ্ডিত গণকৈ তর্ক্যুদ্ধে পরাজিত করিয়া—কর্ম্মকাণ্ডের সকাম-কর্মান্ত্র্চানের প্রবৃত্তি ও প্রভাব, এই উপনিষদের প্রামাণা তর্ক্যুক্তি-বলেই নিরাস করিয়া, জ্ঞানকাণ্ডের ব্রম্মবিভার নির্ত্তি-সাধনা প্রবৃত্তিত প্রসারিত করিয়াছিলেন।

আচার্য্য শঙ্কর তাঁহার বিশ্বসমান্ত বেদান্তদর্শনের শারীরক ভাষে এই বৃহদারণ্যকের বহু শতি—বহু ব্যাথ্যা মীমাংসা উদ্ধৃত করিয়া ভবে অইছতবাদ প্রতিষ্ঠার স্বন্ত ভিন্তি হাপন করিয়াছেন—মাধাবাদের মীমাংসা করিয়াছেন—নাত্তিকবাদের কৃততঠেকর সমাধান সম্ভব করিয়া জগতে অবিনশ্বর কীর্ত্তিন্ত প্রতিষ্ঠা করিয়া, গিরাছেন।

এই ব্রশান্তান-বিব্যান ,বৃহদারণাক উপনিষদ সেই বিশ্বস্থারির সঙ্গে সলে উত্ত অগৎ-কল্যাণের অন্ত বিশ্বস্তার নইনীর চিন্তার বরণীর দান ;—অনাদি অনন্ত নিত্যস্তাপ্ত্রপ বেদের শ্রেষ্ঠ পরিণতি—চরম ও পরম ক্রানের সংগ্রহজ্যাতি:— যাবচক্রেদিবাকর বিশের সভার চির-স্থঞতি টিত— বিখবাসীর চিরসম্পুঞ্জিত মৃত্যুঞ্জী মহাজ্ঞানগ্রন্থ।

বিশ্বের জ্ঞানভাশ্বর বৃহদারধ্যক উগ্ননিষদের বহুতর প্রজ্ঞানরাশির দানে চিরসমূদ্ধ—অপরিশোধনীর ঋণে চিরঋণী। এই শিক্ষালোকদীপ্ত বিংশশতাদী ত' বিজ্ঞানের সাধনার্থ—অসুশীলনে বহুদ্র অগ্রসর হইরাছে, কিন্তু এখনও ত' মুজ্যু-বিভীম্বিকা, ভাভিক্রেম করিছা 'পরবেলাক্ব-জন্মান্তরবাদের পরশাবের উপনীভ হইতে পারে 'নাই—কিন্তু জন্মান্তরবাদের পরের্ধ মহিমমর আর্য্য-ঝি ভ্রেন্ত-ব্রক্ষাবিদ্ মাজ্যবজ্ঞা, রাজ্যমি জন্মক জ্ঞান্থি ভ্রেন্ত-ব্রক্ষাবিদ্ মাজ্যবজ্ঞা, রাজ্যমি জন্মক জ্ঞান্থি থেনও তাহার সন্নিক্টবর্ত্তী হইতেও পারে নাই—কোনন্মুগে সমীপবর্তী হইতে পারিবে কি না, সে বিষয়েও সন্দেহের মণ্ডেই অবকাশ আছে।

হুর্ভাগ্য ভারতবাসী আমরা—সেই জ্ঞান অফুশীলনের, একান্ত অভাবেই আন্ধ মৃহ্মান—কোনমতে প্রাণধারণ মাত্র প্রয়াসী। আর পাশ্চাত্য দার্শনিক মনীষিবৃন্দ সেই প্রজ্ঞানের বিশ্লেষণ করিয়া বৈজ্ঞানিকগণকে নৃতন নৃতন তথ্য আবিষ্কারের পর্য্যাপ্ত উপাদান সাদরে প্রদান করিতেছেন। বৃহদারণ্যক উপনিষদ ভারতের সেই চিরন্তন-গৌরব—সেই অপরিম্লান দিব্য-জ্ঞানজ্যোতি বিকীণ করিতেছে।

বে কালজনী মহাগ্রহের শাস্কর ভাগ্নের উপর স্থরেখরাচার্য্য 'বৃহদারণ্যক বার্ত্তিক' নামে ইকাগ্রহ এণরন করিয়া চিরপ্রসিদ্ধি অর্জন করিয়াছেন। বৈতবাদের আচার্য্য মাধবাচার্য্য পঞ্চভান্ত প্রণয়ন করিয়া বৈতভাবের ব্যাখ্যা করিয়াছেন। সুষাট্ট শাহজাহানের জ্যেইপুদ্ধ দারা পাশীভাষার যে মহাগ্রহের জ্ঞুবাদ

করিরা ইতিহাদে প্রসিদ্ধিনাত করিয়াছেন। বিশ্বরেণা জার্মাণ দার্শনিক ভয়সন যাহার আর্ম্মাণ অনুবাদ ও দার্শনিকতবের বিশ্লেষণ করিয়া বর্তমান জগতের শ্রেষ্ঠ দার্শনিক বলিরা বিশ্ববিশ্রুত খ্যানতি অর্জন করিরাছেন। প্রফেঁসার গিডেন ইংরাজীতে ভর্মনের উপনিষদ-দর্শনের সর্ব্যঞ্জনবোধ্য সরল অমুবাদ করিয়া প্রাসিদ হইয়াছেন। পাশ্চাত্যের ঋষি, ঋথেদ ও উপনিষদনিচয়ের [°]অমুবাদক ম্যাক্স<u>ি</u>স্লার ^শপ্রোচ্যের পবিত্র' গ্রন্থমালা^হ গ্রন্থশ্রেণীর সম্পাদকরূপে পাশ্চাত্য-**সুধীমণ্ডলীর** সহায়তাক উপনিষদরাঞ্জির ইংরাজী অমুবাদ প্রকাশ করিয়াও তৃপ্ত হইতে পারেন নাই—তিনি প্রবীণ বয়সে আর উপনিষদ ও ষড় দর্শনের দার্শনিক তত্ত্বের সমাক্ বিচার করা সভ্যবপর নহেঁ বুঝিয়া ছঃথপ্রকাশ করিয়া, উপনিষদ দর্শনের যে সকল বিশেষ জ্ঞান তিনি সঙ্কলন করিয়াছিলেন, তাহাই সংগ্রহ-গ্রন্থরূপে প্রকাশ করিয়া বিশ্ববাসীর মঙ্গলের জক্ত দান করিয়া গ্রিগছেন। মহাত্মা গ্রিফিথ ইংরাজীতে চারি বেদের অমুবাদ করিয়া অমর প্রতিষ্ঠা অর্জন করিয়া গিরাছেন। প্রফেশার গফ, গার্ভে, ভেনিদ, স্থপ্রদিদ্ধ অধ্যাপক স্থপণ্ডিত শ্রীযুক্ত গলানাথ ঝা উপনিষদরাজির এবং ডাঁক্তার থিবো বেদাস্ত-দর্শনের ইংরাজী অমুবাদ করিয়া অতুল্য পাণ্ডিত্য ও শ্রন্ধার পরিচয় দিয়াছেন। স্বাটিন ও'ফরাসীভাষায় উপনিষদরাজির জুমুবাদ প্রচারিত হওয়াতে ভারতের জ্ঞানগরিমার পরিচয় পাইয়া বিশ্ববাসী চমকিত-সন্ত্রমে শ্রনায় অবনত হইয়াছে।

ভারতে ইংরাজী শিক্ষা-প্রবর্তনের পরত্তী বুগেও, মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুরের সভাপ তিত, বাঙ্গালার প্রথম বৈদান্তিক, আনলচন্দ্র নেলান্তবাগীশ পঞ্চলী, বেদান্ত-সার প্রভৃতি,বেদান্তগ্রন্থের প্রাঞ্জল অন্তবাদ করিয়া—আর্য্যশ্বি-সম-উপলব্ধিশীল মহাপণ্ডিত কালাবর বেদান্তবাগীশ বেদান্তদর্শনের শান্তর ভাষ্য ও যোগবাশিটের সর্বর্জন-স্থবোধ্য অন্তবাদ প্রণরনের—বৈদান্তিক স্থপণ্ডিত মহামহোপাধ্যার শ্রীবৃক্ত প্রমথনাথ তর্কভৃষণ মহাশ্ব বেদান্তের মারাবাদের বিচার করিরা,—স্থচিন্তালীল মনীয়া শ্রীবৃক্ত হীরেন্দ্র-শ্বপ দত্ত মহাশ্ব ব্রহ্মবিভার অন্থশীলনে—প্রসারের জন্ত বেদান্তর্জ উপাধিতে সম্মানিত হইরা, বিদ্বজ্জনস্মান্তে অভূল প্রতিপত্তি—অন্তর্গ্রন্তিয়া অর্জ্জন কম্মান্ত্রে।

বছ-শান্ত-গ্ৰহ-প্ৰকাশক মহেশচন্দ্ৰ পাশ অন্যন পঞ্চাশ বংসর পূৰ্বে এই মহাগ্ৰহের বদাহবাদ "প্ৰথম প্ৰকাশ করিয়াছিলেন।", কিছুকাল, পূৰ্বে খুবিকয়-জ্ঞানী
প্ৰবীণ মহামহোণাধ্যায় শ্ৰীষ্ক্ত' ছুৰ্বাচৰণ সাংখ্যতীৰ্থ মহাশ্ব এই মহাগ্ৰহের ফ্ৰতির
ভাশান্ত ভালেন বসাপ্তবাদ করিয়া বস্বদাহিত্যের সমৃত্তি বৃত্তি করিয়াছিলেন।

আর এতকাল পরে বহুমতী-সাহিত্য-মন্দির এই ব্রশ্বর্জান-দীপ্ত মহাজ্ঞানক্রন্থের—সকল-শাস্ত্রমত-বৈষম্যের বিচার মীথাংসা—আলোচনার জ্ঞান-কর্ম্মধর্মের সকল সমস্যা সমাধান—জীবনের স্কুলল সন্দেহের নিরসন্দের স্থ্রপ্রামাণ্য
তর্কর্স্তি-সিদ্ধান্তে অলোকিক পাণ্ডিত্যমর শাকরভাষ্ট্রের স্থবিন্তারিত বঙ্গাহ্রবাদসহ
প্রকাশ করিরা গৌরবাদিত হইরাছে। পণ্ডিত শ্রীবৃত নৃত্যানোপাল পঞ্চতীর্থ মহাশর
অসমসাহলে এই মহাভাষ্ট্রের বিশদ বঙ্গাহ্রবাদ করিরাছেন। পণ্ডিত মহাশরেরই,
মত অসমসাহলে এই নিত্যসাত্য মহাজ্ঞানগ্রন্থের সামান্ত পরিচয় দিবার জন্ত
এই অকিঞ্জিৎকর ভূমিকা লিখিয়া, দীপ্ত-স্থ্যকে প্রদীপ আলিরা দেবাইবার
মহাসোভাগ্য লাভ করিরা আমিও আপনাকে রুত্রতার্থ জ্ঞান করিতেছি!

বিষের শ্রেষ্ঠজ্ঞানী ব্রন্ধবি যাজ্ঞবেল্য ত' এই বৃহদারণ্যক উপনিষ্দেই বলিতেছেন:—

"তাঁহাকে ত' বিশেষণে বিশেষিত করিয়া—গুণে অন্ধিত—লক্ষণে চিহ্নিত করিয়া নির্দেশ করা সম্ভব নহে। তিনি যে জ্যোতির জ্যোতিঃ—গুণাতীত গুণমর—নিগুণ ; অনস্ত ভাঁহার বিভূতি—অগীম তাঁহার মহিমা ; বাকোর তিনি প্রাণ—মনের তিনি মন্তা—চক্ষুর,তিনি দর্শন" ভাঁহাল্ল হোগ্যে স্তব্দেশ ভাঁহাল্ল হোগ্যে স্তব্দেশ ভাঁহাল্ল হোগ্যে স্তব্দেশ ভাঁহাল্ল তাহার দারাই তাঁহার মহিমাভূতেই বিরাজিত—তিনি যতটুকু শক্তি দিরাছেন—তাহার দারাই তাঁহার মহিমাপ্রসারে জ্যানের বিস্তারে প্ররাস , পাইতেছি—তাহা, সেই অনস্ত জ্ঞানসিন্ধর
ভূলনার বিন্দু হইতে বিন্দুমার হুইলেও লজ্জার ত' কোন কারণই নাই।
স্বাজন-সমাজের পরিহাস শিরোধার্যা!

ভগবান্ শ্রীরামকৃষ্ণদেবের মানসপ্ত্র—বেলুড়মঠের ধর্মগুর—ব্রন্ধাননলাতে সদা আনন্দমর—বেহের অভুল্য-প্রশ্রবণ ক্রাক্রনালন্দ স্থান্দী মহাসমাধির বিদার-মৃহুর্ত্তে ধ্যানে বে বর্ণনাতীত অপরণ দৌন্দর্য্য-মহিমা উপলব্ধি করিয়া বলিয়াছিলেন—"আ-হা-হা:! ব্রন্ধমৃত্ত —একটি বিশ্বাদের পদ্মপত্রে ভানিয়া চলিয়াছি।" ভাষার শক্তিকে সে অনন্ত জ্ঞান-সমৃত্তের উচ্চাস বিশ্লেষণ সন্তব নহে বৃথিয়া এই—
মহাজ্ঞানপ্রস্তির সমস্ত ব্রাক্ষিত্র সারাৎসার সহত্তিক্রশা করিবার প্রয়াস পাইতেছি। বিশ্বা—জ্ঞানের অভাবে ভূল অনিবার্য্য বৃথিয়াও অসমসাহসে প্রথমর হইতেছি—এজন্ত স্থাজন-সম্ভের ক্র্যাপ্রার্থী।

'ত্নুয়া ক্রবীকেশ ছদিন্থিতেন, যথা নির্কোংশি তথা করোমি।'

শঙ্করভাম্য-ভূমিকায়

জ্ঞান ও কর্ম-বিচার।

শিবাবতার শক্ষর ব্রহ্মজ্ঞান-প্রতিপাদ্য আরণ্যক উপনিষদের মূল উৎসের সন্ধান দিয়া—ব্রহ্মবিছার প্রবর্ত্তক ব্রহ্মা ও বিশ্বপূজ্য ঋষিসম্প্রদায়কে প্রণাম নিব্রেদন করিয়া—ভাষ্য-ভূমিকার কর্মকাণ্ড ও জ্ঞানকাণ্ডের সম্মনির্ণয়ের জন্ত বিশিতেছেন:—

• অভীষ্ট কাম্যের সিদ্ধিলাঠভ—অনিষ্টের পরিহার মহস্তমাত্রেরই চিরবাঞ্চিত—
নৈস্গিক ধর্ম। কিন্তু কি উপারে তথানিত্তর পরিহার করিয়া ইউপ্রাপ্তি হইতে
পারে, তাহা কেবল প্রত্যক্ষ ও অথমানের সাহায়েই অবধারিত হইতে পারে না—
এই জন্ত চিরপ্তা সমগ্র বেদশান্ত্রই এই উপার-প্রদর্শনে আগ্রহান্বিত। যাহা ইউ—
ইহলৌকিক প্রত্যক্ষ ইউনিদ্ধি—অনিষ্ট পরিহার—সাধারণতঃ চিন্তা অথমান প্রমাণ
হারাই নিরূপণ •করা সন্তব হইতে পারে। কিন্তু জন্মান্তরে আগ্রার অন্তিতবিষয়ে সম্যক্ জ্ঞানের উপলব্ধি না জন্মিলে—দেহাতিরিক্ত আগ্রার জন্মান্তর-সভা
সম্বন্ধে হিন্ত-বিশ্বাসসম্পন্ধ না হইলে—কথনই পারলৌকিক ইউপ্রাপ্তি—অনিষ্টপরিহার—মুক্তিলাভের জন্ত কাহারও আকুল আগ্রহ—ঐকান্তিক বাসনা
উদ্দীপ্ত হইতে পারে না। জন্মান্তরে আগ্রার অন্তিত্ত-প্রতিপাদন—ইউপ্রাপ্তি—
ফুনিষ্ট-পরিহার—মুক্তিলাভের উপার-বিধান বেদাদি শাস্ত্রের প্রধানতম উদ্দেশ্য।

বিজ্ঞানবাদী নান্তিক-সম্প্রদারের সিদ্ধান্ত—শরীরের অতিরিক্ত জন্মান্তরভাগী আত্মা বলিয়া কোন কিছুই নাই। দেহের সঙ্গেই আত্মার উৎপত্তি—অবসানে বিনাশ;—বর্গ-নঁরকভোগ, প্রলোক, জন্মান্তর কল্পনা নাত্র;—পারগৌকিক শুভাশু ভপ্রাপ্তির প্রস্থাস অনাবশ্যক।

কঠ উপনিষ্ধ এই ভাস্ক সংস্থার বিনাশ করিয়া ব্ঝাইরাছেন—আত্মা নিত্য বিভামান—শরীরের অবসান হইলে আত্মার বিনাশ হর না—পরলোকবাসী আত্মা আছে—মুখ্যুর পর জীবাত্মা নিজ কিন জ্ঞান ও কর্মাহ্যপারে বিভিন্ন বোনি প্রাপ্ত হর ।

ক্রতের আনি ক্রিকার ক

বৃহদারণ্যক দেখিবেন—আত্মা বিজ্ঞানমর—দেহাতিরিক্ত আত্মার অন্তিত্ব নিতা-বিভাষান।

ইহার পর আচার্য্য শহর বৌদ্ধগণের 'আত্মা নাই' মৃতবাদের থণ্ডন করিয়া বিলিতেছেন—প্রত্যক্ষ বা অন্থান দারা আত্মার অন্তিত্ব অন্থানিত হইতে পারে না। কর্ম্মনাণ্ড আত্মার অন্তিত্বজ্ঞদিক স্থণ-ছংখাদি ধর্ম প্রদর্শন করিয়াছেন। বাহারা আত্মার অন্তিত্ব স্থ-অবগত—পূণ্যকর্মান্তর্চান দারা পরজ্ঞে ইষ্টপ্রাপ্তি ও অনিষ্ট-পরিহারের জন্ম ব্যাকুল—বেদের কর্ম্মকাণ্ড তাঁহাদের জীবন-সাধ্যার পথিনির্দ্দেশের ব্যবহা-বিধান করিয়াছেন। কিন্তু কর্মকাণ্ডের সাধনা দারা ত' আত্ম-অভিমান—আমিত্রজান—আমি সাধনা করিতেছি—আমি কর্ম্ম করিতেছি, এ ভাব সম্পূর্ণ বিলীন হয় না। কর্ত্ত্ব-অভিমানে ব্রদ্ধাত্ম-বর্মপ প্রজ্ঞানের উপলব্ধি হইতে পারে না। কর্মকাণ্ড সংসারাশ্রমের অন্তর্জ্য ধর্ম—সংসারী জীবের স্বভাবসিদ্ধ রাগ্রেষদি দোবের প্রাবশ্রে শাস্ত্রের বিধি-নিষেধন্ত লন্ত্রিত হর—মন-বাক্য-শরীর দারা প্রহিক ও পারত্রিক অনিষ্ঠ সংসাধিত হইরা পাণ্ড সঞ্চিত হইতে পারে।

কর্ম্ম কাতের প্রম্কর্ম অনুষ্ঠান ছই প্রকার জানপূর্বক ও জ্ঞানরহিত কেবল সংস্কার মাত্র। জ্ঞানরহিত কেবল কর্মাংস্কারের দ্বারা পিত্লোকাদি লাভ হয়, আর জ্ঞানপূর্বক ধর্মাকর্ম অনুষ্ঠানের ফলে অর্গের দেবলোক হইতে ব্রন্ধলোক পর্যান্ত লাভ সম্ভব হয়। শুতি বলিতেছেন কেবল বাহারা দেবতার আরাধনা করেন, তাঁহাদের অপেক্ষা আত্মভান-সম্পন্ন ব্যক্তি প্রেষ্ঠ। বেদোক্ত কর্মা দিবিধ;—প্রবৃত্ত ও নিরন্ত। ঐহিক ও পারলোকিক মঙ্গণের জন্ম যে কর্মা অনুষ্ঠিত হয়, তাহা প্রবৃত্ত = কাম্য-কর্মা। কেবল জ্ঞানলাভের জন্ম কামনাবহীন যে কর্মা অনুষ্ঠান, তাহা নির্ত্ত = নিছাম-কর্মা। নিছাম কর্ম্মের আশ্রন্থ লইলে ক্রমে চিত্তশুদ্ধি ও ব্রক্ষজ্ঞানলাভ হইয়া ব্রন্ধাত্মতার সমুৎপন্ন হয়। কিন্তু এই সমন্ত কর্মানুষ্ঠান নাম-রূপাত্মক—সংসারাশ্রমের ধর্মা।

সাধ্যসাধন—কার্যকারণ-প্রবাহরপে অভিব্যক্ত, এই পরিদৃশ্যমান জগৎ-সৃষ্টির পূর্ব্বে ব্রহ্ম ব্যতীত জগৎ উৎপত্তির বীর অনভিব্যক্ত ছিল। বীজ ও অঙ্ক্রের কার্যকারণভাব ধেনন অনাদি—অজ্ঞের রহস্তময়; তেমনি অরিগাপ্রভাবে সম্মোহিত—সাত্মাতে আরোপিত কার্যা—কর্ত্যাভিমান কারণপ্রস্থত কর্মফল-লাভ মাত্র বাস্থিত কর্ম —এই অনর্থমর, মংসারে অনাদিকাল হইতে অনস্তকাল পর্মান্ত বিশ্বমান রহিরীছে। ধাহারা সংসারে বিরক্ত হইরান বৈরাগ্য-স্পার হইরান ব্রহ্মান বিরক্তি বিরক্ত হইরান বৈরাগ্য-স্পার হইরান ব্রহ্মান বিরক্তি বিরক্তি বিরক্তির বিরক্তি ব্রহ্মান বিরক্তি ব্রহ্মান বিরক্তি ব্রহ্মান বিরক্তির বিরক্তির বিরক্তির বিরক্তির ব্রহ্মান বিরক্তির বিরক্তির বিরক্তির ব্যক্তির বাস্তির ব্যক্তির ব্যক

অবিষ্ঠাপ্রভাব-নির্ভির জ্বস্তু— দিবাজ্ঞানজ্যোতির্ময় ব্রহ্মবিচ্চা-প্রদানের জ্বস্তু— জ্ঞানকাণ্ডের এই অবিচা-শাতন উপনিষদ আরক্ত।

বৃহদারণ্যক উপনিষদের হঁচনার অধ্যমেধ-যজ্ঞর রূপক্রকল্পনার উদ্দেশ্য-কর্মকারে সর্বন্ধেন্দ্র অনুষ্ঠান যে অধ্যমেধ-যজ্ঞ- যাহাতে কেবল রাজচক্রবর্ত্তী সমাট্গণেরই বিশেষ অধিকার—বিশ্ববিজ্ঞয়ী একচ্ছত্র রাজ্যেশ্বর ব্যতীত শ্রেষ্ঠ প্রান্ধনায়— গোনে পক্ষেত্র যাজ্ঞের অনুষ্ঠান করা সম্ভব নহে;—বিকল্পে চিন্তায়—সাধনায়— গোনে সেই যজ্ঞের অভীষ্ট-ফললাভ হইতে পারে—কিন্তু তাহাই কি জীবনের চর্মোৎকর্ম—সাধনার শ্রেষ্ঠ কামাকল ? কর্মকলের প্রভাবে না হর অভীষ্ট-দিদ্দি হইল—ঐহিক স্থখ-সমৃদ্ধি-বৃদ্ধি, হইল, না হর স্থর্গস্থ উপভোগ পর্যান্ত সম্ভব হইল—কিন্তু মৃত্যু ত' অনিবার্য্য—ভোগাবসানে আবার জন্মান্তর ত' স্থনিশিতত।

কর্মান্মন্তানের ফল কেবল ঐহিক মন্ধলের জন্ত নহে বলিয়া যদি সন্দেহ জন্মে—তবে কর্মাকাণ্ডে পুল্লী-পুজলাভের জন্ত বাসনা—পুত্রের দ্বারা ইহলোকে প্রতিষ্ঠা—নরক-পরিক্রাণ—কর্ম্মের ফলে পিতৃলোকের তৃপ্তি—পিতৃলোকে গতি—ব্রহ্মবিহ্যা বাঁতীত অপরা বিহ্যা লাভের ফলে দেবলোকপ্রাপ্তি নির্দ্দেশিত হইরাছে কেন? কর্মাকাণ্ড অমুষ্ঠানের সর্ব্বোচ্চ সিদ্ধি হিরণ্যগর্ভত্ব-প্রাপ্তি পর্যান্ত। কিন্তু সেই হিরণ্যগর্ভত্ব ত নামরপ্রাত্মক জগতের অভাত নহেন—তথন অপর কর্ম্মাধকের কথা—অন্ত কাম্যক্ষের কথা আর কি বলিব!

উপসংহারে বলিয়াছেন—খুলজগৎ নাম, রূপ, কর্ম এই তিনেরই অভিব্যক্তি;
মানব এই তিনের সাধনাতেই তন্মর—ফলে এই তিনই জীবের উপভোগ্য
—উপজীবা'। বৃক্ষ যেমন বীজের ভিতর সংগুপ্ত থাকে—জগৎস্কৃত্তির পূর্বের
তেমনি নাম-রূপ-কর্ম অনভিব্যক্ত ছিল—পরে মানবের কর্ম ও অদৃষ্টবশে
পরিব্যাপ্ত ইয়াছে। ব্যাকৃত ও অব্যাকৃত—খুল ও হক্ষ জগতের ঘইটি ভাব।
সংসারের এই উভর অবস্থাতেই মায়ার বিচিত্র লীলা বিভ্যমান। অবিভাপ্রভাবেই আত্মাতে একিয়া কারক কলরপে অধ্যারোপিত;—মূর্ত্ত অমূর্ত্ত—
আকৃতিসম্পন্ন ও অবক্ষতিবিহীনভাবে সংস্কারময়। ব্রহ্ম কিন্তু ইহার ঠিক বিপরীত
—নাম-রূপ-কর্ম-সম্বন্ধস্থা—অন্বিতীর—নিতাশুদ্ধ—বৃদ্ধ—মৃক্তমন্তর্প। কিন্তু তথাপি
মানবমনে অবিভা-বিশ্রমে ক্রিরাকারক-ফলাদিভেদে প্রতিভাত। এই জন্তই
বাহাদের কর্মের নিবৃত্তি ইয়াছে—ক্রিয়াক্রণ-ফলাদি বিশ্রমের সংসারে বিরক্ত
হিন্না, বাহারা বৈরাগ্যের উন্নেষে সম্পূর্ণ আস্ক্তিবিহীন হইয়াছেন—ভাহাদের

রক্ষতে সর্পত্রম-নিবৃত্তির হল্প- কামাদি দোষবৃক্ত কুর্মান্তর্গনে—অবিভাপ্রভাগে অবসান করিবার জ্ঞ্জ-এই ব্রন্ধবিভা-সমাহিত উপনিষদ আরম্ভ হইতেছে। এই অহভ্তির প্রেরণাবশেই বোধ হয় বিশ্বস্তর স্থামী বিবেকানন উদাদ স্বরে বোষণা করিতেছেন :-

"কৃত কর্মকল ভূঞ্জিতে হইবে,
বলে লোকে, 'হেড়ু কার্য্য প্রসবিবে "
ভাভকর্ম্মে—শুভ, মন্দে—মন্দকল
এ নিরম রোধে নাহি কার বলু।
এ মর-জগতে সাকারু যে জন
শৃত্থল তাহার অঙ্গের ভূষণ'
সত্য সর্ব—কিন্তু নাম-রূপ-পারে,
নিত্যমূক্ত আত্মা আনন্দে বিহরে।
জানো তন্মসি, করো না ভাবনা—করহ সন্নাসী সদাই ঘোষণা—

প্রথম অধ্যারের

• श्रथम बाजारग—चन्यरमध-यक्क-विकान-क्र**र्थ**।

অবনেধ-যজ্ঞের অখাদে উষা—স্যা—বায়—অগ্নিই—সংবৎসর—ত্যুলোক—
অন্তরীক্ষ—পৃথিবী—ছয় ৠতু—মাস পক্ষ দিবারাত্ত্র—নক্ষত্রমণ্ডল মেঘমালা—
বিহাত্ত্ব-সঞ্চার—নদী—পর্বত প্রভৃতির পরিকর্মনার রপক। এই 'সাঙ্গ-রপকের'
ভিতর দিয়া অনন্ত সৌন্দর্য্যময় বিখের বৈচিত্র্যবিকাশ দেখাইয়া যজ্ঞিয়
অবেশ অগ্রপশ্চাদ্বর্ত্ত্বী মহিশময় স্থবর্ণ ও রজতবিনির্দ্দিত হোমাধার—বাহা
যজ্ঞিয় অগ্নির অরুণ-রাগে দীপ্তিমান—তাহাতে স্থ্য ও চক্রের পরিকর্মনার
আরোপ করিয়া, সমৃত্রই স্থ্য চক্র অথের উৎপত্তি-স্থান নির্দেশ করিতেছেন।
কর্ম্মণাণ্ডের অন্তর্গাপতির অর্থনেধ্যজ্ঞের অধিষ্ঠাত্রী দেবতা। জ্ঞানকাণ্ড—জ্ঞানাত্মকঅখশরীরে প্রজাপতির অরুণ চিস্তার আরোপ করিতেছেন। দ্বিতীয় ব্রাহ্মণের
তর্গ শ্রুতিতে ইহার অর্থ পরিষ্ণার।

্উষাকাল — ব্রাহ্মমূহুর্ত যজ্ঞির অধ্যের , শির— যজ্ঞাধ্যের অগ্রভাগ স্থাপ-রজ্ঞত-বিনির্দ্যিত হোমপাত্রীয় যজ্ঞাগ্রির পরিকল্পনার স্থচনা হইতে প্রুতি অভীব বিচিত্র কৌশলে স্পষ্টির ক্রমবিকাশের উপলব্ধি করাইবার অভাই এই রূপক কল্পনার অবতারণা করিয়াছেন।

ধ্ব স্বয়ন্ত্ বেদের সংহিতা ব্রাহ্মণসিদ্ধান্তে জীবনু সাধনা জ্ঞান করিয়া কর্মাজাবনে চিরদিন যাগবজে ধর্মান্ত্র্ছান করিয়া আসিয়াছি—সহসা যদি তাহার
পরবর্ত্তী অধ্যারে বা কোন গ্রন্থে কোন ঋষি বলেন, তোমার এতদিনের সাধনা—
ভাস্ত—পত্ত—নির্থক নাত্র, তুমি পরমব্রন্ধের ধ্যানে সমাহিত হও, তাহাতে
অবিশাস আসিতে পারে না কি?

আরও সরল—পুরিকার করিয়া ব্নিতে হইলে বলিতে হয়,—এতদিন বেদবিধানে পিতার অর্গনামনার পিতৃভাদ্ধ করিয়া আসিতেছি; সহসা যদি কোন
পণ্ডিত বলেন—তোমার পিতা পরমত্রশ্বে বিলীন ইইয়া গিয়াছেন—তাঁহার তৃতিবিধানের জন্য আদ্ধ করা নিতান্তই নিশুরোজন—তাহা ইইলে তাঁহার সে বৃত্তিআনের সিদ্ধান্ত ইলেও সন্দেহ আসিতে পারে। কিন্তু বদি তিনি এমনই কোন
কৌশল করিয়া বলেন যে, আদ্ধান-অন্তান—আদ্ধা-নিবেদন খ্বই ভাল কাজ—
মহান্ উদ্দেশ-প্রণাদিত অন্তান; কিন্তু যিনি পর্মব্রদ্ধে সংযুক্ত ইইয়াছেন, তাঁহার

আত্মার মণ্ডল-কামনায় আবার প্রাদ্ধের প্রয়োজন কি টু—তিনি যে মৃক্ত আত্মা। তাহা হইলে হয় ত' তথন আর তাঁহার সে প্রামাণ্য-সিদ্ধান্তে অবিশ্লাস আসিতে পারে না। প্র্যাতিও বোধ হয় এইরূপ স্থকোশন, অবন্ধ্রমন করিবার জন্তই কর্ম্মন অনুষ্ঠানের প্রশংসা করিয়া, জ্ঞানকাণ্ডের ব্রন্ধজ্ঞানের প্রেচিত্ব প্রতিপাদন করিতেছেন।

আর এই কর্মান্তর্গানের দারাই ত' চিত্ত মার্জিত হইরা তীব্রবৈরাগ্যের সঞ্চারে '
ব্রন্ধবিদ্যালাভের আকাজ্ঞা উদোধিত হইরাছে বলিয়াই—ব্রন্ধজ্ঞান-গাভের
আশার প্রপুক্ত হইরা, ব্রন্ধচিস্তার জন্ম নিভ্ত অরণ্যে আসিরাছি। তাই
সেই কর্ম্বের পথে বৈরাগ্যের আলোকসম্পাতে জ্ঞানের লক্ষ্য নির্দ্ধেশ
করিতেছেন।

ইহা বেদান্তের মহিমশয় অধ্যারোপবাদ—অধ্যাস ইহার নামান্তর। আরোপিতের দোষগুণে অধ্যারোপিত নিত্য সত্যজ্ঞান কথনও বিকৃত—পরিবর্ত্তিত হয় না—বিশাল জগৎ-প্রপঞ্চের আরোপেও পরমত্রন্ধের কিছুসাত্র ক্ষতিবৃদ্ধি হয় কি ? কাব্য-অলঙ্কার-সাহিত্যে অমুসারে ইহা 'সান্ধর্মপক।'

দ্বিতীয় ব্রাহ্মণে—বিশ্ব-উৎপত্তি-প্রজ্ঞান।

আশ্বমেধিক যজ্ঞায়ির উৎপত্তিশ্রসক্ষে স্বষ্টির ক্রম।বৈকাশ বর্ণন করিয়া বলিতেছেন:—

স্টির পূর্ব্বে এ সংসারে কিছুই ছিল না। জগৎ অশনায়া — ভোজনের ইচ্ছারাণ

—সর্বাজনপ্রাসিদ্ধ মৃত্যুর ধারা সমাচন্ত্র ছিল। মৃত্যুরাপী প্রজাপতি— জ্ঞানসমষ্টি-বিবস্থান্ চৈতক্তস্বরূপ হিরণ্যগর্ভ— স্টির অভিলাবে আমি আত্মবান্ হইব—
মন ধারা মনস্বী হইব, মনে করিরা অন্তঃকরণ উদ্বৃদ্ধ করিয়াছিলেন। তাঁহার
আত্মপুজার—পূজার অকভৃত রসাত্মক জলের উত্তব হইল। বহুদারণ্যকে প্রথমে
জলস্টির কথা থাকিলেও ক্লফ-বজুর্বেদের তৈতিরীর উপনিবদে জলস্টির পূর্বে আকাশ, বায়্, তেজের উৎপত্তি স্থ্বর্ণিত] আত্ম-জ্ঞাননীল প্রজাপতি 'আমার উদ্দেশ্তে জল উৎপন্ন হইল' মনে করিয়াছিলেন বলিয়া অর্চনার 'অর্থ'ও জলবাচক 'ক' শব্দ সংযোগে 'অ্র্ক'। প্রজাপতির অ্র্চনার সেই তেজঃস্বরূপ
অন্তির চিন্তা ধ্যান--পরিক্রনা করিতে হইবে বহিয়া আ্বাম্মিক মজের অগ্নি আচার্য্য শক্ষর ইহার ব্যাখ্যা-প্রাপক্ষে বিচার করিয়া সংকরণবাদের বিরুদ্ধে বৌদ্ধ ও নাজিকগণের আপত্তি র্থণ্ডন করিয়া বৈদিকসিদ্ধান্তের প্রতিষ্ঠা করিয়াছেন ?

এই অর্চনার অকুত্ত যে জল স্প্ত হ্ইল, তাহাই অগ্নির কারণস্থরণ 'অর্ক'। সেই জলীর সার দধির জার ঘন ছিল—তাহাই তেজঃসংঘাতে কঠিনতা প্রাপ্ত হইরা এই পরিদ্রুগদান পৃথিবীরপে পরিণত হইরাছে। [ভাষ্যকার শকর শতিশারের মর্যাদা রক্ষার জন্ত সংঘাত শব্দের অও অর্থ করিরা ব্রহ্মাণ্ড স্টির অর্থ করিরাছেন।] বিশ্বস্টির মহান্ কার্য্যে প্রজ্ঞাপতি পরিপ্রাপ্ত হইলেন—তাহার শরীর সন্তপ্ত হইল। হিলাই গুরুগ্রেম প্রক্রাম ক্রাপ্ত হইলেন—তাহার শারার সন্তপ্ত হর, ইহা বোধ হর, সেইর্ন্স সন্তাপ] সেই ক্রান্তিয় উত্তাপে তেজোনরপ অগ্নির উত্তব হইল। [মহু বলিরাছেন—প্রজাপুতি প্রথমে জলের স্প্তি করিরা তাহাতে স্টির অহুক্ল কর্ম্মবীক সন্নিবেশিত করিয়াছিলেন—সেই কারণ-সলিলে যে জ্যোতির্ক্সর অণ্ড সমুৎপন্ন হইল—তাহার মধ্য হইতে সর্বলোক-পিতামহ ব্রহ্মা আবির্ভ্ত হন—তিনিই প্রথম পুরুষ—সর্বভ্তের আদি কর্ত্তা।] আচার্য্য শক্ষর শ্বতির অহুবর্তী হইরা এই অগ্নিকে প্রথমশারীরী ব্রহ্মাণ্ড অণ্ডগত বিরাট্

এই প্রথম স্থলশরীরধারী বিরাট্রণ প্রক্রাপতি আপনাকে তিন ভাবে—
আমি—বায়—আদিতীরূপে বিভক্ত করিলেন - ত্রিবিধ ভাবাপন্ন হইরা জগতে,
পাইব্যাপ্ত হইলেন। পূর্বাদিক্ তাঁহার মন্তক, ঈশান ও অমিকোণ তাঁহার
বাহুদ্বর, প্রশিচমদিক্ পশ্চাদ্ভাগ, বায়ু ও নৈশ্বত-কোণ উরুদ্বর, দক্ষিণ ও
উত্তরদিক্ তুই পার্য, ত্যুলোক পৃষ্ঠদেশ, আকাশ তাঁহার উদর, পৃথিবী তাঁহার
ক্রম—এই ভাবে সর্ব্বতে প্রসারিত হইলেন। পূর্বোক্ত অর্থমেধ্যজ্ঞের জ্ঞানাত্মক
অন্ত-শরীরে তাঁহার – প্রাণম্বরূপ-প্রজাপতির সর্ব্ববাপী প্রসারণের চিন্তাই
আব্রোপিত—নির্দ্দেশিত হইরাছে ।

জলাদির প্রত্তা সেই আননায়া লক্ষণায়িত মৃত্যু-পুক্ষর—তথন দ্বিতীয় আত্মা স্পৃষ্টি করিবার মানসে বৈদ্বিহিত স্ষ্টির ক্রম, মনে মনে সম্বংসর চিন্তা করিরা, অও বিদীর্ণ করিলেন; এবং অও-নির্গত নবজাত শিশুকে ভক্ষণ করিতে উছত হইলেন। নবজাত শিশু ভীত হইরা 'ভাগা শন্ধ করিলেন—ভাহাই জগতের প্রথম শন্ধ। আর মহাকালের স্ষ্টির ক্রম্চিন্তার সময়ই জগতে সম্বংসর নামে মুপ্রিচিত। ষ্ঠ্যরূপী প্রজাপতি তথন মনে করিলেন, এই নরেজাত শিশুকে ভক্ষণ করিলে ত' আমার অনস্ত কুধার চিরশান্তি সম্ভব হইবে না—আমার দীর্ঘকাল আহারের জন্ম শর্যাপ্ত থাত্তের ভপ্রচ্ব অল্লেম প্রয়োজন। ধ্বংসরূপী মৃত্যু-পুকর শিশুগ্রাসে নির্ভ হইরা, পুনরার বেদ-চিস্তার সমাহিত হইলেন—সেই ধ্যান-সমাধি—তপশ্রাপ্রভাবে তিনি ক্রমে ক্রমে—ঋক্, সাম, যজুঃ, অথর্ব চারি বেদ—গারত্রী প্রভৃতি সপ্ত ছন্দ—কর্মাজ্যরূপ মন্ত্রসমূহ—মন্ত্রসাধ্য বজ্ঞসমূহ—ক্জাধিকারী মানবসমূহ—যজ্ঞোপযোগী গ্রাম্য ও আরণ্যক পশুনিচর স্পৃষ্টি করিলেন। প্রজ্ঞাপতি বেদচিস্তা করিয়া আবার বেদ-চতুইর স্পৃষ্টি করিলেন কিরণে, ইহাতে হর ত' অনেকের সন্দেহ হইতে পারে—আচার্য্য শঙ্কর তাহার সমাধান করিয়াছেন—অব্যক্ত সৃষ্টি = মানস চিস্তা;—বিভিন্ন কর্মাজ্ঞানে যে বিনিয়োগ = ব্যবহারবিধি, তাহাই বাহ্মসৃষ্ট। (১)

প্রকাপতি যথন ব্রিলেন, তাঁহার আহার্য্যের জক্ত প্রচ্র অন্ন স্পৃষ্ট হইরাছে—
তথন তিনি ভক্ষণে—সংহারকার্য্যে প্রবৃত্ত হইলেন। এজক্তই তিনি মহাকাণ—
আননবানী ভ্রান্তিক নামে সর্বলোকপ্রসিদ্ধ। মন্ত্রও আছে—'অদিতিই
হালোক—অদিতিই অন্তরীক্ষ—অদিতিই মাতা—অদিতিই পিতা।' তিনিই
জগতের সর্ব্যবন্ধর ভোক্তারণে সর্বাত্মক। মহাভারতে বে অদিতির গর্ভে ইন্ত্রে,
বায়ু প্রভৃতি দেবতা ও অন্তরের উদ্ভবের প্রসঙ্গ স্থবর্নিত, তাহা বোধ হয়, এই
বৈদিক সত্যেরই স্থবিন্তার। বিজ্ঞাপতি তখন পূর্ব্যপ্রকল্পের ক্রায় অস্থমেধ
মহাক্তান্থলীন-চিন্তার সমাহিত হইলেন—বক্তচিন্তায় তিনি প্রান্ত হইরা তপ্রান্ত
প্রবৃত্ত হইলেন। তপঃপ্রভাবে তাঁহার প্রাণরূপ যশোবীর্য্য উদ্দীপ্ত হইল। প্রাণসমূহই শনীরের যশোবীর্যুস্তরূপ। তপত্যা-উদ্দীপ্ত সেই প্রাণরূপ যশোবীর্য্য আর
শন্ধীরে সমাহিত না থাকিয়া বিশ্ব-কল্যাণের জক্ত—বিশ্বে ব্যাপ্ত ইইবার ভক্ত

⁽১) স্টেরহণ্ড অনাদি অজ্ঞেয়—মানববৃদ্ধির অগোচর। স্টে'ব বৈচিত্ত্যের কারণ-নির্ণয়ে অগ্রসর হইলে কেবল বিমধে স্তান্তিত ইইতে হয়। সামী বিকোনক সেই ক্ষানাই বুঝি বলিয়াছেন:—

[&]quot;বজদ্র—বজদ্র বাও, বৃদ্ধিরথে করি স্পারোইণ, এই সেই সংসার-জন্মি স্থ-ছঃখ করে স্থার্তন। শক্ষ্যীন শোন বিহলম, এ বে নহে পথ পালাবার— বার্যাের পাইছ খীতি, কেন কর বৃথার উভয়।"

জীবল্পষ্ট। মৃত্যুপুৰুৰ প্ৰথমে বেণচিস্তাৰ প্ৰভাবে জীবেৰ্থ প্ৰাক্তন কৰ্মকলয়াশি প্ৰত্যক্ষ কৰিবা স্ক্ৰীকাৰ্ব্যে নিমগ্ন হইয়াছিলেন।

সেই স্পবিত্র শরীর বহঁতে বৃহির্গত হইবার উপক্রম হইল। (১) প্রাণ-নি:সারণে প্রজাপতির শরীর ক্ষীত—অমেধ্য ভ্রমণবিত্রের স্থার হইল। কিন্তু শ্বরুগ প্রজাপতির শরীরের প্রতি মমতাবিহীন হইতে পারিলেন না। প্রজাপতি বাসনা করিলেন, আমার শরীর মেধ্য কি না পবিত্র হউক—আমি আবার শরীরবান্ হইব—এই চিন্তা করিয়া তিনি আবার শরীরে প্রবিষ্ট হইলেন। প্রাণাভাবে তাঁহার শরীন্ধ—ক্রম্ম কি না ক্ষীত—প্তিভাবাপন্ন হইনাছিল—প্রজাপতির প্রাণের প্রনঃপ্রবেশে তাহা আবার ক্রেম্য সবিত্র হইল—ইহাই জগতে ক্রম্মক্রেম্য নামে অভিহিত—ক্রম্মক্রেম্য ক্রেম্বে তাহা প্রবিত্ত বিক্রমণতিত এক করিয়া বি আবা মেধ্যক্র অর্থকে বিনি প্রজাপতিক করিছে পারিয়াছেন—তিনিই প্রকৃতপক্ষে অশ্বমেধ্যক্ত-রহক্ত স্বিদিত।

প্রজাপতি 'আমি প্রভৃতপরিমাণে যজ্ঞ করিব' এইরূপ কামনা করিয়া, আপনাকেই যজ্ঞিয় পৰিত্রপশুরূপে কল্পনা করিয়া, প্রজাপতি-দৈবতকরূপে আলন্তন বন্ধ করিয়াছিলেন। এই জক্তই যাজ্ঞিকগণ এখনও মন্ত্রপৃত পশুকে প্রজাপতিরূপে উৎসর্গ করিয়া থাকেন। বিজ্ঞানলাভের জক্ত এইরূপ সংস্কারসম্পন্ন সর্ব্ব-দৈবতকরূপে আপনাকে যজ্ঞিয় পুণ্য-অশ্ব বা পবিত্রপশুরূপে কল্পনা করিয়া চিত্ত-রৃত্তি-নিচয়কে বলি প্রাদান করিয়া ইন্দ্রিয় জন্ধ করিতে হইবে।

ইহার পর অর্থনেধ-বজ্ঞের দৈবতদ্ধপ স্বর্ণিত। অর্থনেধ-বজ্ঞ সায়ির বানী সম্পাদিত হয়। এ জন্ম অগ্নিই, অর্থনেধ। পূর্বকরে অর্থনেধ-বজ্ঞ করিয়া হর্যা বর্ত্তমানকরে আদিত্য পদ লাভ করিয়াছেন—অর্থনেধ-বজ্ঞের কলম্বন্ধপ এই স্থাদিত্যও অর্থনেধ। যজ্ঞ-কর্মস্বন্ধপ অগ্নি ও যজ্ঞকলক্রমণ স্ব্যা একই মৃত্যুস্বন্ধপ প্রজাপতি হইতেই উন্তুত। তিনিই আপনাকে অগ্নি, রায়্ ও আদিত্যক্রপে তিনভাবে;—ক্রিয়া, ক্রিয়াসাধন ও ক্রিয়াফলস্বন্ধপে বিভক্ত করিয়াছিলেন (২)—ক্রিয়া-সম্পাদনের পর সেই একই দেবতা—মৃত্যুন্ধপী প্রস্থাতিতেই পরিণতি লাভ করিয়াছেন। যিনি অর্থনেধকে, সেই একই মৃত্যুক্ষ্মপ, দেবতা বলিয়া হদরক্ষম করিয়াছেন—সেই জ্ঞানাত্মক

⁽১) এই অসম সংকৌশলে বুঝাইবার জন্মই কি মহাকাল, প্রাণহীন শক্তিদেহ ত্রিশুলের ঘাবা বিচ্ছিন্ন বিক্তি করিয়া বিশেষ ক্ষিতির অংশ খুক্তিমর স্বাধনাক্ষেত্রে প্রিণত করিয়াছিলেন বলিয়া পুরাণে স্কুবণিত হইসাছে ?

⁽२) जाहा भूर्सिहेश्वर्शिक इंडेबाएइ।

অশ্বনেধ-রহন্তবিদ্ বাক্তি পুন: মৃত্যুকে জর করিয়াছেন। মৃত্যুর পর মৃত্যু আর তাঁহাকে অধিকার করিতে পারে না—কর্মফল ভোগের জন্ত আর তাঁহাকে জন্ম পরিগ্রহ করিতে হর না। এরপ জ্ঞানসম্পন্ন পুরুষের প্লকে মৃত্যুই অধ্যাস্বরূপ।

তৃতীয় ব্রাহ্মণে—উদ্গীথ বিষ্ঠা।

দিতীর ব্রাহ্মণে জ্ঞানপূর্বক অন্থণ্ডিত কর্মের চর্মফল—মৃত্যুর স্বরপতা-প্রাপ্তি স্থবিবৃত; আর তৃতীর ব্রাহ্মণে উদ্গীথ প্রকরণে—জ্ঞান ও কর্মের ফ্লুলে মৃত্যুভাব অতিক্রম অর্থে পাপাসক্তির নিবৃত্তি—ইহা ব্ঝাইবার জন্ম আখ্যারিকা— রূপক আরক হইতেছে।

প্রস্থাপতির সম্ভানগণ দেবতা ও অর্থুর ছুই শ্রেণীতে বিভক্ত। জ্বেষ্ঠ সম্ভান অফুর ও কনিষ্ঠ সম্ভান দেবতা—পরম্পর ভোগ্য রাজ্য লইরা ম্পর্দ্ধা করিয়া-ছিলেন। অন্তরগণের নিকট পরাজিত হইয়া দেবগণ অন্তরগণের প্রভাব বিনষ্ট করিবার জন্ম জ্যোতিষ্টোম যজ্ঞে উল্গীথাম্মন্তান করিয়াছিলেন। ত্রিই রূপকের অর্থ—দান্ত্রিক ও রাজনিক বুত্তিবিশিষ্ট বাক প্রভৃতি ইক্রিয়ই দেবতা ও অহুর।] ইক্রিরগণের সাত্তিক ও রাজসিক ব্রন্তিনিচরের বিরোধ চিরপ্রসিদ্ধ। প্রবৃত্তিরূপী দেবতাগণ তথ্যজান অফুশীলনে —সংকর্ম্বের অফুচানে প্রবৃত্ত। রাজ-দিক চিত্তর্তিরূপী অস্থরগণ ঐহিক স্থপ**ন্তোগ ও তৎসাধনের অ**স্কানে উন্মন্ত। প্রত্যেক মহয়ের হৃদ্যে এই চিত্তরুত্তিরূপ দেবাস্থর-সংগ্রাম খহরহঃ চলিতেছে। িবেদের এই দেবাস্থর-সংগ্রামের পরিকলনাই পুরাণে দেবাস্থর-সংগ্রামক্ষুপ হইয়াছে। পুরাণের দেবতা ও অহুর অদিতির উদরে জিমিয়াছেন। প্রজাপতির নামই অদিতি, তাহা পূর্বেই দেখিয়াছেন।] জ্ঞানগুর শঙ্কর এই হাঁনে যজাদি-প্রতিপালনই বেদের একমাত্র উদ্দেশ্ত— ব্ৰহ্ম কল্পনামাত্ৰ—শ্ৰুসৎ—সত্যনামাদিকে কল্পিত পদাৰ্থের আরোপ মীমাংস্কগণের এই অসার উক্তি কর্মকাতেরই উদাহরণ দারা ক্রিয়াছেন।

অতঃপর দেবতাগণ বাক্ ছাণ শ্রবণ দর্শন মন গ্রক্ ইল্পিয়-দেবতারূপী প্রবৃত্তিনিচরকে উল্গীথ গান করিতে বলিরাছিলেন ইল্পিয়গণ 'অসতো মা সং গমর' আমাকে গসং হুইতে সংস্কৃ লইরা যাও, এইরূপ প্রার্থনা করিরাছিলেন, কিন্তু বাক্ প্রভৃতি ইল্পিয়-দেবতারা অস্থ্যরূপী চিক্তর্ভির প্রভাব অভিক্রেম করিতে পারেন নাই—ভাহারা পাপাসক ইইরাছিল। তথন দেবভাগণ বাক্ প্রভৃতি দেবতার উপাসনায় মৃত্যুতর অতিক্রম করিতে না পারিয়া মৃত্যুতাণের উপাসনায় প্রবৃত হইরাছিলেন।

ম্থ্যপ্রাণ ইক্সির্মণী, দেবভাগণের উদ্দেশ্যে উদগান করিলে অস্তর্মণী চিন্তবৃত্তিনিচয় তাহাকে পাপে কলুবিত করিবার অস্ত আক্রমণ করিয়া, লোইপণ্ড যেমন পাঁবাণে নিক্ষিপ্ত হইলে শতখা চুর্ণ হইন্সা বায়—তেমনি বিধ্বন্ত হইরা গেল। অতএব বাক্ প্রভৃতি ইক্সিরগণকে পরিত্যাগ করিয়া আসক্তিবিহীন ম্থান্থানকে আত্মারূহণ আশ্রয় করিতে হইবে। তাহাই আবার আখ্যায়িকা দারা বিশদভাবে ব্যাইতেছেন।

জিজ্ঞাসা

° প্রজাপতির বাক ° প্রান্ততি ইন্দ্রিয়গণ তথন পরস্পর

कतिरलन-यिनि व्यामारमत अत कतिरलन, व्यामारमत रमवजाव করিলেন, সেই মুখ্য প্রাণরূপী আত্মা কোথায় ? তিনি আমাদের মুখবিবররূপ আকাশমধ্যে সর্বাদা অবস্থিত-সমন্ত অঙ্গের রস-সারভূত দেহেক্রিয়-সমষ্টির আত্মস্বরূপ বলিরা আন্দিরস। সেই প্রাণের অভাবে সমস্ত অন্ধ শুদ্ধ হইয়া যায়—সেই আত্মধন্ত্রপ প্রাণকে আত্মন্তপেই উপলব্ধি করা উচিত। আত্মা সর্বদা শরীরে থাকিলেও আসক্তিবিহীন হইয়া-দূরে—স্মৃতি দূরে অবস্থান করেন— ভোগাসক্তি-পাপরূপ মৃত্যু তাঁহার নিকট উপনীত হইতেও পারে না। এই প্রাণ দেবতারূপী আত্মার সাধনাতেই বাক্, চক্ষু, শ্রবণ, মন প্রভৃতি ইক্রির পাপরূপ মৃত্যু অতিক্রম করিরা দীণ্ডিলাভ করিতে পারেন—মনে চন্দ্রের স্থবমা বিকশিত হয়। ্বী সম্মতঃপর প্রাণ প্রান্ধাপত্য ফলসিদ্ধির জন্ম তিনুটি ভোত্র এবং স্থাপনার স্মন্ধের জন্ম নয়টি স্তোত্র গান করিয়াছিলেন। অরপুষ্ট দেহেই প্রাণের অবস্থিতি-প্রাণ কেবল আত্মরক্ষার্থে—অন্নলাভের জন্ত গান করিয়াছিলেন বলিয়া বাগাদি ইল্লিয়ের স্থায় ভোগাসক্তি-পাপে লিগু হন নাই। বাগাদি ইন্দ্রিয়-দেবতা তথন প্রাণ্তে অন্নরোধ করিলেন—ভূমি আমাদিগকেও অগ্নের অধিকারী কর। প্রাণ বলিলেন—জ্বোমরা সর্বতোভাবে আমাকে আত্রর কর! তাঁহারা প্রাণের মধ্যে প্রবিষ্ট হইলেন। সেই জন্ম প্রাণ যে অন্ন গ্রহণ করেন, তাহাতে আত্রিত স্বন্ধাণের প্রায় ইন্দ্রিয়গণই তৃথিলাভ করে—পরিপুট হয়।

নাম-রপাত্মক বাও প্রাণ থে কেবল রূপের পরিণতি—দেহের সারস্বরণ— আদিরস-রূপী আত্মা বা তদান্ত্রিত ইক্তিয়গণেরই আত্মা নহেন—তিনি শক্ষাত্মক—ঝক্, বন্ধুং, সাম, বেলেরও আত্মা।

প্রাণই বৃহস্পতি—বাক্ই বৃহতী অর্থাৎ বট্তিংশৎ অকরাত্মক বৃহতী ছল—

আছাই প্ ছন্দ প্রভৃতি বাক্-বরূপ। ঋক্মাত্রেই বাগাত্মক প্রাণই ঋকের অভিব্যক্তি।—বাক্যের প্রতিপালক পতি বলিয়া বৃহস্পতি। প্রাণহীন শপূ উচ্চারণের সার্থকতা নাই—শুনই জন্ম প্রাণই বৃহস্পতি—ঋক্সমূহের সতাপ্রদ আল্লা।

প্রাণ্ যজুর্মন্তর সারভূত—ত্রহ্মণস্পৃতি। বাক্ই ব্রহ্মরূপে প্রসিদ্ধ—ত্রহ্মই যজু:।—যজু: ত' শব্দবিদ্ধি মাত্র—প্রাণই সেই বাক্যের যজু: অরপ—ত্রহ্মর পতি—রক্ষক—ত্রহ্মণ: + পতি নামে প্রসিদ্ধ।

প্রাণই সাম্ নাক্ই লা + অম্ অর্থে প্রাণ, সমন্বরে লমান্। প্রাণ বিশ্বলদেহ হন্তিলরার হইতে ক্ষুদ্র মশকশরীরে—মানব হইতে প্রজাপতি-শরীরেও
সমান—ল্ডামান জগতের সর্ব্বেই সমান—ইহাই সামের সমত্ব। ভাত্তকার
বলিরাছেন—প্রাণ সভাবতঃ অমূর্ত্ত মূর্ত্তিবিহীন—সর্ব্ববাপী—শরীরের আকারভেদে আত্মার প্রসারণ-সন্ধোচন সম্ভব নহে। বেদ বলিতেছেন, 'প্রাণাঃ
সর্ব্বে সমাঃ—সর্ব্বে অনস্তাঃ'—সমন্ত প্রাণই সমান—হোটবড় ভেদ-বৈষম্য
নাই—সকলেই অনস্ত—কোন প্রাণই কোথাও সীমাবদ্ধ নহে। এই সমতাবিধানই সামের সামত্ব। গাঁহারা প্রাণতত্বের সমতা উপলব্ধি করিয়াছেন—
তাঁহারা দেহেক্তির-অভিমানশৃত্ত—আত্মার সাযুদ্ধ্য-সালোক্যলাভে শান্তিলাভ
করিতেছেন।

প্রাণই উদ্গীথস্বরূপ। উদ্গীথ অর্থে—উদান্ত সঙ্গীত নহে—উৎ অর্থে প্রাণ—গীত অর্থে—প্রাণাধীন বাক। 'শুতি' আখ্যারিকাণ দিয়া আবার ইহা ব্যাইতেছেন। সোমলতারস, সোময়তে রাজা নামে অভিহিত। বাজিত্বরা তাহাকে মহাপবিত্র জ্ঞান করিতেন। চিকিতান ঋষির পোত্র ব্রহ্মনত ঋষি সোময়তে সোমরস পান করিতে করিতে শপথ করিয়া বলিয়াছিলেন—এই যতে যে উদ্গীথ গান করা হইয়াছে—তাহা যদি বাক্ও প্রাণাতিরিক্ত কোন দেবতার গান হইয়া থাকে, তবে আমি অনূতবাদী হইয়াছি—আমার শিবঃপাত হউক। স্বেরধ্বনিত সামগান, প্রাণদেবতারত্ব প্রতীক প্রাণ-দেবতারই প্রতিষ্ঠা।

'অসতো মা সং গমর'— আমাকৈ অসং মৃত্যু হইতে স্থ অমৃতে লইরা বাও।
ভাত্তকার শহর বলিরাছেন—আমাকে অসং কর্মজ্ঞান ইইতে ব্যার্থ শাস্ত্র
অনুবারী আন ও কর্মে লইরা বাও ক্রেভাবলাভের উপায়ভূত আমেভাব প্রদান
কর;—আমাকে অমৃত কর। 'তমসোলা ক্যোতির্গম্য' আমাকে সভ্যানাক্ষার
মৃত্যু হইতে জ্যোতিঃখরণ অমৃতে লইয়া বাও। ভাত্তকার বলিয়াছেন—'তমো

রূপী মৃত্যু হইতে—জান-রজ্যাতিঃ স্বরূপ অবিনাশাত্মক অমৃতে লইরা বাও। 'মৃত্যো-মা অমৃতং গমর'—আমাকে মৃত্যু হইতে অমৃতে লইরা বাও—আমাকে অমর কর। ভাষ্যকার বলিরাছেন—আমাকে প্রজাপতিত্বরূপ ফল প্রদান কর। এই তিনটি বজুর্মন্ত্র কেবলু স্কর্মরে গান করিবার জন্ত নহে—প্রাণে-প্রাণে উপলব্ধি করিবার জন্ত জ্বপ-মন্ত্র।

জ্ঞান ও কর্মের হারা প্রাণাত্মভাব-লাভ হয়; কিন্তু অন্থর্ডেয় কর্মের অভাবৈও প্রাণাত্মভাব-লাভ হইতে পারে কি না সংশর জন্মিতে পারে। সে সন্দেহ নিরসনের জক্ত আচার্য্য শব্দর বলিয়াছেন—যক্তাদি কর্মবির্কু হইরাই মানব অভীই-লোকপ্রাপ্তির সাধক হয়। কিন্তু যথার্থ জ্ঞান তিনিই লাভ করেন—যিনি সর্বাভূতে সমভাবে অবস্থিত সামসংজ্ঞক, মহিমান্তিত প্রাণকে জানেন—তাঁহার সেই অবস্থার আমিত্ব জ্ঞান—ইক্রিয়াসজিক্রপ পাপ-অস্থরের অথর্ধনীর—বিশুদ্ধ। আলিয়সত্ম নিবন্ধন আমিই আত্মন্বরপ—ঝক্ যজুং সাম উদ্গীথাত্মক বাক্যের আফিই আত্মা—গীতিভাবস্থরূপ সামগান আমার বাহ্ত-ধন; অর-সেচিব আমার অলঙার মাত্র;—স্বর-সৌক্র্য্য—বর্ণ-উচ্চারণ-নৈপ্তা আমার কণ্ঠতাল্র প্রতিষ্ঠি। মাত্র—কিন্তু আমি অমুর্ভ — আকৃত্তিবিহীন—সর্ব্বত্যাগী, সর্ব্বশরীরে অবস্থিত। যত কাল এই প্রাণাত্মভাব অভিব্যক্ত না হয়, তত দিনই উপাসনা—জ্ঞানলাভের পর আরু উপাসনার কোন প্রয়োজন হয় না।

চতুর্থ ব্রাক্ষণে—স্ষ্টি-বৈচিত্ত্যে ব্রহ্মময় জগৎ।

জ্ঞান ও কর্মের সর্বভ্রেষ্ঠ ফল—প্রজাপতিত্ব-লাভ—কিন্ত তৃঞ্চা না থাকিলে যেমন কলপানের প্রকৃত্তি জন্মিতে পারে না—তেমনই সাধ্যসাধনভাবপূর্ণ কার্য্য-কারণাত্মক সংসারে বিভ্রুঞা—বৈরীগ্যের উত্তব না হইলে আত্মজ্ঞানের অধিকার ও প্রবৃত্তি জন্মিতে পারে না। এই পুত্র অপেকাও প্রিরতম আত্মজ্ঞান মুমুক্ ব্যক্তিরই একমাত্র প্রাপ্য। আত্মাই প্রজাপতি অভ্নত হইতে জাত প্রথম শরীরী—বেদোক্ত জ্ঞান-কর্মান্মন্তানের একমাত্র ফলত্বরপ। সেই অব্যবস্পার বিরাট্ পূরুষ — সর্ব্বাত্মকাপতি আপনাকে সকলের আত্মা—'আহং' আমি-রপে দর্শন ক্রিরাছিলেন—উল্লেখ করিরাছিলেন—সেই জন্মই তিনি বেদে উপনিবদে সর্ব্বলোকে "আহং" নামে পরিচিত টি সেই ক্লে এখনও 'তৃমি কে' জিজানার উত্তর 'আমিই সেই'—প্রজাপতিত্ব রূপ, বলিরা পরে পিতামাতার দেহ-পিত্রের পরিচম্বার্থ দেবদত্ত, বজ্জক, পিতৃদ্ধত্ব নামের উল্লেখ করেন। প্রজাপতি

বেরূপ জ্ঞান বারা পাপাসন্তি দশ্ব করিরা বিরাট্ পুরুষ্ণ লাভ করিরাছেন, তেমনই জ্ঞানের উৎকর্ষে আসন্তিনিচর ভন্মীভূত হৈলৈ ব্রন্ধজ্ঞানের, উদ্বেষ সম্ভব হয়। ক্রুক্সিনিচর ভারান—কর্মার ,ফলস্বরপ—প্রক্লাপতিত্ব-পদ্দিত প্রসারের অধিকারের সীমা অভিক্রম করিতে পারে নাই। স্প্তির পূর্বেষে মহাপ্রলারের বর্ণনা করিরা ত্যাগী অবভার সামী বিবেকার্নন্দ লিখিয়াছেন:—

"পামি বর্ত্তমান।
প্রালমের কালে ব্রহ্মাণ্ড গ্রাসি' ধবে '
জ্ঞান, জ্ঞের, জ্ঞাতা লয়,
অলক্ষণ অতর্ক্য জগৎ,
নাহি থাকে ববি-শনী তারা,
সে মহানির্ব্বাণ, নাহি কর্মা, করণ, কারণ,
মহা অন্ধ্যার ফেরে অন্ধ্যভার-বৃক্তে,
বিশৃষ্ট জগৎ শাস্ত সর্ব্বগুণভেদ,
একাকার ক্ষরেপ শুদ্ধ প্রমাণ্কার ভ্রামি বর্ত্তমান।"

সেই মহাপ্রলয়ের ভীষণ হইতেও ভীষণতর নিজনতার ভিতর প্রথম শরীরধারী প্রজাপতি একাকী থাকিতে ভীত হইরাছিলেন। দেহেক্তিরসম্পন্ন ব্যক্তিমাত্রই , প্রাক্তজানবশে আত্মজান উদ্মেষের পূর্ব্বে একাকী থাকিতে ভীত হন।

শ্রুতি বলিতেছেন, 'যে নোক নিরম্ভর একত্ব দর্শন। করেন, তাঁহার শোঁকই বা কি, ভরই বা কি?' কিন্তু তিনি ব্যতীত ত বিতীয় কোন বিনাশকর বস্তু ছিল না—তবে তিনি ভীত হইবেন কেন? প্রজাগতি একারী থাকিয়া তৃপ্তিলাত করিতে পারিলেন না—এই জন্তু লোকে একারী থাকিয়া তৃপ্ত হয় না। তিনি রী কামনা করিলেন—আপনাকে স্ত্রীসংবুক্ত মনে করিলেন। তিনি সভাসক্তর—চিন্তাপ্রভাবে আপনি আপনাকেই স্ত্রী-পুরুষ হুই ভাবে বিভর্ক করিয়াছিলেন।

শক্তবিদ্যা ধবি,—বিনি ব্জের বিদ্ধ অর্থে বিজ্ঞা— ব্যক্তবিদ্যা লাজবিদ্যা ধবি; তিনিও নিজ'শরীরকে অর্থালিনী অভাবে অর্থাংশ শৃত্ত-শত্ত-বীজের স্থার কর্মা করিয়াছিলেন—তাঁহার সেই অর্থাংশ শৃত্তপ্রার দেহ স্ত্রী-রূপী শক্তিসংবাগেই পূর্ণতাপ্রাপ্ত হইয়াছিল। *

মহর্বি বাজ্ঞবক্য ওরবজুর্বেদের প্রক্ষণয়িতা বলিয়া প্রসিদ্ধ—তিনি কি এই ছানে
আলু-প্রিচয় ও স্থ্যশিশীয়হণের কারণ স্কেশিলে বিবৃত করিয়াছেন ?

প্রজাপতি—বিনি জ্ঞাপর মহ নামে পরিচিত—তিনি তাঁহার অদ্ধাক্তৃতা—
শতরূপারূপিণ্ট পদ্মীতে উপগত হইয়াছিলেন, তাহাতেই মহ্যাগণের উৎপত্তি।
শতরূপা চিক্তা করিলেন—জামি মহুর মানস-কক্তা-শ্বরূপ—তাঁহার দেহার্দ্ধ হইতে
আমাকে উৎপন্ন ক্রিয়া তিনি আবার আমাকে সন্তোগ করিতেছেন—আমি
তিরোহিত—রূপান্তরিত হইব। শতরূপা গো-অম্ব প্রভৃতি বিভিন্ন রূপান্তরে পরিণত
হইলেন, মহুত সেই সেই রূপে উপগত হইয়া বিশ্বের সমন্ত প্রাণী সৃষ্টি করিলেন।

প্রকাপতি এইরুপে বিশ্বস্থি করিরা চিন্তা করিবেন—আমিই স্থি;—স্থ জগৎ আমা হইতে ভিন্ন—পৃথক্ বস্তু নহে—আমিই স্থিকিবরুণ;—আমা হইতে অতিরিক্ত কোন কিছুই নাই—আমার মহতী চিন্তার ফলেই স্থি সম্ভব হইল।

বাজ্ঞিকগণ যে বিভিন্ন দেবতার উদ্দেশ্যে যক্ত করিবার বিধান দেন, তাহা প্রমনাত্র —প্রজাপতিই সমন্ত দেবতার স্বরূপ—স্বান্ন প্রভৃতি সমন্ত দেবতাই তাঁহার উৎকৃষ্ট স্টি। অত এব সর্ববিধ উপাসনা ত্যাগ করিরা, আত্মারই উপাসনা—আত্মতন্বেরই-চিন্তা করিতে হইবে। আত্মতন্ব পূত্র হইতেও প্রির—বিত্ত হইতেও প্রির—বিত্ত হইতেও প্রির—বিত্ত হইতেও প্রিরত্তর—ক্যাগতিক যে কিছু, বাহা কিছু হইতেই প্রিরত্তর। যিনি আত্মাকে প্রির বিদ্যা উপাসনা করেন, তাঁহার প্রিরবস্ত আত্মা ক্রেনই বিনাশপ্রাপ্ত হর না।

স্ষ্টি-বৈচিত্র্যের ভিতর দিয়া ব্রহ্মমন্ন স্বগতের বর্ণনা করিয়া ব্রহ্মবিচ্ছান্ত্র মাহাস্থ্য-কীর্ত্তন আরম্ভ হইয়াছে।

ু বৃদ্ধবিজ্ঞান্ত্রগণ জিজাসা করেন, মাছব বে বৃদ্ধবিতা লাভ করিবা সর্বাত্মরূপ্
ছইবৈ—সেই পরবৃদ্ধই বা এমন কি বিশেষ জ্ঞান উগলন্ধি করিরাছিলেন বে, তিনি
সর্বাত্মভাব লাভ করিবাছেন? শুতি বলিতেছেন—স্টির পূর্বে জগৎ বৃদ্ধত্মনাত্মি ভিল-তিনি 'আমি বৃদ্ধ' এইরূপে আত্মাকে জানিরাছিলেন বলিরাই তিনি
সর্বাত্মক।

অবৈতবাদের প্রতিষ্ঠাতা শহর বলিতেছেন—ব্রহ্মবিষ্ঠার প্রতাবে ব্রহ্ম অর্থে প্রমান্ধার সর্বাত্মভাব-প্রাপ্তি উপদ্ধি হয়—মুক্তিরূপ নিঃশ্রেরসের অধিকার-লাভ হয়। বে বিষ্ঠার অস্থীলনে মানব সর্বাত্মা হইতে পারে, সর্ব্ধমন্ন ব্রহ্ম সেই বিষ্ঠাপ্রভাবেই সর্বাত্মা।

নেই ব্ৰহ্ম আপনাকেই অধ্যারোপিত অনিত্যাদি স্টি-ব্জ্জিত স্ব-স্ক্রপেই আনিরাছিলেন'। শ্রুতি বলিতেছেন,—দেব্ভাগণ, ঋ্বিগণ বাহারা তাঁহাকে আনিরাছিলেন—ব্ঝিরাছিলেন, তাঁহারাই ব্রহ্মজ্ঞান লাভ করিরাছিলেন। বামদেব শ্ববি ব্রহ্মজ্ঞান লাভ করিরাছিলেন।

ষিনি—"আমি ব্ৰহ্মস্বরূপ" তবের উপলব্ধি করিয়া সর্বাস্থাব প্রাপ্ত হন—দেবতা গণও তাঁহার অনিষ্ঠ করিতে পারেন না। বন্ধবিভার অফুশীলনে যিনি ব্রহ্মভাব প্রাপ্ত হইরাছে—যিনি ক্লিব্রন্তি-নিচর জয় করিয়াছেন, জাগতিক কোন ভোগেই তাঁহার আসক্তি নাই।

ইহার পর প্রজাপতি জগতের প্রয়োজন বৃথিয়া ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্ব, শুদ্র চাতুর্ব্বর্ণের স্বষ্টি করিয়া—তাহাদের ধর্ম ও কর্ত্তব্য নির্ণয় করিয়া, আত্মতন্ধজ্ঞান-। বিহীন ব্যক্তির জন্ম সংসারাশ্রমের বিভিন্ন কর্মের নির্দেশ করিয়াছেন। স্ক্রবৈত-বাদের প্রতিষ্ঠাতা জ্ঞানগুরু শক্ষর বলিতেছেন:—

সংসারাশ্রমের কর্মাধিকারী শরীরেক্রিয়সমন্ত্রীভূত যে, অবিছান দেহপিও— আত্মা শব্দে অভিহিত; সেই আত্মাই শেবতা হইতে পিপীলিকা পর্যাক্ত সর্বভূতের উপনীব্য—ভোগ্য। বৰ্ণাশ্ৰম্ৰিহিত কৰ্ম ছারা সৰ্বভূতেরই উপকার সংসাধিত হয়। আমি সর্বভৃতের ভোগ্য—ঋণীর ক্রায় আমাকেও বজ্ঞামুষ্ঠান দারা কর্ত্তব্যরূপ ঋণ পরিশোধ করিতে হইবে—দেবতারা সংসারী মানবের অবিনাশিত ৰাসনা করেন—স্বাদা মঙ্গলবিধান করেন; গৃহস্থগণ যেনন স্মত্ত্বে পশুরক্ষা— পশুপালন করেন—তেমনই দেবতারাও সংসার-স্থথমগ্র মানবগণের স্থথ-সম্পদ্-দান — অন্তিত্ববিলোপনিবৃত্তির জন্ত সর্ববিভোগের মত্ন করেন। সেই জন্ত দেবতাগণের প্রদানতা-ত্রপ্রিবিধানের জন্ত বেদাদি মন্ত্রপাঠরূপ ব্রহ্মযজ্ঞ-দেবতার উদ্দেশ্রে দ্রব্য-ভাগ-হোমরপ দৈবয়ন ভূতাদি-ভৃপ্তির জন্ত ভূতয়ন – পিতৃলোকের শান্তির জন্ত পিতৃয় — অতি বিপুলার নৃ-য় — নিত্য অহঠের। একাবিদ্ ব্যক্তি যদি কর্ত্তর তাম বন্ধনস্বরূপ পশুভাব হইতে বিমৃক্ত হইতে পারেন—তবে তিনি কেন—কাহার প্রেরণার অবশের মত কুর্মবন্ধনাধিকারে প্রবৃত্ত হন ? আত্ম বিবেকের জন্ত কেন ব্রশ্ববিভাগাভে আগ্রহাধিত হন না ? দেবভারাত তাঁহাদের কর্মাধিকারে অব-শ্বিত—বাঁহাদের কর্মে বিশিষ্টাধিকার-লাভ হইরাছে—দেবতারা কেবল তাঁছা-(मंतरे तका करतन,--- नाशांत्रण-कानमन्त्रत्र, माख क्यांमःशांताक्वर्त्रं वाक्तिक नरह ?

শ্ববিভাপ্রভাবেই জগৎ চালিত। প্রবৃত্তির মুখ্য কারণ এবণা — কাম।
কঠ-উপনিষদ্ বলিতেছেন—অভাবসিদ্ধ অবিভাধিকারে বর্তমনে 'বালকগণ অর্থে
বালকের ভার চঞ্চমতি পুরুষণণ—বাহুবিষরের অন্ত্যারণ করে। গীতা বলিরাভোল—'রজোঞাসমূত্ত কাম-জোধাদি ভোগাস্তি মানবের পরম শক্ত—
অতিশর পাপকর।' মন্ত্রংইতা ঘলিতেছেন—"কামই সর্বপ্রবৃত্তির হেতু—
প্রযোজক।"

আমার জারা হউকু—আমি সন্তানরপে জন্মিব,—আমার বিত্ত হউক—আমি কর্ম করিবু—যজাদি অন্তর্গন করিরা প্রতিষ্ঠাবান্ হইব—দেহাবসানে স্বর্গ-স্বথ উপভোগ ,করিব,—মানবমনে কর্মাগত এইরপ বাসনার উত্তব হইতেছে, তাহার অবসাদ নাই—পূর্ণতা নাই,। এই এবণা = কাম—পুত্রকামনা—বিত্তবাসনা—ঐহিক ও পারলৌকিক সর্ববিধ স্থপভোগকামনা-প্রভাবেই মানব মহাস্থলোকে—পিত্লোকে—দেবলোকে স্বথ-সভোগের নিয়তই কামনা করি-তেছে—কামনার পূর্ণতাবিধান—অভীপ্ত কাম্য-ফললাভই এই কর্মান্তর্গানের একমাত্র উদ্দেশ্য। অভিলাব-সাধনার কর্মমার্গে যতই মনোনিবেশ কর্মন—সমাহিত হউন, স্বলোক—ব্রম্মস্করপ আত্মাকে উপলব্ধি করিতে পারিবেন না;— তাঁহাকে জানিবার পক্ষে ততই অন্তর্গার—ব্যবধান স্বষ্ঠ হইবে। এই জন্মই তৈত্তিরীর শ্রুতি বলিতেছেন:—অগ্রি ঘারা বিমোহিত—ধ্ম ঘারা রাস্ত হইরা অবিহান্ পূরুষ কোন সমরেই স্বলোক দেখিতে পার না।

ভারতের নবজ্ঞানতদ্রের পুরোহিত স্বামী বিবেকানন এই উদ্দেশ্যপ্রণোদিত হইরাই বলিতেছেন—

পশিতে পারে না কভু তথা সত্য, কাম-লোভবশে যেই হাদি মত্ত; কামিনীতে করে জ্বীবৃদ্ধি যে জন, হয় না তাহার বন্ধন-মোচন; কিম্বা কোন জ্বো যার অধিকার, হউক সামাগ্র—বন্ধন অপার কোধের শৃঞ্জল কিম্বা পারে যার, ইততে পারে না কভু মারাপার। তাজ অত্ত্রব, এ সব বাসনা, আনন্দে সদাই কর হে বোষণা—
ওঁ তৎসৎ ওঁ॥"

কাম্য বিষয়ের লাভ না হওয়া পর্যস্ত মানব আপনাকে জুপূর্ণ বোধ করে— সর্বার্থ-বিচারক্ষম মনই ইহার আত্মা—বাকৃ ইহার জায়া—চক্স্ সম্পদ্—শ্রবণ দৈবসম্পদ্—দেহই কর্মসাধন। লোকপ্রসিদ্ধ বক্ত বেমন পশুও বক্তক্তা পুরুষ বারা অন্তটিত হয়, তেমনই জামলাভের জন্ম আত্মার বারা পঞ্চেক্তিরসম্পন্ন নিবৃত্তিরূপ পাঙ্ক্তবক্ত অনুষ্ঠান করিলে এই পরিদৃশ্যমার অনস্ত ক্রগৎ আত্ম-স্বরূপে উপলব্ধি হইবে।

বন্ধানন্দলাভে সদা আনন্দমন্ত্ৰ—লোকাতীও ভাষ্যাসার অনন্তঃ প্রস্ত্রণ—ভগবান্ শ্রীরামকৃষ্ণদেবের মানসপুত্র শ্রীরামকৃষ্ণদেবের মানসপুত্র শ্রীরামকৃষ্ণদেবের মানসপুত্র শ্রীরামকৃষ্ণদেবের মানসপুত্র শ্রীরামকৃষ্ণদেবের সাধনা অন্তরেই নিহিত—স্থকঠোর শীতাতপ সহু করিয়া শরীর-নির্যাতনের প্ররোজন নাই। মনে ক্রমাগত প্রবৃত্তির সহিত নিবৃত্তির অহরহঃ সংগ্রাম চলিতেছে—কাম সংযত হইলেন ত ক্রোধ উদ্দীপ্ত হইল—ক্রোধ শাস্ত হইতে না হইতে লোভের উদ্রেক হইল—লোভকে প্রশমিত করিতে না ক্রিতে মোহের উদ্ভব হইল—তাহাকে কোনকর্পে নিবৃত্তঃ করিলে মাৎস্থ্যের প্রতাপ-বৃদ্ধি হইল—এই চিত্রত্তি-নিরোধই প্রকৃষ্ট সাধনা।

পঞ্চম ব্রাহ্মণে—সপ্তবিধ অন্নসৃষ্টি।

অতঃপর স্রষ্টা প্রজ্ঞাপতি মেধা ও তপস্থা হারা সপ্তপ্রকার অর সৃষ্টি করিয়াছিলেন। সেই সপ্তবিধ অরের একটি সর্ব্বসাধারণের জক্য—ছিলেন। সেই সপ্তবিধ অরের একটি সর্ব্বসাধারণের জক্য—ছিলেন। তাই আরু চেতন ও অচেতন সকলেরই উপজীব্য—উপভোগ্য। এ অর অক্তর—অক্তরস্ত —নিংশেষিত হয় না। যিনি অংশক্রমে অপরকে বঞ্চিত না করিয়া এই আর গ্রহণ করেন, তিনি তেজঃসম্পন্ন হন—দৈবত লাভ করেন। প্রজ্ঞাপতি মন, বাক্ ও প্রাণ এই তিনটি অর সৃষ্টি করিয়া, আপনার জন্ম নির্দিষ্ট করিয়াছেন। ভূঃ ভূবঃ ত্বঃ এই লোকত্রেরই বাক্—মন—প্রাণ-ত্বরূপ।, বাক্ — পৃথিবী—মন = অন্তর্নীক করিষ অরই বেদকের, পিতা—মাতা—সন্তান-ত্বরূপ।

বাক্ই বিজ্ঞাতা—বাক্ নিজেই খীয় বিভৃতিখন্ধপ—বাক্রিভৃতিজ্ঞ লোকেয় রক্ষক।

মন বিজিজান্ত — সুস্পষ্টরূপে, জানিতে অভিলামী— সন্দিহান। সন্দেহের নিরাসকরণই মনের স্বভাব—ধর্ম।

প্রাণই অবিজ্ঞাত—বাহা কিছু অবিজ্ঞাত—বিজ্ঞানের অগোচর—সন্দেহা-স্পদও নহে—ভাহাই প্লাণের রূপ। বাক্যের আপ্রয়ীভূত শরীর প্রথিবী— জ্যোতির্মন্ত শরীর প্রথিবী।

্রত মনের শরীর ত্রালোক—জ্যোতিঃপ্রকাশাত্মক রূপ তহুর্যা।

खारनत भन्नीत· धन- खकाभमनत्रत्रभ· · हता ।

ইহার পর আত্মার উপভোগ্য অন্ধর্মের মধ্যে বিত ও কর্ম্মের সদ্ভাব কিরূপ, প্রতিপন্ন করিবার জন্ম বলিতেছেন—অন্ধর্মের আত্মস্থরূপ সংবৎসররূপী প্রজা-পতিই থেন যোড়শুকলাসংঘুক্ত;—যিদি এইরূপ জ্ঞানসুম্পন্ন, বিত্ত তাঁহার পঞ্চনশ কলা— আত্মা যোড়শ কলা। অতঃপর পুত্রের হারা মনুষ্যলোক—কর্ম্মের হারা পিতৃলোক—বিতা হারা দেবলোক জন্ম প্রসঙ্গের আলোচনা।

অতঃপর স্ক্রিভি ইর্নাছে। সম্প্রতি অর্থে—পিতার পরলোকগমনের পূর্বের পূক্রকে তাঁহার অসম্পাদিত কর্মভার-প্রদান। আসমমৃত্যু পিতা
কর্ত্তবাপরায়ণ পূক্রথে বলিবেন:—আমি ব্রহ্ম—বেদস্বরূপ, তুমি ফক্র—কর্মস্বরূপ—লোকস্বরূপ। আমার অসম্পূর্ণ জীবনে যে বিভার অধ্যয়ন
অসম্পূর্ণ, তুমি সেই বিভার অস্থালন করিয়া পূর্ণ জ্ঞানবান্ হইবে। যে
যক্ত অর্থে যে কর্ম্ম আমার অসম্পাদিত, তুমি তাহা সম্পাদন করিয়া পূর্ণ
করিবে। আমি ইহলোকে বাহা জয় করিতে পারি নাই—তুমি তাহা জয়
করিবে—সম্পূর্ণ করিবে। সংসারাশ্রমে ইহাই ওভলোকলাভের অস্কুল।
এইরূপ জ্ঞান-সম্পন্ন পিতা ইহলোক হইতে মহাপ্রস্থান করিলেও প্রের বাক্,
মন, প্রাণের সহিত ইহলোকে সম্মিলিত হন—প্রের প্রাণে ইহলোকে বিভামান
থাকেন—মৃত্যুতেও তিনি হির্ণাগর্ভের অমর্ম্ব লাভ করেন। সম্ভান পিতার
অসম্পূর্ণ কার্য্য সম্পাদন করিয়া, পিতার কর্ম্ম্বন্ধন বিমোচন করে বলিয়াই প্রশ্র

অতপের বত-মীমাংসা—উপাসনাত্মক কর্মবিচার আরম হইরাছে। ব্রত অফুষ্ঠান—পকাম কর্ম উপাসনাই মানবের একমাত্র কাম; নহে প্রতিপাদন করিরা বলিতেছেন—প্রাণব্রতের ঘারাই প্রাণাত্মভাব-প্রাপ্তি হয়। বাক্ প্রভৃতি ইক্সির-রূপী দেবতা, অন্ধি প্রভৃতি দেবতা আত্মাত্মরূপ—আত্মাই সর্ব্রভৃতের পরিস্পান্দনের কারণ— এইরূপ ব্রত-প্রজ্ঞানের ধ্যানে—চিস্তার প্রাণদেবতার সাব্দ্য =
একাত্মভাব—সলোক্তা = সমানলোকে অধিশার-প্রাপ্তি হয়।

वर्ष बाकारन-नाम-क्रश-क्या।

সাধ্য-সাধনক্ষপী সপ্তপ্রকার অরের তিন ভাব ;—নাম, রূপ, দ্রুর্ম। বাক্ শব্দ-মাত্রেরই উৎপত্তিস্থান। বাক্ই সমন্ত নামের সাম — সমানধর্মী—একধর্মাক্রান্ত। শব্দসামান্তই নামসমূহের এক — স্বান্ধা। শব্দাতিরিক্ত নামের স্বন্ধিত্ব নাই। চক্ষ্—নরন গ্রহণীর রূপের উৎপত্তিস্থান—শ্বেতৃপীতাটি সামাক্স রূপ হইতে
বিশেষ রূপের সাম্য—প্রকৃতিস্বরূপ ঐক্যাবস্থাপ্রাথ। রূপসামাক্সই সমত্ত
বিশেষ রূপের ব্রন্ধ – ব্যাপক আত্মা।

আত্মা—কর্ণ-সম্পাদনের কারনীভূত শরীর, বিশেষ বিশেষ কর্মের উৎপতিহান। সমন্ত কর্মই আত্মা হইতে উভূত। কর্ম-সামাঞ্চাত্মক শরীর এই সমন্তের
সাম—কর্মের ব্যাপক ব্রন্ধ। আত্মা যেমন দেহরূপে ভেঁদরহিত হইরাও এক—
তেমনই নাম, রূপ, কর্ম তিন হইরাও এক। এই তিন লইরাই হুল ও ফ্রম্ম জর্গৎ—
ক্যাতের অন্ত কোন সন্তা নাই। আর আত্মাণ্ড অধ্যাত্ম—অধিভূত—অধিদৈবত তিনরূপে অভিবাক্ত হইলেও এক—নাম-রূপ-কর্মাত্মক। এই অমৃত —
স্কুস্বিহীন প্রাণ—নামরূপ কর্ম্ম দারা সমাচ্চাদিত।

মহাত্যাগী সন্ন্যাদিপ্রবর সামী বিবেকানন্দ তাই বুঝি বলিতেছেন :--

"একমাত্র মৃক্ত—জ্ঞাতা আত্মা হর,
জনাম অরপ অরেদ নিশ্চর;
তাঁহার আশুরে•এ মোহিনী মারা
দেখিছে এ সব অপনের ছারা;
সাক্ষীর অরপ—সদাই বিদিত,
প্রকৃতি জীবাত্মা রূপে, প্রকাশিত;
তক্মিসি, ধ্রহে সন্ম্যাসিপ্রবর,
ধর ধর উচ্চে তান ধর—
ভূতবন্দং ভূঁ॥"

অবিভাধিকারে অবস্থিত সংসারের তথা এই পর্যান্ত। অতঃপর বিভার প্রভাব—ক্ষানগম্য আত্মা উপলব্ধি করিবার জন্ত পরবর্ত্তী, অধ্যান আরম্ভ হইরাছে।

দিকীয় অধ্যায়

প্রথম ব্রান্সণে—দৃপ্ত বালীকির ব্রহ্মজ্ঞান উপদেশ।

কেবল বৃক্তিতর্ক-প্রয়োগে ব্রহ্মজ্ঞান প্রতিপাদন করিবার প্রয়াস পাইলে বিষয়ীট অত্যন্ত নীরস ও হুর্মোধ্য হয়—পূর্মপক ও সিদ্ধান্তরূপে আখ্যায়িকায় পরিণত করিলে প্রোতৃর্দের চিত্ত সমধিক আকুই হইতে পারে এবং গুরু কির্নপ সদাচারনিষ্ঠ সদ্গুণসম্পন্ন হইবেন, শিষ্য কির্নপ বিনয় প্রদর্শন করিবেন, ইহা বৃথাইবার জন্মগু শ্রুতি আখ্যায়িকার অবতারণা করিতেছেন।

গর্গঋষিবংশীয় বেদবিত্যাগর্জানৃপ্ত বালাকি • ব্রহ্মজ্ঞানসম্পন্ন কাশীরাজ অজাতশক্রর নিকট উপস্থিত হইয়া বলিলেন, 'ব্রহ্ম তে ব্রবাণীতি'—রাজা, আমি তোমাকে ব্রহ্মোপদেশ প্রদান করিব। রাজা অজাতশক্র বলিলেন, "বেশ, আপনার এই কথাতেই আমি নিজেকে ধতা জ্ঞান করিয়া, আপনাকে সহত্র গাভী প্রদান করিতেছি।"

দৃশু বালাকি বলিলেন—"আদিত্য-মণ্ডলমধ্যবর্তী পুরুবকেই আমি ব্রহ্ম বলিয়া উপাসনা করি।"

• অঙ্গাতশক্র বলিলেন,—"না না; আমি যে কেবল ব্রহ্মনাত্রই জানি—তিনি বে•
নিপ্তল; বিশেষ-গুলসংকোগে সপ্তাগ ব্রহ্ম-উপাসনার কাস জানিতে চাহি না।
আদিত্য-প্রেষ—স্থ্যকে যে আমি সর্স্তৃতের অতিঠা—উপরিস্থিত মন্তক—
দীপ্তিমান্ রাজা বলিয়া পূজা করি। গুলসংযোগে উপ্লাসনার কাম্য না হয়
সেই গুলসম্পর হওয়া প্যান্ত। ম্প্রিরণে উপাসনার ফলে না হয় রাজার মত
দীপ্তিমান্—প্রভাকশালী হইলাম, কিল্প তাহাতেই বা কি লাভ ?"

গার্গ্য বলিলেন, — "এই যে 'চল্রে পুরুষ = চন্দ্রাভিমানী প্রাণপুরুষ — আমি তাঁহাকেই ব্রহ্মবৃদ্ধিতে উপাদনা করি।"

অজাতশক্র ধলিলেন,—"না না.; তিনি ত আপনার বর্ণিত মহানু পাওরবাদা = জলকপ শুরবাদপরিহিত—কর্থে দম্জ-দম্ংগন দীপ্তিমান্ সোমবাজ নহেন। আমি যে তাঁহাকে সোমবজে আছতি প্রদানের সোমলতার রেল ও সোমবাজ নামে অভিহিত চক্র উভয়কে সমজানে অর্জনা করি। চক্ররপের উপাসনায় না হয় অয়ক্ষর হইল না, কিন্ত তাহাতেই কি মুক্তিলাভ সম্ভব হইতে পারে ?"

বালাকি বলিলেন,—"বিহাতে অবস্থিত = বিহাদভিশানী প্রাথকে আমি ব্ৰহ্মবৃদ্ধিতে উপাসনা করি।"

অজাতশক্র বলিলেন,—"না না; আমি যে ইংগকে'তেজখী বলিয়াঁ পূজা করি
—বিহাতের তেজোবৈচিক্তাের উপাসনার না হয় তেজখী হইলাম, সম্ভানগণও
তেজখান্ হইল—কিন্তু তাহাই কি পরমার্থ ?"

গাণ্য বলিলেন,—"আকাশান্তিয়ানী পুরুষকে আমি ব্রশ্বজ্ঞানৈ উপাসনা করি।"

অজাতশক্র বলিলেন,—"না না; আনি যে ইহাকে বাপক, নিজিয় ব্লিয়া উপাসনা করি—এই বিশেষ-গুণসম্পন্ন আকাশের উপাসনার না হর সন্তান ও পশুসম্পদ্ লাভ হইল—সন্তানবিয়োগ হইল না, কিন্তু তাহাতেই কি আমার ব্যক্তভানলাভ হইবে ?"

গার্গ্য বলিলেন,—"আনি বায়ু-অভিমানী পুরুষকে এগার্দ্ধিতে উপাসনা করি।"

অজাতশক্র বলিলেন,—"না না; আপনার বায়ু অর্থে ত প্রাণ ও হাদয়-মধ্যে অবস্থিত একই দেবতা = পরমন্রন্ধ নহেন;—আপনার বর্ণিত বায়ুর বিশেষণ ত ইক্স—অর্থে সম্ৎকৃষ্ঠ ঐশ্ব্যাসম্পন্ন; বৈকুষ্ঠ অর্থে অনভিভবনীয়—অপরাজের;—বায়ু অর্থে বলবিক্রমশালী জন্মশাল সেনাবৃদ্ধ। ইহার উপাসন্ধ্য না হর জন্মশাল—শক্রজিৎ হইলাম—কিন্তু ইহাই ত আমার মোক্ষ নহে ?"

বালাকি বলিলেন,—"অন্নিত্ত পুক্ষকেই আমি ব্ৰহ্ম বলিয়া উপাসনা করি।"

অঞ্চাতশক্র বলিলেন, — "না না; আপনি যে অগ্নির নির্দেশ করিতেছেন, তিনি ত বাগিন্দ্রিরে ও হলরে অবস্থিত একই দেবতা নহেন, তিনি না হয় সদা ক্ষমাশীল যজ্ঞায়ি— তাঁহার বছজনিবন্ধন না হয় বছকল লাভ করিলাম— আছতিপ্রভাবে দেবতাগণের তৃপ্তিবিধান করিলাম—কিন্তু আমার ব্রক্ষানের উপলব্ধি ইল কি?"

গার্গ্য বলিলেন,—"জলাভিমানী পুরুষকে আমি ব্রন্ধ বলিয়া উপাসনা করি।" অজাভশক্র বলিলেন,—"সে কি ?—আমি ধে জলে—ভক্রে—ভ্রন্থয়ে একই দেবতাকে প্রতিক্রণ বলিয়া উপাসনা করি।"

বালাকি বলিলেন,—"এই বে দর্পণস্থিত পুরুষ, ইংাকেই আমি এক বলিয়া উপাদনা করি।" অকাতশক্ত বলিলেন,—"না না; আদর্শে = দর্পণে—বিশুক সত্পধান হৃদয়ে তিনি যে একুই স্বভাবসিক স্থানির্মণ দীপ্তিমান্ভাবে অবস্থিত।"

গার্গ্য বুলিলেন,—"গম্নসমরে যে শব্দ উপিত হয়—তাহাই প্রন্ম।"

অজাতশক্র বলিলেন,—"দে কি ? আমি বে ইংাকে প্রাণ = জীবনহেতু বলিয়া উপাসনা করিয়া থাকি। প্রাণের সাধনায় সম্পূর্ণ আয়ু লাভমাত্র হইতে পারে—কর্মজোগের অবস্থান না হইলে প্রাণবিয়োগ হইতে পারে না।"

আলাকি বলিলেন,—"দিক্সমূহে যে অভিমানী প্রশ্ব বিরাজিত, তিনিই ব্রন্ধ।" অজাতশক্র বলিলেন,—"সে কি ? আমি যে ইংলকে অবিমৃক্তবভাব বলিয়া উপাসনা করি—এ উপাসনার ফলে ত মাত্র স্বজনবিহীন হইতে হইবে না।"

গার্গ্য বলিলেন,—"ছায়াময় পুরুষ্ঠ ব্রহ্ম।"

অঞ্চাতশক্র বলিলেন,—"না না; ছায়া তু বহিঃস্থিত অন্ধকার—দেহস্থ অঞ্চানাদ্ধকার, অজ্ঞান—মৃত্যুরও ত সেই রূপ। ইহার উপাসনার না হয় অকালমূক্য হুইল না,"

দৃপ্ত বালাকি বলিলেন,—"এই যে বৃদ্ধিরূপী পুরুষ, আমি তাঁহাকে ব্রহ্ম-জ্ঞান করি।"

অজাতশক্র বলিলেন,—"বৃদ্ধিন্দাষ্টীভূত আত্মা ও হান্যে অধিষ্ঠিত আত্মার কথা ত আপনি বলিতেছেন না। বৃদ্ধির উপাসনায় না হয় আত্মবান্ হইলে বৃদ্ধি স্বৰণে আসিবে—প্রশাস্তবৃদ্ধি ইইবে—সন্তানগণও বৃদ্ধিমান্ ইইবে।"

• * বিভাগর্মনীপ্ত বালাকি এইরূপে ক্রমে ক্রমে স্থান্য, চক্রে, বিহাতে, আকাশে, বাযুতে, অগ্নিতে, সলিলে, ছায়ায়, শন্দে, দর্পণে, বৃদ্ধিতে ব্রন্ধের সভা আরোপ করিলেন—ক্লেলিয় রাজা অজাতশক্র ইহা ত জানা কথা— ইহা বাছজ্ঞান মাত্র—
কলপ্রাপ্তির আশায় সঙ্কীর্ণ সীমাবদ্ধ উপাসনা মাত্র বলিয়া তাঁহার তর্কমৃদ্ধি
নিরাশ করিলেন। অতঃপর গার্গা মৌনাবলম্বন করিলেন।

অন্ধাতশক্র বিশিষেন,—"এই পর্যান্ত ত ?—আপনার ব্রন্ধবিজ্ঞান কি পরি-সমাপ্ত হইল ?—'নৈতাবজা বিদিতং ভবতি'— কিন্ত এই পর্যান্ত জানিলেই ত ব্রন্ধকে জানা যায় না ।"

গার্গ্য বলিবেন,—"ইহার অধিক আর আমার জানা নাই। আমি শিশ্বভাবে আপনার আশ্রম লইতেছি—আপনি উপদেশ করুন।"

রাজা অজাতশক বলিলেন,—"সে কি, আমি ক্ষত্রিয়, আর আপনি ব্রাহ্মণ; ক্ষত্রিয়ের নিকট ব্রাহ্মণ উপদেশ লইবেন—ইহা যে আচারবিক্ষম।" কিন্তু গার্কোর অন্ধ্রোগ উপেক্ষা করিতে না পাছিরা, উভয়ে হুপ্ত-পুরুষের, নিকট গমন করিলেন।
হ্পপ্তপুরুষ ঘোরনিদ্রার অভিভূত। গার্গা অজ্ঞাত শক্রকে ব্রন্ধের বরুপ ব্যাইবার
জন্ত যে সকল নামে পরমন্রক্ষের নির্দ্ধেশ করিয়াছিলেন, সেই সকল হ বৃহন্
পাগুরবাস—সোম রাজনু প্রভৃতি নামে চীংকার করিয়া ডাকাডাকি করিলেও
তিনি জাগরিত হইলেন না। তখন সেই হুপ্তপুরুষকে রীতিমত ধাকা দিয়া
জাগরিত করিতে হইল।

অজাতশক্ত তথন গার্গ্যকে জিজ্ঞাসা করিলেন,—"এই বিজ্ঞানময় বুদ্ধিন্মষ্টি-ক্লপ আত্মা নিজিভাবস্থায় কোথায় ছিলেন—আবার কোথা হইতে আসিলেন ?"

গার্গ্য কারণ বুঝিতে না পারিয়া নিরুত্তর রহিলেন।

তখন অজাতশক্র নিজেই জীবের জাঁএত, স্বপ্ন ও স্থাপ্তি এই তিন স্বব্ধার পরিচর দিয়া জীব-ব্রন্ধের মেভেদ প্রতিপাদন করিয়া বলিলেন,—"মুধ্পি অবস্থায় একাকার—জীবের বিষয়-বিবিদ্যালয়ান তিরোহিত হয়—জীব সাময়িক-ভাবে ব্রন্ধে প্রতিষ্ঠিত হইয়া ব্রন্ধানন্দ অভ্যন্তব করে—স্মানন্দের, আতিশধ্যে স্বতিষ্ঠী = ব্র্মানন্দ অভ্যন্তব করে। *

উর্ণনা ভ = নাক জ্না হইতে বৈনন তন্ত্ব নির্গত হর— অগ্নি ইইতে বেমন ক্ষুত্র ক্লিক নির্গত হর— সেইরূপ সেই বিজ্ঞানময় আত্মা হইতেই সমস্ত প্রাণ—সমস্ত লোক—সমস্ত দেব—সমস্ত বেদ—সমস্ত ইন্দ্রির—সমস্ত প্রাণিগণ নিঃহত—উভূত হইয়াছে।

তিনি 'সত্যস্ত সত্যম্' = দৈতাের সত্য—তিনি প্রাণসমূহের সত্য—সত্যতা-সম্পাদক। রক্ষই একমাত্র সত্য—পরমার্থ—অক্স সমত অনিত্য; তাঁহার সত্যাতেই জগতের সত্তা। তিনি আছেন বলিয়াই জগতের অভিন্য বিভ্যান। জগতের সত্তা থেমন ভঙ্গুর—নখর—পরিণামী—বিচারশীল—তিনি সেরপ্রশহেন। তিনি অক্ষর—অলর—অলর—অবিনাশী। তাঁহার উপনিষদ্ রহন্তানাম 'সত্যস্ত সত্যম্'।"

দিতীয় ত্রাকাণে-- মূর্ত্ত- অমূর্ত্তিকাশ।

জগৎ যাহা হইতে জন্মিরাছে—যাহাতে বর্তমান ও যদাত্মক—পরিশেষে যাহাতে বিন্ত্রীন হইবে, সেই জগৎ কিরূপ উপাদানে গঠিত এবং জারমান,

^{*} চতুর্থ অধ্যায়ের তৃতীয় ব্রাহ্মণে জনক-যাজ্ঞবন্ধ্যের বিচারপ্রসঙ্গে জাঞ্জ ক্রাহ্মণ ক্রিয়ার বিচারপ্রসঙ্গে জাঞ্জ ক্রাহ্মণ ক্রাহ্

লীয়মান জগতের স্বরূপ কি ? উত্তর—জগৎ পঞ্চতৃতাত্মক—পঞ্চতৃতে রচিত— সেই পঞ্চতৃতই—নাম রূপ-কর্ম্মাত্মক—সত্যের সত্য হইতেছেন একমাত্র পরব্রন্ধ। পঞ্চতৃত কেন সত্য নামে অভিহিত হয়—মূর্ত্তামূর্ত্ত-নামক ক্রিতীয় ব্রান্ধণে তাহারই বিচার ইইতেছে।

পঞ্ছতই শুর্ত = স্থল — অমূর্ত্ত = স্থা ; — কার্য্য কোরে = দেহরূপে – করণ-ভাবে = ইন্দ্রিরন্ধপে পরিণ্ত হইরা প্রাণনামে অভিহিত—সেই প্রাণসমূহও সত্য। কার্ম-করণের সত্যতানিরূপণেই 'সত্যস্থা সত্যম্' রক্ষাও অবধারিত। করণ-সমষ্টিরূপী দেহকে যিনি হক্ষাত্মা শিশুস্বরূপ উপলব্ধি করিতে পারিয়া-ছেন-তিনিই আত্মীয়-শক্রু সম ইন্দ্রিয়নিচয়কেও বনীভূত করিতে পারেন। শিশুর চক্ষ্তে বিভিন্ন দেবতার—ইন্দ্রিরে সপ্ত-ঋষির আরোপ করিয়া শ্রুতি প্রাণতত্বের সহিত ব্যাবিজ্ঞানের সাদৃশ্য দেবাইয়াছেন।

তৃতীয় ব্রাক্ষণে মূর্ত্ত-অমূর্ত্তভেদে ব্রহ্মবিজ্ঞান।

প্রকোর শৃষ্ট রূপ;—একটি মূর্ত্ত – মূর্ত্তিসম্পর; অপরটি অমূর্ত্ত – নিরাকার।
একটি মর্ত্তা – মর্ন্থনীল; অপরটি মর্ণরছিত – অমূত-স্বভাব। একটি স্থিত—
ক্রি—পরিচ্ছিন্নগতি – গমন করিয়া স্থির; অপরটি যং – ব্যাপক—গতিবিশিষ্ট –
গমনশীল। একটি সং – বিভয়ান; অপরটি ত্যং – স্ক্রিমময়েই প্রোক্ষভাবে
বিভয়ান।

বায়ু ও আকাশ ব্যতীত, পৃথিবী জন ও তেজ ভূতত্রর ব্রন্ধের মূর্ত্তরপ। এই

• ভূতীা মূর্ত্তরপ—বিনা,শনীল, স্থির—সং। এই মূর্ত্তের—মর্ত্তোর—স্থিতের—
সতের যিনি বিকাশ—রস—সার—তেজ, তিনি সবিতা — স্থামণ্ডল; আধাাত্মিক
অর্থে চকু ।

বায় ও আকশি ব্রঙ্গের অমূর্ত্তরূপ। ইহা অমৃত—অবিনাণী—যং = ব্যাপক—
ত্যং = পরোক্ষ—ইন্দ্রিয়ের অগোচর; এই অমূর্ত্তরূপের সার স্থ্যমণ্ডণের অধিষ্ঠিত
দেবতা। আধ্যান্মিক অর্থে প্রাণবায় = আ্যা।

জ্ঞানাবতার স্বামী বিরেকানন্দ তাই বুঝি বলিতেছেন :—

*চঁকু দেখে অথিল জগৎ,
না চাহে দেখিতে আপনায়,
কেন বা দেখিবে ?
দেখে নিজ ক্লপ দেখিলে পরের মুখ।
ভূমি জাঁথি মম, তব ক্লপ সর্বঘটে "

শুণাতীত গুণমর, নির্ন্তণ পরমন্ত্রেরের বাসনাস্থর খ্রিড রূপ কি ছরিদ্রা-রঞ্জিত রমণীরঞ্জন বস্ত্র—না পাপুবর্ণ-মেয়-রোম্প্র বস্ত্র—না ইন্দ্রগোপ-রেশম-কাটের রক্তবর্ণ—না তিনি অগ্লির দীগুড়িখা—না খেতপল্লের স্থমা—না চক্ষর নিমিষের মত বিত্যতের চকিত ক্ষণভাতি—যে তাঁহাকে বিশে-বণে বিশেষিত করিয়া লাভাব চিহ্নিত, গুণে অন্ধির্ত করিয়া তাঁহার স্বরূপ পরিচয় দেওয়া সম্ভব হইবে—তাঁহার পরিচয় এইমাত্র—'নেতি নেতি' নেতি বিলি ইহা নহেন'—'তিনি ইহা নহেন'—তাহার পর আর ক্রিছই নাই—ব্রন্ধাতিরিক্ত অপর কিছু নাই। তিনি সত্যন্ত সত্যম্—তাহার উপনিষদে ইহাই তাঁহার রহজ্ঞময় নাম। প্রাণ্সমূহ স্ত্য, তিনি প্রাণেরও সত্যতা-সম্পাদক।

সেই জন্তই স্বামী বিবেকানুন্দ গাছিয়াছেন—

একরপ, অরপ নাম-বরণ, অতীত-আগামি-কালহীন, দেশহীন, সর্বাহীন, 'নেতি নেতি' বিরাম না যথায়॥

সেপা হতে বৃদ্ধে কারণধারা
ধরিয়ে বাসনা বেশ-উজালা,
গরজি গরজি উঠে ভার বারি,
অহমহমিতি সর্ব্বক্ষণ ॥

সে অপ্তার ইচ্ছা-সাগর-মাঝে,
অবৃত অনস্ত তরঙ্গ রাজে,
কৃতই রূপ, কতই শক্তি.

কত গতি, স্থিতি কে করে গণন॥
কোটী চক্র, কোটী তপন

লভিয়ে সেই সাগরে জনম,
মহাঘোর বোলে ছাইল গগন,
করি দশদিক জ্যোতি-মগন॥

তাহে বসে কত জড় জীব প্রাণী, ত্থ-ছঃথ-জরা-জন্ম-মরণ, দেই স্ব্যা তারি কিরণ, মেই স্ব্যা সেই কিরণ॥"

চতুর্থ ব্রাক্ষণে—মৈত্রেয়ীকে যাজবন্ধ্যের আত্মতত্ত্ব উপদেশ।

মহর্ষি যাজ্ঞবন্ধ্য তাঁহার গুই সহধ্মিণী মৈত্রেয়ী ও কাত্যায়নীকে বৈভব বিভাগ করিয়া দিয়া, পরিব্রাজক হইয়া, •গার্হগাল্রম হইতে সমুৎকুষ্ট সন্ন্যাসাল্রম গ্রহণ করিবেন। এই অভিপ্রায়ে তিনি মৈত্রেয়ীকে ডাকিয়া বলিলেন.— "মৈত্রেরি! আমি সংসারাশ্রম ত্যাগ করিয়া স্ম্যাস গ্রহণ করিব, তৎপূর্বে আমার বিষয়াদি তোমাদের বিভাগ করিয়া দিতে ইচ্ছা করি।" মৈজেয়ী বিনীতভাবে জিজ্ঞাসা করিলেন—"ভগবন! এই ধনসম্পদ্পূর্ণ অতুল শোভামর পৃথিবীর অধিকারিণী হইলেও আমি কি মৃত্যুরহিত—মূক্ত হইতে পারিব ?" যাজ্ঞবন্ধ্য বলিলেন,—"না—জগতের ভোগবিলাসে ধনিগণের জীবন যেমন স্থ্য-সমৃদ্ধিসম্পন্ন হয়—তুমিও সেইরূপ ভোগস্থথে আনন্দ লাভ করিতে পারিবে— কিন্ত সম্পদ বা বিভ্রমাধ্য কর্ম দারাত অমৃতত্বলাভের কোন সন্তাবনা নাই।" নৈত্রেরী বলিলেন,—"যে ঐশ্বর্যাভোগ—বিভসাধ্য কর্ম্ম দারা অমতত্ত-লাভ হয় না, তাহাতে আমার কোন প্রয়োজন নাই—যাহার দারা নিশ্চিতরূপে অমৃতত্ত্ব-সাধন সম্ভব হইতে পারে, সেই দিব্যজ্ঞানই আমার একনাত্র কাম্য-একান্ত শাঞ্নীর। আপনি রূপা করিয়া আমাকে সেই উপদেশই প্রদান করুন।" নৈত্রেরীর উত্তরে বিশেষ আনন্দলাত করিরা, মহর্ষি যাজ্ঞবন্ধ্য বলিলেন,—"মৈত্রেয়ি, ূমি বথার্থ ই আমার সহধর্মিণী—তুমি আমার গাইস্থা জীংনের আনলবর্দ্ধন— তৃত্তিবিধান করিয়াছ ; তুমি আমার প্রিয়তমা জীবনসঁন্ধিনী—এম. আমার নিকটে উপবেশন কর সামি তোমার অভীষ্ট বিষয়ে উপদেশ দিতেছি, তুমি স্থিরচিত্তে অবধারণ করা"

মহর্ষি যাজ্ঞবন্ধ্য মৈত্রেরীকে ব্রহ্মতত্ত্বের উপদেশ দিতেছেন—এইরূপ আখ্যা-যিকার আরোপ করিয়া বৃহদারণ্যক বলিতেছেন:—

পতির কামনায় পতি প্রির হর না—আত্মার কামনাতেই পতি প্রির হয়। জায়ার কামনায় জারা প্রির হর না—আত্মার কামনাতেই জারা প্রির হর । প্রের কামনায় পূত্র প্রির হর না—আত্মার কামনাতেই পূত্র প্রির হর । বিভের কামনার বিভ প্রির হয় না—আত্মার কামনাতেই বিভ প্রির হয় । এক্ষণের কামনার প্রাক্ষণ প্রির হয় না—আত্মার কামনাতেই ক্রাক্ষণ প্রির হয় । ক্রাক্ষের কামনাতে ক্রির প্রির হয় না—আত্মার কামনাতেই ক্রির প্রির হয় । লোকের কামনার লোক প্রির হয় না—আত্মার কামনাতেই ক্রের প্রির হয় । ভূতের কামনার ভূত

প্রির হয় না—আত্মার কামনাতেই ভ্ত প্রির হয়। ৽ কাহারও কামনাতেই কেই
প্রির হয় না—আত্মার কামনাতেই সকলে প্রির্বাহয়। আত্মাই—দেইবা—শ্রোতব্য

—য়ন্তব্য—ধ্যাতব্য। আত্মাকে দর্শন—শ্রবণ—মনন—ধ্যান করিলে সমস্ত জ্ঞানই
স্থবিদিত হয়। স্থপর্মপু আত্মাই সেই সমস্ত বিষয়—যাহার হারা জীব স্থপ
অম্ভব করে—স্থের কামনা করে—তাহার ভিতরই আত্মা প্রচছ্ম রহিয়াছেন।
কামনার সংস্পর্শে জীব যে ক্ষণিক স্থপ উপভোগ করে, তাহা সেই ব্রহ্মান্দেরই
কণিকামাত্র। আত্মার দর্শন—মনন—বিজ্ঞান হইলে সমস্ত মায়া-রহস্তই
স্থবিদিত হয়। আননদন্তমপ ব্রমেরই উপাসনা ৽কর । আত্মা হইতে ভিন
কোন বস্তই নাই। ব্রাহ্মণ, ক্ষত্রিয়, কোক, দেব, ভূত, যাহা কিছু যে কিছু
সমস্তই আত্মন্তরপ ব্রম। সমস্তই আত্মা হইতে উৎপত্ম—আত্মাতেই লীন—
ভিতিকাশে আত্মন্তরপ—আত্মাতিরিক্ত কোন বস্তর সত্ম নাই।

কিরূপে **এই মা**য়াবিভ্রমময় জগংকে আত্মস্বরূপে গ্রহণ করিতে হইবে – ভাহা আবার দৃষ্টাস্ক দারা স্থস্পষ্টভাবে বুঝাইতেছেন:—

বেমন তৃদ্ভি বাদিত হইলে তাহার বাহাশক স্বতন্ত্রভাবে গ্রহণ করা যায় না—
কিন্ত তৃদ্ভি গৃহীত হইলে তাহার শব্দও গৃহীত হয়। যেমন শব্দ বাদিত হইলে
তংহার বাহাশক গ্রহণ করা যায় না—কিন্ত শহ্দ গৃহীত হইলে তাহার শব্দও গৃহীত
হয়; যেমন বীণা বাদিত হইলে তাহার বাহাশক গ্রহণ করা দায় না—কিন্তু বীণা
গৃহীত হইলে তাহার বাহাশক গৃহীত হয়; * প্রদ্ধ ও জগতের সম্বন্ধও সেই
প্রকার। যেমন একই বাহা হইতে নানাম্বর উথিত হয়—নানাপ্রকার হার
সেই একই বাহাের প্রকারভেদ মাত্র; সেইরপ একই ব্রন্ধ হইতে জগতের
নানা রূপ প্রতিভাত । নানারূপে তাঁহারই প্রকারভেদ। প্রদ্ধকে জানিলেই
ভাহার প্রকারভেদও বিজ্ঞাত হয়।

সৃষ্টির পূর্ণের জগতের ব্রহ্মত্বভাব অবধারণের জন্ত মহ্বি যাজ্ঞবন্ধা বলিতে-ছেন ;— নৈত্রেয়ি, আর্দ্র কান্ঠ প্রদীপ্ত হইলে বেমন নানাপ্রকার ধ্ম ও স্থালিস নির্গত হয় — যেমন প্রাণিগণের বিনা প্রয়ন্তে নিঃখাস এবাহিতৃ হয়, তেমনই অনস্ত জ্ঞান— ঋক্, বজুং, সাম, অথকা চারি বেদ—ইতিহাস— পুরাণ— যজ্ঞবিতা—

নিত্তা-সত্তা বেদকে অসভ্য চাষার গান মাত্র বলিয়া পাশ্চাত্য-বিভিন্ন পরিবিত সমাজ

দক্ষ জাহির করেন—কিন্তু বেদের চরমাংশ উপনিষদে, ত দেখিতেছি—বৈদিকর্গের

বিশ্বপ্তা আর্গান্ধবিগণ মেবলোমজ—বৈশম-কীটজ বল্প-বীণা চুপুতি ব্যবহারে নিত্য

অভ্যক্ত—স্ববিদিত ছিলেন।

উপনিষদ্—শ্লোক—হত্র—ব্যাখান—অহুব্যাখ্যান প্রভৃতি সমস্ত বিক্তা সেই পরব্রন্দেরই নিংখাসম্বরূপ—বিনা ফ্লায়াসে প্রহত।

সম্ত বেমন অনন্ত কলের আশ্রয়—ত্বক্ স্পর্ণের—নাসিকা গলের—জিহবা সমস্ত রসের—শ্রবণ শব্দের—হাদয় বৃদ্ধি বিজ্ঞান প্রজ্ঞানের—জননেন্দ্রিয় ক্ষণস্থায়ী স্থাবের আশ্রয়, তেমনি তিনিই সমস্ত জগতের সর্কবিধ জ্ঞান-বিক্যার আধার— আশ্রয়সকাপ।

বৈষন জল-সমষ্টিরূপ সমুদ্র জলমাত্রেরই সাধারণ রূপ—নদ-নদী যেমন জলের বিশেষ রূপ হইলেও সেই অনন্ত সমুদ্রেই লীন—স্মিলিত; তেমনি সমস্ত জ্ঞান— বিভা-সাধনা তাঁহাভেই বিলীন-সাবার প্রসরকালেও তাঁহাতেই সমাহিত থাকে।

বেষন সৈন্ধবলবণথও জলমধ্য গলিয়া হারাইয়া গেলে—আর তাহাকে পৃথক্
করিয়া তুলিয়া লওয়া যায় না—সেই জলের সকল ফংশেরই আন্ধাদন লবণাক্ত হয়
মাত্র—তেমনি তিনি জগতের মধ্যে হারাইয়া অগুতে পরমাণ্ডে মিশিয়া সিয়াছেন,
তাহাকে ত •আর সতন্তভাবে খুঁজিয়া পাওয়া কোনমতেই সম্ভব নহে। সেই
নিতাসিক্ক—অনন্ত অপার—বিজ্ঞানখন—গুদ্ধ—চিন্মাত্রস্বর্গপ সমন্ত ভূতের সকে
মিশাইয়া আছেন—তাহার নামরূপাদি কোন বিশেষ ধর্মের—পৃথক্ সক্ষের
' অবিষ্য ত বিশ্বমান নাই।

মনস্বিনী মৈত্রেরী ব্রহ্মজ্ঞানের উপদেশলাতে পর্ম আনন্দে আত্মহারা হইরা রনিলেন,—ভগবন্! আপনি আমাকে' ব্রহ্ম-উপদেশদানে ধন্ত করিরাছেন—; কৈন্ত তথাপি আমার দংশ্য ইইতেছে যে, আশনি প্রথমে বনিয়াছেন, আত্মা বিজ্ঞান্দন; আবার কিরূপে তাঁহার প্রেত্য-ভাবের পর সংজ্ঞালোপ পার ?— একই অফি কথনই ত শীতল ও উফ্ল-ছিভাবাপর হইতে, পারে না; কুলা করিরা আমার সংশ্য নিরাস করন। °

ব্ৰন্ধবি ষাজ্ঞবন্ধ্য নৈত্ৰেরীর ভ্রান্তি অপনোদন করিবার জন্ম বলিবেন:---

বেথানে কৈতেঁর ভাগ হয় শসেইখানেই অপর অপরকে দর্শন করে—এবণ করে—উক্তি করে—মূনন করে—বিজ্ঞান করে, কিন্তু যথন সমস্ত আত্মহিণ বন্ধ হইরা যায়—তথন কে কাহাকে দর্শন—এবণ—বচন—মনন—বিজ্ঞান করিবে ? বন্ধ বখন অকৈত—একাকার—ভূমা—তথন তিনি ভ জ্ঞের ইইতে পারেন না ? বৈজ্ঞেরি,—যাহার ঘারা সমস্ত জ্ঞাত হয়—তাহাকে আবার কিজপে জানিবে ? যিনি জ্ঞাতা—এটা, তাঁহাকে কিরপে পৃথক্তাবে জানিবে ? বিজ্ঞাতাকৈ জাঘার কিনেয় ঘারা উপলব্ধি করিবে ?

পঞ্চম ব্রাহ্মণে—মধুবিদ্যা— আত্মাতে জগৎ-শৃষ্টি-স্থিতি-লয়।

কর্মের সাহচর্য ব্যতীত কিরুপে মোক্ষণার্ড সন্তর্গ হইতে পানে, পূর্ববর্তী মৈজেরী-ব্রাহ্মণে তাহা নিরূপিত হইয়াছে। সর্বসন্মাস্বিশিষ্ট আত্মজানই সেই মোক্ষসাধক—আত্মানে জানিতে পারিলেই সমন্ত বিষয় বিজ্ঞাত হওয় যায়। আত্মাই সর্বাপেক্ষা সমধিক প্রিয়তম—আত্মাকে প্রত্যক্ষ উপদানি করিতে—আত্মতত্ব প্রবণ—ম্বরণ—মনন—ধ্যান—চিন্তায় সমাহিত ইইতে হইবে। কিন্তু আত্মা হইতেই যে জগতের স্পষ্ট-স্থিতি-লয় সন্তব হইতেছে, তাহার কোন প্রমাণ নাই, এই সন্দেহ নিরসনের জক্কই মধুবাহ্মণ আরম্ভা

মধুকরভোগ্য মধুচক্রের স্থায় এই পৃথিবী সমন্ত ভূতের মধু = আনন্দমন্ত কর্মন্থ । এই পৃথিবীরে সমন্ত , ভূত মধু । এই পৃথিবীতে যিনি অধ্যাত্মভাবে তেজামর অমৃতমন্ত পুক্ষ—ইনিই তিনি । ইনিই আত্মা—ইনিই অমৃত—ইনিই ব্রহ্ম—ইনিই অনন্ত, তিনিই অপ্, তেজ, বায়ু, স্থ্য, দিক্, চন্দ্র, বিহাৎ, আকাশ, ধর্ম, সত্য, মহুষ্য—আত্মরপে সর্বজ্ঞই নিত্য বিশ্বমান । সেই আত্মগত তেজামর অমৃতমন্ত্র পরম পুক্ষকে যেন প্রত্যক্ষ দেখিয়া মহুর্ষি ষাজ্ঞবক্ষ্য বলিতেছেন ?—এই দেহেন্দ্রিয়াদি সম্বন্ধীভূত বিজ্ঞানময় আত্মাই সমন্ত ভূতের নিয়ন্তা—সমন্ত ভূতের অধিপতি রাজা; যেমন রংগর নীবিরঙ্ক ও রথচক্রনেমিতে চক্রশলাকা সন্নিবেশিত থাকে বলিয়াই রথ চালিত হয়—তেমনি সমন্ত ভূত—সমন্ত লোক—সমন্ত আত্মা সেই পর্মাত্মার সহিত্ত সন্ধিক বলিয়াই জগৎ-সংসার সঞ্চালিত হইতেছে।

ইহার পর অন্ধবিষ্ণার প্রশংসার্থ আখ্যানিকা প্রদত হইগাছে।

স্বরং দেবরাজ ইক্র এই দেবছ্ল ভ বিছা গোপনে স্বত্নে রক্ষা করিরাছিলেন।
করিতে সম্ব্যুক্ত হইরাছিলেন। কিন্তু ইক্র এ কথা জানিতে পারিলে খাষির
শিরদেছদন করিবেন আশকা করিয়া, অখিনীকুমারদ্বর তাঁহার শির লুকারিত করিয়া
জয়শির সংবাগ করিরাছিলেন। মন্ত্রন্ধপী খাষি অখিনীকুমারদ্বরতে ব্রন্ধবিভার
উপদেশ দিতেছেন জানিতে পারিয়া, যথাসমরে ইক্র আসিয়া তাঁহার অখ-শির
ছেদন করিলেন অখিনীকুমারদ্বর মন্ত্র ও উষ্ধিবলে খাষিশির সংযুক্ত করিয়া
মন্ত্রন্ধপী খাষির নিকট হইতে মধুবিছা—অর্থে ব্রন্ধবিভা লাভ করিয়াছিলেন।

পুরাণেও বেন এরপ আথায়িকা বিবৃত আছে। আথায়িকার উদেশ্র—

ব্রহ্মবিছা অতীব গেঞ্চানীয়— যথার্থ অধিকারী ব্যতীত অপরকে প্রদান করা শ্রুতির অভিথেত নহে। ব্রহ্ম, মায়ার প্রভাবে—মায়ামর নাম-রূপ-জনিত অভিযান দারা, বছরিধ মায়াশক্তিরিভ্রমে—বহুরূপে প্রতিভাত হইরা থাকৈন। এই জন্ত ব্রহ্মের আহ একটি নাম 'স্ব্যাহ্ভবিতা',—স্ব্যতাভাবে ব্যবধান-রহিত আত্মা।

.৬,ষ্ঠ ব্রাহ্মণে—ব্রহ্মবিচ্ঠা-সম্প্রাসারণের ঋষিবংশ।

হিরণ্যগর্ভ ব্রন্ধের নিকট হইতে ব্রন্ধা, প্রমেষ্ঠা ব্রন্ধার নিকট সনগ্র্ধবি—
প্রথমে এই ব্রন্ধবিতা প্রাপ্ত হন। পরে দেবর্ধি—ব্রন্ধবি—নহর্ধিপণের ভিতর
ব্রন্ধজ্ঞান সম্প্রদারিত হর। ব্রন্ধবিতা-সম্প্রদারণের—সম্প্রদানের ঋষি—ব্রন্ধবি—
মহর্ষি আচার্যাগণের নাম ও বংশ-প্রম্পরা নির্দ্ধেশিত ইইয়াছে।

নিত্য-বেদ-প্রতিভাত-পরমাচার্য্য স্বয়স্থ ব্রহ্মকৈ প্রণাম।

তৃতীয় অধ্যায়

প্রথম ব্রাক্ষণে— যাজ্ঞবন্ধ্য-কণ্ড ৷

দিতীয় অধ্যায়ের মধুকাণ্ডে প্রধানতঃ শ্রুতিবাক্যেই ব্রক্ষজান প্রতিপাদনের প্রায়াস হইয়াছে। যাজ্ঞবন্ধা-প্রকরণে—শ্রুতি ও যুক্তি উভয়েরই সাহায্যে কর-ভক্তিত বিষ্ফলের স্থায় অতি সহজে সম্পূর্ণ ব্রক্ষজান উপলব্ধি করাইবার ক্ষান্ত করিলে ফেনন তাহার সর্বাংশ প্রভাক্ত হর—কেই ভাবে নিপ্ণনীনাংসার ব্রক্ষজানের শ্রেষ্ঠত প্রতিপন্ন করিয়া যুক্তিতর্কের অতীত স্থানপূর্ণ ব্রক্ষজানের প্রত্যক্ষ উপলব্ধি করাইবার ক্ষম্ম প্রতিষ্ঠা হইতেছে। জ্ঞানকাণ্ড ও কর্মকাণ্ডের সিদ্ধান্ত বিচার—মীমাংসার হারা মানবমনের সংশ্র নির্মন করিবার জন্তই যুক্তিপ্রধান যাজ্ঞবন্ধীয় প্রকরণের স্থানা—সেই জন্তই আধ্যাধিকার অবতারণা।

বিদেহাধিপতি ব্রহ্মবিদ্ মহারাজ জনক এক সময়ে বহুদক্ষিণ মহাবজ্ঞ-জর্থে वहमिक्षभोयुक अथरमध-यरकत अधूक्षीन कतिवाहित्तन। यक्कम धर्म कृत, भक्षांन প্রভৃতি দেশের বহু ব্রাহ্মণ সমবেত হইয়াছিলেন। সমবেত ব্রাহ্মণ-সভ্যের মধ্যে -কে সর্কাপেকা ব্রদানিষ্ঠ - ব্রদ্ধবিদ-শ্রেষ্ঠ ব্রদ্মজানসম্পন্ন জানিবার জন্ত মনীয়ী জনক রাজার বিশেষ আকাজ্ঞী হইয়াছিল। জিক্তাসাবাদ দারা এই প্রশ্নের যথাযথ ममाधान-- वर्थार्थ डेख्यलांड मछव नष्ट वृथियां, ब्राह्मर्थ झनक त्या এकिए कोमल অবলম্বন করিয়াছিলেন। তিনি সহস্র পয়ম্বিনী গাভীরু প্রত্যেকের শুক্রমের দশ দশ স্বৰ্ণ পদক বিলম্বিত করিয়া অন্তুলি-নির্দ্ধেশে সেই গাডীগুলিকে দেখাইয়া সমবেত ত্রান্ধণমগুলীকে সংখ্যান করিয়া বলিয়াছিলেন,—'যো দো ত্রন্ধিষ্ঠ: স এতা গা উদজ্বতাম। । আপনারা সকলেই ব্রাহ্মণ—আপনাদের মঁখ্যে যিনি ব্রহ্মিষ্ঠ— ব্রন্ধবিদ্--সর্বশ্রেষ্ঠ ব্রন্ধতত্ত্ত, তিনি অন্তর্গ্রহ করিয়া এই গো-সহস্র গ্রহণ করুন। কোন আন্ধাই অগ্রসর হইরা গো-সহত্র গ্রহণ করিতে সাহণী 'হইলেন না— পরস্পর মুখাবলোকেন করিতে লাগিলেন। তখন মহর্ষি যাজ্ঞবদ্ধা নিজ শিষ্ককে সংখাধন করিল বলিলেন-সামশ্রব্! এই গো-সহত্র অপসারিত কর-আমার আশ্রমাভিমুথে দইয়া বাও। সমবেত ত্রাহ্মণ-সত্য ত্রনিষি বাজ্ঞবন্ধ্যের এই কথা अनिशा दकाल जेबीश - हैन इं हरेगा जेठितान ; यून १९ ठीएका व कविता वितासन,

— কি বাজ্ঞবন্ধ্য, ভূমি আমাদের মধ্যে সর্বশ্রেষ্ঠ ব্রন্ধিন্ত সর্বপ্রধান ব্রন্ধবিদ, এমন কথা অসকোচে বলিবার স্পর্কা রাখু — সাহস কর! তবে এস, আমাদের সহিত বিচার করণ তথন রাশ্রধি জনকের সভাপতিতে বিচার-সভার প্রবস্তর তর্কস্ক আরম্ভ হইন।

যজ্ঞকর্ত্তা জনকরাজার সেই যজ্ঞে অখল নামে এক জন ঋষিক্ ল ছোড়া ছিলেন। তিনি ব্রহ্মজ্ঞানাভিমানী, বাচাল, সমধিক ক্রোধ ও গুইতাসম্পর। তিনিই প্রথমে অগ্রণী হইরা তর্কবৃদ্ধে প্রবৃত্ত হইলেন। তিনি বিজ্ঞাপ করিরা বলিলেন,—কি থাজ্ঞবন্ধা, তুমিই বৃত্তি আমাদের মধ্যে শ্রেষ্ঠ ব্রহ্মিষ্ঠ ?—তোমার যে স্পর্ধার সীমা নাই দেখিতেছি।

হাসিমূপে ধাক্তবকা উত্তর দিলেন—আমরা ব্রন্ধিচকে প্রণাম করি—এখন আমরা গোকাম—গাভীপ্রার্থী।

রাগে আত্মহারা হইয়া অখন বলিলেন,—আমার সঙ্গে আবার রহত্য করা হইতেছে, বেশ, এস, তর্ক কর—বিচার হউক—আমার সকল প্রশ্নের সহত্তর প্রদান কর—তোমার ব্রন্ধবিভার গর্ম্ব এখনই এই সমবেত বিছজন-সমাজে প্রকাশ হইয়া পড়িবে।

অখন প্রশ্ন করিলেন,—নাজ্ঞবন্ধা, বল দেখি, বজ্ঞসাধন অগ্নি প্রভৃতি সকলেই ত সকাম—কর্মারপ মৃত্যুর বলীভৃত; তবে যজ্ঞ-অনুষ্ঠানকারী বজ্ঞমান কিরপে মৃত্যুর প্রাস হইতে অব্যাহতি লাভ করিবে ?

ধাজ্ঞবন্ধ্য বলিলেন, —হোতা—ঋত্বিক্—অগ্নি ও বাক্ দাগা। কারণ, প্রনিদ্দ বজ্ঞের থাবা বাক্, তাহাই অগ্নি—তাহাই হোতা—ভাহাই স্কি—তাহাই অতিমৃত্তি।

আচাৰ্যা শক্ষর ভাষ্যে ইহার বিশ্লেষণ করিয়া ব্রাইশ্বাছেন 4---

বাক্ই যজের হোতা শতিবাক্যে জানা যায়—'যজ্ঞই যজমান'। যজমানের যাহা বাক্, তাহাই অধ্যাত্ম-যজ্ঞের হোতা। বাক্যরূপ সাধনটিকে জাগ্রিরূপে দেখিতে পাইলেই বন্ধান মৃত্যুভর অভিজ্ঞা করে—তাহাই মৃক্তি—তাহাই অভিমৃক্তি। প্রথম অধ্যায়ের উদ্দীথ ব্রাহ্মণে কেথিয়াছি যে, মুখ্যপ্রাণ আত্মনৃষ্টি-সম্পর হইলে—বাক্ প্রভৃতি ইক্সিয়গণ প্রাণদৃষ্টি লাভ করিলে মৃত্যুর অধিকার অভিজ্ঞম করে। উদ্দীথ ব্রাহ্মণের সেই 'মৃত্যুম্ অভিজ্ঞান্তো দীপ্তাতে' ইত্যাদি বাক্ষের সমাক্ ক্লান সমুৎপর হইলে—মৃত্যুপ্রাধির অভিজ্ঞমরণ অভিমৃত্তিলাভ হয়।

অর্থন পুনরার প্রশ্ন করিলেন,—যাজ্ঞবন্ধ্য, যজ্ঞ-সাধনইমূহ ত দিবারাত্র ছারা সীমানির্দ্ধারিত—তবে যজমান কি উপায়ে মৃত্যুরু সীমা অতিক্রম করিয়া, মৃক্তিলাভ করিবে ?

শিতমুখে বাজ্ঞবন্ধা উত্তর দিলেন,—অধ্বর্থা = অর্থে ঋত্বিক্ ও আদিতা
হারা মুক্তিলাভ করিথে। যজ্ঞকর্তার চকুই অধ্বর্থা কি না ঋত্বিক্—তাহাই
আদিতা—তাহাই মুক্তি—তাহাই অতিমুক্তি।

ভান্তকার বলিতেছেন—যক্তই যজনান—বজনানের চকু যথন আধার্থিক ও আধিভোতিক ভাব পরিত্যাগ করিয়া আধিদৈবতদৃষ্টিতে ঋতিক্কে আদিত্যরূপে দর্শন করিবেন, তথনই মৃত্যু অতিক্রম করিবে। [মারাবিভ্রমমর সাধারণ
দৃষ্টি দিবাজ্ঞান-দৃষ্টিতে পরিণত না হইলে মুক্তিলাভ সম্ভব নহে—দেই জ্ঞানস্থ্য
দিবারাত্রের ব্যবধান বিশ্বত করে।]

অখন বলিলেন,—তাহা না হয় হইল—কিন্তু তিথিনক্ষত্রের যে ব্যবধান রহিরাছে—যন্ত্রমান কি উপারে শুক্র-কৃষ্ণপক্ষের ব্যবধান অংতিক্রম করিয়া পরিবাণ পাইবে ?

ষাজ্ঞবন্ধ্য বলিলেন, —প্রাণাপাঁক ঋতিকের দারা—বজ্জরূপী বঙ্গমানের প্রাণ বায়ুস্বরূপ—প্রাণই উপাসনা—তাহাই মুক্তি—তাহাই অভিমুক্তি।

ভাক্সকার ব্যাণ্যার বলিরাছেন—উল্গাথ-ব্রাহ্মণে দেখিয়াছি—বজমান বাক্ ও প্রাণের সাহায্যে উল্গীথ গান করিয়াছিলেন। জল প্রাণের শরীর—চক্র তাহার জ্যোতির্ম্মর রূপ। প্রাণ, বার্থ, চক্র একই বস্তা। বান্ধুই চক্রের হ্রাসর্ভ্রির প্রধান কারণ। প্রাণ বায়্ভাবপ্রাপ্ত হইলে তিথি প্রভৃতি কালের সীয়া অনারাসে অতিক্রম করে।

[মনের চক্রুত্বভাবপ্রাপ্তিতে শুক্ল-কৃষণক্ষ-+-অজ্ঞান-জ্ঞানের অধিকার অতিক্রম করিবে। এই জ্ঞানই মৃক্তি—ইহাই অতিমৃক্তি।]

অখন বলিলেন,—বেশ, কিন্তু এই যে নিরবলম্বনথং খনস্ত আকাশ দেখি-তেছ, বাহার কোন দীমা—কোন অবলম্বন জানা বায় না, সেই অবিজ্ঞাত অনম্ভ আকাশকে কোন্ অবলম্বনজ্ঞানে, বৃদ্ধানং অর্গলাকে গমন করে?

যাজ্ঞবন্ধ বলিজেন,—ঋতিক্, ব্রহ্ম ও মনোরূপী চল্লের ধারা; কারণ, মনই প্রকৃতপক্ষে বজ্ঞের হোতা = 'ব্রহ্মা' (বজ্ঞের অন্তত্ম হোতা), মনই চন্দ্র— তাহাই মুক্তি—তাহাই অতিমুক্তি—সময়ই অতিমুক্তির প্রকারভেদ মাত্র। ভাষ্কার ব্যাইতেটেন : ্যুজমান কোন্ আলম্ব-বিজ্ঞানকৈ অবলম্বন করিরা ফলরূপ স্বর্গাকে গমন করে? মূন ইইতেছে বজ্ঞস্বরূপ যজমানের অধ্যাত্ম ; আর তাহার অধিনৈবভরূপ---চন্দ্র। বিজ্ঞারি ধ্যানে মনে যে চল্লের স্থমা বিক্লিত হর—সেই, চিস্তার কর্মফলে স্বর্গলোকলাভ হর —অর্থে অতিমৃত্তি সম্ভব হয়।

অখল বলিলেন, ্যাজ্ঞবন্ধ্য, বল দেখি, এই যজে হোতা আজ কতগুলি ও কি কি ঋক্মত্তে যজ্ঞ সম্পাদন করিবেন? সে সকল মন্ত্র দারা কি কি ফললাভ হয়?

যাজ্ঞবন্ধ্য বলিলেন,—তিনটি ঋক্ মুদ্রে ১। পুরোহত্থবাক্যা, ২। যাজ্ঞা, ০। শস্তা; এই মন্ত্রপ্রভাবে জীবজগতে জরলাভ সম্ভব। ত্রিলোকের প্রাণিভোগ্য ফল—সম্পদ লাভ হইতে পারে মাত্র।

অখন বলিলেন,—এই অধার্। তথে বজুর্বেদ-বিদ্ ঋত্বিক্ এই যজ্ঞে কয়টি আহতি দিবেন, তাহা কি কি—সেই আহতিপ্রভাবে কি কি ফললাভ হইবে?

াজবন্ধ বলিলেন,—ঋত্বিক্ = হোতা তিনীটি আছতি দারা হোম করিবেন।

। যে সমস্ত আছতি প্রজ্ঞলিত হয়। ২। বে সমস্ত আছতি অতীব শব্দ করে।

। যে সমস্ত আছতি গলিত হইয়া ভূমধ্যে সঞ্চিত হয়।

্ যজ্ঞকারী বজমান মনে করে—এই তিন প্রকার আত্তির প্রথম আত্তিত বাহাঁ দ্বত সমিধ প্রতৃতি আত্তিপ্রভাবে সম্ভ্রল—তাহাতে দীপ্তিমান্ স্বৰ্গলোক প্রতীত হয়—স্বর্গনোক-জয় সন্তব হয়। দ্বিতীয় আত্তি—যাহা মাংসাদি আত্তিপ্রভাবে অতীব শন্ধারমান—যাহাতে যমালয়ে বয়ণাপ্রাপ্তি নারকীর বিকট শন্ধ প্রতীত হয়—তাহাতে পিত্লোক-জয় সন্তব হয়। তৃতীয় আত্তি—যাহা ত্ম-নোমরসাদি দ্ববান্ধক আত্তি—বাহা গণিত হইয়া ভ্গর্ভে সঞ্চিত হয়—তাহাতে মহুদ্বলোক-জয় সন্তব ইয়ত পারে।"

স্থাল বলিলেন,—এই হোতা = 'ব্রহ্মা' কোন্ দেবতার যজ্ঞ ব্রহ্মা করিতৈ-ছেন ? সে দেবতাটি কেঁ ?

যাজ্ঞবন্ধ্য বলিলেন,—একটি দেবতা—সেই দেবতা মন। মূন অনস্ত বৃত্তি-বিশিষ্ট, বিষেঠ্য দেবতাগণও অনস্ত। যাজ্ঞিকগণ মনোদেবতার যজ্ঞান্দন স্থারা অনস্ত ফলের কামনা করিভেছেন।

अयंग वितालन,--वाकावका, धारे वाकात जिलाचा व्याक क्यांक धार

কি কি ৰাক্ দানা দেবতার তব করিবেন—তাহাতি কি কি ফললাভ ইইবৈ ?

যাজ্ঞবদ্ধ্য বলিলেন,—দেবতার তৃষ্টি-সম্পাদনকামনায় তিনটি ঋক গান করিবেন। >। প্রোংস্থাক্যা ২। যাজ্ঞা, ত। শস্তা। প্রোংস্থাক্যা ওবের দারা তৃলোক, বাজ্ঞা দারা অস্তরীক ও শস্তার দারা তৃলোক জরের আশা করিতে-দেন। কিন্ত প্রাণই সেই প্রোংস্থাক্যা, অপান যাজ্ঞা, ব্যানই শস্তা। প্রাণের তিপাসনাই এই উদ্যানের একমাত্র সার্থকতা।

অতঃপর মহর্ষি বাজ্ঞবন্ধাকে জ্ঞানে, তর্কে, বিচারে পরাজ্য করা সন্তব্ নহে বুমিয়া অখল নিয়ত ইইলেন।

্রিশতি এই আখ্যায়িকাপ্রদক্ষে হোন, যজ্ঞ, আহতি, ঋক্গানের উদ্দেশ—
সকাম কর্মাপ্রচানমাত্র প্রতিপন্ন করিয়া, ব্রন্মজ্ঞানলাভই জগতে একমাত্র নিত্য
সভ্য-জীবনের চরম ও পরম সার্থকতা প্রতিপাদন করিতেছেন।

দিতীয় ব্রাঙ্গণে—যাজ্ঞবস্ক্রোর বিচার।

অখল তর্কমুদ্ধে বিরত হইলে জরংকারুবংশীর আর্ত্তাগ ঝতিক প্রশ্নবাণ বর্ষণ করিতে লাগিলেন—বলিলেন, যাজ্ঞবন্ধা, বল দেখি, গ্রহ ও অতিগ্রহ কতগুলি এবং কি কি ?

याखनका वितालन,—शह आहे हैं-अिश्वर आहे हैं।

- (১) প্রাণ একটি গ্রহ। গ্রাণেক্রির তাহার প্রতীক ;—অপান অর্থে গন্ধরূপ অতিগ্রহের আশ্রয়—অপানবায়র = প্রস্থাদের সাহায়ে গন্ধ গ্রহণ করেণ
- (২) বাগিন্দ্রির গ্রহ—বাহা বাক্যরূপ অতিগ্রহের কবলিত নিবিধ শব্দ উচ্চারণ করে ৷
- (৩) জিহ্বারূপ এহ—বাহা রসরূপ অভিগ্রহের বনীভূত—অন্নর্বরসাদি প্রত্যক্ষ অন্নত্তৰ করে।
- (৪) চকুরপ গ্রহ—বাস্থা রূপাত্মক অতিগ্রহের আরত—বেতশীতাদি বিবিধ রূপ দর্শন করে।
- (c) जरानिक शह-साश नमजन अठिश्रह गृहील-सामानिक नम जनन करते।*
- (৩) মন-রূপী গ্রহ—যাহা কাষরপ অতিপ্রহে অভিভূত—সর্বন্ধ কীন-মার অভিনাবী।

- (१) হন্তরপ গ্রহ—শাহা কর্মরূপ অতিগ্রহ কবলিত—ক্রিরা সম্পাদন করে।
- (৮) ত্মগিন্দ্রির করে। শাহা স্পর্ণরপ অতিগ্রহ পরিগৃহীত—শীত-গ্রীশ্বাদির স্পর্ণ অহন্তব করে।

এই আটটে ইন্দ্রিষ্ট গ্রহ—আবার এই ইন্দ্রিগ্রহণীয়—সম্পাদনীয় আসজি-সমূহ কর্মনিচয়ই অতিগ্রহম্বরূপ।

আর্ত্তভাগ বলিলেন—যাক্তান্তা, উৎপত্তিশীল সমন্ত বস্তুই মৃত্যুর বশীভূত—
এমনীকোন দেবতা আছেন, যিনি মৃত্যুর ভঙ্গণীয় নহেন—বিনি মৃত্যু বিহান—
গাঁহার ধ্বংস নাই ?

যাজ্ঞবন্ধা বলিলেন—এমন বৈ অগ্নি,—িধিনি ধ্বংসক্রপে প্রসিদ্ধ মৃত্যু—জাগতিক সমস্ত বস্তবিধ্বংসকারী—জল তাঁহারও মৃত্যু-সক্রপ—জলে তাঁহারও নির্বাণ সম্ভব হয়। এই তথ্ ব্ঝিলেই ত পুনমৃত্যু-জন্ম সম্ভব হয়—অমৃতত্ব লাভ হয়।

আর্ত্তাগ বলিলেন—আচ্ছা বাজ্ঞবন্ধা, তোমার এই গ্রহ-মতিগ্রহ-বিমুক্ত পুরুষ যথন করে—নেহত্যাগ করে, তাহার গ্রহরূপী প্রাণ্সমূহ কি উর্দ্ধগামী হয়, না অস্তু কোথার যায়, বলিতে পার ?

া বাজ্ঞবন্ধ্য বলিলেন—প্রাণসমূহ উর্দ্ধগামী ধর না—স্বকারণীভূত পরমাত্মাতেই
বিলীন হয়—আত্মার সহিত অভিন্নভাব প্রাপ্ত হয়। প্রাণাভাবে দেহ তথন
ক্ষীত হয়—বাহ্ বায়ু পূর্ণ হয়—শ্রীর তথন বায়-পরিপূর্ণ অবস্থার মরিয়া, নিশ্চেষ্টভাবে পড়িয়া থাকে।

° আর্দ্রভাগ বলিলেন দবেশ, তোমার সেই গ্রহ-অতিগ্রহ-মূক্ত পুরুষ মরিলে পর কে তাঁহাকে পরিত্যাগ করে না—কে তাঁহার অন্থগমন করে ?

ষাজ্ঞবদ্যা বলিরেন—নাম,—নাম তাঁহার অমুগমন কুরে। নামও অনস্ত — বিশ্বে দেবগণও অনস্ত —এই আনত্যোর দর্শন-বিজ্ঞানে অনন্ত ফল।

দীপুকঠে আর্ত্রভাগ প্রশ্ন করিলেন—তবে যাজ্ঞবন্ধা, এই পুক্ষ মরিলে পর না হয় বাক্ আর্থিত—প্রাণ বায়ুতে—চক্ষু আদিত্যে—মন চক্রে—প্রবণ দিক্-সমূহে—শরীর পৃথিবীতে—আরা আকাশে,—লোমরাজি ত্ণলতায়—কেশ বনস্পতিতে—গ্রক্ত ও ভক্র জলে বিশীন হইল, কিন্তু তোমার দেই ব্রহ্মরূপী অক্তর—অমর আরা তথন কোধার বহিলেন, বলিতে পার ?

যাজ্ঞবন্ধ্য এই প্রান্নে অত্যস্ত প্রাসম হইরা আনন্দ প্রকাশ করিয়া বলিলেন—
সৌমা আর্জ্ডভাগ, এই গোণন-রহস্ত এই জুনবহুল সভামগুণে প্রকাশ করিব না—
নিভূতে চল—্সেইথানে ভোমাতে আমাতে এ অক্সাত রহস্তের আলোচনা

ৰ্থবৈ। তিনি আর্দ্তভাগের হাত ধরিয়া মন্ত্রণা-গৃহে লইয়া চলিলেন। মন্ত্রণা-গৃহে তিনি যে রহস্ত বিবৃত করিয়াছিলেন—তাহাতে বোধ হয়, কর্ম্মেরই প্রদাংসা ছিল—প্রা-কর্মান্স্রচানে প্রাাত্তা—পাপকর্মে পাপাত্মা হইবাদ প্রসম্বই ছিল।

ইহার উদ্দেশ্য এ প্রসঙ্গে শ্রুতি রহুত্য-প্রকাশ করিলেন না। যাজ্ঞবন্ধ্যকে পরাভূত করা অসম্ভব বৃথিয়া আর্দ্রভাগ নিশ্চেষ্ট হইলেন।

তৃতীয় ব্রাহ্মণে—যাজ্ঞিকগণের কাম্যলোক নির্দেশ।

আর্ত্তাগ নির্ত্ত হইলে লহু থাবির পুত্র ভূজ্যু একটি আখ্যায়িকার প্রসঙ্গ করিয়া প্রশ্ন করিলেন,—যাজ্ঞবন্ধ্য, আমরা বাল্য-জীবনে ব্রহ্মচারী ক্ষরস্থায় অধ্যয়নের জক্ত মদদেশে গিয়া কপিবংশীয় পতঞ্চল নামে গৃহস্তের গৃহে অবস্থান করিয়াছিলাম। পতঞ্চলের একটি স্কর্মণা কল্যা গন্ধর্ম কর্ত্ত্ব আবিষ্টা — গৃহীতা ব্লিল। * আমরা এক দিন সেই গন্ধর্মকে পরিবেষ্টন করিয়া ধরিয়াছিলাম। তাহার নাম জিল্পাসা করিলে, সেই গন্ধর্ম বিলিয়াছিল—অপিরা-বংশে আমার জন্ম—নাম স্থখা। আমরা তাহাকে ভ্রনকোশের সীমা—ব্রন্ধাণ্ডের অবসান স্থান্ধ প্রশ্ন করিয়া উত্তর পাইয়া, অবশেষে অখ্যমধ-যুজ্ঞার্ম্ছানকারী—পারিক্ষিত্রগণ কোথায় অবস্থান করেন জানিয়াছিলাম। যাজ্ঞবন্ধ্য, আজ এই মহতী বিচার-সভায়—স্থাজনসমক্ষে তোমাকে আমি সেই প্রশ্নই করিতেছি—সেই পারিক্ষিত্রগণ কোথায় অবস্থান করেন। এতক্ষণ ভূমি বৃদ্ধির প্রভাবে বিচার-প্রার্থিগণের, সকল প্রশ্নের সমাধান করিরাছ—কিন্তু এ বিষয়ে তোমার ধাপ্পাবাজী চলিবে না—কেন না, গন্ধর্ম, এই প্রশ্নের যে সত্ত্বর দিয়াছিলেন, তাহা আজও আমার শ্বৃতির আধারে স্থরক্ষিত্ত আছে। এইবার তোমার পরাজয় স্থনিশ্বিত।

হাসিমুথে যাজ্ঞবক্ষা বলিলেন—গন্ধর্ম ত ভোমাদের বলিরাছিলেন— যে, আরমেধ্যজ্ঞকারিগণ যেথানে গমন করেন—গাঁরিক্ষিতগণও সেইথানে অবস্থিত— সেইথানেই গমন করেন।

[•] সাব অলিভাব লব্ধ প্রভৃতি প্রলোক-বিশ্বাসী পাশ্চাত্য-বৈজ্ঞানিকগণ বর্ত্তমান যুগে যে মিডিয়াম শ্বারা ভূত আনরন কুরিয়া, বিশ্ব-রহস্থা—পর্বলোক-তত্ত্ব স্থ-অবগত ইইবার প্রশ্বাস—প্রচেষ্টার অভীন্দ্রিয় জ্ঞানের পরিচয় দিয়া বিশ্ববাসীকৈ, চমক-বিস্ময়ে স্পন্তিত করিয়াছেন, তাহাও যে দেখিতেছি, কত কর্ম-করাস্ত পূর্ব্ব ইহঁতে উপনিষদেই সন্ধিবেশিত। উপনিষদ হইতেই সেই অভীন্দ্রির জ্ঞান সংগ্রহ করিয়া পাশ্চাত্য-দার্শনিকগণ সাধনা করিছেছেন। তার ! অজ্ঞান-অভ পাশ্চাত্য-বিশ্বানের তীত্র আলোকসম্পাতে দৃষ্টিহারা—আশ্ব-বিশ্বত ভারতবাসী, কুরেন-এখর্ষ্ড-লাছিতে তোমার জাতীয় সাহিত্যসম্পদক্ষে—অনস্ক জ্ঞানের বিপুল ভাণ্ডাব আর্থ্য-শান্তকে উপেক্ষা করিয়াই আজ তুমি
প্রভ্রের কীত্তদাস – তোমার মৃত্যুই শ্রেয়ঃ।

ভূজ্য বলিলেন—আবার চালাকী—অখনেধ্যজ্ঞকারিগণ কোথায়—কোন্লোকে গমন,করেন;—স্থল্পই ভাবে নির্দেশ কর।

যাজ্ঞবন্ধান হাদিয়া উত্তর দিলেন—তুমি মনে করিয়া দেখ দেখি, গন্ধর্ব তোমাকে এই উত্তর দিয়াছিলেন কি না তুর্যার রথ এক দিনে যতদ্র পরিভ্রমণ করে—আশ্বমেধিক নাজ্ঞিকগণের কাম্যলোক তাহার বর্জিণ গুণ—তাহার দিগুণ পরিমাণযুক্ত পৃথিবী সেই লোককে পরিবেষ্টন করিয়া আছে—সমুদ্র আবার দিগুণ পরিমাণে সেই পৃথিবীকে পরিবেষ্টন করিয়া রহিয়াছে। ক্ষুরের সক্ষমধার *—মক্ষিকার ফল পাথার প্রান্তদেশ—যেরূপ অভিশ্ব ফল—ত্রহ্মাণ্ড-কপালদ্বের মধ্যে সেইরূপ একটি অতি ফল ছিদ্র আছে। হির্ণাগর্ভরূপী পরমেশ্বর সেই ফলাতিফল ছিদ্রপথ দিয়া পারিকিতগণকে বায়ুর নিকট সমর্পণ করেন। বায়ু তাঁহাদের বহন করিয়া পূর্বতন অশ্বমেধ-বাজ্ঞিকগণের নিকট লইয়া ধান। এখন শ্বরণ করিয়া দেখ, গন্ধর্ব তোমাদের নিকট ত সেই বায়ুরই প্রশংসা করিয়াছিলেন। তাহা হইলে এখন ব্রিয়া দেখ—বায়ুই বাষ্টিও সমষ্ট্রর কর্মফল—বায়ুই ছাবর-জন্মার্মাক সমন্ত ভূতের অস্তরে আত্মা-শ্বরূপ। বাষ্ট্ররূপে তিনিই ক্রপতে পরিব্যাপ্ত—সমষ্ট্রেরপে তিনিই ক্রপ্তার্গা হিরণাগর্ভ। এই বায়ুকে সমষ্টিও বাষ্ট্রনপে উপলন্ধি করিতে পারিলেই মৃত্যুকে জন্ধ করা যান—অমৃত্য লাভ হয়।

ভুজ্য নথাৰথ উত্তর পাইয়া—লজ্জিত—পরাজিত হইয়া বাজ্ঞবন্ধ্যের প্রতি ক্লয়মে প্রকার অবনত হইয়া নিরুত্তর হইলেন।

ठर्थ बौकारन—याळवरकातं बक्त-निर्मि**न**।

ভূজ্যু ঋষি বিরত হইলে চক্রন্ধবির পুত্র উবস্ত উঠিয়া ব্রহ্মিষ্ঠ যাজ্ঞবন্ধ্যকে জিজাসা করিলেন—হে যাজ্ঞবন্ধ্য, যিনি সাক্ষাৎ চৈতলার্ত্মক ব্রহ্ম—সর্বদেহের অভ্যন্তরস্থ সর্বাশ্তর্মপী আত্মা, তিনি কে ?

যাক্তবকা বলিলেন—তিনিই সর্বান্তর আত্মা—বৃদ্ধিসাক্ষী বিজ্ঞানাত্ম। তোমার দেহেক্সিরের সমষ্টিভূত যে আত্মার দারা ভূমি আত্মবান্—চেতনা-সম্পন্ন, তিনিই তোমার আত্মা।

^{*} তাহা হঁইলে আর্যাঞ্জবিগণ দাড়ীজটা রাখিতেন বলিয়াই তাঁহারা অসভ্য বন্ত্রমন্থ্য ছিলেন না;—বৈদিক ভারতে ক্রের প্লাধারের ব্যবহারও ছিল;—আর সভ্যতার সেই প্রাথমিক যুগে তাহা বোধ হয় বিলাত জার্মাণী হইতে আমদানী করাও সম্ভব
হয় নাই।

উবন্ত বলিলেন—প্রথমে এই সূল দেহপিও তুরাধোঁ ইন্দ্রিয়াদির সমষ্টিভূত সক্ষশরীরী—লিফাত্মরূপী প্রাণশক্তি—ভূতীয়া আমার সন্দেহজনক ব্রহ্মরূপী আত্মা—এই তিনটির মধ্যে কোন্টিকে ভূমি সর্ফান্তর আত্মা বলিয়া গুঝাইভেছ—সক্ষাভাবে নির্দেশ কর।

ষাজ্ঞবন্ধ্য বলিলেন, যিনি প্রাণবায়র দারা খাস-প্রখাসে প্রাণশক্তির সঞ্চার
করিতেছেন—তিনিই বিজ্ঞানময় জ্লীবাত্মা। যিনি এই ফার্চ্চান্তবং অচেতন মানবদেহে অপান ও বাানবায়র সঞ্চারে জীবনীশক্তিসম্পন্ন করিয়া সচৈতন
—কর্মশক্তিসম্পন্ন করিতেছেন, সেই বিজ্ঞানাত্মাই তোমার সর্বান্তির
আত্মা।

উষল্ড বলিলেন— যাজ্ঞবন্ধা, ভোমার আত্মতত্ত্ব উপদেশ ঠিক যেন সংজ্ঞা দারা দূরবর্জি-প্রাণিনির্দেশ—ভাষার চাতুর্য্যে কেবল কার্য্যের দারা পরিচয় দিলে ত ইইবে না, প্রত্যক্ষবৎ নির্দেশ কর। যাহা সাক্ষাৎ—অপরোক্ষ ত্রন্ধ—সর্বান্তর আত্মা, কেবল তাঁহাকেই লক্ষণে চিহ্নিত করিয়া বিশেষ করিয়া বল।

যাজ্ঞবন্ধ্য বলিলেন—যাহা বলিয়াছি, তাহাই তোমার অভিপ্রেত সর্বান্তর আত্মা। তাঁহার সহরে ইহার অধিক আর কিছু বলা যায় না। তাঁহাকে ত লকণে চিন্তিত—গুণে অধিত—বিশেষণে বিশেষত করিয়া বলা যায় না—তিনি যে গুণাতীত গুণমন্ব—সর্বাগুণের আধার হইয়াও নিগুণ। বিনি দৃষ্টিয় প্রতা—গুণানের বিকাশ, তাঁহাকে আবার কি করিয়া দেখিবে—দেখিবার প্রান্থাণ পাইবে? যিনি প্রবণ জ্ঞানের প্রবণ—মতির মন্তা—মনোর্ত্তির সংশ্যাদি-প্রকাশক —বিজ্ঞাতির কর্ত্তব্যনিদ্ধারক—বৃদ্ধির বোদ্ধা—তাঁহাকে আবার কিসের দ্বারা গুনিবে—জানিবে—বৃদ্ধিবে—কোন্তর দ্বান্তর দারা ধারণা করিবার প্রশ্নাস পাইবে? ইনিই তোমার প্রশ্নের বগার্থ উত্তর—সর্বান্তর আত্মা। সেই প্রমাত্মা ব্যতীত জগতের যে কিছু যাহা কিছু সমন্তই আর্গ্র = তৃঃথময়—ধ্বংসশীল—একমাত্র তিনিই জনার্ভ-অবিনাশী—কৃটস্থ = একরূপে সন্ধা বিভ্যমান। বাজ্ঞবন্ধ্য অপরাজ্যে বৃষ্ণিয়া উবস্ত ক্ষান্ত হইলেন।

পঞ্চম ব্রাহ্মণে—সর্ব্বান্তর আত্মা সিদ্ধান্ত।

আতঃপর 'কুষীতক ঋষির প্র কহোল ঋষি বলিলেন—যাজ্ঞবন্ধা, যাহা সাক্ষাৎ অপরোক্ষ বন্ধ-যাহা,সর্বাংশকা অন্তর্গতম আত্মা—থাহাকে স্থ:অবগত হইলে জীব বন্ধন-বিমৃক্ত হন্ধ-তাঁহার স্থরপ বর্ণনা কর। যাজ্ঞবন্ধ্য বলিলেন—বাহা ক্ষা, ভ্ৰফা, শোক, মোহ, জন্মানহিত—মৃত্যুর অতীত, ভাহাই সর্বান্তর আত্মা, সম্ভ যেনন ক্রমাণত তরকের পর তরক-উচ্ছুসিত—ধরিম নাই—ধিশ্রাম নাই—মানবমন তেমনি প্রকামনা—জায়া-কামনা—ঐর্থ্যকামনা—লোককামনার সক্রাতে সক্ষাই কামনাময়। সেই সর্ববিধ ভোগাসজির—বিষরকামনার আপাতমধ্র প্রকাতন অভিক্রম করিতে গারিলে;—এমণা ক্রমাবিনির্দ্ধুক্ত হইয়া সন্ন্যাস গ্রহণ করিলে, তবেই সেই বৈরীগ্যসম্পন্ন পবিত্র হাদরে ব্রেক্র অ্রমণ জ্ঞান উপলব্ধি হয়।

ব্রজ্ঞানসম্পন্ন ব্রজনিষ্ঠ ব্যক্তি, সরলতামর বালকের জার নিরভিমান—
সার্নার আধার; পাণ্ডিত্য সমাপ্ত করিয়াও—আত্মতত্ব উপলব্ধি করিয়াও
মুনি সমননীল—জ্ঞানের অভিমানবিহান। পরিশেষে পাণ্ডিত্য, গান্তীর্যা, মৌনভাব পরিহার করিরা ব্রজভাবে তক্ম্ম সমাহিত রুজাননে আত্মহারা। অবিভার
প্রভাবময় এয়ণা = কামের উন্মাদনা সর্বাদ্ধা আর্ত্ত = কেবল পীড়াদায়ক—বিনাশশীল—শপ্মন্দরীচিকা মাতা। মারাবিভ্রম মিধ্যা = অসার; আত্মাই একমাত্র
নিত্যমুক্ত—অবিনধর।

অতঃপর কহোল নিবৃত্ত ইইলেন।

यर्छ जान्मात्न-गार्भी-याळवन्का-विहात ।

ষতংপর বচর খেষিতনয়া, ব্রহ্মবাদিনী গার্গী বিচারপ্রার্থিনী হইয়া দণ্ডায়মানা ইইলেন। যে সকল মহীয়সী মহিলার জ্ঞান-বিজ্ঞা-প্রতিভা-সাধনার ভারত চিত্র-সমুজ্জল—মনস্থিনী গার্গী বোধ হয় ভাঁহাদের শীর্ধস্থানীয়া।

গাগী জিজ্ঞানা করিলেন—যাজ্ঞবন্ধা, পৃথিৰী ত জলরাশিতে পরিব্যাপ্ত—বল দেখি, জলরাশি কোথায় পরিব্যাপ্ত ?

যাজ্ঞবন্ধ্য ।—বাযুমগুলে।
গাগী।—বাযুমগুল কোথায় ওতপ্রোত ?
যাজ্ঞবন্ধা।—অন্তরীক্ষে—আকাশমগুলে।
গাগী।—অন্তরীক্ষলোক কোথায় সর্বব্যাপ্ত ?
যাজ্ঞবন্ধ্য ।—গন্ধবলোক কোথায় ওতপ্রোত ?
যাজ্ঞবন্ধ্য ।—আদিতালোক কোথায় ওতপ্রোত ?
যাজ্ঞবন্ধ্য ।—আদিতালোক কোথায় ওতপ্রোত ?
যাজ্ঞবন্ধ্য ।—আদিতালোক কোথায় ওতপ্রোত ?
যাজ্ঞবন্ধ্য ।—চক্রলোকে।

গার্গী।—চন্দ্রলোক কোথার ওতপ্রোত ?

যাজ্ঞবন্ধ্য।—নক্ষত্রলোকে আবার কোথার পরিব্যাপ্ত ?

যাজ্ঞবন্ধ্য।—দেবলোকে ।

গার্গী।—দেবলোক কাবার কোথার ব্যাপ্ত ?

যাজ্ঞবন্ধ্য।—ইন্দ্রলোকে ।

গার্গী।—ইন্দ্রলোক কোথার পরিব্যাপ্ত ?

যাজ্ঞবন্ধ্য।—প্রজ্ঞাপতিলোকে।

গার্গী।—প্রজ্ঞাপতিলোক কোথার ওতপ্রোত ?

যাজ্ঞবন্ধ্য।—প্রজ্ঞাপতিলোক কোথার ওতপ্রোত ?

যাজ্ঞবন্ধ্য।—ব্রন্ধনোকে।

দীপ্তকণ্ঠে গার্গী বলিলেন, ব্রন্ধলোক কোথার ওতপ্রোত ?

ৰাজ্ঞবদ্ধ্য বলিলেন—গার্গি, আর জিজ্ঞাসা করিও না—যাহা প্রান্তর শতীত—উত্তরের অতীত—সেই অনুচিত প্রশ্ন জিজ্ঞাসা করিলে ভোনার শিরং-পাত হঠবে।

গাৰ্গী বিশ্বত হইলেন।

অবৈতবাদের প্রতিষ্ঠাতা ভাষ্যকার শক্ষর ইহার বিশ্লেষণ করিয়া ব্যাইতেছন:—পৃথিবী ও পার্থিব বস্ত সমূহ অস্তরে বাহিরে সর্বতোভাবে জলরানিশরিবাাথ। জলরানি—বায়মণ্ডনে, বায় আকাশে পরিবাাথ। তাহা হইলে,
পৃথিবী প্রভৃতি ভূতসমূহেরই •সংহত—সমিনিতাবস্থা অন্তর্মান্সলোক—গর্ম্বরলোক, পর্যালোক, চক্রলোক, নক্ষর্রলোক, দেবলোক, ইক্রলোক, প্রজাপতিলোক। প্রজাপতিলোক অর্থ—'বিরাট শরীর উৎপাদক ভূতসমূহ'—তাহাই
বন্ধলোকরূপে প্রকৃতিত; বন্ধলোক অর্থে ব্রহ্মাণ্ডজনক ভূতসমূহ। সেই পঞ্চভূতই সংহত—সমিনিত হইয়া প্রাণিগণের উপভোগযোগ্য বিশেষ বিশেষ স্থান
—লোকরূপে পরিণত। গার্গীর প্রশ্ন শাস্ত্রনীতি অতিক্রমণ করিয়াছে। বন্ধ
যে অনতিপ্রশ্ন প্রশের অতীত—জানের অতীত—তাহাকে আবার কোন প্রশের
সীমার মধ্যে আনরন করিবে?

সপ্তম ব্রাহ্মণে—অন্তর্য্যামী।

গার্গী উপধেশন করিলে অরুণনন্দন উদালক আথ্যারিকার প্রসঙ্গ তুলিরা প্রান্ন করিলেন—যাজ্ঞবদ্ধা, আমরা যঞ্চন যজ্ঞবিদ্ধা অধ্যয়ন করিবার জন্তু কণি-বংশীর পতঞ্চল-গৃহে ছিলাম—সেই সময় পতঞ্জল-পত্নী গুরুর্বারিষ্টা ছিলেন।

এক দিন সেই গন্ধর্ব আনাদের প্রশের উত্তরে—তিনি অথর্বন্ ঋষির পুত্র কবন্ধ বলিয়া আতা পরিচয় দিয়া, পতঞ্জল ও সমবেত বাজিকুগণকে জিজাসা করিয়াছিলেন-আপনারা ত প্রতাহই নানা যজ্ঞান্নগান করিতেছেন, কিন্ত আপনারা কি সেই স্থাবাকে জানেন—খাহার সহিত্ ইহলোক, পরলোক— তৃণলতা হইতে ব্ৰহ্মা পৰ্য্যস্ত অচ্ছেছ্ম বন্ধনে গ্ৰাথিত—অবিচ্ছিন্ন সম্বন্ধে সন্নিবন্ধ ? উত্তুরে আচার্য্য পতঞ্জীল বঁলিয়াছিলেন, না—অপনি না। গন্ধর্ক আবার যাজ্ঞিক-গণকে প্রশ্ন করিয়াছিলেন—আপনারা কি সেই অন্তর্য্যামীকে জানেন—যিনি সকলের অন্তরে অবস্থান করিয়া ইংলোক-পরলোক, সমত্ত ভূতকে নিয়ন্ত্রিত क्विट्टिंग्स्न ? भठअन विनित्तन, ना, छ्यवन, यामता त्मरे प्रस्तर्गामीत्क स्नानि না। তথন সেই গন্ধৰ্ম বলিয়াছিলেন—বিনি সেই স্ক্রাত্মা—**অন্তর্গামীকে** জানেন, তিনিই ব্ৰন্ধবিদ্—লোকবিদ্—দেববিদ্—বেদবিদ্—ভূতবিদ্—আত্মবিদ্— দৰ্বতৰ্জ । গৰ্বব যাহা বলিয়াছিলেন, তাহা অতি সত্য কথা বলিয়া, আমি বিশাস করি—বোধ হয়, এই সমবেত ব্রাহ্মণমগুলীও গন্ধর্কের কথা সত্য বলিয়াই বিশ্বাস করেন। আর বাজবদ্ধা, ভূমি সেই সূত্রাত্মরূপী অন্তর্যামীকে না জানিরাই শ্রেষ্ঠ ব্রন্মবিদের প্রাপ্য এই গো-সহস্র লইয়া যদি চম্পট দাও, তাহা হুইলে তোমার মস্তক এথনি খসিয়া পড়িবে।

মহর্ষি যাজ্ঞবন্ধা - বলিলেন—না না—উদ্দালক, আমি দেই স্ক্রাত্মা— অন্তর্গানীকে জানি—বিশেষ করিয়াই জানি।

উদ্দাৰক বলিলেন—লোকে বেমন মুখে সবই জানি জানি বলিয়াই 'সব-জান্তা' হয়; তুমিও সেইরূপ কেবল জানি জানি না ক্রিয়া, স্পষ্ট করিয়া সেই অন্তর্থ্যামীকে নির্দেশ কর। আর বাক্যব্যয়ের কোন প্রয়োজন নাই।

যাজ্ঞবন্ধ্য বলিলেন—হে গৌতম, ফল বায়ু তোমার জিঞাসিত সেই হজ । বায়্রপ হত বারা ইহলোক, পরলোক, ত্রন্ধাদি তুণ পর্যান্ত সমন্ত ভূত গ্রন্থিত। মৃত্যুর পর হন্তপদাদি যে শিথিল হর, বায়ুই ত সেই অপসমূহ বিগ্নত করিয়াছিল—বায়্র্রপ হত্ত বারাই ত ত'হে গ্রথিত—সঞ্চীলিত ছিল—প্রাণবায়্র বিরোপেই ত' অঙ্ক অবশ—নিশ্চেই।

উদালক বলিলেন—আছা, সূত্রাত্মা না হয় বায়ু—এখন অন্তর্গ্যামীর স্বরূপ প্রকাশ কর।

বন্ধবি বাজ্ঞবন্ধ্য তথুন ধ্যানন্তিমিতনেতে, জ্ঞানজ্যোতি:স্বন্ধপ তাঁহার স্বন্ধনিহিত অনুভূতিনিচয় যেন বাক্যরূপে বিকাশ করিয়া বলিতে লাগিলেন :— দিনি পৃথিবীতে থাকিরাও পৃথিবীর অন্তর—পূলিবী বাঁহার শরীর—পৃথিবীকে দিনি পরিচালিত করিতেছেন—কিন্ত পৃথিবী বাঁহাকে জানে না —তিনিই তোমার প্রায়ের উত্তর—অবিনাশী আত্মা অন্তর্যামী।

ধিনি জলে আছেন—কৈন্ত জগ হইতে পৃথক্—জল বাঁহার শরীর—বিনি জলে ধাকিয়া জলকে নিয়ন্ত্রিত করিতেছেন, কিন্ত জল বাঁহাকে জানে না— তিনিই তোমার অয়ত আত্মা অন্তর্গামী।

বিনি অন্নিতে থাকিরা অন্নির অন্তর—অন্নি বাঁহার শরীর—অন্নির অন্তরে থাকিরা বিনি অন্নিকে পরিচালিত করিতেছেন, তিনিই ামার অবিনশ্বর আত্মা অন্তর্যামী।

বিনি অন্তরীক্ষে আছেন—অন্তরীক বাঁহাকে জানে না—অন্তরীক বাঁহার শরীর—যিনি অন্তরীক্ষে থাকিনা অন্তরীক্ষকে নিয়ন্ত্রিত করেন, তিনিই তোমার মৃত্যুহীন আত্মা অন্তর্য্যামী।

যিনি বাযুতে থাকিয়া বায়ুর অন্তর—বায়ু থাঁহাকে জানে না — বায়ু থাঁহার শরীর—যিনি বায়ুর অভ্যন্তরে থাকিয়া বায়ুকে সঞ্চালিত করেন, তিনিই তোমার অমর-আত্মা অন্তর্থ্যামী।

যিনি হ্যলোকে অবস্থিত—হালোক বাঁহাকে জানে না—হালোক বাঁহার '
শরীর—যিনি হালোককে স্বকার্য্যে নিয়োজিত করেন, তিনিই তোমার অমৃত'আত্মা অন্তর্যামী।

যিনি আদিত্যমণ্ডলে থাকিয়াও আদিত্যের অন্তর—আদিত্য থাঁহাকে জানে না—আদিত্য থাঁহার শরীর—বিনি আদিত্যকে নিয়ন্ত্রিত করেন—তিনিই তোমার অবিনাণী আত্মা অন্তর্গাধী।

যিনি দিকুসুমূহে অবস্থিত—দিক্সমূহের অভ্যন্তর—দিক্সমূহ বাহাকে জানে না—দিক্সমূহ বাহার শরীর—যিনি দিক্সমূহকে নিয়ন্ত্রিভ করেন—তিনিই তোমার অমৃত আত্মা অন্তর্গামী।

* যিনি চক্তে —তারকায় থাকিয়াও চন্দ্র-তারকার অন্তর্--চন্দ্র-তারকা গাঁহার শরীর—কিন্তু চন্দ্র-তারকা থাঁহাকে জানে না--বিনি তাহাদের পরিচালিত করেন, তিনিই তোমার মুরণ-রহিত আত্মা অন্তর্যামী।

বিনি অন্ধন্ধারে থাকিরাও অন্ধকারের অন্তর—অন্ধকার থাছার শরীর, কিন্তু অন্ধন্ধার তাঁহাকে জানে না—বিনি সেন্ধকারকে অঞার্যো নিয়োজিত ক্রেন— তিনিই তোমার মরণবিহীন আত্মা অন্তর্যামী। যিনি তেজে অবস্থিত তিজ্বের অন্তর, তেজ গাহার শরীর—তেজ গাহাকে জানে না—বিনি তেজকে নিয়ন্ত্রিত— উদীপিত করেন, তিনিই ভোমার অমরআত্মা অন্তর্গাদী।

যিনি সমন্ত ভূতে আছেন—সমন্ত ভূতের অন্তর—সমন্ত ভূত গাঁহার শরীর—
কিন্তু সমন্ত ভূতেই তাঁহাকে জানে না, যিনি সমন্ত ভূতের অভ্যন্তরে নিরন্তর
থাকিয়া পরিচালিত—ধুনিয়ন্ত্রিত করিতেছেন, তিনিই তোমার অবিনানী আত্মা
অন্তর্থীামী।

যিনি প্রাণে আছেন অথচ প্রাণের অন্তর—প্রাণ গাঁহাকে জানে না—প্রাণই গাঁহার শরীর—যিনি প্রাণের অন্ত্যন্তরে থাকিরা প্রাণকে পরিচালিত করিতেছেন— তিনিই তোমার অন্তর অমর আত্মা অন্তর্য্যামী।

যিনি বাক্যে আছেন—অথচ বাক্যের অন্তর, রাক্যই গাঁহার শরীর—কিন্ত বাক্য গাঁহাকে জানে না—িধিনি বাক্যের অভ্যন্তরে থাকিয়া বাক্যকে সংঘদন করিতেছেন—তিনিই তোমার অমৃত আত্মা অন্তর্গামী।

ধিনি চক্ষতে আঁছেন—কিন্ত চক্ষুর অন্তর, চক্ষু বাঁহাকে জানে না—অথচ চক্ষু বাঁহার শরীর—বিনি চক্ষুকে নিয়ন্ত্রিত করেন, তিনিই তোমার অমৃত আত্মা অন্তর্যামী।

যিনি মনে—আছেন কিন্তু মনের অন্তর, মন ঘাঁহাকে জানে না—মন ঘাঁহার শুরীর—যিনি মনের অন্তর্গ্র থাকিয়া ফনকে নিয়ন্ত্রিত করেন, তিনিই তোমার অবিনাশী আত্মা অন্তর্গ্রামী।

বিনি বুদ্ধিতে অবস্থিত—কিন্ত বুদ্ধির অন্তর—বুদ্ধি বাঁহাকে জানে না — বুদ্ধি বাঁহার শরীর—বিনি বৃদ্ধিকে অন্তরে থাকিয়া প্রেরণা কুরেন—তিনিই তোমার অন্তর্ত আত্মা অন্তর্যামী।

যিনি রেতে—প্রজনন-শক্তিতে আছেন—কিন্ত রেতের অন্তর্ন—রেতঃ বাহার
শরীর—কিন্ত বেতঃ গাঁহাকে জানে না—বিনি রেতের অভ্যন্তরে থাকিয়া রেতকে
সংযমন করেন—তিনিই তোমার অবিনাশী আত্মা অন্তর্যামী।

খিনি নিজে • দর্শনী । নন — কিন্তু সকলের দ্রষ্টা—শ্রবণীর নহেন—অথচ সকলের শ্রোতা—নিজে মননের অতীত—কিন্তু সকলের মননকর্তা—খিনি বৃদ্ধির অগম্য অথচ নিজে বিজ্ঞাতা—গাহার অভিনিক্ত মন্তা নাই, বিজ্ঞাতা নাই—ভিনিই তোমার অবিনাশী আত্মা অন্তর্যামী। তিনি ব্যতীত জগৎ আর্ত্ত — তৃঃথময়—বিনাশশীল। উদ্ধালক নিজক হইলেম।

ভনিতে পাই, বিশ্বকবি রবীক্রনাথের উপন্নিষদ্ই উপজীব্য—তিনি কি এই সকল শ্রুতির নির্দেশেই গাহিরাছেন :—'

"অন্তরে জাগিছ অন্তর্যামী
তবু সদা দ্রে ভ্রমিতেছি আমি।"

* * *
"নম্বন তোমারে পায় না দেখিতে,
রয়েছ নয়নে নম্বনে (নয়নের নম্বন তুমি)
ক্রদ্য তোমারে পায় না জানিতে,
ক্রদ্যে রয়েছ গোপনে (ফ্রদ্মবিহারী হে
বাসনার বশে মন অবিরত
ধার দশ দিকে পাগলের মত,
স্থির আধি তুমি মরমে সতত
জাগিছ শারনে অপনে।"

"আছু অনল শ্রুনিলে চির নভনীলে, ভূধর সলিলে গহনে। আছু বিটপি-লতার জলদের গার, শন্ধী-ভারকার তপনে ''

"পত্য মঞ্চল প্রেমময় তৃমি ক্রনজ্যোতি তৃমি অন্ধকারে, তৃমি সদা যার হৃদরে বিরাজাে, হুধজাদা সেই পাশরে।"

"আনন্দ-লোকে মঙ্গলালোকে

ু বিরাজ সভা স্থনদা ।

মহিনা তব উদ্ভাসিত মহাগগন-মাঝে ।

বিরজগত মণি-ভূবণ বেষ্টিত চরণে ।

গ্রাহু-ভারকা চন্দ্র তপন

ব্যাকুল জ্বাতবেগে

করিছে পান করিছে সান অক্য কিরণে ॥"

অইম ত্রান্সর্লে—নিরুপাধিক অক্ষর ত্রন্সের স্বরূপ।

ব্রহ্মণাদিনী গার্গী, যাজ্ঞবন্ধ্যের অভিসম্পাতে শির:পাতের ভারে প্রশ্ন করিতে বিরত ছিলেন—তিনি সমবেত ব্রাহ্মণগণের নিকট পুনরার প্রশ্ন করিবার অন্তমতি প্রার্থনা করিলেন। ব্রাহ্মণমণ্ডলীর অগ্রণীগণ একে একে পরাজিত হইয়া শিন্ত হইয়াছিলেন— ব্র্যদি. মহীয়সী গার্গী যাজ্ঞবল্যকে পরাভূত করিতে পারেনী, এই আশার উল্লানে উৎসাহিত হইয়া তাঁহারা গার্গীকে প্রশ্ন করিবার জন্ত সান্থন্যে অন্তরোধ করিলেন।

সমঁবেত ব্রাহ্মণমণ্ডলীর অনুমতি-লাভে উৎসাহদীপ্তা হইয়া তেজবিনী গার্গী বলিলেন—কাশী বা বিদেহপ্রদেশের স্থাধিথ্যাত বীরেন্দ্রগণ ধন্তকে গুণ সংষ্ক্ত করিয়া, বেমন ছুইটি অব্যর্থবাণে শক্রসংহারে উন্নত হয়, যাজ্ঞবন্ধ্য, আমিও তেমনি ছুইটি মাত্র প্রশ্নে তোমার ব্রহ্মজ্ঞানের গর্ম্ব চূর্ণ করিতে সমুগত হইয়াছি।

यां अवदा ,विशासन- (वन, गार्ति,- जूमि श्रम कत्र।

গার্গী বলিলেন—শৈণ্ডিতগণ যে স্ত্রকে হ্যালোক ও পৃথিবীর মধ্যবর্ত্তী এবং ভূত-ভবিষ্ণৎ-বর্ত্তমান-স্বরূপ বলিয়া নির্দেশ করেন, সেই স্ত্র আবার কোধায় ওত-প্রোতভাবে পরিব্যাপ্ত ?

যাজ্ঞবদ্ধা বলিলেন—সেই বায়ুরূপী সূত্র আকাশে পরিব্যাপ্ত। পৃথিবী যেমন জলের মধ্যে বাক্তিত অর্থে অভিব্যাক্ত—এই ম্বগৎরূপ স্তত্ত্ত তেমনি মাকীশে অব্যাক্তত অন্তিব্যক্ত; স্ক্ষ আকাশেই ইবার উৎপত্তি, স্থিতি, লয়।

গার্গী বুলিলেন,—যাজ্ঞবন্ধা, তুমি আমার নমস্কার গ্রহণ কর;—দ্বিতীয় প্রশ্নের উত্তরের জন্ত প্রস্তুত হও—মনকে স্থান্ত কর। মুহাশয়, সেই আকাশ আবার কোথায় পরিব্যাপ্ত ?

যাজ্ঞবন্ধ্য বলিলেন—বিছ্মী গার্গি, তুমি আবার সেই বন্ধের দীমা নির্দ্ধেশরই ত প্রক্ষা করিতেছ—আমি সেই নির্দ্ধণ ব্রন্ধের কথাই বলিতেছি— প্রবণ কর।

वस्तिन्गण द्वारे अक्रांक व्यक्त रिणया निर्द्धण करतन। त्वारे व्यक्त वस्त्र इण नरहन-रुक्त नरहन-देश नरहन-शोर्च नरहन-र्वाच नरहन-र्वाच नरहन-व्याण नरहन-व्याण मुख्यावा = नरहन-त्वाच नरहन-व्याच नरहन-वाहित नरहन-राज्या नरहन-राज्या नरहन-प्राचन । তাঁহার শব্দ স্পর্শ রূপ ক্ষয় নাই—তাঁহার পূর্বে বা পঠ্য অন্তরে বা বাহিরে কোন কিছুই নাই।

এই শুডির অন্পপ্রেরণাবশেই কি অধৈতবাদী শিবাবতার, শঙ্কর বিশের সেই অনাহত-বঙ্কার-স্বরূপ তাঁহার নির্দ্ধাণ-ষট্কে শিথিয়াছেন:—

> শৈমনোবুদ্ধাহকারচিত্তাদি নাহং ন শ্রোত্রং ন জিহ্বা ন চ জাণনেত্রম্ / ন চ ব্যোস ভূমিন তেলো ন বায়ু-শিচদানন্দরপ: শিবোহহং শিবোহ**হ**ম ॥ অহং প্রাণসংজ্ঞান চ পর্কবায়-ন বা সপ্তধাতৃন বা পঞ্চকোষাঃ। ন বাক পাণি-পাদো ন চোপস্থপায়-किमानमञ्ज्ञभः भिर्वाञ्डः भिर्वाञ्डम ॥ ন পুণাং ন পাপং ন সৌথাং ন ছঃধং, न प्रजः न छोर्थः न त्यना न यखाः। ' অহং ভেৰজনং নৈব ভোজাং ন ভোকা. **किमानमञ्जभः** भिर्वाञ्डः भिर्वाञ्डम् ॥ ন মে দ্বেষরাগৌ ন মে লোভমোহৌ, মদো নৈব যে নৈৰ মাৎস্থাভাবঃ ।° ন ধৰ্মোন চাৰ্থোন কামোন মোক-किमाननकार्थः निर्दाष्ट्रः मिरवाष्ट्रम् ॥ ন মৃত্যুন শঙ্কা ন মে জাতিভেদা:, পিতা নৈব মে নৈব মাতা ন জয়। न वकुन भिक्तः खक्रेन व निष्ठ-किमानमञ्ज्ञा निर्दाष्ट्र निर्दाष्ट्र निर्दाष्ट्रम অহং নির্বিকল্পো নিরাকাররূপো, বিভূর্ব্যাপী সর্ব্বত্ত সর্ব্বেজিয়াণাম ।। ন বা বন্ধনং নৈব মুক্তিন ভীতি-किमानमज्ञशः निर्वाष्ट्रः निर्वाष्ट्रम् ॥" ·

হে গাগি ! এই অক্ষর ব্রেরেই প্রদীপ্ত শাসনে স্থান্ডক্ত নিয়মিত, ইহারই প্রশাসনে স্বর্গ মর্ড্য স্থিয়—নিয়ন্তিত। তাঁহারই শাসনে নিমেন, সুহুর্ভ, হিমারাজ, মাস, অর্কমাস, অতু, শ্বংসর নিয়মিত। তাঁহারই করণার হিমাতি প্রত্তি শুলপর্বত হুইতে নদীসমূহ প্রবাহিত;—সেই করণা-প্রবাহের কোন বাতিক্রম
নাই। সেই অক্ষর ব্রক্ষের অন্তপ্রেরণাতেই মন্ত্রগণ হান-যক্র-প্রান্ধকর্মে
নিয়োজিত—আহাবান্। তাঁহারই করণালাভের আশার দান, যজ্ঞ, হোমের
অন্তর্গন। হে গার্গি! সেই অক্ষর ব্রহ্মকে না জানিয়া কেবল হোম ব্রহ্মতপত্তা
করিলে কি, ফলল্লাভ হুইবে? সে সকল কর্মান্তর্গানের ফল ত' পরিমিত—
কংস্থাল। বিনি ব্রহ্মকে না জানিয়া ইহলোক হুইতে প্রয়াণ করেন, তিনি
নিতান্তই হুর্ভাগ্য। অক্ষর ব্রহ্মকে অবগত হওয়ার নামই ত' ব্রহ্মনিষ্ঠা—ব্রহ্মজ্ঞান।
সেই অক্ষর ব্রহ্ম সকলের দ্রন্ত্রী—কিন্তু সকলেরই অনুতঃ; নিজে সকলের খ্রোতা—
কিন্তু সকলেরই অন্ততঃ; নিজে 'সকলের মন্তাল—মতিস্করণ—কিন্তু অন্তের
মনোবৃত্তির অগোচর; নিজে বিজ্ঞাতা—জ্ঞান-স্বর্গণ—কিন্তু অপ্রের বুদ্ধির্ত্তির
অগোচর—অবিজ্ঞাত। এই অক্ষর ব্রহ্ম ব্যতীত জনতের অন্ত কোন দ্রন্তী, শ্রোতা,
মন্ত্রা, বিজ্ঞাতা নাই। গার্গি, এই অক্ষর ব্রহ্মই আকাশে ওতপ্রোতভাবে পরিব্যাপ্ত।

সকলের সর্বের্গ গ্রের্গন ব্রহ্মী কিন্তু সকলের ব্রহ্মই আকাশে ওতপ্রোতভাবে পরিব্যাপ্ত।

সকলের সর্বের্গন বিশ্বতির সকলের ব্রহ্মই আকাশে ওতপ্রোতভাবে পরিব্যাপ্ত।

অক্ষর মর্থে শাহার করণ নাই—যিনি অজর—অমর—স্থাণু—নিব্রিকার— নিমিতাতীত।

ত্থন গাগী সমবেত ব্রাহ্মগগতে ৰলিলেন,—ব্রহ্মজ্ঞানসম্পন্ন, ব্রহ্মিষ্ঠ মহর্ষি বাজ্ঞবন্ধাকে পরাজ্য করা অসম্ভব। আপনারা ইংক্তি প্রণাম করিয়া অব্যাহতি বাভ কক্ষন।

• [শিবাবভার আচার্য্য শঙ্কর মহর্ষি যাক্ষরবারের এই সত্যসিদ্ধান্ত কর্মকাণ্ডের কর্মান্তিনের ফল পরিমিত— অন্থান্তী—ধ্বংসনীলমাত্র উপলব্ধি করিয়াই জ্ঞান-কাণ্ডের বৃদ্ধবিদ্ধানির জন্ত সমগ্র ভারত পরিত্রমণ করিয়া, পণ্ডিতাঞ্জী-গণকে তর্কর্ম্বে পরাজিত করিয়া—অবৈভবাদের পুন: প্রতিষ্ঠা করিয়াছিলেন। ভদানীস্তান ভারতের কর্মকাণ্ডের অন্ততম আন্ত উপাসক অঞ্চনমিশ্রকে তিনি মহর্ষি যাজ্ঞবন্ধ্যের এই অতিপ্রামাণ্য বৃক্তিবলেই পরাভব করিয়া, ব্রক্ষমান-প্রভাবে মৃক্তির অধিকারী করিবার জন্ত শিশ্বদ্ব প্রদান করিয়াছিলেন।]

দবদ ব্রাক্ষণে—দেবতাসমূহের একত্ববিধান— প্রাণব্রক্ষের স্থপ্রতিষ্ঠা।

গার্গী উপৰেশন করিলে পান্তিত্যাভিমানী শাক্ষ্য কবি প্রশ্ন করিলন— যাক্সবদ্য, দেৰতার সংখ্যা কত ? যাজ্ঞবন্ধ্য নিবিদের = বৈশ্বদেৰ যজ্জ-মন্ত্রের সাম্বাহ্যে ⁶সংখ্যা জ্ঞাপন করিয়া বিলিলেন—নিবিদোক্ত দেবতার সংখ্যা তিন ছাজার তিন ছইতে তিন শত তিন।

শাকল্য বলিলেন—ওম্—সত্য। দেবতার ন্যুন সংখ্যা কত পর্যন্ত ? যাজ্ঞবন্ধ্য বলিলেন—বথাক্রমে তেত্রিশ,•ছর, তিন, তুই, দেভু, এক।

শাকলা বলিলেন—ওঁদ্—সত্য। আচ্ছা, এই তিন হাজার তিন ও তিন শত তিন দেবতার নাম ও স্বরূপ কি ?

শব্দিক বিভাগিত দেবল প্রকৃতপকে তেত্রিশটি—বিভারিত দেবলণ ভাঁহাদেরই মহিমা—বিভৃতিস্থরূপ।

শাকল্য বলিলেন—ভাল, তোমার তেত্রিশটি দেবতাই মা কে কে ?
বাক্তবন্ধ্য বলিলেন—অষ্টবস্থ—একাদশ কদ্য—ঘাদশ আদিত্য এই একত্রিশ
—আর ইন্দ্র ও প্রজাপতি।

শাকল্য বলিলেন—ভাল, ভাল। ইংগরাই কে কে?—ইংদেরই বা স্বরূপ কি?

যাজ্ঞবন্ধ্য বলিলেন—'অগ্নি, পৃথিবী, বায়্, অস্তরীক্ষ, আঁদিতা, ছালোক, চক্ত্র, নক্ষত্র এই অষ্টবস্থ। ইহারা প্রাণিগণের কর্মফলের আশ্রার; দেহেন্দ্রিয়-রূপে পরিপত হইরা সমস্ত জগৎকে বাস করাইতেছেন—নিজেরাও বাস করিতেছেন, এই জন্ত ইহাদের নাম বস্থ।

পঞ্চ জ্ঞানেন্দ্রির, পঞ্চ কর্মেন্দ্রির আরা আআ – মন এই একাদশ প্রাণই কন্ত। মৃত্যুর পর এই প্রাণসমূহ দেহ-মস্পর্কিত আত্মীর-স্বন্ধনগণ্ডকে কাঁদার, এই জন্মই 'ইহারা রুদ্র নামে অভিহিত। সমৎসরের বারমাস প্রাণিগণের আয়ু 'আ্লান' – হরণ করে বলিয়া ঘাদশ আদিত্য নামে স্থাসিদ্ধ। বন্ধ অর্থে বলবীর্যা, হইতে: ছ ইন্দ্র, আর যক্ত অর্থে বক্তসাধন পশু – প্রজাপতি।

অন্নি, পৃথিবী, বায়ু, অন্তরীক্ষ, আদিত্য, হালোক হইতেছেন ছয়টি দেবতা।

ভু: ভ্ব: স্ব: তিন লোকই তিনুটি দেবতা।
আৰু ও প্ৰাণ ছইটি দেবতা।
প্ৰবাহিত বাহু দেভখানি দেবতা।
প্ৰাণই একুমুত্ৰি দেবতা—তিনিই বন্ধস্বৰূপ।

শাকল্য বলিলেন—গাজবন্ধা, পৃথিবী বাঁহার আমৃতন, অন্নি বাঁহার চক্স:, মন বাঁহার জ্যোতি:—সমত দেবতার আর্শ্রব্রুপ সেই প্রাণপুরুষকে যিনি জানেন, ভিনিই প্রকৃত জানী। দেখিতেছি, তুমি তাঁহাকে জান না, তোমার জানাভিমান র্থা!

যাজ্ঞবঞ্জা বলিলেন, — আমি নিশ্চরই তাঁহাকে জানি। যিনি মনোক্সপ জ্যোতিঃসম্পন্ন — প্রিবীময় দেহধারী — অগ্নিরপ নয়নবৃক্ত — তিনিই শারীর-পুরুষ; মাতৃরক্তে পিতৃবীর্য্যে থাহায় উদ্ভব — ইনিই তিনি — তিনি অমৃত = অর্থে তৃক্ত অন্নের পরিণামসভূত্ব রস।

শাকল্য বলিলেন,—কাম—শুক্র বাঁহার শরীর, রূপ বাঁহার আরতন, হৃদর বাঁহার চক্ষু, মন বাঁহার জ্যোতিঃ, সমন্ত দেহ-সংঘাতের বিনি একমাত্র পরম আগ্রয়, চক্ষুপ্রবাদি ইক্রিরের বিনি সমষ্টিভূত, জ্লাদিতে বিনি অধিষ্ঠিত;—
যাজ্ঞবন্ধা, ভূমি সেই ছারামর পুরুষকে জানিতে পার নাই; তোমার পাণ্ডিত্যাভিমান রূপা।

ষাজ্ঞবন্ধ্য বলিলেন,—আমি সেই সর্বাত্মপরায়ণ পুরুষকে জানি। তিনিই কামময়—ডিনিই আদিতা পুরুষ। তিনিই শক্ষাতি-প্রকটিত জধ্যাত্মপুরুষ। তিনিই দেহমধ্যে ছারামর মৃত্যপুরুষ। হাদর-দর্পণে তাঁহারই ছারারপ বিকশিত হর। তিনিই জলাধিষ্ঠিত—তিনিই আত্মার পরমাশ্রমকরপ। তিনিই পুশুরুসী পুরুষ—জনকরপী প্রশাপতি।

শাকলা নির্বাক্ হইলেন। যাজ্ঞবদ্ধা বলিলেন,—শাকলা, তুমি জ্ঞানী বলিরা
অহন্ধার কর, তোমাকৈ যে সমবেত ব্রাহ্মণিগণ বিজ্ঞাপ-অগ্নিতে দগ্ধ করিতেছেন।

শাকল্য বলিলেন,—তুমি ত' ব্রাহ্মণগণের নিন্দা করিয়া আত্মশ্রাঘা বোধ করিতেছ ?—তুমিই বা কিরপ ব্রহ্মতত্ত অবগত হইয়াছ, বল দেখি। বাজ্ঞবন্ধ্য, তুমি দিক্নিচয়ের দেবতাগণের ও তাঁহাদের আত্ময়সমূহ কনি। কর।

ধাক্তব্যা বলিলেন,—হাদর' দিক্রণে বিভক্ত—পূর্ব্বদির্কর অধিদেবতা আদিতা।

শাকল্য।—ঝাদিত্য কোথায় অবস্থিত ?

্যাজ্ঞবদ্ধা।—চক্ষ্তে, শচক্ষ্ রূপসমূহে প্রতিষ্ঠিত ; চক্ষ্ণারাই রূপ দর্শনীয়'। শাকল্য। শক্ষপনীমূহ কোথার প্রতিষ্ঠিত ?

বাজ্ঞবন্ধা।—হাদরে — মন ও বৃদ্ধিতে—হাদরই রূপবিজ্ঞান উপ্লব্ধি করে।
শাকল্য।—তোমার দক্ষিণ দিকের দেবতা কে? তিনি কোথার অবস্থিত?
যাজ্ঞবন্ধা।—যুম,—তিনি যজ্জে—শাস্ত্রবিহিত জিলাকর্মে প্রতিষ্ঠিত।
শাকল্য।—যুক্ত আবার কোথার প্রতিষ্ঠিত?

सक्कतका।—मिक्निगांत्र—मिक्निगांत्र बातार छ यक्कन क्रत्र काताल हम।

শাকল্য।—দক্ষিণা কোথায় প্রতিষ্ঠিত ?[°] ।

याक्यका । - अकारण-अका श्रमरत्रत्रहे वृश्वि ।

শাৰুল্য ৷—তোমান পুল্টিম দিকের অধিষ্ঠাত্রী দেবতা কে?—তিনি কোথায় প্রতিষ্ঠিত্ত ?

যাক্সবন্ধ্য ।—বরুণ—তিনি অলে প্রতিষ্ঠিত—রেড:—তানরপেই জলের শেষ পরিণতি।

শাক্ষা।—সেই ক্লেড:—ডক্র কোথায় প্রতিষ্ঠিত ?

বাজ্ঞবন্ধা।—হামরে,—রেডাপাত = কামপ্রবৃত্তির সভোগকামনা। কামপ্রবৃত্তি কুমরেই ধর্ম। পিতার ক্ষর হইতে নিংস্ত হর বলিয়াই পুত্র পিতার অঞ্জ্ঞপ —রূপ ও মনোবৃত্তিসম্পন্ন হয়—স্কময়ই রেতের আশ্রেয়।

শাকল্য।—যাজ্ঞক্ষা, তোশার উত্তর দিকের অধিদেবতা কে? তিনি কোথার অবস্থিত ?

ষাজ্ঞবন্ধ্য।—সোম অর্থে চক্র ও সোমলতা। সোম দীক্ষাতে প্রতিষ্ঠিত। শীক্ষা অর্থে যজের পূর্ব্বকর্ত্তব্য সম্বর্কন নিরম-গ্রহণ।

শাকলা।—দীক্ষা কোথায় প্রতিষ্ঠিত ?

যা**জ্ঞানকঃ।—দীক্ষা সত্যে অনন্ধিত: সত্য হৃদরে স্কপ্রতি**টিত— হৃদরেই -বোক সতা উপসন্ধি করে।

শাক্ষা।—ভোমার উন্নর্দিকের দেবতা কে ?—কোপার তাঁহার অধিষ্ঠান ? যাক্ষবন্য।—অগ্নি—অগ্নি বাগিন্তিরে অবস্থিত—বাগিন্তিয় হদরে অংশ্রিত।

বিন্দিষ্ঠ যাজ্ঞবন্ধ্য ক্ষানপ্রভাবে কাগতিক নাম-রগণ-কর্মকে আত্মস্থররূপে উপাস্থাকি করিয়া বর্ণনা করিতেছেন:—নাম-রগণ-কর্ম সমস্তই ক্ষামারক। শাকল্যের প্রশ্নের উত্তরে সেই সর্ব্বাত্মস্থরপ হাদর আবার কোথায় অবস্থিত ব্র্বাইনার জন্ত মহর্ষি যাজ্ঞবন্ধ্য বলিতেছেন—শাকল্য, তুমি কি মনে কর, এই হাদররূপী আত্মা শরীক্ষ ব্যক্তীত অক্তক অবস্থিত? ক্ষাম্যা শরীরের বাহিরে অক্তক অবস্থান করিলে যে শৃগাল-কুক্রে দেহকে ভক্ষণ করিজ—পক্ষিগণ চক্ষ্ ছিন্ন-ভিন্ন করিজে—তাহা বধন ক্ষিতেছে না, তখন আত্মা বে শরীরে বিভ্যান আছেন, সে বিষয়ে সন্দেহের আক্ষাশ নাই।

শাক্ষা বলিলেন—যাজবভা, তোমার নিজের। শরীর ও আত্মা কোথার অবস্থান করিতেছে ? বাজ্ঞবন্ধ।—অপান বার্তে—অপান ব্যান বার্তে—ব্যান উদান বার্তে—উদান সমান বার্তৈ অবস্থিত। সেই প্রাণাদি সমত, জগৎ বাঁহাতে ওতপ্রোত রহিয়াছে—সেই আত্মার কথা—মধুকাণ্ডে বাহা 'নেতি নেতি'—'তিনি ইহা নহেন' বলিয়া, বাঁহার স্বরূপ পরিচয় দেওয়া সন্তব হইয়াছে, তাঁহাকে ত' বিশেষণে বিশেষত করিয়া, লক্ষণে চিহ্নিত করিয়া, গুণে অন্বিত করিয়া, তাঁহার স্বরূপের পরিচয় দেওয়া সন্তব নহে। তিনি যে সম্দরের অতীত; অগৃহ্ অতাহি—ইন্দ্রিয়ের , গ্রহণশক্তির অতীত; অশীর্য্ —অশীর্ব —তাঁহার স্থাসবৃদ্ধির সত্তব নহে; অসক — তিনি অমূর্ত্ত—তাঁহার সঙ্গলাভ সন্তব নহে; অসক — তিনি অমূর্ত্ত—তাঁহার সঙ্গলাভ সন্তব নহে; অসিত — অবদ্ধ—কোন কিছুতে আবদ্ধ হন না; কার্য্য-কারণের অতীত; তাঁহার হিংসাও সন্তব নহে।

অতঃপর বাজ্ঞবুল্য তেজাদীপ্ত কঠে বলিলেন,—শাকল্য, পৃথিবী প্রভৃতি আই আয়তন—অগ্নি প্রভৃতি আই লোক—অগ্নত প্রভৃতি আই দেবতা—শরীর প্রভৃতি আই পুরুষকে যিনি বিবিধ বিভিন্নরূপে পৃথক্ করিয়া,—আবার আপনাতে একীভৃত করিয়াছেন,—আমি দেই উপনিষদ-প্রতিপাত্য পরমপ্রুষের বিষয়ে তোমাকে শেষ প্রশ্ন করিতেছি। যিনি সমন্ত দেবতা, সমন্ত লোক, সমন্ত জ্বগৎকে 'নিরছ' = শিভিন্নভাবে বিভাগ করিয়া—আবার 'প্রভৃত্থ' = সঙ্কোচিত—একভাবাপন্ন করিয়া—তাহাদের অতিক্রম করিয়াছেন ;—বাহাকে কেবল উপনিষদের জ্ঞান—প্রমাণ দারাই উপলব্ধি করা সম্ভব—ভূমি যদি আমাকে সেই পরমপ্রুষধের পরম তত্ত্ব বলিতে না পার, তবে আমার অভিসম্পাতে তোমার মন্তব্ধ এখনি খসিয়া পিছিবে।

শাকল্য উপনিষদ্-প্রতিপাত পর্মপুরুষের তব জানিতেন না,—তাঁহার মন্তক্ষ ঋষিশাপে ভূপতিও হইল।

তথন দীপ্তক্ষে বৃদ্ধবি বাজুব্দ্য সমবেত ব্ৰাহ্মণ-মণ্ডলীকে বলিলেন,—
আপনাদের ধাহার ইচ্ছা—তিনি পৃথক্তাবে বিষয় সকলে সমবেত হইরা
আমাকে প্রশ্ন কর্মন। অথবা যে কেহ বা সকলে সমবেত হইরা আমার প্রশ্নের
উত্তর দিন। সুভান্থ ব্রাহ্মণমণ্ডলীর মধ্যে আর কেহই প্রশ্ন করিতে সাহসী
ইইলেন না। তথন বাজ্ঞবন্ধ্য নিজেই সাভটি শ্লোক দারা প্রশ্ন করিলেন।

(১) মানবদেহ বনম্পতি-স্বরূপ। মানক-শরীরের লোমরাশি—বৃক্ষের পত্র-নিচর; শরীরের ত্বক—বৃক্ষের বহিত্ব নীরস ব্রুল।

- (২) রক্ষ ও মানবের মধ্যে সাদৃশ্য আছে বলিরাই আহত মানব-দেহের ত্বক্ হইতে যেমন ক্ষির ক্ষরিত হয়—আহত ব্রেশন ছাল হইতেও তেমনই রস নিঃস্ত হয়।
- (৩) মানবদেহে অব্যের পর যেমন মাংস, বৃক্ষশরীরেও দেমনই ছালের নিমে
 'শক্র'সমূহ = অর্থে পরবর্ত্তী অংশ। মানবদেহের নামু—বৃক্ষের 'কিনাট' = শকরের
 স্ক্র্যা শিরা; উভয়েই বেশ দৃঢ়। মানবদেহে যেমন মাংগের পর অন্তিসমূহ,
 বৃক্ষশরীরেও তেমনই বক্লের পর কাঠভাগ। মজ্জা অংশ উভয়েরই তৃল্যরূপ। *

ভারতগোরব, মনীখী, বিশ্বস্জ্জল-বিজ্ঞানাচার্য্য, সার প্রীষ্ত জগদীশালের বস্থ মানবশরীরের মত বৃক্ষও প্রাণশক্তিসম্পন্ন—আঘাত করিলে মানব-শরীরের রক্তপাতের মত আহত বৃক্ষশরীর হইতেও রস নির্গত হয়—বৃক্ষের জীবনীশক্তির ম্পন্দন আবিষ্কার করিয়া বিশ্ববরেণ্য হইয়াছেন। বৃক্ষের জীবনীশক্তির ম্পন্দন আবিষ্কার করিয়া বিশ্ববরেণ্য হইয়াছেন। বৃক্ষের জীবনীশক্তির সেই বিজ্ঞানও স্মরণাতীতকাল পূর্কে বৈদিক বৃগেই বে উদ্থাবিত হইয়াছিল—তাহা ব্রন্ধবি যাজ্ঞবন্ধ্যের মুখেই প্রকাশ পাইতেছে। উপনিষদই বে বৃক্ষ-বিজ্ঞানের মূল উৎস, স্কৃচিস্তাশীল আচার্য্য বস্তু মহাশন্ত তাহা অসক্ষোচে স্মীকার ও প্রচার করিয়াছেন।]

- (৪) বৃক্ষ বেমন ছিন্ন হইলে পুনরায় মূল হইতে উছত হয় সরণশীল ' মানহও তেমনই পুনরায় জন্মলাভ করে। কিন্তু মৃত ব্যক্তির পুনৰ্জ্জন কোন্ মূল হইতে সম্ভব হয় ?
- (c) বনি বল, ক্রেন্ন হইতে জমে—কিন্তু শুক্র ত' জীৰিত ব্যক্তি হইতেই সভূত' হয়—মৃত ব্যক্তির ত' শুক্র উৎপন্ন হয় না। বিশেষতঃ বীজসভূত বুক্ষের ধ্বংসের পরও প্নঃ উদ্ভব সন্তব হয়। আর বৃক্ষ ত' কেবল বীজ হইতেই উৎপন্ন হয় না—কাওদেশ হইতেও পুনঃ প্রাত্ত্ ত হয়। তাহা হইলে ত' শুক্রকেই একমান্ত মানব-উৎপত্তির উপাদান বলা যায় না।
- (৬) বৃক্ষকে সম্লো—সবীজে উৎপাটিত কঁরিলে তাহা আঁর পুনর্বার প্রাত্ত ভূত হর না; কিন্তু মরণশীল মানুব মৃত্যু কর্তৃক বিনাশিত হইরাও, কোন্ মূল-কারণ হইতে পুনরার মর-জগতে আবিভূতি হয়? সমত্ত বিশের এই মূলীভূত কারণ-রহত্র স্থারে আপনাদের বদি কাহারও জ্ঞানলাভ হইরা থাকে, তবে আমার প্রশ্নের যথার্থ, উত্তর প্রদান করন।

বোগবালিই বামায়ণ, হিন্দুর পঞ্চম বেদস্বরূপ মহাভারতও মহর্দি যাজরক্ষার
এই অতীক্তির জ্ঞানের প্রামাণ্যযুক্তির প্রতিগানি করিতেছেন।

वाक्रनमञ्जी निक्खतं त्रशिकान ।

(१) ধনি মনে করেন, মর্ত্তা বিত্যই জাত—মরণশীল ত' স্বভাবতই পুনরার জন্মিরে, তাজার আবার জন্ম রহস্ত কি? কিন্তু কে তাহাকে উৎপাদন করে? বিনাশের পর তাহাকে পুনরায় জন্মায় কে? মৃত্যুর পর কাহার অন্ধ্রপ্রেরণায় মরণশীলের পুনর্জন্ম সন্তব হইতেছে? সেই নিজ্ঞান ভ্যান্তিন্দেশেক প্রকল্ম সন্তব হইতেছে? সেই নিজ্ঞান ভ্যান্তিনি কিন্তি একমাত্র সত্যু—তিনিই অনস্ত জ্ঞান। তিনি বিজ্ঞান ভ্যান্তিনিই একমাত্র সত্যু—তিনিই অনস্ত জ্ঞান। তিনি বিজ্ঞান ভ্যান্তিনিই বে কুটস্থ চৈতন্ত্ররপে স্কল আধারে একরপে বর্ত্ত্যান। তিনি বক্তকর্ত্তা দাতার্রপে বিভ্যান—তিনিই বন্ধনিষ্ঠ ব্রন্ধজ্ঞের পরমাশ্রম্বরূপ।

সমবেত ব্রাহ্মণমণ্ডলী পরাঞ্জিত ইইলেন। ব্রহ্মবিদ্ মহর্ষি যাজ্ঞবেদ্ধ্য শ্রেষ্ঠ ব্রহ্মিটের সম্মানস্বরূপ গোল্সহস্র গ্রহণ করিলেন।

চতুৰ্থ অধ্যায় '

প্রথম ব্রাহ্মণে—জনক-যাজ্ঞবল্ধ্য-বিচার।

তৃতীয় অধ্যায়ে—শরীর, হাদর, হত্তর সেই সর্বাত্মাই যে উপনিবদের প্রতি-পাছা—'নেতি নেতি' বাক্যে নির্দিষ্ট—তিনিই আবার জগৎ-উৎপাদনের মূলীভূত-কারণ 'বিজ্ঞানম্ আনন্দন্', ভাহা নির্দেশিত হইয়াছে।' কিন্তু বাক্ প্রভৃতি ছারাও সেই প্রজ্ঞানমরকে উপলব্ধি করা আবশ্রক বলিয়াই, চতুর্থ ব্রাহ্মণের হচনা। শ্রুতি পূর্ব্ব পূর্ব্ব ব্রাহ্মণে হত্তরূপে যে ব্রহ্মজ্ঞানের অমুভৃতি প্রদান করিতে-ছেন, ভাহাই আবার যুক্তির ছারা বিশদ করিতেছেন, সেই জন্মই আধ্যায়িকার প্রসঙ্গ।

বিদেহাধিপতি ব্ৰহ্মজ্ঞ মহারাজ জনক এক দিন রাজ-সভায় বসিয়া আছেন,—
এমন সময় মহর্ষি যাজ্ঞবেদ্ধ্য সভায় সম্পস্থিত হইলেন। মহারাজ জিজ্ঞাসা করিলেন, মহর্ষি, আপনি কি অভিপ্রায়ে আমার নিকট আসিয়াছেন? —পুনরায় পশুলাভের ইচ্ছার, না কোন স্ক্র-তত্ত্ব জানিবার বাসনায়?

মহর্ষি যাক্সবন্ধ্য বলিলেন,—উভয় বাসনাতেই আসিয়াছি। আপনি আচার্য্য-সেবী, আপনার বহু আচার্য্য আছেন,—তাঁহাদের মধ্যে কোন্ আচার্য্য আপ-নাকে কি উপদেশ দিয়াছেন, ভাহাই শুনিতে ইচ্ছা করি।

মহারাজ জনক বলিলেন,—শিলিনের পূজ শৈলিনি জিক্তা আমাকে বলিগা-ছিলেন, বাক্ই বুন্ধ।

যাজ্ঞবজ্য বলিলেন,—খুব সত্য কথা। বাক্-শক্তি-হীনের • ছারা ঐহিক ও পারত্রিক কোন কার্যাই নিম্পন্ন হয় না। আমি আপনাকে এ উপদেশ বিভার করিরা বলিভেছি। বাগিল্রিয়েই বাক্-স্বরূপ ত্রন্মের শরীর—অব্যাক্তি অর্থে অপঞ্চীকৃতা; পঞ্চভূত অমিশ্রিত আকাশে ইহার প্রতিষ্ঠাৎ—প্রজ্ঞারূপে ইহার উপাসনা। হে সমাট্! বাক্য সাহাব্যে বেমন বন্ধকে জানা যার, তেমনই ঋক্, যন্তু;, সাম, অবর্ধ, • চারিবেড়, ইতিহাস, ত্রন্মবিভা, উপনিবদ, মোক, স্ত্র, ব্যাধ্যান, অন্ব্যাধ্যান, ইই-ধর্ম, যজ্ঞধর্ম, দানধর্ম, ইহ-পরজ্য এই বাক্য ছারাই স্থ-অবগত ছওলা যার। বাক্ই পরম-ত্রন্ম। বাগ্-ত্রন্মর উপাসনা করিলে, বাগ্-ত্রন্ম কথনই সেই বাগ্বিভৃতিসম্পন্ন পুরুষকে পরিত্যাগ করেন না,—এই মানব-দেহেই দেবত্বলাভ সম্ভব হুয়।

মহারাঞ্জনক বলিলেন,—আপনার এই বিভার মূল্য-বর্ষণ হন্তি-তুল্য বৃষত-সময়িত গো-মুহত্র আপনাকে দান করিতেছি।

যাজ্ঞবন্ধ্য বলিলেন,—হাঁা,—আমার পিতাও বলিতেন—নিয়কে উপদেশ-দানে ধন্ত না করিছা, কোন কিছু গ্রহণ করিতে নাই। আচ্ছা সমাট্! আপনার অপর আচার্য্য আপনাকে কি উপদেশ দিয়াছেন ?

জনক বলিলেন—ভবের পুত্র উদঙ্ক বলিয়াছেন—প্রাণই বন্ধ।

যাজ্ঞবন্ধ্য বলিলেশ,—বা ! বা ! পিতা মাতা আচার্য্যের মতই শৌবারন আপনাকে প্রাণ-ব্রন্মের সার্থক উপদেশই দিয়াছেন। প্রাণহীন ব্যক্তির দারা জগতের বা পরলোকের কোন কার্য্য সম্পন্ন হয় হা । আমি আরও সবিস্তারে সেই পরমতত্ত্বই বলিতেছি।

প্রাণই ব্রহ্ম—বায়ুই প্রাণের দেবতা—প্রাণই ব্রন্ধের শরীর—আকাশ তাহার প্রতিষ্ঠা—আগ্রর; প্রাণকে প্রিয় বলিয়া উপাদনা করিবেন। প্রাণের ভৃত্তিকামনার ক্ষাই প্রোহিত ব্রাহ্মণগণ অবাজ্য—পতিত সম্প্রদারের যাজন করে,—তাহাদের প্রতিগ্রহ—দান গ্রহণ করে;—সর্ব্রদাই আপনার অনিষ্ঠ আশকা করে। এ সমস্তই প্রাণিপ্রিয়তার কল—প্রাণই পরম-ব্রহ্ম। প্রাণের উপাদনা করিলে, প্রোণ ভাহাকে অকালে পরিত্যাগ করেন না—স্প্রাণের স্বর্গ উপলব্ধি করিলে, দেবত্ব-লাভ সম্ভব হয়।

বিদেশাধিপতি বলিলেন,—মহর্ষে! আপনার এই অমূল্য উপদেশের জন্ত হস্তি-তুল্য ব্যক্ত-সূহ আর এক সহত্র ধেন্ত দান করিতেছি।

যাজ্ঞবৃদ্ধা বলিলেন,—বেশ, বেশ; অন্ত আচাগ্য আপনাকে কি উপদেশ দিবাছেন?

बनक विलिशन,- वृत्कत्र भूज वक् विविद्याहन-हक्षे उन्त ।

, যাজ্ঞবদ্ধ্য বলিলেন, —ভাল ভাল; কিছু তিনি আপনাকে একাংশ, মাত্র বলিয়াছেন। • আমি বাকী তিন পাদ প্রণ করিতেছি। চক্ষ্ ব্রেমর আয়তন— আকাশ ইহার প্রতিষ্ঠা; চক্ষ্র অধিদেবতা স্থ্য—সত্য ইহার রহস্ত নাম। সত্যরূপে চক্ষ্র উপাসনা। চক্ষ্ বারা দেখিরা বলিতেছি শুনিলে তুরেই সকলে তাহা বিয়াস করে—অক্তথা বিশ্বাস করে না। • এক্স চক্ষ্ই সত্য—চক্ষ্ই ব্রম। চক্ষ্-ব্রেমের উপাসনায় জ্ঞান-দৃষ্টি সম্প্রসারিত হয়—দেবজ্লাত সন্তব হর। ভ্রমক বলিলেন,—মহর্ষি! এই উপদেশের জ্বন্য আপনাকে হন্তি-তুল্য বুষত-যুক্ত আর এক সহস্র গাভী দান করিডেছি। *

যাক্সবন্ধ্য বশিলেন,—"ভাল, ভাল; অন্য আচার্য্য আপনাকে কিংবলিরাছেন, ভানতে পাই কি?

জনক বলিলেন,—ভর্মবাজপুত্র বলিমাছেন, ভোত্রই বন্ধ।

বাজ্ঞবন্ধ্য বলিলেন,—সমাট, তিনি অতি ক্রোগ্য ওণিদেশই দিয়াছেন। 'অসীম দিক্সমূহই প্রবণ-ইন্দ্রিয়ের অধিষ্ঠান, আয়তন—আকাশ ইহার প্রেভিনি—'অনস্ত' ইহার উপনিষদ। অনস্ত বলিয়া ইহাকে উপাসনা করিবেন—প্রোত্তই পরম-ত্রন্ধ। প্রোত্তত্রকার উপাসনায় দিক-সমূহের অনস্ত-জ্ঞানের উন্মেষ হয়—দেবত্বলাভ সন্তব হয়।

মহারাজ জনক আবার য়াজ্ঞবন্ধাকে ধন্যবাদ দিয়া বলবান্ ব্যভ্যুক্ত সহস্র প্রথিনী গাভী দান করিলেন।

ষাজ্ঞবন্ধ্য বলিলেন,—অপর কোন্ আচার্য্য আপনাকে কি উপদেশ করিয়াছেন সমাট্ ?

জনক বলিলেন,—জবালার পুল্র সত্যকাম বলিয়াছেন, মনই ব্রন্ম।

যাজ্ঞবন্ধা বলিলেন,—চক্র মনের দেবতা,—'আনন্ধ' মনের উপনিষদ্। আনন্ধ-রূপেই মনের উপাসনা। মনই আনন্ধ—মনের বাসনা-তৃথিতেই আনন্ধ। খনই পরম-ব্রন। মনের উপাসনায় আনন্ধ-বিজ্ঞানের অন্তৃতিলাভ হয়—্ দেবতার সাযুজ্ঞলাভ হয়।

মহারাজ জনক আবার প্রশংসা করিয়া ব্যভ-যুক্ত সহত্র গান্ধী দান করিলেন।

মাজ্ঞবন্ধ্য প্ৰরায় জিজ্ঞাসা করিলেন,—অন্য কোন্ আচার্য্য জাপনাকে কি উপদেশ দিয়াছেন ?

জনক বলিলেন,—পণ্ডিত শাকল্য আচার্য্য বলিয়াছেন, হৃদয়ই বন্ধ। ব্যক্তবন্ধ্য বলিলেন,—চমৎকার ডুপদেশ সমাট্! হৃদয়ই সমস্ত ভূতের আশ্রয়,

[•] এখন বে বিলাতী ভারেরীফারমের নজীর দেখাইয়া জনেকে বলেন, —বালালার ধ্বাসোন্থ পো-জাতির রকার জন্য—স্থেজননের জন্য বলণালী বুবভের প্রয়োজন। বৈদিক যুগের আর্যান্ধবিরাই সে তত্তও আবিষ্কার করিয়াছিলেন দেখিতেছি। ইহার পুর হয় ত তনিব, আমরা হত দাবা আহাবের—৮পদ দাবা চলিশার প্রথাও মুরোপীয়দিপের নিকট শিথিয়াছি।

নামরপ-কর্ম সমস্তই হর্দরে অব্ধৃতিত—হাদরকে 'ছিতি' বলিরা উপাসনা করিবেন। হাদরই পরম-ল্লম। আর সেই হাদরের অধিগতা দেবতা প্রজাপতি—ব্রহ্ম। মহারাজ জনক সন্তোষ ধাত করিরা আবার সহস্র গাড়ী দান করিবেন।

षिजीय बाकारा-- **ज्**तीय-बका-निर्द्रमण ।

শ্রতি এই রাক্ষণে, তুরীয়-ব্রক্ষের স্বরূপ নির্দেশ করিতেছেন; কিন্তু প্রথমেই তাহী উপলব্ধি করা অসম্ভব বৃথিয়া, বিশ্বের স্বর্গণ—তৈজনের স্বরূপ—আজ্রের স্বরূপ প্রদর্শন করিয়া, পরে তুরীয়-ব্রক্ষের স্বরূপ নির্দেশ করিতেছেন। বিশ্বসংক্ষক স্প্রণ-ব্রক্ষের স্বরূপ-বির্দেশ আরম্ভ ইইতেছে।

অতঃপর মহারাজ জনক সিংহাসন° হইতে উঠিয়া, মহর্যি যাজ্ঞবন্ধাকে প্রণাম করিয়া শিশ্বের মত বিনীতভাবে বলিলেন, মহর্ষে! আগনি আমাকে দিব্য-জ্ঞান প্রদান করুন।

যাজ্ঞবন্ধ্য ,বলিলেন,—সমাট, আপনি শান্তবিধানমত সাধনা করিয়া— যজ্ঞায়ন্তান করিয়া স্থাহিত্তিত হইরাছেন, আপনি যেরূপ শক্তি-ঐশ্বর্যাশালী, লোকপুল্যা, তেমনই অধীতবেদ—ব্রহ্মবিদ্—উপনিষদ-বহস্তা, স্থ-অবগত্ত—কিন্তু,বলিতে পারেন কি, এই দেহত্যাগের পর আপনি কোধায় যাইবেন ?

জনক বলিলেন,—না, আমি তাহা অবগত নহি—প্জাপাদ মংঘি, আপনি কুণা করিয়া আমাকে সৈই পরম ও চরম অত্তের উপদেশ প্রদান করন।

• যাজ্ঞবদ্ধা বলিতে লাগিলেন :— 'চক্-ত্রন্ধ' বাক্ষ্যে যে আদিতামণ্ডল-মধ্যবর্ত্তী প্রথবকে ঋষিগণ নির্দেশ করিয়াছেন— 'ইন্ধ' তাঁহার প্রসিদ্ধ নাম। আর অধ্যাত্ম দক্ষিণচক্তে, যিনি বিশেষরূপে বিরাজমান, তিনি সত্য নামে অভিহিত ;— তিনিও প্রত্যক্ষগ্রাহ্য—দীপ্তিগুণসম্পন্ন বলিয়া 'ইন্ধ' নামে প্রসিদ্ধ। ঋষিগণ তাঁহাকে পরোক্ষভাবে ইন্ধু নামে অভিহিত করেন। যেন দেবগণু 'পরোক্ষ নামেই সম্ভই—প্রত্যক্ষ নামের বিশ্বেষী। এইরূপে ত আপনি বিশ্বপুরুষ— বৈশানর আত্মানুক ব্রিরাছেন।

ইক্স ও ইক্সায়ী রেমন পরস্পরের ভোগ্য—পরস্পরের স্তবগানে সম্মোহিত— তেমনই এই অধ্যাত্ম বামচকু যেন সেই বিশ্বপুরুষেরই ভোগ্য অন্নস্তর্মণ— তবগানে সম্মোহিত। দৃশুমান দেহপিও বেমন উপভুক্ত স্থুল অন্নর্মে পরিবর্দ্ধিত, তেমনই এই লিঙ্গাত্মক হক্ষাশ্রীয়ও হক্ষ-অন্নর্মেই পরিবর্দ্ধিত। সেই বৈখানর নামে অভিহিত বিশ্বপুরুষ—শারীর আত্মা হক্ষতম অন্নর্মে উপচিত—পরিপৃষ্ট। এই বে অন্যথমপ তৈজন, তাহাও প্রকৃতপক্ষেপ্রোণরপেই পর্যব্দিত—সেই বিশ্বমূপ বৈশ্বানর আত্মাই হুদুসাত্মক।

তিনি বিরাট্—বিশ্ব রূপ—পূর্বাদিকে তাঁহার পূর্ব্বপ্রাণ—দক্ষিণদিকে তাঁহার দক্ষিণপ্রাণ—পশ্চিমদিকে পশ্চিমপ্রাণ—উত্তরদিকে উত্তরপ্রাণ—উর্দ্ধে উর্জপ্রাণ—
স্মান্ত দিকে তাঁহার সমষ্টিভূত প্রাণ।

এইরপ জ্ঞানের অমুভূতি সমুৎপন্ন হইলে সর্বাত্মা প্রাণকে আত্মারূপে উপলব্ধি করিয়া আবার পরমাত্মারপে অন্তরে বাহিরে অমুভব করিলে, তবেই 'নেডি নেডি'-রূপে সেই ভূরীয় আত্মাকে লাভ হয়। সেই 'নেডি নেডি' আত্মা অগৃহ — তাঁহাকে গ্রহণ করা যায় না; অশীর্য্য — শীর্ণ হন না; অসঙ্গ — আসক্ত হন না; অসত — ব্যবিত হন না—কোনরূপে হিংসিত হয়েন না।

জনক! তুমি সেই শাভয় = জন্ম-মরণাদি ভরনিবারক ত্রন্ধকে প্রাপ্ত হইয়াছ।

ব্রহ্মবিদ্ জনক বলিলেন—পূজনীয় মহর্ষি, আপনি আমাকে পর্থব্রহের স্বরূপ
ব্রাইরাছেন—আপনিও সেই অভয় ব্রহ্মকে লাভ কর্ন—পাণ্ডিভ্যের অভিমান
বর্জন করিয়া, সেই ব্রহ্মানন্দে তর্ময়—সমাহিত হউন। এই অমূল্য অতুল্য
উপদেশের উপর্ক্ত মূল্য দিবার সামর্থ্য ত আমার নাই—আমি ধল্য, আপনাকে
শত সহত্র প্রণাম। এই বিদেহরাজ্য ও আমার জীবন আপনাকে সমর্পণ
করিতেছি, কুপা করিয়া গ্রহণ করুন। ত

তৃতীয় ব্রাহ্মণে—আত্মার পূর্ণক্ষ্যোতি—পূর্ণানন্দ বিকাশ।

ইতিপূর্বে মহর্ষি বাজ্ঞবন্ধ একবার রাজ্যবি জনকের রাজসভার গিয়ীছিলেন। যাইবার সময় তিনি মধ্যে করিয়াছিলেন, মহারাজ জনকের সহিত এবার তবজ্ঞান সম্বন্ধে কোন স্নালোচনা করিব না। কিন্তু স্মগ্রিহোত্র যক্কবিজ্ঞানে রাজ্যবি জনকের অপূর্ব মীমাংসা-নৈপুণ্য দেখিয়া এক সুময়ে ব্রন্থবি যার্ক্তবিজ্ঞানে রাজ্যবি জনকের অপূর্ব মীমাংসা-নৈপুণ্য দেখিয়া এক সুময়ে ব্রন্থবি যার্ক্তবিজ্ঞানে প্রস্তিত্ব তিনি রাজা জনককে আবার ব্রন্ধজ্ঞানের উপদেশ দিতেছেন। এইরূপ রূপকের কৌশনের ক্রিক্তবিলা পরলোক-রহত্ত জন্মান্তরবাদ—আত্মার মৃক্তিরহত্ত্বের মীমাংসা করিতেছেন।

জনক প্রান্ন করিরাছিলেন—এই হন্তপদাদি গ্রাহরসপার পুরুষ কোন্ জ্যোতির সাহায্যে কর্ম সম্পাদন করে ? যাক্সবদ্ধা বলিয়াছিলেন—ন্তাদিত্য-জ্যোতির সাহায্যে—আদিত্য-জ্যোতির অন্তমরে = অভাবে, দ্রেরূপ জ্যোতির সাহায্যে—কর্ম্মসম্পাদন করে। চন্দ্র অন্তমিত হইলে অগ্নিই জ্যোতিঃস্বরূপ হইরা থাকে। স্থ্য-চন্দ্র অন্তমিত হইলে, অগ্নি নির্বাণিত হইলে বাক্রপ জ্যোতির অন্তথ্যহে কর্ম সম্পাদন করে। বাক্ প্রভৃতি বাহ্জ্যোতিঃ প্রশমিত হইলে আত্মাই জ্যোতিঃস্বরূপ হয়। তথন আত্মই আত্মার জ্যোতিঃ—স্যাত্মার জ্যোতির দ্বারাই সমন্ত কর্ম সম্পাদিত হয়।

জনক জিজ্ঞাসা করিয়াছিলেন—দেহ, ইন্দ্রিয়, বৃদ্ধি—ইহার ভিতর আপনার বর্ণিত আত্মা কোন্টি ?

যাজ্ঞবন্ধ্য বলিয়াছিলৈন—দেহ, ইন্দ্রিয়, প্রাণবর্গের মধ্যে বৃদ্ধিরূপী স্থান্ত্রের অভ্যন্তরে জ্যোভিংহ্ররূপ যে বিজ্ঞানমর পুরুষ—বৃদ্ধিনদৃশ ভাবাপন্ন হইয়া ইহলোক ও পরলোকে সঞ্চরণ করে—ভাহাই আত্মা। বৃদ্ধির সাম্যাবস্থা প্রাপ্ত হইলে মনে হয়, বৃদ্ধি আত্মাই ধ্যান করিতেছে—স্পন্দন করিতেছে, কিন্তু প্রকৃত-পক্ষে আত্মার ধ্যান-স্পন্দন নাই। বৃদ্ধির সাম্যাগত সেই আত্মা সমাধির স্থপাবস্থান্ধ মৃত্যুর অধিকার-সীমা—ইহলোক ও পরলোক অভিক্রম করিয়া জ্যোভিংম্বরূপে প্রকাশ পাইয়া থাকে। সেই পুরুষ যথন পুনরায় জন্ম—শরীর গ্রহণ করে, তথনই পাপরূপী দেহেন্দ্রিয়ের সহিত স্মিলিত হয়—আর যথন শরীর হইতে বহির্গত হয়, তথন সমন্ত পাপরূপ দেহেন্দ্রিয়-স্ক্র্যাত পরিত্যাগ করে।

ু এই আত্মাপুরুষের হুইটিমাত্র সঞ্চরণস্থান—ইহলোক ও পরলোক।
আর একটি স্থান 'দারা' = স্থাগ্রত ও অপ্রের মধ্যবর্ত্তী' অপ্র্যান। সেই পুরুষ সেই
'দান্ধা' = স্থপ্রানে অবস্থান করিয়া, ইহলোক ও পরলোক দেখিতে পায়।

এই পুরুষ পরলোকের নিমিত্ত যেরুপ সাধনা করিয়াছে, জ্ঞান ও কর্ম্ম সঞ্চয় করিয়াছে—তাহা প্রত্যক্ষ করিয়া পাপফল ছঃথ—পুণ্যফল আনন্দ উপভোগ করে।

ঐশ্রজালিক বেনন মারামর দেই নির্মাণ করে, তেমনি এই পুরুষ পূর্বন্দংবাররূপ বাসনামর স্বপ্রদেহ নির্মাণ করিয়া, নিত্য সং-স্বরূপ জ্যোতিঃ-প্রভাবে স্থাস্থ্যব করে। এই স্থাবস্থায় পুরুষ অর্থে জীবাত্মা নিজেই স্থানির্মাণ জ্যোতিঃস্বরূপ হয়—তথন সেই জ্যোতির্মার আত্মার সহিত কোন-রূপ আধ্যান্ত্রিক সম্পর্ক থাকে না।

সেই স্বপ্নে পূষ্পার্থ নাই—রথবোজিত প্রক্রিক অবও নাই—গমনোপ-নোগী স্থাম পথও নাই—এ সকল কল্লনার স্ষ্টি-বৈচিত্র্য বাত্র—সে স্বপ্ন কেবুল আনন্দনর। মৃদ্ অর্থে প্রির-লাভের হর্ষ—প্রশুদ্ অর্থে প্রিরলাভের নির্বাজনর ক্রথ নাই—পুণা নদী নাই—কিন্তু স্বপ্রেই সে সকল স্প্রতি হয়। পূর্বনিজনের সংকারেই দে সপ্রের উদ্ভব।

আবার সেই পুরুষই ইক্রিয়র্ভিসমূহ গ্রহণ করিয়া পুনর্কার কর্মক্ষেত্রে জাগরিত অবস্থা প্রাপ্ত হয়। •

এক-হংস = যিনি একাকী জাগ্রত—হিরণায়কান্তি—মরণরহিত মুক্তপুরুষ
—নিজে বিনিজ থাকিয়া = অর্থে জ্ঞানশৃক্ত না হইয়া শরীরের প্রতি স্থনাসজি-বশে যথেচ্ছ বিচরণ করিতে পারেন।

কাগতিক স্বপ্নসময়ে জীব ষেমন উত্তম অধম বিবিধ রূপ ধারণ করে—যেন রমনীগণের দক্ষে বিহার করিতেছে—যেন বন্ধুগণের সঙ্গে পরিহাস করিতেছে— কথনও বা ভীতিপ্রদ ব্যাদ্রাদি-দর্শন-বিভীষিকার ভর্মবিহবল হইতেছে— কথনও বা নানারূপ স্থরম্য হর্ম্যা—স্থদৃশ্য বস্তু স্বপ্নে নির্দ্মাণ করিতেছে—তেমনি স্থপুক্ষবের এই কল্পনা—জ্বাগরণ পূর্বজন্মের সংস্কার মাত্র।

মহর্ষি যাজ্ঞবন্ধ্য এইরূপে স্বপ্লাবস্থার আত্মার ইহলোক-পরলোকে সঞ্চরণ

— মৃত্যুর অধিকার অতিক্রমণ— আত্মার স্বঃজ্যোতিঃস্বরূপ বিকাশ স্বতঃসিদ্ধরূপে প্রমাণ করিয়াছিলেন। মহারাজ জনক তাঁহার বিভার মৃল্যুস্বরূপ সহত্র মৃল্যু দিয়া প্রণাম করিয়া বলিয়াছিলেন, মহর্বি, মুক্তিই আমার, একমাত্র অভিলয়িত প্রশ্ন। আপনি তাহার এক অংশমাত্র বিবৃত্ত করিয়াছেন

—রূপা করিয়া যাহাতে সংসারবন্ধন হইতে মৃক্ত হইতে শারি, সেই

সোক্ষাক্তব্রই সোমাকে উপদেশ কর্ম।

মৃত্যু অর্থে কর্মকে নির্দেশ করিয়া জীব অপ্রাবস্থায় যেরপে মৃত্যুরূপ কর্মসমূহ অতিক্রম করে, ইতিপূর্বে তাহাই বর্ণিত হইয়াছে, কিন্তু মৃত্যু অতিক্রমণের উপার অবর্ণিত হর নাই। মৃত্যু আত্মার অভাবসিদ্ধ ধর্ম না হইলেই মোক্ষ লাভ শস্তব হইতে পারে। তাহা প্রদ্রুশনের জন্মই মহর্ষি যাজ্ঞবন্ধা বলিতেছেন :—

সেই স্বরংজ্যোতিঃস্বরূপ পুরুষ স্বপ্নাবস্থার প্রসরতার প্রিরজনের সহিত রমণ—পরিভ্রমণ করিয়া, পাপ ও পুণোর কল স্থাছাথ উপভোগ করিয়া, পুনরায় স্বপ্নসন্দর্শনের উদ্দেশ্যে স্থানাভিস্থে প্রত্যাগমন করে। মৃত্যু যদি আত্মার স্বভাবসিদ্ধ করে হইত, তাহা হইলে স্বপ্নেও তাহা বিশ্বমান গাকিত, কিন্তু তাহা ত' থাকে মা! সৃত্যু আত্মার স্বভাব হইলে আত্মার মৃত্তি কন্মিন্কাণেও সন্তব হইত না।

জাগতিক স্থাবস্থায় অগীও কয়নার প্রসন্নতা = রমণ পরিভ্রমণ প্রভূতি—গাপ-পুণ্যের হৃ:থ-হাথের অঞ্ভূতি, জাগ্রত অবস্থার যেমন নিজ নিজ স্থানে প্রত্যাগমন করে, স্থপ্রে মানব যাহা দর্শন করে, তাহার অঞ্সরণ করে না—স্থানশিত পাপ-পুণাও লিপ্ত হয় না—তেমনি সেই 'স্থান্ত্যালাকের' স্থপাবস্থা লাভ করিয়া অসঙ্গ পুরুষ স্থপদর্শিত পাপপুণ্যে লিপ্ত—আসক্ত না হইরা—
মৃত্যুক্তপ ইহলোক অতিক্রম করে। বৃহৎ মংস্ক, যেমন নদীর পূর্ব্ব-পশ্চিম উভয় তীরে স্বদ্ধন্দে সম্ভরণ করে—তেমনি পুক্ষ স্থপান্ত জাগ্রত অবস্থায়—বৃদ্ধান্ত স্থপাবস্থায় বথাক্রমে সঞ্চরণ করে ।

শ্রেনপক্ষী যেমন বহঁদুরে উঠিয়া—অনস্ত আকাশ পরিভ্রমণ করিয়া, পরিপ্রাপ্ত হইয়া পক্ষয় প্রসারিত করিয়া, আবার আপ্রয়নীড়ে গমনের জন্ত প্রত্যাবৃত্ত হর, তেমনি জীবাত্মাও স্বপ্রাস্তে আনন্দমর শুবৃপ্তিস্থানে প্রবেশের জন্ত ধাবিত হর;—
ক্লান্ত পক্ষীর মতই যেন জীবাত্মা অশান্তিমর সংসারে কর্ম্মের ক্লান্তিতে—ক্রিডাপজানার সম্ভপ্ত ইইয়া, নির্ত্তি ও শান্তির জন্ত সংস্কার ও কর্মের সম্পর্কশৃন্ত স্বীর
আন্তার স্বরূপ অবস্থা লাভ করে;—আত্মারূপী পুরুষ তথন কোন কামনা
করে না—কোন স্বপ্রে সম্লোহিত হয় না।

সেই সুষ্থি অবস্থা—যে অবস্থায় জীব সুগু হইয়া কোন কামনা করে না—কোন স্বপ্ন দেখে না—তথন জীব 'হিতা' নামক নাড়ীতে অবস্থান করে, তথন জীব আগুনাকে দেবতার জায়—রাজার জার কল্পনা করে—'এ সমন্তই আমি' বিলিয়া তাহার অন্নভৃতি হয়। এই সর্ব্বাত্মভাবই স্বপ্পদর্শী আত্মার যথার্থ স্বরূপ। ইহাই আত্মার সর্ব্বপ্রকার কামনাশৃক্ত—নিম্পাণ—ভর্বহিত রূপ।

প্রিয়তমা স্ত্রীর সহিত সর্বতোভাবে আলিন্ধিত হইয়া, মানব যেমন অন্তরে বাহিরে তন্মর হর—তেমনি প্রাক্ত পরমাত্মার সহিত সন্মিলিত হইয়া বাহ-অভ্যন্তর কোন কিছুই জানিতে পারে না। ইহাই তাহার আপ্রকাম অর্থে পূর্ণকাম—
আত্মকাম অর্থে—একমাত্র কাম্য—অকামরূপ—চিন্তার অতীত—লোকের অতীত
—লোক-রহিত রূপ।

সেই ভূরীর অবস্থায় পিতার পিত্তভাব থাকে না—মাতার মাতৃত থাকে না—অর্গাদি লোকের কাম্যত থাকে না—বেদের বেদত্ব-বোধ থাকে না—চণ্ডাল অচণ্ডাল হয়—উচ্চ-নীচ-ধনি-দীন ভেদজান বিল্পু হয়—প্রমণ, অপ্রমণ হয়— ভাগদ অতাপদ হয়—তথ্ন জীব পাপ-পুণ্যের অজীত—হাদরের সমস্ত শোক ক্লামনা-সন্তাপ হইতে মুক্ত। এই সৃষ্ঠিসময়ে আত্মার যে দর্শন, ত্রাণ্ট বাক্শক্তি, প্রবণ, স্পর্শ, বৃদ্ধি থাকে না, তাহা জ্ঞানদৃষ্টি, ইক্রিরবৃদ্ধিরত্তির অভাব নহে—অব্রৈতের এই একাকার অবস্থার বখন বিষয়-বিষয়ীর—দুষ্ঠা-দৃশ্রের ভেদজ্ঞান তিরোহিত—বে অবস্থার তিনি ভিন্ন দ্বিতীর কোন বস্তুই নাই—তখন তাহা হইতে ভিন্ন ক্ষোন বস্তুকে—কিরূপে দর্শন প্রবণ ত্রাণ বচন মনন করিবে? যদি অস্তু কিছু থাকিত—তবেই অপরে অপরকে দর্শন—আত্রাণ, আত্মান্তন, বচন, প্রবণ, মনন, স্পর্শন, বিজ্ঞান করিত। আত্মা তখন জলের স্থায় স্বচ্ছ নির্মণ—অন্বিতীর দ্রষ্টারূপে প্রকটিত। জীব যে সকল বিষয়ে আনন্দ উপভোগ করে, তাহার কারণ, সেই সকল বিষয়ের মধ্যে রসম্বরণ বন্ধ প্রচ্ছঃ; তাই সেই রসের আয়াদনেই জীবের প্রভৃত আনন্দ।

সমাট, ইহাই আত্মার ত্রন্ধলোক—ত্রন্ধন্ধপী আশ্রয়—পরমা গতি—পরম ও চরম সম্পদ্—সর্ব্বোত্তম লোক্ষ—বিশ্বের সর্বপ্রেষ্ঠ কল্পনাতীত আনন্দ।

অবিভাবিভ্রমেই এই আনন্দ ভিন্নাকারে প্রকটিত, এই প্রমানন্দের ক্লিকামাত্র উপভোগ করিয়াই জীবগণ আপনাকে ধন্ত মনে করে।

অতঃপর ব্রহ্মানন্দের স্বরূপ নির্দেশ করিবার জন্ম ব্রহ্মর্যি যাজ্ঞবন্ধ্য বলিতে লাগিলেন :---

মছ্যাগণের মধ্যে যিনি সর্ক্ষপ্রেষ্ঠ সমৃদ্ধিশালী—লোকাধিপতি—সর্বাপেকা ভাগান্ত্রপ্রস্পান, তাঁহার যে আনন্দ—ভাহাই মহন্তসম্প্রদারের চরম আনন্দ। বিভবাক — অর্থে পিত্লোকের আনন্দ সেই ভোগস্থসম্পর্কিত মানকপ্রধানের আনন্দের শতগুণ আনন্দ গন্ধর্বলোকের; কর্মনেবগণের আনন্দ আবার গন্ধর্বলোকের আনন্দের শতগুণ। 'আজান' — অর্থে বাঁহারা প্রথমেই দেবতা, হইরা জন্মিরাছেন, তাঁহাদের আনন্দ কর্মনেবগণের আন-লের শতগুণ। প্রজাপতিলোকের আনন্দ আবার সেই 'আজান' দেবগণের আন-লের শতগুণ। প্রজাপতিলোকের শত আনন্দ নিস্পাপ নিদ্ধান ব্রদ্ধন্ধ শোরুরের একটিনাক আনন্দের সমত্লা। ইহাই পরম আনন্দ —ইহাই ত' ব্রন্ধলোক।

েরাজর্ষি জনক বলিলেন—স্থামি ধন্ত—কৃতকৃতার্থ। মহর্ষি, জাপনার অপার করণা, এবার কৃণা করিয়া আমাকে সোক্তের স্থৈতি সিজ্ঞান্ত উপদেশ করুন।

মহর্ষি বাজবন্ধা, নেধাবী রাজা তাঁহার জনস্ত জ্ঞান-বিভার চরম দিছান্ত জানিবার জন্ম আগ্রহ প্রকাশ করিতেছেন দেখিরা বিচলিত—ভীত হইলেন— কিন্তু সে ভীতি জ্ঞানের দুর্ববিদ্যা নহে। মহর্ষি পুনরার বলিতে আরম্ভ করিলেন, আত্মা সেই স্পাবস্থার প্রসদ্ধার রমণ-পরিনেশ করিয়া পাপ-পূণ্যের ফল—স্থ-ছঃখ দর্শন, করিয়া প্ররার লাগ্রতাবস্থার দিকে প্রধাবিত হন। নানাবিধ প্রবাসম্ভাবে পূর্ণ শকট বেরপ বিকট শক করিতে করিতে চলিতে থাকে, শরীরাভিমানী—জীবাত্মারও সেইরপ উর্দ্ধান উপস্থিত হুইলে, প্রজ্ঞাসংজ্ঞক পরমাত্মা কর্ত্বক নিয়ন্ত্রিত হুইরা মর্মান্তিক শ্বন্ধ করিতে করিতে কেইত্যাগ করিয়া চলিয়া-খায়।

আমদল, তুমুর, অখখদল বেমন স্থাক হইয়া ক্রমে শুদ্ধ শীর্ণ হইয়া বৃশ্বচুত হয়, তেমনি জরার বিস্তারে—মৃদ্যাপকর রোগাদির প্রভাবে মুম্র্ পুরুষের উদ্ধাস সম্পশ্বিত হইলে, শরীরবিমৃক্ত হইরা, প্রাণাদি সাধনসমূহ লাভ করিবার জন্ত নিজ নিজ কর্মাহ্যায়ী উৎপত্তির উদ্দেশ্যে প্রধাবিত হয়।

শক্তিমান্ রাজা কোন স্থানে ঘাইবার পূর্বেই যেমন সার্থি রথ সজ্জিত রাথে, প্রজাগণ তাঁহার বাসভবন, থাত্য, পানীয় প্রভৃতির ব্যবহা পূর্ব হইতেই করিয়া রাথে; স্থ্যজ্জিত করিয়া তাঁহার প্রতীক্ষা করে—তেমনি সমস্ত ভৃতগণ সেই দেহবিমূক্ত আত্মারূপী জ্ঞানীর জন্ত সকল উপকরণ পূর্ব হইতেই স্থসজ্জিত করিয়া প্রতীক্ষা করে। ত্বই প্রজাগণও ষেমন রাজা ঘাইতেছেন জানিয়া তাঁহার অন্থগমন করে, তেমনি মৃত্যুকালে উর্দ্ধাস উপস্থিত হইলে, আত্মা দেহ হইতে বহির্গমনের উপক্রম করিবামাক্র সমস্ত প্রাণ = চক্ষ্ প্রভৃতি ইক্সিয়বর্গ সেই স্মান্ত্রার অন্থগমন করিয়া থাকে।

চতুর্থ ব্রাহ্মণে—মৃত্যুর অধিকার-দীমা অতিক্রম।

শ্রুতি প্রথমে লোকপ্রসিদ্ধ মৃত্যুর অবস্থা বর্ণনা করিয়া, আত্মার মৃদ্ধির স্ব্যাখ্যা করিতেছেন:—

লোকান্তর প্রস্থানোতত সেই পুরুষ মৃত্যুসময়ে বলহান অবসর সম্মোহাছের হইরা পড়ে। চক্ষু প্রভৃতি প্রাণবর্গ আত্মার অভিমূবে গমন করে। দ্রদেশে যাজার অভিসাধিগণ বেমন গমনসময়ে তাহাদের তৈওঁসাদি একজিত করে, তেমনি বহির্গমনোম্ব্র আত্মাও ইল্রিরাদি তৈজসসমূহ হাদরপল্লে সমান্তত করেন। চক্ষুর অধিদেবতা স্থা তথন অকার্য্যে নির্ভ হন—চক্ষুর রূপদর্শনশক্তি বিলুপ্ত হয়। তথন চক্ষু, রসনা, বাক্, প্রবণ, মন, স্পর্শক্তি, বৃদ্ধি প্রভৃতি ইল্রির হাদরাকাশে একীভৃত—অন্তবশক্তি—কর্যাকরী শক্তি—তক্ত হয়। সেই সময় হাদরের অগ্র-ভাগ—মাত্মা যে পথে নির্গত হইবেন—সেই নাড়ীর বার আত্মজ্যোতিতে উন্তাসিত

হয়। স্থ্যলোকে যাইতে হইলে চক্ষুপথে—এক্ষ্যেকে বাইতে হইলে এক্ষয় পথে—জ্ঞান ও কর্মান্ত্রসারে অন্তলোকে যাইতে হইলে আত্মা শ্রীরের অন্তান্ত্র অবয়বের দার দিয়া নিজ্ঞান্ত হন। সেই বিজ্ঞান-আত্মা যথন পরলোকের উদ্দেশ্তে শরীর ত্যাগ করেন, তথন তাঁহার সংখ সঙ্গে ইক্রিয়র্ন্নপী প্রাণবর্গও অন্তর্গমন করে। তাঁহার জিহিক উপাসনা—কর্ম-প্রাক্তন—জ্ঞান—সংস্কারও আত্মার অন্ত্রসূপ করে।

পক্ষী বেমন এক বৃক্ষ ত্যাগ করিয়া অপর বৃক্ষে আত্মর গ্রহণ করে, আত্মর দেহাস্তরগ্রহণও ঠিক সেইরূপ কি না, মহর্ষি যাজ্ঞবদ্ধ্য ভাহা স্থবিবৃত করিতেছেন:---

জলোকা = জোঁক থেমন পূর্ব্বগৃহীত তৃণের শীর্ষপ্রান্তে যাইরা, অপর একটি তৃণ গ্রহণ করিরা আপনাকে সংহত করে = অর্থে পশ্চাদ্ভাগ সমূথের অংশে সন্নিবেশিত—সঙ্কৃচিত করে;—আত্মাও তেমনি বর্ত্তমান শরীর ত্যাগ করিরা, চেতনাশৃক্ত করিয়া নৃতন দেহ অবলম্বন করেন। *

অতঃপর নৃতন দেহারম্ভের উপাদান সম্বন্ধে শ্রুতি বলিতেছেন :---

স্বর্ণনার বেমন প্রবৃদ্ধিত , স্থবর্ণের অংশ লইরা তাহা চুর্ণ-বিচুর্ণ গণিত করিরা আবার নৃতন রমণীর অলঙ্কার প্রস্তুত করে, † পরলোকগমনোছত আত্মাও তেমনি বর্ত্তমান দেহ ত্যাগ করিয়া—নিহত—চেতনাবিহীন করিয়া পিতৃলোক—গন্ধর্কেলাক—দেবলোক—প্রজাপতি-লোকগমনোপযোগী ত্রন্ধলোক-লাভের উপযুক্ত কিয়া—প্রাধিজগতের কল্যানময় নৃতন শরীর গ্রহণ করেন। "

পরলোকগমনোগত আত্মার বে সমস্ত উপাধি—'বন্ধন' নামে অভিহিত— বাহাদের সংযোগে জীবাত্মা তত্মর—জগতে স্গুণব্রহ্মরূপে উপাসিত—অতঃপর শুতি সেই নিশু ণব্রহ্মরূপী পরমাত্মাতে বিভিন্ন গুণের সমন্বয় প্রদর্শন করিতেছেন:—

 ভাগ হইলে ভারতের বৈদিক্তৃণে স্বর্ণি ছিল—স্বর্গালকারের ব্যবহার ও নির্মাণ-বিধিও প্রবর্তিত ছিল।

^{*} হার অদৃষ্ট-বিজ্পনা! শিক্ষালোকদীপ্ত বর্ত্তমান যুগে এই মৃত্যুবহস্ত পরলোকপ্রজান জানিবার জন্য পাশ্চাত্য দার্শনিকের পদাশ্রর গ্রহণ করা ব্যতীভ উপায়ান্তর
নাই। কিন্তু কত শতাদী—কক্ষকলাতীত যুগ পূর্বেণমিচমমন আধান্তবি এই পরলোক—প্রজানের স্বন্ধপ তর স্বর্ণনা করিয়া, মৃত্যুবিভীষিকা অভিক্রেম করিয়াছেন।
পণ্ডিত মহাশ্যুগণের অপূর্বে কুহেলিকাবিস্তারনৈপূণ্যে তাহা অজ্ঞানভিমিরে চিরসমাছের। পাশ্চাত্য দার্শনিকগণ—ভৌতিক-তত্ত্ব আবিদ্যারে অমক্সাধারণ অধ্যবসায়সম্পের বৈজ্ঞানিকগণ জ্ঞানগন্ধোত্তীর কোন মূল উৎস হইতে এই বিজ্ঞান-প্রজ্ঞান সংগ্রহ
করিয়া ক্ষর্গতে অমরত্ব অর্জ্ঞন করিতেছেন দেখুন।

আত্মা প্রকৃতপকে ব্রশ্বরূপই বটে—কিন্ত উপাধিযোগে বিজ্ঞানময় — বৃদ্ধির
সহিত অভিন্ন; মনোময় — মনের সহিত অভিন্ন; এইরূপে—গ্রাণমর—চক্র্পর—
শ্রোক্তমর—পৃথিবীমর—জলমর—বায়ুমর— আকাশমর—তেজামর—অতেজামর
—কামমর—অকামমর—জানমর—ক্রোধমর—অক্রোধ্মর—ধর্মমর—অধর্মমর—
সর্বমর—প্রত্যক্তরাহ্য ব্সতময় —পরোক্ত-বস্তময়। জীব ষেরূপ কর্ম্ম ও আচারের
অনুষ্ঠান—অনুশীলন করে, সেইরূপ অধ্য ও উত্তম—পাগ ও পুণ্যবান্ হয়।

ইহার পর কর্মফল ও সংস্কারের বিচার সমাপন করিয়া শ্রুতি বলিতেছেন :—

• বাহারা অবিজ্যার উপান্ধনা করে—জ্ঞানরহিত কর্মায়প্তান করে—মৃত্যুর
পর তাহারা অন্ধতমে—সংসারের কণ্রণস্বরূপ অজ্ঞানে প্রবেশ করে। যাহারা
কর্মপ্রতি-পাদক বেদবিভায় নিরত থাকে—উপনিষদের অর্থ উপলব্ধি করে না—
মৃত্যুর পর তাহারা আত্মহর্শন-জ্ঞানের অভাবে তদপেক্ষা অধিকতর অজ্ঞানে
সমাচ্ছের—আনন্দহীন হয়। আর যিনি ব্রন্ধতার বিজ্ঞাত হন—তিনি জন্ম-মরণপ্রবাহের উচ্ছেদ করিয়া অমরত্ব—বিমুক্তি লাভ করেন।

অবৈতবাদের পুন: প্রবর্ত্তক, আচার্য্য শঙ্করও তর্কযুদ্ধে ঠিক এই কথারই প্রতিধ্বনি করিয়া বলিয়াছেন—কর্মকাণ্ডের যজ্ঞাদি অমুষ্ঠানে যদি করব্যাপী স্বর্গবাসও সম্ভব হয়, তাহাতেই বা কি কল—ভোগাবসানে আবার ত' এই জন্ম-জরা-মরণনীল সংসারে জন্মপরিগ্রহ , করিয়া, আবার অশেষ বন্ধণা ভোগ করিতে হইবে ? জ্ঞানকাণ্ডের উপাসনায় আয়েত্তত্ব হৃদয়সম কর। জ্ঞগতে একমাত্র সত্য ব্রহ্মজ্ঞানের উপলব্ধি না হইলে মুক্তিলাভ কোনমতেই ত' সম্ভব ইহবে না।

ব্রহ্মানন্দলাভের মৃক্ত অবস্থা কিরুপ, ব্রন্মর্ষি যাজ্ঞবন্ধ্য বর্ণনা করিতেছেন :—

মুমুক্ত পুকৃষ বধন ভূত-ভবিশ্বৎ-বর্ত্তমানের অধীক্ষররূপৈ সেই আত্মাই অপ্রকাশ বলিয়া, প্রভাক্ষ অহত্তি লাভ করেন—সেই ঈশান আত্মার সহিত একত্ব-বোধ উপলব্ধি করেন—তথন তিনি আর সেই সর্কেশ্বর হুইতে আপনাকে গোপনা, করিতে ইচ্ছা করেন না। সেই আত্মদর্শনের ফলে আর কাহারও নিকা করিতে পারেন না। সহৎ দর বাহাকে স্পর্শ না করিয়াই দিবসের সহিত পরিবর্ত্তিত হয়, দেবগণ তাঁহাকে জ্যোতির জ্যোতিঃ অমৃত-আয়ু বলিয়া উপাসনা করেন।

দেবতা, গন্ধর্ক, পিতৃগদ, অহার, রাক্ষ্যী এই 'পঞ্চজন', কিয়া ত্রান্ধণ, ক্ষত্রিয়, বৈশ্ব, শূদ্র, 'নিষাদ এই পঞ্চশ্রেণী এবং হক্ষ আকাশ গাঁহাতে প্রতিষ্ঠিত, সেই পাত্মাই অমৃত-ব্ৰহ্ম। হাৰৰে তাঁহাৰ ধানেই মেমৃত্ত্বশাভ সম্ভব। প্ৰাণাদি পঞ্চেক্তিৰ সেই হৈত্যস্বৰূপ আত্মাৰ জ্যোতিৰ দাবাই উদ্ৰাসিত।

সেই ব্রন্ধকে পরিশুদ্ধ মনের সাহায়েই কেবল দর্শন করিওে হইবে—
এথানে যে একই সবদ্দ্রত্ব নাই—তিনি ভেদরহিত—ভেদজান দারা
উপাসনা করিলে যে মৃত্যু হইতে মৃত্যু প্রাপ্ত হয়;—পুনঃ পুনঃ জন্মমরণপ্রবাহ ভোগ করে।

বন্ধ অপ্রমের—গ্রব—শুদ্ধ—ক্ষানস্বরূপ—নিত্য কৃটস্থ = তাঁহাকে সর্বাদা এক বিদ্যা ব্রিতে হইবে—তিনি পাপপুণ্যাদি ফলরহিত্— স্থ্ম আকাশ হইতেও অতি স্থ্য—পরম মহৎ—কৃটস্থ = একরপে সদা বিভাষান।

ব্রন্ধনিষ্ঠ প্রথম ধার—আত্ম-অভিমানশৃত্য—তিনি আত্মাকে শান্তরণে— প্রজ্ঞাকে আচার্য্যরূপে কল্পনা করিয়া সমস্ত সংশয়-নিবৃত্তি করিয়া, অপরোক্ষ অফুভৃতিজ্ঞান লাভ করেন। ব্রন্ধবিদ্ ব্যক্তি বৃহত্তর শন্দিন্তা করেন না;— ভাহাতে কেবল বাগিন্দ্রিরের গ্লানি ও অবসাদ জন্মে মাত্র।

ব্রহ্ম মহান্—সর্বব্যাপী—অজ্ র = জন্মরহিত — বুদ্ধিবিজ্ঞানের সমন্বয়ে বিজ্ঞানময়—সকলের প্রভূ—সকলের ঈশ্র-সকলের অধিপতি—জ্বন্নাকাশমধ্যবর্তী
পরমান্ত্রার অবস্থিত—সাধু অসাধু কর্ম দারা তাঁহার উপচয় অপচয় সম্ভব নহে —
তিনি বে সর্বেশ্বর—সর্বনিয়ম্ভা—ভূতাধিপতি—সর্বভূতপুলক—লোকসম্হের
বিভাজক, আবার ধারক-সেভুস্বরূপ।

ব্রাহ্মণগণ বেদপাঠ—মানবর্গণ বজ্ঞ, দান, তপস্থার দ্বারা তাঁহাকেই জানিবার বাসনা করেন—মুনিগণ তাঁহারই ধ্যানে মননশীল হন—সন্ন্যাসিগণ আত্মলাক-লাভের জন্ম প্রেক্সাশ—সন্থ্যাস গ্রহণ করেন। আর জ্ঞানিগণ মনে করেন, আত্মদর্শনই আমাদের কাম্যজ্ঞান—সন্থান ধারা আমরা আবার কি ফল লাভ করিব ? পুত্রকামনা—বিত্তকামনা—অর্গাদি লোককামনায় বিরত হইন্না, তাঁহারা সন্ম্যাস গ্রহণ করিয়া আত্মচিস্তায় সমাহিত হন।

'দ এব নেতি নেতি আছা' তিনি ইহা নহেন—ইহাই তাঁহার একমাত্র পরিচর। তিনি ইক্রিয়নিচরের গ্রহণশক্তির অতীত—অফ্রেয়'বিদিয়া'অগৃহ ; তাঁহার শীর্ণতা সম্ভব নহে, বলিরা অশীর্ণ ; অনাসক্ত বলিরা অসঙ্গ ; বাধার অতীত বলিরা অসিত ; তিনি ক্লাক্ত ফলচিম্ভার পরপারে অবহিত। সেই জন্তই আঅদদশী পুরুষ ক্লাক্ত পাপপুণা অভিক্রম করেন—কোন সম্ভাপেই ব্যথিত হরেন না। ত্রশাবদ প্রথের মছিমা—সম্পাদ বৈভব বিভৃতি উদয়ান্ত-বর্জ্জিত—কর্মায়ন্তানে তাহার প্রাসার্দ্দি সভিব নহে। তিনি শাস্ত, দান্ত, সংঘত, তিতিক্যু, সমাহিত, মজোগুণে অন্যসক্ত—সর্কবিধ কামনাবর্জিত;—ত্রগানন্দলাতে সর্কাদা আনন্দময়।

ব্রহ্মর্যি যাজ্ঞবক্তা বলিলেন,—হে স্থাট্, আপনি জগতের সেই অতুলা ► সম্পদ্—অলৌকিক আনন্দ—ব্রহ্মানন লাভ ক্রিয়াছেন।

রাজবি জনক বলিলেন,—মহিষ, আপনার জ্ঞানজ্যোতি:-সম্পাত-সম ব্রহজ্ঞান লাভে আমি ধন্ত-কৃতকৃতার্থ—এই বিদেহরাজ্যে আর আমার কোন প্রয়োজন নাই—আমি আপনার শ্রীচরণে আন্মমর্পণ করিতেছি, দ্যা করিয়া আমাকে আপনার পদাশ্রম প্রদান করুন।

শ্বনক-বাজ্ঞবদ্ধ্যপ্রাসকের উদ্দেশ্য, শ্রুতি নিজেই বিবৃত করিয়া বলিতেছেন:— বিনি এই মহান্ = সর্কব্যাপী—অব্দ = জ্বারহিত—সর্কভৃতে অবস্থিত আত্মার অহুভৃতি-জ্ঞান লাভ করেন, তিনি সর্কভৃতের আত্মস্বরূপ অন্ধভোগ করেন— সর্কবান্মভাবসম্পন্ন ইইয়া, সমস্ত কর্মফলরাশি উপভোগ করেন। আর বিনি এই মহান্, অব্লর, অমর, অভ্য ব্রন্মের স্বরূপ উপলান্ধি করেন, তিনি অভ্য ব্রন্মস্বরূপ।

[জান-প্রজ্ঞান-সাধনাময় ভারতের বৈদিক বুগের পর জগতের সন্তায় কত
শতান্দীর পর শতান্দী অতীত হইরাছে—বিশ্ববাসীর চিস্তা-সাধনাপ্রস্ত কত
বিজ্ঞানের গবেষণা আবিষ্কার—অন্নীলন সম্ভব হইরাছে, কিন্তু এই শিক্ষালোকশীপ্ত বিংশশতান্দী পর্যান্ত, জগতের জ্ঞানভাঙারে এই প্রদ্ধবিদ্যা অপেক্ষা
প্রেষ্ঠতম জ্ঞান সঞ্চিত হওয়া সম্ভব হইরাছে কি ?]

পঞ্চম ত্রাহ্মণে—্মৈত্রেয়ীকে ব্রহ্মতত্ত্ব উপদেশ।

মহর্ষি বাজ্ঞবন্ধ্য তাঁহার সহধর্মিণী মৈত্রেরীকে—ব্রন্ধ উপদেশ দিরা সন্ধাসাধ্যম গ্রহণ করিতে যাইতেছেন—এই ব্রন্ধবিভার উপদেশ—দিতীয় অধ্যারের চতুর্য ব্রান্ধপের সম্পূর্ণ অন্তর্মণ। এ প্রসঙ্গ গ্রহ-প্রবেশের ৪৭ পৃষ্ঠার বিবৃত করিয়াছি, পুনক্রমেথ অন্যবশ্বক্ষক। উপসংহারে মহর্ষি যাজ্ঞবন্ধ্য আবার বিশেষ করিয়া বলিতেছেন:—

সৈত্বৰ-সৰ্বাথগু বেমন অন্তরে বাহিরে সমস্তটাই লবণময়—,ভিতরে বাহিরে কোন বৈলক্ষণ্য নাই—,সেইরূপ আত্মা অন্তরে বাহিরে সর্বত্ত প্রজ্ঞানময়— প্রজ্ঞানঘন—প্রজ্ঞান ব্যতীত তাঁহার অন্ত কোন কিছুই নাই। এই প্রজ্ঞানময় আত্মা ভূতগণকে অবলঘন করিয়াই উথিত হয় জীবভাবে আবিষ্ণু হয়—
ভূতবর্গের নাশের সঙ্গেই বিলীন হয়— মৃত্যুর পর তাহার আর কোন সংজ্ঞা
বা বিশেষ বেধি থাকে না। আত্মা কিন্তু সকল অবস্থাতেই অবিনাশী;—
আত্মার কথনও বিনাশ-সন্তব হয় না। 'সেই অমর আত্মা কেবল 'নেভি নেভি'
প্রজ্ঞীতিপমা। সেই স্থাঞ্জানের আধার বিজ্ঞাভাকে আবার কিসের ঘারা
জানিবে? ইহাই অমৃত—মৃক্তির সাধন। মৈত্রেগীকে এই উপদেশ দিয়া মহ্দি
প্রজ্ঞা গ্রহণ করিয়াছিলেন।

আচার্য্য শকর ভারে নৈত্রেয়ী-ব্রাহ্মণের বিরাবৃত্তির কারণ উল্লেখ করিয়া বলিতেছেন:—বিতীয় অধ্যায়ের মধুকাণ্ডের মৈত্রেয়ী-ব্রাহ্মণে কেবল সিদ্ধান্ত-বাক্যে শুতি ব্রহ্মজ্ঞানের নির্দেশ করিতেছেন—আর চতুর্থ অধ্যায়ে যাজ্ঞবন্ধ্য-প্রকরণের মৈত্রেয়ী-ব্রাহ্মণে শুতি যুক্তি-তর্ক-প্রমাণে ব্রহ্মজ্ঞান প্রতিপাদন করিতেছেন।

यष्ठं बाकारन- याळवन्द्रीय काटखत्र वश्म-बाकानी

ব্রহ্মবিক্তার সম্প্রসারণের ঋষি ব্রহ্মবি-মহর্ষিগণের নাম ও আচার্য্য-পরম্পরার ভালিকা। সেই নিত্যবেদ-প্রতিভাত স্বয়ন্ত্ ব্রহ্মকে প্রণাম।

পঞ্চম 'অধ্যায়--খিলকাও

পূর্ণমদঃ পূর্ণমিদং পূর্ণাৎ পূর্ণমূদচ্যতে । পূর্ণশু পূর্ণমাদার পূর্ণমেবাৰশিয়তে।

ষজুর্বেদের এই শান্তিপার্চ-মন্ত্র হইরা রহদারণ্যক উপনিষদ সমাপ্ত হইরা গেল।
কিন্তু ইহার পর পঞ্চম ও ষষ্ঠ, অধ্যার আবার কেন যে আরম্ভ হইরাছে, তাহা
বৃথিরা উঠিতে পারিলাম না। এই জন্ত পঞ্চম ও ষষ্ঠ অধ্যারকে অনেকেই থিলকাণ্ড
বলিয়া থাকেন—আচার্য্য শক্ষরও এই মতের অহ্ববর্ত্তী। ইহা দেখিয়া মনে হর,
প্রথম যথন বৃহদারণ্যক উপনিষদ গ্রথিত হইরাছিল—সেই সময় এই হই অধ্যার
সন্নিবেশিত ছিল না। এই ছই অধ্যার যে অপেক্ষারুত অপ্রাচীন, ইহাতে
সন্মেহের অবকাশ নাই। কিন্তু শিবাবতার শক্ষরাচার্য্য যথন বৃহদারণ্যক
উপনিষদের ভান্ত প্রণার অপেক্ষারুত অপ্রাচীন হইলেও বহু অম্লা উপদেশে
সম্জ। কোন কোন প্রত্নতাত্তিক পঞ্চম ও ষষ্ঠ অধ্যার সংযোগের একটি কারণ
নির্দ্ধারত করিয়াছেন, কিন্তু বেদের ভিত্র এইরূপ প্রক্ষিপ্তাংশ সংযোজিত
হইরাছে, আমরা তাহা বলিবার মত সাহস রাখি না। আমাদের মনে হয়,
এই ছই অধ্যার হয় ত' সংসারাশ্রমিগণের জনাই উপদিষ্ট।

.প্রথম ব্রাক্ষণে—ওঙ্কার-তত্ত্ব।

শান্তিপাঠ-মন্ত্রের অর্থ এইরূপ :--

ইন্দ্রিরের অগোচর কারণস্বরূপ ব্রহ্ম পূর্ণ ; কার্য্যাত্মক ব্রহ্মও পূর্ণ ; পূর্ণ জগৎ-কার্য্য পূর্ণ কারণ হইতেই অভিব্যক্ত ;—অবশেষে এই পূর্ণের পূর্ণস্বস্ক্রপ কর্মজগৎ, দাবার-পূর্ণড়েই বিলীন হইলো, সেই পূর্ণ ই অবশিষ্ট-প্লাকে।

'ওঁ খং ব্রহ্ম'—একটি মৃত্র। এই মন্ত্রটি অক্তর ব্যবহৃত নছে—গ্যানের জর্জাই বিনিমুক্ত। এক্তি অস্তর বিজয়াছেন—

'এই ওয়ারই শ্রেষ্ঠ অবসমন—উত্তম ধ্যান।' 'ওয়ারের ধ্যানে আত্মাতে সমাহিত হইবে।' 'ওম্ এই অক্ষরব্যাপেট্ল প্রমপুরুষকে ধ্যান করিবে।' 'ওম্ ইত্যাকার উদ্গীধ গান করিবে।' শ্রতি এখানে বলিতেছেন:---

আকাশাত্মক ব্রহ্ম ওঙ্কার-নাদের প্রতিপাঁত। উক্ত থেটে পুরণি—চিরস্তন সভ্য-প্রমাত্মাকাশ;—অর্থাৎ ভূভাকাশ নহে। কিন্তু কোরবাারনী-পুত্র বলেন বে, ইহা বায়ুর আশ্রম ভূতাকাশ। ওঙ্কাব্রই সমস্ত বেদস্বরূপ —ওঙ্কাব্রই সাধনা।

দিতীয় ব্রান্সণে—প্রজাপতির উপদেশ।

আবার আথ্যারিকার আরে প ইততেছে। প্রজাপতির তিন শ্রেণীর পূর্ব--দেবতাগণ, মনুষ্ঠাণ ও অস্কুরগণ।

দেবতাগণ ব্রহ্মহাঁ ও শিক্ষা সমাপন করিয়া পিঁতা প্রজ্ঞাপতির নিকট উপদেশ প্রার্থনা করিলে, তিনি একটিমাত্র 'দ' অক্ষর উপদেশ দিয়া জিজ্ঞাসা করিলেন, কেমন, তোমরা 'দ' কারের অর্থ হৃদয়ক্ষম করিয়াছ ? দেবগণ বলিলেন, হাঁ—ব্ঝিয়াছ, 'দ' অর্থে আপনি আমাদের দান্ত = দমগুণাছিত—সংযমশীল হইবার জন্ত উপদেশ দিয়াছেন। প্রজাপতি বলিলেন, বেশ। মহুয়্মগণকে ঐভাবে 'দ' অক্ষর উপদেশ দিয়া প্রজাপতি জিজ্ঞাসা করিলেন, তোমরা কিঁ বৃঝিয়াছ ? মহুয়্মগণ বলিলেন—আপনি ত' 'দ' অর্থে ধান করিতে উপদেশ দিয়াছেন। ব্রহ্মা বলিলেন, ভাল। অহ্বরগণকেও ঐভাবে উপদেশ দিয়া জিজ্ঞাসা করিলেন, তোমরা কি. ব্ঝিয়াছ ? তাহারা বলিলে, আপনি ত' দয়াশীল হইবার জন্ত উপদেশ দিতেছেন। ব্রহ্মা বলিলেন, ঠিক বৃঝিয়াছ।

এথনও সেই দৈববাণী দিগন্ত প্রতিধ্বনিত করিয়া মন্ত্রমেছর 'দ—দ—দ''শন্দে মেঘগর্জন ধ্বনিত হইয়া সেই উপদেশই প্রদান করে—তোমরা দান্ত হও—দানশীল হও—দরাবান হও। এই রপকের উদ্দেশ—মানব্ দান্ত—ত্যাগশীল—দরাবান হইলে তবে উপাসনার অধিকারী হইবে।

ভূতীয় ব্ৰাক্ষণে—হদয়তত্ত্ব।

কাষ সর্বাত্মক—হাদরই ব্রহ্ম ব্রহি প্রজাপতি। হাদরশকটি ও' তিনটি অকরের সমন্ত্র। এ'হ' অর্থে যিনি হাদরতত্ত্ব—আত্মতত্ত্ব অবগত্ত—'দ' অর্থে যিনি অক্টের তৃত্তির বাত্ত সেই জান—সেই অর্থভূতি পান করেন—'ব' গমনার্থক—তিনি অর্গলোকে গমন করেন। ইং। হাদরে আত্মসাধনার প্রশংসা।

ह जूर्थ बाक्रात्—क्षय बत्त्वत्र माधना ।

ক্ষার এক ;—স্কান্ত সভ্য-সংশ-তং, অরপে এর্ড = আকৃতিবিশিষ্ট ; আবার অনুর্ত্ত = আকৃতিবিহীন, উভয়েরই স্বরূপ—পঞ্চুতাত্মক। সত্যই এক্স—সিনি সেই প্রথমজ মহান্ ষক্ষকে = সভীক্ষপী প্রজাপতিকে সত্য বলিয়া জানেন, তিনিই বিশ্বজয়ী, — তিনি মুর্বলোক জয় করেন।

পঞ্ম ভ্রাক্সণে – সত্য ভ্রন্ম।

স্ষ্টির পূর্বে জ্গৎ জনরপে—যজ্ঞাছতিরূপ বাল্পাকারে পরিণত ছিল—সেই জা হিরণাগর্ত-নামক সত্যের স্ষ্টি করিল। সেই সত্যই মহন্তনিবন্ধন ব্রহ্ম —সেই ব্রহ্মই প্রজাপতিরূপী বিরাট্ পুরুষকে স্ষ্টিকরিরাছেন। প্রজাপতি দেবগুণকে স্ষ্টিকরিরাছেন, মেই জন্ত দেবগণ সত্যেরই উপাসনা করেন।

षष्ठं खाकारा-भरनामय खका।

সেই সত্য-ব্রহ্ম —সকলেরই মনোময় মনোমধ্যে দৃষ্ট। তিনি সকলেরই ঈশান = সকলের অধিপত্তি—সকলের পালনকর্ত্তা—সকলের শাসক—নিয়স্তা।

সপ্তম বাকাণে—বিহ্যুদ্রপী ব্রহ্ম।

কৰ কেই বলেন, বিহাৎই ব্ৰহ্ম। তিনি জ্ঞানের বিহাৎ—বিহাৎ-গুণ-সংযোগেই তাঁহার উপাসনা। মেঘান্ধকারের মত পাপান্ধকার—অজ্ঞানান্ধকার তিনি মুহুর্তের জ্ঞানদীপ্তি-সঞ্চালনে বিদ্বিত করেন।

় সেই জন্ত বৃথি দক্ষিণেখরের মূর্জিমান বেদান্তরূপী ভগবান শ্রীরামক্রফদেব বিলয়াছেন—মূগ্যুগান্তরের অজ্ঞান-অন্ধকার একটিমাত্র জ্ঞানের দীধিতে মূহুর্ত্তে অপসানিত হয়।

অন্টম **ব্রাক্ষ**ণে—বাক্যের প্রতীক।

বাক্যকে ধৈল্পক্সপে উপাসনা করিবে। বাক্যক্সপা ধেল্বর চারিটি স্তন— তৃইটি স্তন দেবতার উপভোগ্য—একটি মানবের, অপরটি পিতৃগণের উপজীব্য। প্রাণ বৃষস্থানীয়—মন তাহার বৎসম্বরূপ।

নবম ব্রাহ্মণে—অগ্রিরপী ব্রহ্ম।

অমি বৈশানররূপে মানব-শরীরে অবস্থিত। অমির বারাই ভূকার পরিপ্রাক হয়। কর্ণির জার্ত করিলেও দে প্রজাপতি অমির বোব—ধ্বনি ঐত রয়। আসম-মৃত্যু পুরুষ সেধনি তনিতে পায় না।

मुन्य बाबाल-ब्बादेशक।

জ্ঞানী পুরুষ। দেহত্যাগের পর প্রথমে বায়ুমগুলে—পরে প্রথম তার্থক তিন্দ্র হয়। তাহার পর শোক-তঃথবর্জ্জিত সদা আনন্দময় শাখত বন্ধলোকে প্রধাণ করে।

একাদশ ব্রাহ্মণে—রোগযন্ত্রণা তপস্থা-স্করপণ

ব্যাধিরণ সন্তাণ—রোগধন্ত্রণা—হ:খভোগ একটি পরম তপস্থা;—ই সন্তাপই কর্মকরের নিদানস্বরূপ—ই তপস্থাপ্রভাবেই পাপর্মশি দম্ম হয়। সংসার ত্যাগ করিয়া, বানপ্রস্থ অবলম্বন করিয়া, অরণ্যাশ্রমী হওয়া বেমন পরম তপস্থা—
মৃত্যুর পর অগ্নির দারা শরীর ভন্মাভূত হইবে বলিয়া আনন্দ অমুভব করাও তেমনি তপস্থা।

দাদশ বাক্ষণে—অন্নরপী বকা।

কেহ কেহ বলেন, অন্নই ব্রন্ধ। মহর্ষি মহ প্রভৃতির দিছান্ত—অন্নকে ব্রন্ধত গ্রহণ করিবে—অভিনন্দিত করিবে। আবার কোন কোন আচার্য্যের মডে—অন্ন ব্রন্ধ নহে—প্রাণ ব্যতিরেকে যথন অন্নমাত্রই পচিন্না যায়—এ জন্ত প্রাণই ব্রন্ধস্বরূপ। পরস্ক অন্ন ও প্রাণ উভয় দেবতাই একত্রিভ হইনা পরমত্ব— 'ব্রন্ধভাব লাভ করিরা থাকে।

ত্রয়েদণ ব্রাহ্মণে—প্রাণের উপাসনা।

'উক্থ'—গাণায় প্রাণই উপাসনা—প্রাণই যজু:—প্রাণই সাম—প্রাণই কালশক্তির বলবীর্য়। এই বিভিন্ন ভাবে প্রাণের সাধনায়—প্রাণের শ্রেষ্ঠতা-সম্পাদনে সাৰ্জ্য ও সালোক্যলাভ সম্ভব হয়।

চতুর্দশ ব্রাক্ষণে—গায়ত্রী-সাধনায় রাজ্যি জনকের উপদেশ।

বন্ধই অষ্টাক্ষরষ্ক্ত গান্ধলী—গান্ধলীতে এনী বেদের পানবন—সভ্যরূপী চকুতে গান্ধলীয় তুরীয় পাদ প্রতিষ্ঠিত।

প্রাণ-সমূহক 'গর' অর্থে গায়জীর গায়ক। সেই প্রাণ-সমূহকে জাণ করেন =
ছংগরহিত করেন বলিয়াই গায়জী নাবের প্রসিদ্ধি। প্রকৃত গায়লীকংক্ষবিদ্
ব্যক্তি জানপ্রভাবে লোকজ্যী হইতে পারেন।

গায়ন্ত্রী-প্রজ্ঞানের প্রশংসার জন্ম শ্রুতি আবার রূপকের অবতারণা করিতেছেন:-

বিদেহাখিপতি বৃদ্ধিনক আখভারাখির প্র বৃড়িলকে বলিতেছেন—
বৃড়িল, তৃমি গাক্ষীবিদ বলিয়া পরিচয় দিয়া, এইরূপ হন্তী হইরা, বহন
করিতেছ কেন ?

্রিভাস্কার শহর বৃড়িলের পরিচর বোধ হুর এইরূপ দিতেছেন—পূর্বজন্মে তিনি ঋষি ছিলেন—তিনি গায়ন্ত্রী-রহস্ত অবগত না হইতে পারায় মৃক্তিলাভ সম্ভব হয় নাই—এ জন্মে জাতিশ্যর হস্তী হইরাছেন।

বুড়িল বলিলেন—আমি যে গায়জীর মূথ জানিতে পারি নাই।

জনক বলিলেন—অগ্নিই গায়জীর মুখ। অগ্নিতে যেমন বহু ইন্ধন প্রদান করিলেও অগ্নি সমন্তই বিদশ্ধ করে, তেমনি গায়জীরহস্তবিদ্ বহুপাপ করিলেও ভাহা বিনষ্ঠ হইয়া—তিনি অগ্নির ক্লান্ন শুদ্ধ—পৃত :—গায়জীস্বরূপ অমর— অজ্য হন। '

পঞ্চশ ব্রাক্ষণে — মৃত্যু-মুহুর্ত্তের প্রার্থনা।

জ্ঞানকর্ম্মের অনুশীলনকারী মৃত্যুর পূর্বমূহুর্ত্তে আদিত্যকে গায়ত্রীর চতুর্থ পাদজানে এইরূপ প্রার্থনা করিবেন:—হে স্থ্য, তুমি জগৎপোষক সবিতাশর্পুপ। তুমি যে ঐ জ্যোতির্ম্মর মগুলপাত্র বারা সত্য-ব্রন্ধকে সমাচ্ছাদিত
করিয়াছ, তাহা অপসারিত কর—আমি অন্তিম মূহুর্ত্তে সত্যব্রন্ধকে দর্শন করিয়া
ধন্ত হই। হে স্থ্য—হে একর্ষে অর্থে—প্রধান ঋষি—হে যম অর্থে—সংযমনকারী
—হে প্রাজাপত্য, তোমার রশ্মিদমূহ সম্ভূচিত কর—তোমার দৃষ্টিপ্রতিঘাতী তেজঃপ্র অপসারিত করিয়া আমাকে সেই পরমত্রন্ধের বিশ্বক্লগাণময় মঙ্গলালয়
সত্যর্মপটি দেখাইয়া, আমার শেষ সাধ পূর্ণ কর। আমার প্রাণবায়ু বাহ্ববায়ুতে
স্মিলিত হউক—আমার এই নশ্বর দেহ জন্মীভূত হইরা দেহোপাদান পৃথিবীতে
বিলীন হউক। হে প্রপ্রাত্মক সংকল্পময় মন; শেব মূহুর্ত্তে নেই সত্যব্রন্ধক
শ্বরণ করিতে বিশ্বত হইও না। পুনঃপুনঃ শ্বরণ কর। হে অ্মি, তুমি আমার
বৃদ্ধিবৃত্তির কশান্তিত পাপরাশি বিদম্ধ কর।

ষষ্ঠ অধ্যায়

প্রথম ব্রাহ্মণে—প্রাণের শ্রেষ্ঠত্ব-বিধান।

পূর্ব অধ্যারে গারত্রীই প্রাণম্বরণ স্থবিবৃত হইরাছে। । ষঠ অধ্যারে শ্রুতি বিলিতেছেন, প্রাণই জ্যেষ্ঠ ও শ্রেষ্ঠ । এজন্ত, প্রাণেরই ঋক্, যজুঃ, সাম, কাত্র শক্তিউপাসনা স্থবর্ণিত। দেই সিদ্ধান্ত আবার প্রামাণ্য যুক্তি ছারা প্রতিপাদিত হইতেছে।

বাক্ই বসিষ্ঠা—বাগ্বিভৃতিই শক্তি। চকু: প্রতিষ্ঠা—সম ও ছুর্গম
শ্বান চকুই দর্শন করে। প্রবণই সম্পান্—প্রবণশক্তিনম্পন্ন প্রক্ষের পক্ষেই
বেদাধ্যয়ন সম্ভব। মনই প্রসিদ্ধ আয়তন—ইন্দ্রিয়রপাদির আশ্রয়। মনের
আশ্রের থাকিয়াই আত্মার ভোগ সম্পন্ন হইয়া থাকে। রেতােরপ্লী জননেক্রিয়
প্রজাতি বলিয়া প্রসিদ্ধ। আবার আথাারিকার আরোপ করিয়া বৃঝাইতেছেন:—

এক সময়ে প্রাণ ও বাক্ প্রভৃতি ইন্দ্রিরাণ নিজ নিজ শ্রেষ্ঠ ও প্রতিপন্ন করিবার জন্ম প্রজাপতি ব্রহ্মার নিকট বিচারপ্রার্থী হইরাছিল। ব্রহ্মা বলিরাছিলেন
—্যে প্রাণ শরীর হইতে নির্গত হইলে লোকে শরীরঞ্জ অস্থ্য মনে করে,
তোমাদের মধ্যে সেই প্রাণই প্রেষ্ঠ।

বাক্, চকু, শ্রবণ, মন, রেত: শরীর হইতে চলিয়া গেলেও জীবনধারণ সম্ভব হইল, কিন্তু প্রাণ নির্গত হইবার উপক্রম করিলে আর এক মুহূর্তও জীবিত থাকিবার আশা নাই দেখিয়া, সকলেই মুখ্যপ্রাণের শ্রেষ্ঠত স্বীকার করিল। বার্গিক্রিয় প্রভৃতি প্রাণেরই আশ্রিত হইল।

দিতীয় ব্ৰাহ্মণে – পঞ্চামি-বিভা দ

শঞায়ি-বিভা আখ্যায়িক্কার রূপকপ্রসঙ্গে পরগোঁকতথ ও লগারহস্ত নির্ণীত হততেছে:—

এক সমরে আকৃণির পুত্র খেতকেতৃ পঞ্চালরাক কৈবালি প্রবাহণের রাজ্ব-সভার পরন করিয়াছিলেন। পঞ্চালরাক তথন ভূত্য ছারা শরীর-সহাহন = পছসেবা করাইডেছিলেন। তিনি খেতকেতৃকে অ্বজ্ঞা করিয়া প্রশ্ন করিলেন— ক্ষিপুত্র, তুমি তোমার পিতার নিকট হইতে উত্তমরূপে শিক্ষাপ্রাপ্ত হইরাছ ত'? -A----

খেতকেতু বঁলিয়াছিলেন—ও্ম্—হাঁ। পঞ্চালরাক্ত জিজাসা করিলেন—
(১) তুমি কি জান, লোক মুক্তর পর বাইতে বাইতে কোথার বিচ্ছিন্ন হর ?
(২) পরলোকগত লোকেরা আবার কিরপে ফিরিয়া আসে, জার কি ? (৩) মৃত্যুরাজ্যে এখান হইতে ক্রমাগত বহুলোক গমন করিতেছে, তবুও সে হান পূর্ব হয়
না কেন, বলিতে পার ? (৪) তুমি কি সেই যজ্জির, আছতিনিচয়ের নাম জান
—যে আছতিতে স্নাহত হইরা, মৃত পুরুষ সংজ্ঞা প্রাপ্ত হইয়া, আবার জন্মলাভ
ছরে—জাবার বাক্শক্তিসম্পন্ন হয় ? (৫) শবেষান পিতৃষান নামক পথের
প্রতিপদ্ তুমি জান কি ?—সেই পথপ্রাপ্তির উপার কি ?—অর্থে দেবলোক—
পিতৃলোকলাভের উপার কি
রু মন্ত্রে শুনিরাছি, পিতৃলোক—দেবলোকের তুইটি
স্থগম পথ আছে। মৃত্যুর পর মানত্র সেই পথ দিয়া স্ব কর্মান্থরপ লোকে
গমন করে, সেই পথের নির্দেশ তুমি জান কি ?

খেতকেতু লক্ষিত হইয়া বলিলেন,—না মহারাজ, এই সকল প্রশ্নের একটির উত্তরও আমি জানি না।

পঞ্চালরাজ ত্ত্বন খেতকেতৃকে মহাসমাদরে সেইখানে অবস্থান করিবার জন্ত সাদ্ধর অন্মুরোধ করিলেন, কিন্তু অভিমানী খেতকেতু কণমাত্র সেথানে অবস্থান করিলেন না। পিতার নিকট ফিরিয়া আসিরা অস্বােগ করিয়া বলিলেন, পিতা, আপনি বলিয়াছিলেন, আমাকে সম্পূর্ণ শিক্ষা প্রদান করিয়া-ছেন—কিন্ত আমি, পঞ্চালরাজের পাঁচটি প্রশ্নের একটিরও কোন উত্তর **িলি**তে না পারিরা, অপমানিত হইরা ফিরিয়াছি। তাঁহার পিতা জিজ্ঞাসা করিলেন, হে সুবোধ, সেই পাঁচটি প্রশ্ন কি কি? খেতকেতু প্রশ্ন পাঁচ-हिंद উল্লেখ করিলেন। ঋষি বলিলেন, ইহার উত্তর আমিও জানি না। ্আমার বতদ্র জান-বিভা, তাহাই তোমাকে এদান করিয়াছি-চল, আমরা উভ্রে রাজার নিকট গমন করিয়া বিভা লাভ করি।, পুত্র অভিমানে পঞ্চালরাজের নিক্ট গমন করিলেন না—ঝিষ গৌতম রাজসমীপে উপস্থিত হইলেন। পঞ্চালরাজ মহাসমানরে তাঁহার পাদপ্রকালন করিয়া, অর্জনা করিলেন; ৰ্ষিষ্ একান্ত অনুরোধে তাঁহাকে বর-প্রদানে সমত হইলেন। ধৰি বলিলেন— আপনি আমার পুত্রকে বে পাচটি প্রশ্ন করিয়াছেন, তাহার সম্যক্ উত্তর जामारक श्राम कक्न-हेराहे जामात्र श्रीर्थिठ वत्र। तांका विगरणन-আগনায় ৰাছিত বন্ধ-দেবসম্পর্কিত-দেবতার প্রাণ্য-মহন্তলেকৈ সম্ভবমন্ত বর व्यक्ति क्ष्म । १९११ हैं के विकास करते हैं के किस के किस कर है

শ্বি গৌতম বলিলেন,—আপনি ত' জানেন্, আমি স্বৰ্ণ—গো—অশ্ব—শাসদাসী, পরিধান, জাত্রর কিছুরই প্রার্থী নহি—আমি বিভাগী — জানপ্রার্থী।

বাজা বলিলেন,—তবে বররূপে নহে—বিনীত শিরের মত উপদেশ গ্রহণ করম। আপনার পূর্বপিতামহণণ কথনও আমাদের অপরীধ লইতেন না, আশনিও আমার অপরাধ লইবেন না। এই পঞ্চায়ি-বিছা কোন আন্দাই আননেন না—আপনার সকাতর অনুরোধ প্রত্যাধ্যান করিতে না পারিরা সেই, পঞ্চায়ি-বিছা আপনাকে দান করিতেছি।

গঞ্চায়ি-বিজ্ঞানের আরোপ করিরা, চতুর্থ প্রশ্নের উত্তর প্রথমে দিলে স্বাস্থ্য প্রদের উত্তর প্রথমে দিলে স্বাস্থ্য প্রদের উত্তর প্রথমে ভালা প্রথমে ভালা প্রথমে ভালা প্রথমে ভালা প্রথমের ভালা ।

প্রথমান্ত্র-বিদ্যা:—ত্যুলোককে প্রথম অন্নির্মণ করনা করিয়া, আদিত্য তাহার কাঠ—রশ্মিসমূহ তাহার ধুম—দিবস তাহার নিথা—দিক্সমূহ তাহার অঙ্গারয়াশি =উপশম;—অন্নি প্রভৃতি কোণনিচর তাহার ক্লিঞ্গ, এইরূপ চিন্তা করিয়া,
বিদ্যু অন্নিহোত্ত বজ্জের মত কোন যজ্জাহন্তান সম্ভব হয়, তবেই ইক্রাদি দেবগণ
সেই দ্যুলোক-অন্নিতে বে প্রজার্মণ আত্তি প্রদান করেন, সেই আছতি হইতে
পিতৃপণ-ব্রাহ্মণগণের রাজা সোম = অর্থে চন্দ্র ও সোমরস সমূত্ত হয়।

দিতীরাখি-বিভা:—রাজা বলিলেন,—পর্জ্ঞজ্ঞ—অর্থে বৃষ্ট্রির উপকরণ এব্যের শোষদানী দেবতা, যেন দিতীয় আফি—সফংসর তাহার সমিধ্—বর্ষণোমুখ মেঘ । ভাহার ধ্ম—বিহাৎ ভাহার শিখা—বজ্ঞ তাহার উপশমরূপী অন্ধারসমূহ—বিজ্ঞধানি ফুলিন্দ, এইরূপ বজ্ঞকল্পনার পর্জ্জ্ঞরূপ অগ্নিতে দেবগণ যে রাজা সোমনামে প্রাক্তি, সোমরসকে প্রদার্জিপ আহতি প্রদান করেন, ভাহাতে বৃষ্টি প্রান্তর্ভূত হয়।

ভূতীরাধি-বিজ্য :—প্রাণিগণের জন্ম ও ভোগনিকেতন বর্ত্তমান লোক তৃতীয় জ্বিলি—পৃথিবী ভাষার সমিধ্ —প্রসিদ্ধ অয়িই তাহার বৃধ—রাজি ভাহার ছায়ারপ বিশা—চক্র ভাহার উপশম-রপ অসার—নক্রন্ত্রমুহ ফুলিসরাশি—এইরপ হজ্ঞ-ক্যনার দেবতাগণ বৃষ্টিরপ বে শ্রেজা-আহতি প্রাদান করেন, ভাহাতেই জ্বর সমূহপদ্ধ হয়।

চতুর্থায়ি-বিভা: -হতপদাদি সংযুক্ত এই পুদ্ধই চতুর্থ অগ্নি-মুথবির্থ ভাষার সমিধ্ প্রাণ তাহার ধুন-বাক্ - শব্দ তাহার শিথা-চক্র তাহার উপশ্ন - অশার- অবণ তাহার শ্লিজ-এইরপ ব্লে দেবগণ বে ক্লয় জান্তি ব্রহান ক্ষেন, তাহাতে রেড: সমুৎপন্ন হর। ইক্রাদি ধ্বেরুণ ইল্লিইগণের অধিদেবতা—দেহমধ্যে তাঁহামীই পোণরণে বিরাক্ষান—তাঁহাদের অনাত্তির পরিণাম রেত:—শুক্র উৎপাদন।

পঞ্চনদিন বিভা : —হে গৌতম, স্ত্রী পঞ্চম অন্নি—উপত্ত তাহার সমিধ —লোমসমূহ তাহার ধূম—ধ্যোনি তাহার শিখা—মৈথ্ন তাহার উপশনরূপ অকার—কৃষ্ণ
আনন্দসমূহ কুলিক—সেই পঞ্চম অন্নিতে দেবগণ যে কেঁজঃ আহতি প্রদান করেন,
কর্ম আহতি হইতে হস্তপদাদিষ্ক প্রথম আবিভূতি হয়। যত কাল তাহার কোন
কর্ম থাকে, তত কাল দেহে অবস্থান করিয়া জীবিত থাকে—কর্মকর হইলে
মৃত্যুপ্রাপ্ত হয়।

মৃত্যুর পর জ্ঞাতিগণ মৃতপুরুষকে যথন অগ্নিসংকারের জন্ত লইয়া ধার, তথন সেই প্রসিদ্ধ অগ্নিই অগ্নি—গ্নই ধূম—শিথাই শিথা—ফুলিকই ফুলিক— সেই চিতা-অগ্নিতে মৃতপরীর অন্তিম আহতিরূপে আহতি দিয়া যে হোম হইরা থাকে, সেই আহতি হইতে ভাস্করবর্ণ পুরুষ প্রাহ্রভূতি হয়।

শ্রথম ও শঞ্জম শ্রম্মের উত্তর ৪—গাঁহারা এই পঞ্চান্নিজ্ঞানর করে স্থ-স্ববগত হইরা, বানপ্রস্থ স্থবলম্বন করিরা, স্বরণ্যে ব্রহ্মচিন্তার সমাহিত হইরা স্ফ্রাবন্ধ—হিরণাগর্ভের ধ্যানে স্থান্থনিবেদন করেন, তাঁহারা দেহত্যাগের পর প্রথমে ব্যোতিরভিমানী দেবতাকে প্রাপ্ত হন—স্থরে ত্র্যালোক—দেবলোক পরিভ্রমণ করিরা ব্রহ্মলোকে বাস করেন = স্বর্থে মৃক্তিলাভ করেন।

ি ভীয়া ও ভূজীয়া প্রশোর উপ্তর ৪—আর থাহারা সকামকর্মের উপাসনায় যজ্ঞ, দান, তপভার ঘারা অর্গাদিলোকলাভের কামনা করেন,
অর্থে অর্গাসের বাসনা করেন, তাঁহারা মৃত্যুর পর প্রথমে, ধৃমকে প্রাপ্ত হন, ধ্যের
পর তাঁহারা আকাশে সমতা লগত করেন। আকাশের পরু বায়—বায়ুর সাম্য
হইতে রৃষ্টির সন্ধিত মিলিত হইয়া পৃথিবীতে বর্ষিত হয়। পরে, শভের সহিত
মিলিত হইয়া, অম্বরূপে প্রশ্বরূপ অগ্নিতে আহত হইয়া বীর্যারূপে পরিণত হয়।
জ্রী-অগ্নিতে প্রশ্বীর্যাের আহতিতে আবার জন্মলাভ করে। এইরূপ প্রধালীসক্রে
আবর্ত্তিত হইয়া নম্মনা, পশু-পক্ষী, কীট-পতল প্রভৃতি প্রাণিজগতের বিভিন্ন
যোনিতে ক্রমাগত পরিত্রমণ করে। স্কুরাং পরলোক পূর্ণ হয় না।

তৃতীয় ব্ৰাহ্মণে—মন্থ-বিজ্ঞান।

মহবলাতের জন্ত মছুহোম—মন্ত মন্ত্র—মন্থ উপকরণ—মন্তর্ব্য-বিশ্রেণ—মন্থ ভক্ষণ বিধান—মন্থকর্মের প্রশংসা— মছবিভার মাহাত্মা-কার্ডন:-

এই মন্থৰিতা শাধাবিহীন শুকর্কেও নিক্ষিপ্ত হইলে, তাহা নৃতন শাধাসম্পদ্দ পদ্মবিত-প্রস্থানিত হয়।

মন্থকর্মানুষ্ঠানের অধিকারপ্রসঙ্গে শ্রুতি বলিতেছেন :---

পৃথিবীই স্থাবৰ জন্মাত্মক ভূতুবর্ণের সারভূত রসক্ষমপ—পৃথিবীই উহাদের দেহোপাদান। জল আবার পৃথিবীর সার। জল হইতেই পৃথিবীর জন্ম। জলের সার তৃণলতা—তৃণলতার সার পৃত্পসমূহ—পূল্পের সার ধাক্ত-ববাদি
শক্ত ও ফল। শশু ও ফলের সার পুরুষ—কারণ, পুরুষের দেই অরমর। পুরুষের সার শুরুষের স্ক্রিক হইতে নিঃস্ত।

ইছার পর কামবিজ্ঞান—স্থ-প্রজ্ঞান-বিজ্ঞা—গর্ভাধান—গর্ভনিরোধ—অভিচার
—নামকরণ—জাতকর্ম—স্তক্ত-অমৃতধারার স্থব। পরিশেষে অক্সদায়িনা মাতৃমৃত্তির উপাসনা।

হে বীরপ্রস্বিনি । তুমি তথনীয়া সন্তান-জননী—মহিব বিশিষ্টের সংধর্মিণী—
অক্স্মতীরূপে তুমি গৃহে ও হৃদ্ধে প্রতিষ্ঠিত । তোমারই অধিষ্ঠানে গৃহ মঙ্গলাধর

হইরাছে । বীরপুত্র প্রস্ব করিয়া, তুমি জাতিকে বীর্যাবান্—শৌর্যসম্পন্ন—
প্রতিভাবান্ কর । তোমার প্রস্ত পুত্র, তোমার অন্তনিংস্ত অমৃতধারা
পানে জ্ঞানে—প্রজানে—প্রতিভান্ন—বীর্ষে পুণ্যকর্মভূমি ভারতবর্ষ সম্জ্ঞ্ল,
কর্মক।

শতি ধ্বংসরপী মৃত্যু হইতে স্চনা করিয়াছিলেন বলিয়াই কি জন্মপ্রিগ্রহে উপসংহার করিলেন, না—মৃত্যু ও জন্মের ক্রমবিবর্ত্তন—ধ্বংস ও স্ষ্টির লীলাবৈচিত্তা-প্রদর্শনই শ্রুতির অভিপ্রেত ?

পঞ্চম ব্রাক্ষণে-স্ত্রীশক্তি-মহিমাম্বিত বংশব্রাক্ষণ।

শ্নারীরূপা শক্তির প্রভাবে বাঁহাদের জ্ঞান ও প্রতিভা উদ্দীপ্ত হইয়াছে, দেই আচার্য্য-পরস্পরাক্রমে বংশ-ত্রাহ্মণ—নাম-তালিকা।

সেই অনাদি অনন্ত সত্যস্তরণ ব্রহ্মকে প্রণাম।

সমান্তি

শতপৃষ্ঠাব্যাপী স্থাপীর ভূমিকার সুধীজনস্থাজের বৈর্য্যের উপর অসীম অত্যাচার করিয়াছি—প্রতিদানে ক্মাপ্রার্থী।

এই উল্পাদে উল্পাদে ব্রহ্মহিনা উল্পাদিত, ব্রহ্মানের অসীম রত্বাকরবর্গ মহাজ্ঞান-গ্রন্থের প্রজ্ঞানরালির সার সঙ্কলন করিয়া সংক্ষেণে—
মর্মাবির্তির জক্ত প্রাণপণ সাধনা—যথাজ্ঞান প্রশ্নাস পাইয়াছি; কিন্তু শক্তি
ও ভক্তির সঙ্কার্ণতার—ভাষার দৈক্তে—জ্ঞান-বিহ্যার অন্তত্তির নিতান্ত অভাবে
—কর্মাবিরতির বিরল অবসরের একান্ত অভাবে—আশা পূর্ণ করিতে—
প্রশ্নাস সার্থক করিতে পারি নাই—শাস্ত্রজ্ঞান-বিচার-নিপুণ শিক্ষিত-সম্প্রদার
সে অক্ষমতার ক্রাট অন্তপ্রহ করিয়া মার্জনা করিবেন।

আর এ প্রজ্ঞান-মহাসমূত্র—বেমন গভীর—হন্তর জ্ঞান-বিচার-সিদ্ধান্ততরক্রের পরেই আবার ন্তন মহাচিন্তার তরক্সমূল—সীমা নাই—সমাপ্তি
নাই—আমার বিগ্যা অন্তভূতি সাধনারও তেমনি অভাব—কত বিশ্লেষণ—
কত সকলন করিব—ক্ত্র—সকার্থ শক্তিতে ত' এ অসীম অনন্ত ব্রক্ত্ঞানমহাসিদ্ধ উত্তার্গ হওয়া সন্তব নহে! তবে যে প্রয়াস পাইয়াছি, তাহা উন্মাদনা
মাত্র! পরম-ব্রন্থের অন্তপ্রেরণা ত' কেবল শসই আকাশসম স্থনির্ম্মল, বৈরাগ্যদীপ্ত, স্পবিত্র, মহান্ ভ্রম্যেই সন্তব হয়—আমাদের মত সাধনা-জ্ঞানহীন,
ক্রমাগত কামনাদ্য, বিলাস-লালসামর, স্পপ্ত ছলত্রে তাহার ছান কোথার
যে, তাঁহার মাহাস্মা-ক্রোতি-রন্মিরেখা স্প্রপ্তিভাত হইয়া সাধনা সার্থক করিবে?
বাতুলের প্রয়াস শিপ্তসমাজের চিরমার্জ্জনীয়!

যিনি আমানে এই উপহাস-ক্ষধ্ৰনে বাধ্য করিরাছেন বাঁধার নাম বহুশান্তগ্রন্থ — সংসাহিত্য-গ্রন্থাবলীতে চির-সম্ক্ষণ — বহুমতী-সাহিত্য-মন্দিরের সেই ,উৎসাহের বৈছাতিক শক্তি—আমার অগ্রন্থ প্রতিম শ্রীবৃত পূর্ণচন্দ্র মুখোপাধ্যারের মুউদীপদার সিংহনাদে স্বন্ধিত — সম্বস্থ — ক্ষমতা-বিশ্বত হইরা এই ছরহ — হুছর প্রবাদের সোভাগ্য লাভ করিরাছি।

বিষক্ষনমন্ত্রী আশীর্কার করন—এরপ অসমসাহসে—ছান্তিকঁতার স্পর্কার— অনিবার্য্য ভূগপ্রান্তিপূর্ণ ভূষিকাঞ্চনকে আরু বেন কথনও আপনাদের বিষ্ঠিতিত ভালন না হই।

चात्र स्थित महानत नकत-छारवात विनम चार्वारम अतिव अठिमानत

—থত্যক সিদ্ধান্তের বিচার—ভর্ক—সন্দেহ-মীম। সা-নিপুণ শিবাবতার শহরের অনস্তজ্ঞানের বিশদ অহ্ববাদ করিয়াছেন বিলয়া, বহুমতী সাহিত্য-মন্দিরের তত্রধারক—পূর্ণচন্দ্র আমার জন্ম বে হান নির্দ্ধারিত করিয়া দির্ঘছেন—ভাহা অত্যন্ত স্মীমাবদ্ধ। সেই সম্বীর্ণ স্থানে কর্মজ্ঞান্তরের জ্ঞানসাধনার এই বিশাল মহারণ্যের কর্মক্রের একটি শাথানিও স্থান হইতে পারে না—সেই জন্মই পল্লবগ্রাহিতানীতির অহ্বসরণ করিয়া জ্ঞানক্রতক্রর শুদ্ধ পত্রনিচয় সর্দ্ধান করিবাম মাত্র এই স্থপ্রকাণ্ড প্রজ্ঞান-মহারদ্ধের বিশালতা—বিপুল বিস্কৃতির পরিচর পণ্ডিত মহালয়ের বিশাদ ভালাম্বাদে সবিস্থারে পাইবেন।

বিশ্বসভাতার শৈশবৈ যে জ্ঞান-স্থা ভারতে সমুদিত হইরা, বিশ্বের জ্ঞানতমসা চিরতরে বিদ্বিত করিরাছে—সেই ভারত-সন্তান আমরা আরু পাশ্চাতা
শিক্ষা-সভাতা-দর্শন-বিজ্ঞানের অন্ধ-উপাসক—এমন প্রজ্ঞান-স্থাের চিরজ্যোতির্মার প্রভারও আমাদের মনের অজ্ঞান-অন্ধকার-যবনিকা অপসারিত
হর নাই। আমরা মাহ্রামন্ত্রীতিকাবিত্রত্বেম—কণমার স্থারী স্থের
আপাতমধুর প্রগোলন জীবনের একমার কাম্য প্রেট উপাসনা জ্ঞান
করিরা আত্মরঞ্চনা করিতেছি—মার আমাদের সমুখ্যে—স্পান্তির তামিক্স
ক্রিয়া আত্মরঞ্চনা করিতেছি—মার আমাদের সমুখ্যে—স্পান্তির তামিক্স
ক্রিয়া আত্মরঞ্জনা করিতেছি—মার আমাদের সমুখ্যে—স্পান্তির তামিক্স
ক্রিয়া আত্মরঞ্জনা করিতেছি—মার আমাদের সমুভ্যান্তা প্রবাহিত
হইতেছে।

আহন! ব্রিতাপদয়—সংসার-কিজ্বনায় হ্রথের আশার ক্রমাগত নিরাদ —শাস্তিও মুক্তির ভিথারী —আপনার জ্ঞানত্যা প্রশমিত করন; —শাস্তিম অমিরনির্মারে রাভ হইরা—কল্যসন্তাপের অবসান করুন—একবিভার সাধনায় —ব্রক্ষজানের উপলক্ষিতে—ব্রদানন্দলাভে সদা আনন্দময়, হইরা জীবন ধ্যা করুন।

এ পরমানন যে অসীম !—ত্যাগসম্জ্ঞল, বৈরাগ্যদীপ্ত, স্থপৰিত্র হাদরেই সে অলৌকিক আনন্দের অমূভূতি সম্ভব হইলেও ;—সে অভূল্য আনন্দে সকলের স্থান অধিকার;—ধনি-নির্ধন বিলাসি-ত্যাগী কাহাকেও ত' বঞ্চিত হইতে হয় না !

ভিনি যে সর্বভূতে বিরাজিত-ভাত্তর্গাসী— বিভঙান-ভাান-দেময় সর্বাভির-জাতা। তবে আর কেন অবস্থাবী মৃহ্যবিভীবিকার সর্বাগ শহাবিত হবরা অবিজ্ঞা-বারা-বিত্রমে— ক্রোগত ক্র-জরা-মৃত্য-পাপতাপ-প্রহেশিকামর সংসারে আবর্তিত হবরা জনবে জনবে অশেব হংথ-সন্তাপ ভোগ করেন ? য়পুরে অধিকার-সীমা অভিক্রমণ ত' হিন্দারজান-দিশান্তর পতীত ন্ধে!

অমরবাস্থিত মৃক্তির প্ণ্যতীর্থ — চির্শাস্তি-পরিমল-হিল্লোলিত জ্ঞানের প্ণ্য তথোবন—ব্রক্ষজানের অনস্ত অমৃত-উৎস—বৃহদারণ্যক উপ্নিবদের পাদম্লে সমবেত হইরা—পাঠে—মননে — অমুশীলনে — চিন্তার—ধ্যানে ব্রহ্মবিস্থার অধিকারী হইরা — ক্রক্ষজানের উপলব্ধিতে — ব্রহ্মানন্দের অমুভৃতিতে অনস্ত মৃক্তি—দিব্য প্রশাস্তির অধিকারী হউন।

যজুর্বেদের সেই শান্তিমক উচ্চারণ করিয়া আপনাদের শান্তি প্রদান করিতেছি—

> ওঁ পূর্ণমদঃ পূর্ণমিদং পূর্ণাৎ পূর্ণমূদচ্যতে। পূর্ণস্ত পূর্ণমাদায় পূর্ণমেবাবশিষ্ণতে।

বস্থমতী-সাহিত্য-মন্দির মঁহাষষ্ঠী---১৩৩৬ কলিকাতা বস্থ্যতী-সাহিত্য-মন্দিরের বিনীত সেবক— শ্রীসভাক্ত সুভোপাপ্রদায়।

ા હૈ¹ા **૭**૯ મલા હૈંા

শুক্ল-যজুর্কেদীয়-

রহদারণ্যকোপনিষৎ

শান্তিসূক্তম

ওঁ পূর্ণমদঃ পূর্ণমিদং পূর্ণাৎ পূর্ণমূদচ্যতে। পূর্ণস্থ পূর্ণমাদায় পূর্ণমেবাবশিষ্যতে। ওঁ শাস্তিঃ শাস্তিঃ শাস্তিঃ।

॥ ওঁ নমে। ব্রহ্মণে নমঃ ওঁ॥

্ভাষ্যার্থ-বিবৃতি

বুঁন্ধাদিকে প্রণাম, বাঁহারা বংশের ঋষি এরং বাঁহারা বেদ্বিভার সম্প্রদায়-প্রবর্ত্তক, তাঁহাদিগকে ও গুরুবর্গকে প্রণাম।

উষা বা অশ্বস্ত, অর্থাৎ উষাই বজ্ঞীয় অশ্বের মন্তক ইত্যাদি বস্ত্রকল্পমূলক যে কাজসনেমি-ব্রাহ্মণোপনিষৎ প্রচলিত আছে, তাহারই বৃত্তি বা ভাষ্য ক্ষুদ্রাকারে আরক হইতেছে। উদ্দেশ্ত পুন: পুন: জন্ম-মৃত্যুর কারণ যে অবিষ্ঠা, তাহার নির্ভির উপায় ব্রহ্ম ও আলা এই উভয়ের একত্বজ্ঞানরূপ বিদ্যার প্রতিপাদন। নাহারা সেই সংসার-নির্ভি, অর্থাৎ পুন: পুন: জন্ম-মরণাদি জনিত যন্ত্রণাপরম্পরার হন্ত হইতে পরিত্রাণলাভে ইচ্ছুক, তাহাদিগের পক্ষে উল্লিখিত একান্মতাজ্ঞান-বিধানের জন্ত এই গ্রন্থ প্রধান অবলম্বন।

তাৎপর্য্য এই, নিনা প্রয়োজনে অত্যন্ত অজ্ঞান ব্যক্তিও কোন, কার্য্যে প্রবৃত্ত হয় না; স্থতরাং জ্লালোচ্য স্থলে অবশ্র কাহারও শলা হইতে পারে বে, এই বৃত্তিপাঠে লাভ কি? তানারই উত্তরস্বরূপণ বলিতেছেন, বন্ধ ও আত্মা এই উভরের য়ে কোনরপ প্রভেদ নাই, এই ব্রিন্তিপাঠে তাহা জানা যাইতে পারিবে এবং তাহা হারা সংসারের মূলকারণ অবিষ্ণার অচিরাৎ ধ্বংস হইবে; স্তরাং জীবকে আর পুনঃ পুনঃ জন্মরণাদিজনিত-যুরণাও ভোগ করিতে হইবে না।

এই ব্রন্ধবিশ্বা উপনিষং নামে অভিহিতা হইবার হেতু—একমাত্র ব্রন্ধই বাঁহাদিগের শরণ, উপনিষং বিশ্বা ছারা তাঁহাদের মিথাজ্ঞান ও অবিশ্বা-জনিত সংসার, এই উভয়েরই এককালে নিঃশেষে ধ্বংস হয়।

উপ-নিপূর্ব্ব 'সন্' ধাতৃ হইতে উপনিষং শব্দ নিপার। ইহার মুখ্য অর্থ অবসাদ বা ধ্বংস (অবিভাজনিত সংসারধ্বংস) তাহা এই গ্রন্থের প্রতিপান্থ বলিয়া গ্রন্থ উপনিষং শব্দে অভিহিত। এই উপনিষং ছয়টি অধ্যায়ে বিভক্ত। ইহা অরণ্যে পঠিত হয় বলিয়া আরণ্যক সংজ্ঞা এবং কলেবর বৃহৎ হেতু 'বৃহং' নাম প্রাপ্ত হইয়া এক কথায় বৃহদারণাক সংজ্ঞায় অভিহিত হইয়াছে।

এক্ষণে কর্ম্মকাণ্ডের সহিত তাহারই সম্বন্ধ কথিত হইতেছে। কেবল প্রত্যক্ষ বা অনুমান ছারা যে ঈপ্সিতফল্পাপ্তি ও অনিষ্টনিষ্ট্তির উপায় অবগত হওরা বায় না, সেই উপার প্রকাশ করা সমস্ত বেদেরই মুখ্য উদ্দেশ্ত। মহন্তমাত্রই শ্বভাবতঃ নিজের ইষ্টলাভ ও অনিষ্টপরিহারার্থ ব্যগ্র; পরন্ত ঐহিক ইষ্টলাভের ও অনিষ্ট-নিরুত্তির উপায় প্রত্যক্ষ বা অতুমান দারাই অবগত হওয়া যায়; এ জন্ম তাহাতে শান্তপ্রমাণের কপেকা হয় না। আবার জনান্তরসংশিষ্ট পারলৌকিক দেহে অভিমানী আত্মার অন্তিত্ব স্বীকার না করিলে, জনাস্তরীণ ইষ্টলাভ বা অনিষ্টনিবৃত্তির জন্ম চেষ্টাও হইতে পারে না। দেখা যায়, স্বভাবকারণবাদী চার্কাকমতাবদিদিগণ জন্মান্তরের অন্তিত-স্বীকার করে ना विनिद्वारे काधारातीन देहें श्रीशिति विभाग देखात अञ्चल देश। কারণে—জন্মান্তরগত আত্মার অন্তিত্ব প্রতিপাদনের জন্ম এবং জন্মান্তরীণ ইইলাভ বা অনিষ্ট-নিব্তির উপায়বিশেষের জ্ঞাপনার্থ এই শাস্ত্র খুক্তিপ্রদর্শক। আত্মার ্জয়ান্তর সম্বন্ধে কেই বলে—"মত্যা মৃত হইলে পরলোকে গমন করে"; আবার কেছ বলে, "লোকান্তর নাই।" তবেই লোকান্তর আছে কি না, এইরূপ मत्मर रूजा बाजाविक। এই উপক্রমের পর উত্তরে--পরলোক আছে, উপলব্ধি करा व्याव्छक हे जानि निर्णशास्त्रादन छाहा अवगठ रुखना यात्र, ज्याचात्र-कीय मद्रगरक थाश रुरेश कि रह १, वर थात्र शत-थानिवर्ग निक निक कर्म ७ জানামুদারে শরীরলাভের জন্ত ধোন আত্মা মন্ত্রাচাদি যোনি প্রাপ্ত হইরা থাকে,

অপর আত্মা কুকাদি শরীর পরিত্রীহ করে, এইরূপ সিদ্ধান্ত করা হইষ্কাছে। এইরূপ আত্মা "স্বয়ং জ্যোতি" এই প্রস্তাব করিরা উপসংহারে অভিহিত হইয়াছে, যে জ্ঞান এবং ধর্মাধর্মারম্বা কর্মানেই মুঠ ব্যক্তির শরীরপ্রাপ্তির কারণ অর্থাৎ পুণাকর্ম দারা পবিত্র স্বর্গীয় দেহপ্রাপ্তি ও পাপকর্ম দারা নারকীয় দেহলাভ ঘটে। পুনশ্চ "আত্মাসম্বন্ধে তোমাকে জানাইতেছি", এই উপক্রম করিষা উপসংহারে "আত্মা ব্রিজ্ঞানস্বরূপ", ইত্যাদিরত্বে শরীর হইতে স্বতন্ত্র আত্মা প্রতিপাদিত হইয়াছে; স্বতরী: দেহাতিরিক্ত আত্মার অন্তিত্ব বিষয়ে শাস্ত্রই প্রমাণ। যদি বল, সেই আত্মা প্রত্যক্ষ বিষয়ীভূত, তবে উপনিষৎ শাস্ত্রের আবশুকতা কি গ তাহা নহে, যেহেতু, তদ্বিময়ে বাদীদিগের পরস্থার বহু বিসম্বাদ চলিয়া আসিতেছে। পরলোকগত দেহ-ধারী আত্মার যদি প্রত্যক্ষ করা সম্ভব হঁইত, তবে বৌদ্ধ বা (লোকায়তিক) চার্স্কাকগণ কথনই দেহাতিরিক্ত আত্মা নাই বলিয়া আমাদের বিরুদ্ধবাদী হইত না। কেন না, ঘটাদি প্রত্যক্ষসিদ্ধ বস্তুতে কথনই কাহারও বিসম্বাদ নাই অর্থাৎ ঘট আছে, কি নাই, এইরূপ বিরুদ্ধমত থাকে না। যদি বল, তবে প্রত্যক্ষসিদ্ধ স্থাণুতে কাহারও পুরুষরূপে জ্ঞান, স্থাত্মপে জ্ঞান কাহারও বা এইরূপ বিরুদ্ধ নানা জ্ঞান হয় কেন_? এইরপ আপত্তিও স্থায়সঙ্গত নহে। , যেহেতু, সে স্থলে লোকের বুক্ষ-রূপে নিরূপণই হয় নাই, কাজেই কথনও পুরুষ, কখন বা স্থাণু এইরূপে নানাবিধ বিতর্ক হইয়া থাকে। যাহার বুক্ষরূপে নিশ্চর জন্মে, তাহার পুরুষাদিরূপে জ্ঞান কথনই হয় না, কিন্তু 'আছু:' এই প্রকারে আত্মার প্রতীতি জনিলেও ক্ষণিক আত্ম-বাদী বৌদ্ধ বা লোকায়তিকেরা দেহাতিরিক্ত আত্মা নাই বনিয়া স্বীকার করিয়া থাকে। অতএব প্রত্যক্ষযোগ্য ঘটাদির সহিত আত্মার বিশেষ বৈলক্ষণ্য হেতু প্রত্যক প্রমাণ দারা দেহ ভিন্ন আত্মা প্রমাণিত হইতে পারে না, প্রত্যক্ষের মত অনুমান ম্রাও ঐ আত্মা প্রমাণিত হয় না। আপত্তি হইতে পারে যৈ, শ্রুতি আত্মার অন্তিবের অনুমাপকরণে যে ধর্ম ও ত্র্থহঃথাদি লক্ষণের (হেতুর) উল্লেগ করিয়াছেন, তংসমূদায়ই প্রত্যক্ষের বিষয়, তবে আত্মজ্ঞান প্রত্যক্ষ দারা প্রমাণিত নহে কিরূপে ? উত্তর—তাহা হইলেও, আত্মার জন্মান্তরসম্বন্ধ প্রত্যক্ষণোগ্য নহে, হতরাং প্রত্যক্ষ প্রমাণ তথায় বিমুণ, কেবল আগম-প্রমাণ ধারাই আত্মাকে জানিতে হইবে, ইহাই সিদ্ধান্ত। শান্ত্রপ্রমাণ ও বেদপ্রদশিত নৌকিক লিম্পবিশেষ—খাসপ্রখাস প্রভৃতি ধারা তাদুশ আত্মার অন্তিত্ব অবগত হইয়া বেদানুসারী মীমাংসক ও তার্কিকগণ, 'অহং' এই জ্ঞানের অমুমাপক বৈদিক হেতু সকলকে স্বকপোলকল্লিভ কঁলনা করিয়া আত্মা মাত্র প্রত্যক্ষ ও অনুমের বলিয়া থাকেনঃ বস্ততঃ আত্মা এক শাস্ত্রপ্রমাণ

দারাই জ্ঞের, অন্তথা নহে। যাহা হউক, শার্ক্ষ বা সিত্তমানাদি যে কোনপ্রকারে যিনি দেহাস্তরসম্পর্কী আত্মা আছে বলিয়া শ্বীকার করেন, তাঁহারই পরলোকগত দেহে সম্ভাব্যমান অভীষ্টফলগাভ ও অনিষ্টনিবৃত্তির উপায় জানিবার ইচ্ছা হওয়া স্বাভাবিক, তাহার সেই উপায়বিশেষ ধিজ্ঞাপনার্থই কর্মকাঞ্চরপ বেদভাগ প্রবর্তিত আছে। পরস্তু 'আমি কর্ত্তা, আমি ভোক্তা' এইরূপ আত্মবিষয়ক অভিমান বা অজ্ঞান—যাহা আত্মার স্বরূপকে আবরণ করিয়া আছে এবং যাহা ইইলাডু ও অনিষ্টনিবৃত্তিকামনার কারণরূপে নির্ণীত, সেই অজ্ঞান যতক্ষণ পর্যান্ত বিদ্ধা জীব ও ব্রন্ধের ঐক্যজ্ঞান ছারা অপনীত না হয়, তাবৎ এই জীব নিজকৃত কর্মফলে রাগ, দেষ প্রভৃতি স্বাভাবিক চিত্তদোচৰ দূষিত হইরা শাস্ত্র-প্রতিপাদিত বিধিনিষেধ অতিক্রম করত (বেচ্ছাচারী হইয়া) কেবল কামমনো-বাক্যে প্রচুর পরিমাণে নহিক ও পারত্রিক চুংগজনক অধশ্বই অর্জন করিতে থাকে। স্বভাবদোষের প্রতিকূলে দাঁড়াইবার শক্তি কাহারও নাই, এ কারণ শাস্ত্রীয় বিধি-নিষেধ তাহাকে সংযত করিতে সমর্থ হয় না; অবশেষে দেই নিজ্কত পাপকর্মের ফলভোগের জন্ম বৃক্ষ-প্রস্তরাদি ছাবরযোনি পর্য্যস্ত চরম অধোগতি প্রাপ্ত হয়। যদি কথনও নিরম্ভর শাস্ত্রপর্যাালোচনা করিয়া উক্ত দোষের প্রতিকূল সংস্কার বহুলপরিমাণে অর্জন করিতে পারে, তবে মতি প্রভৃতির সাহায্যে শাস্ত্রোপদিষ্ট হিতকর প্রচুর ধর্মকর্মের অনুষ্ঠান করে। সেই ধর্মকর্ম ছুই ভাগে বিভক্ত; জানকত ও অজ্ঞানকত। তনাধ্যে আখ্রফাবনাপূর্বক অনুষ্ঠীয়মান যাগাদিই জ্ঞানকৃত কর্ম, অপর আত্মভাবনা-বাতিরেকে কেবল অভ্নষ্ঠীযুমান কর্ম : জ্ঞানকৃত কর্মছারা দেবলোক হইতে ব্রন্ধলোক পর্যান্ত গতি প্রাপ্তি ও দিতীয় প্রকারের ফলে পিতৃলোকাদিপ্রাপ্তি ঘটে। এ বিষয়ে শ্রুতি বলেন বে---"যিনি আত্মযাজী, তিনিই শ্রেষ্ঠ এবং বে ব্যক্তি ফল-কামনাপুর্বক দেবপূজাদি 'করে, সে ভাগ্যহীন।" শ্বতিতেও উক্ত আছে, "বৈদিক কর্ম ছই প্রকার" ইত্যাদি। পুণ্য-পাপের সমতান্তনেই জীবের মহন্তবোনিপ্রাপ্তি হয়। অতএব ইহা স্থির হইল যে, ব্রহ্মা হইতে বুক্ষাদি স্থাবরপর্য্যস্ত সকল জীব স্বভাবসিদ্ধ অবিখ্যাদি দোষে পুণাপাপের ফলে নাম, রূপ ও কর্মাশ্রিত সংসারগতি লাভ করিয়া থাকে। সেই এই ব্রহ্ম হইতে 'অভিব্যক্ত কার্য্যকারণসমষ্টিরূপী জগৎ স্টির পূর্বে অনভিব্যক্ত (প্রকৃতিতে স্ক্রন্ত্রপে অবস্থিত) ছিল। যেমন বীজের পর অন্ধর ও অন্ধর হইতে বীজ এইরূপ বীজান্ধরের অনাদি কার্য্যকারণ-ধারা প্রবাহিত আছে, সেই প্রকান এই সংসারও স্থানাদি অবিছা হইতে অবিরণ

ধারায় প্রবাহিত। এই অস্থ্য অনিষ্টের কারণ শুদ্ধ চিৎস্থরণ আত্মায় অবিভাবশে ক্রিয়াসাধন ও ফলের আরোপ। যিনি এবম্বিধ সংসারে বিরক্ত, তাঁহার অবিভা-নিবৃত্তির ক্রন্স ঐতিবন্ধকীভূত ব্রন্ধবিদ্ধার অর্জন আবশ্রক, এই উদ্দেশ্যে এই উপনিষ্ধ আরম্ভ ইত্তিছে।

যোগীর প্রথমাবস্থায় নিরাকার ব্রহ্মে মনের একার্ম্নতা স্থাপন করা কথনই সম্ভব নহে, এই জন্ম-মনৈর স্থিরতাস।ধনের নিমিত লৌকিক ভাবে অপ্তমেধ-বজ্ঞের অঙ্গভূত অথের মন্তক্দিতে উধা-কালাদির ভাবনা প্রথম ব্রাহ্মণ গারা উপদিষ্ট হইয়াছে। অশ্বমেধ-বজ্ঞের সহিত সম্পর্ক রাখিয়া এই এন্ধবিজ্ঞান-কথনের দ্বারা এতিপন্ন হইল বে. বে সকল ক্ষত্রির রাজীদিগের অধ্যেধ-যত্তে অধিকার আছে, তাহাদিগের সেই মজ্জানুষ্ঠানেই ব্রহ্মবিস্থা লাভ হইবে, কিন্তু বাহাদিগের (ক্ষত্রিয় ভিন্ন ব্রাহ্মণাদির) ঐ कार्या अधिकात नाई, जाहानिश्तत এই विकास इंटेएडर अधरमध-मरक्कत कन জিমিবে। যদি বল, "বিদ্যাবা কর্ম দারা এই লোক জন্ম করা যায়।" ইত্যাদি শতিপ্রমাণ ঘারা বিজ্ঞানকে কর্মাঙ্গরূপেই বিহিত করা হইয়াছে, কিন্তু কর্ম-নিরপেক্ষভাবে **তা**বনাকে কোন ফলের জনক বলা হয় নাই। তাহা নহে, শ্রুতান্তরে কর্ম ও জ্ঞানের বিকল্প অর্থাৎ একপক্ষাবলম্বন ইপদিষ্ট আছে। কথিত আছে—বে বাক্তি অশ্বমেধ-যজ্ঞামুদ্ধান করে, অথবা যে প্রমান্ত্রাকে এইরূপে জানে, তাহারা উভয়েই শাস্ত্রোক্ত ফল প্রাপ্ত হয়। বিষ্ণাপ্রকরণেও কন্মান্সভাবনা উপদিষ্ট হয় নাই. কেবল ব্ৰদ্ধজ্ঞানকেই কাৰণ বলা হইয়াছে,৷ কৰ্মকাও ও জ্ঞানকাও প্ৰস্পৰ বিভিন্ন, জ্মান কর্মান্ত হইলে কথনই উহা জ্ঞানকাণ্ডে স্কৃতিহিত হইত না; পরস্তু কর্ম-কাণ্ডেই নিদিষ্ট হইত। বে প্রকার অধ্যমেধ্যজ্ঞান্ত অধ্যের মন্তকাদি অঙ্গে উধা-कानांकि ভाবনার ফল উক্ত হইয়াছে, সেই প্রকার কর্মান্তরেও "এই অগ্নিই লোক" এইরূপ বিজ্ঞান ও ফল উভয় কথিত হইয়াছে, অতএব ভাবনাকে নিক্ষল বলিয়া আশক্ষা করা অভূচিত। সমস্ত কর্ম্ম হইতে অশ্বমের্থযুক্ত শ্রেষ্ঠ। থেহেতু, ঐ বজ্ঞান্তান বাষ্টিও সমষ্টিভূত লিঙ্গণরীরে আত্মাভিমানী হিরণাগর্ভরূপী সগুণ ব্রন্ধের স্বরূপদাভ সম্পাদিত হয়। ব্রন্ধবিদ্যার আরম্ভে স্ক্রিক্স্প্রথান সেই এই—অশ্বমেধ-বক্তির চরম ফলস্বরূপ হিরণাগর্ভই যথন সংসারী, তখন তাহা অপেকা न्। नक्नमाथक अधिरहां वानि ता अविश्वाविषयक श्रेत, श्रेशां उजात वक्नता कि ? ফল কথা, কর্ম হারা সংসাররূপ অনর্থনিবৃত্তি হয় না। বেদোক্ত সমস্ত কর্মের সংসারবিষয়ত্ব দেখাইবার জ্ঞাই এ স্থলে গর্বকর্মপ্রধান আখনেধ্যজ্ঞের উল্লেখ ও

তাহার ফলম্বরূপ হিরণ্যগর্ভেরও সংসারিত প্রেশ্নিট করা হইল, স্কুরাং সকাম সাধকের কামনার ফলে যে মৃত্যুম্বরূপ অনিষ্ঠকল ঘটিবে, তাহা স্বভঃসিক্ষা

यिन वन, मिछाकर्त्यात कन मध्यात नरह, छाहा उ वैनिए कीत ना, त्कन ना, শ্রুতিতে সংসারকে সকল কর্ম্মের ফলরূপে উপসংহার করা হইয়াছে, আরও বলা হইয়াছে কর্মাত্রই পত্নী দ্বদ্ধ। অর্থাৎ "আমার জারা হউক, ইহাই কামা" এই প্রকারে স্বভাবতই দকল কর্ম্মের কামাত্র দেখাইয়া পুত্র, কর্ম্মাও অর্পরা বিচ্ছার কলরপে ইহলোক, পিতৃলোক ও দেবলোক নির্দেশ করত উপসংহারে বুলিয়াছেন যে, যাহারী আস্বাশ্রী আত্মজানী, তাহাদের বিনাশ নাই। অর্থাৎ তাহারা সংসারে গুবিষ্ট হয় না, এইরূপে কর্মমাত্রেরই সফলত প্রদর্শন করিয়াছেন। উক্ত আছে, এই বংসার নাম, রূপ ও কর্মময়, নাম রূপ ও কর্মরূপে ष्यांचितांच्य धरे मःनांतरे ममन्त्र कर्त्यात कन। कृष्टित शृह्यां नाम, ऋशे ७ কর্মা, এই তিন প্রকার ফল কুন্ধ--অন্ভিবাক্ত ভাবে কারণে লীন ছিল। পরে প্রাণীদিগের ভোগদানে উন্থ কন্মের প্রভাবে শীজ হইতে বুক্ষের মত ক্রমশঃ এ নাম, রূপ ও কর্ম অভিব্যক্ত হয়। সেই অনভিব্যক্ত স্ক্রম ও ব্যক্তস্বরূপ এই সংসার অবিছাধীন। অবিছাই ক্রিয়াসাধন ও ফলস্বরূপে বর্ত্তমান মৃত্তামৃত্ত সংস্কারময় জগুংকে আত্মাতে আত্মভাবে আরোপিত করিয়া রাখিয়াছে। অতএব আত্মা এই দংসার হইতে সম্পূর্ণ ভিনন্তরূপ। বেহেডু, সেই আত্মা নাম, রূপ ও কর্মরহিত, অধিতীয়, নিতা, পাপাদিদোম্বাম্পর্কহীন, চৈতন্তময়, ্দুজস্বরূপ, কিন্তু তথাপি অবিষ্ণাবশতঃ ক্রিয়া, কারক ও কলাদিভেদে বিপরীতক্সপে প্রকাশিত হ'ন। এই জন্ম গাঁহারা ক্রিয়া, কারক ও ফলসম্ট্রিরপী সর্ব্ধ। অনর্থময় এই সংসারকে 'ইহা কতকগুলি কার্য্য-কারণের পুঞ্জ, এইমাত্র ইহার সারু' এইরূপ বোধে তাহা হইতে বিরক্তি হইয়াছেন, তাঁহাদিগের কামক্রোধাদি দোষ ও পুণা-পাপাদি কর্মসমূহের মূলকারণ অবিভার নিবৃত্তির জন্ত-যেমন রজ্ঞ্তে সর্পত্রান্তির অপনোদনার্থ "ইহা রক্ত্র্" এই প্রকার সভাজ্ঞান উপদিষ্ট হইয়া থাকে, সেইরূপ ব্রদাবিস্থার আরম্ভ হইতেছে।

সেই আরম্ভণীয় এক্ষবিজ্ঞাতে অখমেও ভাবনার জ্ঞা 'উয়া বা অখ্যন্থ ইঙ্যাদি ব্রাহ্মণ থারা অখবিষয়ক বিজ্ঞান কথিত হইতেছে। অতথ্য গ্রেই ব্রহ্মবিজ্ঞান দুখাভাবে অখ্যের নির্ম্মাচন হৈতু অখবিষয়ক জানিবে। অখ্যের প্রোধান্ত কথনের কারণ, অখ্যমের বিজ্ঞ প্রাজ্ঞাপত্যনামে অভিহিত, অখ্যারপ প্রধান অক্ষযুক্ত এবং অখ্যনাম থারা চিক্তিত।

উপনিষ্প্র প্রথমাধ্যায়স্থ

প্রথম-ব্রান্সণম্

॥ ওঁ॥ পরমাত্মনে নমঃ॥ ওঁ॥

• ওঁ॥ উষা, বা তাঁধস্য মেধ্যস্য শিরঃ॥ সূর্যাশ্চক্ষুর্বাতঃ
প্রাণো ব্যান্তমমিবৈর্ধানরঃ দর্মধ্যর আত্মাহশ্বস্থ মেধ্যস্য। প্রোঃ
পৃষ্ঠমন্তরিক্ষমুদরং পৃথিবী পাজস্তম্। দিশঃ পার্ধে অবান্তরদিশঃ
পর্শব খাতবোহঙ্গানি নালাশ্চার্দ্ধমাসাশ্চ পর্বনাণ্যহোরাত্রাণি
প্রতিষ্ঠানক্ষত্রাণ্যুন্থানি নালে। মাদ্যানি। উবধ্যাদ্যকিতাঃ সিদ্ধবো
গুদা যক্ত কোমানশ্চ পর্বনতা ওয়াগ্রশ্চ বনস্পত্রশ্চ লোমানি
উত্তন্ পূর্বার্দ্ধো নিন্দোচন্ জঘনার্দ্ধো তদিজ্প্রতে যদিলোততে
যদ্বিধুন্ততে তথ স্তনরতি তদ্ববিতি বাগেবাস্য বাক্॥ ১॥

্উবাশব্দে ব্রাক্ষ্যুহূর্ত্তকে ব্রায়। এ কাল সর্বজ্বনপ্রসিদ্ধ, ইহা শ্রুতিস্থ 'বৈ' শব্দ দারা প্রতিপাদিত হইয়াছে। অহোরাত্তের ত্রিংশংমুহূর্ত্তের মধ্যে ব্রাক্ষ্যুহূর্ত্ত অতি প্রশক্ত ক্ষয়। শরীরাবরবের মধ্যেও মন্তক প্রশন্ত অঙ্গ, এই জন্ত অধ্যমধীয় অধ্যের মন্তককে উবাকালরপে বর্ণনা করা ইইল। তদ্ধপে ভাবনা করাই ইহার উদ্দেশ্ত। বক্তকর্দ্রের অঙ্গভূত পশুর সংস্কার করা আবশ্রুক, এই হেতু অধ্যের মন্তকাদি অঙ্গে উবাকালাদির ভাবনা কল্লিত হইল। সেই অধ্যের প্রাজ্ঞাপত্যসংজ্ঞার কারণ—তাহাতে প্রজ্ঞাপতিস্বরূপ ভাবনা কলি, লোক ও দেবতাস্বরূপের আরোপ হেতু বজ্ঞীয় পশুর প্রজ্ঞাপতির সিদ্ধ হইয়াছে, অর্থাৎ বেমন প্রতিমাদিতে বিষ্ণুর্বণ ভাবনার্থ বিষ্ণুত্ব সাধিত হয়, সেইরূপ পশুতে প্রজ্ঞাপতিরূপে ভাবনা বশতঃ প্রজ্ঞাপতির সিদ্ধ হওয়া অসঙ্গত নহে, ইহাও একটি পশুর মংস্কারবিশেষ। ও ক্ষনার উদ্দেশ্ত প্রজ্ঞাপতি স্বন্ধং কাল, লোক ও দেবতার স্বরূপ; অত্যেব পশুকে প্রজাপতি, কাল ও লোকাদিরপে কয়না ভারুকের প্রজ্ঞাপতিস্কলাভের কারণ।

স্থাই তাহার চক্ষ়। কারণ, চক্ষ্ মন্তকের নি টিবটো এবং স্থা দেবতা কর্ত্ক অধিষ্ঠিত, স্তরাং অথের মন্তকরপে করিতে উষাকালের অচিরপ্রকাশমান স্থাকে চক্ষ্রপে ভাবনার নিমিত্ত এই উপদেশ হইল। ধায়ু তাহার প্রাণু, কারণ, প্রাণ এবং বহিশ্চর বায়ু, উভরেই বায়ুস্বরূপ, প্রাণে বায়ুর সকল্ব প্রকৃতি বর্ত্তমান, এই হেতু অথের প্রাণকে বায়ুরপে নির্দেশ করা হইল এবং অয়ি মুখের অধিষ্ঠাত্তী দেবতা বলিয়া অথের বিস্তৃত মুথকে বৈশ্বানর বলা হইল। ছাদর্শমাস ও মলমাস এই ত্রেরোদশমাসঘটিত সংবৎসরকে অথের শ্রীর ভাবনা করিবে। এ স্থলে শ্রীর অথে আয়া জানিবে। যেমন দিন, মাস, ঋতু ও অয়নাদির্রূপ থণ্ড থণ্ড কাল সম্বৎসরের শ্রীর, সেই প্রকার অথেরও সম্বর্ণের শ্রীর। শ্রুতিতে ইহা অঙ্ক সকলের মধ্যবর্তী আয়া নামে অভিহিত হইয়াছে। যজ্জীয় অথের চক্ষ্রাদির স্থিত কল্পনার জন্ত শ্রুতিতে "অথ্বা মেধাস্ত্র" এই কথা পুনর্কার নিদ্ধিষ্ট হইয়াছে।

স্বৰ্গলোক উহার পূষ্ঠ, অৰ্থাৎ স্বৰ্গ যেমন উৰ্দ্ধে বৰ্তমান, এইরূপ অশ্বের পূষ্ঠও উচ্চ, এই পরস্পার-সাধর্ম্মা লইয়াই স্বর্গকে অধের পৃষ্ঠরূপে নিদ্দেশ করা ইইয়াছে। এইরূপ সকল স্থলে সাধর্ম্মামুসারে বিশেষ বিশেষ অস্বাঙ্গ সেই সেই বস্তুরূপে করিত জানিবে। আভ্যস্তরীণ অবকাশ সাধর্ম্মাহেতু আকাশ অখের উদর। পৃথিবী অখের পাদনিক্ষেপস্থান। অশ্বের পার্শ্বরে চতু ক্ষিক্ষরূপ। যদিও পার্শ্বংরের সহিত চতু ক্ষিকের সংখ্যাগত বৈষম্য আছে, তথাপি অখের পূর্বে ও পশ্চিমমূণে অবস্থিতিকালে দক্ষিণ ও উত্তরদিকের সহিত এবং উত্তর ও দক্ষিণমূথে অবস্থিতির সময় পূর্ব্ব ও পশ্চিম-দিকের সহিত পার্শ্বরের সম্বন্ধ হয়; এই সাদৃশ্য ধরিবাই চতুদ্দিক্কে ছই পার্শ্বরূপ বলা হইল। অগ্নিকোণ প্রভৃতি নিদিকসকল অশ্ব-পার্শ্বের অস্তি, যেমন ঋতু সকল সম্বং-সরের অবয়ব, সেইরূপ অধ্বের শরীররূপে কল্লিভ সম্বংসরের অবয়ব ছয় ঋতু অধ্বের অঙ্গ। মাস ও অর্জমাস স্থৎসরের স্কিতল, এই সাধর্মাপ্রযুক্ত ভাহারা অংশ্বর অক্সান্ধিরতে নির্দিষ্ট। বান্ধা দৈব, পৈতা ও মানুষ, এই চারি প্রকার অহোরাত্রই * অধ্যের চারিটি চরণ। যে প্রকার অর পাদচত্ট্র হারা বিচরণ করে, সেইরূপ কালরূপী বন্ধ অহোরাত্ত হারা প্রতিষ্ঠিত আছেন, এই সাধর্ম্য ধরিয়া অখের পাদচতুষ্টয় চতুর্ব্বিধ অহোরাত্ররূপে কল্লিত হইয়াছে। গুরুবর্ণের সমতাহেতু নক্ষত্রই অভিক্রপে নির্দিষ্ট এবং মেবের জলবর্ষণ ও মাংসের কৃষিব্রবর্ষণ সাম্য ধরিয়া

শৃংধ্যের উদয়ু অবধি প্রক্রদয়ের পৃথ্ব প্রাপ্ত ময়ুয়ের এক অহোরাতা। 'গুরুপক এবং
কৃষ্ণপক্ষরপ এক সাস পিতৃলোকের অহোরাতা। ময়ুয়ের এক বংসরে দেবতাদের এক
আহোরাতা। বেবতাদের ছই সহস্ত মৃগে ব্রহ্মার এক অহোরাতা।

আকাশস্থ মেঘ মাংসরপে কলিত ক্রিনছে। এই স্থলে শ্রুতি নভং শব্দে নভস্থ মেঘকে লক্ষ্য করিয়াছেন। যেহেতু, পূর্বে নভকে উদররপে ক্রনা করিয়া পুনশ্চ মাংস করনা করিলে উন্মন্ত প্রলাপ হয়।

উদরস্থ অর্দ্ধনীণ ভক্ষিত দ্রব্যকে সিকতা (বালুকা) ভাবনা করিবে। বেহতু, ঐ উভয়েরই অবয়বগত বিশ্লেষণরপ সাদৃশ্র বিজ্ঞমান। নদীজনের স্থাম শরীরস্থ নাদ্দী সকল ঘারা রস-ক্রধিরা দির সঞ্চর্ণ হইয়া থাকে, এই সাদৃশ্র বশতঃ অবের নাদ্দীসকলকে নদীরূপে ভাবনা করিবে। হৃদয়ের অধোভাগে যে যক্ষৎ ও শ্লীহা নামে দক্ষিণ ও বামভাগন্থিত তুইটি মাংসপিও আছে, তাহা কঠিন ও উমুথ, এজন্ত পর্বতের সদৃশ, এই তুলনার উহাকে পর্বতেরপে কয়না করা হয়। লোম সকলকে (ক্ত স্থাবর) ওয়ধি এবং কেশকে (বৃহৎ স্থাবর) বনম্পতি-(বৃক্ষ) রূপে ভাবনা করিবে। উদয়াবিধি মধ্যাক্ষলাল পর্যান্ত হুর্যা যে উদয়োলুথ থাকেন, তাহাই অবের নাভির উর্দ্ধভাগ ও মধ্যাক্ষ হুইতে অন্তময়কাল পর্যান্ত অন্তোল্থ হুর্যাকে অবের শরীরাধোভাগ ভাবনা করিবে। অবের যে গাত্রচালনাপূর্বক ভৃত্তাই মুথবিদারণত্তা মেঘবিদারণজাত বিত্যংস্বরূপ। অবের শন্তমহন্তত শরীরকম্পন শন্তমাম্য হেতু মেঘগর্জনমন্ত্ররূপ ও মৃত্রতাগিক্ষরণ সাদৃশ্র বশতঃ বৃষ্টিরূপী ভাবনা করিবে। অধের ছেয়াশন্ত শন্তবিশেষ : হতরাং ইহাতে কোন কয়নার আবস্তুকতা নাই॥১॥

অহর্কা অশ্বস্পূরস্তান্মহিমান্বজায়ত তস্য পূর্বে সমুদ্রে যোনী রাজ্ঞিরেনস্পশ্চান্মহিমান্বজায়ত ত্স্যাপরে সমুদ্রে যোনিরেতো বা অশ্বং মহিমানাবভিতঃ সম্বভূবতুঃ।

হয়ে। ভূত্বা, দেবানবহৎ বাজী গন্ধব্বানব্বাইস্থরানখো মনুষ্যান্ সমুদ্র এবাস্য বন্ধুঃ সমুদ্রো যোনিঃ॥ ২॥

ইতি প্রথমং ব্রাহ্মণম্॥

অখনেধীর অখের অত্যে ও পশ্চান্তাগে মহিমানামক ছইটি গ্রহ (হবনীর দ্রবানিরণাত্র) স্থাপিত হইরা থাকে । তন্মধ্যে অত্যে স্থাপনীর গ্রহ স্থবর্ণময়, পশ্চাৎ

ষাপনীর এই রজতময়। একণে সেই গ্রহণয় ব্লানি করিয়া এই বিজ্ঞান উপদিষ্ট ইইতেছে। স্থাপনির গ্রহ ও দিন উভরই দীপ্তিমান্ পদার্থ, এই হেতু স্থাপনির গ্রহকে দিনস্বরূপ, অর্থাৎ দিনাবিপতি স্থাস্বরূপ বলা ইইল। মিদি বঞ্চ, শ্রুতিপ্রতিপাদিত অম্বকে লক্ষ্য করিয়া দিনস্বরূপী মহিমা (য়জ্ঞীয় পাত্র) উৎপুদ্ধ ইইয়াছিল, ইহার কারণ কি ? উত্তরে বলা বার যে, অন্থ প্রজাপতিস্বরূপ নির্দারিত হওয়ায় দিনস্বরূপী মহিমার আবির্ভাব, মেহেতু, আদিত্যাদিরূপী প্রজাপত্তিকে দিবা ধারা জানা বার, স্তরোং প্রজাপতিরূপী অন্থ দিনস্বরূপে উৎপন্ন মহিমা ধারা লক্ষিত ইইবে, ইহা যেমন "বৃক্ষমন্ত্রিভোততে বিদ্যাৎ" এই বাক্যন্ত অন্তর্পশব্দের লক্ষণার্থ ধরিয়া "বৃক্ষকে লক্ষ্য করিয়া" বিদ্যাৎ, উদ্যাদিত হয়, এইরূপ অর্থ-সঙ্গতি রক্ষিত হয়, সেই প্রকার এই রাহ্মণান্তর্গত অনুশব্দের লক্ষণার্থ করিয়া মহিমা (গ্রহ) জায়মান হইয়াছিল, এইরূপ অর্থ করিতে ইইবে।

ঐ গ্রহ যে স্থানে স্থাপিত, দেই আশাদনস্থান পূর্ব্বসমূদ্রবপে ভাবনীয়। এরপ রক্তগ্রহকে রাত্রিস্বরূপ চিস্তা করিবে। যেহেতু, রক্তগ্রহ গুরুবর্ণ, রাত্রিও চন্দ্রবৃদ্ধি-সম্পর্কে শুক্রবর্ণা, এই সাদৃশ্র হেতু কিম্বা স্থবর্ণাপেকা রচত জ্বল্য, রাত্তিও দিনাপেকা জ্বতা, এইরূপ জ্বতাত্ব দাদুগারশতঃ অস্বের পশ্চাৎ স্থাপিত রক্ষতগ্রহ রাত্রিরূপে কল্লিত হইরাছে। এইরূপে অধের পশ্চাদ্ভাগে স্থাপিত রাত্তিরূপে কল্লিত রাজত-গ্রহের আসাদনস্থানকে পশ্চিমসমুদ্রক্রণে কল্পনা করিবে। মহিমা অর্থে মহত্ত্ব। ইহাই অধের মহতী প্রশংসা যে, মহিমানামক স্বর্ণ ও রজতময় ছইটি গ্রহ তাহার উভর দিকে অবস্থিতির জন্ম উদ্ভত হয়। এই যজ্ঞীয় অখের মহক্ষপ্রদর্শনার্থই ক্রতি পুনর্বার মহিমার কথা বলিলেন: অতএব "হয়ো ভূষা" ইত্যাদি অংশও যে অখের স্ততির নিমির্ত্ত অভিহিত, ইহা অবশ্র স্বীকার্যা। গমনবাচক 'হি'ধাত হইতে হয়শন্ত নিপার। তাহার অর্থ বিশিষ্ট গতিশীল, কিম্বা হয়শব্দের অর্থ অবজ্ঞাতিবিশেষ। মৰ্দ্বাৰ্থ এই যে, যজীয় অৰ যাজককে দেবত্ব প্ৰাপ্ত করাইয়াছিল' কিন্তা আৰু প্ৰজা-পতিশ্বরূপ. এই হেতু দেবতাদিগের বহনকারী হইয়াছিল। यদি বল, আশের ্ত্ত্বিতির পরিবর্ত্তে বাহন শব্দের উক্তি ঘারা নিন্দা করাই হয়। এ কথা তাহা সূত্য ; किन हैश मार्वायह नहर, त्यहरू, व्यत्यत वाहनकरे वाक्षायक धर्म। किना দেবতাদিগকে বহন করা অখের উন্নতিই বলা যায়, ইহাতে অখের স্থতি জিন্ন অয় কি হইতে পারে গ

সেই অশ বাজী হইয়া গন্ধবিদ্যুকে, অৰ্থা জাতিতে অন্তরদিগ্রে ও অশ্বরূপে

মনুষ্যদিগকে বহন করিয়াছিল। সমুদ্র (পরমান্থাই) অধ্যের বন্ধ (স্থাপমিতা) এবং উৎপত্তিকারণ। এই প্রকারে অধ্যের উৎপত্তিকারণ ও স্থিতির উল্লেখ দারা বিশুদ্ধতা-প্রদর্শনে অধ্যের স্থাত করাই ইইল। অথবা "জলই অধ্যের উৎপত্তিগুল" এই শ্রুতিবাক্যানুসাবৌ সমুদ্রই অধ্যের উৎপত্তিস্থান, ইহা সর্বজনপ্রসিদ্ধ ॥ ২॥

প্রথম ব্রাহ্মণ সম্পূর্ণ॥ ১

উপনিষ্ৎস্থ—প্রথমাধ্যায়স্ত

দিতীয়-বান্ধণম্

নৈবেহ কিঁঞ্চনাগ্র আসীৎ মৃত্যুনৈবেদমারতমাসীৎ।

এইক্ষণে অশ্বমেধ-যজ্ঞের উপযোগী অগ্নির উৎপত্তি কথিত হইতেছে।—ক্ষতি সেই
অগ্নিবিষয়ক ভাবনার উপদেশ করিবার বাসনায় অগ্নির উৎপত্তি-বর্ণনাচ্ছলে প্রশংসাই
ক্রিলেন। এই সংসার্থমণ্ডলে মন প্রভৃতির স্টির পূর্বে নাম ও রূপাদিবিশেষে
বিভক্ত কোন পদার্থই ছিল না। বৌদ্ধবাদী বলেন, তথ্যে কি শৃহ্যই ছিল গুণ্ম হওয়াই
সঙ্গত। কেন না, "কিছুই ছিল না" এই ক্ষতি তাহার সাক্ষ্য দিতেছে আর যখন সমস্ত
বস্তুরই উৎপত্তি দেখা যায়, তখন তৎকালে কার্য্য বা কারণ কেহই ছিল না, ইহা স্থির।
ফট যখন উৎপত্ত হুইতেছে, তখন উৎপত্তির পূর্বে তাহার অন্তিত্ব ছিল না বলিতেই
হইবে। যদি বল, যাহা দৃষ্ট হয় না, তাহারই অভাব মানিতে হইবে, এই নিম্নমে
উৎপত্তির পূর্বে কার্য্য দৃষ্ট হয় না বলিয়া কার্য্যের অন্তিত্বাভাব স্থীকার করিতে
পার; পরস্তু ঘটাদি কার্য্যের উৎপত্তির পূর্বে মুর্থপিণ্ডাদিরপ কারণের প্রত্যক্ষসত্বেপ্ত
তাহার অন্তিত্ব স্থীকার না করিবার হেতু কি গুইহাও বলিতে পার না,
বেহেতু, সকল পদার্থেরই উৎপত্তির পূর্বে উপলব্ধি হয় না। বেশ, যদি উপলব্ধি
হয় না বলিয়া বন্তর অভাব মানিতে হয়, তবে সম্লায় জগৎস্টির পূর্বে কার্য্য

* इब, ताबी, अर्थ, बर्का देशका बार्विक वाण्डिक /

ও কারণ কাহারও উপলব্ধি থাকে না, তাহা ধারা ধমন্ত জগতেরই অভাব স্বীকার করা হউক, হতরাং শৃহ্যবাদ্ধ পর্যাবসিত। বৌদ্দিগের এই জ্বাপত্তি খণ্ডন করিবার জন্ম বৈদান্তিকগণ শ্রোতপ্রমাণ ও বৃক্তি দেখাইতেকুছন। নৈবেদান্তিকগণ বলেন-শূক্তবাদী বৌদ্ধের এই সিদ্ধান্ত নুক্তি ও প্রমাণসিদ্ধা নহে, বেহেতু, এই শ্রুতিতেই কথিত হইরাছে, "এই সমস্ত জগৎ মৃত্যু কর্ত্তক আবৃত ছিল।" যদি স্ষ্টের পূর্ব্বে আবরক ও আবার্যা কিছুই না থাকিত, তাহা হইলে মৃত্যু কর্ত্তক সমস্ত জগৎ আবৃত ছিল, শ্রুতি এই কথা কংনীই বলিত না। শ্রুতিবাক্যার্থের প্রামাণ্য-রক্ষার জন্ম অবশ্রুই স্বীকার করিতে হইবে যে, উৎপত্তির পূর্ম্বে বস্তু অমুপদভামানভাবে ছিল। কেই কি কথনও দেখিয়াছে বা শুনিয়াছৈ বে, রস্ক্যার পুত্র আঞ্চাশের পুষ্প দারা শোভিত হইয়াছে 🕆 বাহা অলীক, তাহা অলীক দারা আবৃত হয় না বা অনীক বিষয় নইয়া একটি বাক্যও প্রযুক্ত হয় না। অথচ শ্রুতি বলিতেছেন যে, স্ষ্টির পূর্বের জগৎ মৃত্যু কর্ত্তক আত্মত ছিল। যদি বাস্তবিকই স্ষ্টির পূর্বের কোন পদার্থ না থাকিত, তবে মৃত্যু কর্তৃক জগৎ আতৃত ছিল, শ্রুতির এই কথা সর্বাপা অসঙ্গত হইত। অতএব স্বষ্টির পূর্বে আবরক ও আবার্য্য উভয়ই কুক্ষরূপে বিশ্বমান हिन, व्यक्तियामार्गा देशहे श्रीकातु कतिराठ दत्र । ७४ ठाराहे नरह, अस्मान वाता ७ স্ষ্টির পূর্বে কার্য্য ও কারণের অন্তিত্ব প্রমাণিত হয়। অন্বয়-ব্যতিরেক অর্থাৎ কারণ থাকিলেই কার্য্যের উৎপত্তি, আর কারণের অসন্তায় কার্য্যের অহুৎপত্তি হয় না, रयमन परिकार्रगात कातन मुर्शिख, ठळ ७ कूनान প্রভৃতি থাকিলে को উৎপন হয়, ना थाकित रम्न ना, रेरा पाता परे जगरकार्यात्र उर्पालत शूर्त्व कातरगत अस्ति অমুমিত হুইতেছে। তাই বলি, কারণ না থাকিলে জগৎকার্য্য উৎপন্ন হুইত না। এ হলে শুক্তবাদী আপত্তি করেন, যেমন মুংপিওরূপ কারণকে বিনাশ মা করিয়া ঘটকার্য্যের উৎপত্তি হয় না, স্বতরাং মুৎপিণ্ডের ধ্বংসরুপ অভাবকে ঘটোৎ-পত্তির প্রতি কারণ বলিতে হইবে, এই দৃষ্টাত অমুসারে অভাব হইতেই সমস্ত জগতের উৎপত্তি বলা যাউক, অর্থাৎ স্বষ্টির পূর্বের শৃক্তই ছিল, ইহা সত্য, বেছেতু, জগৎকারণের অন্তিত্বাহুমাপক কোনই প্রমাণ নাই। বৈদান্তিক এই বৌদ্বমতের প্রতিবাদস্বরূপ বলেন যে, ইহা একটি কথাই নহে। কারণ, ঘটের প্রতি মৃত্তিকাই কারণ এবং নচক (আভরণবিশেষ) কার্য্যের প্রতি হবণ ই কারণ, মুৎস্থবর্ণ পিণ্ডাদ্ (আকারবিশেষ) কারণ নহে, যদি মুৎপিণ্ডাদি-আকার কারণ হইডু, তবে পিণ্ডাদি आकाइविरास ना शाकिल (कवन मुखिका ও अवर्गानि इहेर उप ७ क्रा किन উৎপত্তি সম্ভব হইত না, যথন দেখিতুছি, ঐ আকার ব্যতিরেকেও কেবল মৃতিকা হইতে ঘটোৎপত্তি সন্তব, তথান মৃথুপিণ্ডাদি কারণপদবাচ্য নহে। বরং মৃতিকা ও স্বর্ণাদি না থাকিলে ঘট ও কচকাদি, কার্য্য জন্মে না. অতএব মৃথ-স্বর্ণই ঘট-কচকাদির কারণ শলিতে ধম। অতএব পিণ্ড-ধ্বংসের পর কার্য্যোৎপত্তি দেখিয়া পিণ্ডের কারণতা বারনা করিতে পার না। আরও এক কথা, উৎপত্তির পূর্ব্বে যদি কারণ না থাকে, তবে কার্য্যাৎপত্তি হইতেই পারে না। এই হেতু উৎপত্তির পূর্বের্বারণ মৃত্যা, ইহাই দিনাস্ত। আর যে বলা হইরাছে, মৃৎপিণ্ড-ধ্বংস হইতে ঘটোৎপত্তি নিবন্ধন অভাবের কারণতা স্বীকার্য্য, ইহাও অতি তুছ্ত কথা, সকল কারণই কার্য্য উৎপাদন করিতে যাইয়া পূর্ব্বোৎপন্ন কার্য্যকে তির্মোহিত করে ও সেই স্থানে অত্য কার্য্য উৎপাদন করে। এককালে এক উপাদান কারণে বিক্রন্ধ অনেক কার্য্য এক্যোগে থাকিতে পারে না। অতএব মৃৎপিণ্ডন্নপ পূর্ব্বকার্য্যের বিনাশ হইলে মৃত্তিকারপ কারণের নিজের ধ্বংস হয়, এমন নহে। ঘদি বল, পিণ্ড ব্যতিরেকে মৃত্তিকারপ কারণের নিজের ধ্বংস হয়, এমন নহে। ঘদি বল, পিণ্ড ব্যতিরেকে মৃত্তিকারপ কারণের নিজের ধ্বংস হয়, এমন নহে। ঘদি বল, পিণ্ড ব্যতিরেকে মৃত্তিকারপ কারণের কারণ, মৃৎপিণ্ডের বিনাশ কারণ নাইলা অনুমালিকক, তাহাও নহে, বেহেতু, মৃৎপিণ্ড নই হইলেও মৃত্তিকা কার্য্যান্তর ঘটরূপে বর্ত্তমান থাকে; স্বত্রাং ঘটের মৃত্তিকাই কারণ, মৃৎপিণ্ডের বিনাশ কারণ নহে।

যদি বল, আমার এই সিদ্ধান্তই বৃক্তিহান, বেহেতু, সেই স্থলে মুংপিও ও ঘটাদি ভিন্ন অন্ত মৃতিকাদি কারণের উপলব্ধি হয় না। অতএব মুংপিওের অভাব হইতেই ঘট উৎপন্ন হয় বলিতে হইবে। বোদ্ধদিগের এই আপত্তিতে সিদ্ধান্তবাদী বৈদান্তিক বলেন যে, তোমাদিগের এই কথাও বৃক্তিবিক্লদ, কারণ, মুংপিও বিনম্ভ হইলেও তাহার অবশ্ববে মৃত্তিকাল থাকে; স্থতরাং ঘটের উৎপত্তিকালে মৃত্তিকার অবস্থিতি নিয়তই আছে, অতএব স্থির কথা যে, মৃত্তিকাই ঘটের কারণ, মুংপিওের অভাব কারণ নহে।

বৌদ্ধণ ঘটকার্য্য মৃত্তিকারপ কারণের অন্ত্যরণ স্বীকরি না করিয়া ঘটের কারণীভূত মৃত্তিকার স্কাতীয় অন্ত মৃত্তিকার উপলব্ধি স্বীকার করেন। তাহাদের অভিমত সমস্ত প্রার্থই ক্ষণকালস্থায়ী; মৃত্তিকাও ক্ষণিক, তদন্সারে উৎপত্তির পূর্বেশ যে মৃত্তিকা ছিল, ঘটের উৎপত্তির সময়ে তাহার সত্তা নাই, এই জন্ত তাহার সদৃশ অন্ত মৃত্তিকা ঘটে অন্ত্রুক্ত হয়। সাদৃশ্যবশতঃ অন্ত মৃত্তিকাকে সেই মৃত্তিকা বলিয়া ত্রম হইয়া থাকে, বাস্তবিক উভন্ন এক মৃত্তিকা নহে। তহন্তরে বৈদান্তিক বলেন, তোমার এই ক্ষণিকবাদও মৃত্তিমৃক্ত নহে। কেন না, মৃৎপিত্রের অবন্তব মৃত্তিকাই ঘটে প্রত্যক্ত উপলব্ধ হয়, অথচ অন্ত্যুন হারা তাহার ক্ষণিকম্ব সিদ্ধ করিতে

ধাইরা হস্তাত্মান অবলহন করা অপেকা সাদৃৰ প্রভৃতি কল্পনা না করাই উচিত। পক্ষান্তরে, একবস্তুর একরূপে প্রতাক্ষ ও অক্সরূপে অনুমান এইরপ প্রতাক্ষানুমানের পরস্পর বিরুদ্ধ বাভিচারও সমত নহে। যেহেতু, অমুমানাপেকা প্রদাক বলবং প্রমাণ। যে অনুমান প্রতাক্ষকে আশ্রয় করিয়াই দাঁডাইতে পরে, সেই অনুমান शांता প্রতাক্ষসিদ্ধ প্রার্থের অন্তর্মপ কল্পনা হইতেই পারে না, তাহা স্বীকার कतित्व नकन इत्तरे अश्रामार्गात श्रमक रहेश श्राफ, श्रामुख्या इत्त * প্রতাক্ষ খারা বে একই বস্তুর প্রতীতি হয়, তৎসদৃশ বিভিন্ন বস্তুর নহে। তোমার মতে অনুমান ঘারা নেই বস্তুর বিভিন্নতা স্বীকার করিলে প্রতাক ও অনুমানের পরস্পর বিরোধ হইয়া পড়ে অর্থাৎ প্রতাক্ষ ও অনুমান পরস্পর বাধা-वाधकভाবে मधायमान इय। यमि वल, विनिशमनात । অভাবে অसूमानहे প্রত্যক্ষকে ব্যাহত করিবে, তাহাও নহে। বেহেত, প্রত্যক্ষই অনুমানের মূল, ইহা পূর্বেই উক্ত হইয়াছে। আর এক কথা, যদি তোমার মতে সকল भाषि कार्निक इस. उत्त ब्लानित शामाना कारात थाता निर्नीछ रहेत्व ? यमि তজ্জন্ত অন্ত জ্ঞান অপেক্ষণীয় হয়, তবে সেই জ্ঞানের প্রামাণাণঅবধারণ করিতে অপর জ্ঞান অপেক্ষিত হউক, এইরূপে অনবস্থাদোর ঘটিয়া উঠে। এই অনবস্থাদোষপ্রযুক্ত জ্ঞানের প্রামাণ্য নিশ্চর হইতে পারে না। বেহেতু, বৌদ্ধগণ জ্ঞানের স্বতঃ প্রামাণ্য স্বীকার করেন না। এই সব কারণে 'তাহার সদুশ এই বস্তু,' এই জ্ঞানকে মিথাা জ্ঞান স্বীকার ক্রিতে হয়। আরও এই কারণে সাদৃশুবৃদ্ধি দারা প্রত্যতিজ্ঞার সম্পতি করা অসম্ভব। 🕆 বেহেতু, ক্ষণিকবাদীর মতে পূর্বজ্ঞান এবং পরজ্ঞানের একটি স্থায়ী কর্ত্তা নাই। পূর্বাদৃষ্ট বস্তুর পশ্চাদর্শনে যে প্রত্যক্ষ-ছড়িত শ্বৃতি জন্মে, তাহাই প্রত্যভিজ্ঞা নামে অভিহিত। অমুভব ও শ্বৃতি এক ব্যক্তিরই সম্ভব। কিন্তু বৌদ্ধমতে তাহা ঘটতে পারে না। আর সাদৃশ্র বশতঃ অভেদ-वृद्धि हय, जोहारम्य এই मिक्षांखं वृद्धिमह नरह। स्टिंड्, मानुश्रमावह এक भनार्थ দেশিয়া অপর পদার্থে তাহার সাধারণ ধর্মজ্ঞানকে অপেক্ষা করে; স্বতরাং ঐ জ্ঞানদম্বের একটি স্থায়ী বিষয় ও স্থায়ী কর্তা থাকা আবশুক। একণে সমস্ত

^{*} श्र्राष्ट्रे रह कालास्टर राचिता, बरे त्मरे रह, धरे यकात स्वरित्त नाम अलास्त्रित।

[†] अक शक्ष श्रीकात कतिबात अवधायुक्तित नाम विनिशमना ।

ক্ষণিকবাদীর নতে চিরহারী কোন পদার্থ নাই, হতরাং প্রান্ত পদার্থ চেতক্ত থালে দর্শন করিয়া, এই দেই পদার্থ, এই প্রকার প্রতাভিজ্ঞার বে অসমতি ইইরা পড়ে, এইজয় প্রান্ত বন্ধর সংগ্রহ সম্বন্ধ পশান্ত বন্ধর প্রতাভিজ্ঞার স্থানিক করিছে এইছে।

क्षिक बीकात कतिरत, मान्ध्येषित् मञ्जावना रकायात्र शिन वन, मान्ध्य ना থাকিলেও মাদুগুজান হয়, তবে মেই এই, এই বুদ্ধিরও অসংক্ষয়তা অর্থাৎ বিষয় না ,থাকিলুলও তাইবয়ক জ্ঞান হয়, বলিতে পারি। যদি বল, তাহাও হয় হউক, আমাদের তাহা অপসিদ্ধাক্ত নহে, তবে তোমার মতে সমস্ত জ্ঞানই মিখ্যা হইয়া উঠে। কেন না, জ্ঞানের সভ্যতা ও নীম্থ্যাত ব্যবহারের মূল বিষয়ের সন্তা, ও অসতা। যেমন রজ্জুতে রজ্জান সতা ও তাহাতে সর্প-রশীবিষয়ের অভাবে দর্পজ্ঞান মিথাা, সেই প্রকার পূর্বদৃষ্ট বস্তুর অভাবে, 'দেই, এই' এই প্রতাভিজ্ঞাক্তানও মিখ্যাই হইবে। যদি বল, তাহাও হউক; তাহাতেও মহান দেখি আছে। অর্থাৎ তোমাদের অভিপ্রেত-বস্তুর অসত্যতা জ্ঞান হইতে মুক্তির' উৎপত্তি সম্ভব হয় না, বেহেত্, সকল জ্ঞান মিথা। হইলে বস্তুর অসতাতাজ্ঞানও মিথা। হইয়া পডে। তবে অনীক বস্তু ৰাৱা বস্তুসিদ্ধি হইবে কিব্নপে ? আর উক্ত প্রণালীতে সমস্ত জ্ঞানই মিথা হইলে, তাহার সত্যতাস্থাপনের জন্ত প্রমাণামুদরণ করাও ক্ষণিক-বাদীর বুথা প্রমাস মাত্র। অতএব প্রত্যভিজ্ঞান্থলে (ঘটে অনুবুত্ত মৃত্তিকার অবয়বে 'দেই এই' এই জ্ঞানে) কারণের সাদৃগু ছারা ,কারণের অন্তর্ত্তির সঙ্গতি করা ক্ষণিক বৌদ্ধবাদীর অসৎকল্পনামাত্র।

স্তরাং পূর্বে যে কার্য্যেৎপত্তির পূর্বে কারণের অন্তিও কথিত হইয়াছে, তাহা সর্বাথাই সক্ষত্ত হইল অর্থাৎ উৎপৃত্তির পূর্বে ক্ষরণে কারণে কার্যা বিশ্বমান, ইহাই প্রতিপন্ন হইল। উৎপত্তির পূর্বে কার্য্য সজপেই বর্ত্তমান থাকে, তাহা না হইলে তাহার অভিব্যক্তি হইবে কিরপে । অসিদ্ধ বস্তুর অভিব্যক্তি হয় না, কার্য্যের অভিব্যক্তি অর্থাৎ জ্ঞানাকারতাপ্রাপ্তি। যেমন অন্ধকারাদি ঘারা মার্ত ঘটাদি পদার্থ আবরপনাশক প্রদীপাদির প্রভা ধারা উদ্ভাসিত হইলে জ্ঞানের বিষয়ীভূত হয়, সতরাং পূর্বে স্বাপার থারা আবরণ ধিনন্ত হইলে অভিব্যক্তি লাভ করে, ইহাই আমাদের তাৎপর্যা। অসৎ পদার্থ কথনই অভিব্যক্তি লাভ করে, ইহাই আমাদের তাৎপর্যা। অসৎ পদার্থ কথনই অভিব্যক্ত হয় না, যদি ঘট যথার্থ অবিশ্বমান হয়, তবে সহক্র স্থ্যে উদিত হইরাও উপলব্ধি বর্হতে পারে। এ স্থলে বাদী আপত্তি করে, তোমার মতে যদি কার্য্য উৎপত্তির পূর্বেও বিশ্বমান থাকে, তবে স্থ্য উদিত হইলে বিশ্বমান ঘটের স্ক্রাম্ব অনজিব্যক্ত (ভারী) ঘটও প্রত্যক্ত হউক। উত্তরে বিশ্বমান ঘটের স্ক্রাম্ব অনজিব্যক্ত (ভারী) ঘটও প্রত্যক্ত হউক। উত্তরে বিশ্বমান ঘটের স্ক্রাম্ব অনজিব্যক্ত (ভারী) ঘটও প্রত্যক্ত হউক। উত্তরে বিশ্বমান ঘটের স্ক্রাম্ব অনজিব্যক্ত (ভারী) ঘটও প্রত্যক্ত হউক। উত্তরে বিশ্বমান ঘটের স্ক্রাম্ব অনজিব্যক্ত হিলার, ছই প্রকার,

এক—মুংপিও হইতে অভিব্যক্ত ঘটাদির প্রচাক্ষ সমন্ধে অন্ধকার এবং প্রাচীর প্রভৃতি আবরণ, দিতীয়-মুন্তিকা হইতে ঘটের অভিব্যক্তির পূর্ব্বাবস্থাপ মুন্তিকা-বয়বের মৃত্তিকাপিওরপ বিভিন্ন কার্য্যাকারে অবস্থিতি। বাঞ্চবিক পূর্বকার্য্যা-বস্থাই পরকার্য্যের আবরণ। সেই হেতু উৎপত্তির পূর্বের কার্যার্শবাস্তবিক বিশ্বমান হইলেও কার্যান্তর ধারা আঁবিত থাকা প্রবৃক্ত উপলব্ধ হয় না। বিনষ্ট, উৎপন্ন, ভাব ও অভাববাদি দারা যে নাশ, উৎপত্তি, বিভ্যমানতা ও ক্লবিভ্যমানতা-প্রভৃতি বিভিন্ন অর্থপ্রতীতি হয়, তাহা অভিব্যক্তি ও তিরোভাবের নামান্তর অর্থাৎ কপালাদি পশু দারা ঘটের যে তিরোভাব, তাহার নাম ঘটধ্বংস; আর পিগুলি সতন্ত্র মুংকার্য্যরূপ আবরণের অভাবে ঘটের যে অভিব্যক্তি, তাহীকে উৎপত্তি वना यात्र। अमीशामि बाता अक्कातक्रभ आवत्। अभागामान ঘটের বে অভিব্যক্তি, তাহা ভাব বা প্রকাশ শব্দের অর্গ ও মুংপিণ্ডাদি দারা তিরোভাব অভাবশন্বাচা। যদি বল, মুংপিও ও কপাল ঘটের আবরণ হইতে পারে না, কেন না, বাহা যে বস্তুর আবরক হয়, তাহা সেই বস্তু হইতে বিভিন্ন স্থানে থাকে। বেমন ভিত্তি বা অন্ধকার বিভিন্ন স্থানে থাকিয়া বস্তুর আবরক হর, দেইরূপ মুংপিও ও কপাল ঘটের বিভিন্ন আশ্রয়ন্থিত নহে, অতএব পূৰ্ব্বে যে মৃৎপিণ্ড ও কপালের ধারা আবরণপ্রবৃক্ত বিষ্ণমান ঘটের অনুপলব্ধি वला हरेबाहर, हेरा बुक्तिबुक नार, व्यर्शार मुर्शिख ७ कथान व्यावतनवस्त्रिके नार । যাহা স্বারা ষটের অনুপল্ধি হইবে ? সূত্রাং সংকার্যানাদ ৰুক্তিসহ বলা বার না। এই আপত্তি অকিঞ্ছিৎকর, বেহেতু, আবৃত ও আবরণের যে, বিভিন্ন অধিকরণই হইবে, এমন নিয়ম নাই। দেখা যায়, গুগ্ধমিশ্রিত জলে হুখের দারা আবরণ সংঘটিত হয়, অথচ ঐ আবরণ বিভিন্ন অধিকরণে বর্তুমান নছে; স্থতরাং এই নিয়মের ব্যতিক্রম দেখা বাইতেছে। যদি বল, কার্য্য-मार्जंद मर्खना • मंडा श्रीकात कतित्व घर्ट क्लात्वत मंड क्लान-पूर्वंद्र । অন্তর্ভাব হেতু কপাল দারা আবরণই অসম্ভব ? কাহাঁ দারা ঘটের উৎপত্তির পূর্বে অনুপ্রবৃদ্ধি হইবে ? উত্তর—এই আপত্তিও সঙ্গত নছে, যেহেতু, ঘট বেমন কপালের কার্য্য, এরূপ কপালচুর্ণও কপালের কার্য্যান্তর; স্মৃত্রাং चंदेकार्या क्यान त जात थात्क,क्यानहृति से जात मारे, प्रकेशः चंदेकारा क्षांन हाता आकृष्ठ विनिन्न खेळाक हत ना, देश मित्र हरेन। श्रूनक, वानी तरमन, यमि छैर शिव शूर्स ७ यह विश्वमान शांक, अथह मुर्शिश वा কপালাদি দারা আবৃত থাকা প্রবৃক্ত তাহার প্রত্যক্ষ হয় না, এই সিনান্তই বলবং

হয়, তবে ঘটকামী ব্যক্তি আবর্ণ-নানের জন্ত যত্ন না করিয়া ঘটের উৎপাদনে কি জন্ত যত্ন করে? বেহেতু, দেখা যায়, লোক বাহার প্রার্থী, তহিষয়েই চেইাবান্ হয়; অতথ্য উৎপত্তির পূর্ব্ধ বিশ্বমান ঘট কপাল ঘারা আবৃত বলিয়া উপলক্ষ হয় না, ইহা মুক্তিবৃক্ত বাক্য নহে, মবিদ্ধমান ঘটেরই উৎপত্তি বলা উচিত। ইহার উত্তরে সিদ্ধান্ত-বাদী বলেন, এমন কোন নিয়ম নাই যে, আবৃত বস্তর অভিব্যক্তির জন্ত কেবল আবরণবিনাশার্থই যত্ন করিতে হইবে। অন্ধকারাবৃত্ত ঘটের প্রকাশের জন্ত প্রদীপ জ্ঞালিতে দেখা যায়। যদিও সেই প্রদীপ প্রজ্ঞালনের চেষ্টা অন্ধকারনিবৃত্তির জন্ত, তথাপি তাহার মুখ্যফল ঘটপ্রকাশ। প্রজ্ঞালত প্রদীপ ঘারা অন্ধকারনাশ ও ঘটের প্রকাশরপ তুইটি কল সাহিত হইতে দেখা যাইতেছে। আবরণনাশ ঘারা ঘটের কোন বৈশিষ্ট্য উৎপত্ন হয় না, এমন নহে; যেহেতু, তাহার পরই প্রকাশ-বিশিষ্ট বলিয়া ঘটকে প্রত্যক্ষ করা হয়, বেমন প্রদীপনির্মাণ ঘারা অন্ধকারনিবৃত্তি ঘটলে প্রকাশবিশিষ্ট ঘটের উপলব্ধি হয়, কিন্তু প্রদীপ নির্মাণের পূর্ব্ধে তাহা হয় না, সেইরপ ঐ স্থরেও জানিবে। অত্থব কেবল আবরণনাশের জন্ত প্রদীপ জালিত হয় না, কিন্তু প্রকাশই স্থাকার্য। এই আলোক ঘারাই ঘট প্রত্যক্ষগোচর হয়, ইহা অবশ্রই স্বীকার্য্য।

কোন কোন স্থানে আবরণনাশের জন্মও চেষ্টা হইয়া থাকে। যেমন প্রাচীরাবৃত্ত
ঘটের প্রকাশের জন্ম প্রাচীর ভম করিতে দেখা যায়। অতএব অভিব্যক্তিকামীর
কেবল আবরণভলের জন্মই যে যত্ন হইবে, এইরপ নিয়ম মানিতে পারি না।
নিয়ম থাকিলে তাহার একটি সার্থকতাও থাকিত, বিনা উদ্দেশ্যে নিয়মস্বীকার
কোন মতিসিদ্ধ নহে। মৃত্তিকারপ কারণে বর্তমান পিণ্ডাদি কার্য্য অনভিব্যক্ত ঘটাদি
কার্য্যের আবরণ, ইহা আমরা বছবার, বলিয়াছি। যদি ঘটের অভিব্যক্তির জন্ম
প্র্রাভিব্যক্ত কার্য্য মুৎপিও বা কপালের বিনাশ নিমিত্ত যত্ন করা যায়, তাহা হইলে
মুৎপিও বা কপালের বিনাশ জন্ম মুৎপিও বিদলন ও কপালচ্পর্রপ
কার্য্যান্তরও জন্মিত্বে পারে, আবার ঐ কার্য্য ধারা আবৃত থাকাতে ঘটের
উপলব্ধি হইতে পারে না; স্থতরাং তাহার বিনাশের জন্ম আবার
বন্ধ করা ইউক। যথন ঘটের অভিব্যক্তির জন্ম দণ্ডচক্রাদিরপ নিমিত্ত-কারণ
সকলের ব্যাপারই কার্যাদিদ্ধির জন্ম নিয়ত অপেন্দিত হয় এবং ঘটের অভিব্যক্তিরপ কার্য্য সম্পাদন করিয়া, করণ কারকের ব্যাপারও যথন সার্থকতা লাভ
করে, তথন এই উৎপত্তির পূর্ব্বে কার্যের স্ভাই স্বীকার করা সকত। 'ঘট
হইতেহে', এই বর্তমান ঘটবিবৃত্তক জানের জান্ধ 'ঘট হইবে' ও 'ঘট হইয়াছিল',

াই প্ৰকাৰ ভবিষ্যৎ ও অতীত কটবিষয়ক জানও বিষয়ের সহিত প্ৰকাশ পাইয়া ু পাৰে। বিশেষতঃ অতীত গটজান ও ভবিষ্যং ঘটজান মধন বর্তমান বটজান হুইতে বিভিন্ন, তথন সেই অতীত ও তবিষ্যুৎ ঘটজানের উপাধান্তির বেয়াও সংকার্যা-্বাদ স্বীকার করিতে হয় ়ি যদি মতীও ও ভবিশ্বৎকালে বিস্তানসম্ভাত না স্থাকে. ত্বে বর্ত্তমান্থট-বিষয়ক জ্ঞানস্থলেও বিষয়ের জ্ঞান না হউক। আর এক কথা, যদি विगार मनाम वह विभाग मन्वस्था मा थाकिल, लदव-आकानकूम्यम आह्युर्गत ন্তাম ভাৰী ষটের লাভের জন্তও কোন পুরুষ প্রযন্ত করিত না। অথচ দেখা যায়, ্লোক ভাৰী ঘটের জন্ম চেষ্টা করিভেছে। অতএক মানিতে হঠবে যে, ভাবী ঘটও ्यानिक क्रिक्त का बार विश्वमान शांदक, नर्ति पर्छ व्यम्बद्धान हरेता क्रिया এবং যোগীদিগের ঐ ভাবী ঘটবিষয়ক প্রৈতাক্ষজানও মিগ্যা হইয়া পড়ে। বাস্তবিক ্যোগী ও ঈশবের জ্ঞান মিধ্যা নহে। বেছেত, এ জ্ঞান অপেকা অন্ত কোনও ্প্রবল জ্ঞান নাই,—বাহা হারা উহা বাধিত হটবে। বদি বল, অতীত ও ভবিষ্যৎ-ুকালে অসং-বন্ধ-বিষয়ক বে জ্ঞান হয়, তাহা কল্পিত প্রভাক্ষমাত্র, বাস্তবিক উহা অমুনানসরপ, ইহাই আমরা বলি। তাহা নহে, পূর্বেই ঐ অমুনানের প্রতিবাদকল্পে বলা হইরাছে বে, যদি কুম্বকার প্রভৃতি ঘটনিশ্বাত সকলকে ঘটনিশ্বাণে ব্যাপত ्राधिया, यह रहेरव, धरेक्कप निम्हत्र आमाधिक रहेत्रा शास्क, उटव 'वह रहेरव', धरे ্বাক্য দারা যে ভবিষ্যংকাদের সহিত ঘটের ভাবী সময় অভিপ্রেত, অথচ সেই परित (महे कारन गड़ा माहे, अहे तथा अर्सणा अमन इंट्रेंग्डर मा कि १ अर्थाए ্কথনই ইহা ছইতে পারে হা বে, ভবিশুৎ ষট অস্থ। থেমন বর্ত্তমান ঘটকে প্রক্র ক্রিরা 'এই বট বিভয়ান নাই', এই কথা অসকত, সেই প্রকার ভাবী বট ভবিষ্যৎ-্কালে অসং, এই কথাও উন্মত্ত-প্রলাপমাত্র। ইহাতে বাদী রলেন যে, ঘট মিশ্বাণের জন্ম যে প্রকার কুলালাদির চেষ্টা দেখা বায়, উৎপত্তির পূর্বে সেই প্রকার দট निक्रकारी जनानमना कि कार्यामण्याककद्रण विश्वमाम ना शाकार छाराइ अप्रखा अस्तित अर्था। हेरात छेखरत मिकाखरामी नराम, एमि^{र्}स थकात अमर--শব্দের অর্থ করিতেছ, উহা স্থামার নত্রিক্ত নয়। কারণ কি 🤋 উৎপত্তির পূর্বে মট ক্ষনভিনাক অবস্থায় থাকে, ইহা আমনাও স্থীকার করি। পরস্ত ভংকালে মংশিও বা কণালের সর্ব্যানতা থাকিলেও জ বর্তমানতীর সহিত ঘটের বর্তমান-্ভার প্রভেদ থাকার উহা বটের বর্জনানতা নহে। এইরণ বটের কবিশ্বস্তাও ক্র্যাল ও ্ৰসংপিতে শাকে না। ভূমি কটেন উৎপত্তিক পূৰ্কে যদি প্ৰাহার স্বীক্ত কাৰ্য্যক্রপ ভরি-ক্ষরীকার না করিতে, তাহা কুইলে তোমার সহিত আমার সতরিরোধ বুইজন

যথন তুমি তাহা অস্ত্রীকার কর না, প্রথন আর মতভেদ কি ? সকল ক্রিয়াবান্ পদার্থেরই ভবিষ্যন্তা, রর্ভমানতা ও অতীতক বিভিন্ন, এক নহে; যেহেতু, ঘটের विश्वमानजाममद्भ अट्टेंब अविश्वजार तथा गांग, विश्वमानजा शांदक ना ; ম্বতরাং উহা ব্যক্তিভেদে বিভিন্নই শানিতে হইবে। আর এক কথা, চারি প্রকার অভাবেরও অভাবত বা অসত্ত্বের পরিবর্তে ভাবরূপত বলিতে হইবে, কারণ, সেই সভাব-চতুইয় বস্তুর বর্ত্তমান, অতীত ও ভবিষ্যৎ অবস্থাস্বরূপ বলিয়া সাংখাশাস্ত্রে মীমাংসিত আছে। একণে অভাবের ভাবরূপত্ব প্রমাণিত করিবার জন্ম প্রথমতঃ অভাবকে চারি ভাগে বিভক্ত করিতেছেন বর্ণা প্রাথভাব (ডিংপত্তির পূর্ব্ধকালীন অভাব), ধ্বংস (বিনাশ), অত্যস্তাভাব (সর্ব্বকালীন খঁভাব) ও অস্তোন্তাভাব (প্রভেদ)। এই চারি প্রকার অভাবের মধ্যে অক্সোন্তাভাব, অর্থাৎ 'বট হইতে বিভিন্ন পট, এই বাকো পটেতে ঘটের যে ভেদপ্রতীতি হয়, উহা পটস্বরূপ ভাবপদার্থ, ঘট-স্বরূপ নহে। ঘটাভাব ভাবরূপী পটম্বরূপ হইলে অবশ্রুই ভাবস্বরূপ বলিতে হইরে, অভাবস্বরূপ হইতেই •পারে না। এই প্রকারে ঘটাত্যস্তাভাব প্রভৃতিও ঘট হইতে বিভিন্ন বলিতে হইবে অর্থাৎ যেমন ঘটুভেদ ঘটের ছারা বোধামান বলিয়া ঘট হইতে বিভিন্ন, এরপু ঘটের প্রাগভাব, ধ্বংস ও অত্যস্তাভাব ঘট হইতে পৃথক বস্তু ও ভাবস্থরপ। অতএব ঘটপ্রাগভাব এই কথা বলিলে ঘট ও তাহার প্রাগভাব, এই ১উভরের সমন্ধ প্রতীত হইরা পাকে, সমন্ধ রাজিন্তর্নিষ্ঠ, ইত্রাং ঘট ও তাহার প্রাগভাব এক পদার্থ হুইতে পারে না, ঘটকে তাহার প্রাগভাবস্বরূপ বলিলে—চৈত্রের পুত্র, এই কথায় বেমন চৈত্র ও পুত্রের একটি সম্বন্ধ জ্ঞানাধীন বিভিন্নতার প্রতীতি হয়, এইরূপ উক্ত সম্মঞ্জপ্রতীতির বাঁাঘাত ঘটে। বদি বল, শিলাপুলের শরীর, এইরণ প্রয়োগ क्रिका, निनाशक ও नतीरतत राजन ना थाकिरनं क्रिका क्रिका राजन त्रावा क्रिका হয়, সেই প্রকার ঘটের প্রাগভাব, এই ব্যবহারও কার্মনিক পার্থকা অবলম্বন, করিয়া হইবে : তাহাও নহে, কারণ, তাহা হইলে কল্লিড অভাবেরই যটের দারা मक्क राजका रहेका भएए, यहंचेकारणव रह ना। अक्ष रहेरलहा, यहां जाव कि यहे रहेरा विভिन्न ना जैन नुतर्गिय । बाहान शुर्त्वाई ग्रीमारमा रहेगाइ अर्थार वर्हिन প্রাথান্তার আলোলারের ক্রায় অত্যন্ত বিভিন্ন, কি স্থান্তপে কারণে বিশীন বটস্বরপাণ বদি অভ্যক্ত বিভিন্ন হয়, তাবে নাটকারণ (মুৎপিও) ভিন্ন অভ্য (र स्काम लेकारथेहे परिव शाक्षात की कात्र कतिरा वत्र आशिष्ठ मा शक्रित

তাহাতে ঘটোৎপত্তি হয় না কেন ? কারণ, যাহাতে প্রাগভাব থাকে, অবশ্রুই তাহাতে কার্যাৎপত্তি হয়। বিভিন্ন না হইলে আমাদের অভিমত পংকার্যানাই নির্কিবাদে ছির্ব রহিল। সংকার্যানাদে আর এক যুক্তি যে, এদি উৎপত্তির পূর্কে ঘট অভাবস্বরূপ অসং হয়, তাহা হইলে যে প্রকার শশকের শৃক্ষ অসংপদার্থতা নিবন্ধন কোন পদার্থে সংস্কৃত হয় না, এইরূপ অসং ঘটও নিজ কারণ য়ংপিও বা কপালের সহিত সম্বন্ধ হইতে পারে না, যেহেতু, সম্বন্ধ তুইটি সংপদার্থে থাকে, অলীক পদার্থের কোন সম্বন্ধ নাই। বদি বল, সংযোগ-সম্বন্ধের প্রতি এই নিয়্ম, স্বভাবসিদ্ধ সমবার সম্বন্ধের উহা দোষাবহ নহে। ইহাও নহে, বেহেতু, ভাব ও অভাবে সমবায়সম্বন্ধ, ইহা বুক্তিবিরুদ্ধ, সমবার্যাদীরা এ কথা শ্বীকার করেন না। তাহারা বলেন, হয় তুই ভাবপদার্থেরই সংযোগ, নতুবা সমবায়সম্বন্ধ শীক্ত হউক, কিন্তু ভাবাভাবে কিয়া অভাবহরে সংযোগ কি সমবায়সম্বন্ধ নাই, অথচ কারণের সহিত কার্যোর সমবারসম্বন্ধ তোমার অভিমত; স্কুরাং সেই অনুরোধে সংকার্যানাদ্ব তোমার মতেও সিদ্ধ হইতেছে।

অশনায়রাশনায়া হি মৃত্যুস্তন্মনোহকুরুতাত্মরী স্যামিতি।
সোহর্চ্চন্দরন্তস্যার্চ্চত আপোহজায়ন্তার্চ্চতে বৈ মে কমভূদিতি তদেবার্কস্যার্কত্বম্। কণ্ড হ বা অন্মৈ ভবতি য এবমেতদর্কস্যার্কত্বং বেদ ॥ ১॥

এইকণে মৃত্যুকর্ত্ক এই জগং আরত ছিল, এই পূর্ব্ব-কথার আলোচনা হইতেছে, দেই মৃত্যু কে, তাহার লক্ষণ কি ? এই অভিপ্রায়ে শ্রুতির উত্তর ভাগ মৃত্যু-পদের অর্থ জানাইতেছে। অশনায়া অর্থাৎ ভোগেচ্ছা, ইহার ঘারা জগং আরত ছিল। উহাই মৃত্যুবরূপ (মৃত্যুর লক্ষণ)। অশনায়া শব্দের অর্থ যে মৃত্যু, শ্রুতি তাহা প্রসিদ্ধিবাচক 'হি' শব্দের ঘারা বৃঝাইয়াছন, যেহেতু, ভোজনেচ্ছা হইলেই নিজের ভোজনযোগ্য অপর প্রাণীকে বধ করিয়া থাকে, এই জন্মই ভোজনেচ্ছা হারা মৃত্যু লক্ষিত হইল। সেই অশনায়া বৃদ্ধিপ্রতিবিশ্বিত আত্মার ধর্মণ। অর্থাৎ বৃদ্ধ্যুতিমানী আত্মাই ভোগেচ্ছা করে, অশনায়া তাহারই কার্য্য, এই হেতু জীরের বৃদ্ধিসমন্তির্মপ উপাধিক্ত অর্থাৎ জীবসমন্তির বৃদ্ধিতে আত্মাভিমানী হিয়ণ্যুগর্ভ (বন্ধা)কে মৃত্যুগর্মে লক্ষিত করা হয়। ধেমন্ধ পিণ্ডাবস্থাপন্ন মৃত্যির ঘারা ঘটাদি কার্য্য

আবৃত থাকে, দেই প্রকার সেই হিরণ্যগর্ভরূপী মৃত্যু কর্ভ্ক এই সমস্ত জগৎ আবৃত ছিল। সেই মৃত্যুশক্বাচ্য হিরণ্যগর্ভ, এই বক্ষামাণ স্ষষ্টি অভিপ্রান্ধে প্রথমতঃ সেই স্ষষ্টিকার্য্যর অনুনালনে (ইহা সৎ, ইহা অসৎ, ইহা কর্ত্ব্যু, ইহা অকর্ত্ব্যু, এই প্রকার আলোধনার) দক্ষ এবং সক্ষর (ইহা কর্ত্ব্যুই, এই প্রকার জান), বিকল্প (সন্দেহ), প্রভৃতি লক্ষণসন্থিত মনোনামক অন্তঃকরণের স্ষষ্টি করিপ্নাছিলেন। উচ্ছার উদ্দেশ্য এই বে, আমি এই মনঃস্বরূপ আত্মা দারা আত্মী অর্থাৎ মনস্বী ইইব, এই অভিপ্রান্থেই তিনি প্রথমে মনের স্বষ্টি করিলেন। ইচ্ছামাত্রে তাহার মন অভিবাক্ত হইল, সেই হিরণাগর্ভনামাপ্রজাপতি ই অভিব্যুক্ত মনোকুক্ত হইগ্না আত্মাকে ক্তার্থ মনে করিলেন। এইরূপে আত্মার অনুনালন-রূপ পূজার পর সেই অর্চনাকারী প্রজাপতির পূজাঙ্গভূত রসমন্থ জল উৎপন্ন ইয়াছিল। যদিও অন্তান্থ প্রতিত প্রথমতঃ আকাশ, বায়ু ও তেজের স্ষষ্টির পর জলের স্বষ্টি কথিত ইইরাছে, এবং স্বান্থিক্তমে মতভেদ বদিও বুক্তির্ক্ত নহে, তথাপি এ স্থলে মাকাশস্ক্টি প্রভৃতির উল্লেখ না করিপ্নাই যে জলের স্কৃটি উল্লিখিত ইইয়াছে, তাহা অন্ত প্রতির সহিত সামঞ্জন্ম রাখিয়া আকাশাদি স্ক্টির পরেই ইইয়াছে জানিবে।

সেই প্রজাপতি এইরপে জ্ঞান করিয়াছিলেন বে, আত্মার অন্থূদীলনরপ অর্চনা হেতু আমার সমুখে জল আবিভূতি হইরাছে, আর এই অর্চনার জন্ম অর্থমেধ্যজ্ঞীর অগ্নিরও 'অরু' এই প্রকৃতিপ্রতায়ুদিদ্ধ সংজ্ঞা সাধিত হইরাছে। অর্থাৎ অ্থির একটি নাম অরু, এ নাম হইবার গৌণ হেতু অর্চনা, বাহার পূজা করিলে মুখ প্রাপ্ত হওরা বার, তিনিই অরু। বাস্তবিক অর্চ ধাতু হইতে করণ বাচ্যে কিপ্ প্রতায়-নিষ্ণায় অর্ক শব্দের অর্থ,অর্চনার সাধন (বাহার ঘারা অর্চনা হয়), যে ব্যক্তি উক্ত প্রকার অর্কের অর্কত্ব জানিতে পারে, তাহার জল বা স্থ্যু নিয়তই সমুজত হয়॥ ১॥

আপো বাঁ অর্কস্তদ্যদপাত শর আদীৎ সমহন্তত। সা পৃথিব্যভবত্তস্যামপ্রাম্য় তস্য প্রান্তস্য তপ্তস্য তেজো রসোঁ নিরবর্ত্ততায়িঃ ॥ ২ ॥

পূর্বজ্ঞতিতে অধ্যমধ্যজীয় অগ্নির অর্ক ও দাধিত হইয়াছে, পরবন্তিনী শ্রুতি জনের অর্ক ও প্রতিপাদন করিতেছেন। অর্ক শব্দের জনও অর্থ, পরস্ক অর্চনার সঙ্গান্ত কল অর্কান্তের গৌণ অর্থ, অর্কনামা অয়ি এলে অবস্থিত থাকার জলকে অর্ক্র বলা হইল। বাস্তরিক জল অর্ক শব্দের মুখ্য অর্থ নহে, কেন না, অয়ির প্রকরণে জলের উলেও অসমত হয়। এই হেডুই পরে বলা হইবে, "এই অয়িই অর্ক।" স্টেকালীন জনের উপর দ্বির সরের ভাগে গে ভাসমান মণ্ড ছিল তাহা তেজ থারা বাহত এবং অভ্যন্তরে ডল হইয়া ঘনীভূত ও পৃথিবীরূপে পরিণ্ড ইইয়াছিল। অর্থাৎ তেজ থারা অভিতথ্য সলিল হইতে একটি দীপ্রিমান, অও উৎপন্ন হইয়াছিল। সেই অগুরুপিনী উৎপন্না হইলে, মৃত্যুনামা প্রজাপতি পরিশার্থ ইইয়াছিলে। সমস্ত লোকই কার্য্যাবসানে পরিশ্রাম্ভ ইইয়া পড়ে। পৃথিবীস্থিতি প্রভাপতির একটি স্থমহৎ কার্যা; স্থতরাং তাহার প্রান্ত হইয়া বিচিত্র নহে। শ্রাম্ভ হইবার পর কি ঘটনা হইল, তাহাই একণে বিবৃত হইতেছে। সতংপর সেই শ্রাম্ভ এবং তেজঃ-সম্ভপ্ত প্রজাপতির শরীর হইতে তেজোরপ সার বিনির্গত হইল। সেই তেজই অয়ি, ঐ অয়িই সেই অপ্রের মধ্যন্তিত কার্য্যকারণসমন্তিক্রপী বিরাইনামা প্রথম প্রজাপতি। শ্রতিতে উক্ত আছে, তিনিই প্রথম, শরীরধারী জাব ॥ ২॥

স ত্রেধাস্থানং ব্যকুরুতাদিত্যং তৃতীয়ং বায়ুং তৃতীয়ং স এষ প্রাণব্রেধা বিহিতঃ। তদ্য প্রাচী দিক্ ছিরোখ্সো চাসো চের্মো।

অথাস্য প্রতীচী দিক্ পুচ্ছমদৌ চাসোঁ চ সক্থোঁ, দক্ষিণা চোদীচী চ পার্ষে গ্রেঃ পৃষ্ঠমন্তরিক্ষমুদর্মিয়মুরঃ স এয়োহপদ্ প্রতিষ্ঠিতো যত্র কচৈতি তদের প্রতিতিষ্ঠত্যেরং বিদ্বান্॥ ৩॥

সেই প্রকাপতি উৎপত্তির পর নিজেই কার্য্য-কারণসমষ্টিসরূপ নিজেকে তিন ভাগে বিভক্ত করিলেন। অগি ও বার্ক্রমে গণনা করিলে আদিতা তৃতীয় হন। আবার অগি ও স্থা অপেকায় বার্ তৃতীয়, স্থা ও বার্ সংখ্যাক্রমে অগি তৃতীয়, এই তিন প্রকারে সাম্বাকে বিভক্ত করিয়াছিলেন। এই অগি, বার্ ও আদিত্যক্রমেন সমস্ভ লোকের প্রাণয়রূপ সেই প্রজানতি বিরাট্ প্রস্করের মন্ত না
ক্রিয়া, মৃত্যুক্ত তিন আরুতিতে বিজ্বুক্ত ইয়াছিলেন। গ্রেক্রণে যিনি আর্থনের

যজ্জের অঙ্গভূত ও মিনি অর্কনামা চিন্নয় বিরাট্ প্রজাপতিষরপ, সেই প্রথম শরীরণারী অন্নির অবের মত আঁকৃতি নির্দিষ্ট হইতেছে। ইতঃপূর্বে অনির উৎপত্তিসম্বন্ধে 🐧 ইতিকৃত্ত বলা হইয়াছে, তাহা এই অম্বনেধীয় অগির প্রশংসার্থ जानित्। अशीर के अधि व्यवित भूगाल्या, उंद्यात उर्शिख হিরণাপভের শরীর হইতে, সেই অগ্নির উপাসনা বিশিষ্ট ফলদারী, ইহাই विनिर्वात छिएमचा। शृक्षिमिक ता थकान मिक् मकरनत मरेश त्यर्घ. त्यरे अकात जीरनत मछक्छ अन्नमग्रहत अधान, पट नागा धनित्रो भूसिनिक् अधित মন্তকরতে এবং অগ্নিও উশানকোণ গৃই বাছরতে ধারণার জন্ম কল্লিত হইদ। পশ্চিমদিক সেই পূর্ব্বাভিম্প অগ্নির শরীরের পশ্চান্থার। পূর্ব্বাভিম্প ব্যক্তির পশ্চিনদিক্ পশ্চাদ্ভাগ হওয়া শ্কিৰুক্ত। বায় ও নৈৰ তকোণ চই দক্ষি (পৃষ্ঠস্থিত উন্নত অন্তিবিশেষ)। দক্ষিণ ও উত্তরদিক চুই পার্ম। স্বর্গ পৃষ্ঠ, আকাশ উদর, অধোজাগের তুলাতাহেতু পৃথিবী বক্ষঃস্থলস্বরূপ। যিনি প্রজাপতি ও সমস্ত লোকস্বরূপ, সেই অগ্নি জলে প্রতিষ্ঠিত আছেন। 'এই প্রকার এই সমস্ত লোক জলেতে প্রতিষ্ঠিত चारह', এই क्षेत्रि चाता । करनरे मर्समत्र चित्रत প্रक्रिंग श्रमानिक स्ट्रेएटह । যে ব্যক্তি পূর্বেভি প্রকারে অগ্নির জলে অবস্থিতি জানিতে পারে, সে বে কৌন স্থানেই গমন কর্মক না কেন সর্ব্বাই প্রতিষ্ঠানাভ করিতে পারিবে ॥৩ ॥

সোহকাময়ত বিতীয়ো ম আজা জাবেতেতি স সনসা বাচং
মিখুন্দ সমভবদশনায়া মৃত্যুস্তদযদ্ভেত আসীৎ স সংবংস্রোহ্ভবং। ন হ পুরা ততঃ সংবংসর আসু তমেতাবন্তং
কালম্বিভঃ।

(1) \$1. (1) 1 (1)

যাবান্ সংবৎসরস্তমেতাবতঃ কালস্য পরস্তানস্কত। তঞ্জাত-মভিব্যানদাৎ স্ব ভাণকরোৎ সৈব বাগগবৎ॥ ।।

ইতপূর্বে বলা ইইরাছে যে, এ মৃত্যু বা প্রজাপতি জলনিশ্বাণ করত তর্নধ্যে বলাও স্থাই করিলেন ও ব্রন্ধাওমধ্যে শ্বয়ং কার্যা-কারণ-সমষ্টিরূপী বিরাট্নামা অধিরূপে জন্মগ্রহণ করিলেন। তিনিই তিন প্রকারে নিজেকে বিভক্ত করিরাছেন,
একংশা তাহার স্পষ্টপ্রকার ক্ষতিত ছইডেছে। সেই পূর্ব্বোক্তর্মণী মৃত্যু
কামনা করিরাছিলেন যে, জামার শ্বিতীয়া একটি শ্রীর উৎপন্ন হউক,

वाहा बाता ज्यामि भंतीती इरेव। अरेकण कामना कतित्रा शृह्यी एभन महनद महिछ ঋক্, যজু: ও সামস্বরূপ বেদের মিলন করিয়াছিলেন, অর্থাৎ মনের খারা বেদবিছিত স্ষ্টেক্রম সমালোচনা করিয়াছিলেন। এই আলোচনাকারী আয় কেছ নহে, সেই व्यमनाम्ना-नमविक मृत्रा, क्रक्कि नःयाकिक मन ७ तम धरे कियुत्नव नःयाण य বীল্প আবিভূতি হইয়াছিল, তাহা প্রথম শরীরধারী বিরাট প্রজাপতির উৎপত্তির কারণ, অর্থাৎ প্রস্কাপতি ত্রন্তীর আলোচনায় বে জ্যান্তরকৃত জ্ঞান ও কর্মস্বরূপ বীজ প্রতাক্ষ করিয়াছিলেন, সেই বেদোক্ত স্টিক্রম-ভাবনায় ভাবিত অন্তঃকরণে জলের সৃষ্টি করিলেন। অনস্তর উক্ত বীজ সেই জলে প্রবিষ্ট হইয়া অওরপে পরিণত হয় ও তাহা সহংসরকাল বাবং গর্ডবং অভ্যন্তরে গৃত হয়। এজন্ত তিনি সম্বংসরকালের নির্মাণকারী সম্বংসরনাম প্রজাপতি হইলেন। দেই প্রজাপতির আবির্ভাবের পূর্ব্বে দম্বৎসর নামে কোন কালবিভাগ হয় নাই। লোকপ্রসিদ্ধ পদংশরকাল বত দিনে পরিগণিত হয়, তাবং দিন পর্যান্ত ঐ সদ্বংসরের নির্মাতা বিরাট প্রজাপতিকে প্রজাপতি গর্ভমধ্যে (অভ্যন্তরে) ধারণ করিয়াছিলেন। লোক-প্রসিদ্ধ সম্বংসরের পর সম্বংসরনামা ঐ প্রজাপতি প্রফাশিত হুইলেন। অর্থাৎ সম্বংসরের পর ব্রহ্মাণ্ড ভেদ হইল। মৃত্যু স্বাভাবিক অশনায়া হেতু সেই প্রথমশরীরী কুমার অগ্নিকে উৎপত্তিমাত্তে ভক্ষণ করিবার জন্ম মুগবাাদান করিয়াছিলেন। পরে সেই অগ্নিরূপী কুমার স্বাভাবিক অবিদ্বার হারা আক্রান্ত इरेब्रा ज्राब "जान्" धरेक्रभ मन कतिराग्ना। मारे मनरे ब्लामिकारा नाकाकरभ বাবহাত হইরাছিল॥ ৪॥

দ প্রশ্বত বদি বা ইমমভিম্ত্রের কনীয়োহনং করিষ্য ইতি স তয়া বাচ। তেনাত্মনেদ্ত স্র্রমক্ষত বদিদং কিঞ্চানি যজ্তুযি সামানি চহন্দাত্সি যজ্ঞান্ প্রজাঃ পশূন্।

স যদযদেবাস্থজত তত্তদন্ত মধ্রিয়ত সর্ববং বা অন্তীতি তদদিতেরদিতিত্বও সর্ববিদ্যাতস্যাতা ভবতি সর্ববিদ্যান্ধং ভবতি য এবমেতদদিতেরদিতিত্বং বেদ ॥ ৫॥

ভীত এবং আর্দ্রনাদকারী সেই অধিরূপ কুমারকে দেথিয়া মৃত্যু এইরূপ বিবেচনা করিলেন বে, আমি ভোজনেচ্ছাৰ্ম্ক বটে, কিন্তু বদি কথনও এই শিশুকে ধ্বংস করি, তবে ইহার শরীরে আমার কডটুকু আহার্য্য দ্রব্য নিষ্পন্ন হইবে 🖭 এই বিবেচনা করিয়া তাহার ভক্ষণ হইতে নিবৃত্ত হইয়াছিলেন। ভাবিলেন, দীর্ঘকাল ভক্ষণের উপ-যোগী অধিক পুরিমাণে অর সংগ্রহ করা আবশুক, অল্ল অরে কি হইবে? বীজা-বস্থার ভক্ষণ করিলে বিমন অধিক শস্তোর জাশা থাকে না, সেই প্রকার এই কুনার অগ্নিকে ভক্ষণ করিলে আমার এই জগৎস্বরূপ থান্ত উঃপন্ন হইবে না, এইরূপে প্রজাপতি থান্তবৃদ্ধির ধন মনে আলোচনা করিয়া বহু থান্তের স্ষ্টির জন্ত মনের সহিত পুর্ব্বোক্ত ত্রদ্বী বিস্তার সংযোজন অর্থাৎ পুনঃ পুনঃ বৈদিক স্ষ্টিক্রম শ্বরণ করত, যাহা কিছু স্থাবর-জঙ্গম আছে, তংসমস্তগ্য জগং সৃষ্টি করিয়াছিলেন এবং ঋকু, ৰজুং ও সাম এই ত্রিবেদ, গায়ত্রী প্রভৃতি সপ্তপ্রকার ছনঃ এবং ঐ সকল ছনেলাবদ্ধ তেওঁতা, শক্ত প্রভৃতি কর্মোর অঙ্গতিন शकात मह. महमाधा गळ, गळकाती वाकि, गळालकत्व शामाजकानि ও আরণ্যক গ্রয়াদি পশু সকলকে সৃষ্টি করিয়াছিলেন। এ খলে আশক্ষা হইতে পারে যে, পূর্ব্বে মনের সহিত মিলিত ত্রন্তী ধারা অর্থাৎ বেদোক্ত স্ষ্টেক্রম আলোচনা করিয়া স্থাষ্টর কথা বলা হইয়াছে, তবে পুনরায় ঋক্, বজু: ও দানরূপ নেদত্ররের স্প্রের কথা সঙ্গত কোথায় ? উত্তর—ভাহাতে দোষ কি ? এই যে মনের মহিত এয়ীর মিণুনীভাব অর্থাৎ আলোচনা, ইহা স্প্রির পূর্ব্বে অব্যক্তভাবে থাকে. • তবে বিভাষান ঋগ্-যজুঃ-সামের যজ্ঞাদি কার্যো নিম্নোগ তাহার বাহ্ন স্থাষ্ট, ্রই জন্ত পুনরায় ঋগ্ যুদ্ধুঃ আদি বেদের উৎপত্তির কথা বলা হইল। সেই প্রজাপতি "বৈদাদি-স্টে গারা অন্নের বৃদ্ধি হইয়াছে জানিয়া যাহা কিছু ক্রিয়া, ক্রিয়ার উপকরণ বা কল সৃষ্টি করিয়াছিলেন, সে সমস্তকে গ্রাস করিবার জন্ম মনকে ধারণ করিলেন মর্থাৎ সঙ্কম করিলেন। স্বষ্ট সমস্ত পদার্থের অতা অর্থাৎ ভক্ষণক্রিয়াকারী বলিয়া কৃথের নাম অদিতি হইয়াছিল। এই ভক্ষণের জন্মই অদিতি-নামা মৃত্যুর নথ্রে অদিতিত্ব ঘোষিত হইয়াছে। কথিত আছে, স্বর্গ, মর্ত্ত্য, আঁকাশ্ব, মাতা, পিতা প্রভৃতি সকলই সেই' অদিতিশ্বরূপ। যিনি এই সমস্ত ভক্ষ্যময় জগতের ভক্ষণকর্তা, তিনি অবশ্রই সর্ব্বমন্ত্র, তাহা না হইলে ক্ষুদ্র কোন ব্যক্তির সর্ব্বভক্ষণকর্তৃত্ব সম্ভব হর না ; প্রতরাং তাঁহার সর্ক্ষয়ত্ব বলিতে হইবে। যে ব্যক্তি আদিতি-নামক মৃত্যুরপী প্রজাপতির শর্কভকণকর্ত্বরূপ অদিতির জানিতে পারে, তাহার সর্কবিধ থান্ত উপস্থিত হয় ॥ ৫॥

সোহকাময়ত ভূয়সা যজ্ঞেন ভূয়ো যজেয়েতি। সোহশ্রাম্যৎ

স তপোহতপাত তদা শ্রান্তদ্য তপ্তদ্য যশে। বীর্যা-মুদক্রামণ্ড।

প্রাণা ^{হি}ব যশো বীর্যাং ত**্রোণে**ষ্ৎক্রান্তেয়ু শরীর্য়ণ শ্বরিতু-মধ্রিয়ত তস্য শরীর এব মন আসীৎ ॥ ৬॥

অতঃপর অশ্ব ও অধ্যান সংজ্ঞার বাৎপত্তিগত কারণ প্রদর্শিত হইতেছে।— সেই মৃত্য নামা প্রজাপতি কামনা করিয়াছিলেন যে, পূর্বজন্মের স্থার ইহজন্মেও মহা-যক্ত অর্থাৎ অশ্বমেধ্যক্তের অনুষ্ঠান করিব। যেহের, প্রজাপতি পূর্ব্বজন্মে অশ্বমেধ-যাগ করিয়াছিলেন, নেই জন্ম অধ্যমেধ-যুক্তর বাসনা (সংক্ষার)তাহার মনে আছে, সেই সংস্কারে অভুপ্রাণিত অন্তঃকরণ লইরাই তিনি সৃষ্টির প্রথমে আবিভূতি হইয়াছেন। প্রজাপতি পূর্বজন্মকৃত অধ্যোধ্যজ্ঞের অনুষ্ঠান, উপকরণ ও ফলস্বরূপে আছু ছির্ণাগর্ভ নানে উৎপন্ন: তিনি শরীর ধারণ করিরা কামনা করিয়াছিলেন যে. পুনর্মার মহাযজ্ঞায়ন্তান করিব। লোকে যেমন কোন কার্যা করিয়া পরিপ্রান্ত হয়, দেইরূপ প্রজাপতিও এই মহৎ কার্যোর স্কল্প করিয়া প্রান্ত হুইয়াছিলেন, অতঃপর তিনি তপস্থাও করিদেন। সেই শ্রাস্ত ও তপস্থা দ্বাবা পরিতপ্ত প্রক্ষাপতির প্রাণ-রূপী যশঃ ও বীর্ঘা শ্রীর হুইতে নির্গত হুইয়াছিল। বীর্ঘা ও যশকে প্রাণ অর্থাৎ ইন্তিয়ন্ত্রকাপ বলিবার কার্য এই যে, চক্ষ্য প্রভৃতি ইন্ত্রিয় সকল স্বাস্থ্য কার্যাক্ষ্য-ভাবে বিশ্বমান থাকিলেই প্রাণিগণ দংক ব্যাফ্রিন ছারা যশোলাভ করে, এই হেক্ত हकुदानि हेक्किय यमः अत्राप्त । कात श्रागतायुहे भतीरतत वन, कांतन, श्रागहीन বাক্তির কোন বলই থাকে না. স্বতরাং প্রাণ বীর্যাম্বরূপ। প্রজাপতির জ যশ্য ও বীর্যার্রপে বর্ণিত্র প্রাণ, যকল শরীর হুইতে বিনির্গত হুইলে, সেই শরীর ক্ষীত-তায় উন্থা ও অপবিত্র হুইয়াছিল। সেই প্রজাপতি শরীর হুইতে নির্গত হুইলেও, তাহার মন ঐ শরীরে নিহিত ছিল। বেমন কোন ব্যক্তি দুর্গান্নী হইসাও গৃহস্থিত প্রিয়বস্তার উপর মন ছাড়িতে পারে না, এরপ প্রজাপতিও আসক্তি ছাড়িতে **−**शादिन नांहे ॥ ७॥

সোহকাময়ত মেধ্যং ম ইদর্খ স্যাদার্থীনের স্যামিতি। ততাহশ্বঃ সমভবন্যদশ্বভ্রোধ্যমভূদিতি তদেবাশ্বমেধ্স্যাশ্ব-মেধ্যম্।

এষ হ বা অশ্বমেধ্ বেদ য এনমেবং বেদ। তমনব-ক্রিধ্যবাস্থাত। তভ্ সংবৎসর্স্য পরস্তাদাত্ম আলভত। পশুন্দেবতাভ্যঃ এত্যোহৎ।

তন্মাৎ সর্বদেবত্যং প্রোক্ষিতং প্রাজাপত্যমালভন্ত এয় হ বা অশ্বমেধো য এষ তপতি তদ্য সংব<সরু আত্মায়মগ্রিরর্কস্তদ্যেমে লোকা আত্মানস্তাবেতাবৰ্কাশ্বনেধৌ।

সো পুনরেকৈব দেবতা ভবতি মৃত্যুরেবাপ পুনমৃত্যুঞ্জয়তি নৈনং মৃত্যুরাপ্নোতি মৃত্যুরস্যাত্মা ভবতি এতাসান্দেবতানামেকো ভৰতি ॥ ৭ ॥

ইতি দিতীয়ং ভ্রান্সণম।

দেই প্রাণহীন শরীরে আসক্তচেতা প্রজাপতি গাহা করিয়াছিলেন, এই শ্রুতিতে ভাষাই কথিত হইতেছে: অজাপতি কামনা করিলেন, কি প্রকারে আমার এই শরীর বজ্ঞাধিকারী পবিত্র হইবে এবং কি প্রকারে পুনশ্চ এই শরীর দারা শরীরী ্টুইতে পারিব, এই মনে করিয়া পুনুশ্চ শরীর মধ্যে গুরিষ্ট হইলেন। বেহেতু, প্রজাপতির প্রাপ-বিয়োগে এই শরীর যশঃ ও বীর্যারহিত হইয়া ক্ষীত হইয়াছে, অভএব শ্বিরাত্র শীতি অর্থ ধরিয়া তাহার অধ নাম যুক্তিবুক্ত হুইয়াছে। এই জন্মই আখ্যাধিকার অধ্যােধ্যক্তে অধ্যাপে অধ্যাম। প্রজাপতিই প্রতাক্ষতাবে স্তত হইলেন। থেছৈতু, অধনামা প্রজাপতির ঐ শ্রীরে পুনঃ প্রবেশ হারা যদাং ও বীর্যাশৃত দেই মপবিত্র শ্রীর পবিত্র হইরাছিল, এই হেতু অথমেধ-যজ্ঞের অথমেধ নাম বার্থক। ক্রিয়া, কারক ও ফল, এই তিনের সমষ্টিকেই বজ্ঞ বলা যায়। সর্ব্বময় প্রজাপতি ঐ তিনেরই স্বরূপ, স্বতরাং সেই ক্রত্র প্রজাপতিরূপে স্ততি করা অসমত হয় নাই। বিশেষতঃ প্রথম শ্রুতিতে ক্রতুসম্পাদক অধ্যের 'উবা বা' ইতাদি গারা প্রজাপতিজই নাধিত হইয়াছে। অতঃপর মেই প্রজাপতি-বরূপ বজ্ঞীয় অব্ধ ও পূর্বেকি অগ্নি এই উভয়কে জনান্তরে অন্তঞ্জিত অবনেধের ন্দরপে চিন্তা করিয়া মিলিভভাবে উপাদনা ক্রিবার জন্ম এই ক্রতির আরম্ভ श्रेराज्य । यदि पूर्वकाजिए डेपामना कविवात कान विधिरवाधक मस्मत

নির্দেশ নাই, অথচ বাক্যে ক্রিয়াপদ ব্যতিরেকে অন্বয়বোধের অসঙ্গতি হয়, তথাপি প্রকরণবলে বিধিবোধক ক্রিয়াপদ উছ করিয়া বাক্যার্থ নির্ব্বাছ করিতে হইবে; পূর্বাপর আলোচনার ইহাই অবগত হওরা বা। ধে ব্যক্তি এই প্রজাপতিকে অধ এবং উক্ত প্রকার অগ্নিরূপী অর্ককে প্রশাংকবিত সংক্ষিপ্ত-ভাবে বা প্রদর্শিত বিশেষণ-মুক্তরূপে স্বস্পষ্ট জানিতে পারে, সেই ব্যক্তিই অশ্বমেধবজ্ঞের মর্ম্ম জানে। অখুমেধ শব্দের উহাই অর্থ। অভএব অধ্বমেধ শব্দের উক্ত অভিপ্রায় সাধকের জানা উচিত। জিজ্ঞান্ত হইতে পারে, যজের অঙ্গ দেবতার এবং ঋত্বিক্ প্রভৃতির ব্রহ্মজ্ঞানে উপাদন্য পরিত্যাগ করিয়া অখের অঙ্গ-প্রত্যঙ্গ ভাবনাবিধানের উদ্দেশ্য কি গু তাহা বলা ঘাইতেছে, বেহেতু, সেই প্রজাপতি পুনশ্চ মহাযজের অনুষ্ঠান করিব, এইরূপ কামনা করিয়া নিজেকেই বজ্ঞীয় পশুকল্পনায় উৎস্গাঁকত পশুর অবরোধ না করিয়াই ঐ পত্তকে বন্ধনরজ্ব-মুক্ত ভাবিয়াছিলেন। পরে পূর্ণসন্থংসর অতীত হইলে পঙ্কে আত্মার (প্রজাপতির) উদ্দেশে বধ করিয়াছিলেন এবং অন্ত গ্রাম্য ও আরণ্যক পশু দকলকে বিহিত দেবতার উদ্দেশ্তে প্রেরণ করিয়াছিলেন, সেই হেড় অন্ত বাগকর্তাও প্রজাপতির কল্পনার মত উক্ত প্রণালী অনুসারে আত্মাকে অশ্বমেধীর পশু করনা করিরা ভাবনা করিবে যে, 'আমি নর্কা-দেবাধিষ্ঠিত ও সকল দেবতার উদ্দেশে প্রোক্ষিত পগু, আমি নিহত হইয়া আমার দেবতার মিশিব, এবং ইস্থাও ভাবনা করিবেঁ যে, 'অভ গ্রাম্য ও আরণ্যক পশু সকলও যে গৈ দেবতার উদ্দেশ্যে নিহত হইতেছে, নেই সকল দেবতা আমারই আন্মার অবরব।' এইরূপ শাস্ত্রীয় উপদেশ থাকাতেই বর্তুমান-ৰুগে প্ৰজাপতি-দেবতাণিষ্টিত প্ৰোক্ষিত শঙ্কে সৰ্বদেবমূর ভাবনা করত দেবোদ্দেশে ছেদ করা যাজ্ঞিক সম্প্রদায়ের ব্যবহার দেখা যায়। অর্থাৎ প্রজাপতি সর্কদেবস্বর্প, হতরাং এক প্রাজাপত্য পশুকেই সকল দেবতার উদ্দেশে निमान क्वा योहेल्ड भारत, म जन्म नर्खमान योख्यिकगण उद्यंशहे करतन। य হুর্যা সমস্ত জগৎকে প্রভা ধারা উদ্ভাবিত করিতেছেন, নেই ক্র্যান্ত জন্মান্তরে প্রজাপতির মত পশু হারা অখনেধ্যজ্ঞানুষ্ঠান করিরাছিলেন, ভাহার ফলস্বরূপ এই স্থাপদ লাভ করিয়াছেন। অখনেধ্যজ্ঞের অনুষ্ঠান জন্ম স্থাও অশ্বমেধশন হ্বারা অভিহিত হইয়া থাকেন। সেই বক্তফলরূপে পরিণত হর্বোর দৰৎসররূপী কাল-বিশেষই শরীর। যেহেতু, সম্বৎসরকাল তাঁহা হইতে সম্পন্ন इत्र, अरे जन्न नवरनतरक एरगात भतीध तना रहेन। अरे अकात गळवक्त प्रहे एरग

অগ্নিষ্কপ, কেন না, যজ্ঞ অগ্নিসাধ্য। এ কারণ যজ্ঞকলভূত স্ব্যাকে জতু নামে নির্দেশ করা হইল। এই অশ্বমেধ্যজ্ঞের সাধ্নভূত সেই যজ্ঞ অর্ক নামে প্রসিদ্ধ। চয় বীয় অর্কনামক অগ্নির শরীরাধার এই লোকত্রয়, "তহ্ত প্রাচী দিক্" ইত্যাদি বাক্য দারা সেই অधित দিগাদিরণ অরম্বর পূর্বে বলা হইয়াছে। পূর্বোক্ত দেই অথি ও আদিতা এই ছুইটিকে পূর্ববর্ণিত অর্ক ও অশ্বমেধ নামে এবং বজ্ঞ ও বজ্জফলরপে অবগত হইবে, অর্থাৎ অর্ক নামে যে পার্থিব অগ্নি আছেন, বজ্ঞমাত্রের অগ্নিসাধ্যতা-নিবন্ধন ইনি বজ্ঞসর্বপ অর্থাৎ ক্রিয়াত্মক। भाषिका अश्वरमध्यक्षण अर्थाए, गर्छक कन। कन गर्छमाथा विद्या कांद्रारक বজনামে অভিহিত করা হইল। এই কার্য্য ও কারণরপী অগ্নি ও আদিত্যের ক্রিরা ও ক্রিয়াফল, ইছারা মিলিত হইলে এক দেবতাস্বরূপ হয়, দেই দেবতা অন্ত কেহ নহে, মৃত্যুদ্ধপী প্রজাপতি। পূর্ব্বে ইহারা এক দেবতা ছিলেন, কেবল ক্রিয়া, কারক ও ফলের প্রভেদ দেখাইবার জন্ম পরম্পর বিভক্ত হ্ইয়াছেন। এ কথা পূর্ব্বোক্ত "স ত্রেধাম্মানং ব্যাকুক্ত" এই শ্রুতিতে বলা হইয়াছে। আবার ক্রিয়ানিপতির পর অর্থাং বিভাগের উদ্দেশ্রনিদ্ধির অবসানে পুনর্বার মৃত্যুরূপ ফলভাগী এক দেবতাতেই পর্যাবসিত হইবেন। যে ব্যক্তি এই •কথিত অপ্নেধকে এক মৃত্যু-দেবতা হইতে অভিন্নভাবে জানিতে পারে এবং 'আমি সেই মৃত্যু-দেবতা অশ্বমেধ, সেই একই দেবতা সম্ব নাম্ক অগ্নিসাধ্য, ্রুমামিও অধ নামা মৃষ্ণি এইরূপ ভাবনী করে, সে পুন্যু ত্যুকে জয় করে, অর্থাৎ সে একবার মৃত হইয়া পুনরায় জন্মগ্রহণ করে না ও পুনশ্চ মৃত্যুর কবলে পতিত হয় না। তাহার কারণ, মৃত্যু তাহার আত্মস্বরূপ হয়, অথবা ঐ ভাবনাজনিত সংস্কারে সে সেই সমস্ত দেবতার সমষ্টি মৃত্যুরূপ এক দেবতার, স্বরূপ লাভ করে। হঁহার তাৎপর্য্য এই যে, নিরস্তর উক্ত ভাবনার ফলে দৃঢ়ক্তম সংস্কারবশে মৃত্যু-রূপী প্রজাপতির, স্বরূপ প্রাপ্ত হওরা বাম, হতরাং মৃত্যুক্তমের জন্ম আর ভাবিতে হয় না॥ ৭৯॥

'থিতীয় ব্ৰাহ্মণ সম্পূৰ্ণ॥ ২॥

উপনিষৎস্থ-প্রথমাধ্যারস্থ

তৃতীয়-বাদ্ধণম্

দ্বয়া হ প্রাঞ্জাপত্যা দেবাশ্চাস্থরাশ্চ।

ততঃ কনীয়দা এব দেবা জ্যায়দা অস্থরাস্ত এয়ু লোকে-স্বম্পর্দ্ধান্ত তে হ দেবা উচুহ স্থাস্থ্যান্ যজ্ঞাউদ্গীথেনাতায়া-মেতি॥১॥

জিজ্ঞাস্ত হইতেছে, পূর্ব্বোক্ত এ।কণের সহিত "ংয়া হ" ইত্যাদি রাক্ষণের সম্পর্ব কি ় বেহেতু, পূর্ববাদ্ধণে জ্ঞানসম্বলিত কথাভিছানের চরম্ফল নিরূপিত হইয়াছে অথমেধ্যজ্ঞান দারা মরণান্তে ব্রহ্মভাব লাভ হয়, তাহাওঁ কথিত হটয়াছে, তবে স্কার বক্তব্য কি পাকিতে•পারে 🖓 এই ছিজানা-নিবৃত্তির জন্ম এইন্দর্ণে মরণান্তে ব্রশ্বভাবপ্রাপ্তির উপায়ভূত জ্ঞান ও কর্ম্মের যাহা হইতে। উদ্ভব হয়, তাহার জ্ঞাপনার্থ এই উদ্গীথনানক রাহ্মণ আরক হইতেছে। যদি বল পূর্বরাহ্মণে মৃত্যুরূপী জীবের আত্মস্কপতালভিকে জান ও কর্মের ফল বলা হইরাছে, এই উদসীথ বান্ধণে—জান ও কর্মের ফল যে মৃত্যুম্বরূপের অভিক্রমণ, তাহা কথিত হইবে, অভএব কলগত তারতনা খেড় বিভিন্নবিষয়ক ফলের হেতুজান ও কশ্বের উৎপাদক জ্ঞানের জন্ম এই ব্রাহ্মণ আবুরর ইইতিছে, ইছা বলা অসমভ। উত্তরবাদী কহিলেন, ইহাতে কোন দোষ হয় নাই, য়েছেতু, উভয় ফলেরই ফলতঃ একা জাছে, কারণ, উল্লীথ উপাসনার ফল অগ্নি ও আদিতাস্বরণলাভ, পূর্ব্ধ-বান্ধণেও এই ফলই কৃথিত হইয়াছে। যুধা—"এই উপাসনার এই দকল দেবতার সমষ্টিরূপ একদেবতাস্বরূপ প্রাপ্ত হয়," মুত্রাং অগ্নি, আদিত্য ও মৃত্যু এই দকলের স্বরূপ প্রাপ্ত হওয়া একই কল বলা হইল। যদি বল, "উদ্দীথ উপাসনায় মৃত্যুকে অতিক্রমণ করে।" এই কথার সহিত পূর্বাদল্বোক্তির বিরোধ অর্থাৎ প্রভেদ আছে, তাহাও নহে, এপ্তলে অতিক্রম শক্ষের লোকপ্রসিদ্ধ অর্থ বক্তব্য ,নহে, কিন্তু স্বভাবসিদ্ধ পাপসম্পর্ক হানিই এ স্থানে অতিক্রমশব্দনাচ্য। স্বভাবসিদ্ধ পাপে অসপ্পক্ত কে? এবং

CC

কোণা হইতে তাহার উত্তব, কাহার লারা তাহার অতিক্রম সাধিত হয়, তৎসমূদ্র এবং দেই তাহিক্রমের জন্ম কি উপায় অবলয়নীয়, তাহাও প্রকাশ করিবার জন্ম এই আুখ্যায়িকার আঁরম্ভ হইতেছে। 'হ'শক ছারা পূর্কান্তিবরণ স্মারিত হইল, অর্থাৎ বর্তমানী প্রজাপতির পূর্বজনো যে কার্যা বর্তমান ছিল, হ শবে তাহাই স্চিত হইল। বর্ত্তমান প্রজাপতির পূর্বজন্মে যে পুজ হইর।ছিল, তাহারা ছই শ্রেণীতে বিভক্ত ;—দেরতা ও অস্তর ; অর্থাৎ তাহারা দেই প্রজাপতির বাক্ প্রভৃতি ইন্দ্রিয়। মেই ইন্দ্রিগণের দেবাস্থর সংজ্ঞার হেতৃ এই যে, দেব শক্ষের অর্থ ছাতিমান্ বাহারা শাস্ত্রার্থপর্বালোচনা হারা উৎক্রই জ্ঞানলাভ ও শাস্ত্রোক্ত সংকর্মার্ক্তান-জনিত বিভন্নচিত্তা হৈতু দীপামান হয়, তাহারাই দেবশব্দে অভিহিত হয়; আবার তাহারটি স্বভাবসিদ্ধ প্রতালী ও অনুমানপ্রমাণ গারা (শাল্লজান বাতিরিক্ত) এছিক ফলসাধক কর্ম ও জ্ঞানের অমুশীলনে ব্যাপত থাকিলে অম্বর সংজ্ঞা লাভ করে, তাহার কারণ, তাহারা নিজ নিজ 'অম্ব' অর্থাৎ প্রাণে রমণ করে—-আসক্ত হয় বা পূর্ট্কোক্ত দেবভাবের বিপরীত ধর্মাবলমী হয়। গেছেতু. লৌকিক ফলসিদ্ধির নিমিত্ত প্রত্যকাদি স্বভাবসিদ্ধ প্রমাণ বারা বাধিত জ্ঞান ওকর্মের অনুষ্ঠানজনিত সংস্কারে আবস্ধ থাকে, ও তাহা অপেকা অন্ন পরিমাণে শাস্ত্রার্থজ্ঞান ও ভত্তক কর্মায়ুষ্ঠান করে, এই হেড় সেই অস্তরগণ, অর্থাং ণীকিক প্রয়োজনসাধক ইন্দ্রির সকল জোষ্ট, আর শাস্ত্রজনিত জ্ঞান ও কর্মসাধক ইন্দ্রিয়গণ যাহারা দেবুশনে কথিত হইয়াছে, তাহারা কনিষ্ঠ। কারণ, তাহাদের শাস্তার্থ পর্যালোচনার ফলে ১৯জ কর্মো প্রবৃত্তি অত্যন্ত প্রায়ন্তে বিলম্বে সাবিত হয়। এই জন্ম অন্ন পরিমাণে উৎপন্ন হইরা থাকে, উহা স্বাভাবিক প্রবৃত্তির ছার দর্কদা উন্মক্তদান নহে। স্বাভাবিক প্রবৃত্তি ও বিবেকাধীন নিরোধের বিরোধ বশতঃ ইহলোক ও পরলোক লক্ষ্য করিয়া স্বাভাবিক ও অস্বাভাবিক কর্ম ও জ্ঞানবিষ্ধরে প্রজাপতির শরীরস্থিত দেবাস্থরগণের পরস্পর স্পর্কা বা বিবাদ হইয়াছিল। এ স্থলে স্পর্কা শব্দের অর্থ দেবপ্রকৃতি ও শস্বপ্রকৃতি ইন্দ্রিগণের মধ্যে একের বৃত্তির উদ্ভব ও অন্মতৃতির অভিভব। কথন •শান্তাভ্যাস জন্ম জ্ঞান ও কর্ম্মের ভাবনাক্রপিণী ইন্দ্রিয়বৃত্তির উদ্ভব হয়: কিন্তু বর্থন সেই বৃত্তির উদ্ভব হয়, সেই সময়ে প্রত্যক্ষ ও অনুমান জন্ম কর্মা ও জ্ঞানের ভাবনার্রপিণী স্থাভাবিকী আমুরী বৃত্তি অভিভূতা হয়। এই অবস্থায় দেবতাদের অহরের পরাজ্য বলা যায়। আবার কথনও 🐧 আসুরী র্ত্তির প্রভাবে দৈবী রুত্তি অভিভূতা হুর। তৎকালে অপ্লরের জয় ও

দেবতার পরাজয় বোষিত হইয়া থাকে। ইক্রিয়দেবতার জয় হইলে ধর্মের काधिका निवन्तन প্রজাপতিপদপ্রাপ্তি পর্যান্ত জীবের উৎকর্ষলাভ ঘটে এবং অমুরের জর ইইলে অধর্মের প্রাবলো স্থাবর্ষোনিপ্রাপ্তি পর্যান্ত অপকর্ষনাভ হয়। ধর্মাধর্মের সমতাত্তলে মহয়ধোনিলাভ হইয়া থাকে। পূর্কোক্ত প্রকারে দেবতাদিগের অন্নতা এবা অস্তরগণের প্রাচুর্যা হেড় অস্তর কর্তৃক অভিভূরম।ন দেবগণ পরস্পর পরামর্শ করিয়াছিলেন যে, এইক্ষণে কি প্রকারে এই জ্যোতিষ্টোম যজ্ঞে উল্লীথ কর্মের কর্ত্ত্ব লাভ করিয়া অস্তরের আক্রমণ হইতে উদ্ধার পাইব, অর্থাৎ অমুরদিগকে পরাজিত করত শাস্ত্রপ্রতিপাদিত নিজম্ব দেবভাব লাভ করিব। এই প্রকরণে নিরূপণীয় জ্ঞান ও জুপারূপে বিহিত ময়ের জুপ ও জ্ঞান গারা উদ্দীথ কর্মের কর্ত্তবলাভ গদপর হয়। এইক্ষণে আপত্তি হইতেছে হে, এই প্রকরণে যে উদ্দীথের প্রশংসা করা হঠন, তাহ। ক্ষামাণ অভ্যারোহ নামক মন্ত্রজপবিধির দৃঢ়তা সম্পাদনের স্তুতিবোধক মাত্র। ইহা গারা প্রকৃতজ্ঞানের নিরূপণ হইল কি 🌣 উত্তর, তাহা নহে। যেহেতু, পরেই কথিত হইদ্বাছে যে, যে বাক্তি উক্ত প্রকার অবগত হইতে পারিবে, সে বক্ষামাণ জরলাভ করিতে পারিবে, এই উক্তি ঘারা জ্ঞাননিরূপণই প্রয়াণিত হয়। যদি ভপবিধির দৃঢ়তা প্রতিপাদনের জন্ম স্তুতি করা হইত, তবে জ্ঞানের ফল বলা হইত না॥ ১॥

তে হ বাচমূচুস্ত্রন উদ্গায়েতি তথেতি তেভ্যো বাঞ্চলগায়ং।

যো বাচি ভোগস্তং দেবেভ্য আগায় েয় কল্যাণং বদতি

তে বিহুরনেন বৈ ন উদ্গাত্রাত্যেষ্যন্তীতি তমভিদ্রুত্য পাপ্মনাবিধ্যন্ৎ স যঃ স পাপ্মা যদেবেদমপ্রতিরূপং বদতি স এব স পাপ্মা ॥ ২ ॥

ইহাতে বাদী বলেন, যদি তাহাই হয়, তবে উদগীথের প্রয়ঙ্গে প্রাকরের বৃদ্ধান্ত লাভ হওরায় এই উদ্দীথ পাঠ্যতা হেতু বিধিবাক্যই হউক। (উদ্দীথ অর্থে সামের কোন গেয় অংশ, যাহা যাজ্ঞিক সকল যজ্ঞে গাম করিয়া থাকেন) मिकासी कहिरान, देश जेमीरिश्व श्राकवन नरह, कर्यकार उपनीप धकवाब विशिष्ठ হইষ্নাছে। বিহিতের পুনর্বিধান হয় না, বিশেষতঃ ব্রন্ধবিদ্বা প্রকরণে উদগীথের বিধি অসম্ভব ; স্থতৰাং এই, ত্ৰান্ধণে জ্ঞানই উপদিষ্ট হইয়াছে, বিধি নহে। আর এক কথা, कांनी वाक्तित मध्यक्षरे वकामांग अखाद्रांश-क्ष्म विश्वि श्रेमांट, मकत्वत श्राक নতে: মুতরাং অভ্যারোহ-মন্ত্রজপ বিধেয় হইলে সকলের পক্ষেই সমান হইত এবং ভাছার অমুষ্ঠামের জটিতে প্রত্যবায় জন্মিবার আশ্রন্ধা থাকিত। বস্তুতঃ তাহা নহে, কিন্তু বিজ্ঞান (ব্ৰদ্মজ্ঞান) নিত্যভাবেই শ্ৰুত আছে। বিজ্ঞানী ব্যক্তি ইহলোক জন্ম করিতে পারে, এই ঐতিবোধিত ফলামুসারেও বিজ্ঞানের নিতাতা হওরা বার ; স্নতরাং উল্গীথের বিজ্ঞান নিত্য ও জপ জনিত্য, অর্থাৎ বিজ্ঞানের অনুগামী জপ, বিজ্ঞান না হইলে কেবল জপের অনুষ্ঠান শাস্ত্রার্থ নহে; বিজ্ঞানই মুধ্য, জপ তাহার অধীন। পক্ষান্তরে, প্রাণের ক্তমি ও বাক প্রভৃতির অণ্ডদ্ধিকথন হেতুও এই শ্রুতিতে প্রাণের উপাদনা বিহিত হইয়াছে, जानिए इरेरत। यनि आर्पापामना (विकान) विश्व ना इरेंछ, छत्व তাহার ভদ্দিনিরপণ অর্থাৎ প্রশংসা ও বাক প্রভৃতির অঙ্কদি কীর্ত্তন করা হইত না। বাক প্রভৃতির নিন্দা ঘারা উপাস্ত প্রাণের মুখ্যভাবে স্তুতি করাই ঞুতির অভিমত বুঝিতে হইবে। আর 'মৃত্যুকে অতিক্রম করিয়া প্রকাশিত হয়.' এই ফলকীর্ত্তন ছারাও প্রাণোপাসনা যে মুখ্যরূপে বিহিত, ইহা প্রমাণিত হয়। মুখ্যপ্রাণের উপাদনা দারা এই উপাদনার লক্ষ্য প্রাণস্বরূপ-প্রাপ্তি অর্থাৎ বাক প্রভৃতির অগ্ন্যাদিরপতানাভরূপ দিদ্ধ হয়। অতএব এই সম**ন্ত** প্রমাণ ছারা এই ব্রাহ্মণে প্রাণোপাসনার বিধিই প্রমাণিত হইল।

প্নশ্চ বাদী আপত্তি করেন, তোমার প্রদর্শিত মৃতি দারা প্রাণের উপাসনা বিহিত হওয়া না হয় স্বীকার করিলাম; কিন্তু বিশুদ্ধাদি গুপবিশিষ্ট প্রাণের উপাসনা করিতে হইবে, এই বিষয়ে প্রমাণ কি ? সিদ্ধান্তী কহিলেন, যখন শ্রুতি দারা বিশুদ্ধাদি গুণ কীর্ত্তিত হইয়াছে, তথন তাহাই প্রমাণ। বাদী বলিলেন, প্রাণের উপাসনা বিহিত হইয়াছে সত্য, কিন্তু বিশুদ্ধাদি গুণের কার্ত্তন তাহার প্রশংসার্থ অর্থবাদম্মরূপ, বিধি নহে, এইরূপ উপপত্তিও করা যায়। সিদ্ধান্তী কহিলেন, শব্দের ম্থা অর্থ দারা যাহা প্রতিপক্ষ হয়, তাহাই অম্বলমনীয় এবং তাহা দারাই শ্রেমপ্রান্তি স্তুর, মুত্রাং করনা অপেকা স্বাভাবিক অর্থই গ্রাছ। লোকিক দৃষ্টান্তে দেখা যায়, যে বাজি মধার্থ অর্থজনিন কল্পে, লেইটিকি প্রাপ্ত হয় বা অনিই কইনেত মুক্ত হয়।

বেমন হরি শব্দের মুখ্য অর্থ শঙ্খ-চক্র-ধারী বিষ্ণুকে বৃঝিয়া উপাসনা করিলে মঙ্গলাভ হয় ও নরকণাতনিবৃত্তি ঘটে, কিন্তু হরিশব্দের কালনিক অর্থ অগ্ত কোন হরণকারী চৌর প্রভৃতিকে বৃঝিয়া তাহার অমুসরণ করিলে ইষ্টফললাভ দূরের কথা, বিপৎপাতেরই সম্ভাবনা, সেইরূপ সর্বত হত্মার্থ ধরিয়া প্রবৃত হওয়া উচিত। ভ্ৰমজ্ঞান पात्री কোন গুভফল সাধিত হইছে দেখা यात्र ना, সেই প্রকার এ স্থলেও শ্রুতির, মুখ্য অর্থের জ্ঞানে ইষ্টফললাভ বুক্তিসঙ্গত, বিপরীত অর্থগ্রহণে নহে। আর শ্রুতিবোধিত বিজ্ঞানবিষয়ে অন্ত অর্থ কল্পনা করার কোন প্রমাণও দেখা যাইতেছে ুনা, কিম্বা শ্রুতিতে বিজ্ঞানের বাধক কিছুই উপদিষ্ট হয় নাই, অত্এব মুখ্যাৰ্থজ্ঞানেই ইষ্টফলসিদ্ধি হওয়ায় তাহারই যথার্থতা অশক্ষিতচিত্তে স্বীকার করিব, অর্থাৎ বিজ্ঞানের উপাসনাম যথন পরম শ্রেষোলাভ হয় দেখিতেছি, তখন সেইটিই উক্ত শ্রুতির যথার্থ প্রতিপান্ত, ইহা আমরা স্বীকার করি। বিপরীত অর্থগ্রহণে অনেক অনর্থপ্রাপ্তিই দৃষ্ট হইয়া খাকে। ষেমন কোন বাক্তি পুরুষকে স্থাণু-(বৃক্ষ) রূপে ও শত্রুকে মিত্রভাবে জ্ঞান করিয়া তদন্তরূপ আচরণ করিলে সে অনিষ্ট ফল পাইরা থাঁকে। এইরূপ শ্রুতি হুইতে যদি আত্মা, ঈশ্বর ও দেবতা প্রভৃতির অম্থার্থ স্বরূপ গ্রহণ করা হর, তাহা হইলে শাস্ত্র অনর্থপ্রাপ্তিরই কারণ, ইহা নিশ্চিত প্রতিপন্ন হইনা পড়ে, অর্থাৎ শাস্ত্রও প্রাকৃত ব্যক্তির মত অশ্রদ্ধের বচন হয়। আমাদের পরম হিতৈষী শাস্ত্র নিশ্চরই **অনিষ্টের উপদেশ**ক হইয়া উঠে, ইহা • काहाরও অভিপ্রেণ্ড নহে। তবে এইফণ্ড এই স্থির সিদ্ধান্ত হইল যে, শান্ত উপাসনার জন্ম আত্মা, ঈশ্বর এবং দেবতাদের ষধাষথ শ্বরূপ বর্ণনা করিয়া আমাদিগকে সেই ভাবে অফুপ্রাণিত করে। যদি বল, তবে জাগতিক ঘটপটাদি পদার্থে ব্রহ্মজানের উপদেশ আছে কেন? বেহেতু, ইহা স্পষ্টই অন্তভবে আদে যে, নামাদি ব্ৰহ্মস্বৰূপ নহে. স্থাণুতে (বৃক্ষেতে) পুরুষবৃদ্ধির স্থায় নামে যদি শান্ত্রবিপরীত ব্রহ্মবৃদ্ধি প্রেম জনাইরা দের, তবে শাস্ত হারা বথার্থরূপে নির্ণীত বস্ত গ্রহণ করিলে সর্বসম্মত , रेहेकनथाशि रहेरत, हेहा मिथा। कथा। উত্তর—তাহা নহে; স্থাণুতে প্রষর্দ্ধি ও নামেতে এমবৃদ্ধি এই ছুইটি বিপরীত জ্ঞান হইলেও বাস্তবিক একরূপ নহে। যেহেতু, নামেতে নামরূপে জ্ঞানকালেই ব্রহ্মরূপে ভাবনা করা বিহিত হইরাছে। রেমন প্রতিমাদিতে শিলাবৃদ্ধি সত্ত্বেও বিষ্ণুজ্ঞান বিহিত করা হয়, স্থাপুতে পুরুষবৃদ্ধি হওরার সমরে: আর স্থাপুরুষে জ্ঞান থাকে কি? নাম ও विकामित अवगरन कतिया तम विकू ब्राष्ट्रिक छावनाव छिनान रहेशाहर

নামাদি স্বরূপ তিরোহিত করিয়া ব্রশ্বজ্ঞানের বিধান হয় নাই। স্থাণুর অজ্ঞানাবস্থায়ই ইহা স্থাণ্ড নহে, পুরুষই, এইরূপ বিপরীত জ্ঞান হইয়া উজ্মন্তলে এইরূপ বৈলক্ষণ্য থাকা প্রযুক্ত ঐ দৃষ্টান্ত বারা দোষ উদ্ভাবনা করা मञ्जेष्ठ रम्न नारे। ইशीत উপর এক্ষবিদেষী কর্মমীমাংসক আপত্তি করিতেছেন, শাস্ত্রে নামাদির বন্ধরূপে ভাবনা করার উপদেশ আছে गडा, উদ্দেশ্য - से श्रकात भृत्र ভाবনা दावा कननां रहेत्व, किन्न वन्न विन्ना প্রকৃত পদার্থ কিছুই নাই, এইরূপ প্রতিমাতে বিফুভাবনা এবং শ্রাদ্ধীয় ব্রাহ্মণে পিতৃভাবনাও ইহার তুলা, অর্থাৎ বিষ্ণু ও পিত্রাদি নামক কোন দেবতা বস্তুতঃ নাই; 'কেবল তজ্ঞপে ভাবনা করিলেই ফল হয়। সিধান্তী (বৈদান্তিক) ইহার উত্তরে বলেন, শান্তে যে যে স্থলে এক পদার্থের অন্তরূপে ভাবনা বিহিত আছে, সর্বব্রেই দেখা যায় যে, বস্তুতঃ সিদ্ধ পদার্থেরই অন্ত বস্তুতে ভাবনার বিধান, কোন श्रुताई अलीक अनार्थित ভाবনার উপদেশ হয় নাই, यেমন ঋক (মন্ত্রবিশেষ) প্রভৃতিতে পৃথিবাাদি ভাবনা উপদিষ্ট হইয়াছে, এই সকল ঋগাদি সিদ্ধ পদার্থ, তদ্মুসারে নামাদিতে যে বন্ধভাবনা উপদিষ্ট আছে, তাহাও বিশ্বমান বন্ধবিষয়ক व्यक्ति हरेत। देश अगानिए शृथियानि जायनात्र मागा मिथिया जन्मिण स्या। এই যুক্তি ধারা প্রতিমাদিতে বিষ্ণু ও প্রাদ্ধীয় ব্রাহ্মণে পিতৃভাবনা ও সিদ্ধবস্তু-বিষয়ক স্থিরীকৃত হইল। আর এক কথা, ইহা অতীব সতা যে, নামাদি ব্ৰহ্মস্বরূপ নহে, তাহাবে ব্ৰহ্মরূপে ভাবনা করা আরোপজ্ঞান, ইহাতে কাহারও অষমতি নাই, পরস্তু আরোপজ্ঞানমাত্রই মুখাজ্ঞানশাপেক্ষ, ইহাও অস্বীকার করিবার নহে। বেমন পঞ্চাগ্নিসাধ্যযাগে স্বর্গ, মেঘ, পৃথিবী, পুরুষ ও স্ত্রী এই পঞ্চ পদার্থে অন্নিরূপে ভাবনার বিধি আছে.। ঐ ভাবনার বিষয়ীভূত স্বর্গ বা মেদের সন্ধিত্ব গৌণ অর্থাৎ আরোপিত, বাস্তব নহে, লোকপ্রসিদ্ধু মুখ্য অধির এ স্থলে সতা কোথায় ? এজন্ম পদার্থের সত্তা অবশ্র স্বীকার্য্য। ইহার অভিপ্রায় এই বে, এইরূপ আরোপিত ব্রন্ধন্ত মুণাব্রদ্ধ পদার্থের সভাব অনুমান দারা বুঝাইয়া থাকে। ^{বাহা} প্রকৃত জ্ঞান নহে, তাহা আরোপিত হইতে পারে না, এই জ্ঞ আরোপ-কালে তাহার মুখ্য সভা অপেক্ষিত হয়। যখন শাল্পে নামের ব্রহ্মরূপে জ্ঞানরূপ (বন্ধখারোপ) উপাসনা বিহিত আছে, তথন মুখ্য বন্ধ পদার্থের অন্তিত্ব निर्कितारिष्टे श्रीकृष्ठ ब्टेन, मत्मर नारे।

এ স্থলে কর্মনীমাংসকগণ আপত্তি করেন যে, কৈমিনিমতে ক্রিয়াবোধক বাকোরই প্রামাণ্য সিদ্ধ, যেমন 'দর্শপৌর্ণমাস যাগ করিবে,' ইত্যাদি বাক্যের

প্রামাণ্য; পরস্কু বন্ধবোধক "তৎ ছমদি" ইত্যাদি বাক্য কোন কার্য্যেরই প্রতিপাদক নাছে, অতথ্য ব্রহ্মবোধক উপনিষৎবাক্য অপ্রমাণ; সুভরাং অপ্রমাণ বাক্য দারা ব্রহ্মপদার্থ প্রমাণিত হইতে পারে না। বৈদান্তিক সিদ্ধান্ত করেন, কার্য্যবোধক হইলেই বে বাক্যের প্রামাণ্য হইবে, অন্তর্থা নহে, এ বিষয়ে কোন প্রমাণ নাই, কিন্তু অসন্দিগ্ধ, সত্যভূত, অক্ট প্রমাণ দারা অজ্ঞাত পদার্থের বোধক বাক্যমাত্রই প্রমাণ। সত্তে কথিত আছে, ক্রিয়াবোধুক ও জ্ঞানবোধক বাক্যের কোন-ভারতম্য নাই। ষে প্রকার তোমার মতে কার্য্যবোধক বাক্য প্রমাণ, সেই প্রকার ব্রহ্মপ্রতিপাদক वाका ७ थमान। तमन पर्नार्शियामानि यात्र वर्तानि कत्वत माधन, अयाकानिर्विष्ठि অকপরিপাটী-সমন্বিত ও ক্রমরূপঅক্সফুক্ত, অথচ ইহা লেচকিক প্রত্যক্ষাদি কোন প্রমাণ দারা অবগত হওয়া যায় না; কেবল বেদবাক্য দারাই উহা পরিজ্ঞাত হয়, এই জন্ত সেই দর্শপৌর্ণমাসাদিবোধক বাক্য অসন্দিগ্ধ, সত্যভূত ও অজ্ঞাত পদার্থ-বোধের কারণ বলিয়া শব্দপ্রমাণরূপে স্বীকৃত হইয়াছে। সেই প্রকার পর্মাত্মা, ঈশ্বর ও দেবতাদি পদার্থ স্থলত্ব, স্কল্প প্রভৃতি ধর্ম বা আক্রতিরহিত্ব ও অশনায়াদি লক্ষণহীন, স্বতরাং প্রত্যক্ষাদি কোন লোকিক প্রমাণের যিষয় নহে, কেবল উহা বেদৰাক্য দারাই অধিগত হয়; অতএব ঐ বেদৰাক্যও অসন্দিগ্ধ, সত্যভূত ও অগ্য প্রমাণে অজ্ঞাত বস্তুরই জ্ঞাপক, যেহেতু, ক্রিয়াবোধক বাক্যের সহিত ব্রশ্বজ্ঞানো-পদেশ বাকোর কোন তারতম্য নাই। তবে কেন প্রমাণ হইবে না । আর বেদান্তবাক্য দারা এমন কোন অস্ত্রিন্দ বা ভ্রান্তবিষয়ের জ্ঞান হয় না-বাহাতে ভাহা অপ্রমাণ হইবে। ত্রাহাতে মীমাংসক বলেন যে, একট পার্থক্য আছে, किशादांशक यथा- शमारम निकामि প্রত্যয়দারা ভাবনা (পুরুষের ব্যাপার, বাহা দারা বর্গাদি ফলের উৎপত্তি হয়) নামে এক অনুষ্ঠানযোগা (প্রবৃত্ত) বৃত্তি প্রতিপাদিত হয়, ঐ ভাবনার তিনটি অপেক্ষিত অংশ আছে, নেই ছিনটি অংশ এই—'ফি ?' 'কাহার দারা' ও 'কি প্রকারে,' এই আকাজ্ঞাত্তয়। যেমন, 'যজেত' এই আকাজ্ঞায় ইহার অর্থ কি উৎপাদন করিবে, এই আকাজ্ঞায় স্বর্গাদি ফলের অম্বর হইয়া থাকে ? কাহার বারা উৎপাদন করিবে, বাগ ঘারা উৎপাদন क्रियन, रेहार्ट गांगामि किया कर्मक्राल धवः कि अकारत उर्लामन कर्तिरंत, धरे আপেক্ষায় অক্ষবিধি প্রতিপাদিত ইতিকর্ত্তব্যতারূপ কের্ছব্যাপারের অন্তর্ম হয়। व्यर्षार 'राक्ष्य' धरे कियाशन छनियामाव स्थाजात मत्न रम, धे कियाहिक 'मेर्च' প্রাত্যয় অসমাকে অঞ্চনমন্বিত বাগ ধারা স্বর্গরূপ ইষ্টসিদ্ধি করিতে প্রবৃত্ত করি-তেছে; অতএব যেমন দেই আকাজ্ঞানামক অংশতমবিশিষ্ট ভাবনার প্রতিপাদন

বশতঃ বেদবাক্যের প্রামাণ্য, কিন্তু পর্মাত্মা ও ঈশবাদির জ্ঞাপক "তত্ত্বমদি" ইত্যাদি বাক্য ঘারা কোন অনুষ্ঠেয় ভাবনার প্রতিপাদন হয় না, অর্থাৎ কোন অফুষ্ঠানে প্লার্ডি জন্মার না, স্তরাং অপ্রবর্ত্তক ক্রিয়াবোধক বাক্যের সহিত ব্রহ্মপ্রতিপাদক বাক্যের সমতা নাই, যাহাতে ব্রহ্মপ্রতিপাদক বাক্য প্রমাণ হইবে। ইহার উত্তরে বৈদান্তিক বলেন, যথাভূত বস্তজানই প্রমা, সেই প্রমাবোধক বাক্যই थ्रमान, अग्रथः উল्লिখিত · প্রকার ভাবনা প্রতিপাদন করিলেই যে প্রমাণ হইবে, এমন কোন কথা নাই। পূর্ব্বোক্ত অংশত্রমবিশিষ্ট ভাবনা-নামক বিষয় অনুষ্ঠেয়-রূপে প্রতিপাদিত হইয়াছে বনিয়া "বজেত" ইত্যাদি বাক্যজনিত জ্ঞান প্রমা নহে, কিন্ত বেদবাক্যরূপ প্রমাণ বোঁধিত হইয়াছে, এই জন্ত উক্ত ভাবনাবিষয়ক জ্ঞান প্রমা, অর্থাৎ অন্তর্ভেম্ববিষয়ক করিলেই বৈ জ্ঞান প্রমা হয়, অক্তপা নহে, ভোমার এ কথাও অবোক্তিক। বেহেতু, বেদবাক্য দারা প্রতিপাদিত বিষয়ের প্রামাণিকছ নিশ্চম হইলে যদি তাহা অমুপ্তানের যোগ্য (কর্মবিশেষ) হয়, তবে সেই কর্ম্মের অञ्चोन रम, जात अञ्चोनरगाना ना रहेल छारात अञ्चोन रम ना। भीमाध्यक वालन, अञ्चल्हेंब्रविबन्नक ना शांकित्न वात्कात आमांगजा इटेर्ड शांदत ना, जोहांत কারণ, অমুর্চের কোন বিষয় না থাকিলে বাক্যাস্থর্গত পদসমূদায়ের অন্বয়ই হয় না। তাৎপর্য্য এই যে, একটি অনুষ্ঠের পদার্থ কোন শব্দ দারা অভিহিত হইলে তাহার সাধন, ফল ও কর্তা কি ? আকাজ্ঞা সভাবতই হয়, এ আকাজ্ঞার সমাধানার্থ অন্ত পদ-বোধিত ঐ করণ •প্রভৃতির ঘারা বাক্যার্থের সঙ্গতি হয়, অর্থাৎ ইহা ঘারা এই 🔭 কার্য্য কর্ম্তব্য, এই প্রকার অন্বয় হইয়া থাকে, ঐ পরস্পার অন্বিত পদসমূহকেই কার্য্য-বাক্য বলা যায়; ইহাই শব্দপ্রমাণ, পরস্ত অমুষ্ঠেয় না থাকিলে কেবল বস্তুত্বরূপ-প্রতিপাদক কোন শব্দ প্রয়োগ করিলে তাহাতে কোন আকাজ্ঞা থাকে না,কাছেই . আকাজকাপুরক অন্তপদ অপেক্ষিত হয় নাও তাহার অর্থ ইহাতে অধিত হইতে পারেনা ; স্বতরাং তাহার বাকাত্ব স্বীকার করি না। দেখা ষায়, 'এইটি' 'ইহা ছারা' 'এই প্রকারে' ইত্যাদি শত শত পদ প্রয়োগ করিলেও 'করা উচিত' 'কর্ত্তব্য 'হওয়া উচিত' ইত্যাদি অনুষ্ঠানবোধক ক্রিয়াপদ প্রযুক্ত না हरेलं উক পদসমুদারের বাকার হয় না ও প্রামাণ্যও থাকে না। অতএব মাত্র পরমান্তা ও ঈশ্বর প্রভৃতি প্রতিপাদক বাক্যের প্রামাণ্য नारे ।

আর যদি এক বাক্যপ্রতিপাল্প স্বীকার না করিয়া পদপ্রতিপাল্প স্বীকার কর, তবে প্রমাত্মা ও ঈশ্বরাদিবাচক বেদ অপ্রমাণ হইয়া উঠে। কেন না, ঐ বেদ

প্রমাণাম্বর ঘারা জ্ঞাত পদার্থকে প্রতিপাদন করিতেছে। * স্মৃতরাং অক্তপ্রমাণ দারা ব্রন্ধের অন্তিত্ব অবগত হওয়ায় ব্রন্ধবোধক বাক্যের প্রামাণ্যস্বীকার বৈদান্তিকের মতসঙ্গত নছে। ইহার উত্তরে বৈদান্তিক বলেন, অনুষ্ঠেরবোধক ना रुरेल एव वाकाच थाएक ना, धर्मन नरह, कांत्रन, र्रियम 'वर्नहजूडेशबूख्न মেরুনামা পর্বত আছে' এই প্রকার অমুষ্টেমণুত্ত কেবল বস্তুম্বরূপ-প্রতিপাদক বাকাও লোকে সাধারণতঃ ব্যবহার করে, কিন্তু এই ঝাক্য শ্রবণে কোন অমুষ্ঠের পদার্থের জ্ঞান হয় না, সেইরূপ "অস্তি" (আছে) এই ক্রিয়াপদের সহিত পরমাত্মা ও ঈশ্বরাদি-প্রতিপাদক পদসমূদায়ের পরস্পর বিশেষ্য-বিশেষণ-ভাবে অবস্থ হইবার কোন বাধা দেখা যায় না। যদ্ধি চ মেকুর অভিত-বাক্যের অর্থজ্ঞানে ধেরুণ তত্ত্বাত্মসন্ধিৎস্থর ফল সাধিত হয়, সেই প্রকার পরমাত্মাদি-প্রতিপাদক বাকোর অর্থজ্ঞানে কোন প্রয়োজন সিদ্ধ হয় না বলিতে পার, তাহাও অষুক্ত, মেহেতু, পরমাত্মজানবিশিষ্ট ফলই সাধিত হয়। "ব্ৰহ্ম জানিলে ব্ৰহ্ম প্ৰাপ্ত হয়" হৃদয়ের গ্ৰন্থি অজ্ঞানরূপ ব্ৰন্ধন্তি হয়,) ইত্যাদি শ্রুতিতে ব্রশ্বজ্ঞানের ফল কথিত হইয়াছে, বিশেষতঃ সংসারের আদি কারণ অবিভাদি দোষনিবৃত্তি হইতে দেখা যায়, অতএব ব্রহ্মজ্ঞান নিম্ফল নছে। আর পর্ণমন্ত্রী জুহুর । স্থায় এই সকল ব্রন্ধজ্ঞানবিষয়ক ফতশ্রুতি অর্থবাদ-মাত্র অর্থাৎ অপ্রমাণ, ইহাও বলা যায় না, যেহেতু, যজ্ঞে জুহু নামক পাত্র অঙ্গরূপে গৃহীত হয়, তাহার প্রশংসার জন্ম ফলের অর্থবাদ বলা যায়। ে কিন্তু ব্রহ্মজ্ঞান কোন কর্মোর অঙ্গ নহে, তাহাতে যে ফল শ্রুত হইয়াছে, তাহা যথার্থই, মিথাা নহে, কাজেই ঐ ফলশ্রুতি অর্থবাদ নহে। এক্ষণে বৈদান্তিক মীমাংসকের মতিসন্ধ অমুঠেয়বোধক ভিন্ন বাক্যের অপ্রামাণ্যাক্তির প্রতিবাদ করিতেছেন।—বৈদান্তিক-গণ বলেন, যদি অনুষ্ঠেষ্ট্র প্রতিপাদন না করিলে বাক্য প্রমাণ না হয়, তবে নিষিদ্ধঃ কর্ম যে অনিষ্টফলের জনক, তাহার বোধক বাক্যও অপ্রমাণ হউক, যেহেডু, म्बर्ध निरम्भवाका नकन कान अञ्चलकारक প্রতিপাদন করে নাই। নিষিদ্ধ

^{*} যৎ গরং শব্দ স শব্দার্থং, এই প্রোদ্রসারে মীমাংসকলণ কার্যবোধক বাক্যকে শাক্রিবাধের কারণ শীকার করেন, বেথানে কার্যবোধক পদ না পাকে, সে ছলে গ্রুদ হারা অর্থের ভূতিমাত্র হয়, ঐ স্থৃতি হইতে পদের অর্থহেডু সঙ্কেতম্মরণ হইয়াই উহা মরণস্থরপ হয়, মারণপ্রমা নহে, এই ক্ষক্ত প্রদর্শেষ্ক থবেদ প্রমাণ হইতে পারে না। যেহেডু, স্থৃতি জমুভূতিগাণেক্ষ, ক্ষাত্রবাধক নহে।

[া] হস্ত পৰ্ণন্ত্ৰী অহুৰ্ভবতি ন স পাশলোকং শূণোতি। যাহার পলাশাদিগত্তনিৰ্দ্ধিত জুহু (ধলীয়গাত্ত) ইয়, মে নিশা অংশ করে নান

কার্য্যে প্রবৃত্তিমান্ পুরুষকে নিবৃত্ত করা ভিন্ন নিষেধবিধির অস্ত কোনও উक्तिश (पर्था गांव ना । वाखिविकरे निरम्धविधिवाकाममूमात्र वाधरे अन्यारिया থাকে, কোন অনুষ্ঠান-বিশেষ বুঝায় না। নিবিদ্ধ বৃদ্ধতাটি কার্য্যের অকর্ত্তবাতা বোধ করানই নিষেধবিধির উদ্দেশ্র, নিষেধবিধি জ্ঞানে সংস্কৃত্যতি वाक्कित शक्क कुश्रांत ममन आरक्षाका कनक्षां किमिटिंग अन উপश्चित स्टेरल তাহাতে স্বাভাবিক—ইছা ভোক্ষা, এইরূপ উৎপন্ন জ্ঞান নিষেধবিধির অর্থ-শ্বরণমাত্র বাধিত হয়। যেমন কোন পিপাসিত ব্যক্তি দূর-প্রান্তরন্থিত ত্র্যারশ্বিতে জ্বলন্রমে ধাবিত হ্ইলে অন্ত কর্ত্ব প্রবোধিত হইয়া নিবৃত্ত হইয়া থাকে, সেইরূপ নিবেধবিধির প্রভাবে নিষিদ্ধ-কর্ম্মে অনুরাগাধীন ইষ্ট্রসাধনতাভ্রম নিবারিত হইলে আর অনিষ্টকারিণী নিষিদ্ধ ভক্ষাভক্ষণে প্রবৃত্তি উৎপন্ন হয় না, অতএব দেখা যাইতেছে যে. ভ্রান্ত ইইদাধনতা জ্ঞানাধীন প্রবৃত্তি **ब्हेवांत मञ्जावनायाल निरामधिया शामागायाल समञ्जान वाधिर इन् उ** কারণাভাবে পরুত্তি আপনা হইতে নিরুত হয়; প্রবৃত্তির নিবারণের জন্ত আর যত্ন করিতে হার না। সেই জ্ঞাই বলি, নিষেধবিধির নিষিদ্ধ কর্মমাত্রই অনিষ্টকারক, ইছার জ্ঞাপন করাই মুখ্য উদ্দেশ্য। কোন পুরুষকে কোন -বিষয়ে নিযুক্ত করা তাহার তাংপর্য। নহে। নিষেধবিধির মত প্রমাত্মাদির যথার্থ স্বরূপজ্ঞাপক বাক্য সকলও তৎস্বরূপমাত্র বোধ করাইয়া থাকে, এবং সেই ুসকল বাক্যের হারা বাধিত ব্রহ্মস্বরূপজ্ঞানের সাহায্যে সংস্কৃতমতি জ্ঞানী ব্যক্তি তাহার বিপরীত আত্মার কর্তৃত্ব-ভোক্তত্মাদি জ্ঞানাধীন প্রবৃদ্ধি-সমুদান্তের অনিষ্ঠকারিক স্থির করে ও তৎসমভিবাহারে সতাভূত বন্ধবিজ্ঞান-প্রভাবে অবিভাক্ত সমস্ত অনিষ্টের কারণ হৈতবিজ্ঞান বাধিত করিয়া ঐ সকল প্রবৃত্তির হস্ত হইতে পরিত্রাণ পায়।

এ বিষয়ে বাদীদিগের আপত্তি এই যে, তোমার নির্দারিত কলঞ্জভক্ষণাদির প্রবৃত্তির সহিত সমংসারিক বৈধ কর্মপ্রবৃত্তির সাম্য কোথায় ? কারণ, কলঞ্জভক্ষণাদির অনর্থহেত্তার মরণে ভোজনেচ্ছাধীন হইতে পারে, তাহার ভক্ষ্যত্ত্বম তিরোহিত হয়; স্থতরাং তাহাতে প্রবৃত্তি না হওয়া বিচিত্র নহে, কিন্তু তোমার মতে ব্রক্ষজান দৃঢ় হইলে প্রক্রের বৈধ কম্ম যাগাদিতেও প্রবৃত্তির অভাব হইবে, হর এমন কি কথা ? কৈ, উহা কোনও নিষেধশাস্ত্র ছারা অনিপ্রহৈত্র্রপেত বোধিত হয় নাই। সিদ্ধান্তী বলেন, তোমার এই আপত্তি বৃত্তি-সহ নহে; বেহেত্, ভ্রান্তিহেত্তা আর অনিষ্টকারকতা উভয়্রই সমান, যেনন নিষিদ্ধ

কলঞ্জ ভক্ষণাদিতে প্রবৃত্তি ভ্রান্ত হয় এবং উহা ইউসাধনতাজ্ঞানের অধীন ও অনর্থের কারণ, নরপ বন্ধবিদের শাস্ত্রবিহিত কন্দে প্রবৃত্তি মিথ্যা জ্ঞান জপ্তও অনিষ্টের হৈতু বলিয়া নিদিষ্ট আছে। স্নতরাং পরমাত্মবিষয়ক সভাজ্ঞান উৎপন্ন হইলে কলঞ্জভক্ষণাদির মত প্রবৃত্তিকারণ অবিষ্ণারূপ মিথাজ্ঞান থাকিতে পারে না এবং তথ্যিয়ে আর মিথাজ্ঞাননাশের জন্ম প্রবৃত্তিও উদিত হইবার আবশ্রকতা নাই।

যদি বল, কাম্য বাগাদি কার্য্যের অনর্থহৈতৃতা ও নিথাজ্ঞান হইতে উৎপত্তি, কারণ, কাম্যকর্মের ফল স্বর্গাদিভোগের অবসানে পুনশ্চ জীবের জন্মগ্রহণাদি অনিষ্টলাভ শ্রুত আছে এবং জীব ঐ স্বর্গকে ভ্রমক্রমে চিরস্থায়ী অত্যুৎকৃষ্ট ফল মনে করিমাই বাগাদিতে প্রবৃত্ত হইমা থাকে, কৈন্ত নিত্যকর্ম তাহা নহে, উহা কেবল শাস্ত্রবিহিত, ফলাকাজ্ঞা দারা অপ্রবর্ত্তিত অথচ কোন অনিষ্টের কারণ নয়, মুত্রাং তথিবয়ে ব্রহ্মবিদের প্রবৃত্তির অভাব হওয়া সর্ব্বথা অবুক্ত। ইহার উত্তর এই যে, উহা কেবল শান্ত্রবিহিত নহে; কারণ, যে প্রকার ম্বর্গাদি কামনারূপ দোষবাম পুরুষের সম্বন্ধে কাম্যকর্ম বিহিত হইয়াছে, **मिंट अकात प्रकल जिल्हें एक जिल्हा कि कि कि अकार कि कि जिल्हें** প্রাপ্তি ও অনিষ্টের পরিহারকামী পুরুষের সম্বন্ধে নিতাকর্ম বিহিত হইয়াছে, তবে উহাকে কেবল শান্ত্রনিমিত্তক কিরুপে বলিব ? অগ্নিহোত্র, দুর্শপৌর্থমাস, চাতুর্মান্ত, পণ্ডবন্ধ ও দোম প্রভৃতি ঘাগদকলের স্বতঃ কামান্ত-নিতাতের वावञ्चा रम्र ना, किन्ह यानकर्तीत अर्गानिकनकामनाक्रम मास थाकिएन उৎकृत कर्य কাম্যরূপে এবং অবিদ্যাদি দোষবশতঃ স্বভাবসিদ্ধ ইষ্টপ্রাপ্তি ও অনিষ্টনিবৃত্তির ইচ্ছা থাকিলে, নিত্যরূপে ব্যবহৃত হয়, ইহাই সিদ্ধান্ত। যেহেতু, নিতা ও কাম্যুকর্ম ঐ পূর্ব্বোক্ত অবিষ্ণাদি দোযত্ত কর্তার পক্ষেই বিহিত, পরমান্মার স্বরূপাভিজ্ঞ বন্ধ-বিদের সম্বন্ধে কোন কর্ম্মই শাস্ত্রে উপদিষ্ট হয় নাই, বরং কর্মনিবৃত্তির উপায়ভুত-কর্মাই তাঁহাদের পক্ষে উপদিষ্ট হইয়াছে। দ্রব্য-দেবতা প্রভৃতি কর্ম্মের সাধনীভূত भमार्थित ज्ञान वा दिख्जान निवृत्ति बातारे आव्यकान उर्शन रहेशा थारक। কাজেই যাহার জ্ঞান নষ্ট হইয়াছে, তাহার আর কর্ম্মে প্রবৃত্তি সম্ভব হয় না। পক্ষান্তরে ক্রিয়াই বৈতবৃত্তি সাধনাদি পদার্থের জ্ঞানকে বেহেতু আপেক্ষা করে, এইজন্ম বলি, ধাঁহারা দেশকালাদি-উপাধিশুন্ত ভুলতাদিবিরহিত অধিতীয় ব্রহ্মকে চিনিয়াছেন তাঁহাদের কোন কর্মান্স্টানের প্রসঙ্গ থাকে না। যদি বল, বন্ধজ্ঞের ভোজনপ্রবৃত্তির স্থায় নিতাকর্মে প্রবৃত্তির প্রসঙ্গও হুইতে পারে, তাহাও নহে, থেহেতু ভৌজনপ্রবৃত্তি কেবল অবিভাগিদোর প্রযুক্তই

হয়, কামনাবানের কামনার মত ঐ দোষের উদ্ভব ও অভিতব অনিয়ত; স্তরাং তজ্জনিত প্রবৃত্তিও অনিয়ত; কাজেই তাহার অবশুজ্ঞাবিদ্ধ নাই। কিন্তু নিত্যধন্ধর জ্মুণ্ঠান অনিয়ত (নিয়মবহিত্তি), এইরপ হইতেই পারে না, অথবা নিত্যকর্মা শাস্ত্র এবং নিমিত প্রাতরাদিকালবিশেষসাপেক। স্তরাং তাহার অনিয়তত্ব-সজ্ব কোথার ? যদি বল, দোষজ্ঞ হইলেও যে প্রকার কাম্য অমিহোত্রাদি কর্মা শাস্ত্রবিধান অমুসারে সায়ং প্রাতঃ প্রভৃতি নিয়তকাল অপেকা করে, সেই প্রকার নিত্যকর্মা, অবিপ্রা-দোয থাকুক বা না থাকুক, শাস্ত্রোক্ত কালকে নিয়ত অপেকা করিবে। বেমন ভোজনপ্রবৃত্তি কেবল দোষজ্ঞ হইলেও ব্যাহ্মণাদি বর্ণচতুষ্ঠয়ের স্তহে ভিক্ষা করিবে, এইরপ নিয়ম ব্রহ্মক্তের সম্বন্ধে বিহিত আছে, তথন নিত্যকর্ম্মে নিয়ত প্রবৃত্তি হওয়া স্বীকার করিলে ক্ষতি কি ? ইহার উত্তর—নিয়ম ক্রিয়াম্বরূপ নহে এবং কোন ক্রিয়ার প্রয়োজকও নহে। অর্থাৎ নিয়ম ধারা অন্তনিবৃত্তিমাত্র সাধিত হয়, বেমন চতুর্কর্ণেত্তে ভিক্ষা করিবে, ইহার অর্থ চতুর্ক্ণের অন্ত জাত্তিতে ভিক্ষা করিবে না। সেইরপ ইহা ধারা ব্রহ্মক্তের কোন কার্মের প্রবৃত্তি বিহিত হইল না, কেবল নিবৃত্তিই বলা হইল।

স্তরাং নিয়ম জ্ঞানের বিরোধী হয় না, ইহাই স্থির হইল। উপসংহারে বৃক্তব্য এই যে, যেমন পরমাত্মার যথাষপস্করপজ্ঞান ছারা তাহার বিপরীত 'জাত্মা স্থল জনেক' ইত্যাদি শরীরাক্মবোধ নিবৃত্ত হয়, এই বৃক্তিতে ঐ পরমাত্মপ্রতিপাদকবিধির বিহিত নিচ্যকাম্যাদি সকল কর্মের নিষেধবিধিও প্রতিপাদিত হইল; কেন না, নিষেধশাস্ত্র এবং ব্রন্ধবোধক শাস্ত্র উভয়ই কর্মপ্রবৃত্তির অভাবসাধনে নমত্রল। অতএব স্থির হইল যে, নিষেধশাস্তের তায় ব্রন্ধবোধক শাস্ত্রও প্রমাণ; এই প্রকার উপাত্মপ্রাপ্রের বিভদ্ধাদি-গুণ্প্রতিপাদক এই ব্রান্ধণ্ড প্রমাণ; স্থতরাং বিশুদ্ধাদি গুণবিশিষ্ট প্রাণই উপাত্ম— ঐ গুণ প্রশংসার জন্ম করিত নহে।

প্রাদিষ্টিক বিচারের অবসানে শ্রুতির শেষাংশ বাাথাত হইতৈছে।—সেই দেবগণ এই প্রকার নির্ণয় করিয়া বাগভিমানিনী দেবতা (বাগ্দেবতাকে) বিনিলেন, তৃমি আমাদিগের উদ্গাত্র কর্ম্ম কর অর্থাৎ তাঁহারা বিবেচনা করিলেন, উদগাত্র কর্ম্ম (যজে উদ্গাত্রাসংজ্ঞক ঋতিকের কর্ত্তব্য কর্ম্ম সামগান) বাগিজিয়াভিমানিনী দেবতার্থই, কার্য্য এবং ঐ দেবতা "অসতো মা সদগময়" এই জপ্রাধ্যে অভিহিত হইয়াছে। এই ব্রাহ্মণোক্ত উপাসনা কর্ম্মের এবং সেই উদ্গাত্র কর্মের কর্ত্তরূপে বাগাদি ইক্রিয়ই শ্রুতির অভিমত, কারণ কি ? বেহেতু, বাস্তবিক সমস্ত জ্ঞান ও কর্মের ব্যবহার বাগাদি ইক্রিয়ে বারা সাধিত ও বাগাদি ইক্রিয়ের

গোচর হয়, বেহেতু, আশ্বা কোন কাজ্য করে না, তাহার বাস্তব কর্তৃত্ব নাই। এই জন্ম ৰ্ষ্ণ অধ্যাৰে "ধ্যামতীৰ লেলায়তীৰ" ইত্যাদি বাক্য দাৱা আত্মার কঁঠুত্বাভাৰ বা विञ्च छ। त ममञ्जू का भठिक न्याभादा निर्मिश्व ठा वर्षिठ हरेतन, ववः श्रहे व्यवसारम् অন্তে উপসংহারে কথিত হইবে যে, অব্যাক্ত—অব্যক্তা প্রকৃতি হইতে আরম্ভ করিরা ক্রিয়া, কারক ও ফলরূপে অবস্থিত সমস্ত জগং অবিষ্ঠার কার্যা, কিন্তা এই পৃথিবীতে যাহা কিছু নাম, রূপ ও কর্ম্মরূপে বিরাজ করিতেছে, তংগমুদয়ই অবিস্থার গোচর। কিন্তু যিনি বেই আঞ্চা প্রকৃতির অতীত প্রমান্তা, তিনিই কেবল নামরূপ ও কর্মহীন ও বিভার বিষয়। তিনি 'ইহা নুহেন, উহা নহেন', ইত্যাদিরূপে সমস্ত বস্তু হইতে তাঁহার পার্থকা উপুদংহত হইবে। **অস্তরূপের** উপুর ক্রিত সংসাবে আর যিনি বাগাদি ইক্রিয়োপাধিযুক্তরূপে কর্মানুসারে নানাজন পরিগ্রহ করিয়া জীবাত্মা নামে খাতি আছেন, তাঁহাকে বাগাদি ইন্দ্রিরসমষ্টির অন্ত্রণামী বলিয়া শ্রুতি "সেই ভূতময় শরীর হইতে সমুখিত হইয়া তিনি তাহাদের সহিত বিনষ্ঠ হন" এইলপে বর্ণনা করেন। সেই হেতু বাগাদি ইন্তিরেরই জ্ঞান करमंत्र कईंद्र ७ कन्यान्धि वना स्टेग्नाह्म। धरे थाकारत रमवेशन कर्जुक च्यानिष्ठे শেই বান্দেবতা সেই ফলার্থী দেবতাদের ফলসিদ্ধির জন্ম তথাস্ত বলিয়া উল্গান (উटेफ:श्रद मामगान) कतिशिक्ति।

দেবতাদের জন্ম বাগ্ দেবী উদ্গানকর্ম হারা যে ফল সম্পাদিত করিয়াছেন, ক্রতি একণে তাহার উল্লেখ করিতেছেন থে, দে প্রয়োজন কোন কার্যাবিশেষ, আন্ত কিছু নহে: যাহা বাক্শক্তির সাহায্যে কথনাদি ব্যাপার হারা সাধিতে, বাক্পভৃতি সকল ইন্দ্রিরের উপকারস্বরূপ, উহাই সমস্ত দেবতার ভোগ অর্থাৎ ফল। ক্রোতিষ্টোম যজে হাদশটি স্তোত গান করিবার বিধি আছে, তন্মধ্যে প্রমান নামক তিনটি স্তোত্র বাগ্ দেবী স্বয়ং সেই ভোগফল সম্পাদন করিয়া অর্থানিই নয়টি স্থোত্রে যে ঋতিক্সম্বদ্ধে শান্তবোধিত মঙ্গলকর ফলের উদ্গান করিয়াছিলেন অর্থাৎ বর্ণের সমাক্ উচ্চারণক্রপ কর্মা সম্পাদন করিয়াছিলেন তাহা বান্দেবতার নিজস্ব ভোগ, ইহাই তাহার অসাধারণ কর্মা; এই হেতু তাহাকে নঙ্গলকরী বলিয়া বিশেষিত করা হইল। সমস্ত ইন্দ্রির দেবতার উপকারস্বরূপ যে কথন কর্মা, তাহা ফ্রমানের অধিক্রত, অন্তর্গণ তাহা দেখিল, এই উচ্চারণ কর্মের্গ, ভাহা ফ্রমানের অধিক্রত, অন্তর্গণ তাহা দেখিল, এই উচ্চারণ কর্মের্গ, লাভনবাক্যবাদী আন্মার অত্যাসঙ্গই দেবগণের (ইন্দ্রির্গাণের) ছিন্ত, অতথ্যব কেন এই উদ্গোতার সাহায্যে আমাদিগকে অর্থাৎ জীবের স্বাভাবিক জ্ঞান ও কর্মকে অভিত্ত করিবে অর্থাৎ শান্ত্রপাঠজনিত

জ্ঞান ও কর্মরূপী উদ্গাতা তেজের দারা অতিক্রম করিবে, এই বিবেচনা করিয়া ঐ বান্দেবতারূপ উদ্গাতার নিকট আগমন করত, উচ্চারণকার্য্যে তাঁহার স্বীয় ঐ অভিনিবেশরূপ পাপ দারা তাঁহাকে সংযোজিত করিয়াছিল। যে পাপ প্রজাপতির পূর্বজন্ম বাক্যে নিক্ষিপ্ত ছিল, সেই পাপ প্রত্যক্ষ হইল। যে পাপের প্রেরণায় লোক শাস্ত্রনিমিজ অসভা (স্থীবর্ণনাদি) বীভৎস (কুৎসিতাদি বর্ণন) মিথা ও পরাপবাদ প্রভৃতি হয় বিষয়ের আলোচনা অনিছা সত্তেও বলিয়া থাকে। এই অসভ্য বাক্যের উক্তি দারা অন্থমিত হয় বে, প্রজাপতির বাক্যে পাপ অবস্থান করিয়াছিল অর্থাৎ তাঁহার কর্ম প্রজাদিগের অস্ত্রীল কগনাদি দারা অন্থমিত হয় বে, প্রজাপতির বাক্যে দিনিট্টই পাপ আছে, অন্থথা তাঁহার ক্ট প্রজার বাক্যে সংক্রমিত হইবে কেন গ দেগা যায়, কার্গামাত্রই কারণগুণ প্রাপ্ত হইয়া থাকে॥ ২ ॥

অথ হ প্রাণমূচ্স্বর উদ্গায়েতি তথেতি তেভাঃ প্রাণ উদগায়দ্যঃ প্রাণভোগস্তদ্দেবেভা আগায়দ্ 'যথ কল্যাণ-ঞ্জিন্তি তদালনে। তে বিদ্বনেন বি ন উদ্গাতাত্যেষ্যতীতি তমভিক্রতা পাপ্মনাবিধান্থ স যং স পাপ্মা যদেবেদমপ্রতি-রগঞ্জিন্তি স এব.স পাপ্মা॥ ৩,॥

• অথ হ চক্ষুরচ্প্তর উদ্গায়েতি তথেতি তেভ্যশ্চক্ষকদ-গয়াং। যশ্চক্ষ্যি ভোগস্তন্দেবেভ্য আগায়দ্বং কল্যাগপেশ্যতি তদাল্পনে। তে বিগ্রনেন বৈ ন উদ্গাত্রাত্যেয়ভীতি তমভি-দ্রুত্য পাপ্মনাবিধ্যন্থ স ধঃ স পাপ্না মদেবৈদম্প্রতিরূপ-ম্পশ্যতি স এব'স পাপ্মা॥ ৪॥

অথ হ শ্রোত্রেমৃচ্স্তর উদ্গায়েতি তথেতি তেভাঃ শ্রোত্রনুদগায়দ্ যঃ শ্রোত্রে ভোগস্তন্দেবেভা আগায়দ্ যথ কল্যাণ্ড
শ্ণোতি তদালনে তে বিপ্নরনেন বৈ ন উদ্গাত্রাত্যেষ্যন্তীতি
তমভিজ্ঞতা পাপ্মনাবিধ্যন্থ স যঃ স পাপ্মা ফ্রেন্বেদ্যপ্রতিরূপ্ত শৃণোতি স এব স পাপ্মা ॥ ৫॥

শব্দ মন উচুস্তম উদ্গায়েতি তথেতি তেভ্যো মন উদগায়দ্ যো মনসি ভোগস্তন্দেবেভ্য আগায়দ্বৎ কল্যাণ্ড সঙ্কল্পয়তি তদান্থনে তে বিগুরনেন বৈ ন উদ্গাত্রাত্যেস্তীতি তমভিক্রত্য পাপ্মনাহবিধ্যন্ঃ স যঃ স পাপ্মা যদেবেদমপ্রতিরপ্ড সঙ্কল্পয়তি স এব স পাপ্মেবমু খল্পতা দেবতাঃ পাপ্মভিরুপা-স্ক্লেরেবমনাঃ পাপ্মনাবিধ্যন্॥ ৬॥

দেই প্রকার, আণাদি ইন্দ্রির দেবতা উদ্দীথ কর্মের সম্পাদক বলিয়া "অসতো
মা সদসময়" এই ময়ের প্রতিপান্ত এবং উপান্ত, ইহা ক্রমে পরীক্ষিত হইয়াছিল,
পরে দেবতাগণের এইরপ ধারণা হয় যে, বাগাদি দেবতা ক্রমে পরীক্ষিত হইয়াছিল,
কলবিশেষে নিজের আসক্তি হেতু অস্তর কর্তৃক প্রয়োজিত পাপে লিপ্ত হইয়াছে;
স্তরাং উদ্দীথ কর্ম্মসম্পাদনে অসমর্থ, এই জন্ত তাহারা "অসতো না সন্গময়"
এই ময়ের প্রতিপান্ত ও উপান্ত নহে। তাহার কারণ, তাহারা পাপসংযোগবশতঃ
অন্তন্ধ এবং কার্য্যকারণ সমূহের অব্যাপক, অতএব অসং। এই প্রকার যে
সকল স্বগিল্রিয়াদি দেবতার কথা উক্ত হয় নাই, তাহারাও বাগাদি দেবতার স্থায়
পাপলিপ্ত হইয়াছে, ইহা শুভাগুভ কার্য্য দেখিয়া অনুমান করা যায়। শ্রুতিকে
"অবিধ্যন্" এই শব্দের অর্থ পাপের মহিত সংসর্গ করিয়াছিল। দেবগণ একৈকশঃ
বাগাদি দেবতার উপাসনা করিয়াও মৃত্যুকে অতিক্রম করিবার সময় তাহান্দের সাহাব্য পাইল না॥ ৩—৬॥

অথ হেমমাস্মুম্প্রাণমূচ্ত্বন উদ্গায়েতি তথেতি তেভ্য এষ প্রাণ উদর্গায়তে বিজরনেন [>]ব ন উদ্গাত্রাত্যেষ্যন্তীতি তমভি-ক্রুত্য পাপ মনাবিধ্যন্থ স যথাশানমূত্বা লোফো বিধ্বখনেতৈবখ হৈব বিধ্বখন্সমানং বিশ্বকো বিনেশুন্ততো দেবা অভবন্ পরাষ্ট্রহা ভবত্যাত্বনা পরাস্ত দ্বিষন্ জাতৃব্যো ভবতি ই এবং বেদ ॥ ৭॥

অনস্তর দেবতা সকল নৃথের ম্ধারন্ত্রন্থিত প্রাণকে বলিরাছিলেন, তুমি আমাদের ইষ্টসিন্ধির জন্ম উদ্গান কর। তাতা করিব, ইহা স্বীকার করিয়া সেই মুখভব প্রাণ

শরণাগত দেবতাদিগের জন্ম উদ্গান করিয়াছিল ইত্যাদি। অপর বৃত্তান্ত পূর্ব্ববং। অস্ত্রগণ দৌষরহিত সেই মুখ্য প্রাণকে পাপসংযুক্ত করিবার ইচ্ছা করিয়াছিল। পরস্ত বাক্ প্রভৃত্তি ইন্রিয়ে তাহাদের নিজ আসক্তি দোষ পাইয়া যে প্রাপ্ত প্রসারের প্রভাবে পাপদংযোগ করিতে পারিয়াছিল, তাহা এই নির্দোষ মৃথা-প্রাণের নিকটে অভ্যাসায়ুসারে প্রয়োগ করিবামার বিনিষ্ট হইয়াছিল, এ বিষয়ে দৃষ্টান্ত এই, যেমন লোকে ভাবে, পাষাণ চূর্ণ করিবার মানদে শোষ্ট্রপণ্ড নিকেপ করিলে তাহা স্বয়ংই বিচুর্লিত হয়, এইরূপ মুখান্তর্গত প্রাণকে পাপে লিপ্ত করিতে ্যাইয়া অসুরগণ স্বয়ংই নানাগতিতে লাভ করিয়া বিনষ্ট হইল: অতএব দেবতের প্রতিবন্ধক স্বভাবদিদ্ধ আস্তিমূলক পাপ হইতে বিমৃক্তি হেতু স্বাভাবিক সংস্গাশৃত্য মুখ্ভব প্রাণকে আশ্রম করিয়া বাগাদি দেবগণ পূর্ব্বোক্ত ও বক্ষ্যমাণ প্রকৃত অগ্নাদিরূপ স্বীয় দেবভাব তাহা লাভ করিরাছিল। অর্থাৎ সেই বাগাদি প্রথমে পূর্ববর্ণিত অবস্থায় পড়িয়া সভাবদিদ্ধ পাপপ্রভাবে তর্জ্ঞানহীন হইয়া দেহমাত্রে আত্মা-ভিমানী ছিল, পরে মুখ্যপ্রাণের উপাসনাম পাপ হইতে 'বিমুক্তি লাভ করিয়া দেহায়াভিমান পরিত্যাগ করত শাস্ত্রপ্রতিপাদিত অগ্নাদিম্বরূপাভিমানী . হইয়াছিল ও আর সেই প্রতিপক অস্থরগণ পরাভূত হইল। প্রাকালে যছমান ষে প্রকার এই আখ্যায়িকারপিণী শ্রুতির অর্থ আলোচনা করিয়া শ্রুত্যক্ত রীতি অনুসারে জনে বাগাদি দেবতাকে পদীক্ষা ও পরে তাহাদিগকে আসঙ্গরূপী পাপদম্পর্ক হেতু পরিত্যাগ করে, অবশেষে দোষণূত্ত মুণ্য প্রাণকে আত্মরূপে প্রাপ্ত হয় অর্থাৎ বাক্ প্রভৃতি ইক্রিয়সমন্বিত পরিচ্ছিন্ন শরীরের উপর আত্মাভিমান ভাগ করিয়া বাগাদি প্রভৃতিতে অগ্নাদিরপে বিরাট অভিনান পোষণ করে, 'বাহা শাস্ত্রবোধিত বর্ত্তমান প্রকাপতিপদরূপে নির্ণীত শ্লাছে, সেই প্রকার এই বর্ত্মান যজ্মানও বধারীতি ম্থাপ্রাণের উপাসনা ঘারা স্বয়ং প্রজাপতি-ষরপ লাভ করে এবং প্রজাপতিম্বলাভের প্রতিবন্ধক পাপরূপী শত্রু পরাভূত হয়। বাস্তবিক থেষ না করিয়াও ভরত রাজার যদি অতি শ্লেহাম্পাদ হরিণও শত্রু (মৃক্তির প্রতিবন্ধক) হইতে পারে, তথন বিষয়ের সহিত रेक्टियत आमर्किकनिर्छ शांश रा भूकरवत मक अवः निरुष्टी रहेरत, हेरा तनी কথা কি ? থেহেতু, ঐ পাপ পারমার্থিক আত্মস্বরূপ প্রচ্ছাদন 'করে ও তজ্জ্ঞ পুরুষের সর্বানর্থ হেতু অবিম্ঞার বিনাশের প্রতিবন্ধকতা করে।

জিজ্ঞান্ত হইতে পারে, সেই পাপ পাষাণকে প্রাপ্ত হইরা লোষ্ট্রের চুর্ণীভাবের

মত দোষরহিত মুগ্য প্রাণের আশ্রমে বে বিনষ্ট হয়, এই ফল কাহার হইবে ? তহন্তরে শ্রুতি বলেন, যে ব্যক্তি পুরাকালীন বাজিকের মত পূর্কোক্ত প্রকারে মুখ্যপ্রাণকে আ্মারুপে জানে, তাহারই এই ফল জ্যে ॥ १॥

তে হোচুঃ বা তু সোহভূদ যো ন ইথমস্ক্তেত্যংমাস্তে-হস্তরতি সোহথাস্থ আঙ্গিরুসোহঙ্গানাখ হি রসঃ॥ ৮ গ

এক্ষণে প্রাণোপাসনার ফল উপসংহার করিয়া কি যুক্তিতে বাগাদিকে ত্যাগ করত মুখভব প্রাণকেই আত্মারতে আশ্রর করিতে পারা যায়, এই বিষয়ে ৰুক্তি প্রদর্শন করিবার জন্ম নিমোক্ত আপ্যায়িকার অবতারণা হইতেছে।— বেহেতু, মুখ্যপ্রাণ বাগাদি ইন্দ্রিয়, শরীর ও তদবরণ এই সমস্তের ব্যাপক, অর্থাৎ বাগাদি ও শরীরাদি সর্বাহুগত, এই জন্ম তাহাকে আস্মারণে আশ্রম করিতে হইবে। দেই প্রজাপতির প্রাণ (ইন্দ্রিম) সকল মুগাপ্রাণের উপাসনায় স্বীয় দেবভাব প্রাপ্ত হইয়া বলিয়াছিলেন যে, যিনি আনাদিগকে এই প্রকারে স্বীয় দেবভাবে পরিণত, করিয়াছেন অর্থাৎ আত্মভাব পাওয়াইয়াছেন, সেই প্রাণ কোথার অবস্থিত আছেন ় সংসারে এইরূপ রীতি আছে যে, কোন ব্যক্তি কর্ত্তক কেহ উপকৃত হইলে সেই উপকারী ব্যক্তিফে মারণ করিয়া থাকে। লোকের স্থায় ইন্দ্রিয়সকলও মুখ্যপ্রাণকে স্মরণ ক্লরিয়া অর্থাৎ কার্যা-করণসমূহরূপ আয়ার বিচার কুরত জানিয়াছিল যে, মুখরদ্ধুরতী আকাশে এই প্রাণ প্রত্যক্ষভাবে অবস্থিত ; বেহেতু, বিচার করিয়াই সকল'লোক সিদ্ধান্তে উপ-নীত হয়। সেই জ্ঞাপ্রভাপতির ইন্দ্রিয় দেবতাও বিচার করিয়া প্রকৃত আয়ার সন্ধান পাইয়াছিল, এই মুখ্যপ্রাণকে দেবগণ মুখমধ্যবন্তী আকাশে বাকস্বরূপাদি, বিশেষধর্মারহিত্তলবে বিজ্ঞান ভাবিয়াছিল, এ কারণ সেই মুগাপ্রাণ অয়ান্ত নামে অভিহিত হয়। কোন বিশেষ উপাধি আশ্রয় না করিয়া বাগাদির অগ্নাদিস্করপতা প্রাপণ করা হেতুও মুখ্যপ্রাণ অগ্নান্তরূপে কথিত হইয়াছে। থৈছেত্ৰ, মুখ্যপ্ৰাণ কাৰ্য্য ও কারণসমষ্টির আন্মা, সৈই হেতু আঙ্গিরস শব্দ ঘারাও অভিহিত হয়। এই আত্মা (মুণাপ্রাণ) কার্যাকারণ শুমুহরণ অঙ্গের রস— সার ইহা সর্বজনসিদ্ধ। গেছেড়, প্রাণ বিনির্গত হইলে স্বস্তু অঙ্গ ওক इरेशा तांग्र, व कथा शदत दला इरेटन । मगूनामार्थ वरे एन, चटक दकान तम शादक ना, भेरे मुश्राभाग ममन्छ जासूत मात्र. ज्यान वित्यत्र छेशाधिविशिष्ठ नरह, भेरे अन

কার্য্যকরণসমূহ হইতে অভিন্ন, অথচ ব্যাপক ও বিভদ্ধ, স্কুতরাং বাগাদিকে পরি-ত্যাগ করিয়া আত্মরূপে প্রাণকেই আপ্রন্ন করিবে। যিনি প্রকৃত আত্মা তাঁহাকে আত্মভাবেই ক্লান করিতে হয়। যেহেতু সত্যজ্ঞান ঘারাই ইপ্ত ফলগাভ হয়, বিপরীত জ্ঞান ঘারা অনিষ্ঠ ফল জন্মিয়া থাকে, এই হেতু আত্মাকেই মুগার্থ আত্মরূপে ভাবনা করিবে॥ ৮॥

সা বা এষা দেবতা দূর্নাম দূরত হাস্থা মৃত্যুদূরত হ বা অক্সা-ন্ম ভ্যুষ্ঠবতি য এবং বেদ ॥ ৯॥

এই বিদ্বান্তের উপর পূর্বপক্ষী আপাত্ত করে যে, প্রাণের বিশুদ্ধি যাহা বলা হইয়াছে, তাহা প্রমাণসিক হইতে পারে না। বদিও পুর্কো বলা হইয়াছে, বাগাদি ইক্রিয়ের শোভন উচ্চারণাদি ফলাসক্তির মত মুধ্যগ্রাণের সে আসক্তি নাই, এ জন্তু তাহার পাপ সম্পর্কের অভাবে বিওছতা স্বাভাবিক, তাহা সতা : কিন্তু ইহাও বলা হইয়াছে যে, মুগ্যপ্রাণ আশ্বিনমন্ত হেতু বাগাদি ইন্দ্রিয়ের আত্মা, তবেই মুগাপোণের অঙদ্ধতা আদিয়া পড়িল না কি 🎮 ুয়েমন শবস্পর্শকারীকে যে স্পর্শ করে, সে-ও অঙৰ হইয়া পাকে। সেই প্রকার পাপী বাগাদি ইন্দ্রিয়ের সংসর্গে মুখ্য প্রাণও অন্তর, ইহা শক্ষা করা ঘাইতে পারে। বাদীর এই আপত্তিনিরাসার্থ শ্রুতি স্বয়ং মুখ্য প্রোণের গুদ্ধত্বা জান।ইতেছেন, যে মূখ্য প্রাণকে পাইয়া অস্ত্র সকল পাবাণযোগে লোষ্ট্রের মত বিনষ্ট হইয়া থাকে, এবং যিনি দেবতা কর্তৃক নুথবন্ধুমধান্থিত বলিয়া অবধারিত হইয়াছেন, দেই প্রাণ উপাসন জিয়ার কর্ম্ম-রূপে অঙ্গ হওয়ায় শ্রুতি তাহাকে দেবতাশবে উল্লেখ করেন। যেহেতু, সেই দেবতা 'দুর' এই আখ্যা হারা প্রসিদ্ধ, সেই জন্ম তাহার বিশুদ্ধিও লোকপ্রসিদ্ধ হইয়াছে। একণে কি জন্ম তাঁহার 'দূর' এই আখ্যা হইল, তাহার কারণ শ্রুতি कहिल्लाइन - रार्ट्यु, मुद्रा अर्थार जामिकक्षिमी भाभ यह जागामवा इहेट्ड অনেক দুরে থাকে। অর্থাৎ স্বতঃ আসঙ্গহীনতা নিবন্ধন মুখ্পোণ পাপসম্পর্কের অভাবেই বাগাদির সমীপন্থ হইয়াও মৃত্রু দূরে বর্তমান। সে কারণ প্রাণের 'দূর' গুইরূপ। লোক প্রসিদ্ধ আথ্যা তাহার বিগুদ্ধি জ্ঞাপন করে। য়ে ব্যক্তি এই , পূর্বোক্ত প্রকারে বিঙদ্ধিগুণবিশিষ্ট প্রাণের উপাসনা করে, মৃত্যু সেই প্রাণোপাসকের দূরগামী হয়। শ্রুতিস্থ "এবং বেদ" ঘাঁরা পূর্ব্বক্ষিত বিশুদাদি গুণবিশিষ্ট্রনপে প্রাণকে যে উপাসনা করে, এইরাগ অর্থ অবগত

হওয়া যায়। উপাসনা অর্থে প্রশংসাবাক্যে উপাস্থ দেবতার যে প্রকার স্বরূপ এবং গুণাদি বর্ণিত আছে, মনের দারা সেই প্রকার স্বরূপ ও গুণাদি প্রাপ্ত হইয়া চিস্তা করা, অর্থাৎ লৌকিক জ্ঞানকে পরিত্যাগ করিয়া উপায়ন্ত দেবতার স্বরূপে আয়াভিমানের উদয় পর্যান্ত ধ্যানের সাক্ষাৎকারই উপাসনাপদবাচা। যেমন আমি স্থল বা কুশা, দ্রন্তা বা প্রোতা ইত্যাদিরূপে শরীর ও ইন্দ্রিয়াদিতে আয়াভিমান প্রত্যক্ষরৎ অভিব্যক্ত হয়, সেই প্রকার ভাখনা ধারা পদেবতাদিতেও ঐ অভিমানের প্রগাঢ়তা সম্পাদন করিতে হইবে। এ বিষয়ে "ভাবনাবলে দেবতাভিমানী হইয়া দেবতাকে প্রাপ্ত হয়, তৃমি কোন দেবতাভিমানী হইয়া প্রদিকের আধিপতা করিতেছ।" ইত্যাদি শ্রুভিই প্রমাণণা ১॥

সা বা এষা দেবতৈতাসাং দেবতানাং পাপ্মানং মৃত্যুমপহত্য যত্রাসাং দিশামতস্তদ্ গময়াঞ্চলার তদাসাং পাপ্মনো
বিভাদধাতস্মান্ত জনমিয়ায়াভমিয়ালে
নীতি ॥ ১০॥

পূর্ব-শ্রুতিতে বলা হইরাছে, বে ব্যক্তি এই প্রকারে ভাবনা করে, মৃত্যু তাহার দূরে যায়। কিন্তু মৃত্যু কেন দ্রগামী হয়, তাহা বলা হয় নাই; এফণে তাহা বর্ণিত হইতেছে।—প্রাণায়বিদের সহিত পাণের বিরোধ বা অস্কুপর্কই তাহার কারণ অর্থাৎ বিষয়ের সহিত ইক্রিয়ের, সম্পর্ক হইতে পাপ উৎপন্ন হয়। যিনি প্রাণকে আয়া বলিয়া জানেন, তাঁহার পক্ষে বিষয়ের সহিত ইক্রিয়ের সংযোগ ঘটেনা; কেন না. বাক্ প্রভৃতি ইক্রিয়ের আয়াভিমান হইতেই আসম্পর্কণ পাপের উৎপত্তি হয় ও স্বাভার্বিক অজ্ঞানই তাহার কারণরপে নির্দিষ্ঠ আছে; স্বভরাগনীয়েরেরিত প্রেণায়াভিমানীয় ঐ অজ্ঞানমূলক পাপের সম্পর্ক হইতে পারে না, এই জন্মই বলা হইরাছে, শাল্পজানের কলে প্রাণে আয়াভিমানী প্রক্রের পাপর্কপ মৃত্যু অসহযোগ হেতু যে দ্রগামী হয়, ইহাই ঐ শ্রুতিতে প্রদর্শিত হইতেছে। বাজাবিক অজ্ঞানবশতঃ বিষয়ের সহিত ইক্রিয়ের সংযোগ হয়। ঐ আসাজির ফলে যে পাপ উৎপন্ন হয়, তৎকর্ভুক সমস্ত প্রাণী মৃত্য্গাসেনপ্রিত হইয়া থাকে। এই কারণে ঐ পাপে মৃত্যুনামে অভিহিত। সেই প্রাণদেবতা বায়াদি ইক্রিয়ের প্রাণায়াভিমান জন্মাইয়া পাপরূপ মৃত্যুর হস্কা হন অর্থাৎ বিরোধ প্রবৃক্ত শ্বতই পাপ উৎপন্ন হইতে দেয় না। অমুৎপত্তিকেই দূরগমন বলিয়া নির্দেশ করা

হইয়াছে। বাগাদি দেবতার পাপরূপ মৃত্যুকে নাশ করিয়া প্রাণদেবতা কি করিয়াছিলেন? ইহার উত্তরে শুতি বলিতেছেন। যে স্থানে এ সকল পূর্বাদি দিকের অবসান হয়, সেই স্থানে এ পাপকে প্রেরণ করিয়াছিলেন।

আশকা হইতে পারে যে, দিকের অস্তই নাই; তবে কিরূপে দিগন্তে প্রেরণ সম্ভব ? কারণ, দিক সর্বব্যাপী।

ইহার উত্তর এই—বৈদিক বিজ্ঞানবিৎ লোকের বত দ্র পর্যান্ত দীমা অর্থাৎ যত দ্র বৈদিক অধিকার, তাবৎপর্যান্ত প্রদেশকে দিক্রপে কল্পনা করা হইরাছে, আর ঐ বৈদিক আচারের অতিক্রমী লোকের আবাসদেশই দিগন্ত নামে অভিহিত। যেনন অরণাকে দেশান্তরূপে ব্যবহার করা হইরা থাকে। স্থতরাং দিগন্তশক্ষে উল্লেপে কোন দোষ নাই। প্রাণদেবতা সেই বৈদিক দিকের অন্তে বাগাদি দেবতার পাপকে প্রেরিত করিয়া নানা প্রকারে অযোগভিতেে স্থাপন করিয়াছিলেন, অর্থাৎ সেই পাপকে বাহাদের প্রাণে আত্মাভিমান একেবারে নাই, সেই স্মজ্ঞানাবৃত্ত অন্তাজজাতিকে স্থাপন করিয়াছিলেন। ফেহেতু, ইন্দ্রিয়ের বিষয়সংসর্গ হইতে পাপ জল্মে, এই জন্ম ইন্দ্রিয়ান্ প্রাণীতেই পাপের অবস্থান বলা সঙ্গত। যথাক্রত অচেতন দিগন্তে ঐ পাপের বিজ্ঞানতা সন্তব নহে। এই জন্ম অন্তাজগণের সহিত সন্ত্রায়ণ, দর্শন প্রভৃতি ব্যাপারে সংস্থা ইইতে নাই। তাহারা পাপী, পাপীর সংস্থা করিলে, পাপের সংস্থা করা হয়; অতএব তাহাদের বাসস্থান জনশৃন্ম হইলেও গান্তরা নহে, এবং ঐ দেশবিস্কুক্ত অন্তাজগণেরও সংস্থা কর্মীয় নহে। ইহাই শ্রুতির অভিপ্রায়। পাপীর সংসর্থে আমিও পাপী হইব, এইরূপ ভয় যাহার আছে, তিনি ঐ নিষিদ্ধ দেশগ্রমন ও পাপি-সংস্থা ত্যাগ করিবেন॥ ১০॥

সা বা এষা দেবতৈতাসাং দেবতানাং পাপ মানং মৃত্যু-মপহত্যাথৈনাং মৃত্যুমত্যবহুৎ ॥ ১১ ॥

প্রাণে আত্মারপে ভাবনার ফলে বাগাদির অগ্নাদিভাব ঘটে, ইছা শুভিতে প্রতিপাদিত হইতেছে। অর্থাৎ পাপরূপী মৃত্যু অসীম আত্মার পরিচ্ছেদ (সীমা) সম্পাদন করব,। অর্থাৎ শরীর ও ইন্দ্রিররপ পরিচ্ছিন্ন পদাথে আত্মারপে অভিমানের উৎপত্তি জন্মাইরা থাকে। কিন্তু প্রাণাত্মজ্ঞান দারা ঐ পরিচ্ছেদজ্ঞান নৃপ্ত হইয়া আত্মার অসীমন্তবোধ উৎপাদিত হয়, এই জয়্ম প্রাণকে পাপরূপী মৃত্যুর হস্তা বলা হইয়াছে। সেই প্রাণ বাগাদি দেবতাকে পাপরূপ মৃত্যুর কবল হইতে উদ্ধার করিয়া নিজ নিজ অপরিচ্ছিন্ন অধ্যাদি দেবতাম্বরূপে পরিণত করিয়াছিলেন॥ >>॥

স বৈ বাচমেব প্রথমামত্যবহৎ সা যদা মৃত্যুমত্য-মুচ্যত সোহগ্রিরভবিৎ সোহয়মগ্রিঃ পরেণ ,মৃত্যুমতিক্রাস্তো দীপ্যতে॥ ১২॥

প্রাণ-দেবতা প্রথমতঃ বাগিল্রিয়কে মৃত্যু অতিক্রম করাইয়া নিজ স্বরূপ পাওয়াইয়াছিলেন। কারণ, অন্থ ইল্রিয় অপেকা বাগিল্রিয় উদ্গীথ কর্মের শ্রেষ্ঠ সাধন। যে সময়ে বাগিল্রিয় পাপরপ মৃত্যু হইতে মোচিত হইয়াছিল, সেই সময়ে স্বয়্রই অগ্রিয়রূপ হইয়াছিল, অর্থাৎ পূর্বে এই বাক্ অগ্রিয়রূপইছিল, মধ্যে পাপরূপ মৃত্যুর আক্রমণে অন্থথাভাব প্রাপ্ত হয়। এক্ষণে মৃত্যুর অতিক্রম হেতু পূনশ্চ সেই নিজ অগ্রিয়রূপতা লাভ করিয়াছিল। তবে এইমাত্র প্রভেদ যে, মৃত্যুর প্রতিবন্ধকতায় অহং অভিমান হেতু বাগিল্রিয়রদ্বতা সাংসারিক জীবের ন্যায় বদ্ধ ছিলেন। এক্ষণে মৃত্যুবিয়োগ হওয়াতে স্বীয় অগ্রিয়রেপে দেনীপামান হইলেন॥ ১২॥

অথ হ প্রাণমত্যবহৎ স যদা মৃত্যুমত্যমূচ্যত স বায়ুরভবৎ সোহয়ৎ বায়ুঃ পরেণ মৃত্যুমতিক্রান্তঃ পরতে ॥ ১৩॥

সেই প্রকার আপেন্দ্রির-দেবতা মৃত্যু অতিক্রম করিয়া প্রাণবার্ হুইসেন এবং প্রবাহিত হইতে লাগিলেন। শ্রুতির অক্তান্ত অংশের অর্থ পূর্বেবৎ জ্ঞাতব্য ॥ ১৩ ॥

অথ ৮ক্ষুরত্যবহৎ তদবদা মৃত্যুমত্যমূচ্যত স আদিত্যো-২ভবৎ সোহসাবাদিত্যঃ পরেণ মৃত্যুমতিক্রান্তন্তপতি॥ ১৪॥

সেই প্রকার চকুরিজির-দেবতা মৃত্যু অতিক্রম করিরা স্ব্যুম্বরূপে ভাপঞ্জানে নিষ্কু হইবেন ॥ ১৪ ॥

অথ • শ্রোত্রমত্যবহত্তদয়দা মৃত্যুমত্যমূচ্যত তা দিশোহভবখ-স্তা ইমা দিশঃ পরেণ মৃত্যুমতিক্রান্তাঃ ॥ ১৫॥ সেই প্রকার কর্ণেঞ্জির-দেবতা মৃত্যুকে অতিক্রম করত দিক্সরূপ হইরা পূর্বাদিবিভাগে অবস্থিত ছিলেন ॥ ১৫ ॥

অথ মনোহত্যবহত্তদ্যদা মৃত্যুমত্যমূচ্যত স চক্রমা অভবং সোহসো চক্রঃ পরেণ মৃত্যুমতিক্রান্তো ভাত্যেবত হ বা এনমেষা দেবতা মৃত্যুমতিবহতি য এবং,বেদ॥ ১৬॥

সেই প্রকার মনোরাপিণী ইন্দ্রির-দেবতা মৃত্যুবিষ্কু হটয়া চল্রস্বরূপে প্রকাশিত হইয়াছিলেন। যে প্রকার প্রাণদেবতা বাগাদি ইল্রিয়কে মৃত্যু অতিক্রম করিয়া অয়্যাদি-স্বরূপতায় পরিণত করিয়াছিলেন, সেই প্রকার ফলমানকেও অর্থাৎ প্রাণাল্রাভিমানী প্রশক্তে মৃত্যু অতিক্রমণ করিয়া অয়্যাদি স্বরূপতা লাভ করাইয়া থাকেন। যে ব্যক্তি বাক্, আগ, চঙ্গুং, শ্রোত্র ও মন এই পঞ্চ ইন্দ্রিয়য়্কুক্ত প্রাণ্ণের উপাসনা করে, অর্থাৎ প্রাণকে উক্ত পঞ্চস্বরূপে জানে, তাহার এই ফল হয়। শ্রুত্যস্তরে কথিত আছে, তাহাকে বে মে ভাবে উপাসনা করে, তাহার সেই ফল উৎপন্ন হয়॥ ১৬॥

ত্ত্বাত্ম ক্রিকার ক্রিকার্ম ক্রিকার ক্রিকার্ম ক্রিকার ক্রিকার্ম ক্রিকার্ম ক্রিকার ক্রি

যে প্রকার বাগাদি ইন্দ্রির আত্মার উপাসনার্থ উদ্যীথ গান করিয়াছিল, সেই প্রকার মুখ্য সভ্ত প্রাণও তিনটি প্রমানে (মন্ত্রবিশেষ) সকল ইন্দ্রিরের সাধারণ প্রাভাপত্যরূপফল খোষণা করিয়া, অতঃপর অবশিষ্ট নয়টি ভোত্রে নিজের জন্ত ভক্ষা অয়ফল কামনা করিয়া গান করিয়াছিল। যজে ঋতিক্-প্রাণিত ফল যজনানেরই হইয়া থাকে। কিন্তু এ স্থলে শাস্ত্রবাক্যের ঘারা ঋতিকেরও কাম্যফললাভ কথিত হইল। প্রাণ যে নিজের জন্ত ভক্ষণীয় অয়ের কামনা করিয়াছে, ইহার প্রমাণ কি? এই আশক্ষায় শ্রুতি তাহার প্রমাণ দেখাইতেছেন, যেহেতু, এই জগতে প্রাণিসকল যে কিছু ভক্ষণীয় দ্রবা ভক্ষণ করে, তাহা প্রাণ-কন্ত্রকই ভক্ষিত হয়। প্রাণের "অন" এই নামটি সর্বাজনপ্রসিদ্ধ। "অন্স্ এই সকারান্ত শব্দের অর্থ শক্ট, বিদ্ধু অকারান্ত 'অন্" শক্ষ প্রাণশক্ষের একপ্র্যায়ভুক্ত। প্রাণ কর্তুক ভক্ষণীয় দ্রবাস্বর্গ শক্ষা শক্ষা প্রাণশক্ষের একপ্র্যায়ভুক্ত। প্রাণ কর্তুক ভক্ষণীয় দ্রবাস্বর্গ

কেবল ভক্ষিত হয়, এমন নহে, কিন্তু ঐ ভক্ষিত অন্ন শরীরাকারে পরিণত হইলে, তাহাতে প্রাণ অবস্থানও করিয়া থাকে। দেই জয়ই বলা হইয়াছে বে, প্রাণ আত্মাতে অবস্থানের জন্ম ভক্ষ্য দ্রব্যের কামনায় উপাসনা করিয়াছিল। বলিতে কি, প্রাণ যে অন্নাদি ভক্ষণ করিয়াছে, তাহা তাহার স্থিতির জম্মই। অতএব বাগাদি ইন্দ্রিয়ের বেরূপ নিজের মঙ্গল-কামনায় উপাসনা দারা আসক্তিজনিত পাপসম্পর্ক ঘটে, সেই প্রকার নিজের অন্ন-কামনায় উপাসনা প্রাণেরও আসম্বন্ধর পাপ হইবার সম্ভাবনা নাই। থেহেত, প্রাণের অন্ন-কামনায় উপাসনা করা তাহার স্থিতির জন্ম প্রাণের স্থিতি বাগাদি সকল ইক্রিয়েরই উপকারক। যথুন প্রাণ না থাকিলে কোন ইন্দ্রিয়ই থাকিতে পারে না, অতএব প্রাণে স্বার্থের আসক্তিজনিত পাপ-সম্প্রক নাই ॥ ১৭ ॥

তে দেবা অব্রুবন্ধেতাবদ্ধা ইদ্রু সর্ববং যদমং তদাত্মন আগাদীরমু নোহশ্মিন্নং আভজস্বেতি তে বৈ মাভিদংবিশতেতি তথেতি তত্ত সমস্তৎ পরিণ্যবিশন্ত।

তম্মাদ যদনেনান্নমত্তি তেনৈতাস্তপ্যস্ত্যেবত হ বা এনত স্বা অভিসংবিশন্তি ভর্ত্তা স্বানাত শ্রেষ্ঠঃ পুর এতা ভবত্যন্নাদোহধিপতির্য এবং বেদ য উ হৈবমিদ্ধ স্বেয়ু প্রতিপত্তির্ভূষতি ন হৈবালং ভার্য্যেভ্যে ভবত্যথ য এবৈতমনুভবতি যো বৈ তমনুভার্য্যান্ বুভূষতি স হৈবালং ভার্য্যেভ্যো ভরতি॥ ১৮॥ ृ

আপত্তি হইতে পারে যে, উক্ত শ্রতিতে প্রতিপাদিত হইয়াছে যে, প্রাণ-কর্তুকই অন্ন ভক্ষিত হয়, কিন্তু তাহা যুক্তিযুক্ত হয় নাই, থেহেতু, বাগাদি সমস্ত ইন্দ্রিরেই ঐ অল থারা উপকার দেখা যাইতেছে। অতএব তাহারাও ঐ অন্নের ভোক্তা স্বীকৃত হউক। ইহার উত্তরে বলা যায়,—বেহেতু, প্রাণই সাক্ষাৎসম্বন্ধে ভোজন করে ও তাহা ঘারা বাগাদি ইন্দ্রিয়েরও উপকার ধ্ইরা থাকে। সুতরাং দাক্ষাৎ ভোক্তা প্রাণের উরেণেও পরম্পারায় ভোকা বাক্ প্রভৃতির সমুষ্টোবে দোষ কি আছে? কি প্রকারে প্রাণ কর্ত্তক ভক্ষিত আর श्वाता वाशांवित উপकात रम, अकरण अठि त विषय विल्डा हन, त्मरे

বাগাদিরূপ দেবতা (স্ব স্ব বোধ্যবিষয়কে ছোভিত-প্রকাশিত করে বলিয়া ইহারা (मवश्वक्र) े প্রাণকে কহিয়াছিল, এই সমস্ত কি সতা? লোকে প্রাণের স্থিতির নিমিত্ত যে আহার করিয়া থাকে, ভূমি সেই সমস্ত আন নিব্দের জন্ম প্রার্থনা করিয়াছ, অর্থাৎ উল্গীথ দারা আত্মসাং করিয়াছ; কিন্তু আমরা অন্ন ব্যতিরেকে স্থিতি লাভ করিতে শারিতেছি না, এই জন্ম বলি, অতঃপর তুমি তোমার সেই অন্নে আমাদিগকেও অংশী কর। প্রাণ কহিল, যদি তোমাদের অল্লের কামনা থাকে, তবে দর্বতোভাবে আমাকে আশ্রয় কর। প্রাণ এই কথা বলিলে, ইন্দ্রিয়সকল 'তথাস্তু' বলিয়া সর্বতোভাবে প্রাণকে পরিবেষ্টন পূর্বক অবস্থান করিয়াছিল। ইক্রিয়বর্গ সেই ভাবে অবস্থিত হইলে প্রাণের অমুক্তাক্রমে প্রাণ কর্তৃকই ভক্ষিত ও প্রাণের স্থিতিকারক সেই অন্ন দ্বারা তাহাদেরও তৃপ্তি হইতে থাকিল। কিন্তু ইন্দ্রিমণণ স্বতম্বভাবে অন্ন ভক্ষণ করিল না; অতএব এক প্রাণ কর্তৃকই অন্ন ভক্ষিত হয়, এইরূপ নির্বন্ধ-সহকারে উক্তি যুক্তিবৃক্ত হইয়াছে; শ্রুতিও সেই কথারই অন্নমোদন করিতেছেন—যেহেতু, প্রাণের অনুজ্ঞাক্রমে বাগাদি ইন্দ্রিয়ের অধিষ্ঠাত্রী দেবতা সকল সন্নিবিষ্ট অর্থাৎ প্রাণকে আশ্রন্থ করিয়া অবস্থান করে, সেই হেতু লোকে যে প্রাণসাহায্যে ভক্ষ্যন্তব্য ভক্ষণ করে, সেই প্রাণভক্ষিত অন্ন দারা ইহারা পরিতৃপ্ত হইয়া থাকে। যে ব্যক্তি প্রাণকে বাগাদির আশ্রয় এবং বাক, প্রভৃতিকে প্রাণের আশ্রিত বণিয়া জানিতে পারে, তাহাকে জ্ঞাতিবর্গ আশ্রম করে, অর্থাৎ বাগাদির আশ্রমণীয় প্রাণের মত তিনিও স্বীয় অন্ন ধারা জ্ঞাতিবর্গের ভরণপোষণ হেতু অবলম্বনীয় হন। যেমন প্রাণ বাগাদির অগ্রগামী, এই প্রকার তিনি জ্ঞাতিবর্গের শ্রেষ্ঠ ও অগ্রণী হন, প্রাণের মত তিনি নারোগ, স্কন্ত ও অধিষ্কিত থাকিয়া পোষ্য-বর্গকে স্বাধীনভাবে প্রতিপালন করেন। সেই জ্ঞাতিদের মধ্যে যদি কোন ব্যক্তি ঐ প্রাণবেত্তার প্রতিকূল হইতে ইচ্ছা করে, সে প্রাণের প্রতিপক্ষ অস্তরবর্গের মত নিজ পোষ্যবর্গের ভরণপোষণ-কার্য্যে অক্ষম হয়। 'পক্ষাস্তরে, জ্ঞাতিদের মধ্যে যে ব্যক্তি প্রাণবিদের অনুকৃল হয় অর্থাৎ যেমন বাগাদি প্রাণেক অমুবৃত্তি দারা আত্মার ভরণে উন্নত, দেই প্রকার প্রাণবিদের অতুগত থাকিয়া আত্মীয়বর্গের ভরণপোষণকার্য্যে, নিষ্ক্ত থাকে, সে তাহার পোষ্মবর্ণের ভরণে সমর্থ হয়, কিন্তু প্রাণের **আ**মুগ্রতা ব্যতিরেকে স্বতম্বভাবে থাকিলে পোষাবর্গের প্রতিপালনে সমর্থ হয় না॥ ১৮॥

সোহয়াস্থ আন্ধিরসোহঙ্গানাত হি রগঃ। প্রাণো বা অঙ্গানাত রসঃ প্রাণো, হি বা অঙ্গানাত রসন্তম্মাদ্যম্মাৎ কম্মাচ্চাঙ্গাৎ প্রাণ উৎক্রামতি তদেব তচ্ছ য্যত্যেষ হি বা অঙ্গানাত রসঃ॥ ১৯॥

পূর্বাঞ্চিতে প্রাণের গুণ পরিজ্ঞাত হইলে যে সকল ফল হয়, তাহা কথিত হইয়াছে। একণে প্রাণু শ্রীর ও ইন্দ্রিয়ন্তরপ, ইহা জানীইবার প্রাণের আন্ধিরসম্ব প্রতিপাদন করা হইতেছে। প্রাণকে আন্ধিরস বলা इरेन, किन्न ठाशात (रङ् कि. ठाश वना रहेन मा; अठव तार (रङ् প্রতিপাদন করার নিমিত্ত এই শ্রুতির আরম্ভ হইতেছে। যেহেতু, ঐ হেতু-দিন্ধির উপর প্রাণের কার্যাকারণ্রপতা নির্ভর করে। অতঃপর বাগাদি ইন্দিয় যে প্রাণের অধীন এই উক্তিও সমত করা কর্ত্তবা। এই উদ্দেশ্রে "দোহথান্ত আঙ্গিরন" এই পূর্বোক্ত শুতির একাংশ যথোক্তভাবেই উদ্ধৃত করা হইল। ইহা সর্ব্যত্ত প্রসিদ্ধ যে, প্রাণ অঙ্গের রস-সার। বাগাদি ইন্দ্রিয় অঙ্গের রদ নহে। কি জন্ম প্রাণের অঙ্গরদত্ব প্রদিদ্ধ ওত্তরে প্রতি বলিতেছেন, যেহেতু, অবশিষ্ট যে কোন অঙ্গ হইতে প্রাণ অপস্ত হইলে সেই সকল অন্ধ তৎক্ষণাৎ শুক্ষ হইয়া যায়। সেই হেতু প্রাণই অঙ্গরস, ইহা অবধারিত হইল। এই হেডু প্রাণ যে কার্যা—শরীর ও করণ—ইক্রিমের আত্মা, ইহা সিদ্ধ হটল। বখন আত্মা না,থাকিলে শরীরের শোষণ বা মরণ হয়, তথন প্রাণমংজ্ঞা হারা প্রাণী সকল যে জীবিত থাকিবে, ইহা নিশ্চিত,। অতএব বাগাদি ইক্সিয়ের উপাসনা না করিয়া, প্রাণের উপাসনা করিবে, ইহাই শুভির ভাৎপর্যা॥ ১৯॥

এম উ এব রহস্পতির্বাগ্বৈ রহতী তম্মা এম পতিস্তম্মাত্র বৃহস্পতিঃ॥ ২০॥

এই প্রাণ আরুতিবিশিষ্ট শরীবেরও ক্রিয়াম্বরূপ, ইন্তিয়ের কেবল আত্ম মহে,
পরস্ক নামম্বরূপ ঋক্, ধছু: ও নামেরও আত্মা, অর্থাৎ নামুরূপ ঝহা কিছু বিকার
আহে, তংন্মুদ্মেরই প্রাণ আত্মা জানিবে। অতএব শ্রুতি সর্বান্ধুজাবে প্রাণকে
প্রাণ্ডা করিয়া উপাদনার জন্ত তাহার মহত্ব প্রথাপন করিতেছেন। এই
পুর্বোক্ত আদির্য শব্দে অভিহিত প্রাণ বহুস্পতিস্বরূপ, রহতী নামে

वहें जिल्लाकरत निवक धकाँ इन चाहि। वाकाई सारे दृहती। धरे अकात অমুষ্ট প্রদুৰ্ব বাক্যস্বরূপ, বাক্যই "অমুষ্ট প্রদুন", ইহা শ্রুতির অমুমোদিত। কিছ্ক সেই •অনুষ্ঠুপ্ছন্দ বৃহতীচ্চন্দের অন্তর্ভূত। অতএব বাকাই বৃহতী, ইহা প্রসিদ্ধভাবে বলা অষ্ক্র হয় নাই। এই বৃহতীকে প্রাণ শব্দে স্তৃতি করা হেতু সমস্ত ঋক্ তাহার অন্তর্ত জানিবে। উক্ত আছে "প্রাণই वृह्जी, প্রাণই ঋক, 'এই প্রকারে জানিবে।" शक्ষाএই বাক্যস্বরূপ বিষয়া প্রাণের অস্তভুক্ত। প্রাণকে বৃহস্পতি বলা হইল কেন, একণে তাহার কারণ প্রদর্শিত হইতেছে। থেহেতু, এই প্রাণ বাক্ষরূপ রুহতী ছন্দোবদ্ধ ঋকের পতি 🕯 অর্থাৎ যেহেতু, প্রাণ দেই ঋকের উদ্ভাবক, কারণ, উদরায়ি প্রেরিত বায়ু দারা বাক্যস্কর্ম ঋকের আবির্ভাব হয়। অতএব সেই বাক্যের পালন-কারী বলিয়া প্রাণ বুহস্পতি শব্দে অভিহিত হইয়া থাকে। गাহার প্রাণ নাই, তাহার শন্দোচ্চারণ করিবার শক্তি থাকে না, অতএব প্রাণই যে বাক্যের পালক ও ঋक-नकलात आजा, ইহা बुक्तिनिष ও প্রাণ বুহস্পতি নামে কথিত, ইহাও সঞ্জ ॥ ২০॥

এষ উ এব ব্রহ্মণস্পতির্কাথৈ ব্রহ্ম তম্মা এষ পতিস্তম্মাত •ব্রহ্মণস্পতিঃ॥ ২১॥

কেবল ঋকের নহে, প্রাণ বজুর্মস্ত্রের্ও পালক ও আত্মা। কারণ, শ্রুতি বুলিতেছেন, সেই প্রাণ ব্রহ্মস্বরূপ যজুর্বেদের অধিপৃতি, ঐ ব্রহ্ম বা মজুর্ম দ্র বাক্য-বিশেষ ভিন্ন অন্ত কিছুই নহে-সেই বাক্ বজুর ন্মের পতি বলিয়া ব্রহ্মণস্পতি শব্দে অভিহিত হইয়া থাকে। যদি বল, পূর্ব্বশ্রতিন্ত বৃহতী শব্দের অর্থ ঋক্ ও প্রস্তাবিত শ্রুতিস্থ একশব্দের অর্থ যক্ষুর্বেদ, ইহা কি বৃক্তিতে অৱগত হওয়া যাইবে 🔻 হাসার উত্তর এই যে, ইছার পরবর্ত্তী শ্রুতিতে "ব্রহ্ম বৈ সাম" এই **উক্তি** ধারা বাক্যকে সামস্বরূপ বলা হইয়াছে, স্বতরাং ত্রিবেদের মধ্যে পরিশিষ্ট ঋকু ও বজুকে উক্ত স্থানীয় বৃহতী ও বন্ধশব্দের তাৎপর্যার্থ অবগত হওয়া অধৌক্তিক নছে। যদি সাধারণ বাকোর স্বরূপ বলা শ্রুতির অভিপ্রেত হইড, তবে পর পর ফিন্টি ঞতিতেই এক বাকাকে অবিশেষিতভাবে উল্লেখ ক্রিয়া পৌনক্লকা দোষ উদ্ভাবন করা হইত না; স্তরাং তাহার নিক্লালার্থ প্রত্যেক শ্রুতিত্ব বাক্যকে বিশেষভাবে নিরূপণ করা আবশুক, এই জ্বন্তই পরবর্ত্তী শ্রুতিতে উল্লিখিত সামকে উদ্গীধরূপে নিরূপণ

করা হইয়াছে, এইরূপ বৃহতী ও ব্রহ্মশব্দের বিশেষ।ভিধান কর্ত্তরা। বস্তুতঃ ঋক ও ষজুঃ ইহারা বাক্যবিশেষ; শুতরাং বাক্যের সহিত তাহাদের অভিনতাবে নির্দেশ করা অষ্ক্ত হয় নাই। বৃহতী ও ব্রহ্মশব্দের অর্থবিশেষ ना धतिरान, তাহার উপাসনা করা নিরর্থক হইয়া উঠে এবং ঐ শব্দ ছইটির বাক্যমাত্র অর্থ স্বীকার করিলে পুনক্তিদোষ হয় ৮ বেহেডু, বাক্শব ধারাই ঐ অর্থ প্রতিপাদিত হটুয়া থাকে, শ্রুতিতেও ঋক্, যজুই, সাম, উদ্গীথ এই শব্দচভূষ্টয়ের ক্রমে ক্রমে উল্লেখ দেখা যাইতেছে; অতএব পূর্ব্ধ ছুই শ্রুতিস্থ বুহতী ও ব্রহ্মশব্দের ঋক্, যজু: অর্থ পর্য্যবসিত হইতেছে, জানিবে॥ ২১॥

এষ উ এব সাম বাথৈ সামৈষ সা চামশ্চেতি তৎ সাল্লঃ সামত্বম।

যদ্বেব সমঃ প্লুষিণা সমো মশকেন সমো নাগেন সম এভিস্ত্রিভিল্লে কিঃ সমোহনেন সর্কোণ তম্মাদ্বেব সামাগ্রতে সাল্লঃ সাযুজ্যভ ুসলোকতাৎ জয়তি ব এবমেতৎ সাম বেদ॥ ২২॥

এই প্রাণ দামস্বরূপ। তাহার কারণ—'দা,' 'অম' এই ছুইটি শন্দের যোগে সাম শব্দটি নিম্পন্ন হয়, তাহার মধ্যে 'সা' এই শব্দের অর্থ বাক, যেহেতু, সা এই সর্বনাম,শব্দ থারা স্ত্রীলিঙ্গ, সকল বস্তুই বোধিত হুইতে পারে। স্কুতরাং বাকু এই স্ত্রীনিঙ্গ শব্দটি ও তাহার অর্থ বাক্য, ইহা 'দা'শব্দ ছারা অভিহিত হওয়া অযুক্ত নহে, এবং এই প্রাণ অমম্বরূপ, যেহেতু, অম-শব্দ ধারা সমস্ত পুংলিক শব্দের প্রতিপাদ্য বস্তু অভিহিত হয়। ক্রতাস্তরে আছে, "তুমি কাহার ঘারা আমার পুরুষবাচক নাম সকল অবগত হও ?" ইহার উত্তরে ধ্রাণ ধারা প্রাপ্ত হইয়াছি' এবং "কাহা দারা আমার স্ত্রীবাচক নাম প্রাপ্ত হও", এই জিজ্ঞাসায় "বাক্য দারা প্রাপ্ত হইমাছি" এই উত্তর প্রদত্ত হয় ইত্যাদি। অতএব প্রাণ ও বাক্ পুরুষ ও ক্রীবাচক পদার্থ-माजरे अकाम करत विवश नाम भरक वाक उ आंगरक व्यवशं इरेरव। সেই প্রকার সামশক্ষের ঘারা প্রাণ কর্তৃক সম্পাদিত শ্বর উদাত অমুদাত, শ্বরিত বা সমাহার) প্রভৃতির সমুদরাত্মক গীতিরপ অর্থ প্রকাশিত হয়। এই হেতৃ প্রাণ ও বাক ব্যতিরেকে অক্ত কোন সাম নামে পদার্থ নাই। খর ও अकाजामि वर्ग थान हरेरछ उरलब रम, श्रूछवाः आरनव अमीन, ध कम्र धर्म थानरे

সাম। যেহেতু, সাম উক্ত প্রকারে 'সা' 'অম' এই ছই শব্দের প্রতিপান্ত বাক্ ও প্রাণয়রপ, সেই হেতু গীতিরপ স্বরাদি সমুদ্ধের উক্তরপ সাম হইতে উৎপত্তি নিবন্ধন গৌশ সামত সিদ্ধ হইল। এইক্সপে দামের সামত পৃথিবীতে প্রসিদ্ধ আছে। যেহেতু, প্রাণ বক্ষ্যাপরতে সর্বতি স্মান, সেই হেতুতেও তাহাকে সাম বলা অনুচিত নহে। "যদ্বে" এই স্থলে শ্রুতিম্ব 'বা' শব্দ, সাদুগ্র ব্রুতিম্বা প্রকার স্থারের ইঞ্জিত করিতেছেন। ইহা না ব্রলিলে প্রাণের সামত নির্দেশের প্রকারাম্বর অবগত হইবার অন্ত কোন উপায় পাওয়া বায় না। এই প্রকারা-ন্তর অবগত হওয়া যায় বলিয়াই শ্রুতি সেই প্রকারান্তরের উল্লেখ করিতেছেন— কোন্ প্রকারে প্রাণের সর্বত্ত একরপুতা 🔻 ইহার উত্তরে শতি কহিতে-ছেন, প্রাণ পুত্তিকর (পোকা) শরীর, মশকশরীর ও হস্তিদেহ, সকলের সমান এই লোকত্ররূপ শরীরাভিমানী প্রজাপতিরও এই জগদ্ধপী হিরণাগর্ভের শ্রীরের সহিত সমান অর্থাৎ যে প্রকার গোড়াদি জাতি, গ্রাদি শরীরে পরিসমাপ্ত, সেই প্রকার প্রাণও সকল শরীরে পরিসমাপ্ত। কুত্রাপি তাহার শুক্ততা নাই, প্রাণ শরীরমাত্র পরিমাণযুক্ত নহে, গেহেতু, প্রাণের কোন মৃর্দ্তি নাই, অথচ প্রাণ সর্ব্বগত, তাহার শরীরমাত্র পরিমাণ হওমা অসম্ভব। যদি বঁল, যে প্রকার ্ঘট বা গৃহাদিমধান্ত প্রদীপালোক গৃহ বা ঘটাদির পরিমাণাত্মনারে স্কোচ ও বিকাশ লাভ করে, স্বতরাং তাবৎপরিমাণ বলিয়া অত্ভুত হয়, সেই প্রকার প্রাণ্ড শরীরমাত্রপরিমিত বলা যাউক। ইহার উত্তরে এই বলিব যে, শ্রুতিতে "সেই এই প্রাণ সকলেরই তুলা" এবং "সর্ব্যুত্ত অনস্ত (সর্ব্ববাপী)" এই প্রকার উল্লেখ থাকাতে প্রাণ সর্ব্বগত, ইহা জানিতে পারা যায়। পরন্ত, আকাশের ন্যায় দর্কগত প্রাণের শরীর পরিমাণে অবস্থিতি বিক্লব্ধ নছে। এইরূপ দর্বশারীরে দমত্ব হেতু, প্রাণ দার্মশৃহক অভিহিত হয়। ষে ব্যক্তি মহন্দ্ৰবিশিষ্ঠ হইয়া প্ৰাণের ভাবনা করে, তাহারই এই বন্ধ্যমাণ ফল বলা হইতেছে, অর্থাৎ প্রাণে আত্মাভিমানের (প্রাণই আত্মা, এই প্রকার দৃঢ় জ্ঞানের) অফুদম পর্যান্ত এরপ নিরন্তর ভাবনা করিলে, প্রাণের সামুজ্য (শরীর ও ইন্সিমে সমান প্রাণাভিমানিতা) এবং সালোকা (সমান লোক) ফল লাভ र्श्रा २२॥ 🔭 🗀

্ৰ এষ উ বা উদ্গীথঃ প্ৰাণো বা উৎপ্ৰাণেন হীদ্দ সৰ্ববমূত্ৰৰং বাগেৰ গীথোচ্চগীতা চেতি স উদ্গীথঃ॥ ২৩॥ এই প্রাণ উদ্গীথসকাপ। সামের গেয় অংশবিশেষের নাম উদ্গীথ। এ স্থলে উচ্চেস্বরে গান উদ্গীথ শব্দের তাৎপর্য্য নহে। কারণ, যথন সামপ্রকরণে উদ্গীথের উল্লেথ করা হইয়াছে, তথন সাম ও গান যে এক বস্তু নহে, ইহা বলাই বাহল্য। একণে উদ্গীথ শব্দের ব্যুৎপত্তি দ্বারা প্রাণের উদ্গীথক্রপতা প্রকাশ করিতেছেন। যেহেতু, প্রাণ কর্ত্বক এই সমস্ত জগৎ উদ্ধে বিশ্বত আছে। সেই জন্ম প্রাণকে উৎশব্দে অভিহিত করা হয়। উৎশব্দ উত্তর্জ অর্থের প্রকাশক, মতরাং প্রাণের উত্তন্তনরূপ গুণবিশেষের পরিচায়ক। আর গীথা শব্দে বাক্যকে বুঝা বায়। কারণ, গীথাশব্দটি শব্দার্থক গৈ ধাতু হইতে নিম্পন্ন হইয়াছে। যথন উদ্গীথ ভজনা শব্দবাতিরিক্ত অন্ত কোন প্রকার স্বরূপ অবধারণ করা বায় না; স্মতরাং বাক্যই গীথা, এইরূপ সনির্বন্ধ নির্দেশ করাই উচিত হইয়াছে। উপসংহারে এক উদ্গীথ শব্দ দ্বারা উৎশব্দে উচ্চ প্রাণ ও গীথা শব্দপ্রাণাধীন বাক্য; এই উভন্নই অভিহিত হইল॥ ২৩॥

তদ্ধাপি ব্রহ্মদন্তশৈচকিতানেয়ে। রাজানং ভক্ষয়ম বাচায়ং ত্যস্থ রাজ। মূর্জানং বিপাতয়তাদ্যদিতোহয়াস্থ আঙ্গিরসো-হন্যেনোদগায়দিতি বাচা চ হেবে স প্রাণেন চোদগায়দিতি ॥২৪॥

এক্ষণে প্রাণের উদ্গীণসক্রপতার দুঢ়ীকরণার্থ আখ্যায়িকা আরম্ভ হইতেছে।
উক্ত বিষয়ে একটি প্রসিদ্ধ আখ্যায়িকা শুনা বায়—ব্রহ্মদন্ত নামে চেকিতানেরতর্গণ্
বয়র একটি পোত্র যজ্ঞে দোমরদ পান করত শপথ করিয়াছিল, যদি আমি মিখাবাদী
হই, অর্থাৎ উদ্গীথের প্রাণ ভিন্ন অন্ত দেবতা জ্ঞান করি, তবে ভক্ষিত চমসন্থিত
এই দোম আমার মন্তক চুর্ণ করিবে। যদি বল, মিখাবাদী হইবার সম্ভাবনা
কি ? তাহার উত্তরে শুতিই বলিতেছেন, যেমন পূর্ব্যকালীন বিশ্বস্ক্নামা ঋষিদের
সক্রনামক যজ্ঞে বিনি উদ্গাতা ছিলেন, তিনি বাক্য ও প্রাণ ব্যতিরিক্ত অন্ত দেবতা
ধারণা করিয়া উদ্গান করিয়াছিলেন সেই প্রকার ভ্রমবশতঃ যদি অন্ত দেবতা জ্ঞান
করি, তবে আমিও মিথাবাদী হইব, এবং ঐ বিপরীত জ্ঞানরূপ অপরাধে সোম
আমার মন্তক পাতিত করিবে। এই আখ্যায়িকা দারা, উদ্গীথে বাক্ ও প্রাণদেবতার বিজ্ঞানে, দৃঢ়প্রত্যের করণীয়, ইহাই প্রদর্শিত হইতেছে। এক্ষণে শ্রুতি
আখ্যায়িকা-প্রতিপান্ত বিষর বাক্য দারা উপসংহার করিতেছেন। অতংশের
সেই ব্রহ্মদন্ত এই প্রাণপ্রধান বাক্য ও নিজের আয়াভূত প্রাণ এই উভন্ন দেবতার

জ্ঞানপূর্বক উদ্গান করিয়াছিলেন। তিনি আঙ্গিরসও উদ্গীপ মনে করিয়া প্রাণকে উপাসনা করিয়াছিলেন। এই কথাটি আগ্যায়িকাতে ব্রহ্মদত্তের শপথ দারা অবধারিত হুইয়াছে॥ ২৪॥

তস্ত হৈতস্থ সাম্বো যঃ স্বং বেদ ভবতি হাত্ন স্বং তস্তা বৈ স্বর এব স্বং তম্মাদান্তি জ্যাং করিষ্যন্ বাচি স্বর্নাচেছত ত্যা বাচা স্বরসম্পন্নথাত্বি জ্যাং কুর্য্যাত্তস্মাদ্যজ্ঞে স্বরবত্তং দিদৃক্ষন্ত এব। অথো যস্তা সং ভবতি ভবতি হাস্তা সং য এবনেত্ত সামাঃ সং বেদ॥ ২৫॥

সেই এই প্রস্তাবিত সামবাচা মুখ্য প্রাণের সর্বস্ব (ধন) যে ব্যক্তি জানিতে পায়, তাহার ধনলাভ হয়। এইরপ ফলকথন হারা পুকুষকে শ্রুণেচ্ছু প্রলোভিত করিয়া প্রবণবিষয়ে অভিনুথ করত শ্রুতি কহিতেছেন।—সেই সামের স্বরই সর্বাস্থা। कर्ष्यत साधुर्यात साम खता उँछाई मारमद ज्या, त्मरे खस्त अलङ्ग्छ छ्टेलाई উদ্গান (উচৈচগান) পরিপুষ্ট অথাৎ এতিস্থুপ্রদ হয়। থেছেতু, স্বর সামের ভূষণ ও স্বরভূষিত উদ্গানেরই উৎকর্ষ, দেই জন্ম উদ্গাতা ঋত্বিক্ সকল উদ্গান ক্রিয়ার পূর্বের স্বরের শিক্ষা করিবেন। তাহা হইলেই সাম স্বরুরূপ অলয়তে হইয়া শ্রতিমধুর হইবে। অর্থাৎুয়ে উদ্গাতা স্বর ধারা দামকে ধনী ক্রিতে চাহেন, তিনি বাক্যে মধুর শ্বর সংযোগ, করিতে চেষ্টিত থাকিবেন। বিজ্ঞানপ্রস্তাবে উল্গাতার কর্ত্তব্য-উপদেশ যদিও অপ্রস্তাবিক, তথাপি প্রসম্বর্তনে উল্গাতার কর্ত্তব্য এ স্থলে বিহিত হইল, বাস্তবিক সামকে স্বস্তর দারা ষরবান্ বিজ্ঞান করিতে হইলে মথারীতি দন্তবাবন তিলপানাদি,কর্ত্তবা কেবল ইচ্ছা-মাত্রে সামকে অ্থরসম্পন্ন করা যায় না। উক্তরূপে সরসম্পন্ন না সংস্কারৰুক্ত वोका पांत्री अप्रिक् उम्मान कार्या कविटवन। त्यरूठू, मात्मत खत्रहे धन এवः स्हि স্বরত্বপ ধন ধারা সাম ভূষিত হয়, এই জন্ম লোক যজে উত্তম স্বর্থান উচ্চাতিকে দেখিতে ইচ্ছা করিয়া থাকে, জগতে যাচক ব্যক্তি ধনবান্কে দেখিতে ইচ্ছা করে, যাহার ধন থাকে, সকলে তাহাকে দেখিতে চায় ইহা স্বাভাবিক। একণে এই মাদের প্রসিদ্ধ, গুণবিজ্ঞানের ফল উপদংহারে বলিতেছেন রে, যে ব্যক্তি नारमंत्र खतक्रा धन क्रांति, छाङ्दि धन इष्ठ, धहे नारमय ख्राविकारतव क्रा शिनिक ॥ २६ ॥

তম্ম হৈতস্ম সাম্বো যঃ স্থবর্ণং বেদ ভবতি হাস্ম স্থবর্ণং তস্ম বৈ স্বর এব স্থবর্ণং ভবতি হাস্ম স্থবর্ণং য এবমেতৎ সাম্বঃ স্থবর্ণং বেদ॥ ২৬॥

সামের স্থবর্ণ নামে আর একটি গুণবিধান হইতেছে। যদিও ঐ স্থবর্ণ স্বস্ববন্ধরূপ, তথাপি পূর্ব্ব হইতে এই মাত্র প্রভেদ যে, পূর্ব-শ্রুতিতে কণ্ঠের মাধুর্যান্দ স্বত্বর বলা হইয়াছে। এই শ্রুতিতে লাক্ষণিক অর্থাৎ স্থবর্ণ শব্দের বাচ্য যে কণ্ঠা দস্তা তালব্যাদি শ্রুতিমধুর বর্ণের সামে স্বর্গবেশবশতঃ স্বস্বরতা, তাহাই অভিহিত হইল। সেই সামের স্থবর্ণ য়ে ব্যক্তি জানে, তাহার স্থবর্ণ হয়। স্থবর্ণ শব্দটি স্বর এবং স্থর্ণের বোধক, শব্দের সাম্য হেতু লৌকিকস্থবর্ণ, এই গুণবিজ্ঞানে ফলস্বরূপ কীর্ত্তিত হইল। শ্রুতি বলিতেছেন, সেই সামের স্বর্গই স্থবর্ণ। বে ব্যক্তি সামের স্থবর্ণ জানে, তাহার স্থবর্ণ হয়, উপসংহারার্থ প্রক্রার কথিত হইল॥ ২৬॥

তস্থা হৈতস্থা সাম্বো য়ঃ প্রতিষ্ঠাৎ বেদ প্রতি হ তিষ্ঠতি তস্থা বৈ বাগেব প্রতিষ্ঠা বাচি হি খল্পেম এতৎপ্রাণঃ প্রতিষ্ঠিতো গীয়তেহন্ন ইত্যুহৈক আহুঃ॥ ২৭॥

পুনশ্চ সামের প্রতিষ্ঠাকল জ্ঞাপন করিবার জন্ম শ্রুতি সামের প্রতিষ্ঠাপুণ বলিতেছেন।—যে ব্যক্তি সামের বাক্যরুপ প্রতিষ্ঠাপ্তণ জানিতে পারে, সে জগতে প্রতিষ্ঠিত হয়। শ্রুত্যন্তরে কথিত আছে, "যে যে গুণহুক্তরূপে সামের উপাসনা করা যায়, উপাসক সেই সেই গুণ প্রাপ্ত হয়"; স্কুতরাং প্রতিষ্ঠাপ্তণের উপাসনায় প্রতিষ্ঠালাভ অসম্পত নহে। পূর্বের মত ক্রমণে প্রতিষ্ঠাক্ষাশ্রণ প্রলোভিত এবং সামের প্রতিষ্ঠাজানেচ্ছু, উপাসককে লক্ষা করিয়া শ্রুতি বলিতেছেন,—বাকাই সামের প্রতিষ্ঠা। এ গুলে বাক শক্ষণারা জিহ্বামূলীয়াদি অষ্টপ্রকার বর্ণের উচ্চারণস্থান অভিপ্রেত। সেই অষ্ট স্থানেই অর্থাৎ বক্ষংস্থল, কণ্ঠ, মস্তক, জিহ্বামূল, দস্ত, নাসিকা, ওট ও তালু এই সমূলায়ে সাম প্রতিষ্ঠিত। বেহেতু, জিহ্বামূলীয়াদি স্থান আশ্রেষ করিয়াই প্রাণবাষু উচ্চৈঃম্বরে গানাকারে পরিণত হর ও তাহাকেই সাম শক্ষে অভিহিত করা হয়, সেই জন্মই জিহ্বামূলীয়াদিরূপ বাকাই সামের প্রতিষ্ঠা-(আশ্রেম্ব)রূপে কীর্ষিত্ত হবল। ক্রম্ব ব্রেশ্যে, প্রাণ অরেতে প্রতিষ্ঠিত হবরাই

গীতিভাব প্রাপ্ত হইরা থাকে। এই জন্ম অন্নই প্রাণের প্রতিষ্ঠা। বিনি এইরপ অন্নকে প্রতিষ্ঠা বলিয়া জানেন, তাহার অন্নের ভাবনা থাকে না। এই উভয় পক্ষই আমাদের অন্নমাদিত, ইহার যে কোন পক্ষ অবলম্বন করিয়া প্রতিষ্ঠারূপ গুণের ভাবনা, অর্থাৎ বাক্যই প্রতিষ্ঠা কিছা অন্নই প্রতিষ্ঠা, প্রাণের এইরূপ ভাবনা করিবে॥ ২৭॥

অথাতঃ প্রমানানামেবাভ্যারোহঃ স বৈ থলু প্রস্তোতা সাম প্রস্তোতি স যত্র প্রস্তুয়ান্তদেতানি জপেৎ।

অসতো মা দলসময় তমলো মা জ্যোতির্গময় মত্যোম মিতং গময়েতি স যদাহাসতো মা সদ্গময়েতি মৃত্যুক্তা অসৎ সদমৃতং মৃত্যোম মিতং গময়ামৃতং মাকুর্কিত্যে বৈতদাহ তমদো মা জ্যোতির্গতং মৃত্যোম মিতং গময়ামৃতং মা কুর্কিত্যে বৈতদাহ মৃত্যোম মিতং গময়েতি নাত্র তিরোহিত্মিবাস্তি। অথ যানীতরাণি স্তোত্রাণি তেম্বাত্মনেহ মাত্যমাগায়েত্ত- স্মান্ত তেমু বরং র্ণাত যং কামং কাময়েত তত্ত স এম এবন্ধি- হুদ্গাতাত্মনে বা যজমানায় বা যং কামং কাময়েত তমাগায়তি তদ্ধিতল্লোকজিদেব ন হৈবালোক্যতায়া আশাহস্তি য এবমেতৎ সাম বেদ॥ ২৮॥

় ইতি তৃতীয়ং বাকাণম্॥ ৩॥

অধুনা পূর্ব্বাক্ত প্রকারে প্রাণ বিজ্ঞানকারীর প্রতি জপ্রার্থার উপদেশ করিবার মানসে শ্রুতি বলিতেছেন—যে বিজ্ঞান জনিলে জপকর্মে অধিকার জন্মে, সেই বিজ্ঞান উপদেশ করা হইয়াছে। অধুনা জপের বার্থকা প্রদর্শিত হইতেছে, যেহেতু, পূর্ব্বোক্ত বিজ্ঞানী ব্যক্তি নথাবিধি জপকর্মের অন্তটান করিলে দেবভাবে উপনীত হন, এই জন্ম জপকর্ম বিধেয়। উদ্যাথের কথন-প্রস্তাবে এই জপকর্ম বিহিত হওয়ায় সকল উদ্যানকালেই এই জপকর্ম অনুষ্ঠের হইতে পারে, এই আশকার শ্রুতিই কালবিশেষে জপের অনুষ্ঠান জানাইবার জন্ম "প্রমানানী।" এই শব্দ বিশেশ করিয়াছেন। স্বর্ধাহ শ্রুতা প্রমান উল্লিখারা অবিধি প্রমান নামক

ষ্টোত্রের মধ্যেই অভ্যারোহ মন্ত্রজপ কর্ত্তব্য হইরা পড়ে। এই জন্য শ্রুতি জপকালকে আরও সঙ্কৃচিত করিতেছেন। প্রস্তোতা (সামগানকর্তা ঋতিথিশেষ) বংকালে সামগান আরম্ভ করিবেন, সেই সময়ে এই সকল অভ্যারোহ মন্ত্র জ্বপ করিবেন। এই জপকর্ষ্মের অভ্যারোহ আখ্যা শাস্ত্রে আছে। তাহার কারণ, এই জপকর্ম ষারা প্রাণ তর্বেদী আশ্বাকে দেবভাবে উপনীত করেন। অভি ও আরোহ এই হুই শব্দের যোগে অভ্যারোহ শব্দ নিষ্পন্ন হইয়াছে। অভি শব্দের অর্থ আভিমুখ্য ও আরোহ শব্দের অর্থ আরোহণের (প্রাপ্তির) হেতু। সমুদায়ার্থ—যে মন্ত্রজপ করিলে প্রাণতন্ত্রেদী আত্মাকে দেবতার অভিমূপে উপনীত করে, তাহাই অভ্যারোহশন্ববাচা। শ্রুতিস্থ "এতানি" এই বহুবছন ধারা "অসতো মা সদ্গম" ইত্যাদি তিনটি যজু:সংজ্ঞক মগ্ন জপ্য বলিয়া জানিবে। "এতানি" এই স্থলে খিতীয়া বিভক্তির নিৰ্দেশ থাকায়, অথচ এই মন্ত্ৰক্ষ সংহিতাম পঠিত না হইয়া ব্ৰহ্মণ নামক বেদাংশে পঠিত হওয়ায়, যথানিৰ্দিষ্ট ন্বরে পাঠ করিবে। কিন্তু মান্ত্র স্বরে, অর্থাৎ বৈভাগিক নামক গ্রন্থে কথিত মন্ত্রবিশেষীয় স্বরবিশেষে পাঠ করিবে না। যদি ঐ স্বরে পাঠ করা শ্রুতির অভিমত হইত তবে, শ্রুতি "উট্চেপ্স গ্রিক্সতে" ইত্যাদি স্থপের স্থায় "এতানি" ইহাও বিতীয়াস্ত না বলিয়া তৃতীয়া বিভক্তি ধারা নির্দেশ করিতেন। এই অভ্যারোহ জুপ গুজুমানের কার্য্য, ইহার ফল গুজুমান প্রাপ্ত হয়। ঋত্বিক্ ইহার ফল প্রাপ্ত হয় না। শ্রুতিত 'অসতোমা সদ্গময়' ইত্যাদ্ধি মন্ত্রুয়ই সেই যজু:। এই মন্ত্রবের অর্থ অত্যন্ত, প্রচ্ছন্ন, সাধারণ শব্দের মুখ্যবৃত্তি ছারা সেই অর্থ প্রকাশিত হয় না, এই জন্ম ক্ষতি স্বয়ং মন্ত্রার্থ প্রকাশ করিতেছেন। "অসতোমা" ইত্যাদি মন্ত্রস্থ অসৎ শব্দের অর্থ মৃত্যু; কারণ, জীবের স্বাভাবিক কর্মা ও জ্ঞান মৃত্যুর হেতু, এই জন্ম মৃত্যু নামে অভিহিত হয়। জীবের অতান্ত অধোগতির কারণ বলিয়া, তাহাকে অসৎ বলা হইয়াছে। আর সংশব্দের অর্থ অমৃত (সং-শান্ত্রামুমোদিত কর্ম ও ভজ্জনিত জ্ঞান, এই উভয় শান্ত্রীয় জ্ঞান ও কর্ম জীবের মরণের নিবৃত্তিকারণ, অর্থাৎ মোক্ষহেতু বলিয়া অমৃত নামে অভিহিত। সমুদায়ের অর্থ এই – হে মুগা প্রাণ! তুমি আমাকে প্রাকৃতিক আসংকর্ম ও অজ্ঞান হইতে সংশাস্ত্রীয়জ্ঞান ও কর্ম্মরণ অমূতে,উপনীত কর, অর্থাৎ দেবতালাভের উপায়ভূত আত্মতাব পাওয়াইয়া দাও। ুঞ্তিই ময়ের ্তাৎপর্যার্থ বলিছেছেন, জামাকে জমুত কর, এই কণা মন্ত্রে প্রকাশ क हिराएक । धरे ध्वकात विकास मध्य क्याः महस्त कर्य अवस्थान, का बहुनवर्ष

সাধন্ম্য ধরিষ্ণা ঐ অর্থ প্রাকাশ পায় অর্থাৎ তমঃ থেরূপ বস্ত সকলের আবরক, এরপ অজ্ঞানও আত্মরূপের আবরণ এবং উহা মরণের হেতু বলিরা মৃত্যুদামে অভিহিত হয়। জ্যোতি: শব্দের অর্থ অমৃত, অর্থাৎ শাল্লীয়বিজ্ঞান প্রকাশরূপ সাধর্ম্যবশতঃ জ্যোতি:স্বরূপ, এবং অবিনাশিত্বপুরু অমৃত নামে কণিত। উহা পূর্বোক্ত অহ্বর-স্বভাবের বিপরীত দেবভাব। সমুদায় মন্ত্রের অর্থ এই,—হৈ মুখ্য প্রাণ! তুমি স্থামাকে তমোরূপ অজ্ঞান হইতে জ্যোতিঃস্বরূপ বিজ্ঞানে লইয়া যাও। আমাকে অমৃত অর্থাৎ প্রাজ্ঞাপত্য-ভাবৰুক্ত কর। এইরূপে শ্রুতিই মন্ত্রের ভাবার্থ প্রকাশ করিয়াছেন। প্রভেদ এই, পূর্ব্ব মন্ত্রের তাৎপর্য্য-স্বাভাবিক জ্ঞান ও কর্ম্ম, যাহা স্বভাবতই দেবভাব-প্রাপ্তির বিরোধী, তাহাকে সেই ভাব হইতে শান্ত্রীয় জ্ঞান-কর্ম্মরূপ দাধনের পথে উপনীত করা। হিতীয় মন্ত্র ছারা অজ্ঞানকার্যা উপাশু উপাসকাদি ভেদজ্ঞানঘটিত সাধনভাব হইতে সাধ্যভাবে পরিণত করা। মন্ত্র ধারা পূর্ব্বোক্ত মন্ত্রবয়ের অর্থ ই মিলিতরূপে প্রতিপাদিত হইয়াছে। অর্থাৎ মৃত্যু শব্দ দারা অসৎ ও তম, অমৃত শব্দ দারা সৎ ও জ্যোতিঃ 'অভিহিত হওয়ায় পূর্ব্ব-মন্ত্রবন্ধের অর্থ একত্র সন্নিবেশিত হইয়াছে। স্পূর্ব্ব পূর্ব্ব মন্ত্র ছইটির মত তৃতীয় মন্ত্রের কোন শব্দের অর্থ নিগুঢ় নহে, এই জন্ম শ্রুতি তাহার ব্যাখ্যা করেন নাই, তাহার যথাক্রত অর্থই ধর্ত্তর। প্রাণতত্বাভিজ্ঞ উদগাতা, প্রমাননামক উক্ত তিনটি স্তোত্তে যজমানের ফলকীর্ত্তন (উটেচঃম্বরে গান ধারা আশংসা) করিয়া অবশিষ্ট নয়টি স্তোত্রে নিজের জন্ম অগ্নাদি ফলের কামনা করিবে। যে প্রকার প্রাণ, বাগাদি ইক্রিয়ের অভিলয়িত কলের দাধন করিতে দমর্থ, সেই-রূপ প্রাণবিৎ উদ্গাতাও সমস্ত ফলদাধনে সমর্থ। সেই হেতু যজমান ঐ সকল প্রমান স্তোত্তের উচ্চারণকালে নিজের অভিল্যিত ফলের প্রার্থনা করিবে। প্রাণবিৎ উদ্গাতা নিজের জন্ম বা বজমানের জন্ম যে ফল কামনা করুক না কেন, তাহা উদ্গান দারা সম্পন্ন করিতে পারিবে। অর্থাৎ আগান দারা ফ্রমানের বা নিজের কাম্যফল সিদ্ধি করা যায়। এই প্রকারে মন্ত্র জপ কর্ম ও প্রাণ-বিজ্ঞান ধারা যে প্রাণাত্মভাবলাভ উক্ত হইল, যদিও ইহাতে কোনই আশহার সম্ভাবনা নাই ; পরস্ক কর্মক্ষর হইলে কেবল জ্ঞান ধারা প্রাণাত্মভাব লাভ করা বাম কি না, ইহাই আশঙ্কার বিষয়, সেই আশঙ্কার নিবৃত্যর্থ শ্রুতি বুলিতেছেন, জ্প-কর্ম্মরহিত কেবল প্রাণবিজ্ঞানও লোকপ্রাপ্তির সাধন হয়। কিন্তু লোকস্পূহাও शांक ना, हेहा इटेंएठ भारत ना, कांत्रण, প्राणामान्याय शांश इटेंरल लाक লাভের প্রার্থনা ভিন্ন অন্ত কি প্রার্থনীয় হইতে পারে? ধ্যমন গ্রামন্থ ব্যক্তি কথন্ গ্রাম পাইব, এইরপ অরণান্থ ব্যক্তির ক্রায় আকাজনা করে না, দেইরপ প্রাণাত্মতালাভ কাম্য হইয়াও, অসমত, বেহেতু, নিজের অনায়ত্ত চুর্ল ভ বস্তু বিষয়েই জীবের অকাজ্ফা হইয়া থাকে, নিজ আত্মায় সে আশংসা সম্ভব নহে। সেই হেতু বলি, প্ৰাণান্মভাবলাভ হইলে, তহিষদ্বৈও আকাজ্ঞা হয় मा। अञ्चलत ऐक कन अक्षाचावित्तत्वरे मस्त्र, रेश अकार्निक रहेरलहा যিনি পূর্ব্বোক্ত মহিমাসম্পন্ন প্রাণকে ব্যার্থরপে অবগত আছেন, অর্থাৎ যিনি মনে করেন যে, আমিই সেই প্রাণ, রূপ্তাদি ইক্রিয়বিষয়ে আসক্তি বা অস্বভাবে আক্রান্ত নহি, হতরাং বেণ্ডন্ধ; বাক্ প্রভৃতি পঞ্চ ইন্দ্রির আমার আশ্রম লাভ করিয়া স্বাভাবিক বিজ্ঞানের কুফল বিষয়াসক্তি-পাপ হইতে মুক্ত হইমা স্বীর অগ্নি প্রভৃতির স্বরূপ প্রাপ্ত হইয়াছে এবং আমার আশ্রিত অন্নাদি আহার্য্য বন্ধর উপভোগে উজ্জীবিত আছে, আন্ধিরসম্ব হেতু আমি সকল ভূতের আত্মা, অথচ ঋক্ বজুং দাম ও উদ্গীথরূপী বাক্যের আমি আত্মা, যেহেতু, আমি সেই বাক্যের ব্যাপক ও নির্বাহকর্তা। আমি যথন দামণীতিতে পরিণত হই, তৎকালে আমার বাহ্নভূষণ স্বরতা ও আভ্যন্তরিক ভূষণ স্বর্ণ অর্থাৎ স্থন্দররূপে বর্ণোচ্চারণ এবং কণ্ঠাদি স্থান, প্রতিষ্ঠা। এই প্রকার গুণসম্পন্ন আমি, কুদ্র পুত্তিকাদি শরীরে কি রুহং হস্তিশরীরেও সর্বতোভাবে ব্যাপ্ত। যেহেতৃ, আমার মূর্ত্তি (পরিচ্ছিন্ন শরীর) মাই, অথচ দকল স্থান ব্যাপিয়া রহিয়াছি। এই প্রকারে প্রাণে আত্মাভিমানের অভিব্যক্তি পর্যান্ত যে ব্যক্তি উপাদনা করিবে, তাহারই এই ফল কথিত হইল।। ২৮॥

উপনিষৎস্থ-প্রথমাধ্যায়স্থ

চতুর্থ-বান্দণম্

আজৈবৈদমগ্র আদীৎ পুরুষবিধঃ দোহসুবীক্ষ্য নাম্যদাত্ম-নোহপশ্যৎ দোহহমস্মীত্যগ্রে ব্যাহরত্তোহহমামাভবৎ তন্মাদপ্যেতহা মিল্লিতোহহময়মিত্যেবাগ্র উজ্বাথাম্যমাম প্রক্রতে যদস্য ভবতি স যওঁপূর্ব্বোহস্মাৎ সর্বব্যাৎ সর্ব্বান্ পাপ্মন ঔষত্তন্মাৎ পুরুষ ঔষতি হ বৈ স তং যোহস্মাৎ পূর্ব্বা বুভূষতি য এবং বেদ ॥ ১॥

ইতঃপূর্বেক কথিত হইয়াছে, জ্ঞান ও কর্ম উভয় ছারা প্রজ্ঞাপতিম্বলাভ হয়। আবার পূর্ব্ব-শ্রুতিতে বর্ণিত হইয়াছে যে, কেবল প্রাণবিজ্ঞান দারা ঐ প্রজাপতির জগতের স্ষ্টি-স্থিতি-সংহারবিষয়ে স্বতন্ত্রত। প্রভৃতি ঐশ্বর্য্য জন্মে, এক্ষণে বৈদিক জ্ঞান ও কর্ম্মের ফলাতিশয় জানাইবার জন্ম এই ব্রাহ্মণের আরম্ভ হইতেছে। তাহা ছারা কর্মকাগুবিহিত জ্ঞান ও কর্মের স্তৃতি করা হইবে, য়েহেতু, জ্ঞান ও কর্ম হারা তাদৃশ কলই জিনার। থাকে। অভিপ্রায় এই— প্রজাপতিপদ পর্য্যন্ত জ্ঞান কর্মের সমস্ত ফলই সংসারের অন্তর্ভু ত। যেহেত, উক্ত সকল ফলেই নাশভয় ও অরতি (অসন্তোষ বা অভিলবিত বস্তুর অলাভজনিত মনের আকুলতা) প্রভৃতি দোষ বর্ত্তমান এবং উহা কার্য্যকরণ (শরীর ও ইন্দ্রির)-সমষ্টিস্বরূপ, বিশেষতঃ উহা সূল, অঁভিব্যক্ত ও অনিত্যবিষয়ক; পরস্কু এক ব্রহ্ম বিক্যাই মৃক্তির কারণ। এই পরবর্তী গ্রন্থের উপযোগিতা-প্রদর্শনার্থও এই ব্রাহ্মণের আবন্ত হইতেছে। সাধ্য-সাধনাদি দৈতভাবাপন্ন এই সংসার হইতে যিনি বিরক্ত হয়েন নাই, তাঁহার তৃঞাহীন ব্যক্তির জলপানপ্রবৃত্তির মত আত্মার একত্ব-জ্ঞানে অধিকার মাই। সেই জন্মই বলি, জ্ঞান কর্ম্মের উৎকৃষ্ট ফল প্রজাপতিপদেও অনিত্যতাদিদোর দেখিরা বদি সাধকের বৈরাগ্যোদর হয়, তবেই মৃক্তি করাবলম্বী, **धरें डिल्मरन**रे के डिश्कर्षवर्गन कता बुक्तिबुक्त बरेब्राए । शरत कथिल बरेरत, धरे দল বন্ধবিষ্ঠার অধিকারিতা-প্রকাশক বৈরাগ্য সম্পাদনের জন্মই অভিছিত।

এই সকল অভিনৰণীয় ফলের মধ্যে আত্মতত্ত্বই প্রাপা, "সুই আত্মতত্ত্ব পুত্র অপেক্ষায়ও প্রিয়তর ইত্যাদি।" স্বর্থময় অও হইতে প্রথম নির্গত শরীরধারী প্রজাপতিই আত্মা, বৈদিক জ্ঞানকর্ম্মের ফলম্বরূপ, অন্ত শরীরের উৎপত্তির পূর্বে দেই প্রজাপতির শরীরে অপুর্থগ্রূপে সমস্ত দেবতা প্রভৃতির শরীর সন্মাবস্থায় ছিল। সেই ধাজাপতি, হস্ত-মন্তকাদিরপ পুক্ষাকারবিশিষ্ট হইয়া প্রথমে বিরাটরূপে উৎপন্ন হইয়াছিলেন। তৎপরে সেই 'প্রজাপতি,' আমি কে ? আমার স্বরূপই বা কি ? এইরূপ অনুসন্ধান করিয়াও নিজের প্রাণ, ইন্তিয় ও অবয়বসন্ষ্টিস্বরূপ শরীর ভিন্ন অন্ত কোন বস্তু দেখিতে পাইলেন না। কেবল নিজেকেই সর্ব্বময় দেখিয়াছিলেন। জন্মীন্তরীণ শ্রোত-বিজ্ঞানের সংস্কারে প্রথম উচ্চারণ করিলেন যে, আমিই সেই দর্কময় প্রজাপতি। যেহেতু, জনান্তরীণ সংস্কারফলে নিজেকে অহং বলিয়া অভিধান করিয়াছিলেন, সেই হেতু প্রজাপতি অহং নামে প্রিদিদ্ধ হইয়াছেন। দেই আধাাত্মিক পুরুষের 'অহং' এই গোপনীয় নাম শ্রুতিতে কথিত হইবে। যেহেতু, সমস্ত জগতের কারণস্বরূপ প্রজাপতির অহং নাম হইয়াছিল; স্তরাং তাঁহার কার্য্যভূত সমস্ত প্রাণীরও অধুনা অহং নাম প্রচলিত স্থাছে। অর্থাৎ কোন ব্যক্তি অপর ব্যক্তি কর্ত্তক তুমি কে, এই প্রকার জিজাসিত হইলে সে বলে, এই আমি. এই প্রকার অগ্রে কারণাত্মার উল্লেখ ঘারা আত্মাকে প্রকাশ করে, পরে বিশেষ নাম-জিজ্ঞাস্থ ব্যক্তিকে আমি দেবদত্ত বা—যজ্ঞদত্ত, এইরূপ মাতা পিতা কর্তৃক কল্লিত বিশেষ নামের উল্লেখ করে। সেই,প্রজাপতি ইতঃপূর্ব্ব জন্মে সাধকাবস্থায় সম্যক্রপ্রে কর্ম, জ্ঞান ও ভাবনার অনুষ্ঠান দারা যে প্রজাপতিপদ্বপ্রাপ্ত হইয়াছেন, তাহা প্রজাপতিপদলাভেরচ্ছু সাধকগণের অগ্রগণা, এ কারণ, আত্মার প্রজাপতিত্ব-প্রতিপাদনেচ্ছু ব্যক্তি সমূদামের মধ্যে তিনিই অগ্রে প্রজাপতিপদপ্রাপ্তির প্রতিবন্ধকস্বরূপ আসক বা অজ্ঞানজনিত সমন্ত পাপের বিনাশ করিয়াছিলেন। নেহেতু, তিনিই পূর্বের আসক্তিরপ পাপকে দগ্ধ করিয়াছিলেন ; এ জ্ঞাতিনি পুরুষ নামে অভিহিত হন। যে প্রকার প্রজাপতিপদাভিলাষী সেই পুরুষ পূর্ব-জন্মে প্রতিবন্ধকস্বরূপ পাপ সকলকে বিনাশ করিয়া পরজন্মে প্রজাপতি হইয়া-ছিলেন, সেই প্রকার অন্ত সাধকও জ্ঞান, কর্ম ও ভাবনার অনুষ্ঠানরপ অগ্নি দারা কিমা কেবল জ্ঞানাগ্নি মারাই তাহাকে ভশ্মীভূত করে। এই উৎক্লষ্ট জ্ঞানী ও ভাবুক (আত্মজ্ঞ) অপেকা ন্যুনদাধনৰুক্ত হইয়াও যে প্ৰথমতঃ প্ৰজাপতি হইতে ইচ্ছা করে, সেই অন্নজ্ঞানসম্পন্ন প্রজাপতিত্বকামীকে তিনি (জ্ঞানী ও ভাবুক)

দগ্ধ করিবেন্। যদি জ্ঞান ও ভাবনার প্রকর্ষণালী ব্যক্তি প্রজাপতিষ-কামীকে দ্র্ম করে, তাহা হইলে প্রজাপতিত্বপ্রাপ্তি-কামনা অনর্থের মূল বলিতে হইবে অর্থাৎ যথন প্রজাপতিপদকামী, ঐ পূর্ব্বোক্ত উৎকৃষ্ট জ্ঞানবান্ কর্ত্তক ভত্মীক্তত হয়, তথন কে ঐ পদকামনা করিবে? এই আশস্কা অমূলক, যেহেতু, দাহ শদের যথাকত অর্থেই এইরুপ দোষ উদ্ভাবিত হই-ষাছে; বাস্তবিক, এ কথাতে কোন দোষ সম্ভাবিত হয় না। যেহেতু, এথানে দাহ শব্দের অর্থ—জ্ঞান ও ভাবনার উৎকর্বাভাববশতঃ প্রজাপতিপদ-প্রাপ্তির ব্যাঘাত। অভিপ্রায় এই যে, বিনি জ্ঞানভাবনার উৎকর্ষরূপ সাধনসম্পন্ন হুইয়াছেন, তিনিই প্রথমতঃ প্রজাপতিপদ প্রাপ্ত হয়েন এবং যিনি তাহা অপেকা ন্যানদাধন, তাঁহার প্রজাপতিপ্রণাভ হয় না। একফলার্থী ব্যক্তিমন্ত্রের মধ্যে সাধনোংকর্ষের ছারা এক জন পূর্ণমনোরথ হইলে, ন্যুনসাধনসম্পন্ন অপর ব্যক্তি ছংখিত হইয়া থাকে, ইহা স্বাভাবিক: এ হলে ইহাই দাহ শব্দের তাৎপর্য্য। কিন্তু প্রকৃতপক্ষে উৎকুষ্ট্রপাধনসম্পন্ন ব্যক্তি কর্ত্তক ন্যানসাধনসম্পন্ন ব্যক্তি দগ্ধ হয় না, ইহা প্রত্যক্ষসিদ্ধ। লৌকিক ঘটনায়ও দেখা যায়, ৰুদ্ধার্থী ব্যক্তিগণের मरक्षा अथमजः य बुक्तरकत्व छेन्। इत्र, त्म ज्ञानत क्षातमान वाक्तिनिगरक नक्ष করে, অর্থাৎ তাহাদিগের দামর্থা হরণ করে। ইহার বাস্তব অর্থ পরাজয়জনিত মনস্তাপ সম্পাদন, সেই প্রকার এ স্থনেও দাহশন্দ ঔপচারিক জানিবে॥ ১॥

সোহবিভেত্তশ্বাদেকাকী বিভৈতি সহায়সীক্ষাঞ্চক্রে যন্মদগ্রনান্তি কম্মান্ন বিভেমীতি তত এবাস্থা ভয়ৎ বীয়ায় কম্মান্ধ্যভেষ্যৎ দ্বিতীয়াদ্বৈ ভয়স্তবতি ॥ ২॥

আপত্তি হইতেছে এই যে, কশ্মকাণ্ডোক্ত জ্ঞান ও কশ্মের কল প্রাজ্ঞাপত্যপদ-প্রাপ্তি, শতিতে জহার ভূমদী প্রশংসা প্রদর্শিত হইয়াছে, দেই প্রাজ্ঞাপত্য পর্যন্ত সংসার-বিষয় অতিক্রম করিতে পারে নাই; অর্থাৎ প্রজ্ঞাপতিও সংসারের অন্তর্গত; তবে তাহার উৎকর্ষ কি ? ইহার উত্তরে শতি কহিতেছেন, হা, তাহা সত্য প্রজ্ঞাপতিপদও সর্বেরিংকৃষ্ট কল নহে। দেই প্রথম শরীরী প্রশ্বাকারবিশিষ্ট প্রজ্ঞাপতিও আমাদের ভাম ভীত হইয়াছিলেন। মেহেতু, প্রজ্ঞাপতি সাধারণ প্রক্রের ভাম শরীরেন্দ্রিয়ধারী ও অবিনাশী আম্মার ভাতে বিনাশ ভীলনা করিয়া ভাত, সেই জ্ঞাই তাহার একাকী থাকাতে ভন্ম ইইয়াছিল, তদমুসারে

এথনও একাকী থাকিলে লোক সকল ভীত হইয়া থাকে। আর । মক কথা-যেমন লোকের রক্ষকে রক্ষরণে জানিতে পারিলে দর্পভয় নির্ভ হয়, এরূপ প্রজাপতির সেই ভীতিকারণ ভ্রান্ত আযুক্তানের অপনোদনের জন্ম প্রজাপতির যথার্থ জ্ঞান জনিয়াছিল। তথন তিনি অনুশীলন করিলেন, আমার যথার্থ স্বরূপ কি? এই সমস্ত জগতে আত্মার প্রতিষ্টী অন্ত কোন বস্তু নাই; স্তরাং আত্মার । বিনাশকর্ত্তা নাই। কাহার ভয় করিব ? এই প্রকারে দেই আত্মার যথার্থ স্বরূপজ্ঞান জন্মিলে প্রজাপতির ভয় বিশেষরূপে বিনষ্ট হইল। প্রজাপতির যে মৃত্যভন্ন হইয়াছিল, তাহা কেবল অবিছা-দোষেই ঘটিয়াছিল! যথন প্রমালার স্বত্রপদর্শন হইল, তর্থন আর অবিস্থাজনিত ভয়সম্ভব কি, শ্তি ইহাই প্রতিপাদন করিতেছেন। পরতত্ত্ব নিরূপিত হইলে, অর্থাৎ আত্মাই একমাত্র সত্যু, জগুৎ মিথ্যা, এই প্রকার জ্ঞান হইলে ভয় হইতে পারে না ; কারণ, ভয় বিতীয় বস্তু হইতেই হয়, অথচ দেই বিতীয় বস্তু এক অবিম্পার উপর প্রতিষ্ঠিত। আত্মতত্বজ্ঞান দারা অবিম্পার নাশ হইলে, দিতীয় বস্তু দুশুমান হয় না, স্মৃতরাং তথন অদুশু বস্তু ভয়ের কারণও হয় না। মন্ত্রণেও দেখিতে পাওয়া যায়,"যাহার একাখ্মজ্ঞান হইয়াছে, তাহার মোহই বা কি শোকই বা কি" অতএব আবৈষ্কাজ্ঞান ধারা একাম্মজ্ঞানে প্রজাপতির যে ভয় বিনষ্ট হইয়াছিল, ইহা বুক্তিবৃক্ত। কারণ, ভয়ের কারণ দ্বিতীয় বস্তুজ্ঞান, এক ব্রহ্মজ্ঞান দারা তিরো-হিত হইলে ভয়ের কারণ থাকিতে পায়ে না। এক্ষণে প্রশ্নন্থতৈছে, প্রজাপতির এই আব্যৈকত্বজান কোথা হইতে আসিল ৮ কেই বা ইহাকে উপদেশ করিয়াছে ? यनि वन, छेशाम नाजित्त्वत्व चंडरे चारेश्वकष्ठान चाविक् ठ रहेशाहिन, जत আমাদেরও তাহা হয় না কেন ? জনান্তবীণ সংস্কার বশতই হইয়াছিল, ইহাও বলা যায় না; কেন না, তাহা হইলে আত্মৈক্ত্বিজ্ঞানের সার্থকতা থাকে না। কারণ, দেখা যায় যে, জনান্তরে আচার্য্যোপদেশাদিজনিত প্রজাপতির আত্মৈকত্ব-জ্ঞান এই জ্নোর সংস্কার দাবা অমুমিত হইলেও অবিস্থারূপ বন্ধনকারণকে অপনীত করিতে পারে নাই অর্থাৎ বদি প্রাক্তনীয় আত্মৈকত্বজ্ঞান ধারা অবিদ্যা-নিবৃত্তি হইত, তবে প্রজাপতির এই জন্মলাভ হইত না। যেহেতু, প্রজাপতি অবিভাষুক্ত নহে বলিয়াই ভীত হইয়াছিল, তাহার ভায় সকলেরই এ জন্মের নহে, আর্থৈকস্বজ্ঞান নিফল বলিতে পারি। পূর্বজন্মীয় আত্মজ্ঞান निकन, जावाद आक्रन जाग्रज्ञान निकन, अञ्चनीय के ज्ञान नकन, बहेक्न कमनार कान जिंछि नारे, कार्ष्वरे आश्रुकान निक्रम वना घाउँक। यपि

মরণকালীন ম্মাত্মৈক্যজ্ঞান অবিভানিবৃত্তির হেতু বলা যায়, তাহাও নহে, যেহেতু, প্রজাপতির পূর্বজন্মে মরণকালীন ঐ জ্ঞানেই ইহার ব্যভিচার আছে। নেই হেতু, ইহণ্ট অবধারিত হইল যে, আত্মৈকত্বজ্ঞান নিক্ষণ। সিদ্ধান্তী উত্তরে বলিতেছেন, ইহাতে কোন দোষ নাই। প্রজাপতির ঐ একত্বজ্ঞান জন্মান্তরীণ স্ফৃতি হইতেই উৎপন্ধ, উহা কাহারও দারা উপদিষ্ট নহে 🕴 যে প্রকার সাধারণ লোক জনাস্তরীয় পুণাকশাঁপ্রভাবে বিশুদ্ধদেহ ুও অবিকল ইন্দ্রিয়াদিবিশিষ্ট জন্ম লাভ করিয়া বৃদ্ধি, মেধা ও স্বৃতিশক্তির উৎকর্ষ লাভ করে দেখিতে পাওয়া যায়, সেই প্রকার প্রজ্বাপতিরও ধর্ম, জ্ঞান, বৈরাগ্য ও ঐশ্বর্য্যের বিপরীত—অর্থাৎ অধর্ম, অজ্ঞান, অবৈরাগা ও অনৈথর্য্যের কারণীভূত সমস্ত পাপ বিনষ্ট হওয়ায় বিশুদ্ধ-দেহেক্রিয়বিশিষ্ট উৎকৃষ্ট জন্মলাভ হইয়াছে, তাহা হইতেই আচার্যোপদেশ বাতিরেকেও ইহজনে আবৈ বাজান উৎপন্ন হওমা ৰুক্তিৰুক্ত। স্বৃতিতে কথিত আছে যে, অপ্রতিহত জ্ঞান, ধর্ম, বৈরাগ্য ও ঐশর্যা এই চারিটি প্রজাপতির জন্মসহজাত। যদি বল, প্রজাপতির এই চারিটি স্বভাবসিদ্ধ হইলে তাহার ভয় হওয়া অসম্ভব। সূর্য্যের সহিত অন্ধকারের একদা অবস্থিতির মত প্রজাপতিরও জ্ঞানের সহিত ভদ্ধ থাকা বিরুদ্ধ বলিয়া মনে হয়। কিন্তু তাহাও নহে। এ স্থলে সহসিদ্ধশব্দের অর্থ অন্তের অনুপদিষ্ট, ঐ জ্ঞানো-দয়ের প্রাক্কালে প্রজাপতির ভয় হওয়া অসঙ্গত নহে। আপততঃ মনে হয় বটে —জ্ঞান স্বতঃসিদ্ধ হইলে শ্রদ্ধা, তৎপরতা, গুক্রুসেবা প্রভৃতি শাস্ত্রকথিত জ্ঞানোপায় সকলের কারণতা নির্দেশের সার্থকতা থাকে না। কথিত আছে, শ্রদ্ধাবান, একাগ্র-চিত্ত এবং ইন্দ্রিয়ের সংযমনকারী ব্যক্তি জ্ঞানসাভ করে, জ্ঞান গুরুর প্রণিপাত, পরিপ্রন্ন ও দেবা ব্যাতিরেকে হয় না, ইত্যাদি শুতিস্থৃতিবাক্য দারা প্রতিপাদিত শ্রমা প্রভৃতির জ্ঞানকারণতা রক্ষিত হয় না, অর্থাৎ শাস্ত্রকথিত কারণগুলি অকারণ হইয়া পড়ে। অতএব প্রকাপতির মত আমাদেরও জন্মান্তরীণ পুণাই আত্মজ্ঞানের হেতু বলা যাইতে পারে। কিন্তু তাহা নহে, যেহেতু, আত্মজ্ঞানের কারণরূপে শাল্পে যে দকল উপায় অভিহিত হইয়াছে, কোন ন্তলে তাহার সমুদায়ই, কোন স্থলে বৈকল্লিক, অর্থাৎ যে কোন একটি অথবা কতিপন্ন কারণই আত্মজ্ঞান সাধন করে, তন্মধ্যে কেহ মুখ্য ও কেহ গৌণভাবে কারণ হয়। তাৎপধ্য এই-—যাহার জনান্তরীয় প্রচুর পরিমাণে পুণ্য সঞ্চিত আছে, তাহার ঐ পুণ্যপ্রভাবে গুরুপদেশাদি কারণ ব্যতিরেকেও আত্মতত্ত্ব-শক্ষিৎকার হয়। বাহার ত্রপেকা অন্ন পুণা সঞ্চিত আছে, তাহার জনান্তরীয়

পুণ্যসহক্ষত ঐছিক গুরুসেবাদি কতিপন্ন কারণ এবং যাহার তদপেক্ষাও অল পুণ্য, তাহার পক্ষে সম্দায় কারণ অপেক্ষিত হয়। লৌকিক অবস্থায়ও দেখা যায়, নানাকারণ ধারা নিম্পাদনীয় কার্য্যে নিমিত্ত সম্পায় অনেকরপে বিকল্পিত হয় অর্থাৎ কারণসমষ্টির মধ্যে যে কোন একটি কারণ মুগ্য ও অপরটি গৌণভাবে কার্য্য সম্পাদন করিয়া থাকে; নিমিত্ত সমুদায়ও তাহাই। সূকলের পক্ষেই গৌণ-মুথ্যভাবোক্ত প্রভেদ স্থিরীকৃত হয়। বেমন রূপ দর্শন করা একটি কারণুসাধ্য কার্যা, উহা নক্তঞ্জর (যাহারা 'রাত্রিতে বিচরণ করে, পেচক প্রভৃতি) প্রাণীর পক্ষে অন্ধকারে আলোক ব্যতিরেকে কেবল চফুর সহিত রূপের সম্বন্ধ হইলেই হইয়া থাকে, এবং যোগী সকল কেবল মনের দারাই রূপ দশন করেন, কিন্তু আমাদের পক্ষে আলোক সংযোগ, চফুরী সহিত রূপের সম্বন্ধ ও তৎসহক্ষত মনদারা রূপ প্রত্যক্ষ হয়। আবার সেই আলোক, হ্যা, চন্দ্র ও প্রদীপাদিভেদে অনেক প্রকার। ইহার যে কোন একটি আলোকের সহিত চকুঃ প্রভৃতি কারণ মিলিত হইয়া রূপের প্রত্যক্ষসাধন করে। উক্ত বিভিন্ন আলোকের সহকারিতার কারণ ভিন্ন ভিন্ন হইয়া থাকে এবং আলোকবিশেষের উৎকর্ষাপকর্ম প্রযুক্তও কারণ সমৃদর ভিন্ন ভিন্ন হয়। এই প্রকার আত্মৈকছজ্ঞানেও কোন খলে জন্মান্তরক্বত পুণ্য কারণ হয়, ইহার উদাহরণ পূর্ব্বোক্ত প্রজাপতি। কোন স্থলে তপস্থা দারা ব্রহ্ম-জ্ঞানেছা জন্মে, হলবিশেষে আচার্য্যোপদেশ ধারা আত্মজ্ঞান সম্পন্ন হয়। যেহেতুঁ, ঞতি ও স্কৃতিতে প্রতিপাদিত হইয়াছে যে, শ্রহ্মাবান্ পুরুষ ব্রহজান লাভ করে', সেই ব্রদ্ধজ্ঞান গুরুর প্রণতি ধারা প্রশ্ন ও সেবা করিলে পাওয়া বায় জানিবে। "আচাধ্য হইতেই ব্রহ্ম জানিবে।" "আত্মাকে সাক্ষাৎ করিবে এবং বেদাস্তবাক্যের ধারা আত্মতত্ত্ব এবণ করিবে।" তবেই স্থির হইল, এদ্ধা প্রভৃতিই আত্মৈকত্বজানলাভের হেতু। মেহেতু, এদা ও তপ্রভাদি দারী অধ্যাদি প্রতিবন্ধকের নিবৃত্তি হয়, তাহার অভাব হইলে প্রতিব্যুকের অভাবে আহৈত্বক্জান নির্বিরোধেই হইতে পারে। গুরুমুথ হইতে ধেদান্তপ্রতিপাল আত্মতত্ব প্রবণ, মনন (তাহা বৃক্তি ধারা অমুশীলন) ও নিদিধ্যাসন অথাৎ নিরম্ভর ধ্যান এই সমস্তই সাক্ষাৎ-সম্বন্ধে জ্বের পরমব্রন্ধবিষয়ক। অতএব আচার্য্যোপদেশ যে জ্বানের হেতু, ইহা আর বক্তব্য কি ৷ পাপাদি প্রতিবন্ধক সমুদায়ে মু অভাব হইলে আখ্যা ও মন স্বভাবতই যথার্থ (ব্রহ্ম) বস্তজ্ঞানের কারণ হয়; অতথ্য শ্রুরা, তপঞ্চা, গুরুতাণিপাত, গুরুসেবা প্রভৃতি জ্ঞানের অহেতু, ইহা বুলা यात्र ना ॥ २ ॥

স বি নৈব রেমে তত্মাদেকাকী ন রমতে স দ্বিতীয়-মৈচছে ।

স হৈতাবানাস যথা দ্রীপুমান্দ্রো সম্পরিষ্বক্রো স ইমমে-বালানং দ্বেগাপাতয়ততঃ পতিশ্চ পত্নী চাচ্চবতাং তত্মাদিদ-মর্দ্ধরগলমিৰ স্ব ইতি হ স্মাহ যাজ্ঞব্দ্ধ্যন্তস্মাদয়মাকাশঃ দ্রিয়া পূর্যাত এব তাল সমভবততো মনুষ্যা অজায়ন্ত॥ ৩॥

প্রজাপতি যে সংসারী জীবের অন্তর্গত, সে বিষয়ে আরও বুক্তি এই যে, সেই প্রজাপতি একাকী অবস্থায় রতি অমুভব করেন নাই, অর্থাৎ আমাদের ক্যায় অরতিযুক্ত হইয়াছিলেন, প্রজাপতি একাকী অবস্থায় অরতিবৃক্ত হইয়াছিলেন বলিয়া এখনও অন্ত ব্যক্তিও একাকী অবস্থায় রতিলাভ করে না; এক একাকিছই তাহার কারণ। অভিলম্বিত বস্তুর সম্পর্কজনিত ক্রীড়াকে রতি বলে। আর সেই জীড়ামুরক্ত ব্যক্তির সেই অভিল্যিত বস্তুর বিচ্ছেদে মনের যে ব্যাকুলীভাব, তাহাকে অরতি কছে। সেই প্রজাপতি সেই অরতির দুরীকরণের জন্ম ঐ অরতি-নাশক্ষম স্ত্রী-নামক ধিতীয় সেই বস্তকে কামনা করিয়াছিলেন। সেই প্রজাপতির ন্ত্রীবিষয়ে অভিলাষ বশতঃ, অন্তঃকরণ, কামিনী-কামুক পুরুষের অন্তঃকরণের স্থায় একান্ত স্ত্রীবশীভাব প্রাপ্ত হইয়াছিল, প্রজাপত্তি সত্যকাম হেতু স্ত্রীসংসক্ত জীবের ক্সায় অবস্থা প্রাপ্ত হইয়াছিলেন অর্থাৎ যেমন সংসারে অর্তির বিনাশের জন্মন্ত্রী ও পুরুষ উভয়ে সম্বিলিত হইয়া এক অনির্ব্বচনীয় অবস্থা প্রাপ্ত হয়, তিনি সেই সময়ে সেই দশা প্রাপ্ত হইয়াছিলেন। দেই অবস্থায় পড়িয়া তিনি নিজেকে হুই প্রকারে ন্দ্রী ও পুরুষরূপে বিভক্ত করিয়াছিলেন। শ্রুতিস্থ "ইমমেব" এই 'এব' শব্দ ছারা বে অবধারণ করা হইয়াছে, ইহার তাৎপর্য্য এই যে, প্রস্পর মিলিত স্ত্রী পুরুষ শরীরকে বিরাট পুরুষের বিশেষণভাবে প্রতিপাদন অর্থাৎ যেমন ছগ্নের সর্ব্বণা অবস্থাপরিবর্ত্তন মারা দধির উৎপত্তি হয়, সেইরূপ মূল কারণ বিরাটের মিলিত অর্দ্ধ-নারী-পুরুষ মৃত্তি গ্রহণে স্বরূপপরিবর্ত্তন ঘটে নাই। স্বরূপে অবস্থিতভাবেই বিরাটের সত্যক শতা হেতু নিজ হইতে অতিরিক্ত পরম্পর সংসক্ত একটি স্ত্রীপুরুষ-শরীর উৎপন্ন হইন্লাছিল। 'সহৈতাবান্,' ইত্যাদি শ্রুতিতে 'স' 'এড়াবান্' পদংয়ের সামানাধিকরণ্য (অভেদানর) নির্দিষ্ট থাকার ঐ তাৎপর্যা অবগত হওরা বার। দেই বিরাট প্রজাপতিই ছই প্রকারে পাতন, অর্থাৎ বিভাগকরণ হেতু পতি এবং

পত্নী, এই উভন্নরূপী হইয়াছিলেন। এ স্থলে পতি-পত্নী-শব্দ গৌকিক পতি-পত্নী অর্থের বোধক, কিন্তু ধিধাপতিত প্রজাপতি-শরীরের বাচক জানিব। বেছেত্ব, পত্নী নিজ শরীরের পৃথগ্ ভূত অর্জাংশ, সেই হেতু পতিও অর্জশরীর। যেমন মূল্য, মাষ প্রভৃতি শস্তকে ছই ভাগে বিভক্ত করিলে ধিধাকরণ হইলে প্রত্যেক অংশ বিদলরূপে ব্যবহৃত হয়ৣয়য়য়য়প প্রকৃষ্যও বিবাহ করিবার পূর্ব্দৃষ্যমে অর্জশরীরে অব্পত্তি থাকে, এই জন্ম বৃগল-(বিদল) নামে অভিহিত হয়। দেবরাত-নামা বাজ্ঞবন্ধ্য এই প্রকার বলিয়াছেন। বাজ্ঞবন্ধ্য অর্থে যিনি যজ্ঞের বন্ধ—বক্তা, তাঁহার পূর্ল, অথবা যজ্ঞবন্ধ বন্ধা, তাঁহার পূর্ল। যেহেত্ব, পুরুষরূপ অর্জ, বিবাহের পূর্বিদ্যমেরে স্ত্রীরূপ অর্জ শৃত্ত কন্য আকাশ অর্থাৎ শৃত্ত শক্ষের অভিহিত হয়। বিবাহের পর স্ত্রীরূপ অর্জ অঙ্গের সহিত সম্মিলিত হওয়ায় বিদলার্জ পূর্ণতা লাভ করে। সেই প্রজাপতি মন্থনামা পূরুষ হইয়া নিজের শতরূপা-নামী কন্তাকে পত্নীরূপে কল্পনা করিয়া তাহাতে মৈথুনাসক্ত হইয়াছিলেন, সেই মন্থ হইতে উৎপন্ন হইয়া জীব মন্থয় সংজ্ঞা লাভ করে॥ ৩॥

দা হেয়মীক্ষাঞ্চক্রে কথং সু মাজান এব জনগ্রিত্বা সম্ভবতি হস্ত তিরোহদানীতি সা গোরভবদৃষভ ইতরস্তাদ্র সমেবাভবততো গাবোহজায়ন্ত বড়বেতরাহভবদশ্বর্ষ ইতরো গর্দভীতরা গর্দভঁ ইতরন্তাদ্র সমেবাভবতত, একশফমজায়তাহজেতরাভবদ্বস্ত ইতরোহবিরিতরা মেম ইতরস্তাদ্র সমেবাভবততোহজাবয়োহ-জায়ন্তৈবমেব যদিদং কিঞ্চ মিধুনমাপিপীলিকাভ্যস্তৎ সর্ববন্দস্কত ॥ ৪ ॥

সেই শতরূপানামী কন্যা কন্যাগমনে শাস্ত্রোক্ত দোষ শ্বরণ করিয়া মনে মনে আলোচনা করিলেন, কেন পিতা এই অকাধ্য করিলেন, তিনি আমাকে নিজ হইতে উৎপন্ন করিয়া আবার আমাতেই রত্যাসক্ত হইলেন, এই প্রষ্টা নিল জ্ঞা, ধিক্ ইহাকে! এইক্ষণে আমি জন্মান্তর পরিগ্রহ করিয়া নিজেকে তিঁরোহিত করিব। এইরূপ বিবেচনা করিয়া তিনি গোরূপা হইয়াছিলেন; কিন্তু কর্ম্ম জীবের সঙ্গী, এ কারণ গোজন্মেও প্রাক্তন কর্ম্মবশে শতরূপা ও মহার পুনঃ পুনঃ এরূপ বৃদ্ধি হইয়াছিল। শতরূপা গোম্র্ডি ধারণ করিলে মহা বৃষরূপী হইয়া তাহাতে মৈথুনাসক্ত হইয়াছিলেন, তাহা হইতে গো সকল উৎপন্ন হইয়াছিল। তৎপরে শতরূপা

ম্বণায় ও ক্ষাম অধাকৃতি ধারণ করিলে মন্ত্র অধার্ষ (পুরুষ অগ) হইলেন, এবং শতরূপা গর্দ্ধভী হইলে মন্ত্র গর্দ্ধভরূপে তাহাতে রমণনীল হইমাছিলেন, সেই সংযোগে এক গুরবিশিষ্ট জাতি অর্থাৎ অথ, গর্দ্দভ, অথতর নামে ত্রিবিধ পশু উৎপন্ন হইয়াছিল। পরে শতরূপা পূর্বাক্ত কারণে অজা হইলে মন্ত্র ছাগরূপে এবং শতরূপা অবি (মেমন্ত্রী) হইলে মন্ত্র মেবরূপে তাহাতে উপগত হইয়াছিলেন, তাহাতে ছাগ ও মেবজাতীর পশুর উৎপত্তি হইল। এই প্রকারে এই জগতে পিপীলিকা পর্যান্ত যাহা কিছু স্ত্রীপুরুষলক্ষণমুক্ত প্রাণিজাতি দেখা যান্ন, তৎসমন্তই উক্ত প্রকারে প্রজাপতি হইতে স্বষ্ট॥ ৪॥

সোহবেদহং বাব স্থান্তীরস্ম্যাহণ হীদণ সর্ব্বনস্ক্ষীতি ততঃ স্থান্তিরভবৎ স্থান্ট্যাণ হাস্মৈতস্মান্তবতি য এবং বেদ॥ ৫॥

সেই প্রজাপতি এই সমস্ত জগৎ সৃষ্টি করিয়া বিবেচনা করিয়াছিলেন যে, আমিই এই সৃষ্ট জগৎস্বরূপ। যেহেতু, এই জগৎ আমা কর্তৃক সৃষ্ট; স্বতরাং আমা হইতে অভিন্ন; অভিন্ন বলিয়া আমিই এই জগৎস্বরূপ, জগৎ আমা হইতে স্বতন্ত্র নহে। প্রজাপতি এইরূপ আলোচনার পর নিজকৈ 'সৃষ্টি' শব্দ দারা অভিধান রূরায় এই জগতে তাহার সৃষ্টি এই নামটি প্রসিদ্ধ হইয়াছে। যে ব্যক্তি প্রজাপতির প্রদর্শিত প্রকারে নিজ হইতে অভিন্নরূপে এই আধ্যাত্মিক, আমিতিকিও আনিদৈবিক * সমগ্র জগৎকে "আমিই সমগ্র জগৎস্বরূপ" 'জগৎ আমা হইতে প্রথক্ নহে', এই প্রকারে ভাবনা করে, সে এই প্রজাপতির সৃষ্ট জগতে প্রজাপতির স্বায়র, নিজের অভিন্নরূপে এই জগতের সৃষ্টিকর্ত্তা হয়॥ ৫॥

. অথেত্যভাগন্ত্ সম্থাচ্চ যোনেহ স্থাভ্যাঞ্চাগ্নিম্পুজত তম্মা-দেততুভয়মলোমকমন্তরতোহলোমকা হি যোনিরন্তরতঃ।

তদযদি তমাহুরমুং যজামুং যজেত্যেকৈকন্দেবমেতক্ত্রৈব সা বিস্প্তিরেষ উ যেব সর্কে দেবাঃ।

অথ যৎক্লিকেদমার্ক্ত তত্ত্বেতসোহস্কৃত তত্ত্ব সোম এতাবদ্বা

^{*} भेतीतव हैं जिय ७ व्यापानि व्यथाक भेटन कविक, व्यवकृष्ठ भेटरा व्यानिप्रपृष्ट्छ व्यवदान स्टब्स है जिस एक व्यापानि व्यवदान के कि क्या ।

ইদ্ধ সর্ব্যমকৈবালাদশ্চ সোম এবালমগ্রিরলাদঃ সৈষ্য ব্রহ্মণো-২তিস্থাটিঃ।

যচেছ য়সো দেবানস্থজতাথ যন্মর্ত্ত্যঃ সন্নম্তানস্থজত তন্মাদতিস্প্তিরতিস্ফ্রাণ হাস্মৈতস্থাং ভবতি য এবং বেদ॥৬॥

এই প্রকারে সেই প্রজাপতি স্ত্রী ও পুরুষময় এই জগং সৃষ্টি করিয়া অতঃপর ব্রাহ্মণাদি বর্ণচতুষ্টমের নিমন্তা অগ্নি প্রভৃতি দেবজাবিশেষের স্থাষ্ট করিবার অভি-প্রাম্ব করিলেন। উক্ত প্রকারে প্রথমত> মুখে হস্তদ্বয় প্রক্ষেপ করিয়া দমুগীনভাবে মন্থন করিয়াছিলেন, প্রজ্ঞাপতি কিরূপে মুখে হস্তপ্রদান করিয়াছিলেন, শ্রুতি তাহা 'অথ' ও 'ইতি' এই ছুইটি শব্দ দারা অভিনয় করিয়া দেথাইলেন। প্রজাপতি উভয় হত্তে মুখমছন করিবার পর মুখ ও হস্তব্যুরপ উৎপতিস্থান হইতে বাহ্মণজাতির প্রাধান্তের জন্ত অমির সৃষ্টি করিয়াছিলেন। যেহেতু, দাহনীল অগ্নিয় উৎপত্তিস্থান হস্ত ও মুথ, সেই জ্ঞা মুথ ও হস্তবন্ন অন্তাবিধি কেবল লোমশৃত্য। এ কারণ উৎপত্তিস্থানমাত্রই যোনিশব্দবাচা। অগ্নির উৎপত্তিস্থান বলিয়া স্ত্রীযোনিবৎ অভান্তরে নির্লোম হইয়াছে। ব্রাহ্মণজাতিও প্রজাপতির মুখ হইতে উৎপন্ন হইন্নাছিল, এজন্য অগ্নি ও ব্রাহ্মণ উভয়েই এককারণ হইতে সমুদ্ভত বলিয়া জ্যেষ্ঠকর্ত্তক অন্থ্যহীত কনিষ্ঠের মত অগ্নি কর্তৃক ব্রাহ্মণ অমুগৃহীত হঁর। আর এই কারণেই শ্রুতি ও স্মৃতিতে ব্রাহ্মণ জাতি অগ্নিদেবতার উপাসক ও মুখবীর্ঘ্যসম্পন্ন (মুখ ছারা শাপ ও বরপ্রদানস্বরূপ নিগ্রহামুগ্রহক্ষম) বলিয়া প্রদিদ্ধ আছেন। অতঃপর উক্ত প্রকারে বলের আধার বাহুদ্ম হইতে বলিভিৎ (ইক্র) প্রভৃতি ক্ষত্রিমজাতির নিমন্তা দেববর্গ ও ক্ষত্রিয় জাতির স্ষ্টি করিমাছিলেন। সেই হেতু ক্ষত্রিমজাতি যাগাদি দারা ইক্স দেবতার উপাসক ও বাহুবীৰ্য্যসম্পন্ন, ইহাও শ্রুতি-শ্বতিতে বিশেষরূপে প্রতিপাদিত আছে। সেই প্রকার চেষ্টাশক্তিসম্পন্ন নিজ্ঞ উক্তবন্ন হইতে বৈশ্বজ্ঞাতির নিমন্তা বহু প্রভৃতি দেবতা এবং বৈশ্বজাতির সৃষ্টি করিলেন, সেই হেতু অম্বাপি বৈশ্বজাতি বস্থ প্রভৃতি দেবতার উপাদনা করিয়া থাকে ও ক্যাদিপরায়ণ 'হয়। তৎপরে পাদ্ধয় হইতে পুষানামক দেবতা এবং পরিচর্য্যাকার্য্যে সমর্থ শূদ্রজাতির স্পষ্ট হইল। সে জন্ম শূদ্রগণ পৃথিবী-দেবতার উপাসক ও ত্রিবর্ণের সেবকরপে শ্রুতি ও

শৃতিতে যেষ্ট্রবিত আছে। যদিও এই শ্রুতিতে ক্ষত্রিয়াদি নিমন্তা ইন্দ্রাদির ও ক্ষম্রাদির সৃষ্টি কথিত হয় নাই, পুরে কথিত হইবে; তথাপি একপ্রসঙ্গে সকল সৃষ্টির উল্লেখের জন্ম উপসংহারে অমুক্ত বিষয়ও উক্ত বোধে কথিত হইল। এই শ্রুতির ব্যবস্থানুদারে ইহাই স্থিরীকৃত হইন যে, এক প্রজাপতিই সর্বদেবমন্ন, কারণ,, জাগতিক সকল স্পষ্টবস্তুই স্রষ্টা ইইতে অভিন্ন। ইক্রাদি দেবগণ সকলেই প্রজাপত্তি-স্তু, ইহা প্রতিপাদিত আছে। যদিও এই প্রকরণ আলোচনায় অবগত হওয়া যায় যে. 'যিনি উক্তরূপে প্রজাপতিকে জগদভিন্ন জ্ঞান করেন, তিনি স্রষ্টা হন,' এই প্রশংসা দারা অপরের নিন্দা প্রতিপাদিত হইতেছে। কিন্তু বস্তুতঃ তাহা নহেণ ইহার উদ্দেশ্ম অন্তবিধ, কেবল যজ্ঞপরায়ণ কর্ম্মবাদিগণ সেই সেই কর্মপ্রকরণে যে 'অগ্নিকে যাগ কর' 'ইন্দ্রকে পূজা কর' ইত্যাদিরূপে অগ্ন দেৰতার স্তুতির জন্ম উপাসনা ব্যক্ত করিম্বাছেন, তাহা উক্ত দেবগণের নাম, শস্ত্র, স্তোত্র ও ক্রিয়ার প্রভেদ নির্দ্দেশ থাকায় এক একটি বিভিন্ন দেবতার প্রতিপাদন হেতু ভাস্তিমূলক। ুবাস্তবিক সেই সকল দেবতাকে ব্রহ্ম হইতে পৃথক্ জ্ঞান করিতে নাই, পরস্ক ঐ সকল বিভিন্ন দেবতা প্রজাপতিরই স্বষ্ট, এই জন্ম ঐ সমস্ত দেবতাই প্রজাপতি স্বরূপ, ভিন্ন নহে। এই প্রজাপতিই উ্হাদিগের প্রাণস্বরূপ; স্থতরাং তিনি দর্ব্বদেবমন্ন, ইহাই ভাবনা করিবে। বাদিগণ এই বিষয়ে নানাপ্রকার বাদাসুবাদ করিয়া থাকেন। কেহ বলেন, হিরণ্যগর্ভই পরমব্রন্ধ। অপরে কহেন. হিরণাগর্ভ দংসারী, অর্থাৎ অবিভাষুক্ত জীবমাত্ত। তন্মধ্যে প্রথম বাদী হিরণাগর্ভের পুরব্রহ্মত্ব শ্রুতি ও স্মৃতি-প্রমাণ দারা প্রতিপাদিত ক্রেন, তিনি বলেন, 'পর এব' ইত্যাদি মন্ত্রে ইন্দ্রং মিত্রং' ইত্যাদি নিম্নোক্ত শ্রুতিতে তাঁহাকে দর্কমন্ন ত্রন্ধ বলা হইয়াছে। যথা—"এই প্রজাপতিকে ইন্দ্র, সূর্য্য, বরুণ ও অগ্নিরূপে শাস্ত্রকার সকল বর্ণনা করেন। 'এই পরমাত্মাই ব্রহ্মা, ইন্দ্র প্রঞাপতি ও সমস্ত দেবতা।' স্বতিতে কথিত আছে, ইঁহাকে কেহ অগ্নি বলিয়া থাকেন, কেহ মন্ন ও প্রজাপতি নামে নির্দেশ করেন। "বৈ আত্মা বহিরিন্দ্রিরের অগোচর,জ্ঞানেন্দ্রিয় বারাও যিনি অগ্রাহ (अटब्बर), रक्तकभी, याँशांत्र तीकाकूतानित छात्र तांक अवसा नांहे, यिनि निजा, দর্মপ্রাণীর আত্মান্তরূপ চিস্তার অবিষয়, দেই পরমাত্মা স্বয়ং বিরাটরূপে আবি-ভূতি হইয়াছিলেম," এই স্মৃতিবন্ধেও হিন্নাগর্ভের পরমাত্মার সহিত অপ্রভেদ প্রতি-পাদিত হইমাছে। স্নতরাং হির্ণাগর্ভ পর্মাত্মাস্বরূপই বলিতে, হইবে। দ্বিতীর বাদীর যুক্তি এই শ্রুতিতে কথিত আছে, 'তিনি সমস্ত পাপ দগ্ধ করিয়াছিলেন।' रित्रगुश्र मःनादी ना व्हेरन, प्रार्थाद निर्मिश व्हेरन काहात भागमारवत ध्यमन

কোধার ? পূর্ব্ব পূর্ব্ব শতিতে তাঁহার ভর ও অরতির কথা শ্রুত হয় 🖟 সংসারী না হইলে তাহাই বা কিরূপে সম্ভব ? মন্ত্রেও শুনা যায়, তিনি মর্ত্ত্য হইয়া অমৃতকে স্ষষ্টি করিয়াছিলেন " "ধিনি হিরণাগর্ভের উৎপত্তি নিরস্তর দেখিতেছেন 🖑 এই সকল মন্ত্র ও শ্রুতিবাক্য দারা তাঁহার সংসারিছই প্রতিপাদিত হয়, বিশেষতঃ কর্মবিপাক প্রকরণে স্বত হয় যে, "ভ্রন্ধা, মধাদি প্রজাপতি, গম, মহতত্ত্ব, প্রকৃতি এই কয়েকটি জীবের সান্ধিক উত্তম গতি পুণ্ডিত সকল বলিয়াছেন।" অতথ্য হিরশাগর্ড সংসারী, ইহাই প্রমাণিত হইতেছে। উত্তর-এই উত্তর মত প্রবণ করিয়া মনে হয়, উল্লিষিত শ্রুতি ও শ্বৃতিবাক্যের পরস্পর অর্থের বিরোধ হেতু উহারা অপ্রমাণ। পরস্ক তাহা নহে, কল্লনাবিশেষের দারা উভন্ন বাদীর উক্তিই দঙ্গতিপূর্ণ করা যায়। অর্থাৎ এক হিরণাগর্ভই উপাধিবিশেষের সম্বন্ধ ও তদভাব বশতঃ দ্বিবিধ অবস্থাৰুক্ত হন, এ কথা স্বীকার করিলে আর বিরোধ থাকিতে পারে না। শ্রুতিতেও উপাধিবিশেষের সম্পর্ক বশতঃ এক নিজিয় আত্মার নানা অবস্থা অভিহিত হইয়াছে। যথা—"যিনি উপুবিষ্ট থাকিয়াও দূরে গমন করেন, অর্থাৎ মনের শীন্ত্রগামিতাপ্রযুক্ত সেই উপাধি দারা আত্মার দূর-গমন কল্লিত হয়। 'তিনি সর্বারোপী এবং নিদ্রিত থাকিয়াও সর্বস্থানে গমন করিয়া থাকেন, অর্থাৎ নিজাবস্থাতেও মনের গতিভ্রম প্রবৃক্ত আত্মাও গমন করেন বলিয়া প্রতীত হয় এবং কল্পিত মানসিক হর্ষশোকাদি বিকারে বিক্লত মনে হয়, তাঁহার স্বাভাবিক হর্ষ-শোকাদি নাই। 'সেই পরমান্মাকে আমি ব্যতিরেকে কে জানিতে সমর্থ হইবে ?' তাহা হইলেই বুঝা গেল যে, উপাধিসম্বন্ধবশতঃ তাঁহার দংসারিত্ব ব্যবহার হয়, বাস্তবিক অসংসারিত্বই তাঁহার সভাবসিদ্ধ। এই প্রকার হিরণাগর্ভের একত্ব ও নানাভ বিষয়ে শ্রুতিতে বে উল্লেখ আছে, তাহাও উপাধি ও তাহার অভাব অবলম্বন করিয়াই সঙ্গত হইবে। •সেই প্রকার অস্তঃকরণরপ উপাধির নানাত্ব অবলম্বন করিয়া জীবের নানাথ ব্যবহার। বস্তুতঃ জীব প্রমাত্মা হইতে ভিন্ন পদার্থ নহে। যেহেতু, শ্রুতিতে জীবকে লক্ষ্য করিয়া "তত্ত্বমদি" তুমি সেই সচিচদানন্দ পরমাত্মার স্বরূপ, এইরূপে জীব ও ব্রন্ধের অভেদ নির্দেশ আছে; মুতরাং জীবের নানাত্ব ব্যবহার কাল্পনিক ভিন্ন অক্স কি বলা বাইতে পারে ? তবে হিরণাগর্ভকে পরমাত্মা বলিয়া যে শ্রুতিতে উল্লেখ করা হইমাছে, তাহার অভিপ্রায় এই যে, বিশুদ্ধস্বস্থপপ্রধান মারারূপী জনবোপাধির, অবিদ্যা-(মলিনসত্তপ্রধানা) রূপী জীবোপাধি অপেকা উৎকর্ষ ও বি শুদ্ধি হেতু হিরণাগর্ড অন্মণাদি দ্বীব অপেক্ষা উৎকৃষ্ট, অথচ সুষ্ট্যাদি শক্তিসম্পন্ন : মুতরাং পরশাস্মার্কর। এই জন্ম শ্রুতি ও স্থৃতি তাঁহাকে প্রায় পর্মাত্মা বলিয়া অভিহিত করিয়াছেন। আবার কোন কোন স্থানে শ্রুতি তাঁহাকে ঐ অবিদ্যা উপাধি অবলমন হেতু সংসারী বলিয়াও নির্দেশ করিয়াছেন। কিন্তু জীবের অবিছারপ উপাধিতে প্রচরপরিমাণে অগুদ্ধি (তমোগুণ) থাকার তাহারা প্রায়ই সংসারী বলিয়া কীর্ম্ভিত হুইয়াছে। শ্রুতি-শ্বতিবাদের তুর্ণৎপর্যা এই যে, যিনিই যাবতীয় উপাধি হইতে মুক্ত হইয়া অসাধারণ্য লাভ করিয়াছেন, তিনিই পরমাত্মরূপে নির্দিষ্ট হন, ইছাতে ব্যক্তিবিশেষের নিয়ম নাই। তার্কিকগণ বেদের প্রামাণ্য ত্যাগ করত জুগৎকর্তার অন্তিম্ব-নান্তিমাদি বিষয়ে নানা-প্রকার কুতর্ক উদ্ধাবন করিয়া শান্তের ব্যাস্তবিক অর্থকে সন্দেহসমূল করিয়া তুলেন; স্তরাং প্রকৃত শাস্তার্থ নিশ্চয় করা হুংসাধ্য হইয়া উঠে। কিন্তু বাহারা গর্বপুত্র হুইয়া কেবল শাস্ত্রের উক্তির অনুসরণ করেন, তাঁহাদের সম্বন্ধে দেবভাদিবিষয়ে শাস্ত্রার্থ প্রত্যক্ষদৃষ্টের স্থায় নিশ্চিতরূপে পরি-জ্ঞাত হয়। পূর্বাদর্শিত মুক্তি ও শ্রুতিপ্রমাণ মারা প্রজাপতির ঔপাধিক সংসারিত্ব ও উপাধিসম্পর্কাভাবে বিশুদ্ধত্ব অবধারিত হইন্নাছে। এক্ষণে সেই একই প্রজা-পতির অন্নাদিউপাধিভেদে স্বরূপভেদ-প্রদর্শন শ্রুতির অভিপ্রেত। পূর্বে অন্নাদি অগ্নিস্বরূপ বলা হইয়াছে, এইক্ষণে সোমস্বরূপে বর্ণিত হইতেছে। এই জগতে যে কোন দ্রবময় পদার্থ দৃষ্ট হয়, তৎসমস্তই পরমান্তা (প্রজাপতি) নিজ বীর্থ্য হইতে সৃষ্টি করিয়াছেন। শ্রুতিতে জলই প্রুমান্তার বীর্ঘ্য বলিয়া উক্ত আছে। দোমও দেই জলময়। দেই হেতু প্রজাপতির বীর্যা, হইতে উৎপন্ন যে কোনও জবময় পদার্থ দোমস্বরূপ। সংক্ষেপে বিশ্বকে এইমাত্র অবধারণ করা যায় ए, मृश्चमान मकन প्रमाथेरे अन्न ও अन्नार्मित अञ्चर्जू क, रेहा অপেका अणितिक পদার্থ আর নাই। সোমদেবতা দ্রবাত্মক ও জীবের তৃপ্তিকারক, এ জন্ম তিনি সেই অন্নস্বরূপ এবং রুক্ষত্ব ও উষ্ণত্ব হৈছু অগ্নিই অন্নাদ অর্থাৎ অন্নভোক্তা। এ স্থলে এইরূপ অবধারণ করার উদ্দেশ্ত এই যে, পৃথিবীতে যাহা কিছু থাত্ত আছে, তৎসমস্তই সোমস্বরূপ এবং যে ভক্ষণ করে. সেই অগ্নি। শ্রুতিক্থিত একটি 'এব' শব্দ দারা এই হুই প্রকার অবধারণ অর্থাধীন জ্ঞাত হুইল। যদিচ অগ্নি সংহারকর্ত্তা, সংহরণীয় পদার্থ সোম, খার ইহাই শ্রুতির তাৎপর্য্য, তথাপি লোকপ্রসিদ্ধ অগ্নি জ্বলাদি ৰারা আহত হইলে পারিভাষিক সোম বলিয়া গণ্য হয়। এই প্রকার মথন বাগে সোমদেবও বজ্ঞীয় হবি: ভক্ষণ করেন, সেই স্থলে সোমও অগ্নিরূপেই মভিহিত হইরা থাকেন। স্নতরাং উক্তপ্রকারে বর্ণিত অগ্নিও সোমময় জগৎকে

আত্মারপে জ্ঞানকারী ব্যক্তি কোন দোষে নিপ্ত হর না এবং প্রজাপৃতিপদ প্রাপ্ত হয়, ইহাই প্রজাপতির অভিস্তি, অর্থাৎ নিজ হইতে উৎরুপ্ত সৃষ্টি। সেই সৃষ্টি কি ? একণে তাহাই বলিতেছেন,—বেহেতু, প্রশস্ততর অবস্থার উপনীত হুইরা প্রজাপতি নিজস্বরূপ হইতে এই দেবতাদিগকে সৃষ্টি করিয়াছেন, সেই হেতু এই দেবসৃষ্টিকেই অভিস্তি বলা যার। কেন নিজ হইতে দেবসৃষ্টি উৎরুপ্ত, সম্প্রতি তাহাই শ্রুতি দারা বর্ণিত হইতেছে। বেহেতু, প্রজাপতি স্বয়ং মরণধর্মী হইয়াও কর্ম ও জ্ঞানরূপ অগ্নি হারা স্বকীর সমস্ত পাপ দগ্ধ করত অমর দেবতাদিগকে সৃষ্টি করিয়াছিলেন, সেই হেতু ইহাকে অভিস্তি অর্থাৎ উৎরুপ্ত জ্ঞানের কলম্বরূপ বলা যার। এই দেবসৃষ্টিকে প্রজাপতির আত্মা বলিয়া ব্ জানিতে পারে, সে এই অভিস্তি কার্য্যে প্রজাপতির তুলা হয়, অর্থাৎ প্রজাপতির তায় এক জন শ্রন্থা হয়॥ ৬॥

তদ্ধেদং তহ্য ব্যাকুতমাদীৎ।

তশ্বামরূপাভ্যামেব ব্যাক্রিয়তাসো নামায়মিদণ্ড রূপ ইতি তদিদমপ্যেতর্হি নামরূপাভ্যামেব ব্যাক্রিয়তেহসো নামায়মিদ্থ রূপ ইতি স এষ ইহ প্রবিষ্টঃ।

আনথাত্রেভ্যা বথ। ক্ষুরঃ ক্ষুরধানেহবহিতঃ স্থাদিশম্ভরো বাঁ বিশ্বস্তরকুলায়ে তন্ন পশ্যন্তি।

অকুৎস্নো হি স প্রাণন্নেব প্রাণো নাম ভবতি।

বদন্ বাক্ পশ্যত সকলে শৃণ্বন্ শ্ৰোত্ৰং মন্বানো মনস্তান্ত সৈত্ৰ তানি কৰ্মনামান্তেব।

স য়োহত একৈকমুপান্তে ন' স বেদারুৎস্নো হোষো-হত একৈকেন ভবত্যাত্মেত্যেবোপাদীতাত্র হেণ্ডে সর্ব্ব একং ভবন্তি।

তদেতৎ পদনীয়মশু দৰ্শবন্থ যদয়মাত্মানেন হেতৎ দৰ্শং বেদ।

यथा द रिन शरमनास्त्रविद्गमरमवर की र्किए दल्लाकर विस्मर्क य

এই কার্য-কারণ-সমষ্টিরূপী জগৎ উৎপত্তির পূর্বের অব্যক্তাবস্থায় থাকে, পরে ইহার কার্য্য ও কারণরপে অভিব্যক্তি হয়। বেদোক্ত উপায় দকল জ্ঞান বা কর্মম্বরূপ এবং কর্ত্তা প্রভৃতি অনেক সহায়-সাপেক, ইহার চরম ফর' প্রজাপতিত্ব-লাভ, ইহাই ঐ জ্ঞান-কর্ম-সাধনের সাধ্য ৷ এই অভিব্যক্ত সাধ্যসাধনময় জগংকে সংসার বলা যায়। এই জগতের অভিব্যক্তির পূর্বেষ যে বীদ্ধাবস্থা (অব্যক্তাবস্থা) ছিল, তাহার নির্দেশই এই ক্রতির অভিপ্রেত। বেমন বীজমধ্যে স্ক্লরূপে বৃক্লের বিশ্বমানতা অঙ্কুরাদি কার্য্য থাক্কা অনুমান করা যায়, সেই প্রকার এই জ্বগৎও ব্যাকৃত হইবার পূর্ব্বে স্ক্ষরণে কারণে বিশ্বমান ছিল, ইহা পরবর্ত্তিনী অভিব্যক্তি দারা অনুমান করিয়া ক্লইতে ইইবে। এই সংসাররূপ বুক্ষ অবিদ্যারূপ ক্ষেত্রে ধর্মাধর্মস্বরূপ বীজ হইতে উৎপন্ন, ইহাকে সমূলে উৎপাটন করা উচিত, অর্থাৎ কর্ম্মবাসনা পর্যান্ত উচ্ছেদ করিবে, তাহা না হইলে পুনরায় সংসার-বুক্ষের উৎপত্তির সম্ভাবনা। আর তাহার উদ্ধার হইলেই মোক্ষর্রপ পুরুষার্থলাভও করায়ত্ত জানিবে। এ বিষয়ে কাঠক শ্রুতি বলিয়াছেন যে, "সংসার-বৃক্ষের মূল উর্দ্ধ-দিকে, শাথা অধোদিকে রহিয়াছে।" ভগবদগীতাতেও উক্ত আছে; "যাহার উদ্ধে মূল ও অধোদিকে শাথা।" পুরাণও কহিয়াছেন, "ব্রহ্মরূপ বৃক্ষ দদা বিরাজমান।" উৎপত্তির পূর্কে এই জগৎ-বৃক্ষ বীজাবস্থায় (স্ক্রাবস্থায়) ছিল। অভঃপর শ্রুতির ব্যাখ্যা হইতেছে—সেই সময়ে অর্থাৎ প্রত্যক্ষের অগোচর দশাম জগৎ অব্যক্ত ছিল। শুতি প্রত্যক্ষের অগোচর কালকে 'তহি' শব্দের প্রকৃতীভূত পরোক্ষবাচক 'তং' শব্দ থারা নির্দেশ করিয়াছেন ও 'হ' শব্দ থারা অতীতকালে অব্যাক্তভাবে অবস্থিত জগতের ভাবী উৎপত্তি অনায়াসে বুঝাইবার জন্ম ঐতিহ্য শব্দ প্রয়োগ করিয়াছেন। বেমন 'ৰুধিষ্ঠিরো হ রাজাসীৎ' বলিলে, ৰুধিষ্ঠির নামে এক জন ব্লাজা ছিল, এই পরোক্ষ বৃত্তান্ত লোকে অনায়াদে বৃঝিতে পারে, সেইরূপ 'হ তদাসীৎ' এই কথামও পরোক্ষ জাগতিক অবস্থা 'হ' শব্দ দারা লোক এক প্রকার স্থান্তম করিয়া লয়। শ্রুতিস্তর্ণইদং' শব্দ ঘারা নাম ও রূপে অভিব্যক্ত, সাধ্যসাধনমন্ত্র, পূৰ্ব্বকথিত এই জগৎ অভিহিত হইয়াছে। পরোক্ষ ও প্রত্যক্ষ ছুইটি অবস্থাবিশিষ্ট জগৎ শ্রুভিস্থ 'তৎ' ও 'ইদং' এই ফুই শব্দ দারা প্রতিপাদিত হওয়ার, ঐ অবস্থাদরমুক্ত জগতের একত্বই স্পাবগত হওয়া যায়। তাহা না হইলে তৎ ও ইদং এই প্রকার ভিন্নার্থ-বোধক শব্দুদ্বের দামানাধিকরণা ,(ত্রক্তভাবে অন্তম) নির্দ্দেশ করা সঞ্চত হইত না। এই দৃশ্যমান জগৎ সেই অব্যাক্তত অবস্থাপর, সেই অব্যাক্ষতাবস্থাপর मगरहे धरे मुख्यमान, रेरावरे खवाकिणावका हिन, धरेक्ष मामानाधिकवना-निर्दिन

দারা উক্তরূপে দ্বগতের উভয় অবস্থাতে অভিনতাই বাধিত হইতেছে/শ্রুতির এইরূপ भागाधिकत्रगु वा धेकानिर्व्यत्मत करण 'व्यमः छत छेरभछि नारे, मरछत्र विनाम नारे,' এই সিদ্ধান্তই স্থিরীকৃত হর।

এই পুর্বোক্ত প্রকার অন্যায়ত জগৎ নাম ও রূপ এই ছই অবস্থাবিশিষ্টরূপে श्वमः अधिताक हरेमार्षित । "त्राक्तिम्ल" धरे क्रिमोशमप्रि कर्मकर्ज्तारहा (कर्मरे स স্থানে কর্ত্তরূপে ব্যবহৃত) নিম্পন্ন হওয়াতে জগৎ স্বয়ংই ব্যাকৃত হইগাঁছিল, এইরপ অর্থ অবগত হওরা যার। 'ব্যাক্রিয়ত' শব্দকে বিশ্লেষণ করিলে 'বি-আ অক্রিয়ত' এইরূপ পদভক্ষ হয়, তন্মধ্যে বিশব্দের অর্থ বিস্পষ্ট, আশব্দের অর্থ নাম ও রূপস্বরূণ বিশেষধর্মের জীবকৃত অবধারণাবধি 'এবং কু ধাতুর অর্থ অভিব্যক্তি। সমুদায়ার্থ—এই জগৎ বিস্পষ্ট দেবদত্তাদি নাম ও শুক্লাদি আকৃতি দারা বিশেষ বিশেষভাবে জীবের অবধারণ যোগারূপে অভিবাক্ত হইয়াছিল। কার্যামাত্রই কারণজন্ম। ব্যাক্ষত হওয়াও একটি কার্য্য; হতরাং তাহারও कांत्रगार्शका चाहि, धेर युक्तियान नियसा, कर्छा, माधन छ नाभाजक्रभ কারণ সমুদার, এই জগতের অভিব্যক্তিকার্য্যে অপেক্ষিত হইবে। যেমন "অসে नामा" वनित्न जाफी वह मर्सन्यम नक (जनम्) बाता माधात्र नाममाज निर्मिष्ठ इम्र धवः (मनम्ख वा रक्षम्ख धहेन्न অভিহিত হইয়া থাকে, সেই প্রকার 'ইদং' এই সর্বনাম শন্ধ বারা অবি-শেষে শুকু বা ক্লফাদিরূপ প্রতিপাদিত হয়, পরস্ক শুকু বা কুঞ্জুপ যাহার আছে, ইদং শব্দে তাহাকেই বুঝাইবে। এইরূপ দুষ্টাস্তে কারণে অব্যাকৃতরূপে স্থিত, অম্কুরাদি বস্তু বর্ত্তমান সময়ে নাম ও রূপ ধারা ব্যাকৃত হয়, অর্থাৎ তথন তাহাকে বলা যায়, এই নামধারী এই আফুতিবিশিষ্ট যে প্রমাত্মার অবগতি সাধনের জন্ম দকল শান্তের উল্পম এবং স্বভাবসিদ্ধ অবিষ্ণাবলে বাঁহার উপর কর্ত্তা, ক্রিয়া ও ক্রিমাফল স্থান্থভোগের আরোপ করা হয়, যিনি সমস্ত জগতের কারণ-শ্বরূপ, যে প্রকার নির্মাল জল হইতে মলের স্থার ফেন সকল উথিত হয়, অথচ ঐ কেন জল হইতে পৃথক নহে, ঐ প্রকার এই নাম-রপাত্মক জগণও যংস্করণ थाकिशारे वााकृष्ठ बरेशा आছে। अवह विनि त्मरे वााकृष्ठ नाम-त्राप बरेट पठन, স্বাভাবিক নিতা (উৎপত্তিবিনাশরহিত), শুদ্ধ (রাগ-ছেষাদি-মলহীন), বুদ্ধ (জ্ঞানস্বরূপ),, মৃক্ত (অবিভাদি-দোষণুত্ত) প্রকৃতিসম্পন্ন, দেই প্রমাত্মা নিজের আঁমভূত, অর্থাৎ নিজ হইতে অভিন্ন, এই নাম ও রূপাত্মক জগৎকে ব্যাক্ত করত হিরণাগত হটতে তব পর্যান্ত সমস্ত জীবশরীরে প্রবিষ্ট আছেন অর্থাৎ বে শরীদ্ধ প্রাক্তন কর্মের ফগ স্থা বা হংখ ভোগের আন্ততন ও ধাহা অশনামাদি ধর্ম সম্পন্ন তাহাতেই জীবরূপে প্রবিষ্ট আছেন।

শ্রুতিক্থিত অব্যাকৃত জগতের নামরূপে অভিব্যক্তি সমুদ্ধে নানা বিতর্ক উचिত इम, क्वांन वानी वरनन, शूर्व्स वना रहेम्राष्ट्र ए, अवाकि क्वांत सम ব্যাক্বত হইল অথচ, এক্ষণে পরমাত্মাকে অব্যাক্বতের ;অভিব্যক্তির কর্ত্তা ও তন্মধ্যে প্রবিষ্ট বলা হইতেছে ইহাতে পুর্বেণক্তির সহিত পরোক্তির দামঞ্জ রক্ষিত হয় না। ক্ষিত্রতাদী তাহার উত্তরে বলেন, তাহাতে দোষ নাই, তুমি যে পূর্ব্ব ও পর বাক্যের অসামঞ্জন্ত দোষ দেথাইতেছ, ইহা তোমার ज्य। वाष्ट्रविक के मात्र अञ्चल दश ना, खरङ् अञ्चल প्रमाश्चारे अवग्राकृत জগৎরূপে শ্রুতির বিবক্ষিত। কারণ, অব্যাকৃত ফগৎ শ্বন্ধ ব্যাকৃত হইয়াছে: 🕸 এই কথার অভিব্যক্তি ক্রিয়ার নিমন্তা, কর্তা ও ব্যাপার রূপ কারণসমূহ অবশ্রই অপেক্ষিত হয়, ইহা পূর্ব্বেও বলিয়াছি। কার্য্যমাত্রই কারণজ্ঞ, স্বতরাং অভিব্যক্তি কাৰ্য্যের নিমত্কারণাপেক্ষা হেতু ফলতঃ অনুমিত কর্তার ব্যাপার হইতে যে এই অব্যাক্ত জগং ব্যাকৃত হইয়াছে এই অর্থই আসিমা পড়ে, ইহাই আমাদের অভিপ্রেত। ইদং শব্দের সহিত ব্যাক্কত শব্দের সামানাধিকরণ্য নির্দেশ হেতৃও কারণাপেক্ষা স্পষ্ট প্রতীয়মান হইতেছে, যেখেতু 'ব্যাক্কতাবস্থা কার্য্যস্করপ। তবে শ্বৰং ব্যাকৃত হইয়াছে, এই কথার তাৎপর্য্য এই যে, যেমন লোকে অনাম্বাদে ক্রিরা-নিপত্তির স্থলে বলিয়া প্রাকে, 'গোবৎস স্বয়ং মুক্ত হইয়াছে, 'আয় স্বয়ংই পক হইয়াছে,' দেই প্রকার এই স্থলেও ব্যাকৃতি ক্রিয়া অনায়াদে নির্কাহিত হওয়ায় বলা হইরাছে যে, জগৎ শ্বরং ব্যাক্বত হইরাছে। বাস্তবিক কারণাপেক্ষা এথানেও বর্ত্তমান। যে প্রকার এই জগৎ নিয়ন্তা প্রভৃতি কারক ও উপাদানাদি কারণসমূহ মুক্ত হইলেই ব্যাক্তত নামে ব্যবহৃত হয়, সেই প্রকার ঐ কারপ্লবিমুক্ত অবস্থায় অব্যাক্তনামে অভিহিত হয়। বাস্তবিক একই পদার্থ, কেবল ব্যাকৃত ও অব্যা-ক্বত রূপ অবস্থা মাত্রই তাহার বিশেষ। লৌকিক ব্যবহারেও বক্তার তাৎপর্য্যায়-সারে যথেচ্ছ শব্দ প্রয়োগ করিতে দেখা যায়—যেমন গ্রামস্থ সকল মনুয়ের আগমন ব্ৰাইবার জন্ত 'গ্রাম আগত' এইরূপ শব্দ প্রযুক্ত হয়, আবার 'গ্রাম শৃন্ত' এইরূপ প্রয়োগ করিলে । গ্রামশন্দ জননিবাসভূমিকে প্রতিপাদন করে। কথনও গ্রাম শব্দে গ্রামনিবারী ও গ্রাম এই উভয়ার্থ প্রতিপাদনের জন্ম কেবল গ্রাম শব্দও প্রবৃক্ত হয়, যেমন 'আমে মিশিও না' বলিলে আমে প্রবেশ ও আমবাদীর সহিত সম্পর্ক উভয় নিষিদ্ধ হয়। সেই প্রকার, এই শ্রুতিতেও 'এই

দুর্ভমান লগং অব্যাহত ও ব্যাহত এই উভয় প্রকার উক্তি দারা আত্মা ও चाल्य कन्नना कता शाह। किन्न यथन धरे कगर उर्रेशिख छ বিনাশনীল এই কথা বুঝাইতে আবশুক হয়, তথন কেবল জগংশন ব্যবহার করে। আবার "সর্কব্যাপী, জন্মরহিত, স্থূলও নহে স্থলও নহে, সেই আত্মা এতংশ্বরণ নহে, তংশ্বরণ নহে," ইত্যাদিরণে নির্দেশ ওদ্ধ উপাধি বিনিমু ক আত্মাকে লক্ষ্য করিয়াই হইয়া পাকে। অতঃপর বাদীর দ্বিতীয় আশঙ্কা এই---শ্রুতিতে কথিত হইমাছে, প্রমায়া এই জগুংকৈ অভিবাক্ত করিমাছেন ও তাহাই ওতপ্রোতভাবে সর্মাদা ব্যাপ্ত করিয়া আছেন, তাহা যদি হয় তবে তাহাতে প্রবিষ্ট হইয়াছেন এই কথা সঙ্গত হইকে পারে কিরপে ? কেন না যে স্থান অন্তের অন্ধিকত, সেই স্থান তাহা হইতে ক্ষুদ্রপরিমাণ বিশিষ্ট ব্যক্তি অধিকার করিতে পারে ইহাই যুক্তিসিদ্ধ; পরমাত্মা অসীম ও সর্বাদা জগতের সর্বাংশে পরিব্যাপ্ত স্থুতরাং তাহাতে প্রমাত্মার প্রবেশের সম্ভাবনা কি 🤊 বেমন, 'পুরুষ গ্রামে প্রবেশ क्तिएलह,' विनास के शामि शुक्रायत शूर्व्य भवत हिन ना, बरेकरा रहेन এইরপ প্রতীতি হয়। কিন্তু 'আকাশ গ্রামে প্রবেশ করিতেছে,' এরপ একটি বাকা **२व ना। स्टिट्र,** जाकान निकल कालारे नकन ज्ञान न्यां शिवा थारक হুতরাং গ্রামেও তাহার গম্বন্ধ চিরদিন আছে। দেই প্রকার আস্থাও সর্ববাপী; সকল কালে জগতের সর্ববাংশ ব্যাপিয়া আছেন, তাঁহার অন্ধিকত কোন স্থানই নাই; তবে তাঁহার তাহাতে প্রবেশ কিরূপে সম্ভব হুইতে পারে। যদি বল, যেনে পাষাপের অভান্তরে উৎপন্ন সর্প, কিম্বা নারিকেল কলের মধান্তিত জল পাষাণ ও নারিকেলে প্রবিষ্ট হইয়াছে বলিয়া বাবজত হর, সেই প্রকার নিত্য সম্বন্ধ পরমাত্মাও জীবনামক বিভিন্নরূপে জায়মান হওয়ার প্রবিষ্ট হইয়াছেন বলিয়া কল্লনা করা হইয়াছে। ইহাও বলা সঙ্গত নহে, যেহেতু শ্রুতিতে উক্ত হইয়াছে যে, "তিনি সেই জগৎ সৃষ্টি করিয়া তাহাতে প্রবেশ করিয়াছিলেন" তবেই যিনি স্ষ্টিকর্তা তিনি রূপান্তর গ্রহণ না করিয়াই কার্য্য স্ষ্টির পর তাহাতে প্রবেশ করিলেন, ইহাই শুতি দারা অবগত হওয়া বার। বেমন 'ভোজন কৰিয়া বাইতেছে' বলিলে পূৰ্বকোলে ভোজন তদনন্তর গমন এইরূপ ক্রিয়া তুইটির পর পর প্রতীতি হয়, এবং একই কর্ত্তা অমুভূত হইয়া থাকে, সৈইরূপ এস্থানেও প্রজীতি হওয়া উচিত। কিন্ত রূপান্তর অবশহন করিয়া প্রবেশ-উক্তি কোনরূপই मुक्क इंट्रेंट शाद्र ना । विल्विकः यथन अक्ट्रान इंट्रेंट विस्तारगद शब होनास्त সংযোগকে প্রবেশ বলা বার, তথন অবরবণ্য অবচ সর্বব্যাপী (পরমাত্মা)র সেই

প্রবেশ কুর্তান্ত্রি সম্ভব কি ? সাব্যব পদার্থেরই প্রবেশ ব্যবহার সম্ভত। যদি বল, শ্রুতি যথন আত্মার জগতে প্রবেশ বলিয়াছেন তথন ঐ আত্মাকে সাবন্ধব শীকার করা হউক। তাহাও নহে, যেহেতু, শ্রুতি দারাই আত্মা নিরবরৰ অভিহিত হইয়াছেন। ষ্ণা,—'তিনি অলৌকিক, অবয়বশৃত্ত ও পূর্ণ' "অবয়বশৃত্ত ও জিমারহিত"। এবং লোক বে সকল ধর্ম ধারা চৈত্র, ইমত্র, ঘট, পট নামে নির্দিষ্ট হইয়া থাকে পরমান্তা সেই সকল ধর্ম রহিত, ইহাও শ্রুতিতে উক্ত স্মাছে। मात्रय श्रेत भे नित्य मञ्ज श्रेड ना। यिन आधात श्रात आर्थ कर्ल प्री-মণ্ডলাদির প্রতিবিষরূপে প্রবেশের ক্যায় প্রতিবিষরূপে প্রবেশ বলা বায় তবে তাহা যুক্তিবহিভূতি হইয়া পড়ে, যেহেতু প্রতিবিশ্বপাত ভিন্নস্থানস্থিত বস্তুৎমের পক্ষে সম্ভব, যেমন স্থামগুল ও জলাশয়। যখন আত্মা নকল স্থানে সম্বদ্ধ, তথন কিরূপে তাহার প্রতিবিদ্ধ সম্ভব হইবে ৮ দ্রব্যেতে গুণপ্রবেশের স্থায় আত্মার জীব-শরীরে প্রবেশ বলিলেও তাহা দৃষ্টাস্তবৈষম্য-দোষত্বই হয়, অর্থাৎ গুণ দ্রব্যে নিত্য আবিত হতরাং দ্রব্যপরতন্ত্র, আত্মা কোন বস্তুতে আগ্রিত নহে, তিনি স্বতন্ত্র। আব্রিতের আশ্রয়ে স্থিতি প্রবেশরূপে কল্লিত হয়। ফলে বীজের প্রবেশের ক্সায় আত্মার প্রবেশও বলিতে পার না, তাহা হইলে বীজের ক্রায় আত্মারও সাবয়বন্ধ, वृष्ति, क्य, উৎপত্তি ও বিনাশের আশস্কা হয়; ইহার অমুমোদন করিলে, আত্মা জন্মরহিত ও জরাশূত্র ইত্যাদি শ্রুতি ও যুক্তির বিরোধ অনিবার্যা। মাস্মাব্যভিরিক্ত অন্ত কোন সংসারী কুন্ত পরিমাণ বিশিষ্ট ব্যক্তি এই জগতে প্রবেশ ক্রিয়াছিল, ইহাই পূর্কোক্ত আত্মার প্রবেশের তাৎপূর্যা, ইহাও বলা যায় না। ষেহেতু "সেই দেবতা মনে পর্য্যালোচনা করিয়াছিলেন" ইত্যাদি পূর্ব্বে উপক্রম করিয়া তাহার পরে "অব্যক্ত জগৎকে নাম ও রূপে ব্যাক্ত করিব" এই ইচ্ছার উক্তি দারা প্রতীত হয়। যে, যিনি পর্য্যালোচনা করিয়াছিলেন তিনিই এই জগৎ ব্যাক্ত করিয়া তাহাতে প্রবেশ করিলেন, অন্তথা উপক্রম ও উপস্হারের সহিত বিরোধ ঘটে। কারণ, "সেম্বং দেবতৈকত" এই উপক্রম হইতে "নামরূপে ব্যাকর-বাণি" এই উপসংহার বাকা পর্যান্ত শ্রুতির তাৎপর্য্য আলোচনা করিলে স্পষ্টই काना योष त्य, त्य त्मवला स्टिवियत्य प्रेक्षण (आमि वह इटेव, आमि क्रियेत ध्रेक्षण পর্য্যালোচনা) করিয়াছিলেন, সেই দেবতাই জগৎ সৃষ্টি করিয়া তাহাতে প্রবিষ্ট হুইয়া নামরপে বিস্তাব করিয়াছেন, অত্যের প্রবেশ বলিলে উহা দক্ত হয় না। ৬। हेहारे नरह, এই अवात नह अधिए कृष्टि ७ अरनरमन एक कर्छारे अधीवमान हूरेएएह। यथा—"দেই আত্মা জগৎ সৃষ্টি করিয়া তাহাতে প্রবিষ্ট হইয়াছিলেন।"

'সেই আত্মা এই দীমা বিদীর্ণ করিয়া দেই ছারে তাহাতে প্রবৈশ করিয়া-ছিলেন। "ধীর আত্মা সমস্ত রূপ, বিচয়ন (সৃষ্টি) করিয়া তাহাদের নাম-স্ষ্টি ও সংজ্ঞা নির্দ্দেশ করত বিভ্যমান আছেন," "ভূমি কুমার বা কুমারী, তুমি বৃদ্ধ দণ্ড অবলম্বন করিয়া ভ্রমণ করিতেছ" "দেই আত্মা অত্যে রূপ নিশাণ করিয়াছিলেন," এই সকল শ্রুতি ও মান্ত ছারা প্রমাত্মারই প্রবেশ প্রতিপাদিত হইয়াছে অঞ্জের নহে। যদি বল-পরমাত্মা প্রবেশ করিলে জীবের পরস্পর বিভিন্নতা হেতু প্রমান্তার বহুত্ব হইয়া পড়ে। তাহাও নহে; কেন না. প্রমাত্মার বাস্তবিক নানাত্ব নাই, বহু উপাধিweek अक आयारे नानाक्ररण अजीज स्टेग्ना शांतर्कन, रेहा अ**जि पा**तारे প্রদর্শিত হইস্বাছে। ফা,—"এক দেবতাই বহু প্রকারে প্রবিষ্ট হইস্বাছেন" "আত্মা এক হইয়াও বহুপ্রকার বিচরণ করিয়াছিলেন," "তুমি এক হইয়াও বছুতে প্রবিষ্ট হইয়াছ," "একদেবতা সমস্ত প্রাণীতে প্রচ্ছয়ভাবে আছেন," "তিনি সর্ব-ব্যাপক ও সর্ব্বপ্রাণীর অন্তরাস্থাসরপ"। পূর্ব্বপক্ষবাদী পুনর্ব্বার আশক্ষা করেন-সর্বব্যাপী ও নিরবয়ব আত্মার প্রবেশ থৌক্তিক কি না সে বিচার এক্ষণে থাকুক; কিন্তু তুমি যে বলিতেছ, এক পরমাত্মাই বছপ্রকারে প্রবিষ্ট হইয়াছেন, তাহাতে বুঝা যায়-প্রবিষ্ঠ আত্মামাত্রই সংসারী, অথচ পরমাত্মা তাহা হইতে বিভিন্ন নহে, ইহাও তোমার অবশুই বলিতে হইবে, তাহা হইলে তোমার মতে প্রমাত্মাও সংসারী হইল। সিদ্ধান্তী কহিল, জীবাত্মা হইতে প্রমাত্মা অভিন্ন বটে, কিন্তু তিনি সংসারী নহেন; কারণ, তিনি বুভুকা প্রভৃতির অতীত,ইহা শ্রুতির মত। যদি বল-তবে তাঁহাকে স্থী বা হঃখী দেখিতেছি কেন গ উত্তর—তাহা নহে,শ্রুতি বলিয়াছেন তিনি নির্ণিপ্ত, শোক-ছঃখ বাহ্ন-পদার্থ, তিনি তৎসমুদায় পোরা অসংস্পুক্ত। यिन अञ्चलक जीवरक रूथ वा इः एथ निश्च रमश्च गाम्र, उथानि छेहा रकवन अखः করণরপ উপাধি আশ্রম করিয়া উৎপন্ন-চিৎপ্রতিবিম্বেরই স্থণ-ছংখাদিই প্রত্যক্ষ প্রমাণে অন্তর্ভ হয়। আঝা, অজ্ঞেয় পদার্থ। স্থ-ছ:থাদি, তাঁহার ধর্ম হইলে উহাও নিশ্চয় অজ্ঞেয় হইত, কিন্তু তাহা নহে, অতএব আত্মধর্ম, নহে। আত্মা যে অজ্ঞের তাহা শ্রুতি বলিয়াছেন। যথা,—"অন্তঃকরণবৃত্তির সাক্ষিরূপ আত্মাকে দেখিতে পাইবে না।" 'সকলের বিজ্ঞাতা আত্মাকে কোন প্রমাণ দারা জানিব। " আত্মা অন্তের অজ্ঞের ও সকলের বিজ্ঞাত।" এই সকল শ্রুতি দারা আত্মা যে বিজ্ঞানের অনিষয় এবং আত্মভিন্ন সম্ভই বিজেয়, ইহা धार्मानिष्ठ हरेएएए। परेकान परे निकिष्ठ हरेन त्य, कामि स्थी वा कृत्थी ইতাাদি প্রত্যক্ষজ্ঞান, অন্তঃকরণোপাধিস্থ আত্মপ্রতিবিম্বকেই লক্ষ্য করে, আত্মাকে নহে। 'এই আমি,' এই প্রকার শরীর ও আত্মাকে মিশ্রিত করিয়া যে জ্ঞান হইষ্ব থাকে, উহা অবিষ্ণাকৃত ভ্ৰমমাত্ৰ। শরীর ব্যতিরেকে কেবল আত্ম-বিষয়ক জ্ঞান কাহারও হয় না। যদি ওদ্ধ আত্মাকে হুথ-চুঃখাদি বিশিষ্টরূপে জানা হইত, তবে আত্মার সংসারিত্ব আপত্তি করা সঁগত হইত। অস্থূলতাদি বিশেষণবিশিষ্ট আত্মার উপক্রম করিয়া প্রতি ব্লিয়াছেন, "ইহা অপেক্ষা অন্ত জ্ঞাতা কেই নাই।" এই শ্রুতি ধারাও অন্তসংসারী আত্মার অন্তিছাভাব প্রতিপাদিত হইয়াছে এবং, হস্ত পদ ও মন্তকাদি শরীরাবয়ববিশিষ্ঠ অভিমানী জীবকে লক্ষ্য করিয়াই স্বপ বা হঃখামুভব প্রতিপন্ন হইরাছে; হুতরাং উহা বিষয়ের ধর্মা, আত্মার ধর্ম নহে। যদি বল, "আত্মার কামের জন্মই পতি পত্নীর প্রিয় হয়।" ইত্যাদি বক্ষামাণ শ্রুতি দারা আত্মারই মুখ প্রতীয়মান হইতেছে; স্নতরাং সূথকে বিষয়ধর্ম বলা যাইতে পারে না, এবং এই কারণেই আত্মার সংসারিত্বও স্বীকার করিতে হয়। তাহার উত্তর—অবিস্থা-ক্রাস্ত জীবেই পতি-পত্নী প্রিয়াদি ব্যবহার হইরা থাকে। শ্রুতি ঐ সংসারী জীবকে লক্ষ্য করিয়াই আত্মার পরম প্রীতিথিষয়ত্ব দেখাইয়া নিরতিশয় আনন্দস্বরূপতা জানাইয়াছেন। আবার পক্ষান্তরে শ্রুতি দেখাইয়াছেন যে, যথন তত্তজ্ঞান ছারা অবিভানিবৃত্তি ঘটে, তথন ভেদজ্ঞান থাকে না, ঐ অবস্থায় পতিপত্নী-ব্যবহারও নষ্ট হইয়া যায়। "যে অবস্থায় আত্মা এক হইলে ভিন্নের স্থায় প্রতীয়-মান হয়।" এই শ্রুতিতে অবিদ্যাশ্রিত আত্মার জ্ঞা অন্ত ভোগসাধনের প্রয়ো-জনীয়তা প্রতিপাদিত হইয়াছে। "কাহা ছারা কাহাকে দেখিবে" "এই জগতে নানা পদার্থ নাই" 'বখন এক আত্মা জানিয়াছি, তখন শোক কি, মোহ কি ?' ইত্যাদি শ্রুতি ছারা আত্মার নানাত্ব প্রতিষিদ্ধ হইয়াছে; স্কুতরাং স্থ-ছঃখাদি আ बार्श्य नटर ट्रेटारे श्वित रहेत। तांनी कहिल- टार्किकार्न प्रथ-इः शटक আত্মার ধর্ম বলিয়া নির্দেশ করেন স্নতরাং সে মতের সহিত বিরোধ হওয়ায় ভোমার এই উত্তর ৰুক্তিৰুক্ত হইতে পারে না। সিদ্ধান্তী কহিল,— ৰুক্তিমাত্ৰজীবী তাৰ্কিকগণ যে আত্মার হুখ-ছঃগ সিদ্ধান্ত করেন, ৰুক্তান্তরে তাহার থণ্ডনও করা যায়। যথা—যে দ্রব্য বে গুণবিশিষ্ট হয়, তাহাকে সেই গুণবিশিষ্টরূপে প্রত্যক্ষ করা হইষা থাকে, যেমন গুরুষট। ছঃথ স্থাত্মার গুণ হইলে আবা ছ:থবিশিষ্টরূপে প্রতীয়মান হইত। কিন্তু হু:থ ইন্দ্রিয়গোচর, আর আবা অজ্ঞের পদার্থ, প্রত্যক্ষবিষয়ীভূত হঃখ দারা প্রত্যক্ষের অবিষয়ীভূত আত্মা বিশেষিত

হইতে পারে না। যদি বল-তবে আকাশ অপ্রত্যক্ষ, প্রত্যক্ষবিষয়। স্বস্তুণ দারা বিশেষিত হইন কেন ? এইরূপ আত্মারও হঃথিত্ব সিদ্ধ হইবে। ইহার উত্তর এই বে, ছঃথ যে প্রতীতির বিষয় আত্মা সে প্রতীতিবিষয় নহে, ফুতরাং উভয়ের, গুণগুণীভাব অসম্ভব, অর্থাৎ স্তথ বা হুঃথ প্রত্যক্ষজানের বিষয়, আর আল্পা নিয়ত অনুমেয়, প্রত্যক্ষের বিষয় নহে ; কাজেই স্থগবিষয়ক জ্ঞান ঘারা আত্মাকে বিষয় করিতে পারা যায় না। যদি তাহাই স্বীকার কর, তবে আত্মা বিষয়শ্রেণীতে পরিগণিত হয়, বিষয়ী মধ্যে নহে বলিতে হইবে। যেমন প্রদীপ অত্যের প্রকাশক হইয়াও স্বয়ং প্রকাশিত হয়, দেই প্রকার আত্মা, বিষয় ও বিষয়ী উভয়ম্বরূপ হইবে। ইহাও বলা যাম না, কারণ, এককালে এক ক্রিয়ার কুর্ভৃত্ব ও কর্মত্ব এক পদার্থে থাকিতে পারে না। আত্মা অব্যবরহিত, এইজ্ম তাহাতে অংশভেদেও কর্ত্ত্ব সম্ভাবিত নহে; স্তরাং আত্মা জ্ঞাতা এবং জ্ঞেয় বলিয়া মানা যায় না। এই বুক্তি ছারা গ্রাহ্ন ও গ্রাহক স্বরূপ একবিজ্ঞানবাদী বৌদ্ধমতও খণ্ডিত হইল; কারণ, যে গ্রাহ্ম সে গ্রাহক হইতে পারে না, অবয়বভেদে উহা সম্ভব হইলেও নির্বয়বের পক্ষে তাহা হর্ঘট ; যেহেতু তাহাদের মতদিদ্ধ বিজ্ঞান নিরবন্ধব। হুঃখ প্রত্যক্ষের ও আত্মা অনুমানের এইরূপ বিভিন্ন জ্ঞানের বিষয় হইলেও ছঃখ ও আত্মার পরস্পর গুণগুণীভাব অনুমান ছারা নিরূপিত হউক। ইহাও বলা যায় না; কারণ, যে বস্তুর নিশ্চয় জ্ঞান থাকে, তাহার অনুমান অপসিদ্ধান্ত। ছুঃখ নিয়তই প্রতাক্ষ জ্ঞানের বিষয়, কিরূপে তাহার অমুমান সম্ভব্পু রূপাদির অধিকরণ শরীরাবয়বেই ছঃথের অভুভ্ব হওয়ায়, ছঃথ আত্মার ধর্ম বলা অবৌক্তিক। আত্মাত্ম ও মনের সংযোগ হইলে আত্মাতে চঃথ উৎপন্ন হইয়া থাকে সত্য, কিছ তথাপি তাহা আত্মার গুণ বলি কি প্রকারে? কারণ, তাহা হইলে আত্মার ষ্মবন্ধব, বিকার ও অনিতাত্ত্বের প্রদঙ্গ হয়। যেহেতু, সংযোগবিশিষ্ট দ্রব্যকে বিক্ত না করিয়া কোন গুণই উপস্থিত বা অপগত হইতে কোথাও দেখা যায় না। আবার অবয়বর্হিত দ্রব্য কথনও বিক্লত হয়, ইহাও দৃষ্টিগোচর নহে। বিশেষতঃ নিত্য পদার্থে অনিত্য গুণও বর্তমান ইহা সর্বাথা অদৃষ্ট। এক নিত্য আকাশের অনিত্য গুণ শব্দ প্রমাণসিদ্ধ বলিয়া ব্যভিচারদোব দেখাইতে পার, কিন্তু বেদবিদ্যণ কদাচ ্জ্মাকাশকে নিত্যু পদার্থ বলিয়া স্বীকারই করেন না, তবে উক্ত নিয়মের ব্যক্তিচার কোথার ? এতভিন্ন নিতাপদার্থে অনিতাগুণ থাকার অন্ত দৃষ্টান্তও নাই। যদি বল, বন্ধ বিশ্বত হইলেও যথন 'ইহা সেই বন্ধ,' এইরূপ তুলা ভাবেই প্রতীতি গাকে, তথ্ন ভাহা নিতাশ্বরপই মানিব, অর্থাৎ আত্মাতে ত্রথজনক মনঃসংযোগের কারণ

ক্রিয়া জিমিলৈও, যথন পূর্ববং আত্মার জ্ঞান অক্ষু ্থাকে তথন তাহার নিতাত্ব-ব্যাৰাত হইবে না। এ কথাও সঙ্গত নহে। যেহেতু, দ্ৰব্যের অব্যবের রূপান্তর না হইলে, বিক্নতি স্বীকার করি না। আত্মা অবয়বশূস্ত দ্রব্য, তাহার উক্তরূপ বিক্কতি সর্বধাই অন্তব। যদি আত্মাকে সাবন্ধব স্থীকার করিয়া, নিত্য বলিয়া মানিতে ইচ্ছা কর, তাহাও বুক্তিবিক্লন। বেহেতু, সাবয়ব দ্রবামাত্রই যথন হই বা বহু অবয়বের সংযোগে উৎপন্ন, অন্তথা তাহার বিভাগের উপপত্তি হয় না, কারণ, অবম্বাস্তরের সহিত অবম্বাস্তরের সংযোগনাশ হইতেই ঐ বিভাগের উৎপত্তি, এরূপ হইলে অবয়বের সংযোগধ্বংসেই অবয়বীর ধ্বংস মানিতে হয়, তাহাতে আত্মার নিতাঁত রহিল কই ? গণেহেতু, তুমি সাবন্ধব আত্মার ধ্বংস স্বীকার করিতেছ। যদিও বজ্রাদি সাবয়ব পদার্থের অবয়বজন্তত্ব নিয়মের ব্যতিক্রম আছে সতা, কিন্তু বহু সাবন্ধব দ্রব্যের অবয়বসংযোগ হইতে উৎপত্তি দেখিতে পাওয়া যার। যদি ছই এক স্থলে তাহা দৃষ্ট না হয়, তথাপি সেই স্থলে অবন্ধবসংযোগ-. হইতে উৎপত্তি.অমুমান করিয়া লইতে হইবে, অর্থাৎ দাবয়ব ব্জুেও অবয়বসংযোগ-জন্তত্ব অনুমানসিদ্ধ, স্নতরাং উক্ত নিয়মের ব্যতিক্রম নাই। অতএব উপসংহারে ইহা স্থিরীকৃত হইল যে, আত্মাতে স্থণ-ত্র:খাদি অমিত্য গুণ নাই। বাদী বলেন, ষ্মাষ্মাতে ছঃখ না থাকিলে, ছঃথবান্ অন্ত কোন বস্তদৎ না হওয়ার কাহার ছঃথনিবৃত্তির উপায় দেখাইবার জন্ম শাস্ত্র এত বদ্ধপরিকর হইয়াছে ১ তাহার উত্তর এই যে, অবিভা ধারা কঙ্গিত আত্মার হৃঃথিত্ব-ভ্রমের দ্রীকরণ শংব্রের উদ্দেশ্র। যেমন দশ সংখ্যার গণনায় ব্যাপৃত গুরুষ দশমসংখ্যার পূরণবিষয়ে ভ্রমে পড়িয়া ব্যাকুল হয়, পরে উপদেশবাক্যাত্মসারে আপনাকে দশম জানিয়া ভ্রম হইতে বিমুক্ত হয়, তদ্রণ আত্মাতে কলিত গ্রংগ স্বীকার করা হইয়াছে। বাস্তবিক আত্মা হ্রথ-ছঃথশ্য। অপুরিচ্ছিন্ন আত্মার শরীরাদিতে প্রবেশোক্তির সঙ্গতিও এই প্রকারে হইতে পারে যে,— যে প্রকার জলাশয়াদিতে ইর্যামওলাদির প্রতিবিষের প্রবেশ উপলব্ধিবিষয় হয়। এই জগতের উৎপত্তির পূর্ব্বে আত্মার উপলব্ধি হইত না। অভিব্যক্তির পর ব্দিরূপ দর্পণমধ্যে প্রতিবিধের স্থায় তাহার উপলব্ধি হওয়ায়, আত্মা যেন প্রবিষ্টরূপে উপলব্ধ হন। "এই দেই জীবক্ষপী আত্মা, এই কার্যাঞ্জগতে প্রবিষ্ট হইয়াছেন।" 'সেই জগৎ সৃষ্টি করিয়া তন্মধ্যে প্রবিষ্ট হইরাছেন " 'তিনি এই সীমা বিদারণ করিয়া তাহা দারা অভ্যন্তরে গ্রম্ম कतिवाद्या । "त्नहे धहे तनवे गत्न बत्न, आत्नीवना कतिवाद्यितन त्य, षामि धरे षप्ति প্রভৃতি তিন দেবতামধ্যে धरे की वाबाकरण প্রবেশ করিয়া নাম ও

রূপ বাক্তিত করিব" ইত্যাদি শ্রুতিবাক্যে আত্মার যে প্রবেশ বলা হইখাছে, তাহাও উক্তপ্রকার উপচারিক, বান্তবিক নহে। স্বর্ধব্যাপী এবং অবয়বশুন্ত আত্মার, এক দিক, এক স্থান এক কাল হইতে বিচিন্ন হইয়া, অন্ত দিক অন্ত স্থান,ও অন্ত কালে সংযোগস্বরূপ প্রবেশ কখনই সঙ্গত হইতে পারে না। পরমাত্মা ভিন্ন আর কোন আত্মপদার্থ নাই যে, তাহার প্রবেশ বলা হইবে। যেহেতু, শ্রুন্তি 'পরমাত্মা ভিন্ন দ্রন্তী (দর্শনকর্ত্তা) নাই', "পরমাত্মা ভিন্ন শ্রবণকর্ত্তা নাই" এইরূপে পরমাত্মা ব্যতিরিক্ত আত্মার অন্তিত্ব খণ্ডন করিয়াছেন, ইহা পূর্ব্বেই আমরা বলিয়াছি। আত্মার সৃষ্টি, প্রবেশ, স্থিতি ও প্রলয়বোধক শ্রুতিবাক্য সূকল উপলব্ধি অর্থে পর্য্যবসিত এতদ্বিন্ন এরূপ উপচারিক প্রবেশাদি কীর্ত্তনের অন্ত প্রয়োজনও নাই এবং স্বার্থেও তাৎপর্য্য নাই। এই উপলব্ধিকেই পুরুষার্থ বলিয়া ফলশ্রুতি অভিধান করিশ্লাছেন। যথা—"তিনি আত্মাকেই জানিয়াছেন, তাহা হইতে তাঁহার বক্রই ব্ৰহ্মময় হইয়াছে," "ব্ৰহ্ম জানিলেই ব্ৰহ্মপ্ৰাপ্ত হয়", "যে প্ৰুষ সেই প্ৰমত্ৰহ্মকে জানিতে পারে, সে বন্ধই হয়" যে পুরুষ বন্ধজ্ঞ গুরু লাভ করিয়াছে, সেই বন্ধ ভানিরাছে," "সেই আত্মসাক্ষাৎকারকারী পুরুষের যে পর্যান্ত দেহপাত না হর. ভাবৎকাল ব্রহাম্বরূপে বিলয়ের বিশ্ব থাকে" ইত্যাদি। শ্বতিতেও উক্ত হইয়াছে. "দেই ভক্তিযোগ প্রবৃক্ত আমাকে স্বরূপতঃ জানিয়া পশ্চাৎ আমাতে প্রবিষ্ট হয়। সেই ব্রহ্মজ্ঞান সমস্ত বিদ্যা হইতে শ্রেষ্ঠ, যেহেতু, তাহা হইতেই মোক্ষলাভ দম্ভব" ইত্যাদি। আর এক কথা, শতিতে বিশ্বপ্রপঞ্চের আত্মা হইতে পার্থকোর খণ্ডন করা প্রবৃক্ত আত্মার স্ষ্টিথাবেশাদিবোধক শ্রুতি সকলের একাত্মজানবোধনই উদ্দেশ্য সঙ্গত হয়। এইকণে উপসংহারে ইহাই পর্যাবসিত হইল যে, বৃদ্ধিরূপ কার্যাপদার্থে প্রতিবিধের স্থায় আত্মটৈতন্তের উপলভামানতাই আত্মার ঔপচারিক প্রবেশ, অর্থাৎ নিলিপ্ত আত্মার অবিদ্যাবশতঃ অস্তঃকরশোপাধি অবলয়নে যুগন কার্য্যে লিপ্ততা উপলব্ধ হয়, তথনই সেই আত্মা প্রবিষ্ট বলিয়া কল্লিত হয়। ইহাই পূৰ্ব্বোক্ত ব্যাক্ষত জগতে আত্মার প্রবেশের অর্থ।

ষধন শরীরে নথাগ্র পর্যান্ত আত্মচৈতত্ত্বের অত্মভব হইরা থাকে, তথন শরীরে ভাহা কিরণে প্রবিষ্ট হইতে পারে, এই প্রান্তের মীমাংসার জম্ম শ্রুতির এই ভাগ উথিত হইয়াছে,—বেমন লৌকিকভাবে নাপিতের ক্ষুর ক্ষুরাধার পাত্তের অভ্যস্তরে প্রবেশিত বৰিয়া উপশব্ধ হয়, অথবা কাষ্টের অভ্যন্তরে এবিষ্ট অন্নি মন্থন बाता व्यक्तिगुक्त रहेरल काश्रमान रह, व्यर्थार कृत व्याधातभारत्वत वकरमान छ অমি কার্চের সমস্ত ভাগে অবস্থিতরূপে পরিজ্ঞাত হয়, এই প্রকার আন্ধাও

সামাত ও দিশেষরূপে সমস্ত শরীর ব্যাপিয়া অবস্থিত আছেন, অর্থাৎ জাগ্রৎ ও স্বপ্পদশার স্থলশরীর এবং নিঙ্গশরীররূপ বিশিষ্ট ছই শরীরে বিশেষ-রূপে স্থিতি তু স্বৃত্তিকালে অবিদ্ধারূপ (সামাত্ত) কারণ-শরীরে আত্মার সামাত্তরূপ অর্থাৎ ইন্দ্রিরাদি-বিষ্কৃতাবৈ অবস্থিতি হয় । সেই ছই অবস্থার আত্মা প্রাণসঞ্চারণাদি ক্রিয়া ও দর্শনাদি ক্রিয়াবিশিষ্টরূপে জ্ঞাত হইয়া থাকেন। সেই জ্ঞা শরীরে উক্তরূপে প্রবিষ্ঠ ও সেই প্রাণসঞ্চারণাদি ক্রিয়াবিশিষ্ট আত্মাকে যথাস্বরূপে জানিতে পারা যায় না, অর্থাৎ শরীরাদি হইতে পৃথক্রপে কেবল শুদ্বরুদ্ধ মুক্তাদিস্করপে অবগত হওয়া যায় না।

ইহাতে বাদী আপত্তি করেন যে, "তনু পগুন্তি" এই ইতঃপূর্ব্বোক্ত শ্রতি দারা যে আত্মদর্শনের প্রতিষেধ করা হইয়াছে, তাহা অপ্রাপ্তের প্রতিষেধ বলিয়া সঙ্গত হয় না। যথন ইহা আত্মদর্শনের প্রকরণ নহে, তথন অপ্রস্তাবিতের প্রতিষেধ করা সর্ব্বথাই অসমত। সিদ্ধান্তী বলেন, তোমার উদ্ভাবিত এই দোষ দোষই নছে, তাহার কারণ এই যে, পূর্ব্বে আত্মার সৃষ্টি ও প্রবেশাদি যাহা অভিহিত হইয়াছে, তাহার মুখ্য তাৎপর্য্য একামতার জ্ঞাপন ; মুতরাং আম্মুক্তান প্রস্তাবিত বলিতেই হইবে, অতএব তাহার প্রতিবেধ অপ্রস্তাবিতের প্রতিষেধ-দোষে ছষ্ট হয় নাই। "সেই পরমাত্মা প্রত্যেক রূপের সদৃশ অর্থাৎ যাদৃশ দ্বিপাদ-. চতুষ্পাদাদি আক্নতি, তাদৃশ আক্নতিবিশিষ্ট হুইয়াছেন এবং নিজের স্বরূপ প্রকাশ করিবার জ্ঞাই তাঁহার রূপ গৃহীত হইয়াছে" এই মন্ত্র ছারা দর্বশরীরেই আত্মার একত্ব প্রতিপাদিত হয়। একণে কেন যে সঞ্চারণাদি ক্রিয়াবিশিষ্ট আত্মাকে कानिए भाता यात्र ना, ठाहा कथि हरेए एह- आगनामि (आगमकात्रगामि) ক্রিয়াবিশিষ্ট আত্মা অসম্পূর্ণ। তাহার কারণ, আত্মা প্রাণসঞ্চারণক্রিয়া ধারাই প্রাণ নাম প্রাপ্ত হয়, যেমন লোকে ছেদনক্রিয়া ধারা ছেদক ও পাকক্রিয়া বশতঃ পাচক সংজ্ঞা প্রাপ্ত হইয়া থাকে, সেইপ্রকার আত্মা প্রাণক্রিয়া করিয়া প্রাণনামে অভিধিত হইয়াছে; প্রাণসঞ্চারণ ভিন্ন অন্ত ক্রিয়া করিয়া আত্মা প্রাণসংজ্ঞা লাভ করে না, এই ক্রিয়াস্তরবিশিষ্টরূপে আত্মার অমুল্লেখ হেতু আত্মা সম্পূর্ণ বলিয়া কথিত হয় নাই। 'নিরূপে আত্মাকে জানিলেও বাস্তবিক আত্মজান হয় না; স্বতরাং "আত্মাকে স্বরূপতঃ জানিতে পারে না" শ্রুতির এই উল্লেখ স্থাসত হইল।

সেই প্রকার উচ্চারণক্রিয়া করিয়া বাক্নামে, দর্শনক্রিয়া দারা চক্ষ্: সংজ্ঞা ও শ্রবণ হেতু শ্রোকশব্দে অভিহিত হয়, এই স্থলে প্রাণসঞ্চারণ ও কথনক্রিয়া দারা

আত্মা প্রাণ ও বাকু নামে কথিত হইবাছে। এই উক্তি ছারা আ্রা যে গমনাদি ক্রিয়াশক্তির আধার, তাহা প্রদর্শিত হইল এবং দর্শন ও প্রবণক্রিয়ার অভিধান হেতু চক্ষু ও শ্রোক্রমপে বিজ্ঞানশক্তিমাত্রের আত্মা হইতে উৎপত্তি দেথানু হইল। যেহেতু, দকল বিজ্ঞানশক্তিই নাম ও রূপকে বিশ্বয় করে, নাম ও রূপব্যতিরিক্ত কোন বিজ্ঞের পদার্থ নাই, দেই নাম ও রূপের কারণ চক্ষ্য ও শ্রোত্র, সমস্ত ক্রিয়াই নাম-রূপ দারা নিপাদনীয় অথচ প্রাণে সমবেত, সেই হেতু সেই প্রাণাশ্রিত ক্রিয়ার অভিব্যক্তি বিষয়ে বাগিন্তিয় কারণ। ইহা দারা হস্ত, পদ, পারু ও উপস্থ এই कर्त्यान्त्रभगकरणद विषय वना हरेन वर्षा करन वांक नरह, व्यक्तांच কর্মেক্রিয়বর্গও প্রাণে আত্রিত ব্ঝিতে হইবে। 'ইহার নামই সমস্ত ব্যাকৃত জগৎ, व्यथेता এই नाम, धंरे क्रथ ও धंरे कर्या, धंरे जिनरे त्राकृत क्रगर । रेश शरत कथिल হইবে। তিনি মনন (জ্ঞান) করেন বলিয়া মন নামে অভিহিত হইয়াছেন। এই স্থলে মনঃশব্দ জ্ঞানকর্ত্তাকে বুঝাইতেছে। যাহা ছারা কর্ত্তা মনন অর্থাৎ জ্ঞান করেন, এই ব্যুৎপত্তি ধারা সকল ইক্রিমের জ্ঞানশক্তিবিকাশের সাধারণ করণ মন. ইহা লোকপ্রসিদ্ধ। এই শ্রুতিতে প্রাণ, চক্ষু:, শ্রোত্র ইত্যাদি আত্মার যে নাম বলা হইল, তাহা পুরুষের পাচক, লাবকাদি (ছেদক) নামের ফ্রায় কর্ম্ম নাম (ক্রিয়া-ক্বত নাম)। জাগতিক বস্তুমাত্র প্রকাশক নহে। অতএব ইহারা আত্মার সমস্ত স্বরূপ প্রকাশ করে না, ইহা নিশ্চিত। এইরূপে এই আত্মা প্রাণনাদি ক্রিয়া ও তজ্জনিত প্রাণাদি নাম ও রূপ দারা বাাক্তি অর্থাৎ প্রকাশিত হইয়াও সর্ব্ধ-স্বরূপে পরিজ্ঞাত হন না, ইহাই অবধারিত হইল।

বে পুরুষ সম্পূর্ণ আত্মাকে অসম্পূর্ণভাবে অর্থাৎ প্রাণনাদি ক্রিয়া সমুদার হইতে এক এক ক্রিয়াবিশিষ্ট প্রাণ বা চক্ষ্য এইরপ বিশেষ বিশেষ ক্রিয়াবিশিষ্টভাবে মনে করে, সে ব্রহ্ম জানিতে পারে না, কেন না, এই এক একটি ক্রিয়াবিশিষ্ট আত্মা সম্পূর্ণ, শক্তিমান্ নহে। ক্রিরেপ ভাবনা করিলে, সকল-ক্রিয়াবিশিষ্ট আত্মার উপাসনা করা হয় না। সকল ক্রিয়ার উপসংহার (সন্মিলন) না হওঁরা পর্য্যন্ত প্রাণনাদি ক্রিয়া সমুদার হইতে এক একটি ক্রিয়ারপ বিশেষণ ধারা আত্মা পৃথক্রত হয়। যাবৎকাল পর্যান্ত ঐ পুরুষ "আত্মাকে শ্রবণ করি, স্পর্শ করি" এইরপ স্বাভাবিক প্রবৃত্তিবিশিষ্টভাবে জানিতে থাকে, তাবৎ কোন প্রকারে ১সম্পূর্ণ আত্মাকে জানিতে পারে না। কিন্ত যে ব্যক্তি আত্মারপে অর্থাৎ প্রাণনাদি সমন্ত ক্রিয়াণ বিশিষ্ট ও সর্বব্যাপিভাবে আত্মাকে উপাসনা করে, সেই সম্পূর্ণ আত্মার উপলব্ধি করে। কেন না, প্রাণনাদি সমুদ্ধ বিশেষণবিশিষ্ট সেই আত্মাই ক্রংর

অর্থাৎ সম্পূর্ণ নামে উক্ত হইরাছে। সমস্ত বিশেষণের সন্মিলন যাহাতে আছে, সেই ক্ষংমণন্দে অভিহিত হয়। সেই আ্রাই জাগতিক পদার্থক্রপে প্রাণ, চকু: প্রভৃতি উপানিবিশেষের প্রাণন, দর্শনাদি ক্রিয়া ছারা সম্পাদিত যাবতীয় ধর্ম প্রাপ্ত হইয়া থাকে। ইহা পরে "ধারতীব" "লেলারতীব" এই শ্রুতিতে কথিত হইবে। অত্যব দেই ক্ষমে আ্রার এইরূপেই উপাননা করিলে স্বীয়রূপে সমস্ত আ্রা পরিজ্ঞাত হন। একণে কি জন্য এই আ্রার সম্পূর্ণতা, তাহা বিবৃত হইতেছে, যথন এই উপানিশ্ল আ্রাতে প্রাণাদি উপানিকত বিশেষধর্ম সকল এবং প্রাণনাদি কর্ম্মজনিত নামসমূহ আ্রার সহিত অভিন্নতা প্রাপ্ত যেমন জলাশরে প্রতিবিশ্বিত নানা হর্যামণ্ড্র প্রকৃত হর্ষ্যের সহিত একতা প্রাপ্ত হয়, সেইরূপ উপাধিভেদে বিভিন্ন আ্রা থখন নিক্রপাধি ব্রন্ধের সহিত একতা প্রাপ্ত হয়, তথনই তাহার সম্পূর্ণতা। সেই হেতু আ্রার্রপেই উপাসনা কর্ম্বর।

'আগ্রা এই বোধে আগ্রার উপাসনা কর্ত্তব্য' এই বিধিবিষয়ে নানা বিতর্ক উথিত হয়। কেহ বলেন, এই যে উপাসনা কর্ত্তব্য বলিয়া বিধি করা হইল, ইহা কোন্ বিধি ? অপূর্কাদি নানা বিধির মধ্যে ইহা অপূর্ক বিধি নহে। অর্থাৎ যে কার্য্য কোন প্রমাণ দারা পূর্ব্বে জানা মায় নাই, তাহাই অপূর্ব্ব বিধির বিষয়, যেমন 'অগ্নিহোত্ত হোম করিবে'। কারণ, এই বিধিবাতিরিক্ত অন্ত কোন প্রমাণ দারা অগ্নিহোত্রের কর্ত্তব্যতা জানা যায় নাই। সেই অবোধিত পদার্থের বোধক বিধিই,অপূর্ব্ব বিধি। কিন্তু, আয়োপাসনা সেই অজ্ঞাতজ্ঞাপক বিধির বিষয় হইতে পারে না। যেহেতু, 'মেই ব্রহ্ম দাক্ষাৎ ও অদাক্ষাৎ জেয়' 'মেই আত্মা কতম (কিংম্বরূপ)' 'যিনি এই বিজ্ঞানময়' ইত্যাদি আত্মপ্রতিশাদক শ্রুতি-বাক্যসমূহ থারা সামান্তরূপে আত্মা বোধিত হইয়াছে এবং সেই আত্মার স্বরূপজ্ঞান দারাই যথন সেই আত্মবিষয়ক অবিদ্যা অর্থাৎ কর্ত্ত্ব, গাগাদি ক্রিয়া ও স্বর্গাদি ফলের কল্পনাত্রপ হৈতভ্রম নিবর্ত্তিত হয়। আবার অবিন্তার নিবৃত্তি হইলে কঃমাদি দোষের সম্ভাবনা থাকে না: তথন আত্মা ভিন্ন বিষয়ের ভাবনা কর্ত্তব্য নহে, ইহা প্রতিপন্ন হইলে পরিশেষে আত্মজানের কর্ত্তবাতা স্বতই প্রতীত হয়। সেই হেতুই বলিয়াছি, আত্মোপাসনার (চিস্তার) বিধান করিতে হয় না, উহা যুক্তিবলেই প্রাপ্ত আছে। এ বিষয়ে বাদী খাপত্তি করেন যে,বেশ, ইহা পাঞ্চিক আয়োপাসনা প্রাপ্ত হইতে পারে, কিন্তু যাহারা বিষয়াসক্তচিত্ত, তাহাদের আত্মচিন্তা স্বারসিক হয় না, স্তরাং তাহাদের নিমত প্রবৃত্তি হওমার হক্ত আত্মোপাসনার বিধি হইবে। বেহেতু, উপাসনা ও আত্মজান একই পদার্থ, কারণ, জ্ঞান মানসিক ক্রিয়াবিশেষ, ডাহার

নিরম্ভর আর্ত্তিই উপাসনা, তাহা এই বিধিবাক্য ব্যতিরেকে অস্ত কোঁন প্রকারে कर्डनाकरण পांख्या यात्र नांहे विनयाहे धहे वाकां है जलाश्रेत्राणक विधि विनव, "ন স বেদ" এই শ্রুতিতে বিজ্ঞানের উপক্রম করিয়া "আত্মেত্যৈবোপাসীত" এই শ্রুতির নির্দেশ করা হেতুও জ্ঞান ও উপাসনাশব্দের একার্থবাচকতা প্রতীত रहेराज्य थवः "हेरा दाता धरे ममन कानित्त," "आशार्कर कानित्व" रेजािम শ্রতি ধারাও বিজ্ঞানকে উপাস্থার স্বরূপ বলিয়া অবগত হওয়া যায়। সেই আত্ম-বিজ্ঞান প্রমাণান্তর দারা প্রাপ্ত না হওয়া প্রযুক্ত বিধের হইবার যোগ্য। কর্ত্তব্যতা না বুঝাইয়া কেবল বস্তুস্বরূপ প্রতিপাদন করিলে তাহাতে পুরুষের প্রবৃত্তি হইতে পারে না, এই পুরুষপ্ররোচনার জঞ্চ উপাসনার বিধিই স্বীকার করিতে বাধা। বিশেষতঃ কর্ম্মের বিধির সহিত উপাসনাবিধিবাকোর সাদ্যু, আছে, অর্থাৎ যেমন "যজেত "জুহুয়াৎ" ইত্যাদি কর্মবিধি যাদৃশ লিঙ্তব্যাদি প্রত্যমূর্ক্ত, সেই প্রকার "আত্মত্যেবোপাদীত" "আত্মানা অরে দুইবা" ইত্যাদি বাক্যও নিঙ্ তব্যাদি প্রতায়স্ক ও ক্রিয়বোধক, এই ছুই প্রকার বাক্যের কোন তারতম্য দেখা যায় না, এই জনা উপাসনাবাক্য বিধিবাক্যেই পরিগণিত হইল। আর আত্মবিজ্ঞানও যথন মানসিক ক্রিয়াবিশেষ, তথন তাহার কর্ত্বতোবোধনার্থ কর্মবিধির স্থায় ইহাও বিধি হওয়াই উচিত।

যেমন "যে দেবতার জন্ম হবিগ্রহিণ করা হয়, হোম করার সময় দেই দেবতাকে মনে ভাবনা করিবে" ইত্যাদি শ্রুতিতে হোমের অঞ্জরপ বিধান আছে, সেই প্রকার "আত্মেতোবোপদীত" "মন্তবো নিদিধাাদিতবা:" ইত্যাদি বাক্য ছারা জ্ঞানস্বরূপ মানদী ক্রিয়া বিহিত হুইয়াছে। কারণ, উপ্নসংহারে বলিয়াছেন, জ্ঞান ও উপাদনা একই পদার্থ। এইরূপ হইলে পুর্ব্বোক্ত শাব্দী ভাবনার অংশত্রয়ের উপপত্তি হয়। ,অর্থাৎ নীমাংসকগণ বিধিলিঙ,, তব্য প্রভৃতির অর্থক্রপে ভাবনা নামক একটি পদার্থ স্বীকার করেন, ঐ ভাবনায় তিনটি আকাজ্জা বা অংশ আছে, যথা—কিং? কেন ? কথম ? যেমন 'যজেত' বলিলেই যে ভাবনা উপস্থিত হয়, তাহাতে ভাব্য-ম্বর্গাদি-আকাজ্ঞার নিবৃত্তিকারক অংশত্রয় অবগত হওয়া যায়। যথা---'কিং' আকাজ্জায় স্বৰ্গাদি ফল, 'কেন' এই আকাজ্জায় যাগ এবং 'কথং' এই আকাজ্ঞা দারা প্রযাজাদি ইতিকর্ত্ব্যুতার বিধীয়মান ভাবনাতে অষ্ম হইয়া থাকে। এই প্রকার "উপাসীত" এই বিধিতে বিহিত ভাবনার কিং, কেন, কথম তিনটি অংশ বা আকাজ্ঞা আছে। তন্মধ্যে 'কিং' আকৃত্যার নিবারক আত্মা, 'কেন' আকাজ্যানিবারক মন, 'কথং' এই আকাজ্যার নিবারক ত্যাগ বা বৈরাগ্য, ব্হচ্চর্য্য, শম, দম, উপরতি (নিত্যনৈমিত্তিক কার্য্য পরিত্যাগ), তিতিক্ষা প্রভৃতি ইতিকর্ম্বব্যতা। ইহাদের ভাবনার সহিত অম্বন্ধ হইলে, কর্মবিধি ও উপাসনাবিধির অংশত্রন্ধ এক প্রকারই বোধগম্য হয়। যে প্রকার দর্শপৌর্ণমাদাদি যাগবিধির অঙ্গরূপে অর্থবাদ অর্থাৎ প্রশংসাবাক্যসকলের উপযোগিতা, সেই প্রকার বিধিপ্রত্যমূশুন্য উপনিষৎ-বাক্যপ্রতিপাম্ব আয়োপাসনাপ্রকরণে আয়োপাসনা বিধির ও অঙ্গরূপে "নেতি নেতি" "অস্কুলম্" "একমেবাধিতীয়ম" "অশনায়াগুতীতঃ" ইত্যাদি শ্ৰুতি-বাক্য উপাক্ত আত্মার স্বরূপবিশেষ প্রকাশ করিয়া উপযোগী হইবে, উপাসনার ফল, মোক্ষ বা অবিস্থানিবৃত্তি।

অপর বাদী বলেন, আত্মার উপাসনা ছারা আত্মবিষয়ক একটি বিশেষ জ্ঞান উৎপাদিত হয়, তাহাই ঐ লিঙ্প্রতিপাত্ম ভাবনার ভাবা। তাহা বারা আত্মার সাক্ষাৎকার ও অবিছার নিবৃত্তি ঘটে, কিন্তু বেদবাক্যজনিত আত্মবিজ্ঞান দারা অবিভার নিবৃত্তিরূপ ফল সাধিত হয় না। এই বি্ষয়ে 'বিজ্ঞান করিয়া আত্মসাক্ষাৎকার করিবে,' 'মনন করিয়া ধ্যান করিবে,' 'তাহাকে অম্বেষণ করিবে,' 'তাহার বিজ্ঞান করা কর্ত্তবা' ইত্যাদি শ্রুতিবাক্য প্রমাণরূপে জাগরক আছে। অতঃপর দিদ্ধান্তবাদী প্রথমোক্ত মতের খণ্ডনাভিপ্রায়ে বলেন যে, না, তাহা নহে, 'আত্মেত্যেবোপাসীত,' এই বাক্য উপাসনার বিধি हरेए शाद ना, कोदन, य छएन विधिनांका अवरानद शद मान्नछान जिल्ल কোন একটি ক্রিয়া বিহিত বলিয়া মনে হয়,° সে স্থলে বিধির সাফল্য। যেমন "স্বৰ্গকামী ব্যক্তি দৰ্শপোৰ্ণমাস যাগ করিবে" এই বিধির অর্থজ্ঞান ও তাহার প্রতিপান্ত যাগ, এইরূপ চুইটি পদার্থ বিশ্বমান, সেইরূপ এ সুলে আত্মস্বরূপুরুখন দারা আত্মভিরের নিষেধজনিত আত্মবিজ্ঞান ভিন্ন অন্ত কোনও মানসিক বা বাহ্য অনুষ্ঠানের বিষয় নাই—যাহার বিধান সম্ভব হইবে ? যেমন দর্শপূর্ণমাস विधिवारकात व्यर्थकान ও দর্শপূর্ণমাস याशाञ्चोन এক নহে, সেই জন্ম দর্শ-পূর্ণমাস যাগ কর্ত্তব্যরূপে বিহিত হওয়া সম্ভব হইল, কিন্তু 'আত্মেত্যেবোপাসীত' এই বাক্য ছারা বিধার্থ জ্ঞান ভিন্ন কোন কার্য্য অবগত হওয়া যায় না, কিরূপে উপার্দনাবিধি বলিয়া স্বীকার করিব? বিশেষতঃ দেই বিধি ছারা অমুষ্টের কর্ম অধিকারাদি অপেকা করে। আবার "নেতি নেতি" ইত্যাদি বাক্য ৰারা আত্মার পরিচ্ছিন্নতার খণ্ডন করা হেতু ঐ বাক্যে অর্থজ্ঞানব্যতিরিক্ত পুরুষের কোন বাপারও সভাবিত হয় না, থেহেতু, এরপ জ্ঞান হইলে পুরুষের সমস্ত বাপারই তিরোহিত হইরা যায়। তবে বিধি কাহাতে প্রবৃত্ত করিবে । অপ্রবর্ত্তক বাক্যজনিত জ্ঞানাধীন কার্য্যে প্রবৃত্ত হওয়া দ্রের কথা, অপ্রবর্ত্তক বাক্যজনিত জ্ঞান পুরুষের প্রবৃত্তিজনকই হইতে পারে না। ঘটপটাদি বিভিন্ন বস্তুর্ব্তু জ্ঞান থেমন কথনও আত্মোপাসনার প্রবর্ত্তক হয় না, জুরুপ আত্মবিজ্ঞানও আত্মোপাসনার প্রবর্ত্তক বলতে পার না। 'একমেবাণিতীয়ম্" "তম্বমিসি' ইত্যাদি বেদান্তবাক্য ঘারা কেবল অব্রহ্ম ও অনায়জ্ঞানের নিবৃত্তি হয় মাত্র, অনায়জ্ঞানের নিবৃত্তি হইলে পুরুষের প্রবৃত্তিই উদিত হয় না। যেহেতু, অনায়জ্ঞানের নিবৃত্তি ও আত্মোপসনার প্রবৃত্তি ইহারা পরম্পর বিভন্ম পদার্থ, কেন না, প্রবৃত্তিমাত্রই অনায়বিজ্ঞানের কার্য্য, আর অহৈত্রক্ষজ্ঞান প্রবৃত্তিমাত্রের মূলোচ্ছেদক। যদি বল, কেবল বেদান্তবাক্যজনিত বিজ্ঞান হইলে অব্রহ্ম ও অনায়বিষয়ক বিজ্ঞানের নিবৃত্তি হয় না। ইহাও বলা যায় না।

বেহেতু, তত্ত্বমদি, "নেতি নেতি," "আইল্লবেদম্," "একমেবাহিতীয়ন্" "প্রদৈ-বেদমমুতম্," "নাগুদতোন্ডি দ্ৰষ্ট্ৰ," "তদেব ব্ৰহ্ম তং বিদ্ধি" ইত্যাদি বেদাস্তবাক্যই অনাত্মবিজ্ঞানের নিবৃত্তিবোধে একমাত্র প্রমাণ। যদিচ "আত্মা দ্রষ্টবাঃ" এই আত্ম-দর্শন বিধির প্রতিপান্থ আত্মার স্বরূপপ্রকাশ করাই উক্ত শ্রুতিবাক্য-সমূহের অভিপ্রেত, উহারা অনাম্বিজ্ঞানের নিবর্ত্তক নহে বল, তথাপি উহা আত্মজানের বিধি হইতে পারে না, ইহা বলা হইন্নাছে, তাহাতেই তোমার এই আপত্তির উত্তর হইয়াছে, অর্থাং উদাহত শতিবাকা দারা আত্মস্বরূপের জ্ঞান বিহিত করা হইলে তদতিরিক্ত অন্ত অনুষ্ঠেরের অভাব থাকাতে আত্মদর্শনের বিধি অসম্ভব হয়, এমত অবস্থায় তাহার বিষয়ক্তাপনের জন্ম উল্লিখিত শ্রুতি-সমূহকে বিধির অঙ্গ-কল্পনা করাও অযৌক্তিক। বিধিব্যতিরেকে কেবল আত্মার স্বরূপ প্রতিপাদন করিলে তাহাতে পুরুষের প্রবৃত্তি হইবে কেন ্ এইরূপ আপত্তিও করিতে পার না, যেহেত, আত্মহবাধক বাক্যের প্রবণ ঘারাই আত্মবিজ্ঞান জনিয়া থাকে, তবে আর বিধিবাক্য কাহার জ্ঞান বিধান করিবে, অর্থাৎ আত্মজ্ঞান অর্থাপ্ত নহে, তাহার বিধিও সম্ভত নছে। যদি বল, বিধি না থাকিলে বেদান্তবাক্যের প্রবণেও আত্মজ্ঞানে পুরুষের প্রবৃত্তি হইবে না। তাহার উত্তরে বলি যে, তাহা হুইলে আত্মবোধক বিধিবাক্যের এবণেও পুনশ্চ তাহার বিধিব্যতিরেকে প্রবৃত্তি না হউক, এইরপ সেই বিধিবাক্যের প্রবর্তকভার জ্ঞ অপরবিধির অপেক্ষা করিতে হয়, এই ক্রমে আবার সেই বেদান্তবাক্যের প্রবণ বা ছাহায় অর্থজানের পর আবার বিধান্তরের অপেকা, এইরপে

স্থানবাহী সরণই আত্মপ্রথাজনিত বিজ্ঞান হইতে বিজিন বিষয়, মতরাং উল্ক বিধিবাক্য তাহারই প্রবর্ত্তক বলিব। তাহাও নহে, কারণ, সেই স্থৃতিধারাও শ্রুতির তাৎপর্য্য ইইতে অনবগত অর্থাৎ অপ্রাপ্ত নহে, বাহার দারা বিধি-বাক্যের সাফল্য হইবে। ইহার তাবার্থ এই যে, যৎকালে আত্মার স্বরূপবোধক 'বাক্যপ্রবণ দারা আ্মুর্যবিষয়ক জ্ঞান উৎপন্ন হয়, তৎকালেই আত্মবিষয়ক মিথ্যাজ্ঞানের নিবৃত্তি হইয়া যায়, আত্মবিষয়ক মিথ্যাজ্ঞান নিবৃত্ত ইইলে সেই মিথ্যাজ্ঞান হইতে উৎপন্ন অনাত্মবিষয়ক স্থাতি সমুদায়ও আর জ্মিতে পারে না. স্বত্যুরাং আত্মবিষয়ক স্থৃতিধারাই জ্মিতে থাকে, তাহার জ্ম্ম বিধির অপেক্ষা করিতে হয় না। আত্মার অবগতি হইলে সমস্ত বস্তুই অনর্থর্যপে প্রতীয়্বমান হয়, যেহেতু, তখন অনাত্মবন্ধ অনিত্য, হুংথ, অগুদি বহু দোষত্বই বিদায়া বিবেচিত হয়। কারণ, আত্মা তাহার বিপারীত, অর্থাৎ নিত্য, মুথ, শুদ্ধি প্রভৃতি ধর্ম্মুক্ত, ইহা শ্রুতিসিদ্ধ।

একণে উপসংহারে ইহাই সিদ্ধান্ত হইল যে, আত্মসাক্ষাৎকার হুইলে, অনাত্র-বস্তুর বিজ্ঞানজন্য স্মৃতি সকলের অভাব ঘটে, পরিশেষে আইত্মকত্মবিজ্ঞান হইতে শ্বতিধারাই নিরম্ভর উৎপন্ন হইতে থাকে; স্কৃতরাং ইহা বিধি ব্যতিরেকেই উৎপন্ন হওয়ায় বিধেয় নহে। আর এক কথা, আত্মার শ্বরণ ধারা শোক, মোহ, আয়াসাদি ছঃগজনক দোষ-সমূহের নির্তিরূপ উহিক ফুলই জন্মিয়া থাকে, সে জন্ম আত্মজ্ঞান বিধের হইতে পারে না। অর্থাৎ যাগাদির ন্তায় তাত্মজ্ঞান বিধের হইলে তাহার স্বর্গাদির স্থায় অদৃষ্ট ফল হইত। শোক-মোহাদি দোষ আত্মবিষয়ক মিথ্যাজ্ঞানবশৃতই জনিয়া থাকে, মিথ্যাজ্ঞানের নিবৃত্তি বশতঃ উৎপত্তিই তাহাদের হইতে পারে না, ইহা শ্রুতিতে অভিহিত হইঝাছে। যথা—'সেই অবস্থাতে মোহ কি,' শোকই বা কি,' 'আত্মজ্ঞ কোন বস্ত হইতে ভীত হয় না,' 'হে জনক! তুমি অভয় প্রাপ্ত হইয়াছ।' 'তথন হৃদয়ের গ্রন্থি ছিন্ন হয়' ইত্যাদি। ইহাতে বাদী বলেন, বথন চিত্তবৃত্তির নিরোধ আত্মজ্ঞান অপেক্ষা ভিন্ন পদার্থ, তখন মুক্তির সাধনরূপে চিত্তরতির নিরোধই ঐ বিধির বিধের হউক, যোগশান্ত্রেও চিত্তরভির নিরোধ কর্ত্তব্যরূপে অভিহিত হইয়াছে। তহন্তরে দিশ্বান্তী বলেন, ভোমার এই বাক্য বৃক্তিসহ নহে। যেহেতু, চিত্তবৃত্তিনিরোধ মোক্ষসাধন, ইহা কোন শ্রুতিতে ক্থিত হয় নাই। ব্লেদাস্তবাকো আত্মার ব্রশ্নবিজ্ঞান ব্যতীত অন্ত কেইই মোক্ষসাধনরূপে নির্ণীত নহে। 'আখাকেই জানিবে' 'সেই হেতু তাহার সকল এমাম হইবে,' 'এমজ প্রমঞ্জ জানিতে পারে, সে বন্ধ হয়, 'যে পুরুষ বন্ধজ্ঞ আচার্য্য লার্ভ করে, সেই পুরুষ বন্ধ জানিতে পারে,' 'সেই বন্ধজ্ঞ পুরুষের তাবৎকাল পর্যন্ত মুক্তিপ্রাধির বিলম্ব,' 'যে বন্ধ জানে, সে অভরবন্ধময় হয়' ইত্যাদি বহু শ্রুতিতে বন্ধামজ্ঞান মোক্রের উপায় বলিয়া অভিহিত হইয়াছে। জাবার আয়ুজ্ঞান ও তজ্জ্য স্থতিধারাই চিন্তবৃত্তিনিরোধের কারণ, এতন্তির অহ্য কারণ নাই, ইহাও তোমার মত গ্রহণ করিয়া বলা হইল। বাস্তবিক বুদ্ধায়ুজ্ঞান ভিন্ন মোক্রের অহ্য কোনও কারণ শাস্তে নির্দিষ্ট নহে। আর যে পূর্বের্ধ আকাজ্জাত্ররবিশিষ্ট ভাবনাকে বিধির প্রতিপান্ত বলা হইয়াছে, সেই আকাজ্জাও এখানে নাই, স্বতরাং ভাবনাঞ্জ প্রতিপান্ত হইতে পারে না। তুমি যে বলিয়াছিলে, 'যুজেত' ইত্যাদি বিধিবাক্যে ভাবনার কিং, কেন, কথং এই তিন প্রকার আকাজ্জার স্বর্গাদি ফল যাগাদিরূপ সাধন ও প্রযাজ্ঞাদি ইতিকর্ত্তব্যতা থারা যেমন নিরাকরণ হয়, সেই প্রকার আত্মবিজ্ঞানের বিধির বিধের ভাবনার তিনটি আকাজ্জাপ্রণের জন্ত ঐরপ অংশত্রয়ের অন্বর হইবে, ইহা সমীচীন বুক্তি নহে।

যেহেতু, "সেই ব্ৰহ্ম এক অধিতীয়" "ভূমি সেই প্ৰমাত্মা" বলিয়া পৰে 'নেতি নেতি'ক্নপে সকল প্রতিষেধ করিয়া কথিত হইয়াছে যে, "এই পরমান্ধা স্থূল নহেন, স্ক্ষাও নহেন।" "অন্তর ও বাহুশূন্ম" "এই আত্মাই ব্রন্ধ" ইত্যাদি বেদান্তবাক্যের অর্থজ্ঞানসমকালেই সমস্ত আকাজ্ফার নিবৃত্তি হয়। এই সকল শ্রুতিবাক্যের প্রতি-পাদ্য ব্রন্ধবিজ্ঞানে ভাবনাবাচক লিঙ্ত্ব্যাদির অভাব বশতঃ বিধি প্রয়োগ নাই वृक्षिण रहेरत। आवात के मुक्त वारकात अर्थकारन श्रवृक्ति क्याहेवात क्य अन বিধির অপেক্ষা করিলে ঐ প্রবর্ত্তক বিধির অর্থজ্ঞানেও আর একটি প্রবর্ত্তক বিধির আবশ্রকতা আসে, এই ক্রমে অনুবস্থাদোষ হয়, ইহা পূর্বের বলিয়াছি। কৈ ? "একমেবাদিতীয়ন্" ইত্যাদিবাক্যে ত বিধিবোধক প্রত্যন্ন অবগত হওয়া যায় না। তবে বিধি বলি কিরূপে। যদি বল, কেবল আছার শুরূপ প্রতিপাদন করিয়াই যদি ঐ বাক্য বিরত হয়, অর্থাৎ কাহাকৈও কোন বিষয়ে প্রবৃত্ত না করে, তবে কেবল বস্তুর স্বরূপপ্রতিপাদক বাক্যের প্রামাণ্য काशात ? कादन, धावर्कक वाकार धारान, त्यमन "िवन त्वामन कवित्राहित्नम, যেহেতু,রোদন করিয়াছেন, এই হেতু তাঁহার নাম কল্র হইরাছে। এই সকল বাক্য क्वित्व वस्त्र यक्त्र প্রতিপাদন করে, প্রবর্ত্তক নছে, এই জন্ম প্রমাধ হয় নাই। এই প্রকার আর্থাবোধক বাক্য সকলও অপ্রমাণ হইয়া পড়ে ? উত্তর পই আপত্তিও ৰুক্তিৰ্ক্ত নহে। কাবণ, এই উভয়ের প্রভেদ আছে, বেহেতু, বাক্যের প্রামাণ্য ব্যবস্থার প্রতি ক্রিয়ার প্রতিপাদন বা বস্তুর প্রতিপাদন কারণ নহে, কিন্তু যে বাক্য নিশ্চিতরপে অর্থ প্রতিপাদন করে, স্বর্থাৎ বাহার অর্থজ্ঞান দারা নিশ্চিত ফল সাধিত হয়, দেই বাক্যই প্রমাণ। যে বাক্য তাহা করে না, দে অপ্রমাণ। বেশী কথা কি ? এইক্ষণে তোমাঁকৈ জিজ্ঞানা করি, আত্মার স্বরূপপ্রতিপাদক বাক্য ছারাও নিশ্চিত সফল বিজ্ঞান হয় কি না, যদি তাঁহা হয়, তবে ঐ বাক্য কি হেতু অপ্রমাণ হইবে [?] তুমি দেখিতেছ না কি, যে, এক আত্মবিজ্ঞান জন্মিলে অবিষ্ঠা, শোক, মোহ, ভয় প্রভৃতি সংসারকারণস্বরূপ সকল দোষের নিবৃত্তি ফল জন্মে ? তুমি कি শুনিতেছ না ? "ব্ৰন্ধাইয়েক্যদৰ্শীর শোক কি, মোহই বা কি" "আমি মন্ত্রবেত্তামাত্র, "আত্মাকে জানি না, এই জগু শোক করি। হে ভগবন। আপনি আমাকে শোকের প্রপারে লইয়া যান" ইত্যাদি শত শত উপনিষদ্বাকা আত্মবিজ্ঞানের শোকমোহাদিনিবৃত্তি ফল ঘোষণা করিতেছে। করিয়াছিল,' ইত্যাদি পূর্ব্বোক্ত অর্থবাদ বাক্যের অর্থজ্ঞান কি নিশ্চিত ফলসাধক হইয়া থাকে ? । যদি উহার ফল না থাকে, তবে ঐ সকল বাক্য অপ্রমাণ হউক. আপত্তি নাই, কিন্তু ইহা অপ্রমাণ হয় বলিয়া ফলবান নিশ্চিত-বিজ্ঞানবোধক বাক্যও অপ্রমাণ হইবে, এমন কথা কি ্ আবারশ্যলবান নিশ্চিত বিজ্ঞান-বোধক বাক্যের অপ্রামাণ্য যদি স্বীকার কর, তবে দর্শ-পূর্ণমাস-যাগ্যনাধক বিধিবাক্যের বা প্রামাণা কোথায়
ভাহারই বা প্রামাণো বিশ্বাস কি
দ

ভত্তরে বাদী বল্লন, দর্শপৌর্ণনাসাদি ক্রিয়াবোধক বাক্য পুরুষের প্রবৃত্তিজনক জ্ঞানের কারণ বলিয়া, তাহার প্রামাণ্য স্বীক্ষার করিব। আত্মবোধক বাক্য তাহা না হওয়ায় উহা প্রমাণ বলিব না। সিদ্ধান্তী বলেন, তাহা সত্যই, কিন্তু তুমি বে দেয়ে দিয়াছ, তাহা, ঠিক হয় নাই, কারণ, আত্মবোধক বাক্যে প্রামাণ্যের কারণ বর্ত্তমান। আমি পূর্বেই বলিয়াছি যে, ফলবান্ অথচ নিশ্চিত অর্থের জ্ঞান জন্মাইলেই বাকোর প্রামাণ্য হয়, প্রামাণ্যনিরূপণের অন্ত কারণ নাই। আত্মবোধক বাকাসমূদ্র যে সর্ববিধ প্রবৃত্তিজনক-মিথাজ্ঞানাদি দোষের নির্ত্তি দারা সকল জ্ঞানের উৎপাদন করে, ইহা অপ্রামাণ্যের কারণ নহেই, পরস্ক গুণই বলিতে হইবে। আর যে বলিয়াছ, "উপনিষ্যাক্য দারা আত্মাকে জানিয়া তাহার্য সাক্ষাৎকার করিবে," ইত্যাদি বেদান্তবাক্যের অর্থজ্ঞান ব্যতিরিক্ত উপাসদাবোধসম্পাদন অন্যতর উদ্দেশ্য, ইহাও সত্যই বলিয়াছ, কেবল যাগাদি বিধির স্থায় উহা অপ্রাপ্তের বিধি হইতে পারে না, তবে পক্ষপ্রাপ্ত হইবাছে বলিয়া নিয়ম-বিধি হইতে পারে। যদি বল, আত্মার উপাসনা কিরপে

পক্ষপ্রাপ্ত হইল ? কারণ, আত্মার বিজ্ঞান হইলে, অনাত্ম-বিজ্ঞানের নির্ভি এবং তক্ষ্য অনাত্মবিষয়ক ত্মরণেরও অমুৎপত্তি হয়; স্তরাং পরিশেষে আত্মবিষয়ক স্থতিধারাই নিয়তরপেই জ্মিতে থাকে। তবে আর কথনও হয়, কথনও হয় না, এইরূপ পক্ষপ্রাধির সম্ভাবনা কৈ ় উত্তর—হাঁ, তাহাও বলিতেছি, বদিচ এই প্রকারে গ্লোত্মশ্বতিধারা নিয়তই সম্ভাবনীয়, তথাপি শরীরারম্ভক কর্ম্মের ফল অবশ্রস্তাবী, এই জন্ম সমাক্রমের আত্মজানলাভ হইলেও, শরীরারম্ভক কর্ম্মবশে বাক্য, মন ও কায়ের প্রবৃত্তি জ্মিতেই হুইবে, যেহেতু, ফলোমুখ কর্ম্মের শক্তি অত্যন্ত বলবতী। যেমন বাগনিক্ষেপকারীর প্রযন্ত্র-নিবৃদ্ধি হইলেও, নিক্ষিপ্ত বাণ বেগবশে দূরগামী হইয়া থাকে, সেই প্রকার আত্মজ্ঞান দারা অবিভানিবৃত্তি হইলেও প্রারম্ধ কর্মামুসারে ধ্যানের অন্তরালে অগু প্রবৃত্তি অবশুই সন্তাবনীয়। সেই হেতু জ্ঞানপ্রবৃত্তি হর্মল অথচ পাক্ষিক। অতএব ত্যাগ ও বৈরাগ্য প্রভৃতি সাধনবল অবলয়ন করিয়া আত্মবিজ্ঞানের খুতিধারা নিয়ন্ত্রিত করা উচিত, ইছাই निषमिविधि। किन्न यांशांनि विधित छात्र जेशांत्रनाविधि अशुर्वविधि इंटेए शास्त्रना। যেহেডু, উহা উপায়ান্তরে প্রাপ্ত আছে; ইহা পূর্ব্বেই বলিয়াছি। এইক্ষণে উপসংহারে ইহাই অবধারিত হটুল যে, "বিজ্ঞায় প্রজ্ঞাং কুর্ব্বীত" ইত্যাদি শ্রুতিবাক্য উপায়ান্তরে প্রাপ্ত আত্মবিজ্ঞানের স্মৃতিধারার নিয়ম করিবার জ্ঞাই প্রযুক্ত হইয়াছে। অন্ত উদ্দেশ্যে তাহা প্রযুক্ত হইবার নহে।

বাদী বলেন, "আয়েতাবোপাসীত" এই শ্রুতিতে ইতিশন্ধ প্রয়োগ করা হেতু অনায়ার আয়ুভাবে উপাসনাবিধান তাৎপর্যা। যেমন "প্রিয়ুভাবে উপাসনা করিবে" এ কণা বলিলে প্রীতিগুণের উপাসনা বিহিত হয় না, কিন্তু প্রিয়াদি গুণবিশিষ্ঠ প্রাণাদির উপাসনারই বিধান হইয়াছে ব্ঝিতে হয়, সেই প্রকার এই স্থলেও আয়্মশন্দের পর ইতি শন্দের প্রয়োগ হেতু আয়ার গ্রুণমুক্ত অনায়ারস্কর উপাসনাই প্রজীত হইতেছে। কারণ, আয়ার উপাশতাবোধক বাক্য অপেক্ষা এই শ্রুতিবাক্যের বৈলক্ষণ্য হেতু উহা অনায়ার উপাশনাবোধক বলিয়াই প্রমাণিত হয়। য়েহেতু, পরে কথিত হইবে, "এই জগৎকে আয়ররপেই উপাসনা করিবে", এই লাক্যেও আয়া উপাশর্মণে অভিমত হইয়াছেন; তাহার প্রমাণ আয়্মশন্দের পরে ছিতীয়া বিভক্তি, কিন্তু "আয়েত্যেব" এই শ্রুতিতে দিতীয়া বিভক্তির নামগন্ধও নাই, বরং আয়্মশন্দের পর ইতি শন্ধ নির্দ্ধিই হইয়াছে। যথা 'আয়া-ইতি-এব-উপাসীত,' য়র্থাৎ ইহা আয়াই, এই ভাবে উপাসনা করিবে। এইয়ণ নির্দ্ধেশ

থাকাতে মনে হয়, উক্ত বাক্য দারা আত্মাকে উপাশু বলা হয় নাই, পরন্ত আত্মার গুণবিশিষ্টরূপে অনাত্মাই উপাক্ত বলা হইয়াছে। ততুত্তরে সিদ্ধান্তী বলেন. তুমি শ্রুতির তাৎপর্যা বুঝিতে না পারিয়া এইরূপ বলিতেছ, যেহেতু, পরবাক্য দ্বারা আত্মাই উপাস্ত বলিয়া এই শ্রুতির তাৎপর্য্য অবগত হওরা বায়। যথা---"তদেতৎ পদনীয়মশু দর্ববভা বদয়মাত্মানেন দর্বাং বেদ" অর্থাৎ এই সমস্ত জগতের মধ্যে দেই এই আত্মতত্ত্বই জ্ঞাতব্য, এই যে আত্মা, ইহাকে জানিলে সমস্ত জানিতে পারিবে। এই যে "আগ্রা ইনি অন্তরতর" "আগ্রাকেই জানিবে" ইত্যাদি। যদি বল, 'তন্ন পশুন্তি' ক্ৰাঁহাকে দেখিতে পায় না। এই ভাবী উক্তি দাৱা শ্ৰীরমধ্যে প্রবিষ্ট আত্মারই দর্শন নিষেধ করা হইয়াছে, কারণ, প্রক্তপ্রস্তাবে তাঁহার অন্তর্যুই স্থসঙ্গত। তবেই আত্মার দর্শনাভাব বশতঃ অমুপাঞ্চই বলা হইল। উত্তর—তাহা বলিতে পার না, আত্মার যে দর্শনাভাব বলা হইয়াছে, তাহা তাহার অসম্পূর্ণতা হেতু, উপাশুতা নিবারণের জন্ম নহে। পরে প্রাণনাদি এক একটি ক্রিয়াবিশিষ্ট-রূপে যে আত্মার পরিচয় দেওয়া হইবে, তাহারই অসম্পূর্ণতা শান্ত প্রমাণিত করিষাছেন, তাহারই দর্শন প্রকৃতপ্রস্তাবে যথার্থ দর্শন নহে। এই জন্ম শ্রুতি বলিয়াছেন, তাহার দর্শন হয় না। আর যে আলুশুন্দের পর ইতি শব্দ নির্দেশ করা হইয়াছে, ইহার উদ্দেশ্র--বাস্তবিক আত্মতত্ত্ব, আত্মা এই শব্দের ও জ্ঞানের অবিষয় ইহার জ্ঞাপন। যদি আত্মতত্ত্ব জ্ঞানের বিষয় হইত, তবে "আত্মানমুপাদীত" এইরপ নিদিষ্ট হইত; এবং 'আত্মা' শব্দও জ্ঞানের বিষয়রূপে শান্তামুক্তাত হইড, কিন্তু ভাহা শাস্ত্রাভিমত নহে, যেহেডু, "আত্মা এতংস্বরূপ নহেন" "তংস্বরূপ নহেন" "স্কলের বিজ্ঞাতা আত্মাকে কোন্ প্রমাণে জানিবে" "আত্মা অত্যের অবিজ্ঞের এবং সকলের বিজ্ঞাতা," "বাঁহাকে জানিতে না পারিয়া মনের সহিত বাক্য নিবৃত্ত হয়," ইত্যাদি শ্রুতিবাক্য দারা আত্মার অবিজ্ঞেমত্বই প্রমাণিত হইয়াছে। তবে যে "আত্মাকে লোকস্বরূপ ভাবিয়া উপাদনা কুরিবে," এই বাক্যে ইতি শব্দ প্রযুক্ত না হইয়া ধিতীয়া বিভক্তি প্রযুক্ত হইয়াছে, ইহার তাৎপর্য্য অন্তর্মপ-অনাত্মার উপাদনার প্রদন্ধনিবৃত্তি, ইহা আত্মার উপাদনার বিধারক বাকার্ন্তর নহে।

যে প্রকার, আত্মা অজ্ঞাত, এই জন্ম তাহা জ্ঞাতব্য, সেই প্রকার আনাত্মাও অজ্ঞাত, তাহারও জ্ঞান আবশ্রক, তবে কি জন্ম কেবল আত্মার উপাসনার্থ প্রফা করা হইতেছে গ কেন আনাত্মার বিক্ষান্বিধয়ে যত্ন বিহিত হইল না, শ্রুতি কেবল আত্মাকেই উপাসনা করিতে বলিয়াছেন কেন গ এইরুণ আশক্ষার সমাধান, অতঃপর শ্রুতি স্বর্থই করিতেছেন—পূর্ব্বে উপক্রাপ্ত আত্মতন্ত্বই এই সমস্ত জগতের মধ্যে একমাত্র গমনীয় (জ্রেয়)। শ্রুতিতে 'অক্ত সর্ব্বস্তু' এই স্থানেতে যে ষ্টাবিভক্তি নির্দেশ আছে, তাহা নির্দ্ধারণ অর্থ-প্রকাশক অর্থাৎ এই সমস্ত বস্তুর মধ্যে আত্মতন্ত্বই 'জ্ঞাতব্য। আপত্তি হইতে পারে, তবে কি আত্মা ব্যুতীত অন্ত নির্দ্ধুই জ্ঞাতব্য নহে ? তাহা নহে, অনাত্মা জ্ঞাতব্য হইলেও, আত্মা হইতে সে সমুদ্র স্বতন্ত্রভাবে ক্রেয় মহে। যেহেতু, আত্মবিৎ পুরুষ আত্মজ্ঞান ধারা অনাত্ম সমস্ত বস্তুই জ্ঞানিতে পারে। তবে যে আপত্তি করিবে, একের জ্ঞান ধারা অনাত্ম জ্ঞান সম্ভব কি ? ইহার উত্তর— হলুভাাদি প্রস্তে বলা হইবে। এক্ষণে কি প্রকারে এই আত্মতত্ম ক্রেয়, তাহা বলা হইতেছে— যে প্রকার পালক গ্রাদি পশু প্রাপ্ত না হইলে তাহার অ্যেবণ করত পদচ্ছে ঘারা তাহার স্থিতি জ্ঞানিয়া তাহাকে প্রাপ্ত হয়, সেই প্রকার এক আত্মাকে লাভ করিয়া অলব্ধ সমস্ত পদার্থ-ই প্রাপ্ত হওয়া যায় অর্থাৎ এক আত্মজ্ঞান ধারাই অজ্ঞাত সকল বস্তুর জ্ঞান উৎপন্ন হয়।

এ বিষয়ে বাদী আপত্তি করেন, যদি আত্মা বিজ্ঞাত হইলে অহা সকল পদার্থ জাত হইয়া থাকে, ইহাই প্রস্তাবিত ও বক্তব্য, তবে শ্রুতি তাহা না বলিয়া অপ্র-স্তাবিত লাভশব্দের উল্লেখ করিলেন কেন গ ইহার উত্তর—লাভ ও জ্ঞানের একার্থতা অভিপ্রান্ধে বলা হইয়াছে। যেহেতু, আত্মার অলাভই বাস্তবিক অজ্ঞান, স্মৃতরাং জ্ঞানই লাভ, লাভের জ্ঞানরপতা না বলিলে, অনাস্মবস্তর স্থায় অপ্রাপ্তের প্রাপ্তিস্বরূপ লাভূ সর্ক্ষময় আত্মার কোনরূপেই সম্ভাবিত হইতে পারে না। কারণ, দর্কময় আত্ম-তত্ত্বের বিচারে লকা (লাভকর্তা) ও লক্ষব্য (याহার লাভ হয়) এই উভয়ের ভেদ থাকে না। যে স্থলে আত্মা হইতে অনাত্মার লাভ বা জ্ঞান সম্পাদন করিতে হুইবে, সেই স্থলে আত্মা লব্ধা, অনাত্মা লব্ববা। বেছেতু, সেই অনাত্মা পূর্বের জ্ঞাত নহৈ, পরে কারকবিশেষের সাহায্যে ক্রিয়াবিশেষকে উৎপাদন করিয়া প্রাপ্ত বা জ্ঞাত হয়, এই জ্ঞা লব্ধব্য, দেই লক্ষব্যের লাভ অপ্রাপ্তপ্রাপ্তিম্বরূপ, অতএব অনিত্য: কারণ, মিথাজ্ঞান-জনিত সন্ধরের ক্রিয়া হইতেই তাহার উৎপত্তি। বেমন স্বপ্নে অস্চ্যুভূত-পুত্রাদিলাভ ঘটে। কিন্তু এই লব্ধ আত্মা তাহার বিপরীত; মেহেতু, আত্মা উৎপাষ্টাদি ক্রিয়া ঘারা ব্যবহিত নহে, আত্মার ইহাই, স্বরূপ। এই জন্ম আত্মী নিত্য লক্ষক্রপ হইলেও কেবল অবিভাষাত্র ছারা ব্যবহিত আছেন, এই জন্ত অজ্ঞাত। বেমন লোকে গুলি পাইয়াও কেবল রজত-ভ্রমে

তাহার স্বরূপ জানিতে পারে না, এ স্থলে বিপরীতজ্ঞানই স্বরূপের আচ্ছাদক. সেই প্রকার গ্রহণ বা লাভ জ্ঞানই অন্ত কিছু নহে ; জ্ঞানের ফলই বিপরীত জ্ঞানের নিবৃত্তি। এই স্থলে আত্মার অলাভ কেবল অবিভার আবরণবশতঃই নিপার। বিছা দারা তাহার দুরীকরণ কর্ত্তবা, তাহাই প্রকৃত লাভের স্বরূপ, অভ প্রকার লাভ কথনই, আত্মার সম্ভবে না : সেই হেতু এই: নিশ্চিত হইল যে, জ্ঞান দারা আত্মার প্রাপ্তি হইলে অন্য কোনও সাধারণ প্রয়োজনের আবশ্রকতা নাই, ইহা পরে কথিত হইবে। সেই হেতু শ্রুতি জ্ঞান ও লাভ শব্দের একার্যতা নিঃশঙ্করপে বলিবার অভিপ্রোয়ে জ্ঞানের প্রস্তাবে "অন্ধবিনেৎ" এই শক্ষ নির্দেশ করিয়াছেন। ঞতিস্থ 'বিদ'ধাতু লাভ অর্থের বাচক। ইহার ছারা আত্মার গুণবিজ্ঞানের ফল বলা হইতেছে যে, এই আত্মা নাম-রূপে বিশ্বে প্রবেশ করিয়া খ্যাতিলাভ করিয়াছেন এবং নামরূপ ছারা প্রাণাদি সমূহের সহিত সম্বন্ধরূপ শ্লোক (যশ) প্রাপ্ত হইয়াছেন, যিনি এই প্রকার ভাবনা করেন, তিনি কীত্তি (খ্যাতি) ও শ্লোক (প্রিয়বস্তর সহিত সন্মিলন) লাভ করেন, অথবা উক্ত প্রকার আত্মাকে যে জানিতে পারে, সেঁ মুমুক্ষর অভিনবিত জীব ও ব্রহ্মের ঐক্যজ্ঞানরূপ কীর্ত্তি এবং শ্লোক শব্দে বোধিত ঐ জ্ঞানফল— মৃক্তি প্রাপ্ত হর॥ १॥

তদেতৎ প্রেয়ঃ পুলাৎ শ্রেয়ো বিক্তাৎ প্রেয়োহম্মারাৎ সর্বিস্মাদন্তরতরং বঁদয়মাত্মা।

স যোহত্যমাত্মনঃ প্রিয়ৎ ক্রাণং ক্রবঁছাৎ প্রিয়ন্থ রোৎস্থ-তীতীশ্বরো হ তথৈব স্থাদাত্মানমেব প্রিয়ন্থাসীত স য আত্মান মমেব প্রিয়ন্থান্তে ন হাস্থাপ্রিয়ৎ প্রমায়ুকভবতি ॥ ৮॥

কি জন্ত অন্ত অনায়বস্তর আদর না করিয়া. কেবল আত্মতন্তই জ্ঞাতবা বলিতেছেন, এ বিষয়ে শ্রুতিই হেতুদর্শনাভিপ্রায়ে কহিতেছেন, এই জগতে সমস্ত প্রিয় বস্তু অপেক্ষা পূল্র প্রিয়, ইহা প্রসিদ্ধ আছে, কিন্তু এই আত্মা পূল্র অপেক্ষাও প্রিয়তর। এই সুর্গ-রক্ষাদি বিত্ত হইতে এবং লোকপ্রসিদ্ধ অন্ত সকল প্রিয় বস্তু হইতেও আত্মা প্রিয়তর। কি জন্ত আত্মা প্রিয়তর, প্রাণাদি প্রিয়তর নহে? ইহার উত্তরে শ্রুতি বলিয়াছেন, যেহেতু, বাহ্ন (শরীর হইতে পূথগ ভূতী) পূল্র ও বিত্তাদি হইতে প্রাণ ও শরীর আভা্তার অর্থাৎ আত্মার সন্মিক্ষ্ট, আবার তাহা হইতেও আয়া আভ্যন্তরতর। যে দকল পদার্থ অতিশন্ধ প্রির, তাহাই লাভ করিবার জন্ম লোকে যত্ন করিনা থাকে। এই আয়া লোকিক দকল পদার্থ হইতে প্রিন্নতম, সেই হেড়ু তাহার লাভের জন্ম অতিনত্ন কর্ত্তব্য, অন্ম প্রিনাভে আস্থা করনীর নহে। একণে কি জন্ম আয়া ও অনায়া তুই প্রকার প্রিয়পদার্থের মধ্যে একপ্রকার প্রিরে অনাঞ্বর করিয়া অপর প্রকার প্রিয় পদার্থে যত্ন করা হইবে, অর্থাৎ আয়ারপ প্রিম্পদার্থের উপাদান করিবে ও অন্ম ত্যাগ করিবে, এইরূপ মীমাংসা করা হইল ? আর ইহার বিপরীত করিলে অর্থাৎ আয়ার পরিত্যাগ ও অনায়ার উপাদান করিলে ক্ষতি কি গ এই আপত্তির উত্তরে শ্রুতিই কহিতেছেন—

মেই আত্মপ্রিয়বাদী, অনাত্ম পূত্রাদি প্রিয়বাদীকে অর্থাৎ যে আত্মা হইতেও পুজাদিকে প্রিয় বলিয়া থাকে, তাহাকে বলিবে বে, তুমি কি তোমার প্রিয় পুজাদিকে রোধ করিয়া রাখিতে পারিবে 🕖 তাহা নহে, সে বিনাশপ্রাপ্ত হইবেই। সেই আত্মপ্রিয়বাদী কেন এই প্রকার বলিবে (উত্তর) যেহেত, সে এই প্রকার বলিতে সমর্থ, কারণ, সে সভাবাদী, পুল্রাদি প্রিরপদার্থ যে বিনাশ প্রাপ্ত হইবে, তাহা মথার্থ হইবে, তাহার কারণ এই মে, সেই ব্যক্তি মথাভূত-বাদী, অর্থাৎ বস্তু যে প্রকার হয়, তাহাই বলিয়া থাকে, অন্তরূপ বলে না, সেই হেতু সেই ব্যক্তিই বলিতে সমর্থ। কেহ বলে, ঈশ্বর শব্দ শ্বিপ্র (শীঘ্র) অর্থের বাচক, তাহা নহে, যদি ঐ অর্থে ঈশ্বর শন্দের লোকপ্রসিদ্ধি থাকিত, তাহা হইলে তাহা স্বীকার্য্য হইত। অতঃপর শ্রুতি উপসংহারে বুলিয়াছেন, অন্ত প্রির পরিত্যাগ করিয়া আত্মাকেই প্রিয়রূপে উপাদনা করিবে। যে বাক্তি আত্মাকেই প্রিম্বরূপে উপাসনা করে, অর্থাৎ আত্মাই প্রিম্ব, অন্ত প্রিম্ব নাই, লৌকিক সকল প্রিম্নপদার্থই অপ্রিয়, এইরূপ নিশ্চয় করিয়া উপাসনা (চিন্তা) করে, ভাহার প্রিম্নপদার্থ ধ্বংস্পীল (বিনশ্বর) হয় না। এই যে ফল বলা হইল, তাহা নিতাের অমুবাদ মাত্র, বেহেতু, আত্মজ্ঞ ব্যক্তির অন্ত প্রিয় বা অপ্রিয় কিছুই থাকে না। অথবা আত্মার প্রিয়রূপে জ্ঞানের প্রশংসার জন্ম কিম্বা আত্মার প্রিয়তারূপ গুণ-ফলের বিধানের জন্ম এই বাকা নির্দিষ্ট হইয়াছে। শ্রুতিতে "প্রমায়ুকম" এই পদটি প্রপূর্বক মা ধাতুর উত্তর উক্ঞ প্রতার দারা সাধিত হইরাছে। ঐ প্রত্যায়র অর্থ তাচ্ছীলা (সেই ক্রিয়ারণ মভাব), তাহা হইলে প্রমায়ক শব্দের অর্থ মরণরূপ সভাববিশিষ্ট। যাহারা মন্দাত্মদর্শী, অর্থাৎ আত্মার ব্যাস্থরূপের অনভিজ্ঞ, ভাহানা প্রিয়ন্ত্রণবিশিষ্ট্রপে আত্মার উপাসনা করিলে এ ফল (অবিনশ্বর পুত্রাদি) প্রাপ্ত হইবে, ইহাই প্রতি ইন্সিত করিতেছেন। ৮॥

তদাহুর্যদ্বক্ষবিগুয়া দর্ববং ভবিষ্যস্তো:মনুষ্যা মন্মন্তে। কিমু তদ্বক্ষাবেদ্ যন্মাত্তৎ দর্বমভবদিতি॥.৯॥

যে বন্ধবিদ্যা সমস্ত উপনিষদের অভিপ্রেত, সেই বন্ধবিদ্যাই 'আয়েতোবো-পাদীত' এই বাক। ছারা উপদিষ্ট হইয়াছে। এক্ষণে সেই ব্রহ্মবিদ্ধাসত্ত্রের ব্যাখ্যানাভিপ্রায়ে প্রথমতঃ তাহার প্রয়োজন বলিবার জন্ম উপোদবাত সঙ্গতি দেখাইতেছেন। শ্রুতিস্থ "তং" শব্দের অর্থ তাহা, অর্থাৎ স্মবাবহিত পরবাক্যে প্রকাশ্ম বস্তু। দেই দকল ব্রন্ধত্বজিজ্ঞান্ত--বাঁহারা জন্ম-জরা-মরণরূপ প্রবাহ-চক্রে নিরম্ভর ভ্রমণক্তত প্রধাস ও তঃখ্যুস্ত অপার মহাসমূদ্রের তরণোপান্ত্র-স্বরূপ গুরুকে লাভ করিয়া তাহার প্রপারে যাইতে চাহেন, যাঁহারা ধর্ম ও অধ্যাত্মপ সাধন ও শ্বৰ্গ-নৱকাদিত্মপ তংসাধ্য ফলে বিৱক্ত হইয়া কেবল বাহা সাধ্যসাধন হইতে বিলফণ, নিতা, সর্ব্বোৎকৃষ্ট শ্রেমাম্বরপ, তাহারই প্রার্থী, তাহারাই বলেন, যে বিস্তা ঘারা ব্রহ্ম পরিজ্ঞাত হয়, সেই ব্রন্ধবিস্তা ঘারা আমরা দর্কময় হইব। এই প্রকার মন্ত্র্যা দকলে মনে আশা করে। যদিচ দেবতা-দিগেরও মোকলাভের ইচ্ছা হইয়া থাকে, তথাপি শ্রুতিতে যে মনুষ্যাশন্ধ বলা হইয়াছে, তাহার অভিপ্রায় এই যে, মনুষ্যই বিশেষতঃ অভ্যুদম ও মোক্ষের সাধন-কার্য্যে অধিকারী, ইহার জ্ঞাপন। যে প্রকার তাহারা কর্ম হইতে নিশ্চিতই স্বর্গাদি ফলের লাভ হয়,মনে করিয়া থাকে,সেই প্রকার বন্ধবিদ্বা হইতেও স্ক্সিরপতা অর্থাৎ বন্ধরপতা নিয়তই লাভ হয়, ইহাও মনে করে। বেহেতু, বেদই উক্ত ছুই প্রকার ফলের উল্লেখ করিয়াছেন, কর্মা ও ব্রশ্ধ উভর বিষয়েই বেদের সমান প্রামাণা।

্ আপত্তি হইতেছে যে, সেই মনুষাপ্রার্থিত ফল বিক্রন্ধ বলিয়া বিবেচিত হয়, এই জন্ম জিজাসা করি, যাহার বিজ্ঞানপ্রভাবে মনুষ্য সর্বময় হইবে মনে করে, সেই ব্রন্ধ কি ? যেহেতু, এই প্রন্ন প্রতিতেও আছে যে, যাহার বিজ্ঞানে সর্বময় অর্থাৎ ব্রন্ধময় হয়, উহা কি-স্বরূপ ? আর যদি কাহাকে না জানিয়াই সর্বময় হওয়া যায়, তবে অল্ফেরও তাহা হইতে পারে, ব্রন্ধবিক্যার আবশ্রকতা কি ? আবার মদি কাহাকে জানিয়াই সর্বময়ত্বলাভ হয়, তবে বিজ্ঞানরপ কারণ ছারা নিপান্ত ব্রন্ধস্বরূপতা-লাভ কর্ম্ম-নিপ্যান্ত স্বর্গাদি ফুলের ক্যায়্ম অনিত্য হইয়া পড়ে এবং সর্বমেয়ভাবকে যে ব্রন্ধবিক্যার ফল বলা হইয়াছে, তাহার স্মনবস্থাদোষও হইয়া উঠে, অর্থাৎ যে বিজ্ঞানবশতঃ সর্বময়ভাব

লব্ধ হয়, ঐ বিজ্ঞান কোন বিজ্ঞান বশতঃ জন্মে, আবার সে বিজ্ঞানও অন্তবিজ্ঞান-সাপেক্ষ। এই প্রকারে অনবস্থাদোষ ঘটিয়া উঠে। যদি ব্রহ্ম না জানিয়াই ব্রহ্ম সর্ব্ধময় ইইয়াছে, এইরূপ বলা যায়, তাহা হইলেও শাস্ত্রার্থবৈরূপ্য দোষাধীন সর্ব্ধময়ত্ব-ফল অনিত্য হইয়া পড়ে অর্থাৎ অক্ষদাদির সর্ব্ধময়তালাভেই ব্রহ্মজ্ঞানের অপেক্ষা, বর্টমার সর্ব্ধময়তার প্রতি ব্রহ্মজ্ঞানের অপেক্ষা নাই, এইরূপ সিদ্ধান্ত করিলে, শাস্ত্রার্থের বিরূপতাদোয হয়। ব্রহ্মেরও ব্রহ্মবিস্থা ছারাই সর্ব্ধময়তা-লাভ হইয়াছে বলিলে সর্ব্ধময়তাজ্ঞানজন্ম বলিতে হয়, তাহা হইলেই ব্রন্ধের সর্ব্ধময়ত্বও অনিত্য হইয়া উঠে।

সিদ্ধান্তী কহিল, তুমি যে কয়েক্টি দোষ দেথাইয়াছ, ইহার একটিও সঞ্চত হয় না. যেহেতু, অবিভা ও তাহার কার্য্য সংসারের বিলয়সাধন ব্রক্ষজান দারা সম্পন্ন হয়। অদিতীয় ব্রক্ষর্মপ স্বপ্রকাশ, ব্রক্ষাতিরিক্ত কোন পদার্থ বস্তুসং না থাকায় অবিভাকরিত সকলই ব্রক্ষজানে তিরোহিত হইয়া বায়। যদি ব্রক্ষ কোন পদার্থ-বিশেষকে জানিয়া সর্ক্রময় হইয়া থাকেন, তবে জিজ্ঞান্ত, সেই পদার্থটি কি ? বাহা জানিয়া ব্রক্ষ সর্ক্রময় হইয়াছেন; শ্রুতিই "কিমু তং" এই অংশ দারা ইহা জিজ্ঞাসা করিয়াছেন॥ ৯॥

ব্রহ্ম বা ইদমগ্র আদীত্তদাত্মানমেবাবেৎ। অহং ব্রহ্মাস্মীতি। শুস্মাত্তৎসর্ব্বমভবৎ।

তদ্ যো যো দেবানাং প্রত্যবুধ্যত স এব তদভবত্তথমীণাং তথা মনুষ্যাণাং তদ্ধৈতৎ পশ্যমৃষির্বামদেবঃ প্রতিপেদেহহং মনুরভবত সূর্য্যশ্চেতি।

তদিদমপ্যেতহি য এবং বেদাহং ব্রহ্মাস্মীতি স ইদ্ধু সূর্ববং ভবতি তম্ম হ ন দেবাশ্চ নাস্কুত্যা ঈশতে।

আত্মা হেষাত্ম সভবতি।

অথ থাহন্তাং দেবতামুপান্তেহন্তোহসাবন্তোহহমস্মীতি ন স বেদ যথা পশুরেবণ স দেবানাম। যথা হ বৈ বহবঃ পশবো মনুষ্যং ভুঞ্জুরেবমেকৈকঃ
পুরুষো দেবান্ ভুনক্ত্যেকস্মিনেব পশাবাদীয়মানেহপ্রিয়ং
ভবতি কিমু বহুয়ু তস্মাদেশ্বাং তন্ন প্রিয়ং যদেতস্মনুষ্য।
বিহ্যঃ॥ ১০॥

এই প্রকার জিজ্ঞাসা করিয়া শতিই পূর্বেলজু, দোষরহিত উত্তর করিতেছেন। অপর ব্রশ্ন অর্থাৎ হিরণাগর্ভই ব্রহ্মণন্দের অর্থ, যেহেতু, তাঁহারই বিজ্ঞানসাধ্য সর্বা-শ্বরূপতা ফল কথিত হইয়াছে, প্রব্রুদোর সক্ষন্তরূপতা বিজ্ঞানসাধ্য নহে, স্বাভাবিক, "তস্মাত্তৎ সর্বামভবৎ" এইজেতিতে বিজ্ঞানসাধ্য সর্বাস্বরূপতা অপর ব্রন্ধেরই অভিহিত আছে। তবেই ইহাই বলিতে হইবে বে, "এন্ধ বা ইদমগ্র আসীং" শুভিতে এন্ধশব্দের অপর ব্রন্ধই অর্থ। অথবা পূর্বাঞ্চিতে মনুষ্যের প্রস্তাব আছে, এবং মনুষ্যই অভ্যুদয় ও নিঃপ্রেয়স ফলসাধনে বিশেষরূপে অধিকারী, এই ছেতু ভ্রন্ধশব্দে পরব্রহ্ম বা অপরব্রন্ধ (প্রজাপতি)-কে না বুঝাইয়া, যে ব্রাহ্মণ ব্রন্ধজানু লাভ করিয়া ব্রন্ধময় श्हेरत, छोहारकहे क्याहिमार्छ। अङ्ध्व हेश निक्षय हरेग रव, य बाक्षण नि**छा**, নৈমিত্তিক ও নিধাম কম্ম সহিত খৈতৈকত্ব (স্বাইছতের ঐক্য)জ্ঞান বা অপর ব্রহ্মবিদ্ধা দ্বাবা অপরব্রন্ধভাব প্রাপ্ত হইয়া সমস্ত ভোগে বিরত এবং দকল অভিলয়িত ফলের লাভবশতঃ কাম্য কর্মবন্ধন হইতে বিমুক্ত হইয়াছেন ও ক্রমশঃ পরব্রহ্মবিস্থা লাভ করিয়া ভবিষ্যতে পরব্রশ্বভাব লাভ করিবেন, সেই বাশ্বণই এই শ্রতিতে ব্রশ্লশব্দের লক্ষ্য। লৌকিকভাবেও দেখা যায় যে, •অবশ্রস্থাধী অবস্থা ধরিয়া শব্দবিশেষের প্রয়োগ ব্যবহার আছে, যেমন "অন্ন পাক করিতেছে," যদিও পাক ঘারা অন্ন নিম্পন্ন হইয়া থাকে, তথাপি এ স্থলে অন্ন হইবে বলিয়াই ততুলকে অন্নশব্দ দারা উল্লেখ করা হইয়াছে। শাস্ত্রেও প্রয়োগ আছে, পরিব্রান্ধক (যে ভিক্ককাশ্রম গ্রহণ করিবে) সকল প্রাণীকে অভয়দান করিবে, এই স্থলে ভাবী পরিব্রাজকে পরিব্রাজক শব্দ প্রায়ুক্ত হইয়াছে। সেই প্রকার এই স্থলেও ঘাহার ব্রহ্মভাব অবশুস্তাবী, সেই ব্রহ্মান্দে উক্ত হইয়াছে, এইরূপ কেহ ব্যাখ্যা করিয়া থাকেন, কিন্তু ঐ ব্যাখা। অপব্যাখ্যা। তাঁহার কারণ এই যে, এইরূপ হইলে সর্বময়তা অনিত্য-দোষছাষ্ট হইয়া পড়ে, কারণ, এই জগতে বাস্তবিক এমন কোন পদার্থ নাই যে কারণাধীন ভাবান্তর প্রাপ্ত হয় অথচ নিত্য; তবেই সর্বভাবাপত্তি ব্রন্ধব্রিজ্ঞান সাধ্য অথচ নিত্য, এই কথা স্বৰ্গাই বিকন্ধ। পক্ষান্তরে, অনিত্য বলিয়া স্বীকার করিলে মর্গাদিরপ কর্মফলের স্থায় সর্ক্ষমন্তাও বিনশর হইতে পারে, অর্থাৎ পূর্ব্বোক্ত দোষট্

রহিয়া যায়। যদি বল, অবিদ্যাজনিত অসর্কময়তানিবৃত্তিই সর্কভাবাপতিশ্বরূপ, তাহাই ব্রশ্নবিদ্যার ফল, তাহা হইলে ব্রশ্নশন্দের পূর্ব্বোক্ত 'ব্রশ্নভাবাপর' পুরুষ অর্থ নিপ্রবেজন হয় না কি ৽ কারণ, ত্রহ্মবিজ্ঞানের পূর্বেত যথন সমস্ত প্রাণী বাস্তবিক সর্বভাবাপর, স্নতরাং সর্বময়ত্ব তাহাদের নিয়তই আছে, কেবল তাহাতে অবন্ধত্ব ও অসর্ব্বময়ত্ব অবিদ্যালয় আরোপিতমাত্র। যেমন গুরুতে রজতভাব এবং আকাশের তলমালিন্ত প্রভৃতি কল্পিড, সেই প্রকার ব্রন্ধেও অবন্ধন্ব ও অসর্কমন্ত্র অবিদ্যা ধারা আরোপিত। তাহাই ব্রহ্মবিদ্যা ধারা নিবর্ত্তিত হয়, ইহাই যদি স্বীকার কর, তবে যে পরব্রহ্ম পারমার্থিক সত্তাবান, অণচ ব্রহ্মশব্দেরও মুখ্য অর্থ, তাহাই "এন্ধ বা ইদমগ্র আসীৎ" এই শ্রুতিবাকে, এন্ধশন্দের অর্থ বলাই যুক্তিবুক্ত। যেহেতু, বেদ যথার্থ অর্থেরই প্রতিপাদন করিয়া থাকে তবে কি জন্ম মুখ্যার্থের বিপরীত 'ভাবী ব্ৰহ্মভাবাপন্ন পুক্ৰষ'-ৰূপ অৰ্থ কল্পনা কৰিতে যাইবে ? অতি মহৎ প্ৰয়োজন ব্যতিরেকে যথাশ্রুত অর্থের পরিত্যাগ এবং অশ্রুত অর্থের কল্পনা শাস্ত্রে অতি অন্তায় বলিয়া পরিগণিত আছে। অব্রশ্বত্ব ও অসর্ব্বময়ত্ব স্বভাবসিদ্ধ, উহা অবিজ্ঞা-ক্বত নহে, এইরূপ বলিতেও পারিবে না। যেহেতু, ব্রশ্ধবিদ্যা ধারা তাহার নিবৃত্তি শান্তে ভূরোভূর: অভিহিত হইয়াছে। যদি অব্ৰহ্মত্ব ও অসর্কময়ত্ব বাস্তবিক সভ্য হয়, তবে ব্রন্ধবিদ্ধা ঘারা তাহার নিবৃত্তি হইতে পারে না. কোন কালেই বিদ্যা সত্যভূত বস্তুগর্মের বিপক্ষতা করিতে বা উৎপাদন করিতে পারে, এমন দেখা যায় না, সকল স্থলে অবিষ্ণা (মিথ্যাজ্ঞান)-কেই নিবৃত্তি করে দেখা বায়। অতএব এই অবিষ্ণাক্সভ অঞ্জন্ত ও অস্ক্রময়ত্ই ত্রন্ধবিদ্ধা দারা নিবাত্তিত হয় জানিবে। বেহেত, ত্রন্ধবিদ্ধা পার-মাথিক বস্তুর উৎপাদন করিতে বা(সত্যভূত বস্তু) নিবৃত্তি করিতে সমর্থ হয় না, সেই হেতু বলি, তুমি যে ব্রহ্মশব্দের যথাক্রত অর্থ ত্যাগ করিয়া অশ্রুত অর্থ করিয়াছ, তাহা নিরর্থক। যদি বল, ব্রন্ধবিষয়ে অবিদ্যা সম্ভব কি 🤊 তাহাও নছে, যেহেতু, ব্রন্ধবিষয়ে বিষ্ণার বিধান আছে, অতএব বৃঝিতে হইবে যে, এন্ধে নিশ্চয়ই অবিষ্ণারও সম্পর্ক আছে। তাহার নিবৃত্তির জন্ম বিষ্ণা আবশ্রক। গুক্তিতে রক্তভ্রম যাহার নাই, তাহাকে কেহ 'ইহা শুক্তি' এইরূপে জানাইয়া থাকে না, অর্থাৎ তুমি যাহা দেখিতেছ, ইহা ওক্তি, রজত নহে, এইরূপ কেহ অত্রান্ত পুরুষকে বলিয়া থাকে নাব কিন্তু ঞ্চিতে বন্ধবিষয়ে সেই প্রকার উপদেশ আছে, যথা—"এই সমস্ত জগৎ সংবন্ধময়" "এই সমস্ত জগৎ ব্ৰহ্ম" "এই সমস্ত জগৎ আত্মা।" যদি ব্ৰহ্মে অবিফ্লাপ্ৰৰুক্ত কাহারও অধ্যারোপ না থাকিত, তবে ত্রন্ধাতিরিক হৈতের অভাবে এই প্রকারে ত্রন্ধবিষয়ে একখবিজ্ঞান বিহিত হইত না। বাদী বলিলেন, আমরা এ কথা বলিতেছি না যে.

যেমন গুলিতে রজতের অধ্যারোপ হইয়া থাকে, ব্রন্ধে সেই প্রকার জগতের অধ্যারোপ নাই, তবে ব্রন্ধ নিজের উপর জগতের অধ্যারোপের কারণ নহে ও অবিষ্যার কর্ত্তা,নহে, এইমাত্র বলিতেছি। সিদ্ধান্তী বলেন,এই প্রকার হওঁক, তাহাতে আপত্তি নাই। ব্রন্ধ অবিষ্যার কর্ত্তা অর্থাৎ প্রান্ত নহেন, ইহা আমাদেরও স্বীকার্য্য, কিন্তু ব্রন্ধ ভিন্ন অক্ত কোন অবিষ্যার কর্ত্তা প্রান্ত, টেংলন আত্মা আছে, ইহা শাস্ত্রাম্পারে আমরা মানি না। "ইহা ভিন্ন অক্ত বিজ্ঞানা কেই নাই" "ইহা হইতে অক্ত বিজ্ঞানসাধন কিছু নাই" "তুমি সেই পরব্রন্ধ স্বরূপ" "আমাকেই জানিবে" "আমি ব্রন্ধ" "ব্রন্ধ স্বান্ত, আমি তাহা অপেকা অক্ত," "এই প্রকার যে জানে, সে ব্রন্ধ জানিতে পারে না" পুবং "আমি সমন্ত প্রাণীতে সমান" "হে অর্জ্কন! আমি আত্মা," "কুকুর ও চণ্ডালে ঘাহারা সমদর্শী" ইত্যাদি স্বতি ও মন্ত্রবর্গে ব্রন্ধাতিরিক্ত চেতন পদার্থের নাস্তিগৃই প্রমাণিত হয়।

যদি বল যে, 'সবই যদি ব্রহ্ম হয় ও ব্রহ্মাতিরিক্ত হিতীয় চেতন না পাকে, তবে লাদ্রে ব্রহ্মজ্ঞানের উপদেশ করিবার প্রয়োজন কি ? তছাত্তরে বলা যায় যে, হাঁ, ব্রহ্ম অবগত হইলে শাস্ত্রের আনর্থক্য ঘটে, অল্পথা নহে। ব্রহ্ম অবগত হওয়ারই বা ফল কি ? এ কথাও বলিতে পার না, কেন না, অবগতি হারা অবগতির অভাবনির্ত্তিই আপাত ফল বলি। তাহাতেও যদি বল যে, তোমার মতে যথন এক ব্রহ্মমাত্রই পদার্থ, অবগমাভাবের নির্ত্তিই বা কির্পে সঙ্গত হয় ? উত্তর—তাহা নহে, একজ-বিজ্ঞান হারা ব্রহ্মবিষয়ে অবগ্যাভাবের নির্ত্তি দৃষ্ট হইতেছে। প্রত্যক্ষ দৃষ্ট পদার্থ অন্তপ্রয় বলিলে, দৃষ্ট-বিরোধদোষ হয়, কেইই দৃষ্টবিরোধদোষ স্বীকার করেন না, যাহা দৃষ্ট হয়, তাহাতে অন্তপ্রতি থাকিতে পারে না। যদি বৃক্তিবিক্রদ্ম হয় বলিয়া দৃষ্টেতে অন্তর্পর্বিত্তি বলিতে ইচ্ছা কর, তাহা হইলে দৃষ্টবিক্রদ্ম মৃত্তিই অসম্বত, ইহা বলিব।

পূর্বে এই শতিস্থ বন্ধশন্দের অর্থ বন্ধভাবী পুরুষ, এই মত খণ্ডন করা হইরাছে। এইক্ষণে অন্তপ্রকারে এ মত খণ্ডন করিবার জন্ম ভাষ্যকার এ পূর্বপক্ষের পুনরুপাপন করিতেছেন, বাদী বলেন—"পুণ্যকর্ম ছারা উৎরুষ্ট ফলবান্ হয়," সেই পুরুষকে, বন্ধবিদ্ধা এবং কর্মা, অনুসরণ করে; "পুরুষ বিজ্ঞানময়, ক্রিয়াবান্ এবং মনন ও বোধের আশ্রয়" এই সকল শ্রুতি, স্থৃতি ও যুক্তি ছারা অবগত হওয়া যায় যে, সংসারী আত্মা পরমাত্মা অপেক্ষা বিলক্ষণ ধর্মাক্রাক্ত। এই প্রকার, 'সেই পরমাত্মা এতংশ্বরপ নছেন, তৎশ্বরপ নছেন, "তিনি অশ্নায়াদি ধর্ম

অতিক্রম করিয়াছেন," "যে আত্মা পাপশূরু, জরা-মৃত্যুরহিত" "এই অবিনশ্বর পরমাত্মার শাসনে স্বর্গ ও পৃথিবী বিশ্বত আছে," এই সকল শ্রুতিবাক্য দারা সংসারী জীব হুইতে বিলক্ষণ প্রমাত্মা প্রতিপাদিত হুইয়াছে। কণ্যদ ও অক্ষপাদ স্বক্ত তর্কশাস্ত্র সমূহে নানা বৃক্তি দারা সংসারী হইতে বিলক্ষণভাবে ঈশ্বরসিদ্ধি করিয়াছেন। আর ইহাও বুক্তিবক্ত যে, সংসারী জীবের সংসার-তঃথের অপনয়নের জন্তই কর্মে প্রবৃত্তি দৃষ্টিগোচর হয়, ঈশ্বরের তাহা হয় না; স্কতরাং স্পষ্টই জানা যায় যে, ঈশ্বরাপেকা সংসারী বিভিন্ন। "এই তিন লোকে আমার কর্ত্তব্য কিছু নাই," এই ভগবানের উক্তি দারা ঈশরের ফলাভিলাষে প্রবৃত্তি বা নিবৃত্তির অভাবই প্রতিপাদিত হইরাছে। "ক্লেই আত্মার অন্তেমণ করিবে ও তাহাকেই জানিতে ইচ্ছা করিবে:" "সেই আত্মাকে জানিয়া পুণা ও পাপে লিপ্ত হইতে হয় না," "ব্রন্ধবেত্তাই পরব্রন্ধভাব প্রাপ্ত হয়," "দেই আত্মাকে একরূপেই জানিতে হয়" "গালি। এই অবিনশ্বর বন্ধ জানিলে (গ্রংখভোগ করিতে হয় না)" "ধীর সেই আত্মাকে জানিয়া" "প্ৰণৰ ধনু, আত্মা বাণ, দেই ব্ৰহ্মই লক্ষা" ইত্যাদি প্ৰতিতে বন্ধকে কর্ম্মরূপে ও জীবাত্মাকে জ্ঞানের কর্ত্তরূপে নির্দেশ করা হইয়াছে: তবেই ব্রহ্মাতিরিক্ত চেতন কোন পঢ়ার্থ না থাকিলে ইহা দক্ষত হইতে পারে না। যেহেতু, এক ক্রিয়ার কর্ত্ত্ব ও কর্মান্ব একপদার্থে বিরুদ্ধ, আবার মুমুক্ষু পুরুষের গতি ও পথ-বিশেষের উপদেশ থাকায় জীব ও বন্ধের বিভিন্নতাই প্রতীয়মান হয়, व्यर्थाए यमि कीय ও उत्कात (छम ना शास्त्र, उत्य काशात द्वान होन हरेए अमन হইবে গ এজন্ম অবশুই ব্রহ্মাতিরিক্ত জীবের মহা স্বীকার্য্য। এইরূপ কর্মীর দক্ষিণমার্গ ও জ্ঞানীর উত্তরমার্গ, এই প্রকার মার্গবিশেষের উপদেশ এবং গস্তব্য স্থানেরও অন্তুপণত্তি হয়। কিন্তু জীব ও এন্দের ভেদ খীকার করিলে, এই সমস্তই স্বন্ধত হইতে পারে। ৬ধু ভাহাই নহে, উহাতে অভাদয় ও নিঃশ্রেয়সম্বরূপ ফরের সাধনরূপে রুশ্ম ও জ্ঞানের উপদেশ করাও বুক্তিযুক্ত হয়। এক এক্ষ মানিলে পূর্ণকাম ঈশবের ফলকামনার জভাবে ঐ উপদেশ মর্বাধাই জিননত হইয়া উঠে। অভএব এইকণে ইহাই দ্বির হইল যে, এই শ্রুভিন্ত ভ্রন্নান্ধ, ভ্রন্নভাবী পুরুষকেই বুঝাইছাছে, প্রব্রেজ্য বাচক নহে। সিঞ্জী তথ্তবে বলেন, তাহাও নহে, জীব ও এন্ধ বস্তুতঃ ভিন্ন পদার্থ হইলে, এন্ধক্তানের উপদেশ অনুর্থক হয়। তাৎপর্য্য এই বে, বন্ধভাবী সংগারী পুরুষ স্বয়ং অবন্ধ হইয়া "তিনি আমিই বন্ধ, এই প্রকারে অভাবে জানিয়া স্ক্রয় ইইয়াছিলেন" এই এতিবোধিত আত্মবিজ্ঞান ইইতেই সংসারী আত্মার সর্বাময়তারূপ ফ্রুসিন্ধি হওয়ার পরবন্ধ বিজ্ঞানের উপদেশ নিশ্চিতই वार्थ इहेबा शरु । किन ना, शत्रवक्षविकान कान श्रुक्षार्थमांधरनेह उँशर्यांशी इब्र না। বাদী বলেন—সংসারী জীবের এক্ষত্দপাদনের জন্ম যথন 'আমি এক্ষ,' এইরূপ শাস্ত্রে উপদেশ্ব আছে, মতরাং উহা ছারাই সার্থকা রক্ষিত হইবে, গৈছের পূর্বে ব্রক্ষের স্বরূপক্তান না থাকিলে 'আমি ব্রহ্ম' এইরূপ ব্রন্ধাত্মবোধ সম্পাদন (অভারণে অন্তের ভাবনা) করা বায় না, ব্রহ্ম জানিলেই তাহা করা সম্ভব হয়; এই জ্যুই শাস্ত্রে রক্ষের স্বরূপ বিরূত হইষাছে। সিদ্ধান্তী বর্ণেন, এইরূপ শ্রুতির তাৎপর্য্য বর্ণনা করা অতীব অন্তার, কারণ—"এই আত্মা বন্ধ" 'ধে বন্ধ সাক্ষাৎ এবং অসাক্ষাৎ প্রকাশিত আছেন,""যে আত্মা সেই সত্য ত্রহ্মস্বরূপ," "সেই এই আত্মা" "ব্রহ্মবেতা, পরবন্ধ প্রাপ্ত হয়" এই উপক্রম করিয়া "এই সেই আগ্রা" ইত্যাদি উলিখিত বহ-শ্রুতিতে ব্রহ্ম ও আগুশব্দের অভিন্নতা নিদেশ হেতু ঐ শব্দংয়ের একার্থবাচকতা অবগত হওয়াবার। যদি আত্মা ভিন্ন অন্ত পদার্থ বথার্থ থাকিত, তবে তদ্ধপে উপা-সনাই বিহিত হইত, ঐক্য পাকিলে তাহার সম্পত্তি অর্থাৎ তদ্ধপঞ্জাপ্তি কি হইতে পারে ৷ উপাস্না ছারা অক্ত পদার্থের অক্তরূপে ভাবনাই সম্পত্তি বা সম্পাদন নামে শাস্ত্রে ব্যবহৃত হইয়া থাকে। এক পদার্থে তাহা সম্ভবে না। পক্ষান্তরে "এই যেসমস্ত জগৎ, ইহা আত্মা," এই উপক্রম করিয়া দাক্ষাৎকুরণীয় আত্মারই একত্ব প্রদর্শিত ছইয়াছে। তবেই ইহাই নিশ্চিত হইল যে, ব্রহ্মণকে যে ব্রহ্মতাবী পুরুষের ব্রহ্মরূপ ভাবনা বা ব্রহ্মসম্পৎ বলা হইয়াছে, এ এখা উপপন হইতে পারিল না এবং ব্রকোপদেশের এত্তির অন্থ প্রয়োজনও দেখা বায় না। ব্রহ্মরূপে ভাবনা যে ব্ৰহ্মসম্পৎনতে, এ বিষয়ে আবিও ৰুক্তি এই যে, "ব্ৰহ্মবেতা ব্ৰহ্ম হয়" "অভয় ব্রহ্মস্বরূপ হয়" এই দকণ শ্রুতিতে ব্রহ্মবিজ্ঞানের ব্রহ্মস্বরূপপ্রাপ্তিই কণরূপে কথিত আছে। যদি ঐ ভাবনা সপ্রংস্কর্মপ হয়, তবে ব্রন্ধভাবপ্রাপ্তির্নপ আপত্তির কথন অসঙ্গত হইত। থেছেতু, ভাবনা দারা এক পদার্থ, অন্ত পদার্থে পার্থত হওয়া कार्था छ तन्था यात्र ना अ मखन हत्रे ना।

বাদী বলেন, থংন শাস্ত্রে ব্রহ্মভাবপ্রাপ্তি ফল উক্ত আছে, তংল সম্পদ্ধেপ ভাবনা ছারাই ব্রহ্মভাবপ্রাপ্তি হইবে, শাস্ত্রই তাহার জ্ঞাপক। ইহার উত্তরে দিছান্তা বলেন, সম্পত্তি কেবল জ্ঞানবিশেবমাত্র, জ্ঞান কেবল মিথাাজ্ঞানের নিবৃত্তি করিয়া থাকে. ইহা ভিন্ন কোন, পদার্থের উৎপাদক হয় না, ইহা আমরা পূর্বেই বলিয়াছি। বলিতে কি, শাস্ত্রবাক্য, কোন বন্ধর সামর্থ্য জন্মাইতে পারে না। শাস্ত্র কেবল জ্ঞাপকই হয়, কারক নহে, এইরূপ স্থিরদিদ্ধান্ত আছে। স্বতরাং জীবের "আমি ব্রহ্ম," তেই প্রকার ভাবনা ছারা ব্রহ্মভাবপ্রাপ্তি যে তুমি কহিয়াছ, তাহা সর্ব্বথাই অসম্বত!

আর তোমার কথিত ব্রহ্মশব্দের ব্রহ্মভাবী পুরুষ অর্থও হইতে পারে না, এ বিষয়ে আরও বুক্তি এই যে, "সেই স্ষ্টেকর্তা এই জগতে প্রবিষ্ট হইয়াছিলেন," ইত্যাদি বাক্যে পরব্রের স্ষ্ঠ জগৎমধ্যে প্রবেশ পূর্বে অবধারিক হইয়াছে। দেই পরব্রন্ধের প্রকরণে ব্রহ্মশব্দের ব্রহ্মভাবী পূরুষ অর্থ কল্পনা করা নিতাস্তই অমুচিত এবং তাহা করিলে উপনিষ্ণাকা সকলের অভিমতার্থের বাধাও হইয়া উঠে। "গাড়দৈদ্ধবের স্থায় অ্বকাশরহিত এবং বাহুশূন্য, একমাত্র আনন্দময় ব্রন্ধ," এই প্রকার বিজ্ঞান, সকল উপনিষদের একমাত্র প্রতিপাল্পরূপে অভিপ্রেড অর্থ। তাহা মধুকাও ও মুনিকাওরপ কাওছয়ের অন্তে কথিত অবধারণ ছারা অবগ্ত হওয়া যায়; যথা—মধুকাণ্ডের অন্তে "ইহাই শাল্ডাপদেশ," মুনিকাণ্ডের অন্তে "ইহাই অমৃতত্ব", এই প্রকার অবধারণের নির্দেশ আছে। ওধু ইহাই নতে—আবার সকল শাখীয় উপনিষ্বাক্যের এক ব্রদ্ধৈকত্ববিজ্ঞানই প্রধান প্রতিপাল্পরপে নির্ণীত। একণে যদি উক্ত শ্রুতির "ব্রন্ধভিন্ন সংসারী চেতন আত্মাকে জানিয়াছিল" এইরূপ অর্থ কল্পনা করা যায়, তবে শাস্ত্রের অভিপ্রেতার্থের বাধ করা হয় না কি

প এবং উপক্রম ও উপসংহারের বিভিন্নতাপ্রযুক্ত শাস্ত্রের অসামপ্তত্যের প্রশ্রম দেওয়াও হয়। যদি সংসারী আত্মাই শান্তের প্রতিপান্ত হয়, তবে উপনিষদ শান্তের ব্রহ্মবিদ্যা ব্যপদেশ (সংজ্ঞা) সম্পূর্ণ অমুপর্কু । বেহেতু, "আত্মানমেবাবেৎ" এই শ্রুতিতে তোমার মতে সংসারী আত্মারই জ্লেম্ব উপপন্ন হয়। যদি বল, "আত্মাকে জানিবে," এ কথায় জ্ঞাতা ও জ্ঞেয় আত্মা ত্ইটি বিভিন্নই বুঝা যায়, তাহাওু নহে; কারণ, আমি ব্রহ্ম, এই বলিয়া নিজেকেই ত্রদ্ধরণে বিশেষ করা হইয়াছে। যদি জ্ঞাতা অপেক্ষা জ্ঞেয় আত্মা অহা হইড, তবে এরপ নির্দেশ না করিয়া, 'এই অমুক' এই প্রাকারে বিশেষ করা হইত ; কিন্তু 'আমিই সেই এন্ধ' এইরূপ বিশেষোলেও হইত না। "অহমস্মীতি" "এই বিশেষ করা, হেত্ ও 'আল্লানমেব" এই এব শক্ত ছারা অবধারণ করায় নিশ্চয় বোধ হইতেছে যে, আত্মাই ব্রহ্ম। এইরূপ হইলে শাস্ত্রের ব্রহ্মবিস্থা এই নামটিও অসমত হয়, কিছু তোমার অভিপ্রেত অর্থ করিলে উপনিষ্ণকে ভ্রমবিস্থা না বলিয়া সংসারিবিস্তা বলাই উচিত হয়। এক পদার্থের ব্রহ্মত্ব ও অব্রহ্মত্ব এই বিরুদ্ধ ধর্মান্তর, সূর্য্যের অন্ধকার এবং প্রকাশের স্থায় বাস্তবিকৃত্রপে উপপন্ন হয় না এবং বন্ধ ও অবন্ধ উভয় নিমিত্তক হইলে শান্তের বন্ধবিদ্যা এইরপ নিশ্চিতরূপে উল্লেখ করাও উচিত হয় না; পরস্ক বন্ধবিদ্যা ও সংসারিবিদ্যা এই চুইটি শাল্পের সংক্ষা হইনা পড়ে। অভএব 'অত্রন্ধের ব্রন্ধোপদেশ' এইরূপ অর্থ সর্বধা অগ্রাছ।

অন্ধল্পরতীয়ত্ব ক্লায়ে, অর্থাৎ বেমন এক বস্তুর কোন অংশ জীর্ণ, কোন অংশ তরুণ, এইরূপ এক বিভার সংসারিবিভা ও ব্রন্ধবিভা এই তুই প্রকার কর্মনাও যুক্তিযুক্ত নহে। কারণ, তাহা হইলে শ্রোতার সংশয় হইতে পারে,যাহাতে সংশয় থাকে,তাহা পুরুষার্থসাধক হয় না; যেহেতু, নিশ্চিত জ্ঞানই পুরুষার্থের সাধন বলিয়া শান্তের অভিমত। "যাহার নিশ্চয় হয়, সংশয় থাকে না," এইরূপু শ্রুতি ও "সন্দিহান চিত্ত বিনাশ প্রাপ্ত হয়" ইত্যাদি শ্বতি দারা সংশয়জ্ঞান নিশিতই হইয়াছে। এই জন্ম প্রহিতৈষী লোক, কদাচ বাক্যে সংশদিত অর্থনাঁচক শব্দের প্রয়োগ করিবেন না। আমাদের স্তায় ব্রহ্মের জ্ঞানকর্ত্ত্ব কল্পনা করাও সমীচীন নহে। বাদী বলেন, কেন? "তদাস্থানমেবাবেৎ" "তুম্বাৎ তং সর্বমন্তবং " এই বাক্যায়ে ছারা এন্ধের কর্ড্রই প্রতিপাদিত হইরাছে; প্রতরাং ঐ জতি ব্রন্ধের প্রতিপাদক নহে, ব্রশ্বভাবী পুরুষকেই বুঝাইয়াছে বলিব। সিদ্ধান্তী বলেন, তাহা হইলে শাস্ত্রের তিরস্কার করা হয়। কারণ, পূর্ব্বোক্ত কল্পনা আমাদের নিজক্বত নহে, শ্রুতিই তাহার কল্পনা করিয়াছেন; স্বভরাং তোমার এই দোষোড়াবন শাস্ত্রের প্রতি হইতেছে। অপৌক্ষেয় বৈদ্যাক্যে দোষ শঙ্কা করাও নিতান্ত মুখতা, ইহাও উচিত নহে যে. লোকের ইষ্টকারী বাজি শাস্তার্থের বিপরীত কল্পনা ঘারা এক্ষের প্রকৃত অর্থ পরিত্যাগ করিবে। তোমার এতাবনাত্র অসহিষ্ণুতাও বুক্তিবুক্ত নহে, কারণ, র্থকোতে সকল ধৈতভাবই কল্লিত। ইহার ভাব এই যে—উক্ত শ্রুতিতে ব্রহ্মের কর্তত্ত্ব-কল্পনা করা হইয়াছে ব্যায়ী তোমার এত অস্থ্র হইন কেন্ত্রহা ত আমানের কল্পিত নহে, ইহা শ্রুতি দারাই কল্পিত। বিশেষতঃ সকলই যে, ব্রহ্মে কল্পিত, 'এক প্রকারই দেখিব,' 'ইহ-জগতে নানা কিছুই নাই', যে অবস্থাতে নানারূপের স্থায় প্রতিভাত হয়।" 'ব্রন্ধ এক অদিতীয়,' ইত্যাদি শত শত শ্রুতিবাক্য দারা একমাত্র এন্ধ সত্য, আর সমস্তই কমিত, ইহা প্রতিপাদিত হইয়াছে। সর্কল লৌকিক ব্যবহার . ব্রন্ধে কল্লিভ, জগতে বাস্তবিক সৎপদার্থ কিছুই নাই। ব্রন্ধে কর্ভৃত্বকল্পনা, ইহা অতি সামাস্ত কথা, আমি যে এক্ষশব্দের অর্থ করিয়াছি, তাহাই স্থসসত, সেই হেতু ইহাই অবধারিত হইন যে, স্ষ্টেকর্তা ব্রহ্ম জগতে প্রবিষ্ট হইয়াছিলেন। এই শ্রুতিতে ব্রহ্ম-শব্দে সেই প্রকৃত ব্রহ্মই প্রতিপাদিত হইয়াছে। শ্রুতিম্ব 'বৈশব্দ' অবধারণবাচক। তাহার অর্থ-জ্ঞানের পর শরীরে অবস্থিত যে আত্মা ব্রহ্মরূপে জ্ঞাত হ'ন, জ্ঞানের পূর্বেও তিনি সেই বন্ধই ছিলেন এবং এই সমস্ত জগৎও সেই বন্ধই।

কিন্তু ব্ৰহ্মজ্ঞান উদয়ের পূর্বে 'আমি ব্রহ্ম নহি ও অসর্ক্ষম,'"এই প্রকারে আত্মাতে অনাত্মভাবের আবোপ করা প্রবৃক্ত 'আমি কর্ত্তা,' ক্রিয়াবান ও ফলের

ভোকা; আমি মুখী, চুঃখী ও সংসারী এইরূপ আরোপ করিয়া থাকে। বাস্তবিক যিনি কল্পনাকারী, তিনি ব্রহ্মই, আর জাগতিক যাহা কিছু ব্রহ্ম হইতে পুথক্ভাবে অমুভূত হয়, তাঁহাও ব্ৰশ্নই। তবে যদি কেহ কথনও সুকৃতিবলে কোন, দয়াবান্ গুৰু কৰ্ত্তক প্ৰবোধিত হয় যে, 'তুমি সংসাৱী নওঁ,' তবেই সে প্ৰকৃত আত্মাকে জানিতে পারে। এব শব্দ হারা, 'আৈয়া স্বভাবসিদ্ধ, অবিদ্যাকল্পিত ও নামরপাদিবিশেষধর্ম-শুক্ত" এই অর্থ ব্যাখ্যাত হইমাছে। বাদী জিজ্ঞাসা করিল, বল দেখি, সেই স্বাভাবিক আত্মা কে, যাহাকে ব্রহ্মরূপে জানিয়াছিলে 🔻 সিদ্ধান্তী কহিল, তোমার কি সেই আত্মাকে শ্বরণ হয় না : তাঁহাকে পূর্ন্ধেই তোলাকে দেখাইয়াছি; যিনি এই শরীরে প্রবিষ্ট হইয়া প্রাণ, অপান, ব্যান, উদান ও সমান নামক বায়ুর ক্রিয়া করিতেছেন। বাদী কহিল, যেমন লোকে এইটিগো, এটি অখ এইব্লপ শব্দ ধারা নির্দেশ করে, তুমি দেই প্রকার এই আয়া, এইরপ শব্দ ধারা নির্দেশ করিতেছ, কিন্তু প্রতাক্ষ দেখাইতে পারিতেছ না। সিদ্ধান্তী বলিল, বদি এইরূপ জানিতে ইচ্চা কর, তবে তাহাই দেণাইতেছি, যিনি এই শরীরে দ্রস্তা (দৃষ্টিকর্তা), শ্রোতা (প্রবণকর্তা), মস্কা (মননকারী), বিজ্ঞাতা (নিশ্চয় জ্ঞানবান),তিনিই আত্মা। পুনর্ব্বার বাদী আপত্তি করিল, যিনি দর্শনাদি ক্রিয়া করিতেছেন, তাঁহার আফৃতি প্রত্যক্ষ করাইতেছ না কেন্ ? ক্রিয়া ছারা পরিচয় দিতেছ মাজ, থেমন গস্তা বা ছেতা বলিলে, গমন ও ছেলন-ক্রিয়াই প্রতীত হয়, কর্তার স্বরূপ জান। যায় না, যেহেতু, এ গমনাদি ক্রিয়া কর্ত্তা-স্বরূপ নহে। সিদ্ধান্তী কহিল, যিনি দুষ্টির দ্রন্তা, এবণের শ্রেতা, মননের মন্তা ও বিজ্ঞানের বিজ্ঞাতা, তিনিই সোলা। ইহার ভাব এই বে, দর্শনাদিরপ ইল্লিন্নবৃত্তি-সমূহের সাক্ষী চেতনই আত্মা। বাদী জিজ্ঞাসা করিল, দৃষ্টির দ্রষ্টা ও ঘটের দ্রষ্টা এই উভন্ন স্থলেই দ্রষ্টা একরপই প্রতীয়মান হ্ইতেছে, কেবল ঘূট ও দৃষ্টিরূপ দ্রষ্টব্য পদার্থেরই পার্থক্য লক্ষিত ২ইতেছে মাত্র। তুমি কি সেই দ্রন্থব্যের বৈশিষ্ট্য অনুসরণ করিয়া পার্থক্য করিতেছ ? সিদ্ধান্তী কহিল, হাঁ, ঘটের দ্রন্তী অপেক্ষা দৃষ্টির দ্রন্তীতে किছू निर्मिष्टा आहि। या पृष्टित मुद्दी, यनि म पृष्टिश्वतं श्रव, उत्त म मुर्द्दानाई দৃষ্টিকে দেখিতে পায়, কথনই তাহার দৃষ্টি দর্শনের অভাব হয় না। সেই স্থলে ক্রষ্টার দৃষ্টি নিত্য হয়। যদি দ্রষ্টার দৃষ্টি স্মনিতা হয়, তবে সেই স্থলে দৃগ্রাদৃষ্টির কোন না কোন সময়ে দর্শন না হইতে পারে, যেমন ঘটাদি বস্তু গমনিতা দৃষ্টি ছারা সর্বাদা দৃষ্ট হুর না। কিন্তু দৃষ্টির জন্তী কোন এক সমন্ত্রেই দৃষ্টিকে দেখিতে পায় ना, धमन रम ना, वाखिविक मकन ममरम्हे पृष्टितक प्रिचिए शाम । তবেই এই विर्मिष হইল যে, ঘটাদির দৃষ্টি কদাচিৎ, আর দৃষ্টির দৃষ্টি (আয়ার দৃষ্টি)। অভএব ভূমি যে

বলিয়াছিলে, ঘটের দৃষ্টি ও দৃষ্টির দৃষ্টি উভরের কোন বিশেষ নাই, তাহা দর্মথাই গণ্ডিত হইল।

বাদী ইহাতে জিজ্ঞানা করেন, তোমার মতে এক নিত্য অদৃখ্য দৃষ্টি এবং অপর यनिजा मृध मृष्टि, अरे इरे अकात मृष्टि भानित्व हरेत्व कि? मिकाखी जारा শীকার করিয়া বণিতেছেন—হাঁ, অনিত্য দৃষ্টি সর্ব্ধণোকপ্রসিদ্ধ, তাহা না থাকিলে কেহ অন্ধ, কেহ চকুত্মান, এইরূপ বাবহার,পাকিত না। যদি সকলের দৃষ্টিই নিত্য হইত, তবে সকলেই চকুলান হইত। এই ৰুক্তিবলে অনিত্যদৃষ্টি দাধিত হইল বটে, পরস্ক দ্রষ্টার (আত্মার) দৃষ্টি, নিত্য। দ্রষ্টার দৃষ্টির কদাচ অভাব হয় না, এই ঞতি অনুসারে নিত্যা দৃষ্টিও প্রমাণিত হইয়াছছ। আবার অনুমান দারাও নিত্যা দৃষ্টি সাধিত হয়। যেহেতু, অন্ধেরও স্বপ্নে ঘটাদি বিষয়ক দৃষ্টিজ্ঞান হওয়া দেখা যায়, মেই দৃষ্টি ৰাহ্যদৃষ্টির কারণ সমুদায় অসত্ত্বেও নত্ত হয় না। এইক্ষণে ইহাই স্থিরীক্ষত হইল যে, আত্মার নিজস্বরূপ বেনিত্যদৃষ্টি অর্থাৎ যাহা বা**হুদৃষ্টি সামগ্রী** না থাকিলেও বিনষ্ট হয় না, আত্মা নেই স্বয়ংজ্যোতিনামক দৃষ্টি ছারা স্বগ্লাবস্থাতেও উদ্বুদ্ধ থাকে অথচ সেই দৃষ্টিবম্বের বাসনাপ্রতায়-(সংখারজন্ম জান) রূপ অনিতাদৃষ্টিকে নিয়তই দর্শন করত দৃষ্টির দ্রষ্টা বলিয়া অভিহিত হয়। অতএব দৃষ্টিই (প্রকাশ) আত্মার স্বরূপ। যেমন অগ্নি ও তাহার উষ্ণতা বিভিন্ন নহে অর্থাৎ উষ্ণতাস্বরূপই অঘি, সেই প্রকার দৃষ্টিই ড্রন্টার স্বরূপ; কিন্তু নৈয়ায়িক ও বৈশেষিক মতসিদ্ধ দৃষ্টি হইতে বিভিন্ন অর্থাৎ দৃষ্টির আশ্রমস্বরূপ অন্ত চেতন পদার্থই দ্রেষ্টা, ইহা শ্বীকার করি না। এতাবতা শ্রুতির অর্থ এইরপ নিশ্চিত হইল যে, সেই ব্রশ্ধ নিজ-স্বরূপকে ক্ষিত অনিত্য দৃষ্ট্যাদি-শৃত্ত, অর্থাৎ নিত্যদৃষ্টিস্বরূপই জানিয়াছিলেন। বাদী আপত্তি করেন, "বিজ্ঞানের বিজ্ঞাতাকে জানিতে পারিবে না।" এই শ্রুতি-বাক্যে বিজ্ঞাতার অবিজ্ঞেয়ত্ব প্রতিপাদিত হইয়াছে। তবে তোমার এই ব্যাখ্যা বিক্লন্ধ নহে কি ৷ তত্ত্তরে সিদ্ধান্তী বলেন, আমি আত্মার জ্ঞেমত (গ্র্ডানবিষয়ত্ত্ব) বলিতেছি না, কিন্তু আত্মার এই উক্তরূপ অর্থাৎ কল্লিত অনিতা দৃষ্ট্যাদির নিবৃত্তিরূপ জ্ঞান ব্লিয়াছি। তাহা হইলে আর তোমার দশিত শ্রুতির সহিত কোন বিরোধ থাকিল না, যেহেতু, ঐ শ্রুতি ধারা আত্মার জ্ঞেম্বই নিষিদ্ধ হইয়াছে। এই প্রকার আত্মা জ্ঞানের সাক্ষিত্বরূপ, ইহাও শাস্ত্র হারা প্রতিপাদিত আছে। প্রত্যন্তরে আত্মার যে অবিজ্ঞৈরত্ব কথিত হইয়াছে, তাহার অভিপ্রায় এই যে, আত্মা স্বপ্রকাশ, তাঁহার জ্ঞানে অগ্রক্তানের অপেক্ষা থাকে না। দ্রন্থার দৃষ্টি নিত্য, ইং। জানিলে णात जहे विषयक जाग मृष्टित जाकात्का शांदक ना। जमछन शहुकरे जहे विषयक

আকাজ্ঞা নিবৃত্ত হয়। থেহেতু, যে বন্ধর বান্তব সভা নাই, ভবিষয়ে কাহারই আকাজ্জা জন্মেনা। আবার দৃশুদৃষ্টিও দ্রষ্টাকে বিষয় করিতে সমর্থ নছে যে, তাহার আকাজ্ঞা হইবে। নিজম্বরূপ বিষয়ের আকাজ্ঞাও নিজের পক্ষে অসম্ভব, স্থতরাং "আত্মানমেবাবেৎ" ইহা দারা অজ্ঞান প্রবৃক্ত যে আত্মাতে অনাত্মভাবের আরোল, তাহার নিবৃত্তিরূপ জ্ঞান কথিত হইয়াছে, কিন্তু আত্মাকে বিষয় করা হয় নাই। সেই আ্য়বিষয়ক জ্ঞান কি প্রকার হইয়াছিল, অতঃপর এই প্রশ্নের শ্রুতি সমাধান করিতেছেন—আমি দৃষ্টির দ্রষ্ঠা ব্রহ্মস্বরূপ, যে ব্রহ্ম প্রত্যক্ষ ও অপ্রত্যক্ষ, সকলের অন্তরাত্মা, অশনায়া ভোগেচ্ছা প্রভৃতি রহিত এবং স্থূল-ফুলাদিরপে অনির্দেশ্র, আমিই সেই রেকস্বরূপ।

আমি সেই ত্রন্ধাই, তদ্ভিন্ন সংসারী নহি অর্থাৎ তুমি যে প্রকার বলিতেছ, আমি তৎশ্বরূপ নহি। এই প্রকার জ্ঞানবলে সেই দর্বময় বন্ধরূপ হইরাছিল। অর্থাৎ অধ্যারোপিত অবন্ধভাবের অপগম হওয়ায় তাহার কার্য্যভূত অনুর্বভাবের নিবৃত্তি হইয়াছিল, স্কৃতরাং সর্বময়ভাই আবিভূতি হইয়াছিল। স্লভরাং মনুষ্য দকলে যে মনে করে, আমরা ব্রহ্মবিদ্যা ধারা দর্কময় হইব, ইহা ৰুক্তিৰুক্তই বটে। পূৰ্বে যে জিজ্ঞাদিত হইয়াছিল, সেই ব্ৰহ্ম কি ? যাঁহাকে জানিয়া সর্কময় হইয়াছিল, একণে তাহার মীমাংসা হইল। স্ষ্টির পূর্ব্বে এই জগৎ ব্রহ্মরূপে বর্ত্তমান ছিল, তাহাকেই আত্মভাবে জানিয়া সর্বাময় ভাবপ্রাপ্তি ঘটিয়াছিল। দেবুতাদিগের মধ্যে যিনি, দেই ত্রন্ধ বিষয়ে প্রতি-বোধপ্রাপ্ত, অর্থাৎ'যথাবিধি আত্মজান লাভ করিয়াছেন, তিনি ব্রহ্মময় হইয়াছেন. সেই প্রকার থাবিদের মধ্যে বা মনুয়গণের মধ্যে যে আত্মক্ত হয়, সে ব্রহ্মময়তা नां करत। धरे य जिमित्रांन कता इटेन, देश लोकिक मृष्टि असूमारत জানিবে। ব্রহ্মজ্ঞানে এরূপ বলা হয় নাই। যেহেতু, "পুরুষ (প্রমাত্মা) পুরে (শরীরে) প্রবেশ করিয়াছিলেন" ইত্যাদি সকল শ্রুতিতে ব্রশ্নই অভ্যস্তবে প্রবিষ্ঠ আছেন, তাহাদের পরম্পর ভেদ অলীক, ইহা পূর্বেই আমরা বলিয়াছি। অতএব শরীরাদি উপাধিধারী আত্মার উপাধিক ভেদ ধরিয়া লৌকিক দৃষ্টি অনুসারে দেব, মনুষ্য প্রভৃতি পার্থক্য কলিত হইল। বাস্তবিক সেই সেই দেবাদি-শরীরেও আত্মজ্ঞানের পূর্বায়ুবস্থায় অন্তরূপে প্রতীয়মান বন্ধই বিরাজমান ছিলেন। "সেই আত্মাকেই জানিয়াছিল," ও "সেই জ্ঞানপ্রভাবে সর্কমন্ন হইয়াছিল।" এই শ্রুতিতে ব্রন্ধবিদ্ধার সর্কমন্নতারূপ ফল কথিত হুইয়াছে। এইক্ষণে তাহার দৃঢ়তার নিমিত্ত শ্রুতিই মল্লের উল্লেখ

করিতেছেন।—জামি দেই এক্ষরত্বপ, এই প্রকার এক্ষজান-প্রভাবে বামদেবনামা ঋষি 'অহং মন্তঃ' ইত্যাদি মন্ত্র প্রত্যক্ষ করিয়াছিলেন।

'मिट्टे এই दुक्त कानिया' এই कथा दांता शूर्व्याक दक्षविष्ठां है। 'আমি মত্ন হইরাছিলাম, আমি হুণ্ডা হইগ্নীছিলাম,' ইত্যাদি বাক্য দারা এক্ষবিদ্যার সর্কময়তারূপ কলের কথা বলা হইল, "ব্রহ্ম দর্শন করিয়া সর্ক্রেরপতারূপ ফল প্রাপ্ত হইরাছিল।" এই বাক্য 'ঘারা ব্রহ্মবিদ্ধা অন্ত সাধন-নিরপেকভাবে মোক্ষের সাধন হয়, ইহা প্রদশিত হইল। বেমন ভোজন করিয়া তৃপ্ত হয়, এই কথা বলিলে ভোজন ভৃপ্তিসাধন বলিয়া বোধ হয়, সেই প্রকার ব্রদ্ধ জানিয়া সর্বাময় হয়, এই স্থান্ত ব্রহ্মজ্ঞানই সর্ক্ষরতার সাধনরূপে প্রতীত হয়। মহামহিম দেবতাদিগের বীর্যাতিশন্ন প্রমুক্ত ব্রন্ধবিদ্ধা প্রভাবে সর্ব্বমন্তব্যরূপ ফল সম্পন্ন হইন্নাছিল, কিন্তু এই বর্ত্তমান কালে এতদ্রুগের জীবগণের পক্ষে তাহা ছল্লভ, বিশেষতঃ মহয়াদিগের অল্লসামর্থ্য হেতু ব্রশ্ববিঞ্চালাভ এবং তাহা দারা সর্ব্বময়তালাভ কংনই সম্ভবপর নহে, যদি কেহ এইরূপ আশস্কা করে, তাহার নিবৃত্তির জন্ম শ্রুতি বলিতেছেন বে, দেই এই ব্রহ্ম, যাহা সর্বভূতে প্রবিষ্ট, কেবল দৃষ্টিক্রিয়াদি গারা অন্ত্র্যেষ্ক, তাঁহাকে এই বর্ত্তমান সময়েও ধদি কোন মহুফু বহিমুখী প্রহৃতি ত্যাগ করত অ্যাকে আমি ব্রন্ধ, এইরূপ জানিতে পারে, তবে সেও অবিভারত পরিচ্ছিরতা হইতে মুক্ত হইয়া এন্ধবিজ্ঞানবশে সর্ক্ষময়তাই লাভ করে অর্থাৎ যিনি অবিষ্ণারূপ উপাধি দারা উৎপাদিত ভ্রান্তিজ্ঞানের প্রভাবে আত্মায় কল্লিত বিশেষ বিশেষ সংসারধর্ম-শোক, মোহ, ত্থ-ছঃখাদি অগ্রাহ্ম করিয়া আমি সংসারধর্মে অসম্বদ্ধ ও বাহা অভ্যন্তর শূতা ত্রহ্মস্বরূপ কেবল (অহিতীয়), এই প্রকার জানিতে পারে, তবে সেই বাক্তি সেই ব্রক্ষজ্ঞান দারা অবিদ্যাক্ত অসকাভাবের নিবৃত্তি হওয়াতে সর্বাময় হয়। ইহাতে মহাপ্রভাব বামদেব প্রভৃতি ঋষি বা অল্লেম্থ্যশালী ইদানীন্তন মহুদ্রের সম্বন্ধে ব্রহ্ম বা ব্রহ্মবিজ্ঞানের কোন বিশেষত্ব নাই, যে জন্ম ইদীনীস্তন পুক্ষের ভ্রন্ধবিতা ও তাহার ফললাভের ব্যতিক্রম আশক্ষিত হইবে, ইহাই জানাইবার জন্ম শ্রুতি কহিতেছেন, মথোক্ত নিয়মে সেই ব্রন্ধবিজ্ঞাতা পুরুষের সম্বন্ধে ব্রন্ধস্বরূপলাভের প্রতিবন্ধকতা করিতে মহাবীগ্য দেবতাগণও সমর্থ নছেন; অত্যে আর কি করিবে। বদি বল, বন্ধবিস্থার ফল-প্রাপ্তিবিষয়ে দেবতা প্রভৃতির বিদ্ন করিবার সামর্থ্য কোথায় ? ইহার উত্তর এই বে, বেছেতু, দেবতা প্রভৃতির নিকট মহুত্ত ঋণবান বলিয়া প্রভিত্তিত eraice i

ষ্থা-মুষ্য "ব্রহ্মচর্য্য ছারা ঋষিদের, যজ্ঞ ছারা দেবতাগণের, সম্ভান ছারা পিতৃ-লোকের ঋণ হইতে মুক্ত হয়।" এই শ্রুতি জন্মশাত্রে পুরুষকে ঋণবান বলিয়া প্রতি-পাদন করিয়াছে। মহুষা, দেখাদির সম্বন্ধে পশুর তুলা, এইরূপ বেদের নিদর্শন থাকা হেতু এবং "এই আত্মা সকল প্রাণীর ভোগ্য," এই শ্রুভিহেতুও দেবতাসকল শীয় বৃত্তি রক্ষা করিবার ইচ্ছার অধমর্ণের জায় পরাধীন মনুক্রদিগের অমর্থলাভের প্রতিবন্ধকতা করে। স্থতরাং এইরূপ আশকা করা অগ্নায় হয় নাই। বিশেষতঃ যথন দেবতাগণ স্বীয় শ্রীরের স্থায় স্বীয় পশুগণকে রক্ষা করিয়া থাকেন, এ জন্ত শ্রুতিও দেখাইবেন যে, মনুষ্যুগণ যে সকল যাগ্যক্ত করে, দেবতাদিগের তাহাই মহীয়সী জীবিকা, দেবতাদের পক্ষে এক এক মনুষ্য বহু পশুর সমান। সেই হেতু মনুষা যে ব্রহ্ম জ্ঞান করিয়া মুক্ত হইবে, ইহা দেবতাদিগের কথনই প্রিম্ন হইতে পারে না। ইহাও পরে অভিহিত হঠনে যে, যে প্রকার নিজ লোক রক্ষার জন্ম দেবগণ নিরাপদ কামনা করে, সেই প্রকার আমি সর্বভৃতময়, এইরূপ জ্ঞানবানেরও সমস্ত প্রাণী বিল্ল করত ভোজা বিষয়ে নিরাপদ ইচ্ছা করে; কেন না, ব্রহ্মজ্ঞান হইলে সেই পরাধীনতা নিবৃত্ত হওয়াতে আর ইহার স্বলোকত্ব ও পণ্ডত্ব থাকে না। ইহাই অপ্রিয় ও অরিষ্টি-বোধক শ্রুতিবয়ের অভিপ্রায় জানা যায়। এক্ষণে উপসংহারে ইহাই অবধারিত হইল যে, প্রভাবশালী দেবগণ যে ব্রহ্মজ্ঞ পুরুষের ব্রহ্ম-বিষ্ণার ফলপ্রাপ্তিবিষয়ে বিগ্ন করিবে, ইহাতে কোনই সন্দেহ নাই। এ বিষয়ে বাদী আপত্তি করেন যে, যদি দেবগণ মহুদ্রের ত্রন্ধবিভাফলের প্রাপ্তিতে বিম্নকারী হন, তবে মহুযুক্ত অন্ত বাগাদি কর্মের স্বর্গাদি-ফলপ্রাপ্তিতেও তাঁহারা অনারাসে বিল্ল করিতে পারেন; কেন না, ইহা তাঁহাদিগের চিরাচরিত পন্থা। তাহা হইলে স্বর্গাদি অভ্যুদয় ও মোক্ষের সাধনকার্য্যের অনুষ্ঠানে কাহারও আর বিশ্বাস স্থাপিত না হউক, এই প্রকার অচিন্তাশক্তিমর ঈশবেরও বখন বিল্ল করিবার সামর্থ্য আছে এবং কাল, কর্ম, মন্ত্র, ওধনি ও তপস্থার ও জীবের ফলপ্রাপ্তিবিষয়েও বিল্ল সম্পাদন করিতে বংন প্রভুত্ব শাস্ত্রে দেখা যায়, তথন তাঁহাঁরাও যে বিল্ল করেন না কেন, ইহার হেতু কি ? এবং শাস্ত্রবিহিত কার্য্যের অনুষ্ঠানে যে ফললাভ হইবে, এ বিষয়ে বিশ্বাস বা কোথায় ?

বেদপ্রামাণ্য-পরাজ্ব সভাববাদীর ঐ মত গণ্ডন করিবার জ্যু সিদ্ধান্তী বলেন, সকল পদার্থেরই উৎপত্তি বিষয়ে একটি কারণ আছে মানিছে হইবে অর্থাৎ নিধি প্রেক্তত করিতে হথের ও ঘট করিতে হতিকার অংশকা দেখিতে পাওয়া বাম, এই প্রকার জগতে হথ-ছাথের তারতমাবশতঃ বৈচিত্রামূভূতির কারণ অর্ক্তই আছে, স্বীকার করিতে হয়। যদি কারণাপেক্ষা না করিয়া স্বভাববশেই কার্য্য হইত, তবে উহা হইত না; অতএব স্থ-হঃখাদি ফলের একমাত্র নিমিত্ত কর্ম, এই পক্ষই জাতি, স্বৃতি, বুক্তি ও মহাজনপরিগৃহীত; স্কুতরাং দেবতা, ঈশ্বর, বা কাল ইহারা কেহই কর্মফলের বিল্প করিতে পারেন না। যেহেতু, বৈধ কর্মাত্রই আকাজ্জিত ফল প্রদর্শন করিবে, ইহাতে যদি দেবতা প্রভৃতি বিম্ন করিতেন, তবে কর্মের ফল অবশ্রস্তাবী হইত না। বিশেষতঃ যথন পুরুষের ভভ বা অভভকর্মা, অদৃষ্ট, কাল ও ঈশ্বরাদিরূপ সাধারণ কারণকে অপেকা না করিয়া আত্মলাভ করিতে পারে না অর্থাৎ উহার উৎপত্তি ও হিন্তি হয় না এবং ,উৎপন্ন হইয়াও ফলসাধনে সমর্থ হয় না : কারণ, ক্রিয়ামাত্রই কারকাদি বহু নিমিত্তসাপেক, ইহাই স্বভাবদিশ্ধ। অতএব সিদ্ধান্ত হইল যে, অদৃষ্ট, কাল, ঈশ্বর প্রভৃতি কর্ম্মের অন্তুকূলই হইয়া থাকে, প্রতিকূল নহে : স্কুরাং কর্মের ফলোৎপত্তিবিষয়ে কোনই শঙ্কা নাই। জীবের কর্মনিচয়ও দৈবু, কাল ও ঈশরাদির অধীন। সকল স্থলেই তাহাদের স্বীয় সামর্থ্য অপ্রতিহত বলিয়া কর্ম্ম, কাল, দৈব ও স্বভাব ইহাদের মধ্যে কে কোন সময়ে প্রধান ও কে অপ্রধান হইবে, ইহার কোন নিয়ম নির্দ্ধারণ করা যায় না ও তাহা জানিবার উপায়ও নাই। তৎপ্রযুক্তই লোকের মোহ অর্থাৎ কে কারণ, কে কারণ নহে, ইহা নিশ্চয় করিতে অসামর্থা হয়। কেহ বলে, ফলপ্রাপ্তির প্রতি কর্মাই কারণ, অন্ত कात्रण नारे। अरक वर्ल, रेनव (अपृष्टे) कात्रण। अपरत वरल, कालरे कात्रण। रकान वांनी स्वांनित चलावरकरे कांत्रण वरता। जावांत्र त्कर तकर वरता, धरे कांनानि সমস্ত মিলিত হইয়া কারণরূপে ব্যবহৃত হয়। কিন্তু কর্ম্মের প্রাধান্ত স্বীকার করিয়াই বেদ ও স্বৃতি-বাক্য সকল প্রবৃত্ত হইয়াছে। এই জন্তই কথিত হইবে, (বেদবাক্য) পুণ্যকর্ম ছারা পুণ্য—উৎকৃষ্ট গতি এবং পাপ কার্য্য ছারা পাপ+ নিকৃষ্ট গতি হয়, ইত্যাদি। যদিচ কাল, কর্মাদির মধ্যে স্বীয় স্বীয় কার্য্যে কাহারও প্রাধান্ত এবং তৎকালে অত্যের প্রাধান্তশক্তির প্রতিরোধ দেখা যায়, যেমন হর্ষ্যোদর্যের প্রতি কালেরই প্রাধান্ত, এই প্রকার দাহকার্য্যে আগ্নের-দ্রব্যের স্বভাবের প্রাধান্ত ও সেচন-ক্রিক্সাতে জনের প্রাধান্ত দৃষ্ট হইতেছে, তথাপি ফলোৎপত্তির প্রতি কর্মের যে প্রাধান্ত, তাহা শাস্ত্র ও বৃক্তি দারা নিদারিত হওয়ায় বাতিক্রমের আশঙ্কা করা উচিত নহে।

সিদ্ধান্তী পূর্বাপশীকে শব্দ্য করিয়া বলেন, "পুমি বে বলিয়াছ, দেবতাগণ ব্রহ্ম-গোপিকলের প্রতিবন্ধকতা ক্রিবে, কিন্ধু বাঞ্চবিক দেবতাদিগের দেই ব্রহ্মপ্রাধিত

বিদ্ন করিবার সামর্থা নাই; কারণ, ব্রন্ধবিতা ২ইলে পরক্ষণেই ব্রন্ধপ্রাপ্তি ফল হয়। অবিষ্ণার অপগম না হইলে ব্রহ্মপ্রাপ্তি সম্ভব হয় না, বিম্নাদি কার্য্যমাত্রই অবিষ্ণার কার্য্য, যেমন লৌকিক ভাবে যৎকালে আলোকের সহিত চক্ষ্যুসংযোগ হয়, তৎকালে অন্ধকারের তিরোধানের সহিত রূপের অভিব্যক্তি হইয়া থাকে, এই প্রকার যংকালে আত্ম-বিষয়ক জ্ঞান উৎপদ্ধ হয়, তৎকালেই আত্মবিষয়ক অজ্ঞানের অভাব হইয়া যায় ও ব্ৰহ্মস্বৰূপ প্ৰকাশ পার। এই জন্মই ব্ৰহ্মবিত্বা হইলে অবিত্যার কার্য্য সম্ভাবিত হয় না। এ বিষয়ে প্রদীপ প্রজ্ঞলিত হইলে অন্ধকারের তিরোধান উপযুক্ত দৃষ্টান্ত: অতএব বল দেখি, ব্রহ্মবিজ্ঞানের পর দেবগণ কাহা দারা কাহার বিষ করিবেন গ কারণ, সেই অবস্থায় জ্ঞাবেতা দেবতাদের পক্ষে আত্মস্বরূপ হইয়া যার। তাহাই এই শ্রুতি বলিয়াছেন, 'যে আত্মস্বরূপ ব্রন্ধবিদের চিন্তনীয় ও যাহা সকল শাস্ত্র ধারা বিজ্ঞের, সেই ব্রহ্মই ব্রহ্মবিৎ পুরুষ ও তাহাই দেবতাদিগেরও আত্মস্বরূপ হয়। ব্রন্ধবিদ্ধার উদয়ের সমকালেই অবিদ্ধারূপ আবরণের অপগম হওয়ায় ব্রহ্মস্বরূপ উদ্ভাসিত হয়। যেমন রজতাকারে প্রকাশমান ওক্তিতে রজতভ্রমনির্ত্তি হওয়ামাত্রই ভক্তিবরূপ প্রকাশ পায়, ইহা পূর্বেই বলা আছে; অতএব ইহাই স্থিরীকৃত হইল যে, আত্মার প্রতিকলতা করিতে দেবতাদিগের চেষ্টা আদে না। কিন্তু যে কাৰ্য্যের ফল আত্মভূত নহে ও যাহা দেশ-কালসাপেন্দ, সেই অনাত্মরূপ ফলে বিল্ল করিতে দেবতাদের প্রযন্ত্র সন্তাবিত ও সফল হইতে তদ্ভির দেশ কাল ও নিমিন্তনিরপেক্ষ অথচ, ব্রহ্মবিস্থার সমকালেই প্রকাশমান ব্রহ্মাত্মভাবে প্রতিবন্ধকতা আচরণের অবকাশ কোথায় ? বাদী আশ্রা করিতেছেন, এরপ হইলে, যথন ত্রন্মজ্ঞানীর ত্রন্মজ্ঞানের ধারা মরণাবধি নিয়ত থাকে না, বরং সময়ে সময়ে বিপরীত জ্ঞান ও তাহার কার্য্য হওয়াও দেখা যাম, তথন চরম আত্মজ্ঞানই অবিভার নিবর্ত্তক হউক, পূর্ব্বর্ত্তা জ্ঞান নহে, ইহা বলা উচিত। দিশ্বাস্তী বলেন,তাহা নহে; কারণ, আত্মজান অবিঞার নিবর্ত্তক विताल अथा अथा आजुकान अविद्यात निवर्त्तक नार, रेश श्रीकांत कतितन, প্রথম আত্মজ্ঞানে বাভিচার হইরা উঠে। ইহার ভাব এই যে, যদি প্রথম আত্ম-জ্ঞান অবিভানিবর্ত্তক না হয়, তবে চরম আত্মজ্ঞানও অবিভানিবর্ত্তক হইতে পারে ना ; कातन, উভय कानरे এक अन्नविषयक, উভয়ের পার্থকা কিছু। नारे।

বদি বুল, এরপ হইলে অবিরামস্থায়ী ব্রহ্মজান অবিকাশ নিবর্ত্তক হউক, বিদিয়ে ব্রহ্মজান অবিকার নিবর্ত্তক না হইতে পারে, ইহাও কলায়ায় না; যেহেতু, জীবিত রাজির শরীবরকণের জন্ম প্রবন্ধে মনোযোগ নিয়তই অপেকিত, সুতরাং

ঐ জ্ঞান থারা এক্ষজ্ঞান সময়ে সময়ে বিচ্ছিন্ন হইবেই সন্দেহ নাই। তবে আর জীবন হেতু জ্ঞানসত্ত্বে ব্রশ্বজ্ঞানের ধারা উৎপন্ন হইবার সম্ভাবনা কোণান ? যেহেতু, উহা পরস্পর বিরুদ্ধ। জীবনহেতুভূত জ্ঞানকে তিরোহিত করিয়া আমরণাস্তকাল একজ্ঞানধারাই প্রবৃত্ত থাকিবে, এইরূপ আশাও করা যায় না। বেছেত প্রথমতঃ अक्षकानभातावरे अर्वधावन ना भाकाम नाजार्थित अनर्वधावनुत्नाम हरेमा উঠে, व्यर्था९ এতগুলি ব্ৰশ্বজ্ঞানধারা অবিভার নিবর্ত্তক হইবে, ইহার নাুনাধিক নহে; এইরপ ইহার কোন ইয়তা না থাকায় অবধারণ থাকিতে পারে না: এজন্ত শাস্তার্থেরও অবধারণ রক্ষিত হয় না। এইরূপ অনবধারণ বা অনিয়তা শাস্ত্রেরই অভিপ্রেত নহে। যদি বল, ব্রহ্মবিদ্যাধারামাত্রই অবিদ্যানিবর্ত্তক; ইছা শাস্ত্রে অবধারিত আছে বলিব, তাহাও বলিতে পার না; কারণ, আদিমন্তা অন্তিম ব্ৰন্ধজানের প্রস্পার কোন প্রভেদ নাই, প্রভেদ নাই বলিয়াই প্রথম ধারা বা চরম ধারা অবিভার নিবর্ত্তক, এইরূপ বিশেষাভাব হেতু প্রথমোৎপন্ন ব্রহ্মজ্ঞান ও চরমোৎপন্ন ব্রন্মজ্ঞান, উভয়কেই অবিস্থার নিবর্ত্তক বলিতে হয়, অথচ উহা বলিলেও সেই পূর্ব্বোক্ত ব্যভিচার-দোষের প্রসক্তি হয়। ইহার ভাব এই বে, চরম জ্ঞান অবিভানিবর্ত্তক বলিলে তাহার দৃষ্টান্তের অভাব• আত্মবিষয়ক জ্ঞান হইয়াছে বলিয়াই বদি উহা স্বীকার কর, তবে প্রথমোৎপন্ন জ্ঞানও আত্মবিষয়ক, কিন্তু তাহা অবিভানিবর্ত্তক না হওয়ায়, তাহাতে ব্যভিচার হয়। এ জন্ম তাহাকে অবিভানিবর্ত্তক বলিকে পারা যায় না। বাদী কহিল, তবে ব্রন্ধজান অবিভার নিবর্ত্তক নহে, ইফ্লাই স্থিরীকৃত হউক। সিদ্ধান্তী বলেন, তাহাই বা কিরূপে বলি १ যেহেতু, "সেই ব্রন্ধজ্ঞান হইতে অবিদ্যানিবৃত্তি ঘারা দর্কমন্বতা লাভ হইন্নাছিল", এই শ্রুতিই ব্রন্ধবিদ্যাকে অবিদ্যানিবর্ত্তক বলিয়াছেন। বিশেষতঃ হৃদয়ের গ্রন্থি ছিন্ন হয়, সেই অবস্থাতে শোক কি গু মোহ কি গু ইত্যাদি শ্রুতিবাক্য ছারা ব্রশ্বজ্ঞানের অবিদ্যানিবৃত্তিফল বিস্পষ্ট্রপে অভিহিত হইমাছে। যদি বল, এই স্কল শ্রুতিবাক্য, অর্থবাদ্মাত্র, অর্থাৎ ব্রহ্মজ্ঞানের স্থাবক মাত্র, যথার্থ স্বরূপবোধক নহে, ইহাও বলিতে পার না। তাহা হইলে সকল শাথার উপনিষ্ণাকাই অর্থবাদ হইয়া উঠে, কিন্তু সকল শাথার উপনিষদই ব্রক্ষজ্ঞানের অবিদ্যানিবৃত্তিরূপ ফল প্রতিপাদন করিয়াই বিরত হইগ্রাছে। অন্ত কোন অর্থে তাহাদের তাৎপর্য্য নাই। যদি বল, অহং-প্রভীতির বিষয়ীভূত জীবস্মাকেই বিষয় করিয়া সমস্ত উপনিষদ্-वात्कात मार्थकला, रेहां । विल्लाह भारत मात्र ना । यह सार्वित भतिहात भूत्वह প্রদর্শিত হইয়াছে। অর্পাৎ সংসারী আত্মাকে লক্ষ্য করিয়া জ্ঞানের উপদেশ হইলে

ঐ विष्ठात उन्नविष्ठा मःका नितर्थक रत्र, रेजामि विरमयनः यथन खारनत উপদেশ হইলে ব্ৰহ্মজ্ঞান দাৱা অবিষ্ণা,শোক, মোহ ওভ্ৰমণি নিবৃত্তি প্ৰত্যক্ষ হইতেছে, তথন উপনিষধাক্যের অর্থবাদরপতা বলি কিরুপে ? এইক্ষণে ইহা নিশ্চিত ইইতেছে, এম-বিস্থার অবিস্থাদে। যনিবৃত্তিরূপ ফল হওয়াই চরম। যাহা হউক, যে জ্ঞান অবিস্থাrाराय निवर्त्तक, উरा "आश्व वा চরম ধারাব। हिक कि विक्रित गांहाई इंडेक, **ां हो है अक्षिता।-अन्तां हा, अहे मकन लोक-माहानि अविद्यामाय** निरुखि যাবৎ জ্ঞানধারা ঘারা সম্পাদিত হয়, তাবৎ জ্ঞানধারাই ঐ ফলের কারণ, ইহাতে আত্ম বা অস্তা জ্ঞান ও তাহার সম্ভতি (ধারা) কি অসম্ভতি, এইরূপ কোন বৈশিষ্টোর অপেক্ষা নাই; সুতর্গাং আগু অস্তা সন্তত্ত বা অসম্ভত ব্রন্ধজ্ঞান অবিষ্যা-নিবৃত্তির কারণ। এইরূপ আপত্তি অমূলক। যে ত্রন্ধজ্ঞান অবিষ্ঠানিবৃত্তি করিবে, তাহাই ব্রন্ধবিদ্ধা, তাহাই আমাদের স্থিরসিদ্ধান্ত। আর যে তুমি বলিয়া-ছিলে, ব্রহ্মজ্ঞানের ধারার মধ্যে তাহার বিপরীত জ্ঞান ও তাহার কার্যা দৃষ্ট হওরার ব্রক্ষজানের ধারা-বিশেষকেই কারণ বলা উচিত, কিন্তু ব্রক্ষজ্ঞানমাত্রই কারণ হইতে পারে না। অর্থাৎ যদি আছ জ্ঞানে অবিছা নিবৃত্তি হয়, তবে অন্তরাল সময়ে বিপরীত জ্ঞান হয় কেন ? অভএব ঐ পূর্বজ্ঞান কারণ নহে বল। এই আশস্কা কিছুই নহে, বে গুভাগুভ কর্ম দারা এই শরীরের উৎপত্তি হইয়াছে, সেই কর্মই বিপরীত জ্ঞানের হেতু। স্বতরাং সেই কর্মই বিপরীত জ্ঞানরপ দোষ-সহকারে পুরুষের শুভাওভ ফলপ্রদানে সমর্থ, এই জন্মই তাহার শ্রীরপাত হওয়া পর্য্যস্ত প্রান্তরামুক্তপ স্থথ-ছঃথাদি ফর্গভোগের কারণ্রপে বিপরীত জ্ঞান এবং রাগাদিদোখ সেই পরিমাণে জিমিয়া থাকে। যেমন বাণনিক্ষেপকারী পুরুষ প্রযন্ত্রশূত ष्ट्रेराव निकिश वांव बीब कार्या मण्यापन कतिया थारक, राम्हे श्रकात भूकव বন্ধসাক্ষাৎকার ধারা অবিফানিবৃত্তিরূপ ফলদাভ করিলেও প্রারন্ধ কর্ম ফল্লানে উনুপতা হেতু ব্রন্ধবিস্থার অন্তরালদময়ে অবিস্থা ও তৎকার্য্যের পুনঃ আক্ষেপ করে: ব্রহ্মবিষ্ঠা সেই কর্ম্মের নিবৃত্তি করিতে পারে না, যেহেতু, তাহার সহিত ঐ কর্ম্মের কোন প্রতিবধ্য-প্রতিবন্ধক ভাব নাই। তবে জ্ঞানের বিরোধী যে অবিভাব কার্য্য अथा जावी अत्मारशानान डेम्थ अनातक कर्प अविश्वात्रश आधार हहेर्छ কলম্বরূপে প্রকাশিত হইবে, তাহাই আত্মতক্তান ধারা रुत्र, (गरब्दु, डेर्श অনাগত। প্রারন্ধ কর্মভোগ প্রাপ্ত হয় না। বেশা কি, ব্লক্ষত প্রুষের বিপরীতজ্ঞানই হয় না; कांबन, अ ममस्य क्लान (क्लम नियम ब्लाह्म ना। विश्वस्त निर्मम् अर्थ अवशातन না করিয়া, কেবল দাধারণ ধর্ম আশ্রম করিয়াই বিপরীত জ্ঞান জনিয়া থাকে। যেমন শুক্তিতে রজতজ্ঞান। কিন্তু যে পুরুষের বিষয়ের বিশেষাবধারণ হইয়াছে, তাহ্বর পক্ষে সমস্ত বিপরীত জ্ঞানের আশ্রম (অবিষ্যা) বিনষ্ট হওয়ায় ব্ৰহ্মজ্ঞানের পূৰ্ববিস্থার স্থায় ব্ৰহ্মজ্ঞানকালে আর বিপরীত জ্ঞান উদিত হইতে পারে না ; - যেমন গুক্তিকার ফার্য গুক্তিকারণে প্রমাজ্ঞান জিনিলে আর রজতরূপে বিপরীত জ্ঞান হইতে দেখা যায় না। স্থান-বিশেষে ব্রন্ধবিস্থা জন্মিবার পূর্ব্ধকালীন বিপরীত জ্ঞানজন্ত-সংস্কারবশে ব্রন্ধবিস্থা দশারও বিপরীতজ্ঞানরূপ স্মৃতি উৎপের হইরা অকমাৎ বিপরীতজ্ঞান উৎপাদন करत ;-- यमन निग् जार्छत निक्तिरायकत श्वाव निक्जम नष्ट रह ना। श्वा যাহার সম্যক্ জ্ঞান উৎপন্ন হইয়াছে, তাহারও যদি পুর্বের তাম মিধ্যা জ্ঞান জন্মে, স্বীকার করিতে হয়, তবে সম্যুক্ জ্ঞানে কাহারও আর বিশ্বাস থাকিবে না এবং ভজ্জন্ত শান্তপ্রতিপাদিত ব্রন্ধজ্ঞান।দিতে প্রবৃত্তিও অসম্ভব হইয়া উঠিবে। जन्जित नमन्त्र श्रमान्ये अश्रमानक्रात्र পतिन्त हरेत्व ; कावन, उथन श्रमान प অপ্রমাণের কোনও বৈলক্ষণ্য থাকিবে না। অতএব ব্রহ্মাজ্ঞান দারা মিথ্যাজ্ঞানের মূলোচ্ছেদ হয়, ইহা অতীব সত্য কথা। সম্যক্জ্ঞানোৎপত্তির পরক্ষণেই ব্রহ্মজ্ঞানীর শরীরপাত হর না কেন, এই প্রশ্ন ও এই কথা দারা অর্থাৎ প্রারন্ধ ক্রম অবশ্রই ভোক্তব্য, এই কথা ছারাই মীমাংসিত হইল। এইক্ষণে কোনু কোনু কর্মের ব্রক্ষজানের ধারা কর হয়, উপসংহারে তাহাই প্রমাণিত করিতেছেন। - জ্ঞানোৎ-পত্তির পূর্বের, পরে ও সমকালে কৃত এবং জন্মান্তরে সঞ্চিত, অনারক্ষ কর্ম সকলের ব্রক্ষজান দারা ক্ষম হয়। নিমোক্ত ব্রন্ধবিস্থালাভের প্রতিবন্ধক ^ইও কর্ম্মের ক্ষক্তি হইতেই তাহা অবগত হওয়া যায়। যথা,—"এই ব্রহ্মজ্ঞের সকল কর্ম্ম ক্ষপ্রাপ্ত হয়।" "ব্রহ্মজ্ঞের তাবংকালই বিলম্ব," "সমস্ত পাপ বিনষ্ট হয়।" "সেই बन्ध जानिया পাপকমে निश्च इत्र ना।" "এই बन्धजान पात्रा विन अर्ध দংসার হইতে উত্তার্ণ হ'ন, তাহাকে পুণ্য-পাপ আবদ্ধ করে না," "এই ব্রহ্মজ্ঞকে তাপিত করে না," "দে কোন বিভীষিকায় ভীত হয় না," ইডাাদি শ্রুতি এবং জ্ঞানরূপ অগ্নি সমস্ত কর্ম্ম ভম্ম করে, ইত্যাদি স্মৃতি ইহার প্রমাণ। আর যে বলিয়াছ,, "দে দৈব, পৈত্রাও আর্ষ ঋণ ধারা বন্ধ হয়," তাহাও নহে। যেহেতু, ঐ ৰণ অবিভাক্তান্তকে আশ্রয় করে, অবিভাবান্ পুরুষ্ট্র ৰনী। কারণ, তাহারই কর্ত্ব সম্ভব হয়। শ্রুতিতেই ক্থিত আছে "যে অবস্থাতে এক আত্মা অন্তের (অনাত্মার) ভাষ হয়, সেই অবস্থায় অন্ত অন্তকে দেখে।" কিন্তু

আল্বানামক সং বস্তু অন্ত অর্থাৎ তাহার দিতীয় নাই, ইহাও পরে কথিত হুইবে। আর যে অবস্থাতে অবিভাসম্পর্কে সম্বিতীয়বং হয়, থেমন তিমির-**मारिय हुन मिर्योग्नवर প্রতীত হুইয়া থাকে : সেই অবস্থায় অভিজাক্ত অনেক**-চকুরাদি শাধন-সাপেক্ষ দর্শন।দি ক্রিয়া এবং তাহার ফল "তত্রাস্থোহতঃ পশ্রেৎ" हेजामि अठि बाता थामर्निङ हहेबाहा। किन्ह यथन उन्हेंबादात अভाব অবিত্যান্তনিত অনেকত্বন দুরীভূত হয়, সেই অবস্থায় কোন ক্রিয়াই থাকে না। "তৎ কেন কম্পঞ্ছেও" ইত্যাদি শ্রুতিই তাহার দাক্ষ্য দিতেছে। উপসংহারে ইহা নিশ্চিত হইল যে, দৈবাদি ঋণ অবিভাবানু পুরুষের পক্ষেই সম্ভব, ব্রশ্ধক্ষের নহে। বেহেতু, ভাহারই কর্ম মন্তব হয়, ইহা পরে ব্যাথ্যা দারা বিভূতরূপে প্রদর্শিত হইবে। বাহা হউক, উহা যে প্রকার, এক্ষণে তাহা এই শ্রুতিতে কথিত হইতেছে। যে অব্ৰশ্বজ্ঞ পুৰুষ—আত্মা হইতে বিভিন্ন যে কোন দেবতাকে উপাসনা करत, व्यर्थाए क्वि. প্রণাম, যাগ, तनि, উপহার, সমাধি ও ধ্যানাদি হারা সম্ভুষ্ট করে, এবং ঐ দেবতার অধীনতা স্বীকার করিয়া অবস্থিত হয়, স্বর্থাৎ "সেই উপাস্ত দেবতা ও আমি ভিন্ন, উপাসনাধিকারী—আমি ও ঐ দেবতা অপর ব্যক্তি, আমি উহার কাছে ঋণী, এই-দেবতার ঋণ পরিশোধ আমার কর্ত্তবা" এইরূপ ধারণা ন্ত্রী উপাসনা করিয়া থাকে, সে এই প্রকার জ্ঞানবশতঃ প্রকৃত তত্ত্ব জানিতে शास्त्र मा। सह शुक्रम स्म क्वरण खिलानि स्नार्य खोळाख, हेश नरह, किंख দেবতাদিগের সে এক একটি, উপকার করিতে রাধ্য, স্বতরাং তাহাদের উপভোগা গ্রাদি পশু, •যেমন মনুষ্যের বহন-দোহনাদি উপকার হারা উপুভুক্ত হইয়া থাকে, ঐরূপ ঐ পুরুষ পশুর স্থায়, যজ্ঞ, ব্রহ্মচর্য্য, সন্তান প্রভৃতি উপকার দারা দেব, ঋষি ও পিতৃগণের উপভোগা, অর্থাৎ পশুর ন্তায় সর্বভোগজনক কর্ম্মে অধিকৃত। শ্রুতির তাৎপর্য্যার্থ এই যে, যে ব্রহ্মবিৎ নতে, তাহারই বর্ণ ও আশ্রমাদি বিভাগে অধিকার; তাহার পক্ষে বিশ্বাসহক্রত বা তদ্রহিত শাস্ত্রোক্ত কর্ম্মের উৎক্রষ্টকল—মনুষ্যন্ত হইতে ব্রহ্মন্ত পর্যান্ত সদ্গতিলাভ এবং শাস্ত্রোক্তের বিপরীত অর্থাৎ শান্তনিষিদ্ধ স্বাভাবিক কর্মের মহয়ত্ব হইতে স্থাবর মোনি পর্য্যস্ত निक्षे कनमां रहा। देश (य প्रकात, जाहा "अव লোকা:" ইত্যাদি অবশিষ্ঠ অধ্যায়ভাগ দারা পশ্চাম কথিত হইবে। এতাবৎসুনর্ভে বিশ্বার ফল সর্বাত্মতালাভ সংক্ষেপে প্রদর্শিত হইল। সমস্ত উপনিষৰাকাই বিস্তা ও অবিস্থার বিভাগ দেখাইয়াই কর্ত্তব্য শেষ করিয়াছেন।

যে প্রকারে সমস্ত উপনিষদের ইহাই প্রতিপান্ত, তাহা পরে প্রদর্শিত হইবে। একণে প্রকৃত কথা এই যে, যেহেতু, দেবতাদের পক্ষে মন্ত্র্যু পণ্ডর সদৃশ, সেই জন্ম দেবতা সকল অবিক্ষাবান পুরুষের বিদ্ধ বা অনুগ্রহ করিতে সমর্থ জানিবে; ষে প্রকার এই জগতে গ্লো অখাদি নানাবিধ পশু সকল নিজ প্রভূকে (মমুয়্যকে) বহনাদি ছারা রক্ষা করিয়া থাকে, সেই প্রকার বহু দেব, খবি প্রভৃতি উত্তমর্ণের বাহকস্বরূপ অব্রক্ষক্ত পুরুষ দেবতা ও পিতৃ প্রভৃতিকে সেই সেই বজ্ঞাদি কার্য্য দারা রক্ষা করে। শ্রুতিতে "দেবানু" এই স্থলে বছবচন নির্দেশ থাকায় দেবশব্দ কেবল দেবতা নহে, পিত্রাদিকেও বুঝাইয়াছে,। অভিসন্ধি এই যে, ইন্দ্রাদি দেবগণ আমা হইতে বিভিন্ন ও আমার নিমন্তা, আমি ভূত্যের গ্রায় ইহাদিগকে স্তৃতি, নমস্কার, যাগ প্রভৃতি ধারা সম্ভষ্ট করত তাঁহাদের প্রদন্ত ঐহিক উন্নতি ও অত্তে মোক্ষরূপ ফল পাইব,এই অভিসন্ধিতেই তাহারা দেবাদির উপাসনা করে। যেমন এই জগতে বহু পশুবিশিষ্ট পুরুষের এক একটি গ্রাদিপশু ব্যাঘাদি কর্ত্তক অপস্তুত হইলে, পশু-স্বামীর অত্যন্ত কট্ট হয়, সেই প্রকার এক একটি পুরুষ পঙ্ভাব হর্ইতে মুক্তিলাভের জন্ত প্রযন্ত্রন হইলে যে দেবতাদের অপ্রীতি হইবে, ইহা আর আশ্চর্যোর বিষয় কি 💡 গৃহত্বের বহু পশুর অপহরণ হইলেও কও হয় দেখা যায়। বলিতে কি, মনুষ্ কোনরূপে আত্মতত্ত্ব জানিতে পায়, ইহা দেবতাদিগের কথনই প্রীতির বিষয় হইতে পারে না। অমুগীতাতে ভগবান বাাসের ইহারই অনুরূপ উক্তি শ্বরণ হয় যে,—"হে কৌন্তের। সমস্ত দেবলোক, ক্রিয়াবান ব্যক্তিগণ কুর্তুক অধিকৃত হইয়াছে। মনুয়া যে দেবজাদিগের উপরে বর্ত্তমান হইবে, অর্থাৎ আ অজ্ঞান দ্বারা মোক্ষ লাভ করিবে, ইহা দেবতাদের ইষ্ট নহে।" এই জন্ম দেবগণ গো প্রভৃতি পশুকে ব্যাস্থ-কবলের মত বন্ধবিতার আস্ক্তি হইতে মুম্মদিগকে পরিচ্যুত করিবার জন্য বিদ্বাচরণ করিতে ইচ্ছা করেন। তাঁহারা সর্বদাই কামনা করেন যে, মনুষ্ণাণ আমাদিগের উপভোগাতা হইতে পরিচাত না হয়; কিন্তু তাঁহারা যে মহামকে মুক্ত করিতে ইচ্ছা করেন, তাহাকে শ্রদ্ধাদিসাধনমুক্ত করিয়া থাকেন এবং যাহাকে মুক্ত করিতে চাহেন না, তাহাকে ব্রন্ধবিভায় অশ্রন্ধাদি দোষে আক্রান্ত করেন। অতএব মহুয়োর প্রতি দেবাদির এইরূপ স্বাভন্তা হেতু মুক্তিকামী পুরুষক্তে সাবধান করা যাইতেছে, যদি তাহারা দেবতার আরাধনে তৎপর ও বন্ধবিদ্ধায় শ্রদ্ধা-অমুরাগমুক্ত থাকে, তবে ব্রন্ধবিদ্ধার প্রাপ্তির বিষয়ে সাবধান হইবে। ইহা দেবাপ্রিয় বাক্য-উচ্চারণ দ্বারা প্রদাশত इट्ला १०॥

ব্ৰহ্ম বা ইদমগ্ৰ আসীদেকমেব তদেকত সন্ন ব্যভবতচ্ছে য়ো-রূপমত্যস্থজত ক্ষত্রং যান্যেতানি দেবতা ক্ষত্রাণীক্রো বরুণঃ সোমো রুদ্রঃ পর্জ্জন্তো যমো মৃত্যুরীশান ইতি।

তম্মাৎ ক্ষত্রাৎ পর্ব নাস্তি তম্মাদ্র(ক্ষণঃ ক্ষলিয়মধ-স্তাতুপাস্তে রাজসূয়ে কল এব তদযশো দধাতি সৈষ। ক্ষল্রস্থ যোনির্যদুত্রকা।

তস্মাদ্যদ্যপি রাজা পরমতাং গচ্ছতি ব্রস্মৈবান্তত উপনি-শ্রয়তি স্বাং যোনিং য উ এন্ড হিনন্তি স্বাণ স যোনিমুচ্ছতি স পাপীয়ান ভবতি যথা শ্রেয়াখ্সখ হিন্তুসিত্বা॥ ১১॥

পূর্ব্বে "আত্মেত্যেবোপাসীত" এই বাক্য ছারা উপনিষৎ-শাস্ত্রের প্রতিপান্ত আত্মতত্ত্বোপাসনা হুত্রিত হুইয়াছে। পরে তাহার ব্যাখ্যা ক্রিবার অভিপ্রায়ে "তদাহর্যদ্রহ্মবিষ্ণয়া" ইত্যাদি বাক্য দারা অর্থবাদের সহিত শাস্তের সম্বন্ধ এবং প্রয়োজন কথিত হইয়াছে, এবং সংসারী জীবই অবিস্থায় অধিকারী, ইহা "অথ যোহন্তাং দেবতামুপান্তে" ইত্যাদি বাক্য ধারা প্রতিপাদন করিয়া ঐ বাক্যের— অবিভাবান সংসারী জীব ঋণী, দেবতাদের কর্ম করিতে বাধ্য, স্নতরাং পণ্ডর স্থায় প্রাধীন, এই তাৎপর্যাও কথিত হইয়াছে। এক্ষণে প্রশ্ন হুইতে পারে যে, অবিশ্বা-ক্রাস্ত জীবের সমন্ধে দেনতা প্রভৃতির কর্মে বাধ্যতা কি? তহত্তরে বর্ণ, ও আশ্ৰম বলা বায়। তন্মধ্যে বৰ্ণ কি গ এই জিজ্ঞাসায় এই শ্ৰুতি আৱন্ধ হইতেছে— যে বর্ণরূপ নিমিত্তামুসারে কর্মবিশেষে এই সংসারী জীব পুরাধীনভাবে অধিকৃত, তাহা প্রদর্শন করাইবার জন্মই অগ্নির সৃষ্টি কথনের পর ইন্দ্রাদি দেবতার সৃষ্টি বলা হর নাই দ অর্থাৎ পূর্নের যে অগ্নির সৃষ্টি বলা হইয়াছে, তাহা প্রজাপতিস্ঞ্টির অক্থিত অংশ পরিপূরণের জন্ম। আর এই ইন্দ্রাদির স্টিও সেই প্রকরণে জানিবে। কারণ, ইন্রাদি স্ষ্টিও প্রজাপতিস্টিরই অঙ্গ, তথাপি এই প্রকরণে যে তাহার অভিধান করা যাইতেছে, উহা কেবল অবিছান বাক্তির কর্মাধিকারের প্রতি হেতুপ্রদর্শনাগই। এই শ্রুতিত্ব ব্রহ্মণব্দের অগ্নি অর্থ গ্রহণীয়, অর্থাৎ সেই প্রজাপতি অগ্নি কৃষ্টি করিয়া অগ্নি হইতে রাকণ সৃষ্টি করিয়াছিলেন, এই অর্থট এখানে গওবা। সেই অধিকপপ্রাপ্ত বাহ্মণ সীয় জাত্যভিমান হেতু ব্রহ্মণে अधिहिए इस । एएकोरम धरे किसामि अधि टरकात महिए अधित दिन। এ জন্ম একাকী অর্থাৎ সেই ব্রহ্ম ক্ষত্রিয়াদিরূপ পাশকের সহাত্মভূতির অভাবে কর্মান্ত্র্যান করিতে অসমর্থ হইয়াছিলেন।

সেই হেত্ "সেই ব্রহ্ম, আমি ব্রাহ্মণ, আমারই এই প্রকার কর্মা কর্ত্তর্ব্ব," এই মনে করিয়া, ব্রাহ্মণজাতির অনুষ্ঠেয় কর্মা নির্বাহের ইচ্ছায় ও নিজের কর্ত্ত্ব রক্ষার জন্ম একটি প্রশন্ত পদার্থের বিশেষরূপে স্পষ্ট করিয়াছিলেন। সেই স্পষ্ট পদার্থ কি? ক্ষত্র, ক্ষত্রিয়জাতি। শ্রুতি ভাহাই ব্যক্তি-ভেদ করিয়া দেখাইতেছেন। যাহারা এই লোকে দেবতাদের মধ্যে ক্ষত্রিয়রপে প্রসিদ্ধ, তাহারা স্পষ্ট হইল। এ স্থলে জাতির আখ্যানে বৈয়াকরণ-মতে বৈকল্লিক বহুবচনের অন্থলাসন বশতঃ অথবা ব্যক্তির বহুত্ব প্রকুক্ত ক্ষত্রজাতিতে বহুবচন, নির্দিষ্ট হইয়াছে। সেই ক্ষত্রিয় কে? শ্রুতি তত্ত্ত্বরে বলিতেছেন যে, সেই ক্ষত্রিয়ের মধ্যে অভিষক্ত ক্ষত্রিয়ই বিশেষরূপে উল্লেখনোগ্য। যে প্রকার ইন্দ্র দেবতাগণের রাজা, বক্ষণ জলজন্তুসমূহের অধিপতি, সোম ব্রাহ্মণদিগের প্রভু, এই প্রকার রুদ্র পশু-সকলের, মেঘ বিত্যুৎসমূহের, যম পিতৃলোকের, মৃত্যু রোগাদির, ক্ষশান প্রভানিচন্তের অধিপ, সেই প্রকার অন্ত দেবতার মধ্যে প্রভুরূপে ক্ষত্রিয়জাতি স্পষ্ট হইয়াছিল। তৎপরে ইন্দ্রাদি ক্ষত্রিয় দেবাধিষ্ঠিত মধ্যম্বক্ষত্রির চন্দ্র ও স্থ্যবংশে মন্ত্র্যুলোকে প্রেরব্বা প্রভৃতি নামে স্পন্ত হইয়াছিল। ইহা দেখাইবার জন্ত দেবতাক্ষত্রিরের স্প্রির কথা এ স্থলে প্রভাবিত হইয়াছে।

যেহেতু, দেই ব্রহ্ম কর্ত্বক প্রথম্ম সহকাবে ক্ষল্রিয়জাতি স্পষ্ট হইয়াছে. দেই হেতু ক্ষল্রিয় অপেকা শ্রেষ্ঠ জাতি নাই; কারণ, ক্ষল্রিয় ব্রাহ্মণজাতিরও নিয়ন্তা। দেই হেতু ব্রাহ্মণ, ক্ষল্রিয়জাতির জন্মদাতা হইয়াও, ক্ষল্রিয়ের অধঃস্থিত এবং উপরিস্থিত ক্ষল্রিয়কে উপাসনা করিয়া থাকেন। কোথায় এইয়প উপাসনা করেন
থ এই জিজ্ঞাসায় শ্রুতি বলিতেছেন যে, রাজস্থায় ক্ষল্রিয়ই ব্রহ্ম আখ্যা স্থাপন করে অর্থাৎ ব্রাহ্মণস্থর্রপ বলিয়া প্রথিত হন। রাজস্ময়জ্ঞে অভিষিক্ত এবং আসন্দীতে (মঞ্চিকা) উপবিষ্ঠ রাজা যথন ঋতিক্তকে 'ব্রহ্মন্' এই নামে আমন্ত্রণ করিবেন, তথন ঋতিকই রাজাকে বলিবেন যে, হে রাজন্! তুমিই ব্রহ্ম, তবেই এই ক্ষল্রেরই যে দেই ব্রহ্মরূপে থ্যাতি স্থাপন করে, ইহা শ্রুতি হারা প্রতিপাদিত হইল। ইহার তাৎপর্য্য—পূর্ব্বোক্ত প্রকার। ব্রহ্ম যে ক্ষল্রিয়ের উৎপত্তিকারণ, তাহা মুক্তিমুক্ত।

সেই হেড়ু যদিও রাজা প্রাধান্ত অর্থাৎ রাজহর্মজে অভিষেকের জন্ত বৈশিষ্ট্র প্রাপ্ত হন, তথাপি নিজের জন্মনাতাম্বরূপ বাস্থান্দ্রাতিকেই কর্মাস্থাতার জন্ত স্ক্রাদিকার্যো উপনিহিত, অর্থাৎ পুরোহিতরূপে নিমুক্ত করিবেন। যে ক্রিয় বলগর্কপ্রেষ্ক্ত নিজের জন্মদাতা ব্রাহ্মণজাতিকে হিংসা করে, অর্থাৎ হের জ্ঞান করে, সে নিজের পিতাকেই বিনাশ করিয়া থাকে। সে এই কার্য্যের দারা পাপিষ্ঠ হয়। যদিচ পূর্কে হইতেই ক্ষত্রিয়জাতি স্বাভাবিক ক্রুরতা প্রের্ক্ত পাপী আছে, তথাপি এক্ষণে নিজের জন্মদাতা ব্রাহ্মণজাতির হিংসা করা হেতু অত্যন্ত পাপী হয়। যে প্রকার কেকে প্রশন্ততর ব্যক্তিকে পরাভব করিয়া অত্যন্ত পাপী হয়, উহাও সেইরুপ॥ ১১॥

দ নৈব ব্যভবৎ দ বিশমস্থজত যান্মেতানি দেবজাতানি গণশ আখ্যায়ন্তে বদবো রুদ্রা আদিত্যা বিশ্বেদেবা মরুত ইতি॥ ১২॥

সেই ব্রাহ্মণাথাভিমানী ব্রহ্ম, ক্ষল্রিয়জাতি স্ট হইলেও পূর্ণতা অর্থাৎ কর্মামুষ্ঠানে সামর্থ্য লাভ করেন নাই; কারণ, তাহার কর্মসাধক ধনোপার্জ্জকের অভাব। সেই হৈতু কর্মনিম্পাদক ধনের উপার্জ্জনের জন্ম বৈশ্বজাতির স্পষ্ট করিয়া-ছিলেন। সেই বৈশ্ব কে প উত্তরে বলা যায়, যে দেবসমূহ সজ্ম নামে কথিত হয়, অর্থাৎ যাহারা এক গণরূপে কথিত হইয়া থাকে, তাহারা দেববৈশ্ব। বৈশ্বজাতিও প্রায়ই সংহত হইয়া ধন উপার্জ্জনে সমর্থ হয়; একাকী সমর্থ হয় না। যেমন বহুগণ অন্তর্মংখ্যায় সত্যবদ্ধ, এই প্রকার একাদশ রুদ্ধ, ছাদশ আদিত্য, ত্রেরোদশ বিশ্বদেব (ইহারা বিশ্বার অপত্য, সেই জন্ম ইহাদের বিশ্বদেব সংজ্ঞা হইয়াছে) উনপঞ্চাশৎ মত্রুৎদেব; (যাহাদের সাত সাত করিয়া সাতটি গণ প্রসিদ্ধ আছে) ইহারা সকলেই বৈশ্ব॥ ১২॥

স নৈব ব্যভবৎ স শৌদ্রেং বর্ণমক্ষজ্ত পূষণমিয়ং বৈ পূষেয়ণ্ড । হীদ সর্ববং পুষ্যতি যদিদং কিঞ্চ॥ ১৩॥

পরে সেই পুরুষ পরিচারকের অভাবে পুনর্কার কর্মান্ত্রানে অসমর্থ হইয়াছিলেন, এই জন্ত শূদ্রবর্ণের সৃষ্টি করিলেন। শ্রুভিতে শৌদ্র এই যে নির্দেশ করা হইয়াছে, ভাহা শূদ্রশক্ষের উত্তর স্বার্থে স্মৃণ প্রভার ও উকার ভানে উকারকপ, রুদ্ধি ঘারা নিস্পার। উহা শূদ্রের সমানার্থক সৃষ্ট শূদ্রবর্ণ কে? এই জিজ্ঞাসার শ্রুভি কহিতেছেন, পূষাই শূদ্রবর্ণ এবং পুষাই বা কে? হৈনি উত্তরে শুভি পূর্ণশক্ষের স্থানিভ হারা হিশেষ করিয়া নির্দেশ করিতেছেন, এই পৃথিবীই পূষা। যেহেতু, এই পৃথিবী দৃশ্যমান এই দকলকে পোষণ করে, এই জন্ত পৃথিবীর পূষা সংজ্ঞা দার্থক হয়॥ ১৩॥

স নৈব ব্যভবত্ত ছে যোরপমত্য স্থজত ধর্মং তদেত ং ক্ষত্রস্থ ক্ষত্রং যদ্ধর্মান্ধর্মাৎ পরং নাস্ত্যতো অবলীয়ান বলীয়ান্ধ্য সমাশত্সতে ধর্মেণ যথা রাজ্যেবং, যো বৈ সধর্মঃ সত্যং বৈ তত্তস্মাৎ সত্যং বদন্তমান্থ্য ক্ষিম হ বদতীতি বা বদন্ত দত্যং বদতীত্যেত দৈবৈত হুভয়ং ভবতি॥ ১৪॥

সেই ব্রহ্মপুরুষ চারি বর্ণ সৃষ্টি করিয়াও, ক্ষত্রিয়জাতির স্বাভাবিক অসংযতভাব আশস্কা করত কর্মান্তর্ভানে সমর্থ হইতে পারিলেন না। পরে বত্নপূর্ব্বক ধর্ম্মের স্পষ্টি করিয়াছিলেন, সেই ধর্ম কি ? না—বাহা মুক্সলম্বরূপ। সেই স্পষ্ট ধর্ম ক্রিয়েরও শাসক, এ জন্ম উতা হইতেও উগ্রতর। যেহেতু, ধর্ম ক্রিয়েরও নিমন্তা, দেই হেতু ধর্ম অপেকা শ্রেষ্ঠ শাসক কিছু নাই। কারণ, দেই ধর্মকর্ত্তক সূক্লই নিয়ন্ত্রিত হয়। তাহার কারণ— হর্বলতর ব্যক্তিও ধর্মবলে নিজাপেক্ষা ্বলীয়ান ব্যক্তিকে জন্ম করিতে কামনা করিয়া থাকে। যে প্রকার দেখা যান্ন, জগতে সংসারী ব্যক্তি সর্ব্বাপেক্ষা বলবত্তম রাজার সহায়তা লাভ করিয়া অন্সের সহিত ্বে, ধর্ম সর্বাপেকা বলীয়ান্. এই জন্ম সকলের নিমন্তা। সেই ধর্ম লৌকিক ব্যবহারে সতা নামে পরিচিত অর্থাৎ লোকে ঘাহাকে ধর্ম বলিয়া ব্যবহার করে, শাস্ত্রামুদারে তাহা দতাই, সত্যের অমুষ্ঠান ও ধর্মামুচরণ ফলত: একই বস্তু। . কেবল অমুষ্ঠীয়মান অবস্থায় ধর্ম্মরূপে এবং শাস্ত্রার্থজ্ঞানকালে সভানামে ব্যবহৃত হয়। বাস্তবিক ধর্ম আর সভা একই পদার্থ। এই জন্য অনুষ্ঠানকালে ম্পাশাস্ত উক্তিকারক ব্যক্তিকে সতা ও ধর্ম এই উভয়ের প্রভেদক্ত সমীপস্থ ব্যক্তিগণ বদিয়া থাকেন—"ইনি ধর্মবাদী," এই প্রকার ইতার বৈপরীত্যে অর্থাৎ ধর্ম কিয়া লৌকিক ব্যবহারবাদী পুরুষকে 'বলিয়া থাকেন, ''ইনি সত্যবাদী" অর্থাৎ শাস্তের অবিক্ষবাদী। তবে ইহাই নিরূপিত হইল ए, জ্ঞারমান বা অনুষ্ঠীরমান সত্য উভয়ই • ধর্মম্বরূপ, সেই হেতু জ্ঞান বা অনুষ্ঠানাত্মক সেই ধর্ম শান্ত্রজ্ঞ ও অশান্ত্রজ্ঞ সকলকেই নিরন্ত্রিত করে। এই জন্যই বলা হইরাছে, সেই ধর্ম কল্লিমেরও কল্লিম (নিমন্তা)। অত্তব সেই ধর্মাভিমানী অবিভাচন

প্রকাপতি (সপ্তণ বন্ধ) পুরুষ ধর্মবিশেষের অনুষ্ঠানের জন্ম বান্ধণ, কলির, বৈশ্র, ও শুদ্রের উৎপত্তির কারণাভিমানী হন। কারণ, ঐ সকল জাত্যুৎপত্তির নিমিত্ত সকল স্বভাবতই ধর্মাধিকারের নিমিত্ত॥ ১৪ ॥

তদেতদ্বকা ক্ষত্ৰং বিট্ শুদ্রস্তদগ্নিব দেবেয়ু ব্রকা-ভবদ্ ব্রাহ্মণো মনুষ্যেয়ু ক্ষল্রিয়েণ ক্ষল্রিয়ো বৈশ্যেন বৈশ্যঃ শূদ্রেণ শূদ্রস্তমাদগ্রাবেব দেবেষু লোকমিচ্ছন্তে ব্রাহ্মণে মনুষ্যেষেতাভ্যাত হি রূপাভ্যাং ব্রহ্মাভবং।

অথ যো হ বা অস্মাল্লোকাৎ স্বং লোকসদৃষ্ট্য প্রৈতি স এনমবিদিতো ন ভুনক্তি যথা বেদো বাহননূক্তোহম্মদ্বা কৰ্মাকৃতং যদিহ বা অপ্যানেবংবিদ মহৎ পুণ্যং কণ্ম করেতি তদ্ধাস্থান্ততঃ ক্ষীয়ত এবাক্সানমেব লোকমুপাদীত দ য আত্মানমেব লোক-মুপাত্তে ন হাস্ত কর্ম ক্ষীয়তে।

অস্মাদ্ধ্যেবাত্মনো যদয়ৎ কাময়তে তত্তৎ স্ক্ৰতে।। ১৫।।**

এই বে ব্রাহ্মণ, ক্ষজ্রির, বৈশু ও শূদ্ররূপ বর্ণচতুষ্টমের স্মন্তির কথা উপুদংহার क्वा इरेम्राइ, छेरात উल्लंख भारत लियान स्टेर्न। त्यरे राष्ट्रिक ही उन्न অগ্নিরপেই স্টে করিয়াছিলেন, অন্তরূপে নহে। তন্মধ্যে দেবতাদিপের মধ্যে ব্রাহ্মণজাতি হইয়াছিলেন। মহয়ের মধ্যে ব্রাহ্মণস্বরূপে ব্রহ্ম হইয়াছিলেন, ক্ষল্রিয়াদি कांडिमर्सा माक्यारमहस्म अक উৎপन्न इन नारे, পরন্ত অভাবিকার প্রাপ্ত হুইয়া জন্মগ্রহণ করিলেন। ক্ষত্রির ধারা ক্ষত্রির হইলেন, অর্থাৎ ক্ষত্রির, ইক্রাদিদেবতা কর্ত্ত্ব অধিষ্ঠিত ; এই প্রকার বৈশ্বও বৈশ্ব-দেবতাধিষ্ঠিত, শূদ্র শূদ্রদেবাধিষ্ঠিত হইয়া উৎপন্ন হইলেন। থেহেতু, প্রষ্টা—এন্ধ ক্ষত্রিদাদিতে বিকারাপন্ন এবং অগ্নিরূপী ব্রাহ্মণ জাতিতে অবিকৃত, সেই হেতু দেবতাদের মধ্যে কেবল অগ্নিতেই প্তিতগণ আহতি ধারা কর্মকল পাইতে ইচ্ছা করেন, অর্থাৎ অগ্নিদাহায্যে যাগাদি কর্ম করিয়া বর্গাদি কল কামনা করেন। এই জন্মই বন্ধ কর্ম্মের গুমাধার অগ্নিরূপে অবস্থিত এবং সেই জন্ত সেই অগ্নিতে কর্ম করিয়া যাজক ব্রাহ্মণীগণ ভাহার ফল-প্রার্থীও হইরা থাকেন। ইহা মন্থয়-উচিত কার্য্য। পূর্বের আন্ধনজাতির যে হোমের कथा वना रहेबाह, छेरा प्रवर्णातक बाजावनार्छत अनु नजूवा मन्यातारक

কর্মকললাভের কামনা থাকিলে আর অগ্নি প্রভৃতিতে হোমাদি ক্রিয়া আপেক্ষিত হয় না, কিন্তু ব্রাহ্মণছজাতিলাভ দারাই ইষ্টসিদ্ধি হয় অর্থাৎ সেই ব্রাহ্মণোচ্ত জ্পাদি ক্রিয়া দারাই তাহা সাধিত হয়, কারণ,—যে স্থলে প্রশ্বার্থাভ দেবতার অধীন হইবে, সেই স্থলেই অগ্নাদি দেবতার সহায়তায় হোমাদি ক্রিয়ার অপেকা থাকি। স্থতিতেও ইহা প্রতিপাদিত হইয়াছে যে,—বাহ্মণ কেবল বেদমন্ত্রের জপ দারাই নিশ্চিত সিদ্ধিলাভ করেন, তাহারা যাগাদি অস্ত কার্য্য করুন্ বা না করুন্, তাহাতে কোন ক্ষতিবৃদ্ধি নাই। তবে এ স্থলে ইছাও বক্তব্য, যে ব্রাহ্মণ সকল প্রাণীকে আগ্রবং দর্শন করেন. তিনিই প্রকৃত ব্রাহ্মণ। এক ব্রাহ্মণের সর্বন্ধেই ভিশ্কুকাশ্রমের বিধান হেতু মোক্ষর্রপ ফলও তাহাদের পক্ষেই শাস্ত্রে অভিহিত হইয়াছে। সেই হেতু বলি, মমুদ্যলোকে ব্যাহ্মণ কর্মাকলপ্রার্থা হইয়া থাকেন। যেহেতু—ব্রাহ্মণর্য়েণ কর্মের কর্ত্তা ও অগ্নিরপ কর্ম্মের অধিকরণ্রমণে স্পষ্টকর্তা ব্রহ্ম দাকাহ প্রকাশ পাইয়াছেন, অত্রের অধিকরণ্রমণে স্পষ্টকর্তা ব্রহ্ম দাকাহ প্রকাশ করিয়া থাকে।

কোন বাদী উক্ত শ্রুতির এইরূপ তাৎপর্য্য বর্ণনা করিয়া গাকেন বে, লেটিক অধিতে হোম এবং ব্রাহ্মণে দান করিয়া, প্রমান্মারূপ লোক প্রাপ্ত হইতে ইচ্ছা করেন, অর্থাৎ বাদী শ্রুতিত্ব "লোক" শব্দের কর্মফল অর্থ না করিয়া পরমাত্মারপ লোক অর্থ করেন, ইহা অসমত। কারণ—অবিভার প্রকরণে যাগাদি কর্ম্মে অধিকারের জন্ম ত্রাহ্মণাদি বর্ণের বিভাগ প্রস্তাবিত হইয়াছে। অথচ বাদীর তাৎপর্য্যে ঐ লোককে ঐ কন্ম দারা প্রাপ্য পরমাত্মলোকরূপে বর্ণনা করা অতীব অতায়। বিশেষতঃ পরবাক্যে "সলোকমদৃষ্টে,তি" এই বিশেষণ থাকাতেও এরপ বর্ণনা হইতেই পারে না। কারণ- যদি ও স্থলে লোকশব্দে পরমাত্মা অভিহিত হয়, "তবে স্বধোক না দেখিয়া (পরমাত্মাকে না জানিয়া)" ইত্যাদি পরবর্তিবাক্যে লোক শব্দের বিশেষণ্রপে স্বশব্দের নির্দেশ করা तार्थ हम । जारुनिया **परे—श्रनाया**त व्यर्थहे श्रवमात्रा, कावल-श्रव ७ श्रवमात्राजा এই উভয়ের ব্যক্তিচার কুত্রাপি দৃষ্ট হয় না, তবেই লোককে আর পর বা পরম বলিয়া বিশেষিত করিবার আবশ্রকতা কি ? কিন্তু যদি স্বলোক (পরমান্তা)-ভিন্ন প্রার্থনীয় ও অগ্নির আরাধনায় প্রাণ্য কোন লোক থাকিত, তবে 'ব' **परे वित्नुवर्गि के श्रद्रशाद्य वाव्यक्तिकात्रक वित्रा मार्थक इहेछ।** যেহেতু, পরমাম্মাতিরিক কোন বন্ধ বাস্তবদং না থাকার সমস্তই স্বলোকের

অন্তর্মত্রী, ইহার ব্যভিচার নাই। কিন্তু অবিম্যাক্তত লোক যদি লোক-শক্ষের অর্থ বলা যায়, তাহা হইলে তাহাতে স্বত্বের ব্যভিচার হেতু, 'স্ব' এই বিশেষণ দার্থক হইতে পারে। অতঃপর ক্ষীয়ত এন" এই ঝকাশেষ দারা अंछि कर्माकुछ करनत गुण्डिनात्रहे अंखिलामन कतिरवन। अक्तरण आनका हरेराजरह যে, যদি ব্ৰহ্মকৰ্ত্তক ব্ৰাহ্মণাদি বৰ্ণচত্ত্বয় কন্মানুষ্ঠানের জন্ম স্ফু হইয়া থাকে এবং সেই ধর্মনামক কর্ম কর্ম্বব্যবিষয়ে সকল ব্যক্তিকে নির্মন্ত্রিত করে ও পুরুষার্থের সাধন হয়, তাহা হইলে সেই কর্ম দারা প্রমান্তার্রপ লোক জ্ঞাত না হইয়াও প্রাপ্ত হওয়া উচিত, তবে কি জ্বত প্রমায়া জ্ঞেরত্বরূপে নিষ্ধারিত হইবে, এই আশকার নির্তির জন্ম শুডিতে 'অণ' শব্দ নির্দিষ্ট হুইয়াছে। যদি কোন পুরুষ অবিষ্ঠা, কামনা ও কর্মজনিত শ্রীরধারণরপ সাংসারিক লোক হইতে প্রস্থান করে, অর্থাৎ অগ্নিসাধ্যকর্মের অভিমানে বা কেবল ব্রাহ্মণজাতিসাধ্য কর্মের অভিমানিতাপ্রযুক্ত অবাস্তব অব্রহ্মরূপ এই লোক হইতে প্রমান্ত্রা-নামক লোক—ঘাহা আত্মরূপে সকলের অব্যভিচারী, তাহা না দেখিয়া অর্থাৎ 'আমি ব্রন্ধ' এই প্রকারে না জানিয়া লোকান্তর প্রাপ্ত হয়, তাহা হইলে সেই পরমাত্মারপ স্বলোক, অবিভার ব্যবধানে অজ্ঞাত হওয়াতে তাহাকে পালন করে না। এ হলে দৃষ্টান্ত এই— যেমন দশ জন লোক কোন এক নদী পার হইলেও তাহার মধ্যে যদি কোন ব্যক্তি আপনাকে বিশ্বতিবশে পরিত্যাগ করত অপর নুয় জনকে গণনা করিয়া, দশম ব্যক্তির অদর্শনে অভ্যেস্ত ছ:খিত হইয়া থাকে; অর্থাৎ নিজেই দশম সংখ্যার পুরণ, ইহা না জানিয়া শোক মোহাদি হুংথে নিপতিত হয়, তবে তাহার আরা ঐ ভ্রম দূর করিয়া, ভাহাকে পালন করিতে পারে না। কিয়া যে প্রকার পৃথিবীতে অনধীত বেদ যাগাদি কর্ম্মের উপদেশ দারা পুরুষকে প্রতিপালন করে না, অপ্নবা যে প্রকার গৌকিক রুম্মাদি কর্ম অনুষ্ঠিত না হইলে, তাহা नक्षानि कन दात्रा क्रवकरक शालन करत ना, धरे श्रकांत अत्रमाञ्चाक्रशी निक्रामांक निजा आश्वर्ता थकामिल ना इरेबा, अविश्वानिवृत्ति बाता मःनाती कीवरक माध्याविक ल्याक-सारामिकनिए कहे रहेए तका करत ना। व विषय বাদী আশহা করেন বে, জ্ঞানীর পক্ষে যথন প্রমান্তারপী স্বলোক দর্শনাধীন, তথন আত্মকার আবশুকতা কি ? অর্থাৎ বধন অনুষ্ঠিত কর্মের ফল অবশুস্তাবী এবং षाजीहे क्लगायक कर्षा अनस्र, उथन मिरे प्रसृष्टिक कर्षारे स्नीरवर्त तकक हरेरव ব্রহ্মজানের প্রয়োজনীয়তা কোথায় ? প্রতিই এই আশস্ত্রার উত্তরে বলিতেছেন

যে হেতু, কৃতকর্মের ক্ষয় অনিবার্য্য তাহা চিরস্থায়ী হয় না, অতএব অক্ষয় ফলের জ্ঞাই পরমাত্মার জ্ঞান অপেক্ষিত। যদি এই সংসারে যথোক্ত নির্মে পরমাত্মার স্বরূপ-অনভিজ্ঞ কোন মহাত্মা অত্যাশ্চর্য্যময় বহু অপ্নেধাদি যজ্ঞস্বরূপ ইষ্টফলসাধক পুণাকর্মা, নিরস্তর আচরণ করে এবং ইহা মনে করে যে, এই কর্মামুষ্ঠান ধারাই আমার অনস্ত ফল হইবে, তবে দেই অবিছাভিভূত ব্যক্তির (महे कर्च व्यविमाधीन कामना इहेट उ সম্পদের ক্রাম ফলভোগের অস্তে ক্ষম প্রাপ্ত হইমা যায়, এ বিষয়ে কোনও সন্দেহ নাই। কারণ, ঐ কর্মের নিমিত্ত-অবিদ্যা ও কামনা, উভয়ই অস্থায়ী; স্নতরাং তজ্জনিত কর্মফলেরও নিম্নত ক্ষম হইবে, ইহা যুক্তি থারাই স্থিরীক্বত হইতেছে। অতএব পুণাকর্ম্মের ফল ধারা জীবের অবশুম্ভাবিতা আশা করা বুথা। এই কারণেই আত্মারূপ স্বলোকের উপাসনা কর্ত্তব্য। এই শ্রুতিতে স্বশক্ষের প্রয়োগ না থাকিলেও পূর্কে বলোকের প্রস্তার থাকায় এ স্থলে বলোক অর্থে আত্মাশন্দ প্রবৃক্ত হইয়াছে জানিবে। যে ব্যক্তি আত্মান্ত্রপ লোকের উপাসনা করে, তাহার কি ফল গ শতি তাহা নির্দেশ করিতেছেন-তাহার কর্ম কয় প্রাপ্ত হয় না, তাহার কর্ম অলীক বলিয়াই ক্ষম সম্ভব হয় না, ইহা সিদ্ধ কথার উল্লেখ করা হইল মাতা। যে প্রকার অবন্ধবিৎ ব্যক্তির কর্মকন্ম বশতঃ সাংসারিক ত্রুথ সর্বাদাই হইন্না থাকে, আত্মজ্ঞ ব্যক্তির সেই প্রকার হয় না; ইহাই শ্রুতির তাৎপর্যার্থ। যেমন মিধিলা দগ্ধ হইলে আমার কিছুই দগ্ধ হয় না, এইরূপ উক্তি আছে, সেই প্রকার অবি-ছানের কর্মকর হুইলেও বিহানের কিছুই ক্ষতি আদে যার না।

"সামারূপ লোকের উপাদক বিশ্বান ব্যক্তির অবিদ্যাসম্বন্ধনিত কর্মের ক্ষম অলীক"। এইরূপ শ্রুতির অর্থ কেহ বর্ণনা করেন, তাঁছার মতে লোক শব্দের অর্থ হই প্রকার, উভয়ই কর্মান্তিত। তাহার মধ্যে একটি ব্যক্তাব্স্থাপন্ন হিরণাগর্ভ নামক কর্মের আশ্রম। অপর-প্রসিদ্ধভোগা স্থান। যে ব্যক্তি সেই পরিচ্ছিন্ন হিরণাগর্ভনামক লোকের উপাসনা করে, সেই পরিচ্ছিন্ন কর্ম্বরূপ-আত্ম-দশীর কর্ম কয়প্রাপ্ত হয়। আর যিনি সেই লোককে অব্যাকৃত অবস্থাপন্ন অর্থাৎ জগংকারণরণে অবগত হুইয়া উপাদনা করেন, দেই অপরিচ্ছিন্ন কর্মরূপ-আত্মদশীর কর্ম উৎপন্ন হর না। কেন না, তাঁহার উপাস্ত কর্মান্তা অপরিচ্ছিন্ন ব্রহ্মসূত্রণ। সিদ্ধান্তী কহিল, হাঁ, এইরূপ করনা দাধ্বী বটে, প্রস্ত উহা আতি দারা প্রতিপাদিত इम नारे। अखिरक बहुनावनरम अखातिक शतमाबारे कथिक रहेमारह।

বিশেষতঃ শুতিতে 'শ্বলোক' এইরূপ উপক্রম করিয়া পরবাক্যে স্থাস্ পরিত্যাগ করত আত্মশক্ষের নির্দেশ, ঘারা পুনশ্চ সেই লোকের প্রতি-নির্দেশ হেতু "আত্মা ভাবিয়া লোকের উপাসনা করিবে," এই অর্থই প্রতীয়মান হইতেছে; স্তরাং ইহার মধ্যে কর্মসমবায়ী লোকরণ্ লোকশব্দের অর্থ-কল্পনা করার প্রসক্তিই নাই। পরবাক্যে কেবল বিভার বিশেষণ করা হেতৃও *क्षांकनेक श्रे*त्रमाञ्चात वाहक विनिन्ना निन्छि इहेरल्ट अर्थाए "आमार्मित स् এই আত্মা, ইহাই লোক," এই বাক্য ধারা পুত্র, কর্ম ও অপরা বিষ্ঠাঞ্চনিত লোক হইতে বিজ্ঞার বৈশিষ্ট্য করা হইয়াছে। আবার "এই আত্মা আমাদের লোক" "এই আত্মন্ত পুরুষের লোঁক কোন কর্ম বারা পরিমিত হয় না।" "এই আত্মক্তের ইহাই পরমলোক" এইরূপ বিশিষ্টভাবে বোধক বাকা সকলের সহিত একবাক্যতা করিয়া এই শ্রুতিতেও লোকশব্দের প্রমাত্মা অর্থ করাই ৰুক্তিৰুক্ত মনে হয়। এই শ্রুতিতেও "বলোক" এইরূপ বিশেষণ দৃষ্ট হইতেছে। বাদী কহিল, শদি এই শ্রুতিতে স্বলোক দর্শন-অর্থে পর্মাত্মার উপাসনা অভিহিত হইয়া থাকে, তাহা হইলে তাঁহার উপাদনা দারা প্রমাত্মস্বরূপতাফলই প্রতিপাদিত হইত, কখনই 'যে যে কামনা করে, তাহাই এই আত্মা হইতে প্রাপ্ত হয়', এই প্রকার আত্মপ্রাপ্তি ভিন্ন অন্য ফলের কীর্ত্তন করা ঞ্জির সঙ্গত হইত না। অতএব স্বলোকের অর্থ প্রমান্ধা, শ্রুতির অভিপ্রেত নছে। সিদ্ধান্তী কহিল, প্রমাত্মান্তরূপ লোকের উশাসনার প্রশংসার জন্তই ইহা কথিত হইরাছে। ইহার ভাব এই মে,—উক্ত স্বলোক হইতে সফল অভিনষিত ফল সম্পন্ন হয়। আমোপাসনা ছারা পূর্ণকাম হওয়ায় জীবের আর কোনও প্রার্থনীয় ফল পাকে না। জাত্মা হইতে প্রাণ, আত্মা হইতে দিক্ ইত্যাদি শ্রুতিতেও আত্মা হইতেই সকল ফললাভ উক্ত হইরাছে। অথবা পুর্বেয়ে প্রকার ব্রশ্বের সর্বব্দ্রপতা ক্রণিত হইরাছে, সেই প্রকার এই শ্রুতিতেও স্বলোকের সর্ব্বমন্থতা প্রদর্শন করিবার জন্মই স্বর্গলোক-উপাসকের সকল কাম্যুফল লাভ বলা হইল। যদি "এই সলোকোপাসনা ছারা জীব প্রমাত্মার্রপে পরিণত হয়," এইরপ অর্থ করা যায়, তাহা হইলেই "অক্ষাদ্ধ্যেবাত্মনঃ" এই স্থলে আত্মশব্দের প্রয়োগ এবং স্বলোক শব্দের প্রায়োবিত আত্মারূপ লোক এই প্রকার অর্থ সঙ্গত হয়, কিন্তু ভোমার কথিত লোকশব্দের অব্যাক্কতাবস্থাপন্ন কর্মসমবারি-লোক, এই প্রকার অর্থ অভিমত হইলে, শুভিতেও এক্লপ বিশেষণ নির্দিষ্ট পাকিত, কারণ, তাহা বারা প্রমান্ত্রপ লোক এবং হিরণ্যগর্ভমন্নপ ব্যাক্ষতাবস্থা, এই উভয়েরই ব্যাবৃত্তি হইত। বাস্তবিক তাহা নহে, পরমাত্মাই প্রস্তাবিত এবং লোক শব্দ ঘারাও তিনিই বিশেষিত হইয়াছেন, অতএব শ্রন্তিতে অত্তক সেই অব্যাক্ত মধ্যবর্ত্তী অবস্থাবিশেম, লোক শব্দের অর্থ বিশিয়া স্বীকার করা বাইতে পারে না ॥ ১৫॥

অথো অয়ং বা আত্মা সর্বেষাং ভূতানাং লোকঃ স যজ্জুহোতি যদ্ যজতে তেন দেবানাং লোকোহথ যদস্ক্রতে তেন
ধাষীণামথ যথ পিতৃভাো, নিপৃণাতি যথ প্রজামিচছতে তেন
পিতৃণামথ যদ্মসুষ্যাস্থাস্থাতে 'যদেভ্যোহশনং দদাতি তেন
মন্ত্র্যাণামথ যথ পশুভ্যস্ত্র্ণোদকং বিন্দৃতি তেন পশুনাং যদস্থ
গৃহেষু শ্বাপদা বয়াভ্স্থাপিশীলিকাভ্য উপজীবন্তি তেন তেষাং
লোকো যথাহ বৈ স্বায় লোকায়ারিষ্টিমিচ্ছেদেবণ্ড হৈবংবিদে
সর্বাণি ভূতান্থরিষ্টিমিচ্ছন্তি তদ্বা এতদ্বিদিতং মীমাণ্ডসিতম্॥ ১৬॥

পুর্বেব বলা হইরাছে যে, রান্ধণাদি বর্ণ ও প্রন্ধচর্য্যাদি আশ্রমের অভিমানী অবিধান্ পুরুষ ধর্ম ধর্মা নিয়য়িত হইরা দেবাদিসম্বন্ধী কর্মের কর্ত্তব্যতা হেতৃ পশুর প্রায় পরাধীন হয় । এক্ষণে জিজ্ঞান্ত হইতেছে, সেই কর্ম্ম সমুদর কি । বাহার অমুষ্ঠানের জন্ত পুরুষ পশুর তাম পরাধীন হয়। সেই দেব প্রভৃতিই বা কাহারা ? যাহাদের কার্য্য ধারা জীব গ্রাদি পশুর তাম উপকারসাধন করে। এই প্রকরণে সেই ছইটি জিজ্ঞান্ত বিশ্বতরূপে মীমাংসিত হইতেছে। অপো এই শন্ধটি অন্ত বাক্য আরম্ভের হচকু। শুভিস্থ আত্মা শব্দে প্রস্তাবিত কর্মাধিকারী আবিধান্ ও শরীর-ইন্দ্রিমাদিসমূহকুক গৃহাশ্রমী জীব অর্থ অভিপ্রেত। এ আত্মা দেবতা হইতে পিপীলিকা পর্যান্ত প্রাণিসকলের লোক অর্থাৎ ভোগা। যেহেতৃ, অবিধান্ জীবমাত্রেই বর্ণ ও আপ্রমবিহিত কর্ম্ম ধারা অন্ত আত্মার উপকার করে। এক্ষণে কোন কর্ম্মবিশেষ ধারা উপকার করত কোন্ প্রাণিবিশেষের লোক বিদিয়া অভিহিত হয়, তাহাই বলিতেছেন। সেই গৃহস্থ যে হোম ও বাগ করে, (দেবতার উদ্দেশ্রে স্বীয় বস্তুর ত্যাগ বাগ নামে ও অগ্নাদিতে প্রকেপ-সংকৃত স্বীয় বস্তুর ত্যাগ হোম) সেই হোম ও বাগরুপ কর্ম্ম ধারা

অবশুকর্ত্তব্যতাপ্রযুক্ত দেবসম্বন্ধে পশুর স্থায় পরাধীন হয়, এই জন্ম দেবলোক নামে ক্ষণিত হয়। এইরূপে গৃহী প্রতিদিন যে বেদাধ্যয়ন করে, তাহা দারা শবিলোক, পিণ্ডদান ও তর্পণ থারা যে পিতৃদিগকে প্রীত করে, দেই ছেতু ও সস্তান উৎপাদনের জন্ম যে উদ্ভম করে, সেই জন্মও পিত্রলোক সংজ্ঞা প্রাপ্ত হয়। (এশতিতে যে প্রজালাভের ইচ্ছার উক্তি আছে, উহা উৎপাদনেরও বোধক)। দেই অবশ্রকর্ত্র , কর্ম ছারা পিতৃদিগের ভোগাত্বপ্রযুক্ত জাবের আত্মা পরাধীন হয়, এই হেতু তাহাদের লোক বলিয়া কীর্ত্তিত হয়। গৃহী বাসস্থান ও উদকাদি দান ধারা যে নিরাশ্রয় মহুয়াদিগকে নিজ গৃহে বাদ করাইয়া তথ্য করে চিম্বা দেই দক্ল স্বগৃহে অবস্থিত অতিথি বা আশ্রিত ব্যক্তিকে যে ভোজন করাইয়া থাকে, ভাহা দারা ঐ আত্মা মহয়লোকরপে শাস্ত্রে উক্ত হয়। এইরূপ পশুদিগকে বে তুণ ও জন প্রদান করে, তাহা ছারা পশুলোক, স্থাপদ (কুৰু,রাদি) পক্ষী ও পিপীলিকা পর্য্যন্ত যে অন্নকণা, বলি ও পাকভাণ্ডাদি প্রকালনের জল ধারা প্রতিপালিত হয়, তাহা ধারা তাহাদিগেরও লোক নামে অভিহিত হয়। বেহেত, এই গৃহী এই পুৰোক্ত কৰ্ম সকল করত দেবতা প্রভৃতির উপকার করে, এই জন্ম তাহার ভোগ্যাম বশতঃ দেবলোক প্রভৃতি সংজ্ঞা দার্থক। যে প্রকার এই সংসারে প্রাণিমাত্রই নিজ শরীরের অবিনাশ (সভাব হইতে অচ্যতি) ইচ্ছা করিয়া পাকে এবং নিজ স্বভাব হইতে চাত হইবার ভয়ে পোষণ, রক্ষণ প্রভৃতি ক্রিয়া ধারা সকল আপৎ হইতে নিঞ্চেকে পরিপালন করে, এই প্রকার এবংবিং অর্থাৎ "আমি সর্বভূতের ভোগা, আমি এই প্রকারে ঋণীর জায় অবশ্রুই দেবতা প্রভৃতির ঋণের প্রতীকার করিব," এই প্রকারে আত্মাকে দেবতা প্রভৃতির অধীন বলিয়া থে কলনা করে, পূর্ব্বাক্ত দেবতা প্রভৃতি সকলই তাহার মত হইতে প্রচাতি নিবারণ কামনা করেন। বেমন গৃহস্থ গৃহপালিত পঙ্দিগকে বুফুা করিয়া থাকে, **मिर्देश** जोशांक मर्सकृष्ठ बहेट त्रको करता मारे रहतू वेनी बहेसाह, हेहा উহাদিগের প্রিয়কার্যা নহে। কারণ, ইহাতে গুরপনেয় বন্ধন বর্ত্তমান। এই যথোক্ত কর্মসকল ঋণপরিশোধের স্তাম অবশ্র কর্ত্তব্য। ইহা পক মহান্ত্রপ্রকরণে কর্ত্তবারূপে নির্দ্ধারিত এবং অখদান প্রকরণে বিচারিত হইয়াছে॥ ১৬॥

আবৈগবেদমগ্ৰ আদীদেক এব দোহকাময়ত জায়া মে न्यानथ প্রজামেয়াথ বিত্তং দৈ স্থানথ কর্মা কুরবীয়েত্যেতাবান্

বৈ কামো নেছণ্ডশ্চ নাতো ভূয়ো বিন্দেভশ্মাদপ্যেতহে কাকী কাময়তে জায়া মে স্থাদথ প্ৰজায়েয়াথ বিত্তং মে স্থাদথ কৰ্ম কুৰ্বীয়েতি স যাবদপ্যেতেমামেকৈকং ন প্ৰাপ্নোত্যক্ত্বস্থ এব তাবন্মহাতে তন্তো কৃত্বতা মন এবাস্থাজা বাগ জায়।

প্রাণঃ প্রজা চক্ষুমানুষং বিতং চক্ষুমা হি তদিনতে প্রোত্তং দৈবত প্রোত্তেণ হি তচ্ছ ণোড্যাইল্ববাস্থা কর্মাল্যনা হি কর্মা করোতি স এব পাঙ্কো মজঃ পাঙ্কঃ পশুং পাঙ্কঃ পুরুষঃ পাঙ্কমিদত সক্ষং যদিদং কিঞ্চ তদিদত সক্ষমায়োতি য এবং বেদ ॥ ১৭ ॥

ইতি প্রথমাধ্যায়স্থ চতুর্থ-ব্রাহ্মণম্॥ ৪॥

আপত্তি হইতে পারে— বদি ব্রশ্বজ্ঞ পুরুষ কর্ত্তব্যতা-বন্ধন-রূপ পঙ্ভাব হইতে মুক্তিলাভ করে, তবে কাহার প্রেরণায় পরাধীনের স্থায় কর্মবন্ধনের অধিকারে পতিত হয় গ এবং কশাবন্ধন হইতে মুক্ত হইবার উপায় এন্ধবিষয়ক প্রবণাদিরপ বিদ্যাধিকারে প্রবৃত্ত হয় না 💡 যদি বল, দেবতারাই তাহাদের প্রেরক ইহা পুরের বলা হইয়াছে, "তাঁহারাই রক্ষা করেন।", তাহাও সত্য, দেবতা প্রভৃতি নিজ নিজ কর্মাধিকারে প্রবৃত্ত পুরুষকেই রক্ষা করেন, অর্থাৎ মোক্ষোপায়ে প্রবৃত্ত হইতে দেন না; কিন্তু তাঁহারা সাধারণ পুরুষকে রক্ষা করেন না অর্থাৎ স্বস্ত্রজাতাচিত বিশেষ বিশেষ অধিকারে অপ্রবৃত্ত পুসুষকে রক্ষা করেন না। যদি তাহা হইত, তাহা হইলে অক্কতাভ্যাগম (যে কর্ম করা হয় নাই, তাহার ফর্লাভ), ক্কুতনাশ (কৃতকর্ম্মের ফল না পাওয়া) দোষ হইরা উঠিত। ইহার ভাব এই নে, ব্রশ্বজ্ঞ যদি কর্মবন্ধনে দেবতা কর্ত্তক নিয়ে।জিত হ'ন, তবে বন্ধবিদ্ধার মোক্ষরূপ ফল না পাওয়ায় কুতনাশ দোষ এবং তৰজ্ঞান দারা সমস্ত কার্য্যের পূর্বের বিনাশ হইলেও এইক্ষণে পুনর্বার কর্মবন্ধনে প্রবৃত্তিরূপ ফল ফলিলে, অক্তাভ্যাগম লোষের প্রসন্তি হয়। পুরুষের প্রবৃত্তি বিষয়ে কর্মরূপ কারণের অপেকা সীরুত হইয়া থাকে। এই স্থলে কর্ম্মের অভাবেও প্রুষের প্রবৃত্তি স্বীকার করিলে, অঞ্চতাভ্যাগম দোষ ঘটে; অতথ্য এমন কোন কারণ বিশেষ স্বীকার করিতেই হইবে—বাহা দারা প্রেরিত হইয়া পুরুষ পরাধীনের ভাষ খলোক (রক্ষাত্মলোক) হইতে বহিমু থ হইয়া

কর্মবন্ধনে প্রবৃত্ত হইয়া থাকে। তবে অবিদ্যাকে কারণ বলিতে পার, কেন না. জীব অবিদ্যাবশেই বহিন্দ্ থী প্রবৃত্তির অধীন হয়, কিছু তাহাও সম্ভব কি প যেহেতু, সেই অবিদ্বাও সাক্ষাৎসম্বন্ধে প্রযুদ্ধির কারণ হয় না; তাহার কারণ, অবিষ্ঠা বস্তুর স্বরূপকে আবরণ করিয়া থাকে মাত্র, কিন্তু যে প্রকার গর্তাদিতে পতনের প্রতি অন্ধত্ব হেতু হইয়া থাকে, সেই প্রকার অবিছাও ব্রহ্মস্বরূপ আবরণ করিয়া ক্রিয়াকারকাদি হৈতবিজ্ঞান উৎপাদন করত পরম্পরায় প্রবৃত্তির হেতু হইতে পারে। তবৈই বল, সাক্ষাং প্রবৃত্তির হেতু কি ? এই আশঙ্কার উদ্ধরে শ্রুতি বলিতেছেন-এমণাই (কামনা) তাহার প্রবর্তক। স্বাভাবিকী অবিভার বশবর্ত্তী হইয়া মৃত্যণই প্রবৃত্ত হয়, ইহা "বহিন্মু থী, প্রবৃত্তিশালী ব্যক্তি সকল কামের অনুগামী হয়" এই কাঠক শ্রুতিতে এবং "কাম এয়" ইত্যাদি গীতাশ্বতিতে উক্ত হইয়াছে। মনুসংহিতাতেও ''সমস্ত প্রবৃত্তিই কাম হইতে উৎপন্ন" বলিনা क्षिত इरेब्राष्ट्र, এर कथा ५३ व्यथारवृत त्यव भर्यास मनिष्ठारत व्यक्टिंट रहेरन । युडावंडः व्यविष्ठांश्रेष्ठ, त्रार्शिक्षप्रमाष्टिक्रेशी ও बाक्षणानि .वर्गाडिमानी अहे আত্মা জায়া গ্রহণের পূর্বে একাকীই ছিল, শ্রুতিতে আত্মণকে আত্মাই উক্ত হইয়াছে; অতএব তখন আত্মা বলিতে আত্মার অভিনৰণীয় পৃথক বস্তুর অভিমানে জায়া-পূক্রাদির সহিত পৃথগ্ভূত স্বরূপে ছিল না, ইহাই প্রতিপন্ন হইল অর্থাৎ যে স্বাভাবক অবিদ্যাবশে নির্নিপ্ত আত্মান্ন কর্তৃত করণহাদি কারক, ক্রিয়া ও ক্রিয়াফল আরোপিত, যে অবিদ্যা বাসনা হইতে জায়াদি কামনা জন্মে; সেই বাসনাবাসিত অন্তঃকরণে তথন আত্মা কেবল অবিভাবিশিষ্ট হইয়। একাকীই ছিল, জায়া-পুলাদি তৎকালে কেহই ছিল না, সেই বাসনাই মাত্র আত্মার অনুগামিনী হইয়া ছিল। পরে সেই বাসনাবশে আত্মা কামনা করে বে, ''আমি শাস্ত্রবিহিত কর্ণে অধিকারী স্নতর্গাং আমার ঐ কন্মে ष्यिकात-मन्नामनी कांचा कि अकारत इट्टेंच, ख्राह्यु मुद्दे कांग्रा वाकिरत्रक আমি কর্ম্মে অন্ধিকারী, অতএব কর্মাধিকার সম্পাদনের জন্ম আমার জায়া হউক, তৎপরে আমি সম্ভতি-রূপে তাহাতে উৎপন্ন হইব। আমার কর্মসাধনের উপায়—গো প্রভৃতি ধন হউক, তাহা হইলে আমি অভ্যুদয় ও মোক্ষেম সাধন কর্ম করিতে পারিব, যাহা দারা আমি সমস্ত দেব-পিত-মুখ্যাদির নিকট अन्ती हरेब्रा अन्छ लाक आश हरेव ववः शूक, धन ७ वर्गानि कृत्वत्र माधन कामा कर्ष क्रिन, धरे भग्रेख आभात कात्रा, हेरात अधिक कामा विवत नारे।" वाखविक कामनारे गाधनयक्रप, जात जाता, शूख, धन ও कर्म, रेहारे कामनात दिस्तः

मनुषालाक, शिकृत्नांक ও দেবলোক এই লোকত্রয়, ঐ সাধনৈষণার ফলভুত। धरे फलनिष्कित क्रजरे कावा. शृत, धन ७ कर्णयकाथ नाधरेनवना **छे०शन रुरेवा** शास्ति । সেই হেতু ঐ উভয় এষণা একই ; কারণ, যে লোকৈষণা, উছাই সাধনসাপেক হইয়া कनाथान, এই জন্ম লোকৈষণা ও माधनिष्या এই छूटे প্রকার এষণাই এ স্থলে কথিত হইরাছে। এই জন্ত পরে অবধারিত হইবে যে, এই হুইটিমাত্র এবণা জীব সমস্ত কাৰ্যোৱই ফলপ্ৰাপ্তির উদ্দেশে করে, এই জন্ম লোকৈষণা স্বভন্নভাবে উক্ত না ब्रेट्लंख व्यथातीन नेका १हेन, सारक्ष्र हेश वृत्ताहैवात अग्रहे व्यवधारण कता ब्रेट्साएह। কামনার ইহাই দীমা; যেমন ভোজনু করিয়াছে বলিলে, "তৃপ্ত হইয়াছে," ইহা আর পুথক বলিতে হয় না; কারণ, তৃথির জন্তই ভোজন করা হইয়া পাকে, দেইরূপ কার্য্য ও কারণরপ এষণাত্ম এক কামশব্দের উল্লেখ ছারাই প্রাপ্ত হওয়া বায়। শাহার প্রবর্তনার বশবতী হইয়া. অবিহান পুরুষ কোশকারের (মাকড্শা) গু!য় আত্মাকে বেষ্টিত করে, অর্থাৎ কর্মমার্গে আত্মাকে নিয়োজিত করত বহিমুগ হইয়া স্বর্লোক পরিজ্ঞাত হয় না। ইহা তৈত্তিরীয়ক শ্রুতিতে ক্ষিত হইয়াছে, ''বুমাকুলিতনেত্র ব্যক্তি অন্ত বস্তুতে অগ্নির ভ্রমে প্রকৃত অগ্নিতে আছতি দানের অভাবে স্বলোক যাইতে পারে না।" এফুণে আশক্ষা হইতে পারে যে, অনন্ত কাম্যবিষয় থাকিতে এই কয়টি মাত্র কাম্যবিষয় কথিত হইল কেন গ ভত্তবে শ্রুতি কহিতেছেন—যেহেতু, ইচ্ছা না করিলেও, এই ফল ও সাধন-ব্যতিরিক্ত অধিকতর ফুল প্রাপ্ত হয় না অর্থাৎ এই জগতে ফুল ও সাধন ব্যতিবিক্ত দৃষ্ট বা অদৃষ্ট কোন প্রাপ্তব্য বিষয় নাই— যাহার কামনা হইতে পারে। যেহেতু, যাহা প্রাপ্তব্য বিষয়, তাহাতেই কামনা হয়, এই জন্ম বলা হইয়াছে, ইহাই কামনার অবধি। অভিপ্রায় এই—এই জগতে বাহা কিছু ঐহিক কি পারত্রিক কামা বিষয় আছে, সমুদায়ই সাধা কি সাধনের অন্তর্গত এবং অবিস্থাচ্ছয় জীবের অধিকারভুক্ত, এই জন্ম এই ছুই काমনা হইতে বিশ্বান ব্যক্তি ব্লিমুক্ত হইতে চেষ্টা করিবেন। বৈহেতু, এই প্রকারে অবিধান্ আত্মাই পূর্বের কামী হইয়া কামনা করিয়াছিল, এইরূপ তাহার পূর্ববিত্তী আত্মাও কামনা করিয়াছে। ইহা লৌকিক নিয়ম, প্রজাপতির এই সৃষ্টিও ঐ প্রকারে হইয়াছিল। জনা দেই প্রজাপতি অবিদ্বা হইতে ভীত হইয়াছিলেন। তৎপরে একাকী অবস্থায় রমণের অসম্ভাবনা হেতু অরতি বিনাশের জন্য স্ত্রী কামনা করিয়া-ছিলেন এবং সেই স্ত্রীতে যে উপগত হইয়াছিলেন, তাহা হইতে এই জগতের স্থষ্টি ইহা পূৰ্বে কথিত হইয়াছে। শ্ৰুতি বলিয়াছেন, "প্ৰজাপতি

জগৎ সৃষ্টি করিয়া বিবেচনা করিয়াছিলেন।" সেই জন্য বর্তমান সময়েও বিবাহক্রিয়ার পূর্বে জীব একাকী অবস্থায় কামনা করিয়া থাকে, "আমার জায়া হউক, আমি দেই জায়াতে পুত্ররূপে জন্মগ্রহণ করিব: আমূার ধন হউক. তাহা থারা কর্ম করিব।" ইহার তাৎপর্য্য পূর্ব্বে কথিত হইম্বাছে। সে এই প্রকার কামনাবশে জায়া প্রস্তৃতি সমস্ত কামা পদার্থের সিদ্ধি লাভ করত আত্মাকে সম্পূর্ণ বলিয়া মনে করে, কিছু যে পর্যান্ত ইহার এফ একটি অপ্রাপ্ত থাকে. ভাৰৎপৰ্য্যন্ত আত্মাকে অসম্পূৰ্ণৰূপে বিবেচনা করে, পরিশেষে ধংকালে এই সমস্তের সম্পূর্ণতা হয়, সেই সময়েই তাহার পূর্ণতা আসে। আর যে সময়ে পূর্ণতা সম্পাদন করিতে সমর্থ না হয় সেই সময়ে তাহার অসম্পূর্ণতা। তংকালে ভাহার ক্লংমন্ব (পূর্ণন্ব) সম্পাদনের জন্য শ্রুতি কহিতেছেন, সেই অসম্পূর্ণতাভি-भानी शुक्ररवत धरे अकारत शूर्वे हम । कि अकारत ? जारा प्रधान स्टेरज्य প্রথমতঃ এই কার্য্যকারণসমূহ হইতে আত্মাকে পূথক করা হউক। সকল ইন্দিয় এবং শরীর মনের অনুগামী, এ জন্য মনই প্রধান, এই প্রাধান্যবশতঃ মনকে আঝার দদৃশ বলিয়া. আঝা নামে অভিহিত করা হয়; যে প্রকার ভাগা, পুত্র প্রভৃতির মধ্যে গৃহস্বামী আত্মারণে ব্যবস্ত হইয়া পাকে, যেহেত জালা ও পুত্রাদি তাহারই অনুগামী হয়, এই প্রকার-এই স্থলেও পূর্তাসম্পাদনের নিমিত মন আত্মারূপে পরিকল্পিত হইয়াছে। এইরূপ বাক্ও জান্বারূপে কয়িত হইরাছে। যে প্রকার জায়া গৃহপতির অন্নসরণ করে, দেই প্রকার বাক্যও মনের অনুসরণ করিয়া থাকে। অনুসরণকারিত্বরণ সাধর্মাবশতঃ বাক্কে জায়া বলা হইল। এই স্থলে বাক্শব বৈদিক-প্রবর্ত্তক বাকাশ্বরূপ, মন শ্রবণাদি সাহায়ে উহাকে ধারণা করে ও তত্পদিষ্ট অনুষ্ঠান দারা তাহার সন্ধান রক্ষা করে, এই জন্ম বাক্কে মনের জারা অর্থাৎ জারাসদৃশ तमा इहेग।

দেই জায়াপতিস্থানীয় বাক্ ও মন হইতে কণ্মায়্টানার্থ প্রাণ সন্ততির
নাম উৎপর হয়। প্রাণের চেষ্টা প্রভৃতি কর্ম, চক্ষ্রপ প্রভাক্ষ বিত্ত ধারা
নিম্পাদনীয় বলিয়া, চক্ষ্ই মায়্ম-বিত্ত নামে কথিত আছে। বিত্ত হুই প্রকার;—
মায়্ম ও ময়ায়্ম। অমায়্ম-বিত্তের ব্যাহৃতির জন্ম 'মায়্ম' বিশেষণ ধারা
বিত্তকে বিশেষিত করা হইল। ময়্মাসম্মী গো প্রভৃতি বিত্ত কৈন্দের সাধন ও
চক্ষ্ ধারাই জেয়, এই জনা চক্ষ্ বিত্তস্থানীয় অর্থাৎ ঐ বিত্তের সহিত
চক্ষ্ম সংক্ষ থাকা প্রায়ুক্ত চক্ষ্ই মায়্ম-বিত্ত বলিয়া উক্ত হইয়াছে। বেহেত্ব,

গবাদিরপ মাতুষ-বিভ চক্ষুদ্বিষ্ট উপলব্ধ হয়, এই জনা চকু মাতুষ-বিভ। অতঃপর অমামুয-বিত্ত কি, এই জিজ্ঞাদার বলা হইতেছে, শ্রোত্রই দৈববিত্ত; কারণ, শ্রোত্তজন। বিজ্ঞান দৈববিষয়ক। বিজ্ঞান দেবসম্বন্ধী বিত্ত। ইহলোকে শ্রোত্রই সেই¹সম্পত্তির বিষয়। কি হেতু ^{দু} তাহা শ্রুতি বলিতেছেম— যেহেতু, বিজ্ঞানস্বরূপ দৈববিত্ত শ্রোত্র ছারাই শ্রুত হুইুরা থাকে, এই জন্য (শোতাধীন বিজ্ঞান দৈববিত্ত হওয়ায়) শ্রেয়ত্রকেই এই বিত্তরূপে বলা হইল। এতাবতা আত্মা হইতে বিত্ত পৰ্যান্ত উক্তি ছারা কোন কর্ম বিহিত হুইল, অভঃপর ইহাই ক্ষিত হুইতেঞ্জে। শ্রুতিস্থ "আম্মেন" এই আত্ম শব্দের অর্থ শরীর, শরীরই নিষ্পাদ্য কর্মা, আত্মাই কর্মান্তানীয়। যেতেত, শরীর কর্মোর হেতু, অর্থাং শরীর হারা কর্ম সাধিত হুইয়া থাকে, এই জন্য আত্মাবা শরীর কর্মস্বরূপ জানিবে। এইরূপে দেই অপূর্বছাভিমানী পুরুষের পূর্বতা সম্পন্ন হয়, যে প্রকার বাহ্য জায়া-পুল্রাদিসম্পন্ন হইলে পুরুষ পূর্ণ হয়। দেই হেতু এই আত্মা বস্ততঃ অক্**র্মা (ক্র্মের অন্ত**ন্ধাতা) হইলেও কেবল শরীরাদির উপর আন্মাতিমান বশতঃই পূর্কোক্ত আন্মা, জায়া প্রভৃতি পঞ্চ ছারা সম্পাদিত পাঙ্ক্ত নামক যজ সংজ্ঞা লাভ করে। শ্উক্তরূপে আত্মার পঞ্চরপতা সম্পাদনমাত্রে যজ্জ উক্ত হইল কেন > উত্তর—যেহেতু, লৌকিক যজ্ঞও পশু ও পুক্ষনিস্পান্ত, সেই পশু ও পুক্ষ উভয়ই পাঙ্কু (পঞ্চবিধ সাধনের সাধ্য) কারণ— মন আদি পূর্ব্বোক্ত পঞ্চ পদার্থের সহিত তাহাদের সম্পর্ক আছে। শুতিই তাহা কহিতেছেন, গবাদি গশু ও পুরুষ পাঙ্ক্ত। পুরুষের পশুত্ব থাকিলেও পুরুষত্ব (কর্ম্মের অমুষ্ঠানকর্ত্ত্ব) রূপ বৈশিষ্ট্য হেতু তাহার পুথক্রূপে নির্দ্ধেশ করা সঙ্গত হইগাছে। বেশী কি । যাহা কিছু দুখ্যমান কৰ্মসাধন ও ফল, এই সমস্তই পাঙ্কু। যে ব্যক্তি এই প্রকারে আত্মাকে পাঙ্ক্ত (পঞ্চনিপাদনীয়) ইজ্জরুপে সম্পাদন করে, অর্থাৎ যে পুরুষ এই প্রকার জ্ঞান করিতে পারে, দে এই দমন্ত জগৎকে আত্মারপে প্রাপ্ত হয়॥ ১৭॥

প্রথমাধ্যায়ে চতুর্থ ব্রাহ্মণ সম্পূর্ণ॥ ৪॥

উপনিষ্ৎস্থ—প্রথমাধ্যায়স্থ

পঞ্চম-ত্রান্সণম্

যং সপ্তান্ধানি মেশ্রা তপসাহজনয়ৎ পিতা। একমস্ত সাধারণং দে দেবানভাজয়ৎ। ত্রীণ্যাত্মনেহকুরুত পশুভা একং প্রাযক্তভিশ্বিন্ সর্ববং প্রতিষ্ঠিতৃং যক্ষ প্রাণিতি, যক্ষ ন কম্মাত্তানি ন ক্ষীয়ন্তেহল্লমানানি সর্বাদা। যো বৈ তামক্ষিতিং বেদ সোহন্মতি প্রতীকেন স দেবানপি গচ্ছতি স উর্জ্জমুপজীবতীতি ম্লোকাঃ॥১॥

পূর্ব্ব হইতে অবিষ্যার প্রকরণ আরম্ভ হইয়াছে। সেই অবিষ্যাভিভূত পুরুষ যে অন্ত দেবতাকে উপাসনা করে, "আমি উপাসক, উপাশু দেবতা হইতে স্বতন্ত্র এবং আমার উপাক্ত দেবতাও আমা অপেকা বিভিন্ন" এইরূপ জান করে, সেই বর্ণাশ্রমাভিমানী পুরুষ কর্ত্তব্য কর্ম্মের বাধ্য অথচ কামপ্রেরিত হুইয়া হোমাদি কর্ম দারা দেবতা প্রভৃতির উপকার করত দর্মপ্রাণীর লোক অর্গাৎ ভোগ্য হয়, ইহাও কথিত হইয়াছে। যেমন দেবতা প্রভৃতি দকলেই জীবের নিজ নিজ এক একটি কর্ম ধারা উপকার বিধায় তাহাকে ভোগারূপে কল্পনা করে, উরূপ সেই পুরুষ হোমাদি পাঙ্কু কর্ম ধারা সমস্ত প্রাণী ও সমস্ত জগৎকে নিজের ভোগ্যরূপে স্প্র করিয়াছিল। এই প্রকারে এক এক পুক্ষ স্বীয় কুর্মা ও বিস্থান্তমারে সম্ভ জগতের ভোক্তা ও ভোক্যা এবং সকলের কর্ত্তা ও কার্যাম্বরূপ হয়, ইহা বিভাপ্রকরণে মধুবিদ্বাপ্রস্তাবৈ বলা হইবে। আত্মার একছবিজ্ঞানের জন্মই "সমন্তই সমস্তের কার্য্য মধু," ইহা বর্ণিত হইবে। ঐ আত্মা কাম্য হোম প্রভৃতি পাঙ্কু কর্ম হারা নিজের ভোগ্যরূপে যে জগং সৃষ্টি করিষাছিল, সেই সমস্ত জগৎ বিজ্ঞান-দৃষ্টিতে সপ্তপ্রকারে বিভক্ত হয় এবং কাৰ্য্য ও কারণাত্মক সাত প্রকার অন্নরপে কথিত হয় : কারণী সমস্তই আত্মার অন্ন অর্থাৎ ভোগ্য, দেই হেতু এই আত্মা ঐ অন্নের পিতা। বিনিয়োগের সহিত এই সকল অন্নের সংক্ষেপে প্রকাশ করা হেতু এই মন্ত্রগুলি স্ত্রস্থানীর।

"যৎ সপ্তালানি" ও 'যদজনয়ৎ' এই ছুই ভলে 'বং' শব্দ ছুইটি ক্রিয়াবিশেষণ্রপে প্রায়ুক্ত। এই এনভিতে মেধা (বিজ্ঞান) ও তপঃ (কর্মা) শক দারা জ্ঞান ও কর্ম উক্ত হইমাছে : কারণ, উহাই পূর্বে প্রস্তাবিত ; এ স্থলে লোকপ্রসিদ্ধ মেধা এবং তপস্তা এ শব্দধীয়ের বিবক্ষিত অর্থ নহে : কারণ, ইহাদের প্রকরণ ইহা নহে ; (श**रह**ू, काम्रामि माधननिष्णाश्च कर्षात्क शां क्ल विका! शत "य धवः त्वन" এই ভাগ ধারা জ্ঞানই প্রস্তাবিত হইয়াছে এই হেতু লোকপ্রসিদ্ধ মেধা ও তপঃ এই স্থলে মেধা ও তপং**শব্দের অর্থ** আশ্বলা করা উচিত **নহে**। শতিতে—"মে সাত প্রকার অঞ্চ বিজ্ঞান ও কর্ম ছারা পিতা উৎপাদন করিয়া-ছিলেন," এইমাত্র থাকিলেও বাকোর সঞ্চতির জন্য "তাহা প্রকাশ করিব।" এই ক্রিয়ার অধ্যাহার কর্ত্বা ॥ > ॥

যৎ সপ্তান্নানি মেধ্য়া তপসাহজন্যৎ পিতেতি—মেধ্য়া হি তপদাহজনয়ৎ পিতৈকমন্ত দাধারণমিতীদদেবাম্ত তৎদাধারণ-মন্নং যদিদমগুতে।

স য এতত্রপান্তে ন স পাপানো ব্যাবর্ত্তে মিশ্রত হোতদৈ।

দেবানভাজয়দিতি হুতঞ্চ প্রহুতঞ্চ তম্মাদেবেভ্যো জুইবতি চ প্র চ জ্বতাথো আহর্দর্শপূর্ণমাসাবিতি।

কস্মান্নেষ্টিয়াজুকঃ স্থাৎ পশুভা একং প্রায়চ্ছদিতি তৎ পয়ঃ। পরো হেবার্গ্রে মনুষ্যাশ্চ পশবশ্চোপজীবন্তি তস্থাৎ কুমারং জাতং দ্বতং [>]ববাতো প্রতিলেহয়ন্তি স্তনং বানুধাপয়ন্ত্যথ বৎসং জাতমাহুরতৃণাদ ইতি। তিম্মন্ সর্কং প্রতিষ্ঠিতং যচ্চ প্রাণিতি যচ্চ নেতি। পয়সি হীদণ্ড সর্বাৎ প্রতিষ্ঠিতৎ যচ্চ প্রাণিতি যচ্চ ন।

তদযদিদমাতঃ সংবৎসরং পরসা জুহ্বদপ পুনমৃ ত্যুৎ জয়তীতি न তথা বিত্যাদ্যদহরেব জুহোতি তদহঃ পুনমু ত্রুমপঞ্চাত্তবং বিদ্বানুৎ সর্বান্থ হি দেবেভ্যোহন্নাত্যং প্রযাহ্ছতি।

क्यां द्वांनि न कीयरख्य श्रमानानि मर्स्वरम् छ शुक्रस्य वा অক্ষিতিঃ দ হীদমন্নং পুনঃ পুনর্জ্জনয়তে।

যো বৈ তামক্ষিতিং বেদেতি পুরুষো বা অক্ষিতিঃ স হীদমন্নং ধিয়া ধিয়া জনগ্নতে। কর্মভির্যন্ধৈতন্ন কুর্য্যাৎ ক্ষীয়েত হ দোহন্নমত্তি প্রতীকেনেতি মুখং **প্রতীকং** মুখেনেত্যতং স দেবানপি গচ্ছতি দ উৰ্জ্জনপজীবতীতি প্ৰশণ্ডদা॥ ২॥

পূর্বোক্ত মন্ত্রের অর্থ প্রায় তিক্লেছিত হওয়ায় তুর্বিজ্ঞেয়, এ জন্ম ন্যাপ্যা-করণের অভিপ্রায়ে এই পঞ্চম ব্রাহ্মণ আরম্ভ হইল। সেই মন্ত্র দকলের মধ্যে "বং সপ্তানানি মেধ্যা তপ্যাহজন্মৎ পিতা" এই মন্ত্রের অর্থ কি. তাহা কথিত হইতেছে। 'হি' শব্দ প্রদিদ্ধ অর্থের ছোতক, তাহার নির্দেশপূর্বক শ্রুতিই ময়ের ব্যাপা করিতেছেন। এই মধ্রের অর্থ যে প্রসিদ্ধ, তাহা "হি" শব্দ দারা সূচিত হইল। "যে উৎপাদন করিয়াছিল," এই কথা থারা পূর্ব্বসিধের অমুকথন হেতু উৎপত্তির ও মন্ত্রের অর্থ যে প্রদিদ্ধ, ইহা প্রকাশিত হুইয়াছে, এই জন্ম এই ব্রাহ্মণ নিঃশন্ধ-ভাবে কহিতেছেন, মেধা ও তপের ধারা সপ্তবিধ আন পিতা উৎপাদন করিরাছিলেন। কি হেত শ্রুতির অর্থ প্রসিদ্ধ^{্ন} উত্তর—বেহেত আত্মার জায়া প্রভৃতি কর্ম পর্যান্ত লোকরূপ ফলসাধনে জনকন্ব প্রভান্সসিদ্ধ অর্থাৎ 'আমার জায়া হউত্তু, আমার পশু হউক,' এই সকল কামনা হইতে ক্রমে যথন তাহাদের উৎপত্তি দেখা যায়, তখন এ সকলের পিতা আত্মাই বক্তব্য। শ্রতিও পূর্বের তাহা বলিয়াছেন। সেই পূর্বে-শ্রুভিতে দৈব, বিভা, বিভা, কর্ম ও পুত্র, ইহারা স্বষ্টিকার্যো লোকরূপ ফলসাধন এবং বাহা পশ্চাৎ বলা হইবে, তাহাও প্রানিক। দেই হেড় "মেগরা" ইত্যাদি যে বলা ইইয়াছে, তাহা যুক্তিযুক্ত। কামনা বে ফলবিশেষ লক্ষা করিয়া উদ্ভত হয়, ইহাও লোকপ্রাসিদ্ধ। 'এই পর্যাস্তই কাম,' এই কথা ছার। ভারাদির কামাত্ব প্রতিপাদিত হইয়াছে। ত্রন্ধবিভাবিষয়ে অংকৈডভাব বর্তুমান, এই জন্ম তাহাতে কামনা স্কুব হয় না; কারণ, ধথন বিতীয় নাই, কাহার কামনা হইবে ? দে যাহা হউক, এই যে প্রজাপতির জগৎসৃষ্টি, উহা অশান্ত্রীয় অর্থাৎ স্বভাবদিদ্ধ জ্ঞান ও তপ্তা সাহাদে প্রতিপাদিত हरेंग। (स्टर्जू, कर्यविख्डानाधीन स्रायत-(सानि পर्यास्त मकलरे खीरवत स्रामिष्ठ कन। কিন্তু বন্ধবিত্যার উপযোগী শাস্ত্রবোধিত সাধ্যসাধন ভাবই বিবন্ধিত। তবে যে

অস্বাভাবিক সৃষ্টি বলা হইল, উহা ব্রহ্মজ্ঞান জ্যাইবার জন্য অর্থাৎ ব্রহ্মবিদ্ধানির ইচ্ছায় সেই জগদিবয়ে বৈরাগ্য উৎপাদনই এরপ বলার উদ্দেশ্য। যেহেত্, এই ব্যক্ত ও অব্যক্তরূপী সমস্ত সংসার অশুরু ও অনিত্য, সাধ্যসাধনস্বরূপ ছঃথময় ও অবিদ্ধান্ত অধিকারভুক্ত। এই সংসারে বিরক্ত পুরুষের পক্ষে ব্রহ্মবিদ্ধা অবল্যনীয়। একণে পুর্বেশক্ত সেই নপ্তথ্যকার অন্নোর আনায়ের (মরের) বিভাগ অনুসারে কার্য্যে বিনিয়োগ কথিত হইতেছে। পূর্বেশকে "একমন্ত সাধারণম্" এই মন্ত্রন্থ পদের ব্যাখ্যা—ইদমেবান্ত তৎ ইত্যাদি। তাহা কি দু উত্তর—শাহা সকল প্রাণী প্রতিদিন ভোজন করে, তাহা সকল ভোকার ক্রা পিতা সৃষ্টি করিয়া সাধারণ অয়য়েগে কল্না করিয়াছেন।

যে পুরুষ, দকল প্রাণীর শরীরের ভরণ ও স্থিতির কারণ, ভুজামান এই সাধারণ অন্নের উপাসনা করেন, তিনিই অন্নপরায়ণ হন। এ স্থলে উপাসনাশব্দের অর্থ তৎপরতা। লৌকিক কথায়ও দেখা যায় যে, ''গুরুর উপাসনা করে, রাজার উপাসনা করে' ইত্যাদি স্থলে উপাসনাশব্দের তৎপরতা অর্থ। সেই উপাসনার ফলে আলোপাসকের কেবল নিজ শরীরস্থিতির জন্তই মুখারূপে আরভোগ সম্পন্ন হয়, কিন্তু কোন পুণ্য কম্মের জ্ঞা প্রযুক্ত হয় না। এই জ্ঞা অন্নভোগনিরত সেই পুৰুষ অৰ্থ হইতে মুক্ত হয় না। মন্ত্ৰণেও ইহা কথিত হইয়াছে ধে, "মৈই পুরুষ ব্যর্গই অন্ন লাভ করে।" স্থতিও উহা নিষেধ করিয়াছেন, যথা— ''নিজের জন্ম অন্ন পাক করিবে না।" ''অতিথিদিগকে অন্ন না দিয়া যে ভোজন করে, সেঁচোর।" "জ্রণহত্যাকারী তাহার পাপ আত্মন্তরির উপর মপণ করে" ইত্যাদি। কি জন্ম পাপ হইতে নিম্ক্ত হয় না, ইহার হেতু শ্রতিই বলিতেছেন,—বেহেতু, ঐ অন্ন সকল প্রাণীর স্বত্বমিশ্রিত (অবিভক্ত) অর্থাৎ অধিকারভুক্ত, কারণ--বাহা প্রাণী সকল ভোগ করে, উহা সকলের ভোজাহেতু অবিভক্ত। স্বয়ং যে অন্নের গ্রাস মূথে নিক্ষেপ করা যায়, তাহা পরের পীড়াকর; (सर्कु, "हेश यामात्र इहेर्ड शांतिक," वह अकात वे यात नकत्वत याना নিরুদ্ধ থাকে। সেই জন্মই বলি, পরের পীড়া না করিয়া জীব এক গ্রাসমাত্তও অন ভক্ষণ করিতে পারে না। । স্বতিতেও কথিত আছে, মামুষের পাপ অন্ন আশ্রম করিয়া থাকে। কেহ বলেন, গৃহিগণ প্রতিদিন যে অন্ন দারা বৈশ্বদেবাথ্য কর্ম্ম সম্পাদন করিয়া থাকেন, তাহাই সাধারণ অল্প; কারণ, ণ কমা দারা সকলকেই অন্ন দেওয়া হয়; কিছু ঐ অর্থ সঙ্গত নহে, যেহেতু, देवसामन कम्बनम्बी अवस, मकल ভाकुमाधावर्ग नाह धावर जाहा मकल आणी

কর্ত্ক ভুজামান অন্নের স্থায় প্রতাক্ষ দৃষ্ট হয় না: এই জনাই "ঘাহা সকল প্রাণী কৰ্ত্তক ভক্ষিত হয়" এই বাকাটি এ হলে অনুৰূপ হয় না। বৈদদেবসম্বন্ধী অনু সর্বপ্রাণিভুজ্যান অন্নের অস্তভুক্ত হয়, মৃত্রাং তাহা দারা খু (কুকুর) ও চাণ্ডালাদির ভক্ষণীয় অন্নেরও বোধ হওয়া উচিত; পারস্থ বৈশ্বদেব কার্য্য বাতিরেকেও শ-চাণ্ডারীদির ভক্ষণীয় আর দেখিতে পাওয়া বায়। তবেই "যাহা সকলে ভক্ষণ করে, সেই ভক্ষণীয় জ্বন্ন সাধারণ" এই উক্তিই সঙ্গত, কিন্তু বৈখদেবকর্ম সম্বন্ধী অনু সাধারণ-অন্ধ নামে পরিচিত হইতে পারে না। যদি যাহা ভক্ষিত হয়, তাহা সাধারণ শব্দে গৃহীত না হয়, তাহা হইলে 🚊 অন্নের পিতা কর্তৃক অস্ষ্টি এবং অবিনিয়োগের প্রসক্তি হইতে পারে। কিন্তু পিতার সমস্ত অণ্নের স্টিকর্ডুস ও তৎকর্ত্তক বিনিয়োগপ্রদর্শন শাস্ত্রের অভিপ্রেত। আর এক কথা---শাস্ত্র-বিহিত বৈশ্বদেবকর্ম যে কবে, ভাহার পাপ হইতে অব্যানুত্তি বা অমুক্তিরপ শতি-ক্ষিত দোষ ধলা নিভান্তই অনুচিত, কেন না, শৃক্ষে দেই বৈখদেৰকশোৱ প্রতিষেধ করা হর নাই। বাহাতে তাহার অন্তর্গানে পাপ হইতে মুক্তি না হইবে ? আর মংস্থানন্ধনাদির ভাষ উহা স্বভাবতঃও নিন্দিত নহে, পর্যু উহা শিষ্ট সকলের অন্তর্ভয় অথচ না, করিলেও ভাহাতে প্রভাবায় শ্রুত আছে: বরং ইহার অন্য অর্থাৎ দর্কপ্রাণীর ভুজামান অন্নই দাধারণ শব্দের অর্থ করিলে, প্রত্যবাম-কীন্তন করা উপপন্ন হয়। যথা-- "অর্থীদিগকে অরদান না করিয়া যে ভোজন করে, আমি ভাহাকে ভক্ষণ করি," এই मञ्जरार्व रिनाय डिक्ट इट्रेग्नार्ट्ड। अञ्ज्ञाव माथावर गरम्ब देवसरम्ब कर्यमध्यक्षी আর অর্থ না করিয়া সকল প্রাণীর উপভোগ্য আর অর্থ ই গ্রহণীয়। একংণ "ছে দেবানভাজন্ত্র এই মন্তের একাংশ ব্যাপ্যাত হইতেছে—প্রজাপতি ছই অর স্ষ্টি করিয়া দেবতাদিগকে ভাগ করিয়া দিয়াছিলেন, সেই তুই অন্ন কি ৭ ছেত্' ও 'প্রতত'। ততলকের অর্থ হোম, প্রতত শক্ষের অর্থ হোমান্তে বলি প্রদান; নেহেডু পিতা এই "হুত" ও "প্রহুত" ছুই প্রকার অন্ন দেবতাদিগকে ভাগ করিয়া मित्रोছित्तम, (भट्टे अन्त्र এই वर्डमानकात्त्व शृह्द भक्त (पवजातित्र होम कतिया थारक धानः "आमता रमवछानिशस्य धारे अन्न निर्छिष्ठ," धारे आकात मरन অভিসন্ধি করিয়া, হোমকরণানন্তর বলি প্রদান করে। অন্তে বলে--পিতা দেবতা-দিনকে বে চুই অন্ন দান করিবাছেন, উহা ছত্ত-প্রছত নহে, কিঞ্চ দর্ল ও পৌর্যাস নামক বাগ্ৰয় ; উভয়ত্ৰই দ্বিচন সমান দৃষ্ট হয়, কোন বিশেষ নাই ও অস্তা স্থলে উহা প্ৰদিদ্ধ আছে; হত ও প্ৰহত, ইহা একটি পক্ষ। যদিও হত ও প্ৰহত এই হুই

পদার্থে ছিত্তসংখ্যার অহারসম্ভব আছে, তথাপি দর্শ এবং পৌর্ণমাস যাগ যে দেবতা-দের অন্ন, ইহা শ্রুতিতে অত্যন্ত প্রসিদ্ধ ; কারণ, উহা মন্ত্র দারা প্রকাশিত। বৃক্তি এই ষে,—যে স্থলে শূর্গা উভয়েই যোগার্থের সম্ভাবনা হয়, সে স্থলে প্রথমতঃ প্রধানেরই অবগম হইষা থাকে। দর্শ ও পৌর্ণমাসের "হুত্ত", "প্রহৃত্ত" অপেক্ষা প্রাধান্ত আছে, সতরাং "বেদেবানভাকরং" এই হলে এ অর্থই গ্রহণ হওয়া উচিত। বেহেতু, পিতা দেবতাদের জন্মই দর্শ ও পৌর্ণমাস নামক গ্রুইটি অন্ন কল্পনা করিয়াছেন, দেই হেতু এই---অন্নের দেবভোগাছ রক্ষার জন্ম পুরুষ ইষ্টি-যজনশীল হইবে না, অর্থাৎ কামাযাগায়ন্তানে তৎপন্ন হইবে না! ইষ্টিশব্দে কামা ইষ্টি অর্থ শত-পথবান্ধণে প্রসিদ্ধ আছে । 'ইষ্টিয়াজুক' এই গ্রুলে তাচ্ছীলা অর্থে উকঞ প্রত্যায়ের প্রয়োগ হেতু, কাম্য ইষ্টিপরায়ণ হইয়া নিত্যাক্তরের দর্শগোর্থমাস পরিত্যাগ করিবে না, ইহা শ্রুতির তাৎপর্যার্থ।

প্রত্ত উদ্দেশ্যে যে এক অর প্রদান করিয়াছিলেন, সেই অর কি 🔻 উত্তর— পরঃ, কিরুপে ভাষা অবগত হওয়া যায় । উত্তর-পত্ত পরোরপ অন্নের স্বামী। *ार ह*ु, नामाकारन मसुग्रा ७ প ७ डेज्यारे छक्ष दातारे जीतित इम्र. यह ज्ञा ভাহাদের ছগ্ধ 'অল্ল' বলা উচিত। ভাহা না হইলে, জনিষ্ট জীব কেন ভাহা থারা নিষ্তই জীবিত হয়। অভ প্রাক্তও মন্ত্রণ ও পঙ সেই হ্রারপ অল ধার।ই শরীর্যাত্রা নির্ন্ধাহ করে, যেহেতু, পূর্দ্বে পিতা পদ্ধ (ঘৃত ও হ্রন্ধ) বিনিমোগ করিয়াছিলেন, সেই হেডু ত্রৈবর্ণিক (ব্রাহ্মণ, ক্ষজ্রির ও বৈশ্র) জাত বালককে জাতকর্ম-সংস্কার করিবার সময় স্তবর্ণসংক্ত গৃত আশন করাইয়া থাকে ও তদনস্তর জননীর শুকু গুরু পান করার। ত্রৈবর্ণিকের ন্যার অক্ত নতুষ্য ওপশুজাতির সম্বন্ধে যাহার সম্ভব, তাহাকে প্রথমতঃ স্তন্য তথ্যই পান করাইতে দেখা যায়। আর এই কারণেও তুথকে ভাছাদের অন্ন বলা হয় যে, যথন 'শিশু জ্বাত হইলে ভাহাকে বংস বলে গ কি পরিমিত বয়স্ক শিশু বংস বলিয়া ব্যবহৃত হয়ী গ এইরূপ জিজ্ঞাসিত হইয়া লোক উত্তর করিয়া থাকে এ অতৃণাদ' অর্থাৎ এখনও তৃণ্ডকণ कब्रिए मुमर्थ हम नाई अर्थाए इक्षरभाष, इक्ष बाताई स्नीविज हम, मुहे अवस्नार्ट्ड 'বংস' শব্দ প্রযুক্ত হয়। যেহেতে, প্রথমতঃ জাতকর্মসংস্কারকালে জীব ঘত ভক্ষণ করে, এবং মুম্ব ভিন্ন অনা প্রাণী ছুত্র পান করে, সেই হেতু সর্ব্ধপ্রকারেই জীবের एक्टरे উপজীবিকা হইতেছে। यनिও পদ্ধ- অর্থ চ্চা, মুক্ত নহে, তথাপি মুক্ত ছয়েরই বিকার, এই জন্য উহাও পদ্ধ: বলিমা মানিত, হইল। এক্ষণে প্রশ্ন হইতেছে, ক্তিতে পশুর মান্ন সপ্তম বলিয়া বর্ণিত আছে, অথচ এ স্থলে কি জন।

চতুর্থক্সপে ব্যাখ্যাত হইল ় উত্তর-কর্ম্মের সাধন হেতু এই স্থলে প্রথমতই চতুর্থ অন্ন পর: ব্যাথ্যাত হইল, অর্থাৎ অগ্নিহোতাদি কর্ম, পরঃস্বরূপ হোমোপকরণ আশ্রয় করিয়া নিষ্পন্ন হয়, দেই কর্মা, বিভ (ধন-) সাধা অথচ বক্ষামাণ তিন প্রকার আরের সাধন। যে যুক্তি দর্শ ও পৌর্ণমাস অর মধ্যে পরিগণিত হইয়াছে, দেই যুক্তিতে কর্মান্তঃপাতিতাহেতু কর্মের সহিত মিলিতরূপে পশ্বর এই স্থলে উপদিষ্ট হইল। যে প্রকার দর্শ ও পৌর্ণমাস বক্ষামাণ ত্রিবিধ আরের সাধন, সেই প্রকার অগ্নিহোতাদি কর্মসম্পাদন ছারা পয়: তাহার সাধন। বেছেতে. এই সাধনত্বের কোন বৈলক্ষণ্য নাই এবং পাঠক্রম অপেক্ষা অর্থের ক্রম বলবান অর্থাৎ শব্দ ধারা ষেরণ ক্রম অবগত হওয়া যাম, তাৎপর্যান্ত্রসারে অবগত ক্রম তাহা অপেকা বনবত্তর অর্থাৎ গ্রাহতর: এই হেতু পাঠক্রম বিবক্ষিত নহে। অন্ত যুক্তি এই যে—ব্যাখ্যা ও প্রতিপত্তির (জ্ঞানের) দৌকর্ব্যের জ্মত চতুর্থ অন্নরূপে পশ্ম পূর্বের ব্যাখাত হইয়াছে। ইহার স্পষ্টার্থ—অন্ন প্রার্থ একোপক্রমে ব্যাথা করিতে হইলেই স্থথে ব্যাথ্যা করা যায় এবং এরপে न्यांथा कतिरम, जनाशारम तांधगमा ३ इहेरच शारत । जनः शत "जियन मर्जाः প্রতিষ্ঠিতম," "বচ্চ প্রাণিতি বচ্চনে" এই মন্ত্রভাগের অর্থ কি, তাহা কথিত হইতেছে। সেই প্রায়ম্বরূপ চুগ্নে এই সমস্ত অর্থাৎ অধ্যাত্ম, অধিভত ও অধিদৈব, এই ত্রিবিধ জগং প্রতিষ্ঠিত আছে এবং যাহারা প্রাণবায়ুর সঞ্চরণরূপ চেষ্টাযুক্ত অথচ যাহারা তদ্রুপ নহে, অর্থাৎ স্থাবর পর্বতাদি, তাহারাও ট আন্ন প্রতিষ্ঠিত প্রসিদ্ধির জ্ঞাপক ''হি"শব্দ ধারা এরপু অর্থ প্রকাশিত হইল। কি জন্ম চথা, সকল স্থাবর অস্থাবর জগতের প্রতিষ্ঠান্থল হইল ্ উত্তর- যেহেতু উহা সকলের কারণ অর্থাৎ অগ্নিহোত্রাদি কম্মের সমবায়ি-কারণ পয়: (গত হগ্ধ) এবং এই সকল জগৎও অগ্নিছোত্রাদি আছতির পরিণামস্বরূপ, এইরূপ পরম্পরাসম্বন্ধে পয়:, সমস্ত জগতের কারণ। এই, বিষয়ে শত শত শ্রুতি এবং স্বৃতিবাকা প্রমাণরূপে দুখায়মান আছে। অতএব এই ব্ৰাহ্মণে ঐ তাংপৰ্যা হিশব বাবা প্ৰকাশ করা বুক্তিৰুক रुदेयाटह ।

্ৰায় যে অহা ব্ৰাহ্মণে কথিত হইয়াছে, সম্বংসরব্যাপী পয়ের দারা হোম করিলে অপয়ত্তা জয় করে। সম্বৎসর শব্দে তিন শত ষ্ট দিবস অভিপ্রেত সেই ৩৬০ দিবদে ছই ছই আছতি গণনাম সাত শত বিশ আছতি সম্পন্ন হয়, ইহা ছারা সমৎসবের দিবস সংখ্যায় অর্থাৎ তিন শত ষষ্টি সংখ্যায় একটি যাত্মতী ইষ্টিকা নিপায় হইয়া থাকে। "দম্বংসরম্বনী প্রভাপতিকেও চিতাগ্নিমণে

ভাবনা করিয়া সম্বৎসরকালব্যাপক হোম করিলে, অপমৃত্যু জন্ধ করিতে পারা যায় অর্থাৎ ইহলোক হইতে গমন করিয়া, দেবমধ্যে সম্ভূত হয়, পুনর্ব্বার মৃত হয় না।" এই প্রকার ব্রাহ্মণবাদিগণ বলিয়া থাকেন, কিন্তু তাহা গ্রাহ্ম নহেণ; বাস্তবিক, य मिर्स रहाम कतिहत, त्राष्ट्र मिर्साई खेलमुद्रा क्षत्र इंट्रेस्त, इंट्रास्ट मुन्नदन्त्रकाल-ব্যাপক হোম-ক্রিয়ার আবশুকতা নাই। এই প্রকার জানিয়াই হোম করিবে। যাক, প্রকৃত কথা – তুগ্ধণ্ডেই সমস্ত জ্বাৎ প্রতিষ্ঠিত আছে, ইহা বলা হইয়াছে, তাহার কারণ, পরের ধারা যে আহতি দেওয়া হয়, তাহার পরিণাম এই সমস্ত জগং: এক দিন হোমের ফলেই সেই জগৎস্বরপতা প্রাপ্ত হওয়া যার! এই জ্ঞাই বলা হইয়াছে, ঐ হোমকর্ত্তা পুনুষ্ঠ ভাকে জয় কুরে, অর্থাৎ সেই বিদ্বান পুরুষ একবার মুত হইয়া—শ্রীরপ্রিত্যাগের প্র দর্কময় হয়, দে পুনর্কার মরণের জন্ম অসর্কময় পরিচ্ছিল শ্রীর গ্রহণ করে না। প্রশ্ন হইতে পারে, সর্ক্ষমন্তালাভ ছারা পুন্মর্বণ জ্বের কথা কি ? উত্তর---্যেহেতু সকল দেবতার উদ্দেশে এই সম**ন্ত জগৎকে অর** ও ভক্ষণীয়কপে দুগ্যং ও প্রাতংকালে আহতি প্রদান করত অর্ত্ত ভোগানস্ত প্রদান করে, সেই হেতু আত্মাকে দকল দেবতার অন্ধরেপ আহতিময় করিয়া, তাহার ফলে সকল দেবতার সহিত একান্মতালাভ ও স্কাদেবময়্তাপ্রাপ্তি বশতঃ পুনুমুত্যু জয় করে: ইহা রাজণেও উক্ত হইয়াছে যথা— স্বয়ন্ত নামক বন্ধা তপজা করিয়াছিলেন, তৎকালে তিনি বিবেচনা করিলেন, "তপ্তার অস্ত নাই, অহো ! আমি সমস্ত প্রাণীর উদ্দেশে আত্মাকে আত্তি দিব অর্থাং যথন আমার এই আত্মাতেই দুমন্ত প্রাণী অবস্থিত, অভএব দেই প্রাণীতেই আত্মাকে বিলাইয়া দিব।" এইরূপ মনে করিয়া এ প্রজাপতি সমস্ত প্রাণীতে আত্মান্ততি করিয়া এবং আত্মাতে সমস্ত প্রাণীর আহতি প্রদান করিয়া পরে সর্ব্যোণীর শ্রেষ্ঠতার উপর স্বর্গরাজ্য ও আধিপত্য প্রাপ্ত হইলেন।

অতঃপর শতিই আশকা কঁরিতেছেন যে— কি জন্ম দেই সর্বাণ ভক্ষামাণ
অন্ন ক্ষয়প্রাপ্ত হয় না ? যদি পিতা সপ্তবিধ অন্ন সৃষ্টি করিয়া, পৃথক্ পৃথক্ ভোক্তাদিগকে বিভাগ করিয়া দিয়া থাকেন, তাহা হইলে সেই দিন হইতে, সেই সকল
ভোক্তগণ প্রতিদিন সেই অন্ন ভক্ষণ করিতেছে এবং সেই অন্নভক্ষণের ফলে তাহারা
অক্ষন্তাবে শরীর ধারণ করিয়া আছে, তবেই নিরস্তরভাবে সেই অন্নের ভক্ষণ
দারা তাহার সক্ষণা ক্ষয় হওয়াই উচিত, কিন্তু তাহা হয় না কেন ? অন্তথা—
জগতের অন্ন ক্ষর পাইলে, জগতের বিভ্রংশ ঘটিত। যথন জগতের বিভ্রংশ দেখা
বাইতেছে না, অতএব অন্ন ক্ষয় প্রাপ্ত হয় না, ইহাই বলিতে হইবে;

তবেই কর না হওয়ার কারণ অবখ্রাই একটি আছে, মানিতে হইবে; সেই হেড্ खिखां ना इटेर उरह, कि जक्ष त्रहे चारात कार हम ना. तम कारत कि । यह कथां र উত্তরে শ্রুতি বলেন-–যেহেতু পুরুষ অক্ষয়, এই জন্ম তাহার অন্ন ক্ষয় প্রাপ্ত হয় না। তাৎপর্যা এই—যে প্রকার পিতা পুরাকার্লে সেই অল্লের স্রন্তা ছিলেন এবং মেধা ও জান্নাদি সম্পুক্ত পাঙ্কেকশা ঘারা তাহার ভোক্তা হইন্নাছিলেন, এই প্রকার তিনি যাহাদিগকে সেই অন্ন দিয়াছিলেন, তাহারাও সেই অন্নের ভোকা হইয়াও পিতরপে মেধা ও তপের স্বার্যা সেই অল্লের উৎপাদন করে, এই জন্ম ইহাই বলা হইতেছে—যে পুরুষ ঐ অন্নের ভোক্তা, দে অক্ষিতি (অক্ষয়ের হেতু)। কি জন্ম তাহার অক্ষিতিত্ব ও তাহা ক্লেথিত হইতেছে—রেহেত, সেই পুরুষ বার বার কথন কারণময় ও কথনও ক্রিয়াফলম্বরূপ, ভুজামান সপ্তপ্রকার অন্ন, তাৎকালিক প্রজ্ঞা এবং কামমনোবাক্যের উৎপত্তিহেতু-চেষ্টারূপ কর্ম ছারা উৎপাদন করে, অতএব ধারাবাহিকরপে উহা অক্ষয় বলিতে হইবে। यদি প্রক্রাও কর্ম ছারা ঐ পূর্ব্বোক্ত সপ্তপ্রকার অন্ন ক্ষণকালও উৎপাদিত না হইত, তবে পুৰ্বজ্ঞাত অনুসকল সতত ভুক্ত হইয়া কম প্ৰাপ্ত হইতে পারিত। সেই জন্ম বলা হইতেছে, যে প্রকার এই পুরুষ আন্নের ভোক্তা এবং প্রঞ্জা ও কর্মান্সারে নিরন্তর অলের উৎপাদনকর্তা, সেই হেতু পুরুষ অক্ষিতি শব্দে কথিত হইরাছে। আর যেহেতু তাহার সর্বদাই আন্নের কর্তৃত্ব রহিয়াছে, সেই হেতু তাহা কর্ত্বক ভূজামান অয়ও কর প্রাপ্ত হয় না ৷ অত্তব উপসংহারে বলা হইতেছে যে, এই সংসার ধারাবাহিক প্রজ্ঞা ও জিয়ার ফলরূপ বন্ধনে আবদ্ধ, সাধ্য ও সাধনময় এবং ক্রিয়া ওফলরূপী, বিশেষতঃ পরস্পর সহায়কভাবে অবস্থিত। প্রাণীদিগের অনম্ভকশ্বের বাসনাসমূহে নিবদ্ধতা হেতু উহা ক্ষণিক, (আঙু বিনশ্বর) অভন্ত ও সারশুরা। নদীর স্রোত ও প্রদীপশিথাপরম্পরার মত সন্তানবাহী, কদলী-স্তান্তের জার অভঃসারশূন্য সন্তানবাহী সংসার জলব্দুদ, মারা, মরীচিকা স্বপ্লের মত মিখার উপর প্রতিষ্ঠিত: কেবল দেই আত্মবিষয়ক বিজ্ঞানের অভাবপ্রাক্ত অনিতা হইয়াও সারবানের ক্লায় লক্ষিত হইতেছে। বিষয়ে বৈরাগ্য উৎপাদনের জন্ম ইহা কথিত হইতেছে যে, পুকৃষ নিজ প্রজা (করনা) ও কর্ম ধারাই দমত সৃষ্টি করে। বস্তুত: সমত্ত অসার, মেইছেতু বিরক্ত ব্যক্তির দমতে ব্রহ্মবিস্তা চতুর্থ অধ্যায় হইতে আরম্ভ হইবে। এতি মনে গরিলেন—পরে वक्कवा व्यवनिष्ठ जिविश व्यव धरे उपक्रांत पक श्रकात वर्षिक्ट हरेन, धरे मतन कतिया, त्मरे व्यत्मत वयाचत्रभ विकासित मन,—"या देव जामकि जिर द्वम" धरे

বাকা বারা উপসংহার করিতেছেন—নে পুরুষ সেই পূর্বোক্ত অক্ষরের হেতু "সেই জীব এই অন্ন কলনা বারা সৃষ্টি করে ও তাহা বারা বদ্ধ হয়, সে তাহা না করে, তাহার অন্ন (জগং) কীণ হয়" ইহা বে জানে, সে অল্ল ভোগ করিতে পারে। "সোহলমতি প্রতীকেন" ইহার অর্থ প্রতিই কহিতেছেন, মুগ্র্শব্দের অর্থ প্রাধান্ত। এই প্রাধান্ত বশতই অনের পিতার অক্ষিতিত (মক্ষর) লৈ জানে, সে অল্ল ভক্ষণ করে: কিন্তু অল্ল পুরুষ যে প্রকার অল্লের স্বীন হইরা থাকে. বিহান তাহার স্তাম হয় না, বরং অনের আল্লেবর প্রহুষা ভোক্তাই হয়, কদাচ ভোজাতা প্রাপ্ত হয় না। "সে দেবাল্লভাব ও মোক্লুপদ লাভ করে" এই যে প্রতিতে বলা হইল, ইহা প্রশংসার জন্ম মাজ, বাস্তবিক এইরাণ জানের জন্ম কোন পুণালাভের সন্তাহনা নাই॥ ২॥

ত্রীণ্যাল্মনেহকুরুতেতি মনো বাচং প্রাণং তাভাল্মনেহকুরুতাভাত্রমনা অভ্বন্ধাদশমভাত্রমনা অভ্বং নাজোধমিতি মনসা খেব পশ্যতি মনসা শ্রণাতি।

কামঃ সঙ্কল্পে। বিচিকিৎসা শ্রন্ধাইশ্রেমা গৃতিরগৃতিই বিভিন্তি ভোতং সর্ববং মন এব তম্মাদিপি পৃষ্ঠত উপস্পৃক্টো মনসা বিজানাতি যঃ কশ্চ শক্ষো বাগেব সা।

এষা হান্তমায় হৈছে হি ন প্রাণোহপানো ব্যান উদানঃ দমানোহন ইত্যেতৎ দর্ব্বং প্রাণ এবৈতন্ময়ো বা অয়মাজা বাধায়ো মনোময়ঃ প্রাণময়ঃ॥ ৩॥

পূর্ব্বে পাঙ্কুকর্দের ফলস্বরূপ যে অবশিষ্ট তিন প্রকার অয়ের ইলের করা হইয়াছে, উহারা কার্য্য এবং ইহাদের বিষয়ও বিষ্টার্গ, এ জন্তু পূর্ব্ব অয় হইতে উংক্কুরূপে তাহারা উল্লিখিত হইয়াছে। রাহ্মণের পরিস্মান্তি পর্যন্ত এই পরবর্ত্তী গ্রন্থ তাহার ব্যাখ্যার্থ জানিবে। অতঃপর "ত্রীণাাত্মনেহকুকত" এই প্রতিভাগের অর্থ কি, তাহা বলা যাইতেছে।—পিতা প্রথমতঃ জগৎ স্পৃষ্টি করিয়া, নিজের জন্ত মন, বাক্য ও প্রেশী এই তিন অয় কয়না করিয়াছিলেন। সেই ভিনের মধ্যে মনের অধ্যিত এবং স্বরূপ সম্বন্ধে বাদিগপের যে মহান্ সংশ্বর আহে, তাহার নিরাকরণ আবশ্রুক; সেইজন্ত বলা হইতেছে—চক্ষ্-শ্রোত্রাদি বাহ্ ইন্তির

अरिका अितिक मन नारम धकि है सिन्न आहि, हैशे मानिए इहेरिन। हैशे পুৰই প্ৰসিদ্ধ যে, বাছা ইক্ৰিয়ের সহিত আত্মার সম্বন্ধ হইলেও আত্মা কোন কোন সময়ে সমুথস্থিত পদার্থ গ্রহণ করে না এবং অপর ব্যক্তি কর্ত্তক ''রূপ দেথিয়াছ কি '' এইরূপে জিজ্ঞাসিত হইলে. ঐ ব্যক্তি বলিয়া থাকে যে, "ঐ সময়ে আমার মন অন্ত বিষয়ে আকৃষ্ট ছিল, আমি দেখিতে পাই নাই।" আবার—"তুমি কি আমার এই কথা ভূনিয়াছ -" ,এইরূপ জিজ্ঞাসিত হইয়াঁ উত্তর করিয়া থাকে যে, "আমি অন্তমনা ছিলাম : আমি তোমার কথা শুনিতে পাই নাই।" তবেই একণে এইরপ অনুসান করিতে হটবে যে, যাহার অসলিধানপ্রক রূপাদিগ্রাহণে प्रमर्थ हकुतानि हे जिस्स, निक निड* क्रशांनि विषय भःयुक्त हहेसां ७ अंडाक দর্শন করাইতে পারে না এবং বাহার সন্নিধান ঘটিলে ঐ প্রত্যক্ষ হয়, সেই চক্ষরাদি অপেকা অতিরিক্ত অবশ্রুই একটি জ্ঞানকারণ আছে, ইহা অন্যাব।তিরেক দেখিয়া অনুমিত হইবে। দেই অনুমিত পদার্থ ই অন্তঃকরণ (অন্তরিন্দ্রি) মন, বাহা ঐক্রিমিক বিষয়বোধের একমাত্র উপযোগী অর্থাৎ মনের সৃষ্টিত সমুদ্ধ হটমাই বাহা ইন্দ্রিয় জ্ঞান উৎপাদন করে: অতএব সমস্ত লোকই মনের ভারা দর্শন করে ও মনের হারাই প্রবণ করে, ইহন সিদ্ধ হইল; কারণ,—মন অন্য বিষয়ে আসক্ত থাকিলে চাকুষাদি জ্ঞান হয় না, এই বুক্তি ঘারা প্রথমতঃ মননামক পদার্থ সিদ্ধ হইল। অতঃপর তাহার স্বরূপ জানাইবার জনা কথিত হইতেছে।

কাম অর্থাৎ স্ত্রামন্ত্রভিলান প্রভৃতি, সঙ্কয় অর্থাৎ দৃষ্ট বিষয়ের গুরু-নীলাদি ভেদে বিকল্পন (বিশেষরতে অন্ধারণ) বিচিকিৎসা অর্থাৎ সংশয় জ্ঞান, শ্রদ্ধা অর্থাৎ পাপ ও পুণাজনক কক্মসমূহে এবং দেবতাদিতে বিশাস, অশুদ্ধা তাহার বিপরীত জ্ঞান অর্থাৎ অবিখাস, রুতি অর্থাৎ শরীরেক্রিয়ের অ্নাদি জনা অবসাদ হইলেও তাহার স্থিরীকরণ (স্বকার্যো আভিমুখ্যকরণ), অপ্বতি অর্থাং ইহার বিশ্রীত অবৈধ্য হী-লজা, ধী-বৃদ্ধি, ভী-ভন্ন, এই সমস্তই মন অর্থাৎ মননামক অন্তঃকরণের পরিণাম বিশেষ। মনের অন্তিত্ববিষয়ে ইহাও আর একটি কারণ সভিহিত ইইল। স্মতএব মননামক স্বস্তঃকরণ যে সাছে, ইহা প্রমাণিত হইল। সনের অভিত্রবিষ্ধে ঞতিই অলু বুজি দেখাইতেছেন—কোন ताकि अभन वाकिक दुक हक्त अविषय अर्थाए भूष्टे एनेमा, "हेश इरखन স্পর্ন," "ইহা জাতুর স্পর্ন," এইরপ'ে বিশেষ করিয়া জানিতে পায়, ঐ विरवक गरनतहें कार्य। यनि वे विरवहनाकाती मन-नामक शनार्थ मा शांकिङ. তবে কেবল ব্যক্তির বারা এরপে বিশেষ জ্ঞান জন্মিত না, অতএব সেই বিবেকের কারণ মন, ইহা মানিতে হইবে। পুর্কোক্ত বুক্তি ধারা মনের অন্তিত্ব সাধিত হইরাছে এবং তাহার পুর্কোক্ত কাম, সঙ্কলাদির স্বরূপ প্রদাশত হইরাছে। মন, বাক্য ও প্রাণনামক যে তিনটি অর কর্মের ফলস্বরূপ আছে, উহারা অধ্যাত্ম, অধিভূত ও অধিদৈবরূপে বিভক্ত, অভপের প্রতি ইহাদের রাখ্যা করিবার অভিপ্রায়ে প্রথমতঃ আধ্যাত্মিক মন, বাক্ ও প্রাণের মধ্যে আধ্যাত্মিক মনের ব্যাখ্যা করিবা একতে আধ্যাত্মিক মনের ব্যাখ্যা করিবা একতে আধ্যাত্মিক বাক্যের ব্যাখ্যা করিবার উপক্রম করিতেছেন—এই নে কণ্ঠ, তালু প্রভৃতির সংযোগ হইতে অভিবাক্ত অকারাদি বর্গস্বরূপ করিনি এবং মুনস্বাদি বান্ত ও নেঘাদিজনিত যে অনা প্রকার ধ্বনি প্রত হয়, এই সনস্কৃতি আধ্যাত্মিক বাক্ অর্থাৎ বাক্যের প্রপঞ্চ, ইহাই বাক্যের স্বরূপ বলা হইল।

অনস্তর তাহার কার্যা বলা হইতেছে। বেহেত, এই বাকা, অন্ত অর্থাৎ অভিধেরের নির্ণয় পর্যান্ত অন্তগত থাকে অর্থাৎ অভিধের বটপটাদির প্রকাশ করিয়া তবে ক্রিড হয়, এই জনা সেই বাকা অভিধেয়ের ন্যায় প্রকাশ্র নছে, কিন্তু প্রদীপাদির ন্যায় অভিধেয়ের প্রকাশকস্বরূপ। যেমন প্রদীপাদির প্রকাশ অন্য প্রকাশকের অপেকা না করিয়াই প্রকাশিত হয়, সেই প্রকার বাকাও ষয়ং প্রকাশিত, আনোর প্রকাশ্ত নহে। এ বিষয়ে এই প্রকারে অনবস্থাদোষের পরিহার শ্রুতিই করিয়াছেন—যে বাকা অর্থের প্রকাশক, দে বাক্যের প্রকাশক অন্ত আর একটি নানিলে ভাহারও অনা প্রকাশক মানিতে হয়, এইজমে অনবস্থাজনিষ হইয়া উঠে। স্বয়ং-প্রকাশ বলিলে, ঐ দোষ হয় না, ইহাই বাক্যের স্বপ্রকাশতার হেতু। অতঃপর আধা বিক্ প্রাণের বিষয় কথিত হইতেছে— মুখ ও নাসিকা ছারা সঞ্চরণযোগ্য স্বদমন্তিই প্রাণ। প্রবয়ন হেতৃ তাহাকে প্রাণ বলা হইয়াছে। মলমুক্তাদির অপনয়ন (নির্গমন) করা হেতু অধ্যেবৃত্তি বায় অপান নামে অভিহিত। এইরপ নাভি পর্যান্ত স্থায়ী এবং প্রাণ ও অপানের নিয়মনকর্ত্তা অথচ প্রাণ ও অপানের সন্ধিন্ধিত বীর্যাবিশিষ্ট কর্ম্মের (অর্থাতে অগ্নির উৎপাদন প্রভৃতি কর্মের) হেতু ব্যান। দেহের পুষ্টি ও উদ্ধানন প্রভৃতির হেতু, পাদতল হইতে মন্তক পৰ্যান্ত স্থায়ী উৰ্দাবৃত্তি বায় উদান। ভুক্ত অন্নাদি ও পীত জ্লাদির শনতাপ্রাপ্তির একমাত্র কারণ, এ জন্ম সম ও অরের পরিপাকহেতু অনু, মিনিত অর্থেকোষ্টস্থানস্থিত বায়ু সমান নামেকথিত হয়। প্রাণাদি বায়ুর সাধারণ কার্যাকে অন বলা যায়। টুহা সমস্ত শরীরের চেষ্টা সম্পাদন করে। এই পূর্বোক্ত প্রকার

প্রাণাদি বায়র বৃত্তিসমূহ এক প্রাণশন্দেই প্রতিপাদিত হইরাছে। এ স্থলে প্রাণশন্দ দারা বৃত্তিমান্ আধ্যাত্মিক বায় কথিত হওরার প্নক্তিলোম ঘটল না। বৃত্তিবিশেষের জ্ঞাপন দারাই এই প্রাণের কর্ম উক্ত হইল। এতাবজা আধ্যাত্মিক মন, বাক্ ও প্রাণস্বরূপ তিন প্রকার অন্ন ব্যাপ্যাত হইল। এই যে আত্মা (শরীর), যাহা অবিবেকী ব্যক্তি কর্তৃক আত্মারূপে অভিমত, ইহা এই মন, বাক্ ও প্রাণের বিকারস্বরূপ অর্থাৎ প্রক্ষাপতির মন, বাক্ ও প্রাণের দারা উৎপাদিত, কার্যা ও কারণসমন্তিরূপী। 'এত্মার, এই শব্দ দারা সামান্তরূপে কীর্ত্তন করিয়া পরে বাত্মন্ত, মনোমন্ন ও প্রাণমন্ন এইরূপে বিশেষ করিয়া, প্রাণের বিবৃত্তি করা হইরাছে॥ ৩॥

ত্রয়ো লোকা এত এব বাগেবায়ং লোকে। মনোহন্তরিক-লোকঃ প্রাণোহসে লোকঃ ॥ ৪ ॥

অতঃপর প্রজাপতির দেই মন, বাক্ ও প্রাণরপ তিনপ্রকার তারের আধি-ভৌতিক বিস্তার অভিহিত হইতেছে। ভূঃ, ভূবঃ, স্বঃ নামক তিন লোক. ইহারা বাক্, মন ও প্রাণম্বরপ। ত্যাধ্যে ভূলোকই বাক্, মনই ভূবলোক আর প্রাণ স্বর্লোক ॥ ৪ ॥

ত্রয়ো বেদা এত এব বাগেবপ্থে দে। মনো যজুর্বেদঃ প্রাণঃ সামবেদঃ॥ ৫॥

সেই প্রকার তিন বেদ বাক্, মন ও প্রাণস্বরূপ। ত্যাধ্যে বাক্ই ঋগ্রেদ, মনই বজুর্বেদ ও প্রাণ সামবেদস্বরূপ। ৫॥

দেবাঃ পিতরো সন্মা। এত এব বাগেব দেবা মনঃ পিতরঃ প্রাণো মনুষ্যাঃ॥ ৬॥

দেব, পিতৃ, মনুষ্য ইহারা ব্যাক্রমে প্রজাপতির বাক্, মন ও প্রাণস্করপ ॥ ৬॥

পিতা মাতা প্রজৈত এব মন এব পিতা বাদ্ধাতা প্রাণঃ প্রজা ॥ ৭ ॥

পিতা, মাতা ও সন্তান ইহারাও উক্ত বাগাদিষরপ। মনই পিতা, বাক্ই মাতা ও প্রাণ সন্তানরূপে ক্ষিত হয়॥ । বিজ্ঞাতং বিজিজ্ঞাস্তমবিজ্ঞাতমেত এব যৎ কিঞ্চ বিজ্ঞাতং বাচস্তজ্ঞাপং বাগ্ বি বিজ্ঞাতা বাগেনং তদ্ভূত্বাহ্বতি ॥ ৮॥

ষাহা কিছু জ্ঞাত, জিজ্ঞাসিত (জ্ঞানেচ্ছার বিষয়ীভূত) ও অবিজ্ঞাত, ইহারাও বাগাদিষরপ; তন্মধ্যে যাহা কিছু বিজ্ঞাত, (রিম্পটরপে জ্ঞাত) তাহা বাক্রের রূপ। এ বিষয়ে শ্রুতি সম্বংই হেতু প্রদর্শন, করিতেছেন, মেহেতু অন্তের প্রকাশক, এ জন্য বাক্ বিজ্ঞাতা। যে অত্যের বিজ্ঞাপক, সে কি প্রকারে অবিজ্ঞাত হইবে ? "বাক্য ধারাই সমাট্ বা বন্ধ পরিজ্ঞাত হর", ইহা পরে ক্ষিত হইবে। একপে বাক্যের বিশেষত্বিৎ পুক্ষের ফল বলা হইতেছে— এই যথোক্ত প্রকার বাক্যের মহিমা যে জানিতে পারে, তাহাকে বাক্ বিজ্ঞাত হইয়া পালন করে অর্থাৎ বাক্ বিজ্ঞাতরূপে তাহার উপভোগ্য হয়, ইহা শতির তাৎপর্য্যার্থ॥ ৮॥

যৎকিঞ্চ বিজিজ্ঞাদ্যং মনসন্তজ্ঞপং মনে। হি বিজিজ্ঞাদ্যং মন এনং তদুত্বাহ্বতি॥ ৯॥

এই প্রকার যাহা কিছু অস্পষ্ট বিষয়কে স্পষ্টভাবে জানিতে বাসনা হয়, তৎসমস্তই মনের রূপ। যেহেতু, মন সর্বাদাই সন্দিগ্ধ বিষয়াকারে থাকে, এই জ্বন্থ বিজ্ঞান্ত শব্দে কথিত হয়। বাক্যের মত মনের বিভৃতিবেতা প্রক্ষের ফল এই বে—মন বিজ্ঞান্তস্বরূপ হইয়া ঐ পুরুষকে পালন করে, অর্থাৎ বিজ্ঞান্তস্বরূপে অন্নাকারে পরিণত হয়॥ ১॥

যৎ কিঞ্চাবিজ্ঞাতং প্রাদাস তক্রপং প্রাণো হবিজ্ঞাতঃ প্রাণ এনং তদ্ভূত্বাহবতি॥ ১০॥

সেই, প্রকার যাহা কিছু বৃদ্ধ অবিজ্ঞাত (বিজ্ঞানের অবিষয়) অথচ সন্দেহের বিষয়ও নহে, তাহাই প্রাণের রূপ। এ বিষয়ে শতিই হেতু নির্দেশ করিতেছেন।— থেহেতু, প্রাণ অবিজ্ঞাত অর্থাৎ শ্রুতিতে অনিক্ষক্ত-(অনির্দেপত) রূপে উক্ত হইয়াছে, এ জন্য অবিজ্ঞাতস্বরূপ। বিজ্ঞাত, বিজ্ঞিজাত ও অক্জিলতরূপে বাক্, মন ও প্রাণের স্পষ্ট বিজ্ঞাগ থাকিতে যে "এয়ো লোকা" ইত্যাদি বাক্য ধারা বিজ্ঞাগ কর্মা হইরাছে, তাহা বাচনিক; খ্যানের জক্ত সকল স্থলেই

বিজ্ঞাতাদি রূপবিভাগ দেখিতে পাওয়া বায়, অতএব লোকএয়াদিরূপ বিভাগের যে কীর্ত্তন করা হইরাছে, উহার উদ্দেশ্য—তদ্ধপে নিয়মিত ধ্যান। প্রাণ উক্ত প্রকার অবিজ্ঞাতস্বরূপে প্রাণবিৎ পুরুষের অর হয়। যেমন আচার্য্য বা পিএাদি শুরুজন, শিশ্য ও পুরাদির অজ্ঞাতভাবে উপকার করিয়া থাকেন কিন্তু তাহা শিশ্য-পুরাদির সন্দেহের বিষষ্ট হয়, অর্থাৎ ইহারা আমাদের উপকার করিয়াছেন কিনা, এইরূপ তাহাতে সন্দেহের, অবকাশ থাকে, সেই প্রকার সন্দিহ্মান মন ও অবিজ্ঞাত প্রাণের অয়য় উপপর হয়। ইহার ভাব এই য়ে,—ভোগ্যত্থলাতের জন্য বিজ্ঞানের আবশ্রকতা নাই, উপকার করিলেট্র বস্তু ভোগ্য হইতে পারে। মে প্রকার বাল্যাবস্থাদিতে পুরাদির শিত্রাদিরুত উপকারের জ্ঞান থাকে না, কিন্তু প্রকৃতপক্ষে তাহারা সেই উপকারে উপকৃত হইয়া থাকে, সেই প্রকার মন ও প্রোণ সন্দিহ্মান ও অবিজ্ঞাত হইয়াও ভোগ্য হইতে পারে, ইহা অসম্বত

তদ্যৈর বাচঃ পৃথিবী শরীরং জ্যোতী রূপময়মগ্রিস্তদ্যাবত্যেব বাক্ তাবতী পৃথিবী তাশানয়মগ্রিঃ॥ ১১॥

বাক্, মন ও প্রাণের আধিভৌতিক বিস্তার ব্যাণ্যাত হইল। অতঃপর আধিদৈবিক বিস্তার জানাইবার জন্ম এই শ্রুতির আরম্ভ হুইতেছে। প্রজাপতির অন্নর্মপে প্রস্তাবিত সেই এই বাক্যের পৃথিবী শরীর (বাহ্ন আধার), এই অগ্নি, নাক্যের প্রকাশময়, জ্যোতিঃম্বরূপ ইন্দ্রিয়; ইহা পৃথিবীর আধেয়, এই পাথিব অগ্নি ছই প্রকার অর্থাৎ প্রজাপতির বাক্যের কার্য্য ছই প্রকার;—একটি অপ্রকাশরূপ আধার এবং অপর প্রকাশময় ইন্দ্রিয় আধেয়। মৃতরাং পৃথিবী ও অগ্নি, এই উভয় প্রজাপতির বাক্ষরূণ। অধ্যায় ও অগ্নিভূতরূপে বিভক্ত নাক্ অপেকা বিভিন্ন এই আগিনৈবিক বাক্ যাবংগরিমাণবিশিষ্ট হয়, তাবংখনেই আগাররূপে পৃথিবী তাবংপরিমাণে অবস্থিত থাকে। এই ইন্দ্রিয়রূপ আধেয় অগ্নিও জ্যোতিঃম্বরূপে পৃথিবীর মধ্যে প্রবিষ্ট হইয়া তাবংপরিমাণ হয়। উত্তর বাক্যে এইরূপ সমপরিমাণবিশিষ্টতা জানিতে হইবে॥ ১১॥

অথৈতিস্য মনসো ভৌঃ শরীরং জ্যোতী রূপমসাবাদিত্যস্তদ্যা-বদের মনস্তাবতী ভৌস্তাবানসাবাদিত্যস্তো মিথুন্ত সুমৈতাং ততঃ প্রাণোহজায়ত স ইন্দ্রঃ স এবোহসপত্নো দ্বিতীয়ো বৈ সপত্নো নাস্য সপত্নো ভবতি য এবং বেদ॥ ১২॥

প্রজাপতির অন্নরপে কথিত দেই মনের শরীর ছালোক, উহা কার্যাভূত আধার ও জ্যোতিংহরপ ইন্দ্রির আধেয়। সেই জ্যোতিং আদিত্য। অধাত্ম ও অবিভূত মন যাবংপরিমাণবিশিষ্ট, তাবংপরিমাণে বিভূত, ঐ জ্যোতির্শায় ইন্দ্রিয়-রূপী ছ্যালোক মনের আধাররূপে অবস্থিত এবং জ্যোতিঃস্বরূপী ইন্দ্রিয়াত্মক আধেয় আদিত্যও তাবংপরিমাণ। দেই আগি ও আদিত্য--বাহা আধিদৈবিক বাক্ ও মন রূপে প্রতিপাদিভ হইল, উহারা মাতাপিতার মত প্রস্পর সঙ্গত হইয়া আছে। "মনোরূপী আদিত্যনামক পিতা কর্তৃক উৎপাদিত এবং বাক্ষরূপা অগ্নিনামী মাতা কর্তৃক প্রকাশিত কার্যা করিব," এই প্রকার প্রত্যেকে অভি-সন্ধি করিয়া এই পৃথিবী ও আকাশের মধ্যে সেই আদিতা ও অগ্নি পরস্পর সঙ্গত হইয়াছিল। সেই মিলন হইতে প্রাণবায়ুর উৎপত্তি হয়,—জীব বাহার সাহায্যে কর্ম্মের জন্ম চেষ্টা করিয়া থাকে, সেই জাত প্রাণই ইন্দ্র অর্থাৎ পরমেশ্বর; কেবল ইন্দ্র নহে, অসপত্মও বটে অর্থাৎ্র অজাতশক্র। প্রতিপক্ষরূপী দিতীয় ব্যক্তিকেই দপত্ন বলা যায়। দিতীয় বর্ত্তমান থাকিলেও অর্থাৎ বাক্ ওমন বিতীয় বর্ত্তমান থাকিলেও তাহারা শত্রুতা করে না; বরং প্রাণের অমুক্নতাই করে—বাকা ও মন অধ্যাত্ম-প্রাণের মতই আমুক্লা করিয়া থাকে। একণে প্রাসঙ্গিকরূপে প্রাণের অসপত্রত্ববিজ্ঞানের ফুল ক্থিত হইতেছে।—বে ব্যক্তি এই অসপত্নজ্ঞানী হয়, তাহার প্রতিপক্ষতা কেহ করে না ॥ ১২ ॥

অথৈতস্য পাণস্যাপঃ শরীরং জ্যোতী রূপমদে চন্দ্রস্তদ্-যাবানেব প্রাণস্তাবত্য আপস্তাবানদে চন্দ্রস্ত এতে সর্ব্ব এব সমাঃ সর্বেহনস্তাঃ স যো হৈতানন্তবত উপাস্তেহন্তবন্তখ স লোকং জয়ত্যথ যো হৈতানন্তামুপাস্তেহনত্তখ স লোকং জয়তি॥১৩॥

এই প্রজাপতির অন্তরণে প্রস্তাবিত প্রাণের শরীর জল, কিন্তু পরবাক্যে প্রজাকরণের কর্পে বক্ষামাণ প্রাণের শরীর জল, ইহা বলা বক্তব্য নহে। শরীর কার্য্যকারণের আশ্রয়, পূর্ববং জ্যোতির্শার চক্ত ইন্তির আধ্রেয়। প্রাণ যে পরিমাণে অধ্যাত্ত্বঅধিস্কৃতাদিরপে, বিভিন্ন, সেই শ্রীরে তাবংপরিমাণবিশিষ্ট জল বর্ত্তমান, চক্তও

जावरभित्रमान (मह जनक्री नेवीत ब्याध्यक्राप धर्विष्ठ व्याह्य। (महे हेक्कियक्रमी চন্দ্র, অধ্যাত্ম ও অধিভূত তাবংশরীরব্যাপক। পিতা পাঙ্ক কর্ম ছারা বাক্, মন ও প্রাণ এই তিন অন্ন সৃষ্টি করিয়াছিলেন। এই তিন, প্রকার অন্ন দারা অধ্যাত্ম ও অধিভূত জগৎ ব্যাপ্ত আছে। এতদ্তির কার্য্য বা কারণস্বরূপ আর কিছুই নাই। স্থানুরাং এই সমস্তই প্রজাপতিস্বরূপ। এই বাক্, মন ও প্রাণ ইহারা সকলেই তুলাভাবে ব্যাপক অর্থাৎ অধ্যাত্ম ও অধিভূত সমস্ত প্রাণীর ব্যাপক। এই জন্ম ইহারা অনস্থ—সংসারের চরমকাল পর্যান্ত স্থায়ী। যেহেতু, কার্য্য ও কারণ ব্যতিরেকে সংসারের পুথক সভা থাকে না. এই জন্ম বলা হইয়াছে, উক্ত প্রাণ প্রভৃতি সকলই কার্য্য-কারণস্বরূপ। যে ব্যক্তি প্রজাপতির আত্মন্ত্রপ এই বাক, মন ও প্রাণকে পরিচ্ছিরজ্ঞানে—অধ্যাত্ম বা অধিভূতরূপে উপাসনা করে, সে সেই প্রকার উপাসনার অফুরূপ নশ্বর লোক হুর করে, অর্থাৎ পরিচ্ছিন্নরূপে হুন্যগ্রহণ করে। ইহার অর্থ—ইহাদের আত্মস্বরূপ প্রাপ্ত হয় না। আর যে সকল পুরুষ এই সকল বাকু, মন প্রভৃতিকে সর্বপ্রাণীর আত্মস্বরূপ ও অপরিচিন্ন মনে করিয়া উপাসনা করে, সে অনস্ত-लाक्डे क्य करत्। ১७॥

দ এষ সংবৎসরঃ প্রজাপতিঃ যোড়শকলস্তদ্য রাত্রয় এব পঞ্চদশকলা ধ্রুবৈবাস্য ষোড়শী কলা স রাত্রিভিরেবা চ পূর্য্যতেহপ চ ক্ষীয়তে সোহমাবাস্যাত্ত রাত্রিমেত্য়া ষোড়শ্যা কলয়া সর্বামিদং প্রাণভূদমুপ্রবিশ্য ততঃ প্রাতর্জায়তে তক্মাদেতাত রাত্রিং প্রাণ-ভূতঃ প্রাণং ন বিচ্ছিন্দ্যাদ্পি কুকলাসন্যৈত্স্যা এব দেবতায়া অপচিত্যৈ॥ ১৪॥

ইতঃপূর্বে বলা হইয়াছে যে, পিতা পাঙ্কু কর্ম বারা সাত প্রকার অন্ন স্বাষ্ট্র করিবা পরে নিজের জন্য তিন প্রকার অন্ন স্বাষ্ট্র করিবাছিলেন। সেই मकल विद्यापि आज পांड्क कर्पात क्लबत्त्रभ, हैरोड वार्थां उ रहेब्राइ। প্রশ্ন হইতে পারে যে, উহারা কিরুপে পাঙ্ক কর্মের ফল ? ,উত্তর,—যেহেতু, শেই তিনেরও পাঙ্কতা অবগত হওয়া বায়; কারণ, তাহাঁতে বিভ, কর্ম, कांका, काहा ७ शकात करूजान, कारह। छन्। एकारा श्रीकी धारा कश्चिमांछा, (साहा) मिन (आकान) ७ आमिका भिका (आबा) जन्द जह खेडरहर मधानहीं

প্রাণ, তাহা প্রন্ধা, ইহা পূর্বে ব্যাখ্যাত হইয়াছে। কিন্তু তাহাতে বিভ এবং কর্ম্মের অন্তর্ভাব কিরূপে হইতে পারে ? তাহাই দেখাইতে হইবে; এই জন্ম এই শ্রুতির আরম্ভ হইরাছে। যে পূর্বোক্ত তিন প্রকার অন্নময় প্রজাপতি, ইনিই সম্বংসরম্বরূপ অর্থাৎ সম্বংসররূপে বিশেষ করিয়া নির্দিষ্ট হইতেছেন। ইঁহার ষোলটি কলা (অবন্ধব) বর্তমান, এ জন্ম তিনি ষোড়শকল সহৎসরকালরপী। সেই কালরপী প্রকাপতির বাত্রি অর্থাৎ পঞ্চদশ তিথিরপ অহোরাত্রই কলা। আর যে ষোড়না (রোড়ণ সংখ্যার পূরণীভূত) কলা, ইহা নিত্যরূপেই অবস্থিত, ইহ্লার ক্ষ-বৃদ্ধি নাই। সেই চক্রমাপ্রজাপতি তিথিশ্বরূপ পঞ্চদশকলা • বা রাত্রির ছারা • পূর্ণ হয় এবং ক্ষীণ হয় অর্থাৎ শুরুপক্ষে প্রতিপদাদি বুদ্ধিপ্রাপ্ত কলা ছারা ভাবৎপর্যান্ত বুদ্ধি প্রাপ্ত হইতে থাকেন, যাবৎপর্যান্ত পৌর্থমাসীতে সম্পর্ণমণ্ডল না হন এবং কৃষ্ণপক্ষে ক্ষীয়মাণ কলা থারা অমাবস্তাতে নিত্য অবশিষ্যমাণ অমানামী বোড়ণী কলার অবস্থিতি পর্যান্ত ক্ষীণ হইতে থাকেন। সেই কালরপী প্রজাপতি প্রতি অমাবস্তা-রাত্রিতে সেই ষোড়শী নিত্যকলার সহিত এই সমস্ত প্রাণীতে প্রবেশ করিয়া যে জল পান এবং ওষধি ভক্ষণ করেন, সেই সমুদ্রকে ওষধিরূপে ব্যাপিয়া, অমাবস্থার রাত্রিতে অবস্থিতি করত পরদিন প্রাতঃকালে দিতীয় কলাসংযুক্তরূপে উৎপন্ন হন। এই প্রকারে সেই প্রজাপতি পাঙ্ ক্রম্বরূপতা প্রাপ্ত হন। তাৎপর্য্য এই যে-প্রজাপতির বে মন, বাক্ ও প্রাণ এই ত্রিবিধ অন্ন নি দিন্ত হইয়াছে, ভ্রমধ্যে দিব্ ও আদিত্যরূপী মন সেই প্রাণের পিতা, পুথিবী ও অগ্নি—বাগ্রূপিণী জায়াপ্রাণের মাতা, প্রাণ তাহাদের পুত্র, আর যে চল্লের পঞ্চদশ তিথিরপিণী কলা, তাহাই তাঁহার বিত্ত জানিবে; যেহেতু, বিত্তের স্থায় চল্লের কলা বৃদ্ধিক্ষমযুক্ত। সেই কলারূপী কালাবয়ব জগতের পরিণামকার্য্য সম্পাদন করে, এই জন্ম কলার ক্রিয়া কর্ম নামে অভিহিত হয়। এই প্রকারে প্রজাপতি মুম্পূর্ণতা লাভ করেন, "আমার জারা হউক, আমি জনিব; আমার বিত্ত হউক, আমি কর্ম করিব;" এই প্রকার কামনার অনুদ্ধণ ণাঙ্ক্ত কর্মের ফলরূপে তিনি পরিণত হন। কার্য্যাত্রই কারণের অনুগামী, এইরপ লৌকিক নির্মণ্ড আছে ; স্থতরাং তাঁহার কার্য্যরূপে বর্ত্তমান থাকা অসম্ভব নহে। এই চন্দ্র অমাবস্তার রাত্রিতে অমানান্নী একটি জবকলাবিশিষ্ট হইরা সমস্ত, প্রাণীতে অনুপ্রবিষ্ট হইবা থাকেন, এই হেডু জ্বমাবস্থার রাজিতে কোন প্রাণীর হত্যা क्तिएक मारे। अध्यम कि, कुक्नारमस्य आवित्यांग कर्त्वा नरह। यविञ

ক্ষণাস স্থভাবতই পাপাত্মা এবং তাহার দর্শন অমঙ্গলহচক, এই জন্ম লোকে তাহার দর্শনমাত্রে হিংসা করিয়া থাকে, তথাপি অমাবভায় তাহারও হত্যা নিষিদ্ধ। এই হুলে বাদী আপত্তি করেন যে, যথন প্রাপিমাত্রের হিংসাই শাস্ত্রে নিষিদ্ধ। এই হুলে বাদী আপত্তি করেন যে, যথন প্রাপিমাত্রের হিংসাই শাস্ত্রে নিষিদ্ধ হইয়াছে, যথা,—"সং অতিথিসমাসম ব্যতিরেকে সমস্ত প্রাণীর হিংসা না করিয়া" ইত্যাদি কথা হারা কেবল অমাবভায় ক্ষলাদের হিংসা নিষিদ্ধ; পরস্ক অন্ত তিথিতে ক্ষলাসের হিংসা শাস্ত্রের অন্ত্র্যুক্ত, ইহা হুচিত হইয়া থাকে। তাহা হুটলে কোন প্রাণীর হিংসা করিবে না, এই সামাভ্য শাস্ত্রার্থের সহিত্র বিরোধ হইয়া উঠিল। সিদ্ধান্তবাদী তাহা স্থীকার করিয়া কহিতেছেন, প্রাণিমাত্রের হিংসাই সামাভ্যতঃ নিষিদ্ধ হুইয়াছে সত্যা, পরস্ক অমাবভাতে হিংসার নিষেধবাক্য—অন্ত তিথিতে হিংসার কর্ত্রব্যতাবোধক নহে এবং ক্ষলাসের হিংসাবিষয়েও উরূপ মীমাংসা নহে। তবে এই পূর্ব্বোক্ত সোমদেবতার মাহাত্র্যা-প্রদর্শনার্থ ই উরূপ বলা হুইয়াছে॥ ১৪॥

বা বৈ স সংবৎসরং প্রজাপতিং ষোড়শকলোইয়মেব স বোহয়মেবংবিৎ পুরুষস্তৃদা বিত্তমেব পঞ্চদশকলা আত্মৈবাস্য ষোড়শী কলা স বিত্তেনৈবা চ পূর্য্যতেহপ চ ক্ষীয়তে তদেতমভ্যং যদয়মাজা প্রাধিবিত্তিং তন্মাদ্যত্যপি সর্ববজ্ঞানিং জীয়ত আজ্মনা চেজ্জীবতি প্রধিনাগাদিত্যেবাহুং॥ ১৫॥

প্রের্ম হইতেছে—পূর্ব্বে বাঁহাকে পরোক্ষভাবে নির্দ্দেশ করা হইরাছে, থিনি পূর্বের্ম সম্বংররূপে বর্ণিত বোড়ণ করাবৃক্ত প্রজাপতি, তিনি নিতান্ত প্রোক্ষ নহেন, মনে করা উচিত; কারণ, ভাঁহাকে প্রত্যক্ষভাবে উপলব্ধ করা বাইতেছে। তবে তিনি কে ? উত্তর যিনি নিজেকে পূর্ব্বেক্তি ত্রিবিধ অল্লময় প্রজাপতিস্বরূপে জানেন, তিনিই সেই প্রাজাপত্য আত্মবিৎ পূর্ক্ষ । পূনশ্চ প্রের্ম এই নে—কোন্ সাধারণ ধর্মায়ুলারে সেই সম্বংসরকে প্রজাপতি বলা হইল ? উত্তরে বলা ধার—ত্রুজানবান্ পূর্ক্ষের গ্রাদি বিত্তই পঞ্চদশ কলা। যেহেতু, চল্রের পঞ্চদশ কলার স্তায় ঐ বিত্তেরও বৃদ্ধি এবং ক্ষরূপ ধর্ম আছে। বিত্তনাধ্য কর্মণ্ড প্রক্ষের ক্ষমতা-(পূর্বতা) সাধনের জন্য অনুষ্ঠুত হইয়া থাকে। এই জ্ঞানবান্ পূর্ক্ষের এই শ্রীরই কোড়েশী কলা, চল্লের ক্ষায়ুক্ত কার ত্রা। পুরুষ চল্লের স্থায় বিত্ত থারা বৃদ্ধি-ক্ষম্মুক্ত হয়, ইহা জগতে প্রিদ্ধ আছে। শ্রীর যে নিত্য-কলা-ভানীয়, ইহা রথচজ্বের দৃষ্টান্ত ছারা

শেষ্টীকৃত হইতেছে। ইহাই নভ্য নাভির হিত বা নাভির (চক্রদণ্ডের মধ্য) যোগ্য। কে সে? উত্তর—বে এই আত্মা শরীর। ইহার ভাব এই যে, শরীর-পিণ্ড চক্রস্থানীয়। বিত্তই তাহার প্রধি, (চক্রপ্রান্ত) পরিবার্স্থানীয়, যেহেতু বাহ্য। যেমন চক্রের অর, নেমি প্রভৃতি কাষ্ঠথণ্ড চক্রকে বহির্ভাগে বেইন করিয়া থাকে, সেইরূপ এই শরীর আত্মাকে বিত্ত ধারণ করিয়া রাখে; সেই হেতু যদি ধনীর সর্ক্রশ্বের অপহরণ হয়, তবে আত্মা গ্লামিপ্রাপ্ত হয়, পরন্ত বদি চক্রমাভিস্থানীয় শরীরমাত্রে জীবিভ থাকে, তবে ঐ কালে আত্মা "এই বাক্তি ক্ষীণ," এই বোধে প্রবিস্থানীয় পরিবার-বর্গ ব্যক্তি কর্তৃক বিবৃক্ত হয়, যে প্রকার চক্র অর নেমি বিষুক্ত হইলে চ্পুশাপ্রাপ্ত হয়। ইহা শান্তকারগণ বিদ্যা থাকেন, জীব জীবিভ থাকিলে অর-নেমি-স্থানীয় বিত্ত দারা প্রক্রার বৃদ্ধি প্রাপ্ত হইতে পারে ইহা শতির অভিপ্রায়॥ ১৫॥

অথ ত্রয়ে। বাব লোকা মন্থ্রুলোকঃ পিতৃলোকে। দেবলোক ইতি সোহয়ং মনুষ্যলোকঃ পুলেণৈব জন্যে। নান্তেন কর্মণা কর্মণা পিতৃলোকে। বিভয়া দেবলোকে। দেবলোকে। বৈ লোকানাভ শ্রেষ্ঠস্কমাদ্বিভাং প্রশিভ সন্তি॥ ১৬॥

প্রকাবে দৈব, বিত্ত এবং বিছার সহিত মিলিত পাঙ্কু কর্মবিশিষ্ট হইয়া প্রজাপতি ত্রিবিধ অন্নময়স্বরূপ প্রাপ্ত হন, ইহা ব্যাথাত হইয়াছে। তৎপরে জায়ানি বিত্ত পরিবারস্থানীয়, ইহা বলা হইয়াছে। দেই স্থলে পুত্র, কর্ম ও অপরা বিছা কেবল লোকপ্রাপ্তির প্রতি কারণ, ইহা সামান্তভাবে বর্ণত হইয়াছে, কিন্তু পুত্রাদির লোকপ্রাপ্তিরপ ফলবিষয়ে, বিশেষ কার্য্যকারণভাব উক্ত হয় নাই; অতএব পুত্রাদিরপ সাধনের কার্যাবিশেবের সহিত সম্বর্ম বলা উচিত। এই জন্ত এই উত্তর-কান্তিকার অবতারণা হইতেছে। শ্রুতিস্থ 'অথ' শর্ম বাক্যান্তর-উপন্তাসের স্টক। "বাব" এই শব্দ অবধারণের জন্য প্রমুক্ত। শাস্ত্রোক্ত সাধননি,প্রান্ত লোক তিন প্রকারই, অর্থাৎ তাহা হইতে ন্যুন বা অধিক নহে। সেই লোক কি কি ? ইহা কহিতেছেন—মন্ব্যুলোক, পিতৃলোক ও দেবলোক। সেই তিন লোকের মধ্যে মন্ত্র্যুলোক পুত্ররূপ সাধন দারা অর্জন করা যায়। যে প্রকারে মন্ত্র্যুলোক পুত্ররূপ সাধন দারা প্রাণ্য, কর্ম বা বিছ্যান্ত্রপ অন্তর্ম সাধনসাধ্য নহে, ইহা পরে বলা হইকে। একমাত্র অ্যাহোত্রাদিরূপ কর্ম ঘারাই পিতৃলোক লাভ ইয়া যায়, উহা পুত্র বা বিছ্যান্যাধ্য নহে। দেবলোক বিছ্যা-(জ্ঞান)

মাত্র সাধ্য, পুত্র বা কর্ম তাহার সাধন নহে। এই লোকত্রমেয় মধ্যে দেবলোকই প্রশস্ততম। এই দেবলোকের সাধন বলিয়াই পণ্ডিতগণ বিষ্ণার প্রশংসা করিয়া থাকেন॥ ১৬॥

অথাতঃ সম্প্রতির্ঘন প্রৈয়ানাগতেহথ পুত্রমাহ ত্বং ব্রহ্ম ত্বং যজ্ঞত্বং লোক ইতি সংপুত্রঃ প্রত্যাহাহং ব্রহ্মাহহং যজ্জোহহং লোক ইতি যদৈ কিঞ্চানৃক্তং তদ্য সর্বিদ্য ব্রহ্মেত্যেকতা।

যে বৈ কে চ যজ্ঞান্তেষাভূ সর্বেষাং যজ্ঞ ইত্যেকতা যে বৈ কে চ লোকান্তেষাভূ সর্বেষাং লোক ইত্যেকতৈতাবদ্ধা ইদ্দ্র সর্বেমেতন্মা সর্বান্ত সন্ময়মিতোহভূজনদিতি তম্মাৎ পুল্রমন্থূশিষ্টং লোক্যমাহন্তম্মাদেনমন্থূশাসতি স যদেবংবিদম্মান্নোকাৎ প্রৈত্য-থৈভিবেব প্রাণৈ সহ পুল্রমাবিশতি। স যন্থানেন কিঞ্চিদহক্ষ্মা কৃতং ভবতি তম্মাদেনভ সর্বিমাৎ পুলো মুঞ্চতি তম্মাৎ পুলো নাম স পুল্রেণবাম্মিলাকে প্রতিতিষ্ঠত্যথৈনমেতে দেবাঃ প্রাণা অমৃতা আবিশন্তি॥ ১৭॥

এইরপে সাধ্য লোকত্রররপ বিভিন্ন ফল অনুসারে পুত্র, ধর্ম ও বিভারপ সাধনত্রর শান্তে নির্দিষ্ট ইইরাছে। পুত্র ও কর্মসিদ্ধির জন্মই জায়ার প্রয়োজন, স্কতরাং মতর সাধনরপে উহা উল্লিখিত হর নাই এবং বিত্তও কর্মের মাধন, স্বতর সাধননহে। একণে আপত্তি হইতেছে বে, বিভা ও কর্ম যে লোকত্রর জয় করিয়া থাকে, তাহা স্বরূপলাভ বারাই অর্থাৎ বিভাও কর্ম নিম্নে সিদ্ধ হইলেই সঙ্ঘটিত হয়, ইহা প্রসিদ্ধ, কিন্তু পুত্র ক্রিয়াম্বরূপ নহে, তবে কি প্রকারে তাহার লোকজয় করিবার শক্তি জানা যাইবে ? অতএব তাহাই বলা উচিত, এই জন্ম পরবর্ত্তী প্রতির আরম্ভ হইতেছে। শুতিস্থ সম্প্রতিশব্দের অর্থ সম্প্রদান। সম্প্রতি শন্দা কর্মাণবিশেরের নাম। পিতা পুত্রের উপর এই প্রকারে আত্র্যাপার অর্পণ করিয়া থাকেন। এই জন্ম এই কর্ম সম্প্রতি নামে কথিত হইয়াছে। ত ক্র্ম কথন কর্ম্বর্ত্তা প্রতির শ্রুতি কহিতেছেন, সেই পিতা যৎকালে মৃত্যুস্টক অরিষ্ট—ছংস্বপ্লাদি দর্শন করিয়া "আমি মরিব," এই প্রকার মনে করেন, সেই সম্বেপ্রত্বকে আহ্বান করিয়া বিদ্যা থাকেন, "তুমি বন্ধ," "তুমি বক্ত,"। "তুমি লোক।"

পূল্র পিতা কর্ত্বক এই প্রকার অভিহিত হইরা বলে—"আমি ব্রহ্ম," "আমি বজ্ঞ, আমি লোক," যেহেত্, ও পূল্ল পূর্বেই পিতা কর্ত্বক উপদিষ্ট হইরা জানিয়াছে যে, ইহা আয়ার বক্তব্য অর্থাৎ পিতার উচ্চারিত ও শব্দত্রের প্রতিবচন ছারা পিতাকে প্রতিবেধন করা আমার কর্ত্বয়। তাৎপর্য্য এই—পিতা যে অধ্যয়নাদি ব্যাপার সম্পূর্ণ করিতে পারেন নাই, আহা আমার উপর ক্রপ্ত করিয়াছেন। পূল্ল এইরাপ জানিয়াই প্রতিবচনে, "আমি ব্রহ্ম," ইত্যাদি তিনটি বাক্য প্রয়োগ করিয়াছে। এই বাক্যত্রেরের অর্থ তিরোহিত (অম্পেষ্ট), এই বিবেচনা করিয়া, শ্রুতিই তাহয়র ব্যাখ্যার জন্ম প্রত্ত হইয়াছে। যে কিছু অবশিষ্ট, অফুক্র, অধীত বা অনধীত তৎসমন্তই 'হং ব্রহ্ম' এই উক্তির অন্তর্গত ব্রহ্মণদে মিশিয়া আছে। পিতার উর্জ্বপ উক্তির অভিপ্রান্থ এই—"এতাবৎকাল আমার বেদশাল্পে যে অধ্যয়নরূপে ব্যাপার কর্ত্বর্য ছিল, তাহা আমার এই মরণের পর তোমারই হউক।

সেই প্রকার,যে কোন বজ্ঞ অমুষ্ঠের হইরাও, আমার দারা অমুষ্ঠিত বা অনুমুষ্ঠিত আছে, দেই দকল যজ্ঞ (যজ্ঞ এই একপদে দকলকেই দংগ্রহ করা হইয়াছে) আমার কর্ত্তব্য ছিল, একণে আমার মরণের প্লব তৎসমস্ত তোমার কর্ত্তব্য হউক। ধে সকল লোক আমার জেতব্য হইয়াও, আমা কর্ত্তক জিত বা অজিত, সেই সমস্ত লোক, (লোক এই শব্দে সকল লোকের একত্ব বলা হইল) আমার মৃত্যুর পর তোমার জেতব্য ৷ আমি তোমার উপর অধ্যয়ন, যজ্ঞ ও লোকজ্যরূপ কর্ত্তব্য কার্য্য অর্পণ করিলাম। আমি এক্ষণে ক্রত্ কর্মাৎ কর্ত্তব্যতা-বন্ধনের বিষয় হইতে মুক্ত হইলাম। পুত্র পূর্বে শিক্ষিত হইমাছিল বলিয়া, পিতার উক্ত সমস্ত কার্য্য সেই প্রকারই স্বীকার করিল। নাধারণতঃ পিতার এই প্রকার অভিপ্রায় হইয়া পাকে, ইহা কল্পনা করিয়া শ্রুতি কহিতেছেন—এই দক্ত এই প্রকারই इरेबा शास्त्र व्यर्थाए याटा गृशीत कर्डवा, त्यामत व्यग्नमन, यटकात व्यक्षीन ও লোকজন, সে বিষমে গৃহী ভাবিয়া থাকে, "পুত্ৰ আমার কর্ত্তব্য এই সমস্ত ভার, আমা হইতে অপসরণ করিয়া নিজের উপর স্থাপন করত, এই লোক হইতে আমাকে পালন করিবে।" ধদিও শ্রুতিন্ত "অভুনজ্ব" এই পদে ভবিষ্যৎকাল অর্থে অতীতকালবাচী নত প্রতায় নির্দিষ্ট ইইয়াছে, তথাপি তাহা বেদে কালের নিষ্মাভাববশতঃ অসঙ্গত হইল না। যেহেতু, এই প্রকার উপদিষ্ট পুত্র, কর্ত্তব্যতা-বন্ধনরূপ লোক হইতে শিতাকে মুক্ত করিবে, এই জন্য প্রাহ্মণ সকল বলিয়া থাকেন ে। অমুশিষ্ট (শিক্ষিত) পুত্র পিতার লোকসাধক। এই জনাই—"পুত্র

আমাদের লোকসাধক হইবে," এই মনে করিয়া, পিতা পুত্রকে শিক্ষিত করেন। সেই পিতা ঘংকালে পূর্ব্বোক্তরূপে শিক্ষিত পুত্রে কর্ত্তব্যতা-ক্রতু অর্পণ করিয়া, हेरानाक रहेरं अञ्चान करत, राहे ममत्र ये अञ्चाविक निक वाक्, मन ७ आंतित সহিত দে পুত্রে প্রবিষ্ট হয়। কারণ, তথন শরীররূপ উপাধিতে সর্বব্যাপী আত্মার পরিচেদ্রের (সীমাবধর্তা) হৈতৃ—মিখ্যাজ্ঞানাদির অভাবে পিতার বাক্, মন ও थान बीम चारितिविकक्राल चूर्यार পृथिवी, चर्चा ७ चानिज्यकाल धरे नमस्य জগতে প্রবিষ্ট হয়; যেমন ঘটের মধ্যস্থিত প্রদীপ ঘট ভিন্ন হইলে সমস্ত দিক প্রকাশিত করে। প্রাণের সহিত পিতা পুত্রমধ্যে প্রবেশ করে, তাহার কারণ-যেহেতু পূর্বে পিতা বাক্, মন ও প্রাণকে, "আমি অনস্ত, ধাক্, মন ও প্রাণস্কর্প, প্রত্যেক শরীরভেদে বছ বিস্তার প্রাপ্ত হইয়াছি," এই প্রকার আত্মভাবনা করিয়া-ছিলেন, সেই হেতু প্রাণের পিতার অনুসরণ করা অসঙ্গত হয় নাই এবং যেহেতু. ঐক্লপ ভাবনাকারী পিতা দর্জময়ত্বনিবন্ধন দকলের আত্মস্বক্ষপ প্রাপ্ত হইয়াছিল, মৃতরাং পুজের আত্মভূত হওয়া বিচিত্র নহে। যে পিতা বর্ত্তৃক পুত্র এই প্রকারে উপদিষ্ট হয়, সে মৃত হইয়াও, পুল্রমণে ইহলোকে বিভ্যমান থাকে। তাহার মৃত্যু অবধারণ করা কোনরূপে উচিত নহে। অন্ত শ্রুতিতেও এই প্রকার উক্ত হইয়াছে, "এই পিতার পুত্ররূপী অন্ত আত্মা পুণাকশ্বের জন্ত প্রতিষ্ঠা লাভ করে।" অতঃপর পুত্রশব্দের নির্বাচন (ব্যুৎপত্তি) উক্ত হইতেছে। যদি পিতা কথন অবশ্রকর্ত্ব্য করিতে না পারে, তবে সেই লোকপ্রাপ্তির প্রতিবন্ধক কর্ত্তব্যের ক্রটি হইতে সেই পুল পিতাকে মোচন করে অর্থাৎ পিতার অসমাপিত সমস্ত কর্ম স্বয়ং পূর্ণ করিয়া, পিতাকে ত্রাণ করে, সেই জন্ত পুজ্ঞনামে প্রসিদ্ধ হয়। পিতার ছিন্ত (অসমাপিত কর্ম) বয়ং সংশোধন করিয়া, পিতাকে যে ত্রাণ করা হয়, ইহাই পুত্রের প্রকৃত প্রত্থ। পিতাও মৃত হইয়াও এই প্রকারে পুত্র ঘারাই অমৃত্ত প্রাপ্ত হর, অর্থাৎ ইহলোকে প্রতিষ্ঠিত থাকে। এই প্রকারে পিতা পুত্র ছারা এই মন্তব্যলোক জয় করিতে পারে, কিন্তু বিষ্ঠা ও কর্ম ছারা দেবলোক ও পিতৃলোক জয় এই প্রকার নছে; কারণ, বিষ্ণা ও কর্ম্মের সিদ্ধি এবং সন্তা দারাই ঐ লোক্ষয় সাধিত হয়; দিল্লা-কর্মান্তরপসিদ্ধি বাতীত পুল্লের ন্তায় অপরের অর্জিত বিষ্ঠা বা কৃত কর্মকে অপেকা করিয়া লোক-জরের কারণ হর না। পূর্বের উক্ত হইয়াছে যে, পূত্র কর্ম দারা গরিক্রাত পিতার স্ক্রণরীরে প্রাক্ষাপত্য অবিনাশী বাগাদি ইক্রিয় প্রবেশ করে, কিন্তু তাহারা किकारण व्यातम करत, जाहा वना इम् नाहे. काजानत "शुबिरेवा द्वेठनः" हेजानि

শ্রুতিতে বলা হইবে। এই প্রকারে পুত্র, কর্ম্ম এবং অপরা বিষ্ণা দারা যথাযথভাবে যে মন্ত্রপ্রাকে, পিতলোক ও দেবলোকরূপ ফল সাধিত হয়, শ্রুতি স্বন্ধং তাহা প্রদর্শন করিয়াছেন। এ বিষয়ে কোন কোন বাবদৃক বাদী শ্রুতির তাৎপর্য্য বিশেষ ব্ঝিতে না পারিয়া পুত্রাদি দারা মোক্ষফলও সাধিত হয়, বলেন। শ্রুতিই তাহাদের মুখমুদ্রণ করিতেছেন। যেহেতু, "জায়া মে ভাং" ইত্যাদি বাব্যে কাম্য পাঙ্জ কর্মের উপক্রম করিয়া, পরে উপসংহারে পুত্রাদিরপ সাধ্যনের মন্ত্র্যালোকাদিরপ সাধা-বিশেষে বিনিয়োগ করিয়াছেন অর্থাৎপুত্রের কার্যা মন্ত্রয়লোক জয় নির্দ্ধারণ করিয়া মোক্ষদাধনতার বৈপরীত্যই প্রতিপ্রাদন করা হইয়াছে, অতএব উপদংহারে ইহাই নিশ্চিত হইল বে, ঋণের প্রাতি অবিধান পুরুষ•বিষয়ক, এন্ধবিদ্যাবিষয়ক নহে। এই জ্ঞু পরে বলা হইবে, "আমরা প্রজা হারা কি করিব, যে আমাদের সম্বন্ধে এই আত্মাই একমাত্র প্রাপা লোক।" কেহ কেহ বলেন,—পিতলোক ও দেবলোকের যে জয় বলা হইয়াছে, উহার অর্থ পিতৃলোক ও দেবলোক হইতে মুক্তিই এবং তাহা হইলে মিলিতরূপে অমুষ্ঠিত পুত্র, কর্ম ও অপরা বিশ্বা হারা এই তিন লোক হইতে মুক্ত হইয়া, জীব প্রমান্মার বিজ্ঞানপ্রভাবে মোক্ষ প্রাপ্ত হয়; স্কুতয়াং এইরূপে পরম্পরাসম্বন্ধে পুত্রাদি সাধনও মোক্ষকন সম্পাদন করে, ইহাই শ্রুতির অভিপ্রায়। এইক্ষণে তাহাদেরও মুখমুদ্রণের জন্ম এই পরশ্রতি আরক্ধ হইতেছে।—ইহার অভিপ্রায়,—যে পিতা পুত্রের উপর কর্ত্তব্য ভার অর্পণ করিয়াছেন, সেই পুত্রবানের অথবা কন্মীর কিয়া বাগাদি ত্রিবিধ অন্নকে থিনি আত্মজ্ঞান করেন, তাঁহার সম্বন্ধে আত্মবিস্থার ফল-প্রদর্শন। তাহা হইলে ইহুা কথনই বলা যায় না যে, ইহাই নোক্ষলম্বরূপ; কারণ, বখন ঐ বিজ্ঞানে ত্রিবিধ আলের সম্বন্ধ বর্ত্তমান এবং ঐ অন্ন জ্ঞান ও কর্ম্মাধা, অথচ তাহার পুনঃ পুনঃ উৎপত্তি শুতিতে নিন্দিষ্ট; বিশেষতঃ যথন "ঘটৈকতল কুৰ্যাাৎ ক্ষীয়েত" এই স্থলে ক্ষল প্ৰবণ : "পারীরং জ্যোতীরূপং" এই স্থলে কার্যা-করণভাবের উপপত্তি; "এবং বা ইন্মূ" এই স্থলে নামরূপে ও কর্মন্বপে উপদংহার কর। হইবাছে, স্বতরাং এ সমস্তই অসমত হইবা পড়ে, তথন নিতা মোক্ষন ঐ মিনিত পুত্র, কর্ম ও বিস্থার সাধ্য, বলা সম্পূর্ণ ভ্রম। আর এক কথা-এই পুলু, কর্ম ও বিমারপ সাধনত্র মিলিত হইয়া কোন ব্যক্তির মোক্ষফণ আবার কোন ব্যক্তির ত্রিবিধ অন্নময়তালাভ ফল সম্পাদন করে, এইরূপ ফ্রাংম একবাক্য হইতে প্রতিপাদিত হইতে পারে না; কারণ, পুজাদি দাধনের ত্রিবিধ অরময়তালাভ্রপ ফলপ্রদর্শন করাইয়াই শুভিবাকা নিবৃত্ত হয়॥ ১৭ 🚛

পৃথিব্যৈ চৈনমগ্নেশ্চ দৈবী বাগাবিশতি সা বৈ দৈবী বাগ্যয়া যদয়দেব বদতি তত্তদ্ভবতি ॥ ১৮ ॥

পৃথিবী এবং অগ্নির অধিদেবতা বাক্ এই ক্তসম্প্রতিক (পুল্লে নির্ভরকারী) পুরুষে প্রবিষ্ট হয়, যেহেতু, বাক্ সকলেরই উপাদানস্বরূপ, এজন্ত দৈবী বাক্ পৃথিবী ও অগ্নিস্বরূপ। সেই বাক্, আশাগ্মিক আসঙ্গ প্রভৃতি দোষে আক্রান্ত। রক্ষপ্ত ব্যক্তির সেই দোষ অপগত হইলে পূর্ব্বোক্ত দৈবী বাক্ সর্বব্যাপিকা হয়, যেমন জন ও প্রদীপ-প্রকাশ প্রতিবন্ধক আবরণ নপ্ত ইইলে সকল দিকে বিস্তৃত হয়। এই জন্ত বলা হইতেছে যে, পৃথিবী এবং অগ্নির অধিদেবতা বাক্, এই ক্তসম্প্রতিক পুরুষে প্রবিষ্ট হয়। সেই বাক্ মিথাাদি দোষশৃত্ত ইইলেই, শুদ্ধা বলিয়া অভিহিত হয়। দৈবী বাক্ সাহাযে। আত্মার্থে বা পরার্থে বক্তা বাহা কিছু বলিয়া থাকেন, ভাহা অব্যর্থ। এজন্য ঐ পুক্ষের বাক্ অমো্য হয়, ইহাই শ্রুতির অভিপ্রেত অর্থ॥ ১৮॥

দিবশৈচনমাদিত্যাচ্চ দৈবং মন আবিশতি তদ্বৈ দৈবং মনো যেনানন্দ্যেৰ ভ্ৰত্যথো ন শোচতি॥ ১৯॥

সেই প্রকার মন দিব্ ও আদিত্যের অধিদেবতাস্বরূপ, তাহা এই রুতসম্প্রতিক পুরুষে প্রবিষ্ট হয়, সেই মন-স্বভাবতই নির্মাণ; এই হেড়ু উহা দৈবশব্দে কথিভ হইল। এই পুরুষ মনের দারাই স্থী হয় এবং শোকাদি কারণের অসম্পর্ক হেড়ু শোকসুক্ত হয় না॥ ১৯॥

অদ্য দৈচনং চন্দ্রমদন্ট দৈবঃ প্রাণ আবিশতি স বৈ দৈবঃ প্রাণো যঃ সঞ্চরতশ্চাসঞ্চরত্তন্ট ন ব্যথতেহথো ন রিষ্যতি স এবংবিৎ সর্কেষাং ভূতানামাত্মা ভবতি যথৈষা দেবতৈবত স যথৈতাং দেবতাত সর্কাণি ভূতাত্মবস্ত্যেবত্ত হৈবংবিদ্যু সর্কাণি ভূতাত্মবস্তি ।

যন্ত্ৰ কিঞ্চেমাঃ প্ৰজাঃ শোচন্তামৈবাসাং তদ্ভবতি পুণ্যমেবামুং প্ৰাক্তিন হ বৈ দেবাৰ পাপং গ্ৰাহ্নতি ॥ ২০॥ এই রতসম্প্রতিক প্রুষ্থে দৈব প্রাণ, জল ও চল্র হই তে উথিত হইয়া প্রবেশ করে। সেই দৈব প্রাণের স্বরূপ কি ? তাহা বলা হইতেছে— যে প্রাণ প্রাণিবিশেষে কিংবা ব্যষ্টিসমন্তিরপে সঞ্চারী ও অসঞ্চারী অথবা জন্ম প্রাণিতে সঞ্চারী এবং স্থাবরে অসঞ্চারী, যাহা ছঃখের কারণে ব্যথিত হয় না, ভয় যাহাকে স্পর্শ করিতে পারে না, যাহার বিনাশ বা আঘাত করা অসন্তব, তাহাই দৈব প্রাণ। যে প্রুষ্থ এই উক্ত প্রকার ত্রিবিধ বাক্, মন ও প্রাণরপ্রশি আন্মাকে জানে, সে সকল প্রাণীর আত্মা হয় অর্থাৎ প্রাণ, মন ও বাক্সরূপ প্রাপ্ত হয়। এই প্রকারে সকল প্রাণীর আত্মানররপলাভ হেতু সর্ব্বজ্ঞ হইশা থাকে। যে প্রকার পূর্কোৎপত্ম হিরণ্যান্ড দেবতা সকলের কর্ত্তা, সেই প্রকার এই পুরুষের স্বর্জ্জ্ব ও সর্ব্বক্ত্রের ব্যাঘাও হয় না। এ বিষয়ে দৃষ্টান্ত প্রদৰ্শিত হইতেছে— যে প্রকার সকল প্রাণী এই হিরণ্যার্জ দেবতাকে যাগাদি ক্রিয়া ঘারা রক্ষা করে, অর্থাৎ পূজা করে, সেই প্রকার ঐ জ্ঞানবান পুরুষকেও সকল প্রাণী সর্বাদাই পূজা করে।

"দকল প্রাথীর আত্মা হয়," ইহা শ্রুতি বলিয়াছেন, তাহাতে এইরূপ আশস্কা হইতেছে—যদি ঐ পুরুষ সকল প্রাণীর আত্মা হয়, তবে অবশ্রই কার্য্যকারণ-(দেহেন্দ্রির) সমষ্টিরূপী হয়, এবং নিশ্চিতই সকল শ্রাণীর স্থপ-ছঃথের সহিত সম্বদ্ধ হইতে পারে। ইহার উত্তর,— ঐ জ্ঞানবান পুরুষের জ্ঞান পরিচ্ছিন্ন নহে, যাহাতে ঐ শোকাদি সম্পর্ক হইবে ৷ যাহারা পরিচ্ছিন্ন শরীরাদিতে আত্মাক্তান করে, তাহাদেরই আক্রোশার্মি কারণে হঃথ উদিত হয়। যেহেত, আক্রোশিত ব্যক্তিই বলিয়া থাকে যে, "আমি এই বাক্তি হইতে আক্রোণ প্রাপ্ত হইয়াছি," কিন্তু এই বিশান্ পুরুষ সকলের আত্মা। যে সর্বাত্মরূপে আক্রেট হয় বা সর্বাত্মা ধরিয়া আক্রোশ করিতে থারে, দেই উভয় ব্যক্তিরই প্রকৃত আত্মবৃদ্ধি নাই—সে জন্য তাহাদের হৃঃথ হইতে পারে, কিন্তু ঐ সর্কাত্মবিদের হৃঃথ উৎপন্ন হয় না। যেমন কোন ব্যক্তির মরণ হইলে ব্যক্তিবিশেষরই ছঃথ হয়। "যেইতু, পুলাদি-রূপে অভিমানই মরণজনিত হঃথের কারণ। আমার লাতা বা পুল্র মরিয়াছে, এইরপ সম্মাবিশেষের জ্ঞান থাকিলেই শোক-ছ:शांদি উৎপন্ন হইতে দেখা যায়। কিন্তু যে ব্যক্তির পূজ বা ভ্রাত্তীত্ব সম্বন্ধ নাই, ভাহার মরণ দেখিলেও চু:খ হয় কি ? সেই প্রকার অসীমাত্মদর্শী ঈশবের মমতাদিরপ হৃংথের হেতু,—মিধ্যা-कामापि मारवर व्यकारन इश्य करमा मा, रेटाई धारे अंटिए कथिए হইতেছে—এই দকল প্রাণী বে কিছু শোক করে, সেই শোকনিমিতক হঃখ के व्याचीविराधव मेहिन अम्बूक बारक । व्याहरू, लाहारमत युक्ति निविक्त्य, किंद्र

যিনি সর্বান্ত্রদর্শী পুরুষ, তাঁহার সহিত কি সংষ্ক্ত বা বিষ্ক্ত হইবে? সর্বাদাই সকলের সহিত তাঁহার অবিচ্ছিন্ন সম্বন্ধ বিশ্বমান, পরস্ক প্রাক্তাপ্রদে বর্ত্তমান এই পুরুষকে নিরতিশন্ন পুণা অর্থাৎ অভিপ্রেত হুভফ্টেই প্রাপ্ত হয়। দেব-তাকে কথন পাপ আক্রমণ করে না, তাহার পাপফল হওয়ার অবসর নাই; হুজ্জভ হুঃথ তাহাকে আক্রমণ করিতে পারে না॥ ২০॥

অথাতো ত্রতমীমাশুদা, প্রজাপতিই কন্মাণি সক্ষজে তানি ক্ষীন্যন্যোন্থেনাম্পর্দ্ধন্ত বদিয়াম্যেবাহমিতি বাগদ্রে দ্রুক্যাম্যহ-মিতি চক্ষুঃ শ্রোষ্যাম্যহমিতি,শ্রোত্রমেবমন্যানি কন্মাণি যথাকন্ম। তানি মৃত্যুঃ শ্রমো ভূত্বোপ্যেমে তান্যাপ্রোন্তান্যাপ্ত্যা মৃত্যুর-বারুদ্ধন্তমাচ্ছাম্যত্যেব বাক্ শ্রাম্যতি চক্ষুঃ শ্রাম্যতি শ্রোত্র-মথেমমেব নাপ্রোদেযাহয়ং মধ্যমঃ প্রাণস্তানি জ্ঞাতুং দ্রিরে।

আরং বৈ নঃ শ্রেষ্ঠো যঃ সঞ্চরশুশ্চাসঞ্চরশুশ্চ ন'ব্যথতেহথো
ন রিষ্যতি হস্তাস্থৈব সর্কে রূপমসামেতি ত এতস্থৈব সর্কে রূপমভব্দস্তশাদেত এতেনাখ্যায়তে প্রাণা ইতি তেন হ বাব তৎকুলমাচক্ষতে যশ্মিন্ কুলে ভর্বাত য এবং বেদ য উ হৈবংবিদা
স্পদ্ধতেহকুশুষ্যত্যকুশুষা হৈবান্ততো ভ্রিয়ত ইত্যধ্যাত্মম্ ॥২১॥

একণে আশ্রা ইইতেছে, ইতঃপূর্ব্বে শ্রন্তির "ইহারা সকলেই সমান, সকলেই আনস্ত" ইত্যাদি বাক্য বারা বাক্, মন ও প্রাণের সমান উপাসনা কথিত হইরাছে; ইহাদের মধ্যে অন্যতমের কোন বৈশিষ্ট্য বলা হয় নাই। তবে কি এই প্রকারেই অর্থাৎ বাক্, মন ও প্রাণকে সমানভাবেই জ্ঞান করা কর্ত্তবা ও অধবা বিচার ঘারা উপাসনা বিষয়ে কোনও বিশেষ প্রতিপত্তি হইবে ও এইরূপ শঙ্কায় শ্রুতি উত্তর করিতেছেন—অনস্তর ব্রতের (উপাসনা কর্ম্মের) মীমাংসা (বিচার) করা বাইতেছে। প্রথমতঃ এই পূর্ব্বোক্তঃ প্রাণ্ঠ্যুত্র মধ্যে কাহার কর্ম্ম বতরূপে ধারণীয়, ইহার মীমাংসা আরক্ষ হইতেছে। শ্রুতিস্থ 'হ' শঙ্কা 'কিল' শক্ষের স্থানাগক, অর্থাৎ প্রাণ্ঠ্যুত্রর হচক। প্রজাপতি ক্ষ্মির হৃষ্টি করিয়া, কর্ম্মাণক বাগাদি ইন্দ্রির সৃষ্টি করিয়াছিলেন। শ্রুতিস্থ কর্ম্মণক কর্ম্মাণক

ষষ্ট বাগাদি ইন্দ্রিয়গণের পরম্পর সঙ্ঘর্ষ উপস্থিত হইয়াছিল। কি প্রকার ? তাহা ক্ষিত হইতেছে,—বাক্ ইন্দ্রিয় বলিল, "আমি বলিব, আমার নিজ কার্য্য—কথন, ভাষা হইতে ,আমি কখন উপরত হুঁইৰ না," বাগিন্তিয় এই প্রকার এত ধারণ করিয়াছিল যে, যদি অন্ত কেহ আমার তুলা থাকে, তবে সে নিজ কার্য্য इरेट कमाठ उभाव ना इख्यात भिक्त जानारंगा, निर्ज्य नौर्या अमर्गन कन्नक। অনস্তর চকুও সেই প্রকার মনে করিল, 'আঞ্চি দেখিব,' সে এইরূপ ব্রত ধারণ করিয়াছিল যে, আমার কার্য্য হইতে আমি বিরত হইব না ইত্যাদি। এই প্রকার আমি শ্রণ করিব,≥শ্রবণ এই ব্রত ধারণ করিয়াছিল। অভাভ ইন্দ্রিয় সকলও এইরূপ খীয় কর্ম্মরূপ ব্রত ধারণ করিয়াছিল। তৎপরে মৃত্যু अभक्तभी इरेबा जारामिशतक धर्न कतिन। निज निज कार्या तक रेक्बिब्रगनरक মৃত্যু কিরূপে প্রাপ্ত হইতে পারে ? তাহা বলা হইতেছে—মৃত্যু শ্রম বা অবসাদ-রূপে ইক্রিয়ের সম্পূর্থে আত্মপ্রদর্শন করিল। পরে ইক্রিয়গণতক প্রাপ্ত হইয়া তাহাদিগকে অন্যরাধ করিয়াছিল, অর্থাৎ স্বীয় কর্ম হইতে চ্যুত করিয়াছিল। সেই হেতু অন্তাপি ক্রিয়াতে প্রবৃত্ত হইয়া বাগিন্সিয় কোন কোন সময়ে শ্রান্ত হয়, অর্থাৎ শ্রমরূপী মৃত্যুর সহিত সংযুক্ত হইয়া স্বকর্মচ্যুত হয়। পেই প্রকার চকুঃশ্রোতাদি ইন্দ্রিয়ও প্রাপ্ত হইয়াছিল। সেই জন্ম আজ পর্যান্ত চক্ষুংশোতাদি স্বীয় কার্য্যে প্রবৃত্ত হইয়া কথন শ্রাস্তহয়। এইরূপ শ্রমরূপী মৃত্যুর দহিত সম্বন্ধ হইয়া একে একে ইন্দ্রিয়-গণ সকলেই স্বীয় কর্ম হইতে চ্যুত হইয়াছিল, কিন্তু শ্রমরূপী মৃত্যু একমাত্র মুণবর্ত্তী প্রাণকে আক্রমণ করিতে পারে নাই। যে মধ্যম প্রাণ, সেই মুণবর্ত্তী প্রাণ। সেই হেতু অন্ত পর্যন্তও ঐ প্রাণ অশ্রান্তভাবে স্ববর্গ-শ্বাসপ্রশাসক্রিয়ায় প্রবৃত্ত থাকে। সেই বাগাদি ইক্রিয়ুসকল সেই মুখ্য প্রাণকে জানিবার জন্ত মনকে আশ্রয় করিয়াছিল।

তাহারা মনে করিল, আমাদের মধ্যে এই মূখবর্ত্তা প্রাণ শ্রেষ্ঠ, অর্থাৎ সর্ব্বাপেকা শক্তিশালী, যেহেতু, ঐ প্রাণ সঞ্চরণক্রিয়া করিয়া কিয়া না করিয়া কদাপি ব্যথাযুক্ত হয় মা এবং শ্রমকর্ত্তক হিংসিত বা আক্রান্ত হয় না, এইক্ষণে আমরা সকলে এই প্রাণের রূপ প্রাপ্ত হইব অর্থাৎ এই প্রাণকে আত্মারূপে জ্ঞান করিয়া আশ্রয় করিব। এইরূপ নিশ্চয় করিয়া, ইহারা সকলে প্রাণের রূপকেই আত্মরূপে জ্ঞান করিয়া আশ্রয় করিয়াছিল, অর্থাৎ "আমাদের নিজ নিজ ব্রত যত্ত্যকে বারণ করিতে সমর্থ নহে" এই মনে করিয়াই তাহারা প্রাণের ব্রত ধারণ করি।ছিল। তাহার প্রতাক্ষ প্রমাণ—যেহেতু, বাগাদি ইক্রিয়

চলনাত্মক প্রাণরপে ও প্রকাশস্বরূপ নিজরপে প্রকাশিত হইয়া থাকে। কারণ, প্রাণ ব্যতিরিক্ত অহা পদার্থে চলন-ক্রিয়ার সম্ভাবনা হয় না, বথন এই ইক্রিয় সকলও স্বীয় স্বীয় ব্যাপারে চলনক্রিয়াপ্র্রেক নিজ্বনিজ কার্য্যে প্রবৃত্ত হয় দ্বেখা যায়, তথন অবহাই বাগাদি ইক্রিয়ও প্রাণরপতা প্রাপ্ত হইয়াছে মানিতে হইবে। যে পুরুষ সমস্ত ইক্রিয়ের প্রাণ্রন্ত্রণতা ও ইক্রিয়েই প্রাণ শব্দের তাৎপর্য্য জানিতে পারে, সেই পুরুষ যে কুলে জন্মগ্রহণ করিয়াছে, সেই কুল সেই বিঘানের নাম ঘারা "ইয়া অমুকের কুল" এইরূপে জগতে বিখ্যাত হয়। যেমম 'তাপতা' এই নাম ঘারা কুরুকুল প্রসিদ্ধি লাভ করিয়াছে। যে পুরুষে বাগাদি ইক্রিয়ের প্রাণম্বরূপত্ব এবং প্রাণমাম জানে, তাহার এই ফল বলা হইল; কিন্তু যে পুরুষ এই প্রাণাত্মনদর্শীর সহিত স্পর্দ্ধা করে, সে এই শ্রীরেই শোষ প্রাপ্ত হয় এবং অবশেষে ক্রমশঃ প্রাণ শোষ প্রাপ্ত হয়য়া মৃত্যুমুথে পতিত হয়, অর্থাৎ কোন আক্রিক উপদ্রের তাহার প্রাণবিশ্বোগ হয় না। এই প্রকারে অধ্যাত্মপ্রাণবিজ্ঞান প্রদর্শিত হইল, এই যে উপসংহার করা হইল, ইহা পরশ্রুতিতে অধিনৈবত প্রাণ প্রদর্শনার্থ জ্ঞানিবে॥ ২১॥

অথাধিদৈবতং জুলিষ্যাম্যেবাছমিত্যগ্নির্দ্ প্র তপ্যাম্যহমিত্যাদিত্যো ভাস্থাম্যহমিতি চন্দ্রমা এবমন্থা দেবতা যথাদৈবতখ স
যথৈষাং প্রাণানাং মধ্যমঃ প্রাণ এবমেত্রাসাং দেবতানাং
বায়ুনি স্লোচন্তি ঘ্যাণ দেবতা ন বায়ঃ সৈধাহনস্তমিতা দেবতা
যদ্বায়ুঃ॥ ২২॥

ইহার পর অধিদৈবত অর্থাৎ দেবতাবিষয়ক দর্শন কথিত হইতেছে।—কোন্দেবতার ব্রত্থবলম্বনে শ্রেমোলাভ হয়, ইহার মীমাংসা করা হইতেছে। অধ্যায় বাগাদির স্থায় এই শ্রুতিতে সকল দেবতার কার্য্য বুঝিতে হইবে। "আমি জলিব." অগ্নি এই প্রকার ব্রত্ত ধারণ করিয়াছিল। এই প্রকার হুর্য্য "তাপিত করিব," চক্র— "প্রকাশ করিব," এই প্রকার অন্ত দেবতাও স্বীয় স্বীয় কার্য্যে অবিরতিরপ ব্রত্ত ধারণ করিয়াছিল। একণে দৃষ্টাস্ত প্রদর্শিত হইতেছে।—সেই বাগাদির মধ্যে বে প্রকার মধ্যম প্রাণ শ্রেষ্ঠতা লাভ করিয়াছিল এবং মৃত্যুকর্ত্বক মাজান্ত হয় নাই, ফর্মণিৎ স্বকর্ম হইতে প্রচ্যুত হয় নাই, এই প্রকার অন্যাদিণ দেবতার মধ্যে বায় শ্রেষ্ঠ জানিবে। যেমন শ্রীরে বাগাদি ইক্রিয় অন্তপ্রাধ্য হয়, অর্থাৎ

শ্বন্ধ ইইতে বিরত হর, সেই প্রকার অগ্নাদি দেবতাও শ্বস্বকর্ম ইইতে নির্ভ ইইনা থাকে। পরস্ক যে প্রকার মধ্যমপ্রাণ অস্তপ্রাপ্ত হর না. সেই প্রকার বায়ুত অনস্তমিত থাকে অর্থাৎ কদার্চ স্বকার্য ইইতে বিরত হয় না। এই বায়ুই অনস্তমিত দেবতা। এই প্রকারে অধ্যাত্মপ্রাণও অধিদেব বায়ুর বিচার ধারা প্রতিপন্ন ইইল, যে বায়ুতে আত্মদর্শীর ব্রত অচ্যুত হয় অর্থাৎ তাহার ঐ ব্রতের কদাচ ভঙ্গ হয় না॥ ২২॥

অথৈষ শ্লোকে। ভবর্তি যতংশ্চাদেতি সূর্য্যোহস্তং যত্র চ গচ্ছতীতি প্রাণাদ্বা এষ উদেতি প্রাণেহস্তমেতি তং দেবাশ্চক্রিরে ধর্মাত্র স এবাছ্য স উ শ্ব ইতি বদ্বা এতেহমুহ্ প্রিয়ন্ত তদেবাপ্যন্ত কুর্ববিত্তি।

তস্মাদেকমেব ব্রতং চরেৎ প্রাণ্যাচৈচবাপান্যাচ্চ নের্মা পাপ্যা মৃত্যুরাপ্নুবদিতি যত্ন্য চরেৎ সমাপিপায়িষেভেনো এতস্থৈ দেবতারৈ সাযুজ্যুও সলোকতাং জয়তি॥ ২৩॥

ইতি পঞ্সং ত্রাহ্মণম্॥ ৫॥

এই অর্থের প্রকাশক একটি মন্ত্র আছে—বায়ুর প্রেরণার হর্য্য উদিত হয় ও শরীরে যে প্রাণরূপ বায়ুর সাহায্যেই চক্দুরূপে হয়্য উদ্দীলিত হয় এবং যে বায়ুতে হয়্য সায়ংকালে ও যে প্রাণে পুরুষ নিদ্রাসময়ে অন্তপ্রাপ্ত হয়, দেবতা সকল তাহাকে ধর্মভাবে ধারণ করিয়াছিলেন ; অর্থাৎ পূর্বকালে অধ্যাত্ম বাগাদি ইন্দ্রিয় পূর্ব্বাপর বিচারকরিয়া প্রাণরত ধারণ করিয়াছিল ও অধিদৈব অয়াদি দেবতা বায়ুরত অবলম্বন করিয়াছিলেন। ঐ দেবতাগণ এই বর্ত্তমান সময়ে এবং ভবিয়্যৎকালে ইহারই অন্তসরণ করিতেছেন ও করিবেন, ইহাই শ্রুতির অভিপ্রায় । সেই বিয়য়টি সংক্ষেপে এই রাম্বণবাক্যই এই মন্তের ব্যাথ্যা দারা প্রকাশ করিতেছেন—যে প্রাণ হইতে এই হয়্য উদিত হয় এবং প্রাণেই অন্তমিত হয়, দেবতারা তাহাকে ধর্ময়পে ধারণ করিয়াছিলেন। সেই ধর্ম বর্ত্তমানে ও ভবিয়্যৎকালেও অন্তবর্ত্তিত হইতেছে ও ইইবে। এই অন্তসরণের মর্থ কি, তাহা শ্রুতি কহিতেছেন। এই বায়াদি ও অয়্যাদি দেবতা পূর্বকালে প্রাণত্রত ও বায়ুরত ধারণ করিয়াছিলেন। তাহা এই সময়েও হয়া থাকে ও ভাবিসময়েও ঐ ব্রতের অন্তর্গতন হইবে, অথাৎ দেবতাদিগের ঐ

ব্রতভঙ্গ কদাচ হইবে না, কারণ, ঐ প্রাণ ও বায়ুর ব্রত অকুপ্লই আছে; কিন্তু বাগাদি ইঞ্জিয়ের যেনিজ ব্রত, তাহার প্রচ্যুতি আছে। যেহেতু, তাহাদের অন্তগমন-সময়ে বায়ু এবং প্রাণে বিলয় দেখা যায়।

æिङ 'অथ' नम पृष्टीख्रथमर्गानक जग अबुक इरेबाहर **अ**र्थार अग्र শ্রতিতেও ইহা উক্ত হইরাছে। যে সময়ে পুরুষ সুষ্থি প্রাথ্য হয়, সেই সময়ে বাক্, মন, চকু ও শ্রোত্র প্রাণে বিলীন ছইয়া থাকে। আবার যে সময়ে জাগরিত हब, जरकारन लाग हरेरा छेराता छिथिछ रहा। बरेक्न मैतीवमर्सा বায়ুর কার্য্য বলা হইল। অনস্তর বহিজ্পতে বায়ু-দেবতার কার্য্য বলা হইতেছে।—-যে সময়ে অগ্নি বায়ুর অমুগমন করে, অর্থাৎ নির্ব্বাণ প্রাপ্ত হয়, সেই সময়ে বায়ুতেই অন্তর্গত হয়। যে সময়ে স্থ্য বা চক্র অন্তপ্রাপ্ত হন, সেই কালে বায়ুতেই লীন হন। দিকু সকলও বায়ুতেই প্রতিষ্ঠিত। বায়ু হইতেই তাহারা পুনর্বার উৎপন্ন হইয়া থাকে । যেহেতু, এই ব্রত বাগাদিতে এবং অগ্ন্যাদিতে অনুগত বহিষাছে অর্থাৎ বায়ু এবং প্রাণের পরিম্পন্দনরূপ ব্রত সকল দেবতাই অনুসরণ করিয়া পাকে, সেই ছেতু অন্য পুরুষও ঐ এক ব্রতই আচরণ করিবে। সেই ব্রত কি ? তাহার উত্তর—প্রাণন ব্যাপার ও অপানন ব্যাপারই ঐ আচরণীয় বত; কারণ, প্রাণন ও অপাননরূপ এক প্রাণব্যাপারের কদাচ বিরাম নাই। সেই হেতু অন্ত ইক্রিয়ের ব্যাপার পরিত্যাগ করিয়া একমাত্র প্রাপব্যাপারেরই আশ্রয় লাভ করা উচিত। তাহা হইলে আমাকে আর পাপিষ্ঠ শ্রমরূপী মৃত্যু আক্রমণ করিচ্ছে পারিবে না। "নেৎ" এই শব্দের অর্থ পরিভন্ন, অর্থাৎ যদি আমি এই ত্রত হইতে চ্যুত হই, তবে নিশ্চিতই মতাগ্রাস্ত হইন, এই প্রকার আসমুক্ত হইয়াই প্রাণত্রত ধারণ করিবে, ইহাই শ্রুতির অভিপ্রায়। যদি কেই কথন প্রাণব্রত আরম্ভ করে, তবে তাহার সমাপন করিতেও চেষ্টা করিবে। অম্বণা যদি এই প্রাণব্রত হইতে বিরত হয়, তবে তৎকর্ত্বক প্রাণ ও वेलिय-पिरा পतिकृष्ठ दरेति । तारे राष्ट्र विन, व्यवशारे रेश प्रमाणन कर्ता कर्खवा । সেই প্রাণের আত্মতাবোধরূপ বত দারা অর্থাৎ "সর্ব্বপ্রাণীতে বাগাদি ইন্দ্রির ও অগ্নাদি ভতবর্গ মংস্বরূপই এবং এই প্রাণ সমস্ত স্কড়ের পরিম্পন্দনের একমাত্র কারণ আত্মাই" এই প্রকার ত্রত ধারণ করিলে জীব এই প্রাণদৈবতার সাৰ্জ্য (একাত্মতা) ও সলোকতা ফল (একস্থানস্ত) জ্ঞানের তারতম্য অনুসারে প্রাপ্ত হয়॥ ২৩॥

ইতি পঞ্ম ব্ৰাহ্মণ॥ ৫॥

উপনিষৎস্থ— প্রথমাধ্যায়স্ত

ষষ্ঠ-ব্ৰাহ্মণম্

ত্রয়ং বা ইদং নাম রূপং কর্ম্ম তেষাং নাম্মাং বাগিত্যেতদেষা-মুক্থমতে। হি সর্বাণি নামাশ্ব্যুত্তিষ্ঠন্ডি।

এতদেষাত্ব সামৈতদ্ধি সার্কেন মিভিঃ সমমেতদেষাং একৈ-তদ্ধি সর্কাণি নামানি বিভর্তি॥ ১॥

পূর্বে প্রস্তাবিত হইয়াছে যে, এই কার্য্য-কারণময় জগং অবিস্থার অধিকৃত লার অবিষ্ণারাজ্যৈ প্রাণায়ক্তানে প্রাণায়প্রাণ্ডি পর্যান্ত উৎকৃষ্ট ফল, কিন্তু এই প্রকৃতির ব্যাকৃত অবস্থার পূর্বের বৃক্ষবীজের ন্থার যে হক্ষ, অব্যাকৃত শন্দবাচা অবস্থা, সেই অবস্থায় পতিত এই বিশ্বপ্রপঞ্চ সমস্তই বক্ষ্যমাণ তিন প্রকার ম্বরূপ। সেই তিন প্রকার কি, তাহা বলা হয় নাই, এই বান্ধণে বলা হইতেছে। নাম, রূপ ও কর্মা, ইহারা অনাত্মস্বরূপ, অর্থাৎ আত্মা হইতে বিভিন্ন। যাহা সাক্ষাৎ ও পরোক্ষতঃ জ্ঞায়মান বন্ধ, তাহাই আত্মা, এই জন্ম যাহা অনাত্মভূত, তাহা হইতে জ্ঞানপিপাত্ম ব্যক্তি বিৱক্ত হইবে। ^{*}ইহা জানাইবার জন্মও "এমং বা" এই শ্রুতির আরম্ভ হইয়াছে। এই অনাত্মভূত জগৎ হইতে ধাহার অন্তঃকরণ নির্ত্ত খ্রু নাই, তাহার ধৃদ্ধি আত্মাকে 'আমি এফা,' এই বোধে উপাসনা করিতে কথনই প্রবৃত্ত হয় না ; কারণ, বাহ্যপ্রবৃত্তি ও আভান্তর আত্ম-বিষয়ক প্রবৃত্তি পরম্পর বিরুদ্ধ। কাঠক শ্রুতিতে প্রতিপাদিত হইয়াছে যে—স্বয়ন্ত্ "বহিষু থ ইন্দ্রিয় সকলকে প্রাপ্ত হইয়াছিলেন, সেই জন্ম বহিন্দু থ ইন্দ্রির অন্তরাস্মাকে **(मथिएड • পার না।" "কোন এক দাধক বিষয় হইতে ইন্দ্রিয় প্রত্যাহার** করিয়া অমৃতত্ব-(মোক) কামনায় অন্তরাস্থাকে দেখিয়াছিল" ইত্যাদি। এক্লণে আশ্রা হইতে পারে যে, কি প্রকারে ক্রিয়া, কারণ ও ফলস্বরূপ এই ব্যাক্ত ও অব্যাক্ত সংসাধের নাম, রূপ ও কর্মস্বরূপতা, আত্মরূপতা নহে, ইহা শন্তাবনা করা যায় ? এই বিষয়ে শ্রুতি বলিতেছেন—ংখাংথ উপত্ত ও নাম সকলের 'बाक' दहे भक्त मांभावन मःका. त्केन ना, त्य त्कान मेनाई एकातिक इएके ना त्केन,

তাহাই বাক্রপী, ইহা পূর্ব্বে উক্ত হইয়াছে। বাক্ এই শব্দের অর্থও সাধারণ শব্দ-মাত্র। এই সাধারণ বাক্ই সকল নামবিশেষের উক্গ (উপাদানকারণ)। থেমন দৈশ্ববাচল, দৈশ্বব লবণকণা দ্মুছের উপাদান কারণ, এইরপ সামান্ত নাম হইতে 'দেবদত্ত' ও 'ষজ্ঞদত্ত' ইত্যাদি সমস্ত নাম উৎপন্ন হয় এবং ইহা হইতেই বিভাগস্ষ্টি হয়। কার্য্যের কারণের সহিত কোন প্রভেদ নাই, স্কুতরাং সকল বিশেষ ধর্ম্মেরও সামার ধর্মে অন্তর্ভাব সম্ভব। তবে কিরূপে সামার ওবিশেষের বিভাগ হয় ? তাহা কথিত হইতেছে। বাক এই দামাত শব্দ, সকল নামবিশেষের সাম অর্থাৎ সমতা প্রযুক্ত সংধারণ আশ্রর। থেহেতু, এই সামাগ্র শুন্দ সকল নামরূপ বিশেষের সহিত তুলা। জিজ্ঞান্ত হইতে পারে যে, — যথুন নামবিশেষের আত্মলাভ-(স্বরূপোৎপত্তি) রূপ বৈশিষ্ট্যাভাব প্রবৃক্ত দামাগুরূপতা বলা বাইতে পারে—কারণ, যে বাহা হইতে আত্মনাভ করে, সে তাহা হইতেও অবিভক্তরূপে দৃষ্ট হয়, যেমন ঘটাদি কার্যোর মুক্তিকার সহিত পার্থক্য দেখা যায় না, তথন নামবিশেবের কিরুপে আত্মলাভ (স্বৰূপতঃ পাৰ্থক্যবোধ) হয়, তাহা বলা উচিত, একণে তাহাই বলিতে-ছেন। যেহেতু, এই বাকৃশব্দ-প্রতিপান্ত ব্রহ্ম এই নাম সকলের আত্মা এবং তাহা হইতে নাম সকলের আ্রুলাভ, অন্তথা নামবিশেষের শব্দাতিরিক্ত স্বরূপ উপপন্ন হয় না, এই জন্ম সকলের বাক তুলাতা জানিবে। এতৎশব্দ ছারা তাহাই প্রতিপাদন করিতেছেন অর্থাৎ যেহেতু এই সামাগ্র শব্দ সকল নাম-বিশেষকে স্বরূপ-প্রদান ধারা ধারণ করে। এইরূপে শব্দসামান্ত ও নামবিশেষের পরম্পর কার্য্যকারণভাবের উপপত্তি দৃষ্ট হয়, তাহা হইলে এই সামাম্ম বিশেষভাবের উপপত্তিএবং আত্মপ্রদানের উপপত্তি হেতুকই নামবিশেষের শব্দরপতা দিদ্ধ হইল। এই প্রকারে রূপ ও কর্ম্মের সম্বন্ধেও যথোক্ত বুক্তিসমূদায় যোজনা করিবে॥ ১॥

অথ রূপাণাং চক্ষুরিত্যেতদেয়ামূক্থমতো হি সর্বাণি রূপা-গুরিষ্ঠন্ত্যেতদেয়াত সামৈতদ্ধি সর্বো রূপাঃ সমমেতদেয়াং ব্রক্ষৈতদ্ধি সর্বাণি রূপাণি বিভর্তি॥ ২॥

এইকণে রূপসথমে সাম্য বলা হইতেছে— শুক্র, রুক্ষ প্রভৃতি রূপ সকলের চকুই সাধারণ সংজ্ঞা, অর্থাৎ চকুই তাহাদের উক্থ উপাদান কারণ। যাবতীয় চকুগ্রাছ-বিষয় শ্রুতিই চকুঃশব্দে ক্থিত হইয়াছে অর্থাৎ রূপসামান্ত (একাশ্র সামান্ত) কেবল চকুঃশক্ষ দারা অভিহিত্ হুইয়াছে। এই চকু হইতে সমৃত্ত রূপ উথিত হইরা থাকে। ইহাই রূপ সকলের সাম সাধারণা। কারণ, ইহা সমস্ত রূপের সহিত তুলা। কারণ, চক্ষুকে সমস্ত রূপের কারণ বলিয়া আত্মা স্বীকার করা হইরাছে॥২॥

অথ কর্ম্মণামাত্মেত্যেতদেষামূক্থমতো হি সর্বাণি কর্মাণু-ত্তিষ্ঠত্যেতদেষাত সামৈতদ্ধি সর্বাণি কর্মাণু-ব্রহ্মৈতদ্ধি সর্বাণি কর্মাণি বিভর্ত্তি তদেত্ত্রয়ন্ত সদেকময়মাত্মা-ল্যোএকঃ সমেত্রয়ং তাদৈতদমূতত সত্যেন চ্ছন্নং প্রাণো বা অমৃতং নামরূপে সত্যং তাভ্যাময়ং প্রাণশ্ছন্নঃ॥ ৩॥

> ইতি বৃহদারণ্যকে উপনিষ্থ প্রথমোহধ্যায়ঃ। ইতি যষ্ঠৎ ত্রাহ্মণম্।

রপপ্রকরণের পর মনন, দর্শন প্রভৃতি আন্তর্ক্রিয়া এবং চলনাদি সকল কর্ম্ম-বিশেষের সাধারণ ক্রিয়ার মধ্যে অন্তর্ভাব কথিত হইতেছে। কি প্রকারে অন্তর্ভাব হয়, শ্রুতি তাহা বলিতেছেন--স্কল ক্রিয়াবিশেষের আত্মা অর্থাৎ শ্রীর সাধারণ আশ্রয়। এ হলে আগ্রসম্বন্ধী কর্মা আগ্রশন্দ ধারা উক্ত হইল। কারণ, শরীরক্রপ আত্মা দারাই জীব কর্ম করিয়া থাকে, শরীরেই সমস্ত ক্রিয়া অভিব্যক্ত হয়। এই জন্য শরীরে কর্ম্মসন্তা নিবন্ধন শরীরবাচী আাত্মশব্দ, লক্ষণাবৃত্তি দারা কর্ম্মের বাচক। সাধারণ কর্ম্ম সকল কর্মবিশেষের উক্থ, উপাদান কারণ। শ্রুতির অবশিষ্ট ভাগের অর্থ পূর্ব্বশ্রুতির ন্যায় জানিবে। পূর্ব্বোক্ত নাম, রূপ, কন্ম ইহাদের প্রত্যেকটি প্রস্পারকে আশ্রম করিয়া থাকে, প্রত্যেকটি অপরৈর অভিব্যক্তির কারণ ও ইহারা পরস্পরে বিলম্ব প্রাপ্ত হয়। মিলিতাবস্থায় ঐ তিনটি সর্ব্বদা দণ্ডের ম্যায় এক হইমা পাকে। এক্ষণে কোন আত্মার সহিত একত্ব প্রাপ্ত হয়, তাহা কৃথিত হইতেছে।— কার্য্যকারণ-সমূহস্বরূপ এই, পিগু (শরীর) আত্মা এক। কিরূপে উহার একত্ব, তাহা পূর্নে অন্নত্রের ব্যাখ্যা ও "এই আত্মা এতংম্বরূপ" ইত্যাদি বাক্য দারা কণিত হইয়াছে। অতএব ইহাই হির হইল যে, এই ব্যাক্ত ও অব্যাক্ত সমস্ত জগতের এই মাত্র ছিতি। আর এই যে নাম,রপ ও কর্মা, ইহারা কার্য্য-কারণসভ্যুতিময় এক আত্মা। ঐ নাম, রূপ ও রশ্ম অধ্যাত্ম, অধিভূত ও অধিদৈবরূপে ব্যবস্থিত আছে। বক্ষামাণ শ্রুতিতে যে অমৃতকে সত্য থারা আছের বলা হইবে. এক্ষণে সেই কথার অবতারণা হইতেছে।—প্রাণই অমৃত, ইহা সাধনবিশেষ, তাহার কার্যা শরীরাভান্তরে উপষ্টক্তন (শরীরধারণ), ইনি আত্মস্বরূপ ও অমৃত (অবিনাশী)। সত্য অর্থে—নাম ও রূপ অর্থাৎ শরীরের অবস্থাৎয় কার্যামাত্র। ক্রিরাময় প্রাণ সেই নাম-রূপের উপষ্টক্তক (ধারক), উৎপত্তি ও বিনাশশাল এবং বাহ্ন শরীরশ্বরূপ স্থতরাং মরণধর্মী। ঐ নামরূপ থারা প্রাণ সততই আছের (অপ্রকাশীরূত)। এইরূপে অবিভাবিষয় সংসার প্রদর্শিত হইবে। তৎপরে চতুর্থাধ্যারে বিভার বিষয় আত্মার জ্ঞানোপায় প্রদূর্শিত হইবে। প্রাণের সত্য নামক নামরূপ থারা আছেরতারপ সংসারদশা দেথাইবার জন্ম অতঃপর ধিতীয় অধ্যায় আরব্ধ হইতেছে॥৩॥

ইতি শ্রীগোবিন্দভগবৎপূজ্যপাদশিষ্য-পরমহংসপরিব্রাজকাচার্য্য শ্রীশঙ্করভগবৎকত-বৃহদারণাকভাষ্যাত্মবাদে প্রথম অধ্যাষ্ট্র। ষষ্ঠ ব্রাঙ্গণ সম্পূর্ণ।

উপনিষৎস্থ—দিতীয়াধ্যায়স্থ প্রথম-ব্রাহ্মণম্

॥ ও ॥ পর্মাত্মনে নমঃ ॥ ও ॥

॥ ওঁ॥ দৃপ্তবালাকির্হানুচানো গার্গ্য আস স হোবাচাজাতশক্রং কাশ্যং ব্রহ্ম তেঁ ব্রবাণীতি, স হোবাচাজাতশক্রঃ
সহস্রমেতস্থাং বাচি দদ্মে। জনকো জনক ইতি বৈ জনা
ধাবন্তীতি॥ ১॥

পূর্ব্ব অধ্যায়ে কথিত হইয়াছে যে, 'আত্মা' এই ভাবেই আত্মার উপাসনা করিবে, আর সেই আত্মার অনুসন্ধান করিলে সকলের অন্তেষণ করা হইবে, অর্থাৎ তাহার লাভ হইলেই সমস্ত কামনা চরিতার্থ হইবে। সেই আত্মতত্ত্ব সকল প্রিয় বস্তু অপেকা প্রিয়তম, এই জন্য তাহার অয়েষণু কর্ত্তব্য। "আমি ব্রন্ধ", এইরূপে আত্মাকেই জানিবে, ইহাই আত্মতত্তভানের একমাত্র বিষয়; কিন্তু যাহা ভেদজ্ঞানের বিষয়, অর্থাৎ "সে অন্য আমি তাহা হইতে স্বভন্ত," "এই প্রকার যে জানে, সে'আত্মাকে জানিতে পারে না", ইত্যাদি নানাত্মজ্ঞান, তাহা **অবিদ্যার বিষয়। "একরূপেই সম**স্ত বস্ত দর্শন করিবে।" "এই জগতে যে পৃথক্ভাবে দর্শন করে, সে মৃত্যু হইতে .মৃত্যুপ্রাপ্ত হয়", ইত্যাদি শ্রুতিবাক্য দারা সকল উপনিষদে বিভা ও অবিভার বিষয় বিভক্ত করা হইয়াছে 🕻 তন্মধ্যে যাহা অবিভার বিষয়, সেই সমস্ত কার্য্যকারণাদি বিভাগবিশেষে ব্যবস্থা করিয়া তৃতীয় অধ্যায়ের সমাপ্তি পর্যান্ত বাশ্যাত হইয়াছে, তুই প্রকার আবভার বিষয় সকল ব্যাখ্যাত হইয়াছে। সেই সকল ব্যাখাত অবিষ্ণার বিষয় দিবিধ প্রাণভেদে ছিপ্রকার জানিবে। এক শরীরের অভ্যন্তরবর্ত্তী উপষ্টম্ভক প্রাণ। যে প্রকার স্তম্ভ প্রভৃতি গৃহের উপষ্টম্ভক (ধারক) হইমা থাকে, এই প্রকার ঐ প্রাণও শরীরের উপষ্টম্ভক, উহা জড়শরীরাদির প্রকাশক ও অমৃত (অবিনাশ)। আর বাহ্ম প্রাণ কার্য্যস্ত্রনপ ও বিত্রাপাক; তাহা উৎপত্তি ও বিনাশনীল। গৃঁহের ঐ ত্ণ, क्म, मृखिक् वे ज्ला वाक्ष्यान काखःथान्त कारतक ; উহাই मठा नरम

অভিহিত করা হয়, পরস্ত উহা মর্দ্রা (ধন্দেশীল), সেই মর্দ্র্য প্রাণ দারা অমৃতশব্দবাচ্য প্রাণ সভত আচ্ছর থাকে। ইহাও পূর্বনাধ্যায়ে উপসংহত হইয়াছে।
সেই বাহু প্রাণ বিভিন্ন আধারে অনেকর্পে বিস্তৃত হইয়াছে সত্য, কিন্তু প্রাণরপ দেবতা একই। তাহার বাহু সাধারণ শরীর এক আত্মা। বিরাট, বৈশানর, আত্মা, পুরুষবিধ, প্রঞ্গাপতি, ব্রহ্মা, হিরণ্যগর্ভ প্রভৃতি দেহবাচক শব্দ দারা অভিহিত হয়। চল্র-স্ব্যাদি, তাহার পৃথক্ পৃথক ইন্দ্রিয়, প্রতিতে উক্ত হইয়াছে।

সমষ্টি ও ব্যষ্টিরূপে ব্রহ্মও এইরুগ এক ও অনেক। সমষ্টিরূপে ব্রহ্ম এক ও অসীম; স্থার দিতীয় নাই, কিন্তু ব্যষ্টিরূপী ব্রহ্ম 'প্রত্যেক শরীরবিশেষে বিভিন্ন, স্তরাং পরিচ্ছিন্ন; চেতনাৰুক্ত কর্ত্তা ও ভোক্তা এই প্রকার অবিভাচ্ছর চেতনকে ধিনি আত্মারূপে জানিরাছেন, সেই গার্গানামা ব্রাহ্মণ এই ব্রাক্তার বক্তারপে উপস্থাপিত হইয়াছেন। তাহার বিপরীত আত্মদর্শী অজাতনীক প্রোতা। ইহার উদ্দেশ্ত এইরপ,—ব্যহেত, পূর্বাপক ও সিদ্ধান্তযুক্ত আখাষিকা ছারা বক্তব্য অর্থের প্রকাশ করিলেই শ্রোতা অনায়াদে বৃথিতে সমর্থ হয়, অন্তথা তর্কশাম্বের তায় কেবল অর্থজ্ঞাপক বাক্য ছারা অর্থ অভিহিত হুইলে, ক্রাতার ছর্কোধ হুইয়া উঠে; কারণ, প্রতিপাম্ম বস্ত (বন্ধতত্ত্ব) অত্যন্ত হন্দ্র। কঠিক শ্রুতিতে—"বে আত্মা বাক্য দারা বহু শ্রবণেও জ্ঞের হর না," ইত্যাদি বাক্য দারা আত্মা যে অসংস্কৃত-দেব-বুদ্ধিজ্ঞের অর্থাৎ পরিগুদ্ধ-দাত্তিক-বৃদ্ধিজ্ঞেয়, , দামান্যমাত্র বৈষয়িক বৃদ্ধি (তানস বা রাজ্ঞ্য বৃদ্ধি) ছারা, কি মুর্খ ছারা জ্ঞের নহে, ইহা সবিস্তারে দর্শিত হইরাছে। যাঁহার আচার্য্য আছে, তিনিই এই ব্রদ্ধতন্ত বুঝিতে প্রারেন। কারণ, "আচাধ্য हरेट विश्वानां इत्र," रेट्रां । हात्मां गा उपनिष्ठत छेळ हरेबाह्य। "তত্বদর্শী জ্ঞানিগণ ভোমাকে জ্ঞানোপদেশ করিবেন", ইহাও ভগবদগীতাতে उभिनिष्ठ हरेबार्ट, वह उभिनियान भाकना ७ याळवटा-मुबार बार्कान वाजार ছর্কোধন্ব মহাবিচার দারা প্রতিপাদিত হইবে, স্কুতরাং এই ব্রাহ্মণের প্রতিপান্ত বিষয়গুলি শ্লিষ্ট, কেবল বোধনোকর্য্যের জন্ম 'পূর্ব্বপক্ষ এবং সিদ্ধান্তা-মুগত আথামিকা স্বারা ব্রহ্মতত্ত্বের উপদেশ করিবার অভিপ্রায়ে তাহার আরম্ভ हरेख्डि । ७५ टेटारे नटर, बक्तविशाश्चरण य प्रकल **आ**∫जात शाननीत, তৎमम्नारमञ्ज विधान ८ हेरात जाग्रजत উদ্দেশ । প্রতিপা 'এইরপ বর্তাবলম্বী গুরুর নিকটে এতাদুশ বিনয়াদিগুণুসম্পন্ন শিম্মের

বন্ধবিভা প্রহণ কর্ত্ব্য। এই আখ্যামিকা বিতপ্তা বা বাদাত্মক তর্কবৃদ্ধির প্রতিবাদার্থন্ড প্রযুক্ত জানিবে। কেন না, শ্রুতি, শ্বুতি উভয়ই স্পষ্টাক্ষরে বিগতেছেন যে, "নৈবা তর্কেণ মৃতিরাপনেয়া" অর্থাৎ অমৃলক তর্ক ধারা আত্মতন্ধ-জ্ঞানের (জীব-ব্রন্ধের অভেদজ্ঞানের) প্রতিরোধ করা উচিত নহে এবং "ন তর্কশান্ধদ্ধার" অর্থাৎ ওছতর্ক (১), ধারা যাহার হৃদয় দ্ধ্ধ (নীরস-শ্রদ্ধাবিহান) হইয়াছে, তাহাকেও এই জ্বজ্ঞানের উপদেশ করিতে নাই ইত্যাদি; স্কতরাং এই আখ্যামিকা ধারা স্পষ্টই প্রতীত হইতেছে যে, একমাত্র শ্রদ্ধাই ব্রন্ধজ্ঞানলাভের মৃথ্য উপায়। এই আখ্যামিকাতেও গার্গ্য এবং অজ্ঞাতশক্রর ব্রন্ধজ্ঞান বিধমে বিলক্ষণ শ্রদ্ধার পরিচয় পাওয়া বায়।

শ্বতি আরও বলিতেছেন যে, "প্রগাঢ় শ্রদ্ধাবান্ ব্যক্তিই ব্রহ্মজ্ঞান লাভ করিয়া। থাকেন।"

শ্রুতি ষয়ংই তাংপর্য্য-ব্যাথ্যার্থ আথ্যায়িকার অবতারণা করিতেছেক। পুরাকাণে অবিদ্যান্দর জীবে ব্রহ্মাভিমানা, স্তরাং (প্রকৃত ব্রদ্মজ্ঞানের অভাবে) অভিগর্বিত গার্গ্যংশাবতংস বালাকি (বলাকার পুত্র) নামে এক জন স্থপ্রসিদ্ধ বাগ্মী ব্রাহ্মণ ছিলেন। তিনিই এই আথ্যায়িকায় পূর্বপক্ষবালী। কোন এক সময়ে তিনি অজাতশক্র-নামক কাশীরাজের সমীপে উপস্থিত হইয়া তাল্লাকে বলিয়াছিলেন, "আমি তোমাকে ব্রহ্মজ্ঞানের উপদেশ করিব"; এই কথা শ্রবণমাত্র অজাতশক্রও বলিয়াছিলেন, ব্রহ্মন্ ! ,তোমার এই কথাতেই আমি তোমাকে সহস্র গো দান করিতেছি। অর্থাৎ যথন "তুমি আমাকে ব্রহ্মোপদেশ করিতে কৃতসক্ষম ইইয়াছ, তথন উহাতেই আমি তোমাকে সহস্র গো দান করিব" ঐ উক্তিই গো-সহক্রদানের কারণ; কিন্তু সাক্ষাৎ ব্রহ্মজ্ঞানোপদেশ কারণ নহে। যদি বল, সাক্ষাৎ ব্রহ্মজ্ঞানোপদেশ কারণ নহে। ইনি বল, সাক্ষাৎ ব্রহ্মজ্ঞানোপদেশ কারণ নহিল গার্গ্যের ঐ বচনমাত্রকেই গোদানের কারণ হইল কেন শ শ্রুতিই তাহার উত্তরে

^{(&}gt;) বৈদান্তিকণণ যে কোন তর্কই স্বীকার করেন না, এমন নহে, কিন্ত ভাহারা বলেন যে, তর্ক কিন্তিত হইলে শ্রুতির অমুক্রেই তর্ক করিও, প্রতিকৃলে নহে। কারণ, মনুবামাত্রই অম-প্রমান্দানিতে পরিপূর্ব, হতরাং কথনই ভাহার মনকেলিভ তর্ক সভঃপ্রমাণ হইতে পারে না। বিশেষতঃ—যিনি যত অধিক বৃদ্ধিমান, তিনি তলপেকা হীনবৃদ্ধি জনের,তকে রাশি রাশি দোষারোপ করিয়া করীয় তর্কের শ্রুত্বভাসপাদনে তৎপর হন, ইহাই স্বাভাবিক। ইইলপে বৃদ্ধিমানেরও আন্ত নাই, তর্কেরও বিলাম হয় না। অন্ত নাই বলিয়াই অমুক্ত তর্ক প্রমাণ নহে। এজন্ত বাাস্দ্রেও "তর্কাপ্রতিভিশ্বাং" এই প্রেড তর্কের প্রতিভা-বিশ্রাম তর্ধাৎ দেব নাই বলিয়া তর্কতে অপ্রমাণ করিয়াকেন।

রাজার অভিপ্রায় বলিতেছেন। বেহেতু, "জনকো দাতা, জনক: শ্রোতা" অর্থাৎ জনক রাজা প্রাসিদ্ধ দাতা এবং প্রাসিদ্ধ বন্ধ-শ্রোতা। ঐতিতে যে জনক-পদ হুইবার আবৃত্ত হইয়াছে, উহা "জনক দাতা" "জনক শ্রোডা" এই অর্থে প্রযুক্ত জানিবে। ইহার তাৎপর্য্য এই যে, অজাতশক্ত এক জন প্রসিদ্ধ প্রসিদ্ধ শ্রোতা, তাঁহার পক্ষে "আমি ব্রদ্ধজ্ঞানোপদেশ করিব" এই বচন শ্রবণমাত্রেই সহস্ত-গোদান করা সম্পূর্ণ উপৰুক্ত। জনক মনে করিয়াছিলেন, যাহারা এক্ষোপদেশ-শ্রবণেচ্ছু বা ব্রক্ষোপদেশ-"আমি ব্ৰশ্নীবণেচ্ছু ও দাতা", এই সংবাদ পাইয়া "ব্ৰাহ্মণ। তুমি আমাতেও এই সকল দাতৃত্বাদিগুণের সম্ভাবনা করিয়াছ, অতএব তোমাকে সহস্র গোলান করিব", এই মনে করিয়া ঐরপ উক্তি করিলেন॥ ১॥

স হোবাত গার্গ্যো য এবাসাবাদিত্যে পুরুষঃ,এতমে বাহং ব্ৰক্ষোপাস ইতি স হোবাচাহজাতশক্ত-মামৈতস্মিন সংবদিষ্ঠ। অতিষ্ঠাঃ সর্বেষাং ভূতানাং মূদ্ধা রাজেতি বা অহমেতমুগাস ইতি স য এত্মেঁবযুপাস্তেহতিষ্ঠাঃ সর্কোষাং ভূতানাং যুদ্ধা রাজা ভবতি ॥ ২ ॥

এইরপে রাজা অজাতশক্রকে ব্রন্ধ-প্রবণ-লালসায় অভিমুখীভূত (উৎস্কুক্) দেখিয়া সেই গার্গা বলিয়াছিলেন যে, এই যে আদিতো ও চকুতে এক পুরুষ আছেন, বিনি ইহাতে আত্মাভিমানী, চকুর্ধার দিয়া হৃদয়ভাস্তরে প্রবিষ্ট ও कर्डप्रांखाकुषामि অভিমানের আশ্রয়, আমি ইহাকেই ব্রশ্বভাবে অবলোকন করিয়া থাকি এবং হস্ত-পদবিশিষ্ট দেহাভান্তরম্ব এই ব্রহ্মেরই নিয়তরূপে উপাসনা করিরা থাকি। (অতএব তোমাকেও বলিতেছি, তুমিও এই ব্রশ্বপুরুষের উপাসনা কর)।

অজ্ঞাতশক্ত গার্গোর উক্ত কথা প্রবণমাত্রই হুই হুত দারা নিবারণ করিতে कवित्क श्रूनः श्रूनः विशय नाशित्त्रन य, ना-ना, धरेक्र्य ख्रुक् ख्रुक्त উপাসনার নিমিত আমার অমুরোধ করিও না।

विलयक:, स्थान व्यामात्मत देखात विकास ममान, उथन पूरि व्यामात्क

একটা মূর্থ স্থির করিয়া অষধা-কল্লিভ ব্রহ্মকে প্রকৃত ব্রহ্ম বলিয়া বুঝাইতে চেষ্ঠা করিতেছ; ইহা ধারা আমি প্রতারিত হুইব; অতএব তুমি আমার প্রতি এইরূপ ব্রন্ধবিজ্ঞানোপদেশের প্রস্তাবও করিও না। যদি অন্তবিধ ব্রন্ধের সন্ধান পাইয়া থাক, তবে তাহাই উপদেশ কর; কিন্তু আমি বাহা জানি, অনর্থক তাহার উপদেশ করিয়া কি হইবে > যদি বল যে, তুমি ব্রহ্মান্ত্রী জান, কিন্তু তাহার বিশেষ স্বরূপ এবং ততুপাসনার ফল প্রভৃতি কিছুই জান না। উত্তর—ইহা মনে করা ভ্রান্তি মাত্র। কারণ,তুমি থাহা বলিতেছ, আমি তাহা সমস্তই অবগত আছি। আমিও জানি যে, ত্বহুক্ত বন্ধ "অতিষ্ঠা" অৰ্থাৎ সকল প্ৰাণীকে তিনি শৌৰ্যাবীৰ্য্যাদি মহিমায় অতিক্রম করিয়া'বর্ত্তমান, যেমন সমন্ত অঙ্গের মধ্যে মন্তক নিজ দীপ্তি-গুণে প্রাণীর অতিষ্ঠা, তদ্ধপ বহুক্ত বন্ধও সমস্ত ভূতকে অতিক্রম করিয়া অবস্থান করে। অতএব তোমার কথিত অতিষ্ঠা বিশেষণবিশিষ্ট, দেহেন্দ্রিয়সমষ্টির অভিমানী এই ব্রহ্মকে আমি স্থুনদেহের কর্ত্তা ও ভোক্তারূপে উপাসনা করিয়া থাকি। এইরূপ বিশিষ্ট বন্ধোপসনার যে ফল, তাহাও বলিতেছি। যিনি উক্ত ব্রন্ধের উপাসনা করেন, তিনি সমস্ত ভৃতের শীর্ষণ্য হন। কারণ, যে যে ভাবে ব্রন্ধের উপাসনা করে, তাহার তদমুরপই ফললাভ হইয়া থাকে। শ্রুতি বলিফাছেন, "তাঁহাকে (ব্রহ্মকে) যে যেরূপে উপাসনা করে, ফলও তদকুরুপই প্রাপ্ত হয়॥" ২॥

স হোবাচ গার্গ্যে য এবাসোঁ চল্লে পুরুষ এতমেবাহং ব্রুক্ষোপাস ইতি স হোবাচাহ জাতশক্র-মামৈতস্মিন্ সংবদিষ্ঠা বৃহন্ পাণ্ডরবাসাঃ সোমো রাজেতি বা অহমেত্যুপাস ইতি স্য এতমেব্যুপাস্তেহহরহর্ষ স্তঃ প্রস্তুতো ভবতি নাস্থামং ক্ষীয়তে॥ ৩॥

অজাতশক্র এইরপে গার্গোক আদিত্য-ব্রন্ধের প্রত্যাথ্যান করিলে পর গার্গ্য পুনরপি চল্লে অবস্থিত অস্তবিধ ব্রদ্ধ-প্রতিপাদন করিতে লাগিলেন। গার্গ্য বলিলেন, কর্ত্তা ও ভোক্তাস্বরূপ এই যে একটি পুক্ষ চল্লে ও চল্লাধিছিত মনোমধ্যে অবস্থান করিতেছেন, আমি ইহাকেই ব্রদ্ধবোগে উপাদনা করিয়া থাকি। (তুমিন্ত ইহার উগাদনা কর)। এই কথা শ্রবণমাত্রই অজাতশক্র পুনরপি বলিলেন বে, না—না, এর কথা আব আমাকে বলিও না। ক্ষামি ইহাকে বৃহৎ শুক্ল-বন্ধ-পরিধারা (>) চন্দ্র অথবা সোমলতা বলিয়া জানি—যাহা যজে অভিষেক (সংস্কার) প্রাপ্ত হয়, ইহা দেবতার খান্তবিশেষ, আমি সেই সোমলতা ও চন্দ্রকে একই কল্পনা করিয়া বন্ধভাবে উপাসনা করিয়া পারিক, এবং যিনি এইরপে উক্তাগুণসম্পন্ন বন্ধের উপাসনা করেন, সেই অল্পমন্থ বন্ধোপাসকের সোমলতা প্রতিদিন যাক্ত সুসংস্কৃত হয় ও উৎপন্ন হয় এবং প্রকৃতি-বিকৃতি উভয়-ভাবেই তাঁহার অন্থ-সম্পত্তি কথুনও ক্ষমপ্রাপ্তকৃহর না। ও॥

স হোবাচ গার্গের য এবাসোঁ বিত্যুতি পুরুষ এতমেবাহং ব্রক্ষোপাস ইতি স হোবাচাহজাতশক্ত-ম মিতন্মিন্ সংবদিষ্ঠা-স্তেজম্বীতি বা অহমেতম্পাস ইতি স য এতমেবমুপাস্তে তেজম্বী হ ভবতি, তেজম্বিনী হাস্ত প্রজা ভবতি॥ ৪॥

পুনক গার্গ্য বলিলেন, এই যে বিহাৎ, বিহাৎ-অধিষ্ঠিত স্বগিলিয় এবং হাদয়ে প্রতিষ্ঠিত পুরুষ আছেন, আমি ইহাকেই ব্রহ্ম জানিয়া উপাসনা করিয়া থাকি, (অতএব তুমিও ইহার উপাসনা কর)। এ কথা প্রবণমাত্রই অজাতশক্ত বলিয়া উঠিলেন, না—না, এরূপ ব্রহ্মের প্রস্তাব দ্বিতীয়বার করিও না। যেহেতু আমি ইহাকে তেজস্বী বলিয়া উপাসনা করিয়া থাকি। এরূপে যিনি উপাসনা করেন, তিনি নিজে অতি তেজস্বী হন এবং তাঁহার সন্তানবর্গ তেজস্বী হয়। এ স্থলে উপাস্ত বিহাৎ সংখ্যায় বহু, স্কতরাং তত্তপাসনার ফলও অনেক। সেই হৈতুই বিহাৎ-উপাসনার ফল ছইটি বলা হইল। শুতি বলিয়াছেন, উপাসক স্বয়ং এবং তাঁহার সন্তানগণও উভয়েই তেজস্বিত্বরূপ ফল প্রাপ্ত হইয়া থাকেন॥ ৪॥

দ হোবাচ গার্গ্যো য এবায়মাকাশে পুরুষ এতমেবাহং ব্রক্ষোপাদ ইতি দ হোবাচাহজাতশক্ত-মামৈতস্মিন্ সংবদিষ্ঠাঃ পূর্ণমপ্রবন্ধীতি বা অহমেতমুপাদ ইতি দ য এতমেব-মূপান্তে পূর্য্যতে প্রজয়া পশুভিনাস্থান্মাকাৎ প্রজোদ-র্ভতে ॥ ৫॥

⁽১) তাৎপর্যা এই--প্রাণপুরুষ শরীররূপ বন্ধ বাতা আর্ড, ভাষ্ট্রভেও প্রাণ সাক্ষাৎ সবচ্ছে জলরূপ বন্ধ বারা আর্ড, জল -গুল্ল, স্তরাং প্রাণের "পাণ্ডরবাসী।" এই বিশেষণটি ই সক্ত হুইডেছে।

গার্গ্য বলিলেন, যে পুরুষ বহিরাকাশে ও হৃদয়াকাশে অবস্থিতি করিভেছেন, আমি ইহাকে ব্রহ্ম বলিয়া উপাসনা করি: (অতএব তুমিও ইহার উপাসনা কর) এই কথা শ্রবণে অজাতশক্র হাজোভোলন পূর্ব্ধক বলিলেন যে, না—না, এইরূপ উল্লেখ আর কর্ত্তব্য নহে; কারণ, আমি ইহাকে পূর্ণ এবং অপ্রবর্ত্তী বলিয়া উপাসনা করিয়া থাকি। যিনি এই হৃদয়াকাশের উক্তরূপে উপাসনা করেন, তিনি সস্তানবর্গ এবং পালিত পরাদি সহাযাগে পরিপূর্ণ থাকেন। ইহলোকে কথনও তাহার সন্তান-বিচ্ছেদ হয় না। এ স্থলে আকাশের জুইটি বিশেষণ প্রদত্ত হইয়াছে, একটি 'পূর্ণ', অপরটি "অপ্রবর্ত্তী", উন্মধ্যে প্রজ্ঞাপূর্ণভাবে অবস্থিতি পূর্ণ বিশেষণের ফল এবং "অপ্রবর্ত্তী" বিশেষণের ফল—সন্তানোচ্ছেদের অভাব ॥ ৫॥

স হোবাচ গার্গো য এবায়ং বায়ে। পুরুষ এতমেবাহং ব্রেমোপাস ইতি স হোবাচাহজাতশক্ত-মামৈতিক্সন্ সংবদিষ্ঠা ইন্দ্রো বৈকুঠোহপরাজিতা সেনেতি বা অহমেতমুপাস ইতি স য এতমেবমুপান্তে জিফু-হাপরাজিফুর্ভবত্যন্ত-তন্তাজায়ী॥৬॥

পুনর্কার গার্গ্য বলিলেন, এই যে পুরুষ, বাহ্যবায় ও বায়-দেবতাধিষ্ঠিত প্রাণে এবং হৃদয়ে প্রতিষ্ঠিত আছেন, আমি ইহাকেই ব্রহ্মবোধে উপাসনা করিয়া থাকি। অজাতশক্র পুনর্কার পূর্কবং বলিলেন যে, না—না, এ কথা আর উত্থাপন করিও না; আমি ইহাকে ইক্র অর্থাৎ পরমেশ্বর ও বৈকুণ্ঠ কিম্বা অপরাজেয় বা অপরাজিতা ('পূর্কতন পরপক্ষ কর্তৃক অপরাজিতা) সেনাবোধে উপাসনা করিয়া থাকি। যিনি এই বায়কে ব্রহ্মবোধে উপাসনা করেন, তিনি জিফু অর্থাৎ জয়শীল ও অপরাজিফু অর্থাৎ অন্তের অপরাজেয় মভাব এবং শক্রপক্ষ-পরাভবকারী হন। এ হলেও উপাস্ত বায় বহুসংখ্যক, এ জ্ল্য তিত্বপাসনার ফল্বও অনেক পরিমাণে নির্দিষ্ট হইল॥৬॥

স হোবাচ গার্গ্যে য এবায়মগ্রো পুরুষ এতমেবাহং ব্রেক্ষোপাদ ইতি দ হোবাচাহজাতশক্ত-মার্মৈতিস্মিন্ সংবদিষ্ঠা বিষাসহিরিতি বা অহমেতমুপাদ ইতি দ য এতমেকাপাত্তে বিষাসহির্হ ভবতি, বিষাসহির্হাস্ত প্রজা ভবতি॥ ৭॥

গার্গা বলিলেন, এই যে অধিতে বা চিনায়হদন্তে পুরুষ বর্ত্তমান, আমি ইহাকেই ব্রহ্ম বলিয়া জানি ও ইহার উপাসনা করিয়া থাকি, (অতএব তুমিও ইহার উপাসনা করি থাকি, (অতএব তুমিও ইহার উপাসনা কর)। এই কথা শুনিয়া অভাতশক্ত পুনরপি বলিলেন যে, তুমি অতঃপর আমায় ইহার উপদেশ করিও না। আমি ইহাকে 'বিষাসহি' (>) অর্থাৎ পরপরাভবকারী বালয়া উপাসনা করিয়া থাকি। যে ব্যক্তি এই অধির উপাসনা করেন, তিনি এবং তাঁহার সন্তানবর্গ সকলেই শক্তদমন ফললাভ করিয়া থাকেন। এ স্থলেও অধির বহুত্তেতু ফলবাত্ল্য কথিত হইল॥ १॥

স হোবাচ গার্গো য এবায়মপ্স্ পুরুষ এতমেবাহং ব্রেক্ষোপাস ইতি স হোবাচাহজাতশক্ত-মামৈতস্মিন্ সংবদিষ্ঠাঃ প্রতিরূপ ইতি বা অহমেতমুপাস ইতি স য এতমেবমুপাস্তে প্রতিরূপত হৈবৈনমুপগচ্ছতি নাপ্রতিরূপমথো প্রতিরূপো-হস্মাজ্জায়তে ॥ ৮ ॥

গার্গ্য বলিলেন, এই বে জলে, জলাধিষ্ঠিত শুক্রে ও হাদরে পুরুষ বিরাজমান, আমি ইহাকে প্রকৃত বন্ধবাধে উপাসনা করিয়া থাকি। (অতএব তুমিও ইহার উপাসনা কর)। তথন অজা হশক্র গার্গ্যকে পূর্ব্ধবং নিষেধ করিয়া বলিলেন যে, না—না—এরপ প্রসন্ধও আনিও না। আমি ইহাকে 'প্রতিরূপ' অর্থাৎ ক্রুতি-শ্বতি শাসনের অমুকৃল বলিয়া উপাসনা করিয়া থাকি। যিনি ইহাকে এইরপে উপাসনা করেন, তিনি ক্রুতির উক্তির অমুরূপ প্রাদি লাভ করেন এবং কেইই ইহার প্রতিক্লে থাকে না॥ ৮॥

দ হোবাচ গার্গ্যো য এবায়মাদর্শে পুরুষ এতমেবাহং ব্রক্ষোপাদ ইতি দ হোবাচাহজাতশক্র-মামৈতশ্বিদ্

⁽১) ক্ষাবিব্যাতে কিপাতে, তৎস্কাং জন্মকরণেন সমতে যা স বিষাধীয়:—আগ্নঃ চুইনার জাংপর্বা—অগ্নিতে যাতা বাতা প্রকেপ করা নার, তৎসমন্ত্র আগ্নি সভ করারা কণ্মীভূত করের বৃদ্ধিয়া আগ্নিকে বিষাস্থিত বলে ।

সংবদিষ্ঠা রোচিফুরিতি বা অহমেতমুপাস ইতি স য এত-মেবমুপান্তে রোচিফুর্হ ভবতি রোচিফুর্হাস্থ প্রজা,ভবত্যথো থৈঃ সন্ধিগচ্ছতি সর্বাশুস্তানতি রোচতে ॥ ৯॥

পুনশ্চ গার্গ্য বলিলেন, এই যে স্বভাব-মুনির্ম্মণ দর্শণ ও থজ্গাদিতে এবং বিশুদ্ধসন্থ-(চিন্তের নির্মাণভাসম্পাদকং পবিশেষ) ময় হৃদয়ক্ষেত্রে প্রতিফলিত
একটি পুরুষ দেখা যায়, আমি এই (প্রতিবিধাপলক্ষ্ণিত) এক্ষের উপাসনা করিয়া
থাকি; (অতএব তুমিও ইহার উপাসনা কর) অজ্ঞাতশক্ত তৎক্ষণাৎ গার্গ্যকে
নিবারণ করিবার জন্ম বলিলেন যে, না—না, এই সপ্তণ-ত্রন্ধের উপাসনার নিমিত্ত
আমায় উপদেশ দিও না। কারণ, আমি হুছক্ত ত্রন্ধকে রোচিফু পদার্থ
(উজ্জ্ঞাস্থভাব) বলিয়া উপাসনা করিয়া থাকি। অন্য যে কেহ এইরূপে
উর্মিণত ত্রন্ধের উপাসনা করেন, তিনি ও তাহার সন্থানগণ অত্যন্ত
দীস্তিশীল হন, এবং তাহার প্রভাব সমস্ত লোককে অতিক্রম করিয়া
থাকে। এ স্থলেও প্রতিবিধের আধার অনন্ত বলিয়া বহুফল নিদ্ধিষ্ট
হইল॥ ১॥

দ হোবাচ গার্গ্যে য এবায়ং যন্তং পশ্চাচ্ছন্দোহনুদেত্যেনমেবাহং ব্রহ্মোপাদ ইতি দ হোবাচাহজাতশক্ত-মানিতিম্মন্
দংবদিষ্ঠা অস্ত্ররতি বা অহমেতমুপাদ ইতি, দ য এতমেবনুপাস্তে
দর্বন্ধ হৈবামিল্লোক আয়ুরেতি নৈনং পুরা কালাৎ প্রাণা
জহাতি॥ ১০॥

গার্গ্য বলিলেন, লোকসকলের গমনকালে, তাহাদের পাদদেশে যে একরূপ
শব্দ উথিত হয় এবং জীবনধারণের উপায়—প্রাপবায়ুর যে শরীরাভ্যন্তরে এক
প্রকার শব্দ (কর্ণরন্ধ্র রুদ্ধ করিলে) অন্তত্ত হয়, আমি দেই শব্দ-প্রতিষ্ঠিত
ব্রহ্মের উপাসনা করি, (অতএব তুমিও তাহার উপাসনা কর)। তদনস্তর অজাতশক্র তাহার প্রতিবাদ করিয়া বলিলেন যে, না—না, এরূপ প্রস্তাব আর
আমার কাছে করিও না; আমি এই শব্দ-প্রতিষ্ঠিত ব্রহ্মকে 'অসু'রূপে উপাসনা
করিয়া থাকি, ইনার কার্য্য জীবনরক্ষা। যে কেহ এই শব্দ-প্রুষকে অস্করপে
উপাসনা করেন, তিনিই ইহলোকে পূর্ণ আয়ুং লাভ করেন, পূর্ব্ধ-কন্দাস্থসারে

তাঁহার বেরূপ আরু: লাভ হইয়াছে, সেই কর্মফলজোগের কাল পূর্ণ হইবার পূর্বে অত্যুৎকট পীড়াদি দারা প্রপীড়িভ হইলেও কথনই তাঁহার প্রাণবিদ্ধোগ হয় না॥ ১০ ॥

দ হোবাচ গার্গ্যে য এবায়ং দিক্ষু পুরুষ এতমেবাহং ব্রেক্ষোপাদ ইতি দ হোবাচাহজাতৃশক্ত-মনিয়তিমান্ সংবদিষ্ঠা দ্বিতীয়োহনপগ ইতি বা অহমের্ড্যুপাদ ইতি দ্ব এতমেব-মুপান্তে দ্বিতীয়বান্ হ ভবতি, নাম্মাদ্ গণশ্ছিগতে ॥ ১১ ॥

গার্গ্য বলিলেন, এই যে দশদিকে, দিগধিষ্ঠিত কর্ণয়ের এবং হাদয়ে সর্বাদা অবিযুক্ত স্বভাবসম্পন্ন অস্থিনীকুমার নামক দেবতাছন অবস্থান করিতেছেন, আমি
এই দিগ্-দেবতা অস্থিনীকুমারয়য়েকেই ব্রহ্মভাবে উপাসনা করি; (স্তরাং তুমিও
ইহাদের উপাসনা কর)। তথন অজাতশক্র বলিলেন যে, না—না, ইহা অতি
অগ্রাহ্য কথা। আমি ইহাকে 'স্থিতীয়' ও 'অনপ্য'—অর্থাৎ অবিম্কুস্বভাবী
বলিয়া উপাসনা করিয়া থাকে। যিনি এইরপে আম্বিনয়ের উপাসনা করেন,
তিনি নিয়তই দিতীয়বান্ অর্থাৎ সহায়সম্পার গাকেন, এবং তাঁহার স্বজনগণও
কথন উচ্ছির হন না। কারণ, তাঁহার উপাস্থা দেবতা দিগ্রেক্স ও আম্বিনের
ক্রম্প গুণবৈশিষ্ট্যহেতু উপাসকের ক্রমণ ফল হওয়া সম্বত॥ ১১॥

স হোরাচ গার্গোয় থ এবায়ং ছায়াময়ঃ পুরুষ এতমেবাহং ব্রেক্ষোপাস ইতি স হোরাচাহজাতশক্র মামেতিশ্মন্ সংবদিষ্ঠা মৃত্যুরিতি বা অহমেতমুপাস ইতি স য এতমেবমুপাস্তে সর্বস্থে হৈবাশ্মিলোক আয়ুরেতি নৈনং পুরা কালান্ মৃত্যু-রাগজ্ঞতি॥ ১২॥

গার্গ্য বলিলেন, বাস্থ অন্ধকারে, আবরণান্মক অজ্ঞানে ও হাদমে যে একটি দেবতা অবস্থিত আছেন, আমি তাঁহাকেই ব্রহ্মজ্ঞানে উপাসনা করিয়া থাকি, (অতএব তুমিও ইঁহার উপাসনা কর।) এই কথা শ্রবণমাত্রই অজাতশক্ত বাধা দিয়া বলিলেন যে, না—না, ইহা হইতেই পারে না, আমি ইবাকে মৃত্যু বলিয়া জানি ও সেইজাবে উপাসনা করিয়া থাকি।

যিনি এই ব্রন্ধের উপাসনা করেন, তিনি পূর্ববিৎ ইহলোকে পূর্ণ আয়ুঃ প্রাপ্ত হন এবং কাল পূর্ণ না হইলে করাল কালও ইহার সমীপে উপস্থিত হুইতে পারে না। পূর্ব হইতে বিশেষ এই যে, ব্যুত্যুর পূর্বে কোনরূপ উৎকট পীড়াও ভাহার শরীর স্পর্শ করিতে পারে না॥ ১২॥

দ হোবাচ গার্গ্যে । এবায়মাগ্রনি পুরুষ এতমেবাহং ব্রেলাপাস ইতি স হোবাচ্বাহজাতশক্ত-মর্শমৈতস্মিন্ সংবদিষ্ঠা আত্মমীতি বা অহমেতমুপাস ইতি স ব এতমেবমুপান্ত আত্মমীহ ভবত্যাত্মমিনী হাস্ত প্রজা ভবতি স হ ভূফীমাস গার্গ্যঃ॥ ১৩॥

গার্গ্য বলিলেন, এই যে আত্মার অর্থাৎ প্রজাপতির বৃদ্ধি ও ক্ষয়েতে এক দেবতা আছেন, আমি ইংহাকে ব্রহ্মভাবে উপাসনা করি; (অতএব তুমিও ইংহার উপাসনা কর)। এ কথা প্রবণমাত্র অজাতশক্ষ বলিলেন, না—না, এ প্রস্তাব আর কর্ত্তব্য নহে। আমি ইংহাকে আত্মন্ত্রী (সংযতাক্মা অর্থাৎ যিনি নিজ আত্মাকে বনীভূত করিয়াছেন) বলিয়া উপাসনা করি।

যে জন ইংহাকে উপাদনা করেন, তাঁহার আত্মা (বৃদ্ধি) বশীভূত হয় এবং তাঁহার সস্তানগণও আত্ম-বশীকরণে সমর্থ হয়।

অজাতশক্র স্বয়ং প্রকৃত ব্রহ্মবিজ্ঞানপ্রভাবে এইরূপে গার্গ্যকে প্রত্যাখ্যান করিলে পর গার্গ্য নিরুত্তর হইয়া মৌনভাবে অধােমুথে রহিলেন ॥ ১৩ ॥

দ হোবাচাজাতশক্রতোবন্ন ইত্যেতাবদ্ধীতি দৈতাবতা বিদিতং ভবতীতি স হোবাচ গার্গ্য উপ স্বায়ানীতি॥ ১৪॥

অনস্তর অজাতশক্ত গার্গ্যের তথাবিধ অবস্থা অবলোকন করিয়া গার্গ্যকে বলিলেন, কি, এ পর্যান্তই (সগুণ) ব্রহ্ম অবগত, না ইতঃপরও কিছু বিজ্ঞাত নাছে? এ প্রশ্নোত্তরে গার্গ্য বলিলেন, না—এইমাক্রই, অর্থাৎ আমি ফুটুকু ব্রহ্ম জানি, তৎসমস্তই বলিয়াছি, আমি ইহার অধিক আর কিছুই জানি না। তথন অজাতশক্ত বলিলেন যে, এ অতি

সামান্ত জ্ঞান, এতাবন্দাত জানিলেই কথনও ব্রহ্ম জ্ঞানা হয় না; স্কত্রাং এরপ জ্ঞান জ্ঞান্ই নয়। তবে কেন গর্কিত হইয়া আমায় বলিয়াছিলে যে, 'আমি তোমায় ব্রহ্মোপদেশ করিব।' তবে ঈদৃশ জ্ঞান যে জ্ঞানই নয়; এ কথা আমি বলিতেছি না, এইমাত্র বলিতেছি, ঈদৃশ জ্ঞান কথনই ব্রহ্মজ্ঞান হইতে পারে না, কেন না, যেহেতু, পূর্ব্বোক্ত প্রত্যেক বিজ্ঞানে (উপাসনাতে) রাশি রাশি ফলশ্রুতি ক্রত হইতেছে, কিন্তু ব্রহ্মবিজ্ঞান ফলশ্রুতির (মাগন্ধহীন হয়। আর ঐ সকল ব্রহ্মবোধক বাক্য ব্রহ্মবোধক বাক্য ব্রহ্মবোধক প্রত্যেক উপাসনাবাক্যেই অপূর্ব্ব (অপ্রাপ্ত) বন্ধর বিধান অবগত হওয়া যায় এবং বথন সর্ব্বেই তত্ত্ব উপাসনার অন্তর্বন "অতিগ্রহ্মবিদ্ধান ক্রতি কথনই অর্থবাদমধ্যে (১) পরিগণিত হইতে পারে না। অর্থবাদ হইলে বিধারক বাক্য অসকত হইয়া পড়ে।

তবে যদি বল, কেন তাহা হইলে "এতাবন্মাত্রে জ্ঞাত হন্ধ না" অজ্ঞাতশক্ত এইরূপ উক্তি করিল ? অর্থাৎ পূর্ব্ব উপাসনা-প্রতিপাদক বাক্যকলাপের অতিঠা প্রভৃতি ফলরপেই যদি স্বীকৃত হয়, তাহা হইলে "ঈদৃশ জ্ঞান জ্ঞানই নম" এই পূর্ব্বোক্ত বাক্যের সঙ্গতি কি ? কেন না,—গার্গ্যোক্ত জ্ঞান যদি মিথ্যা জ্ঞান বলিয়াই সিদ্ধান্তিত হয়, তাহা হইলে তাহার যান্তব কল কোথায় ? বেহেতু, মিথ্যা বস্তু কথনও ফল প্রসব করে না। উত্তর—হাঁ, এথানে এরূপ দোষ ঘটিতে পারে না ; কারণ, যাহার যতদূর পর্যান্ত অধিকার, তাহা লক্ষ্য করিয়াই দোষ প্রদত্ত হইয়া থাকে। এ স্থলে অমুখ্য (সঞ্চণ)-ব্রহ্ম-মাত্র-দর্শী গার্গ্য, পরমবন্ধ-তর্ক্রপ্রেলাংক্ত্রক অজাতশক্রকে ব্রন্ধোপদেশ করিতে প্রবৃত্ত হইয়াছেন, অথচ তিনি স্বয়ং পরব্রক্ষ সম্বন্ধে মুখ্যভাবে কিছুই জানেন না ; স্তেথাং মুখ্য ব্রন্ধবিৎ অজাতশক্ত অমুখ্য ব্রক্ষ্ম্ব গার্গ্যকে অবশ্রুই বলিতে পারেন যে, তুমি যথন এইরূপ হইয়াও আমাকে মুখ্য ব্রক্ষোপদেশ করিতে

⁽১) গুরুপর শারা শ্রুত ছইর। আসিতেছে বলিয়া বেদকে "শ্রুতি" বলে, সেই শ্রুতি সামান্তওঃ বিধিন, —বিধি ও অর্থবান। কোন ক্রিয়া-শ্রতিপাদক শ্রুতিবাক্য বিধি, বেমন "বর্গকামোহৰ-মেধন যজেত" অর্থাৎ বর্গকামী পুরুষ অধ্যেষ থাগ করিবে। এ ছলে যাগল্প ক্রিয়া বৃষ্ণীইরাছে বিলিয়া ক্রিটি বিধি। আর যেখানে কোনরূপ ক্রিয়াবোধক বাক্ নাই, কেবল বিধির প্রাক্তার বাক্তা থাকে, সেথানে ক্রিয়ার, যেমন নিত্যকর্পের ফ্লবোধক বাক্তাসকল অর্থবাদ। অর্থবাদের কোন প্রায়াণ্য নাই।

প্রবৃত্ত হইয়াছ, অতএব আমার বোধ হইতেছে যে, তোমার (গার্গ্যের) বে ব্রক্ষজান নাই।

এ স্থলে যদি, "নৈতাবতা বিদিতং ভ্রতি" এই বাক্য ধারা গার্গ্যের সপ্তণ ব্রহ্মজ্ঞানও প্রত্যাখ্যাত হইড, তবে অজাতশক্ত "তুমি কিছুই জ্ঞান না," এইরূপই বলিতেন, কথনই 'এ জ্ঞান জ্ঞানই নয়,' এইরূপ সামাস্তাকারে বাক্য প্রয়োগ করিতেন না। অতএব গার্গ্যেক ব্রহ্ম সমুদ্য অবিদ্যা সম্বন্ধেই বোদ্ধব্য—
অর্থাৎ যে পর্যান্ত জীবণণ অবিদ্যান্তিকারে বাস করে, তাবৎকাল তাহাদের
পক্ষে গার্গা-কথিত ব্রহ্মই ব্রহ্ম এবং নিকামভাবে এই সকল সপ্তণ ব্রহ্মোপাসনাই
পরব্রহ্মজ্ঞানের ধারম্বরূপ, ব্রহ্মজ্ঞান ইহারও জনেক উচ্চে; এইন্সই অজাতশক্ষ
উদ্দ বিজ্ঞানকে নিন্দা করিয়াছেন।

বিশেষতঃ গার্গোক্ত আদিতা প্রভৃতি বিষয় অনিমানিকারে বিজের এবং নাম, (ক্ষণ, বিষ্ণু প্রভৃতি) রূপ (বিভূজ চতুর্ভুজ প্রভৃতি), কন্মান্দ্র (যাগাদি) ইহা তৃতীয় অধ্যাদ্রে বর্ণিত হইবে। এ স্থলেও অজাতশক্র "নৈতাবতা বিদিতং ভবিতি" এ কথা ধারা ইহাই বুঝাইতেছেন যে, ইহা হইতে উৎকৃষ্ট ব্রহ্মই উক্ত সঞ্জণ ব্রহ্মের অতীত, যিনি নিরাকার নির্কিক্যার ব্রহ্ম আছেন, তিনিই জীবগণের অবশ্র জাতব্য। গার্গ্য জানেন, যে শিশ্য ওকর নিকট উপসন্ধ না হয়েন অর্থাৎ যথাবিধি স্নানাচমন পূর্ব্দক কুশহক্তে শ্রোত্রিয় গুরুর নিকট উপস্থিত হইয়া, "ভগবনু! আমাকে ব্রহ্মতন্ত্র উপদেশ করুন," এইরূপ প্রার্থনা না করেন, তাঁহাকে ব্রহ্মতন্থোপদেশ করিতে নাই, এজ্যু বেদবিধিজ্ঞ গার্গ্য স্বয়্বংই অজাতশক্রকে বলিলেন যে, অপরাপর শিষ্যগণ যে ভাবে গুরু-সমীপে উপস্থিত হন, আমি তজ্ঞপে ব্রহ্ম-তত্বলাভার্থ আপনার সমীপে উপস্থিত হইতেছি, স্বত্রের আপনি আমাকে পরব্রন্ধ-তব্ব উপদেশ করুন॥ ১৪॥

স হোবাচাহজাতশক্রঃ প্রতিলোমং চৈতদ্ যদ্বাক্ষণঃ
ক্ষণিয়মূপেয়াদ্ "ব্রহ্ম মে বক্ষাতীতি" ব্যেব তা জ্ঞপায়ষ্যামীতি,
তং পাণাবাদায়োত্তভৌ তৌ হ পুরুষণ স্থুমাজগ্মতৃস্তমেতেন মিভিরামন্ত্রয়াঞ্চক্রে—বুহন্ পাণ্ডরবাসঃ সোম
রাজমিতি স নোত্তেই তংপাণিনা পেষ্ বোধ্যাঞ্জ্কার
স হোত্তভৌ ১৫।

অজাতশক্ত গাৰ্গাকে বলিলেন যে, তাহা সম্পূৰ্ণ বিপরীত অৰ্থাৎ সৰ্ব-বর্ণোত্তম ব্রাহ্মণ বেদদীক্ষাদি-আচার্য্য-কার্য্যে অধিকারী, তাঁহার পক্ষে স্ব াবতঃ অনাচার্য্য 'কজিম্বের নিকট শিশুনুত্তি অবলম্বন পূর্ব্বকৃ "আমাকে ইনি ব্ৰহ্মজ্ঞানোপদেশ দিবেন", এই উদ্দেশ্যে উপস্থিত হওয়া বড়ই বিপরীত কার্যা এবং বেদদীক্ষাদি আচার-প্রতিপাদক শাল্পসমূহেও ইহা নিষিদ্ধ হইরাছে। * অতএব তুমি আচার্ফ্টাবেই অবস্থান কর, যাহা অবগত হইলে অবশুজ্ঞাতব্য দেই প্রমবন্ধ বিজ্ঞ অবগত হইতে পারা যায়. আমি তোমাকে দেই মুখ্যী ব্রহ্মের উপদেশ করিবই। এই বলিয়া অজাত-শত্রু গার্গাকে লঙ্কিত দেখিয়া কাঁছার বিশাস-উৎপাদনের জন্ম করগ্রহণ-পূর্বক উঠিলেন। পরে গার্গ্য ও অজাতশক্ত সমবেত হইয়া একটি রাজ-গহমারে উপস্থিত হইলেন এবং ঐ গৃহস্থিত এক স্থপ্ত পুরুষকে 'বুহনু' 'পাওরবাস:' 'সোম' 'রাজন' প্রভৃতি (পূর্ব্বোক্ত সগুণত্রদ্ধবাচক) নামে সম্বোধন করিতে লাগিলেন, কিন্তু সেই নিদ্রিত পুরুষ কিছুতেই আর জাগরিত হইল না। যথন কিছুতেই সেই পুরুষ জাগরিত হইল না, তথন তাহাকে হস্ত হারা তাড়িত করিতে লাগিলেন, তাহার ফলে সেই স্থপ্ত-পুরুষ জাগরিত হইল ও উথিত হইল। ইহা খারা এই অর্থ ই প্রতিপাদিত হইতেছে যে, পূর্বের গার্গা যে সকল পুরুষকে ব্রহ্ম বলিয়া অভিহিত করিয়াছিলেন, এই শরীরমধ্যন্থিত সেই সকল প্রাণাদি পুরুষ কথনই ব্রহ্ম নহে।

এখানে এরপ প্রশ্ন হইতে পারে যে, গার্গ্য ও অজাতশক্ত হুপ্ত পুরুষ-সমীপে গমন করিলেন ও ভাহাকে নাম ধরিয়া সম্বোধন করিলেন, কিন্তু তথাপি সেই হৃপপুরুষ নিদ্রা-ত্যাগ করিয়া উঠিল না; এইমাত্র ঘটনায় গার্গ্যের প্রস্তাবিত ব্রহ্ম যে ব্রহ্মই নহে, ইহা কিরপে নিরূপিত হইল ? উত্তর—ভাহাত বলা যাইভেছে।—
যিনি জাগ্রদুশায় এই দেহেকত্ত্ব-ভোক্ত্যাভিমানী প্রাণপুরুষ, তিনিই ব্রহ্ম; ইহাই গার্গ্যের অভিপ্রেত, কিন্তু এই গার্গ্যাভিপ্রেত ব্রহ্ম এবং অজাত-শক্ত-সন্মত প্রকৃত ব্রহ্ম, এই উভয়ই জাগরিত সমরে স্বামী ও ভূত্যের মত

^{*} অব্রাহ্মণাদধ্যমন্মাপৎকালে বিধীহতে। অত্রজ্ঞা চ ত্রাহা বাবদধ্যমন গুলোঃ। ন বাহ্মণে গুলো বাদ্যাভাত্তিকং বদেণিত্যাদানি আচারবিধিশাল্পানি। ইছার ভাংগ্রা এই—ব্রাহ্মণজাতি আপংকাল উপন্থিত ছইলেই (উপন্থুক্ত ব্রাহ্মণ অধ্যাপকের অলাভে) ব্রাহ্মণ কিছি বর্ধের নিক্ট অধ্যমন বীকার বরিবে, অধ্যয়নকাল পর্যাহ্ম গুলুর অনুসমন ও শুলাফ করিবে, এবা শিশ্বভি স্বব্যুদ্ধন করিয়া ব্রাহ্মণ ভিন্ন গুলুর স্মৃত্বি দীর্গ্লালগ্রাণী ব্রহ্মট্যাণাদন করিবে না।

(অর্থাৎ ভূত্য যেমন প্রভিনিয়তই স্বামীর পার্শ্বর্ত্তী থাকে, ঠিক তেমন) প্রতিনিয়তই ইন্দ্রিয়গণের সহিত সম্বন্ধ থাকে; স্নতরাং তৎসময়ে স্বামী ও ভূভাস্থানীয় উভয়বিধ ব্ৰহ্মকে পৃথক কৰিয়া নিৰ্দেশ কৰা অতীব হুষ্কর'৷ বিশেষতঃ থিনি আত্মা, তাঁহার দ্রষ্ট ব, দৃশুত্ব নহে এবং থিনি প্রকৃত অভোক্তা, তাঁহার দৃশুত্ব, দ্রষ্টুত্ব নহে; এই উভমবিধ ব্যাবর্ত্তক ধর্ম জাগরণবালে পরস্পর বিমিশ্রিত-ভাবে থাকায় উভয়কে পৃথকু করিয়া দেখান নিতান্তই অসম্ভব হয়, এঞ্চন্ত অজাত-শক্র জাগ্রৎপুরুষ পরিত্যাগ করিয়া হস্তপুরুষহনীপে গমন করিয়াছেন। যদি বল যে, স্থপুরুষ-সমীপে ঘাইয়া "বিন্", "পাওরবাসী" প্রভৃতি বিশেষ বিশেষ নামে সম্বোধন করায় ভোক্তাপুরুষ (১চতন)কেই লক্ষ্য করা হইয়াছে, অভোক্তা ব্রহ্ম কথনই নামের লক্ষ্য হইতে পারে না; স্কুতরাং ইহা দারাই বা কিন্ধপে নির্ণয় হইতে পারে ৪ উত্তর—হা, এই কণা দারাও গার্গাভিত্রেত ব্রন্দের বিশেষত্ব বা প্রকৃত বন্ধ হইতে প্রভেদ নির্দ্ধারিত হইয়াছে; ,কেন না, পূর্বের উক্ত হইয়াছে যে, প্রাণময়, অবিনধর আত্মা, ইনি সত্য দারা আবৃত, বাগাদি ইক্রিয় সকল অন্তমিত হইলেও প্রকাশময়, ধাহার জলময় শরীর, ধাহার নাম পাগুরবাসা, বিনি অসপত্ন অর্থাৎ প্রতিপক্ষবিষ্ট্রন, যিনি বুহন্ অর্থাৎ ব্যাপক এবং যোড়শ-কলা-সমন্বিত সোমরাজ চল্ল ও সোমলতা নামে অভিহিত, সেই প্রাণাত্মা অর্থাৎ গার্গ্যাভিমত প্রাণ-ব্রহ্ম, স্বকর্ত্তব্য-(শ্বাদ-প্রশ্বাদ) তৎপর হইয়া সর্বাণা জাগরুক আছেন। গার্গোর মতে নিদ্রাকালে ঐ প্রাণবন্ধ ব্যতীত অপর কোন বিক্তম-ধর্মাবলম্বীর ক্রিয়া থাকে না, অর্থাৎ গাগ্য যে প্রাণ-দেবতাকে ক্রম বলিয়া নির্দেশ করিয়াছেন, সেই প্রাণদেবতাই কেবল নিদ্রাকালে চক্ষু, কর্ণ প্রভৃতির ক্রিয়ালোপ হইলেও স্বয়ং বিভ্যমান থাকিয়া নিয়মিতরূপে নিমাস-প্রশাসাদিকিয়া-সম্পাদন করিতেছেন; অথচ অজাতশক্রর শৃত 'অতিষ্ঠাঃ, বুহন, পাওরবাস:' প্রভৃতি স্থোধনেও' জাগরিত হইলেন না; অভ্ঞুব ব্ঝিতে इटेरन रा, यनि विश्वमान প্রাণ-দেবতাই প্রকৃত ব্রদ্ধ হইতেন, তাহা হইলে অবশ্রই স্বনাম-সম্বোধনে জাগরিত হুইতেন; যথন প্রাণ বিভয়ান থাকিয়াও ম্বনাম শ্রবণে প্রবোধ প্রাপ্ত হইলেন না, তথন তিনি এই দেহের কর্তা বা ভোক্তা ত্রন্ধ নহে। বিশেষতঃ ভোগ করা যদি প্রাণ-ত্রন্ধের স্বাভাবিক ধর্ম হয়, ভাহা হইলে ভোগাবিক্স প্রাপ্তিমাত্র অবগুই তিনি ভোগ করিবেল, কলাচু তাহার अञ्चर्ण हरेरव ना, कांबन, ब्रष्टांव छूमिनात। ध्यम कि कथम मिथा यात्र रा, नार-মুভাবসম্পন্ন ও প্রকাশনীল বহিং দাহ তুণ, উন্প প্রভৃতি প্রাপ্ত হইরাও

मध करत ना এवः প্রকাশ্র বস্তকে প্রকাশ করে না ? বহিং যদি প্রাপ্ত তৃণপুঞ্জকে দগ্ধ না করিত এবং সম্মুখস্থ ঘটপটাদি প্রকাশ্ম বস্তুকেও নিবিড় তমোরাশি ভেদ করিয়া প্রকাশিত না ক্রিত, তাহা হইলে দাহ এবং প্রকাশ কথনই তাঁহার স্বাভাবিক ধর্মরূপে পরিগণিত হইত না। সেই প্রকার গার্গ্যক্ষিত প্রাণ-ব্রহ্ম শব্দাদি-বিষয়-ভোগ-স্বভাবদম্পন্ন হইলে বৃহন্, পাগুরবাস: প্রভৃতি নিজ সংখাধন-শব্দসকল (বাহা নিজের ভোগা) প্রবশ্নই ·গ্রহণ (ভোগ) করিত। যথন গ্রহণ করে নাই, তথন সে (প্রাণ) আ ৠও নহে। কারণ, স্বভাবের স্বভাব এই—কে বস্তর (সভাবের আধারে) সমস্থাী বস্ত যতকাল থাকে, সভাবও ততকাল তাহার শরীরে অক্ষভাবে, জড়িত থাকে, ইহা অব্যভিচরিত কথা। দাহ এবং প্রকাশ অগ্নির স্বভাবও হইবে, অগচ ক্মিন্কালেও অগ্নির সহিত ভাহাদের সাক্ষাৎসম্বন্ধ নাই, ইহা হইতেই পারে না। এ স্তনেও অবশ্ব-শ্রোতব্য "বৃহন্" প্রভৃতি শব্দ শ্রবণ না করায় স্পষ্টরূপে জানা যাইতেছে যে, প্রাণ কথনও শব্দাদি বিষয়-ভোগের কর্ত্তা নহে। যদি বল যে, একত্র সমবেত বছলোকের মধ্যে কোন এক জনকে নাম ধরিয়া সম্বোধন করিলেও সে যেমন কলরব-বিমিশ্রিত অপরিক্ট সেই সম্বোধন-শব্দ হামাগুরূপে শুনিরাও "অমুক আমাকে ডাকি-তেছে" এই দ্বন্ধবিশেষের উপলব্ধি করিতে পারে না অর্থাৎ দ্বন্ধ-গ্রাহণের অভাবেই উত্তর প্রদান করে না, প্রাণও দেইরূপ "বুহন্" "পাণ্ডরবাসা" প্রভৃতি নিজ সম্বোধন-শব্দের 'অমুক আমায় ডাকিতেছে' এই বিশেষ সম্বন্ধ গ্রহণ না করার জাগরিত হয় নাই; ইহা দারা প্রাণ-দেবতার জ্ঞানশক্তির অভাব প্রতিপন্ন হয় কি প্রকারে ? উত্তর—না, এ কথা বলিতে পার না। কারণ, যে প্রাণকে দেবতা বৰু হইরাছে, সেই প্রাণ-দেবতার নিজ নামে উচ্চারিত সম্বোধন অবশ্র পরিজ্ঞাত হওয়া উচিত, যদি প্রাণ-দেবতা এই শব্দের সহিত সম্বন্ধ গ্রহণ ক্রিতে না পারেন, তাহা হইলে তাহার দেবত কোথায় ?

আর এক কথা— চন্দ্রাভিমানিনী দেবতা—থিনি দেহাভান্তরে প্রাণ নাম প্রাপ্ত হইরা বিষয় সন্তোগ করিতেছেন, তাঁহার পক্ষে সেই দেবতার সাহায্যে অন্ততঃ লৌকিক ব্যবহার-সম্পাদনের জন্মও বিশেষ নামের সহিত সম্বক্ষপ্রহণ করা অবশুকর্ত্তব্য কর্ম ছিল অর্থাৎ পূর্ব্ব পূর্ব্ব সম্বোধনের উত্তর প্রদান করা প্রাণ-দেবতার একান্ত উচিত কার্য্য ছিল: কিন্তু যদি সম্বোধনবাক্য ক্রত হইরাও কেহই উত্তর প্রদান না করে, কাহা হইলে এই সংসারে লোক্ষ্যজানির্বাহের উপায় কি?

এ স্থলে এ কথা জিজ্ঞান্ত হইতে পারে বে, বাহার (অজ্ঞাতশক্রর) মতে আত্মা প্রাণ হইতে সম্পূর্ণ পৃথক এবং কর্ত্তা ও ভোক্তার্রপে অভিমত, তাঁহার মতে কর্ত্তা ও ভোক্তা আত্মা দেহে বিশ্বমান থাকি রাও উপস্থিত "বৃহন্" "পাওরবাসঃ" প্রভৃতি সম্বোধন গ্রহণ করেন নাই কেন ? যদি গ্রহণ করিতেন, তবে নিশ্চরই প্রবৃদ্ধ হইবার পর তৎকালে প্রভ্যুত্তর প্রদন্ত হইত, এবং ইহাও গত্য বে, বৃহন্, পাগুরবাসঃ প্রভৃতি নামে সম্বোধন করিলে প্রভৃতি ব্যতিরিক্তা অন্য কেহই (আত্মা) কথনই প্রতিবোধিত হয় না। অতএব মুম্বোধন সত্ত্বে প্রভিবেব্যাধ্যর অভাব অভ্যক্ত্বের অন্ত্রমাপক হইতে পারে না।

উত্তর—এ কথাও নিতান্ত মুক্তিহান। কেন না, যিনি বৃহত্তাদি লক্ষণসম্পন্ন, তিনি কেবল ঐ পরিচ্ছিন্ন প্রাণাভিমানী নহেন, তিনি ব্যাপক পুরুষ, অর্থাৎ অজাতশক্র যাহাকে ব্রহ্মবলিয়া নিদ্দেশ করিয়াছেন, তিনি প্রাণাদিমর সমস্ত শরীরের অধিপতি, কেবল প্রাণমাত্রে তাঁহার অভিমান নাই, স্কৃতরাং প্রাণ-বাঁচক শক্ষে সম্বোধন করিলে তিনি প্রবৃদ্ধ হইবেন কেন ? কেহ কি কখনও দেখিয়াছে, আত্মার হস্তপদাদি সমস্ত অবয়বে অধিকার (অভিমান) থাকা সম্ভেও 'ওহে হস্ত! ওহে পদ! ওহে চকু!' বলিয়া সম্বোধন করিলে সর্কাশরীরাভিমানী আত্মা প্রতিবোধিত হন বা ঐ কথার উত্তর উত্তর দিয়া থাকেন ? সেইরূপ কেবলমাত্র প্রাণের নাম ধরিয়া সম্বোধন করায় সর্কাভিমানী প্রাণধারী আত্মা কখনও প্রবোধিত হইতে পারেন না।

ি বিশেষতঃ আত্মার চক্রাদি দেবতার আত্মাতিমান না থাকার 'বৃহন্' 'পাগুরবাসং' ইত্যাদি সম্বোধনে আত্মা প্রবোধিত হইতে পারেন না। যদি বল, যেমন স্বর্গুপ্রকালে সম্বোধনে স্বর্গুপ্রকারে নিজ (রাম, প্রায় প্রভৃতি) নামে প্রমোধন করিলেও তাঁহার চৈত্ত্যোদর হর না, সেইরূপ প্রাণ ভোক্তা হইয়াও এমন কোন একটি অজ্ঞের কারণ আছে—যাহার জন্য তাহার প্রনোধ হয় না। উত্তর—ইহাও বলিতে পার না, কারণ, আত্মা ও প্রাণ, ইহাদের মধ্যে নিজাস্থকে বিশেষ বৈলক্ষণ্য আছে। আত্মার নিজা আছে, দেখা যার, নিজাকালে ইন্দ্রিরণ প্রাণগ্রন্থ হইয়া স্ব স্ব কার্য্য হইতে বিরত হয়, এবং তৎকালে আত্মা কোন ভোগ করে না, স্বতরাং তৎকালে আত্মার নিজা কল্পনা করা যার। কিন্তু প্রাণের সে নিজা নাই, প্রাণ নিরন্তরই নিমাসপ্রিয়াসাদি নিজের কর্ত্ব্য কর্ম্বের অনুষ্ঠানে তৎপর। যথন প্রাণের ব্যাপার কন্ধ হয়, তথন এ দেহের কার্য্যও সমাপ্ত হয়। অতএব প্রমাণিত হইল যে

নিজাবস্থায় আত্মার কার্য্য সম্পাদক ইক্রিয় সকল নিক্রিয় থাকে; হতরাং তদবস্থায় আত্মা বর্ত্তমান থাকিয়াও নিজের গ্রাহ্থ বা ভোগ্য বিষয় গ্রহণ করিতে পারেন না, কিন্তু তদবস্থায়ও জাগরক ভোক্তারপে অভিমত প্রাণের শব্দাণি বিষয় গ্রহণ না করা কোনরপেই সঙ্গত হয় না।

পুনশ্চ বিদি বল যে, প্রাণ ভোক্তা সত্য, কিন্তু তাঁহার প্রাণ প্রভৃতিই প্রিদিদ্ধ নাম, তাহা পরিত্যাগ করিয়া অত্যন্ত অপ্রিদিদ্ধ "বৃহ ু প্রভৃতি নামে আহ্বান অপ্রতিবাধের কারণ। এজন্ম প্রাপ্ত এবং কর্জী হইয়াও প্রবোধ লাভ করে নাই। লৌকিক অবস্থায় দেখা যায় যে, অপ্রসিদ্ধ নামে সঘোধিত ব্যক্তি সম্মুখীন হয় না। উত্তর—না, অজাতশক্র কর্ভুক প্রমুপ্ত পুক্ষের অফুত্তরব্যাপার প্রদর্শনের তাৎপর্য্য কেবল প্রাণদেবতার আত্মন্তনিরাকরণ—অর্থাৎ বিদিও যে কোন প্রাণের প্রসিদ্ধ নামে সঘোধন ঘারা অফ্থান দেখাইয়া নিদ্রাগত রাজার দেহস্থ প্রাণের অকর্ভুত্ব ও অভাকৃত্ব গার্গ্যের নিকট প্রতিপর হইতে পারিত, তথাপি বিশেষ করিয়া চন্দ্রদেবতা-বাচক "রুহন্, পাণ্ডরবাসঃ" প্রভৃতি নামে সঘোধন করার তাৎপর্য্য এই বে, গার্গ্য বলিয়াছেন যে, চন্দ্রদেবতাধিষ্ঠিত প্রাণই এই দেহের কর্ত্তা এবং ভোক্তা। স্থতরাং গার্গ্যের এই লাস্তরীদ্ধান্ত অপনয়ন করিবার জন্যই প্রাণের প্রসিদ্ধ প্রাণাদি নাম পরিত্যাগ করিয়া প্রাণাধিষ্ঠাত্রী চন্দ্রদেবতার নামে সম্বোধন করা হইবাছে; শুরু ইহাই নহে, প্রাণের আত্মন্থনিরাকরণ ছারা প্রাণাধীন অস্থান্থ ইন্দিয়গণের প্রবৃত্তির অফুপপত্তি হেতু ভোকৃত্ব শক্ষা নিবারিত হইল।

বিশেষতঃ চন্দ্রদেবতা ভিন্ন অন্য এমন কোন দেবতাও নাই, বিনি ভোক্তা বা কর্তা হইতে পারেন। যদি বল, পূর্বে প্রত্যেক উপাসনাতেই "অতিগ্রা" হইতে আরম্ভ করিয়। "আত্মন্ত্রী" পর্যান্ত রিভিন্ন ভাবাপন্ন অনেক সন্তপ দেবতার নামোল্লেথ করা হইয়াছে, তাহা হইলে দিতীয় দেবতা নাই, এই উক্তির সঙ্গতি কোথার ? তাহার মীমাংলা এই—সকল শ্রুতিতে প্রাণকে শকটের চক্র ও তদবয়বসকল নাভিশলাকার (বে নাভিকাঠে চক্র আবদ্ধ থাকে) অবস্থিত ও তাহা হইতে অপৃথক্তাবে গৃহীত হয়, দেই প্রকার সমস্ত দেবতা প্রাণাধীন, প্রাণে অবস্থিত, স্কুরাং তাহারা প্রাণের অন্তর্গত বলা হইয়াছে এবং প্রণাণ সত্য দারা আচ্ছন, এবং প্রাণ্ড অক্ষর," এ কথা দারাও প্রাণব্যতিরিক্ত অন্তের জ্বোক্ত্যনিরাস হেতু এক প্রাণেরই ভোক্ত্য স্বীকার করা হইয়াছে। বিশেষতঃ বক্ষ্যমাণ জনক-যাজ্ঞবন্ধ্য-সংবাদে জনকরাজা যাজ্ঞবন্ধ্যকে জিজ্ঞাসা করিয়াছিলেন বে, মহাশর।

"কভি দেবাং" সমস্ত দেবতার সংখ্যা কত ? তত্ত্তরে যাজ্ঞবন্ধ্য বলিমাছিলেন খে, "এম উ হোব সর্বে দেবাং" সমস্ত দেবতাই এক দেবতারই বিস্তারমাত্ত্র। পুনশ্চ জনক জিজাসা করিলেন, সেই এক দেবতা কে ? যাজ্ঞবন্ধ্য বলিলেন, "গ্রাণ ইতি"—সেই এক দেবতা প্রাণ। স্বতরাং শ্রুতিই প্রমাণ করিতেছেন খে, প্রাণাতিরিক্ত দেবতা নাই; সমস্ত দেবতাই একমাত্র প্রাণ-দেবতার অন্তর্ভূত, তদ্ব্যতীত তাহাদের স্বত্ত্ব সন্তা নাই।

বেমন প্রাণ ভিন্ন অন্ত দেবতাতে ভোক্ত্বের স্ভাবনা করা যায় না, সেইরূপ ইন্দ্রিমাদিতেও কর্ত্বও ও ভোক্ত্বের অর্থাৎ আত্মর্থের আশক্ষা হইতে পারে না। কারণ, তাহা হইলে এক°ব্যক্তির অন্তত্ত পদার্থের অপর ব্যক্তি কর্ত্বক সর্বাদির মত নিজ অন্তত্ত বস্তব্যও সময়াস্তরে স্বরণাদি অসম্ভব হইয়া পড়ে অর্থাৎ বেমন এক জনের পরিলৃষ্ট, শ্রুত বা স্পৃষ্ট বস্তু কথনও অন্ত জন স্মরণ, জ্ঞান বাইচ্ছা করিতে পারে না, তেমন এক (চক্তু) ইন্দ্রিম মারা পরিজ্ঞাত বস্তব্য অন্তত্তবকারী ইন্দ্রিমের অভাবে কথনই অন্ত ইন্দ্রিম মরণ বা জ্ঞান করিতে পারে না; অথচ সকল লোকেরই "আমি দশ বংসর পূর্বের্ব বে হস্তাকে অরণ্যমধ্যে অবলোকন করিয়াছিলাম, অন্ত অন্ত অবস্থায় আমি সেই হস্তাকে স্বরণ করিতেছি," এইরূপ স্থৃতি হইয়া থাকে। ইন্দ্রিয় কর্ত্তা হইলে এরূপ স্থৃতি ঘটিতে পারে না; কেন না, পূর্বের্ব বে চক্রিন্তিম হস্তি-দর্শন করিয়াছিল, একণে অন্ধ অবস্থায় আর সেই দ্রন্তী চক্ষ্ নাই; স্কতরাং দৃষ্ট হস্তার স্মরণ কে করিবে? অন্ত দৃষ্ট বস্ত যে অন্যের স্মরণযোগ্য নহে, ইহ্যা পূর্বের্ব বলা হইয়াছে।

এইরপ রৌদ্ধান্থমত ক্ষণিক বিজ্ঞানও আত্মা হইতে পারে না। কারণ, বিজ্ঞানবাদিগণের মতে জ্ঞানমাত্রই ক্ষণিক ও আ্মা, এজদ্ভির অন্ত আ্মা নাই। এই
মতও উক্ত যুক্তিতে নিরাক্বত হইল অর্থাৎ যথন দেখিতেছি, প্রতিনির্বতই এক
ব্যক্তিরই অন্তব্য, সরণ ও অনুসন্ধান হয়, তথন বিভিন্ন জ্ঞানস্বরূপ বিভিন্ন আ্মার
অন্ত-দৃষ্টের মত স্মৃতিসম্ভব কোথার? মনে কর, যে আ্মা রূপ দেখিল, সে
তৎক্ষণাৎ বিনপ্ত হইরাছে; অথচ তৎপরক্ষণে সমন্ত লোকেরই অনুভব হইরা
থাকে যে, আমিই ইতঃপূর্কের রূপ দেখিরাছি এবং এক্ষণে শব্দ শ্রবণ করিতেছি, কিন্ত
এইরূপ জ্ঞানের উপপত্তি কি? কারণ, রূপদর্শনকালে যে আমি (বিজ্ঞান)
ছিলাম, এক্ষণে ত আ্মার সেই আমি (বিজ্ঞান) নাই; সেই "আমি" প্রুক্তিই
বিলম্প্রাপ্ত হইরাছে। অতএব অন্ত কর্তৃক দৃষ্ট বা অনুভ্ত বন্ধ অন্তের স্মরণের
যর হইবে কেন ?

বদি বল-প্রাণ, ইন্দ্রিরসমষ্টি ওশরীর এই সম্দায়কে ভোক্তা আত্মা বলা বাউক, এডদ্ভির স্থায় কলনা করিবার আবশ্রকতা নাই? উত্তর—না, তাহাও নহে। যদি 'প্রাণাদি সহিত এই শরীর কর্তাও ভোক্তা হইড, তাহা হইলে পূর্বোক্ত রাজা পূন: পুন: পেষণ বাতীতই বোধিত হইড। কারণ, সেই শরীর প্রাণ-ইন্দ্রির এই সম্দায়ই পেষণ ও অপেষণ সকল সময়েই সমানভাবে বর্তুমান। তবে ঐ জাগরণ শেষণকে অপেশা করিবে কেন?

পক্ষান্তরে, ভোক্তা আহা বদি ঐ প্রাণাটিসমষ্টি হইতে পৃথক্ হয়, তাহা হইলে আর পর্বোক্ত দোষের প্রসঙ্গ হর না; করিণ, দেহ ও আত্মার পরম্পর সমন্ত বিচিত্র; সম্বন্ধবৈচিত্র্যবশতই আত্মতি মুখহুংথেরও তার্রতম্য আছে; মুখ-ছু:খ-মোহের তারতম্যবশতঃ পেষণে ও অপেষণে (অতাড়না) কিঞ্চিৎ বৈশিষ্ট্যই অবশ্রুই স্বীকার করিতে হইবে, অর্থাৎ আত্মা যত প্রকার স্থগছংখাদি ভোগ করে, তৎসমন্তই এই সুলদেহের অভেদ সম্বর্জত; স্বতরাং দেহের আঘাতবশতঃ দেহাভিমানী আত্মাতে এমন কোনৰূপ সম্বন্ধ উপস্থিত হইয়াছিল, বাহা হইতে व्याचा अत्वाधिक इरेबाह्य। युक्ति धरे, यथन एमर मन अवनकारमञ्ज क्रिक পুর্ববং আছে, কাজেই পেষণ দারা দেহের অবস্থা ঘটে নাই। দেহে যেমন তাড়না-কৃত কোন বিশেষত্ব নাই, তেমন উচ্চ নীচ শব্দকতও কোনরূপ বৈশিষ্ট্য উৎপন্ন হয় নাই। তবে এইমাত্র দেখা যাইতেছে যে, অভাতশক্ত ম্পর্শমাত্তে অপ্রবৃদ্ধ হ্রপ্ত পুরুষকে পুন: পুনঃ হস্ততাড়নে জাগরিত করিয়াছিলেন। অভএব ইহাই জানা যাইতেছে যে, হস্ততাড়নের পর তিনি বেন জাজলামান, যেন প্রফুটিত, যেন, এক স্থান হইতে প্রত্যাগত হইয়াছেন বলিয়া দ্রষ্টার অমুভূত হয়, তিনিই শরীর-চেষ্টা ও বোধাদি-নির্বাহক আত্মা এবং এই আত্মাই গার্গ্য-কথিত ব্রহ্মসমূহ হইতে বিভিন্ন অজাতশক্রর অভিপ্রেত ব্রহ্ম।

বিশেষতঃ গৃহ, ঘট প্রভৃতি সংহত (মিলিড) পদার্থমাত্রই যেমন পরার্থ, *

^{*} প্রাণ-সংহত, সংহত অর্থ একত্রিত, মিলিত, বা সাবয়ব, অরনাভিবৎ (চক্রেয় মধার্থ ছিল্লের আর) প্রাণে সমস্ত লরীর সমর্পিত রহিয়াছে, এই জাতিই শরীরস্থান্ধবলতঃ প্রাণের সংহত্তের পক্ষে সাক্ষাপ্রদান করেন, বিশেষতঃ প্রাণাণানাদি পঞ্চ বায়ুর সমস্তি বলিয়াও প্রাণ সংহত। সংহত হইলেই সে পরার্থ অর্থাৎ পরের ভোগসম্পাদনই তাহার প্রয়োজন, উলা ভিস্ক কান করে প্রয়োজন নাই। যেমন বৃক্ষ, লতা, গৃহ প্রভৃতি সংহত অর্থাৎ পরম্পর মিলনে স্ট বয় সকল নিজের কোন প্রয়োজন না থাকিলেও কেবল পরের (জীবের) উদ্দেশ্যে কর্ল, পুশা, চায়াদান প্রভৃতি প্রয়োজনসিদ্ধির নিমিত বর্তমান আছে। এ এত জানি শ্রেট ক্লিল্ড

অর্থাৎ পরের ভোগাদি সাধনে নিৰ্ক, ইন্সিয়াদি-সংমিলিত শরীরধারক, প্রাণও শেইরূপই পরার্থ অর্থাৎ পরের ভোগদাধনে তৎপর, ইহারা ভোগ্য ভির কথনই নিজে ভোক্তা হইতে পারে না। তাহা হইলেই সেই বলিতে আত্মা নামে একটি স্বতন্ত্র কর্তা অবশ্রুই স্বীকার্য্য। ইহাই সিদ্ধ হইল যে, প্রাণ নথন ভোক্তা নহে, তথন সে আত্মাও নহে। যেমন তত্ত, ভিত্তি প্রভৃতি অবয়ব গৃহের বাবক, সেইরুপ প্রাণ শরীরের অভ্যস্তরে থাকিয়া সমস্ত শরীরকে ধারণ ক্রিয়া আছে। এইরূপে প্রাণ শরীরাদির সহিত সংহত, এ কথা পূর্বেই বলিয়াছি। क्रीत যেমন চক্রের্ব নেমি (প্রান্ত) কাষ্ঠ ও অর-কাষ্ঠ সমুদায়ও নাভিকাষ্ঠে প্রোত থাকিয়া শব্দীকে স্থির রাথে, ঐরূপ প্রাণেতে সমস্ত নিহিত। অতএব গৃহের মত প্রাণও নিজ অবয়ব সমুদায় হইতে বিভিন্ন অন্ত কোন ভোক্তার জন্ম অবয়বের সহিত মিলিত হয়, ইহা স্বীকার করিতে হইবে।

আর যেমন ক্তম্ভ, ভিত্তি, তৃণ, কাঠ প্রভৃতি গৃহাবয়ব সমুদায় নিজের উৎপত্তি, বৃদ্ধি, হ্রাস, নাশ, নাম ও শরীর সংগঠন প্রভৃতি কোনও বিষয়ই অপেক। না করিয়া সত্তম্ন এক জন গৃহস্বামীর ভোগাত্বরঞ্জে সন্তালাভ করিয়া আছে মনে করা হয় অর্থাৎ ঐ গৃহাবয়ৰ সমুদায়ের গৃহ ভিন্ন স্বতম্ব কোন সন্তী. শোতা, অভিমন্তা পুরুষের জন্মই সন্তা স্বীকার করিতে হয়, এই দৃষ্টান্তবলে এখানেও অনুমান করিতে হইবে যে, প্রাণাবয়ব এবং ভাহার সমষ্টি এমন কোন এক পদার্থের ভোগ্য যে, যে পদার্থটির কোন সময়েও প্রাণ বা তদবম্ব-সকলের অপেক্ষা করিয়া আত্মসন্তা লাভ করিতে হয় না। এরপ পদার্থ একমাত্র আয়া; মুতরাং অনিচ্ছাপূর্বকও ইছা স্বীকার করিতে হইবে যে, আত্মাই প্রাণের ভোক্তা এবং প্রাণই আত্মার ভোগা।

স্থার যদি বল, 'রহন' 'পাওরবাসং' প্রভৃতি বিশেষ বিশেষ নামে যথন প্রাণের সম্বোধন করা হইয়াছে, অত্তাব নিশ্চিত্ই প্রাণ চেতন, তাহা না হইলে কেই অচেতনের সম্বোধন করে না। এই বৃক্তিতে আত্মার চেতনত্ব নিবন্ধন প্রার্থতা অস্বীকারের মত চেতন প্রাপেরও আমরা প্রার্থতা স্বীকার করি না। উত্তর-এইরপ আশকার মূল্য কি ? কেন না, এ স্থলে নিকপাধিক নির্ব্ধিকার

[&]quot;নাহতপরার্থছাং" এই নাংখ্য-পতেই নিঃশহভাবে বলিরাছের বে, এই পরিদুঞ্জান পৃথিবীমন্তবে वर्ज किए मध्यक वर्षार मात्रक वस स्नाटक उरमञ्जूष्ट श्रवार्थ, शह्यत त्लात्त्रक निवित्त : स्वक्ताव প্ৰকৃতি হইতে বভন্ন ভোজা গ্ৰেগ্ৰই স্মানাৰ্যা।

নিরপ্তন ব্রহ্মবর্রপ-নিরপণ করাই অজাতশক্রর একমাত্র উদ্দেশ্য, কিন্তু নাম-রপ-উপাধিরত ক্রিরাকারক ফল প্রভৃতি অবিদ্যা-সমুদ্রাসিত আত্মধর্ম সকল কথনই তাঁহার প্রতিপাছ নহে। বরং মহামোহমঁর সংসারসাগরে নিরস্তর নিমগ্র মানব-মণ্ডলীর উদ্ধারের নিমিত্র অবিদ্যা-প্রস্তুত কর্ম্ম-কর্তৃত্ব—ভোক্তৃত্বাভিমান প্রভৃতি সংসার-বীজসকল যে নির্ফ্রপাধি নিহল আত্মবরপনিরপণ বারা সমূলে বিনষ্ট হয়, তাহাই কর্ত্তব্যরূপে অভিপ্রেত। এই জ্লা প্রথমতঃই "ব্রহ্ম তে ব্রবাণীতি" প্রতি উপক্রম করিয়া "নৈজকর্তা বিদিতং ভবতীতি" বলিয়া নিরাস করিয়াছেন। যেমন উপক্রমে ব্রক্ষজ্ঞানের নির্দেশ করা হইয়াছে, এইরপ উপসংহারকালের বলা হইয়াছে যে, "এতাবদরে গ্রম্বত্ত্বং" অর্থাৎ অরে (হে) মৈত্রেয়। ইহাই প্রকৃত মোক্ষবরূপ (ব্রহ্ম), এই বাক্য দারাও প্রতীত হইতেছে যে, যথন আদি ও অন্তে ব্রক্ষজ্ঞানের কথাই হইয়াছে, অতএব ইহার মধ্যে যে সকল কথা উক্ত হইল, তৎসমন্তই ব্রহ্মপ্রতিপাদনার্থই প্রযুক্ত হইয়াছে, অন্ত উদ্দেশ্যে নহে; যেহেতু, উপক্রম এবং উপসংহারের বাক্য ঘারা তন্মধান্ত সন্দিশ্ববাক্যসমূহের অর্থ নিরূপণ করাই শাস্তের নির্দেশ। *

অতএব প্রাণ ও আত্মার তুল্যতা-নিবন্ধন প্রাণের গোণাত্মতা স্বীকার করা হউক, এই আশঙ্কার অবসরই নাই। বিশেষতঃ গুণগুণিভাব অর্থাৎ মুখ্য ও গোণ-ভাব (যেমন ভোক্তা মুখ্য ও ভোগ্য গোণ) কেবল সোণাধিক পদার্থসম্বন্ধে সম্ভবপর, কিন্তু নাম বা রূপা দি উপাধি-বিরহিত আত্মার পক্ষে তাহাঁ চিরদিনই হুর্ঘট। সকল উপনিষদেই "দ এব নেতি নৈতি" অর্থাৎ সেই নিরুপাধিক নিরঞ্জনই আত্মা, কিন্তু উপাধিসমন্বিত এই প্রাণাদি কেহই আত্মা নহে, এই উপসংহার নারা নিরুপাধি ব্রহ্ম ঐ প্রতিপান্ধরণে অভিপ্রেত হইয়াছেন।

^{*} উপক্ষেমাপদংহারাবভাাদোহপূর্কত। ফলম তর্থবাদোপপতিক লিলং ভাৎপর্যানির্ধরে ইতি মীমাংসা। ইহার অর্থ এই—উপক্ষ—প্রথম, উপদংহার শেষ, অভ্যাস—(পুন: পুন: কথম) অপূর্বতা—কপিড উপার ছিল্ল অন্স উপারে অপ্রাপোর কথম, ফল—কপিড বহু বিবরের মধ্যে কোন এক বিষরের ফলোলেগ অর্থাৎ (বিধিব প্রশংসা) এবং উপপদ্ধি—যুক্তি, এই সমক্ষ উপারে সান্দিয় ক্রতির অর্থ বিনির্ধির ক্রহিতে হল। অর্থাৎ বদি কেন প্রভিত্ত অর্থাৎ ক্রিপার সান্দেহ হল বে, এগানে তর্গ এই কণ না তল্পকণ, সে সময়ে দেখিতে হল বে, নেই রাজে। উপার ও উপারহারে কি অর্থ ইইরাজে, সারে ও ক্রেছের মধ্যে বার্ম্বার কিন্দি বিশ্বরের উপার্থ হল কলিছা নিমির ইইরাজে, কোন্ বিশ্বরের প্রকাশক নিমির রহিলাছে; কোন্ বিশ্বরের প্রকাশন বিভিন্ন ক্রিক্তির বিশ্বরের প্রকাশন বিভাগত এবং কোল্ বিশ্বরের স্কর্থক অনুরুত্ব প্রকাশ ক্রিকালে এবং কোল্ বিশ্বরের স্কর্থক অনুরুত্ব প্রকাশ করিছাছে এবং কোল্ বিশ্বরের স্কর্থক অনুরুত্ব পৃত্তি বিশ্বরের স্কর্থকে অনুরুত্ব পৃত্তি বিশ্বরের স্কর্থক অনুরুত্ব পৃত্তি বিশ্বরের স্কর্থক অনুরুত্ব পৃত্তি বিশ্বরের স্কর্থক অনুরুত্ব পৃত্তি বিশ্বরের স্কর্থক অনুরুত্ত বিশ্বর ক্রিকাশন করিছাল ক্রিকাল বিশ্বরের স্কর্থক বিশ্বরের স্কর্থক অনুরুত্ত বিশ্বর বিশ্বরের স্কর্থক অনুরুত্ত বিশ্বর স্কর্থক অনুরুত্ত বিশ্বর বিশ্বরের স্কর্থক অনুরুত্ত বিশ্বর বিশ্বরের স্কর্থক অনুরুত্ত বিশ্বর বিশ্বরের স্কর্থক অনুরুত্ত বিশ্বর বিশ্বরের স্কর্থক অনুরুত্ত বিশ্বর স্কর্থক অনুরুত্ত বিশ্বর বিশ্বরের স্কর্থক স্কর্থক স্কর্থক স্কর্থক স্বিদ্ধির স্কর্থক স্বাপ্তি বিশ্বর বিশ্বরের স্কর্থক স্বিদ্ধিয়া স্কর্থক স্বাপ্তি বিশ্বরের স্বাপ্তি বিশ্বরের স্কর্থক স্বাপ্তি স্বাপ্তি স্বাপ্তি বিশ্বরের স্বাপ্তি স্বাপ্য

অতএব পূর্ব্ব পূর্ব্ব কথিত অবিজ্ঞানময় আদিত্য ব্রহ্ম প্রভৃতি হইতে যিনি সম্পূর্ণরূপে পৃথক্, অনাদি, অনস্ত, নিগুণি, নির্ব্বিকার, পরিপূর্ণ, বিজ্ঞান্যন, তিনিই আত্মা বা ব্রহ্ম—জ্ঞাতব্যরূপে নির্ণীত হইল ॥ ১৫॥

দ হোবাচাহজাতশত্র্ববৈষ এতৎস্থাহভূদ্ য এষ বিজ্ঞানময়ঃ পুরুষঃ কৈষ তদ হুভূৎ কৃত এতদাগাদিতি ততু হ ন মেনে গার্গ্যঃ ॥ ১৬॥

অজাতশক্ত এইরপে প্রাণাদির অনাশ্বর ও তদতিরিক্ত আত্মার অন্তিত্ব প্রমাণ করিয়া গার্গাকে বলিলেন ধে, ধে সময়ে (হস্ত-তাড়নার পূর্ব্ধে) এই বিজ্ঞানময় প্রুষ নিজিত অবস্থায় শায়িত ছিল, তথন ইনি কোথায় ছিলেন ? (বিজ্ঞান অর্থে যাহার দ্বারা জ্ঞান করা যায়, সেই জ্ঞান-কারণ বৃদ্ধি বা অস্তঃকরণ কথিত হয়, তয়য় অর্থাৎ বহুলভাবে প্রায় তৎস্বরূপ)। এখানে প্রেয় হইতে পারে য়ে,আত্মার বিজ্ঞানপ্রায়ষ্য বা তয়য়য় কি প্রকার ? উত্তর—যিনি বৃদ্ধিতে উপলব্ধ হন, বা বৃদ্ধি দ্বারা যিনি উপলব্ধ হন এবং স্বয়ং জ্ঞানকর্ত্তা, তিনিই সেই বৃদ্ধি বা বিজ্ঞানপ্রায়। (ময়ট্ প্রত্যায়ের অনেকার্থতা হেতু এ স্থলে প্রায়ার্থন্তই' অবগত হওয়া যায়। 'সেই এই আত্মা বন্ধবিজ্ঞানময় মনোময়' ইত্যাদি শ্রুতিতে ময়ট্ প্রত্যায়ের 'প্রায়ার্থতা' লক্ষিত হয়। কিন্তু ময়টের বিকার অর্থ এ স্থলে সম্ভব নহে, কারণ, নিরুপাধি নিত্য আত্মা বিজ্ঞানের বিকার নহে)।

যেহেতু, আত্মার বিজ্ঞানময় নামের যে প্রসিদ্ধি আছে, শ্রুতি তাহারই পুনকলেথ করিয়াছেন, কিন্তু পরমাত্মা বিজ্ঞানের বিকার বলিয়া কোন প্রসিদ্ধি নাই। আর ময়ট্ প্রত্যারের অবয়ব ও সাদৃগ্য নামে যে হুইটি অর্থ প্রসিদ্ধ আছে, তাহাদেরও এ স্থলে সম্ভাবনা নাই, অগত্যা 'প্রায়' অর্থই স্বীকার্য্য।

অতএব অন্তঃকরণ এই সকর-বিকরস্বভাবসম্পন্ন পুরুষও সেই অন্তঃকরণো-পাধিবশে তন্মন্ন সংজ্ঞা লাভ করেন। সেই পুরুষ * নিদ্রাকালে কোথার ছিল ? অন্তাতশক্র আত্মস্বরূপ বুঝাইবার জন্মই গার্গাকে এইরূপ প্রশ্ন করিরাছেন। আরু সেই নিদ্রাকালে পুরুষ বে ক্রিরা, কর্ভৃত্ব, কর্মান্ত প্রভৃতি কারক ও তাহার ক্রন—স্ব্যহংখানিধিবিজ্ঞিত কেবল শুক্ররপে অবস্থিত, তাহা তুংকালীন

[#] सीव सन्तर्भाव भवन (अवसान) करन, ब सक्ष क्षाशास्त्र भूतम वरन । भागता भूति भवनां स सक्षात वृद्धियां क्षीर भूतन बारव सांकित्विक हा ।

কার্যাভাব দেখাইয়া গার্গাকে ব্ঝাইতে চেষ্টা পাইয়াছেন, সেই জন্তই পুরুবের জাগরণের পূর্ববিস্থা প্রদর্শিত হইল।

তাৎপর্যা এই—নিদ্রিত পুরুষ জাগরিত ছইবার পূর্বে কোনরপ ক্রিয়া বা কোন স্থাদি অমূভব করে না, অতএব সর্বপ্রকার ক্রিয়াদিপরিশৃত্য বলিয়া নিদ্রা-কালীন অবস্থাই আর্থার প্রক্বত অবস্থা অবগত হওরা বার। তথন অজাত-শক্ত অপ্রতিভ গার্গ্যের তত্ত-জ্ঞান উৎপাদনের জন্ত বিজ্ঞানময় আত্মা নিজাকালে যাদৃশ স্বভাবসম্পন্ন ছিলেন এবং নিদ্রার অবস্থান যে স্বভাব হইতে বিচ্যুত হইয়া সংসারী নামে অভিহিত হইয়াটিছন, সেই সমুদীয় বুঝাইবার জতা প্রশ্ন করিয়া-ছিলেন। বদিও এই প্রশ্নের পরক্ষণেই "সেই সময়ে (নিজাকালে) এই বিজ্ঞানময় আত্মা কোথার ছিলেন এবং কোন স্থান হইতেই বা পুনশ্চ (জাগরণকালে) প্রত্যাগত হইলেন," এরণ প্রশ্ন গার্গোরই উপযুক্ত হয়, তথাপি পরোপকার-পরায়ণ উদারচেতাঃ অজাতশক্র—গার্গ্যের অজিজ্ঞানায় অভিমান বা উপেকা করেন নাই, বরং 'আমি নিশ্চয়ই তোমাকে ব্রহ্মজ্ঞান দিব' এই পূর্ব্বপ্রতিজ্ঞা-পূরণের নিমিত্ত অঞ্চাতশক্র স্বয়ংই নুমাইতে প্রবৃত্ত হইলেন। কিন্ত অজাতশক্র এইরূপে পুন:পুন: বুঝাইলেও গার্গ্য, নিদ্রাকালে এই विद्यानमञ्ज आज्ञो एव ज्ञांत हिन अवः अरवाधकोल वा एव ज्ञान हरेएड আগত হইরাছে, এই উভর বুতাস্ত বলিতে বা প্রশ্ন করিতে সমর্থ হরেন না॥ ১৬॥

স হোবাচাহজাতশক্ত-হত্তিষ এতৎস্তপ্তোহভূদ্ য এষ বিজ্ঞানময়ঃ পুরুষস্তদৈষাং প্রাণানাং বিজ্ঞানেন বিজ্ঞানমাদায় য এবোহন্তর্হ্ল দয় আকাশস্তশ্মিঞ্তে তানি যদা গৃহ্লাত্যথ হৈত্থ পুরুষঃ স্থিতি নাম তদ্গৃহীত এব প্রাণো ভবতি গৃহীতা বাগ্ গৃহীতঞ্চকু গৃহীত্ত শ্রোত্রং গৃহীতং মনঃ॥ ১৭॥

সেই অজ্ঞাতশক্ত পূর্বোক্ত বাক্যের তাৎপর্যপ্রকাশার্থ প্রশ্চ গার্গ্যকে বালিনে, ব্রুব, রাহ্মণ । এই বিজ্ঞানময় প্রশ্ব নিদ্রাকালে যে ছামন ছিলেন, এবং জাপ্রদশার যে ছান হইতে প্রভ্যাব্ত হইলেন, যাহা আমি তোমাকে জিজ্ঞাসা ক্রিয়াজিনাম, তাহা আমি বনিত্তি, শুবণ কর । প্রথমতঃ এই বিশ্বানময়

পুরুষ যে স্থানে মুগু থাকেন, তাহা বলিতেছি। যে সময়ে এই সকল বাক. শাণি প্রভৃতি ইন্দ্রিয়গণের উপাধির স্বভাব হইতে উৎপন্ন ও অন্তঃকরণে অভিব্যক্ত বিশেষ বিজ্ঞানবলে ইন্দ্রিয়বর্গের অন্তঃকরণে বিষয়-সমর্পণ এবং নিজ নিজ বিষয়-গ্রহণ-সামর্থ্য (শক্তি) হরণ করিয়া এই পুরুষ অন্তঃকরণন্ত হৃদয়াকাশে অর্থাৎ সাংসারিক মুখ্তংখাদিবর্জিত স্বাভাবিক আনন্দময় স্থভাবে অবস্থান করেন. এ স্থান আকাশ আর্থে—-দৈই পরমীয়ারূপী আকাশই অভিপ্রেত, সাধারণ ভূতা-কাশ নহে। অন্ত শ্রুতিতে ইহার কথিত আছে। ভাবার্থ এই—হযুপ্তাবস্থায় "দতা সৌমা তদা সম্পন্নো ভবতি" অর্থাৎ হে সৌর্ম্য ! জীব সে সময়ে (স্বয়ুপ্তি-সময়ে) সংসম্পন্ন হন, অর্থাৎ সং-ত্রন্ধের সহিষ্ঠ একীভাব প্রাপ্ত হন। এই শ্রুতিই বলিতেছেন বে, সুষ্প্তিসময়ে জীবান্ধা উপাধিক (লিঙ্গশরীররূপ * উপাধি সংসর্গে উৎপন্ন) সমস্ত সাংসারিক অবস্থা পরিহার করিয়া নির্কিশেষে পরমানন্দময় পরমাত্মাতে লয় প্রাপ্ত হন। যদি বল, জীব যে সময়ে শরীর, ইন্দ্রিয় প্রভৃতির অধ্য-ক্ষতা (সাক্ষিভার) পরিত্যাগ করেন, সে সময়ে যে স্বস্থরূপ পরমান্ত্রাতে অবস্থান করেন, ইহার প্রমাণ কি ৪ উত্তর-প্রাসিদ্ধিই তাহার প্রমাণ, প্রসিদ্ধি এই বে, বিজ্ঞানময় জীবাত্মা যে সময়ে বাক পাণি প্রভৃতি ইন্দ্রিয়গণের বিজ্ঞানশক্তি হরণ করেন, তৎসময়ে (মুযুপ্তিকালে) এই বিজ্ঞানময় আত্মা 'স্বপিতি' অর্থাৎ নিদ্রিত এই সংজ্ঞা প্রাপ্ত হন; যদি চ আত্মা নামরপহীন, তথাপি ঐ নাম তাঁহার গৌণ. বস্ততঃ স্বপিতি শব্দের অর্থ "স্বং আত্মস্বরূপং অপিতি অপিগচ্ছতি" অর্থাৎ স্ব-স্বরূপ প্রাপ্ত হন। মানি বটে যে, আত্মার 'স্বপিতি' এই নামের প্রসিদ্ধি বশতঃ অসংসারিত্ব অর্থাৎ সাংসারিক মুথত্বঃথবজ্জিতভাবে অবস্থিতি, পরস্ত ইহাতে ৰুক্তি কিছুই নাই, এই আশঙ্কায় শ্রুতি উত্তর করিতেছেন।

. ৰুক্তি এই—সুষ্থিকালে প্রথমতঃ প্রাণ উপসংস্কৃত হর, এ স্থলে বাগ্ প্রভৃতি ইন্দ্রিরের প্রকরণে প্রাণের অর্থ খাণেন্দ্রিয় বৃথিতে হইবে, পশ্চাৎ ক্রমে ক্রমে বাক্, চক্ষু, কর্ণ, মনও উপসংস্কৃত হয়; অতএব তৎকালে বাগাদি সমস্ত ইন্দ্রিয় নিক্রিয় হয় বলিয়া তৎসম্বন্ধ জীবকেও ক্রিয়াকারক প্রভৃতি বিশেষ বিশেষ

^{*} পঞ্জাণ-মনোবৃদ্ধি-দ লৈজিয় সম্বিত্ম। শরীরং সপ্তদশ্ভঃ স্পাং ওলিক্ষ্চাতে। ইহার অর্থ-পঞ্জাণ (প্রাণ, অপান, সমান, উদান বাান,) মন, বৃদ্ধি, পঞ্চ কর্মেজিয়, (হন্ত, পদ, মূব, মনবার ও প্রজাব্দার) এবং পঞ্চ জানেজিয় (চকু, কর্ম জিহ্বা, নাসিক্স ও ছক) এই সপ্তদশ অব্যবনির্দ্ধিত শরীরের নাম লিগ্সনীর, বা স্প্রশ্বীর। এই লিজ-শ্বীরই জাবের উপাধি, এই উপাধিবোগেই জীব হুপতুংগাদি ভোগ এবং ইহলোক ও প্রলোকে গ্যুবার্থনার করিয়া পাকেন।

ধর্ম কথনই পাশ করিতে পারে না। অতএব সুষ্প্যবস্থায় জীব স্বরূপে অবস্থান করেন; ইহা অযৌক্তিক নহে॥ ১৭॥

স যত্তৈত স্বপ্ন্যা চরতি তে হাস্ত লোকাস্তত্ত্ব মহারাজো ভবত্যুতের মহাব্রাহ্মণ উতেরোচ্চাবচং নিগচ্ছতি স যথা মহারাজো জানপুদান গৃহীত। স্বে জনপদে যথাকামং পরিবর্ত্তিতবমেবৈষ এতৎপ্রাণান্ গৃহীতা স্বে শরীরে যথাকামং পরিবর্ত্ততে ॥ ১৮ ॥

আশक्षा इटेटल्ड त्य, मला बटे, जीत्वत्र अक्षांत्र नित्रविष्ट्रि खारन शतिशृर्ग, কিন্তু তৎকালে দেহেন্দ্রিয়ের সহিত সম্বন্ধ না থাকিলেও তাহার সংসারিম্ব অনি-বার্যা। যেতেত, জাগরণকালের স্থায় তৎকালেও আত্মা স্থবী বা ছঃখী হয়। বন্ধু-বিষোগে শোক করে ও মূর্চ্চা প্রাপ্ত হয়; অতএব স্থ-চুঃখ-শোকাদি তাহার স্বাভা-বিক ধর্ম, দেহেক্সিমসম্পর্কাধীন বা ভ্রান্তিক্বত নছে। স্বপ্লাবস্থায় তাহা ঘটতে পারে না। এই আশহার উভরে শ্রুতি বলেন—মা, তাহা বলিতে পার না; স্বপ্ন-কালীন ঐ শোকমোহাদি মিথ্যা, কেন না, প্রক্নত বিজ্ঞানময় আত্মা ধে কালে ৰপ্ন সন্দর্শন করিতে করিতে ব্রপ্নরাজ্যে বিচরণ করেন. সে সময়ে এই বিজ্ঞানময় আত্মা সংকর্মের পরিপাকরপে মহারাজ্য (মহারাজ্যমাঁ)ই যেন প্রাপ্ত হন অর্থাৎ নিদ্যাবস্থায় যে সকল স্বপ্রদর্শন হয়, তন্মধ্যে কখন বা মহারাজাধিরাজ হইতে হর, কথন বা স্থবর্ণ-পর্য্যক্ষোপরি হ্রাফেননিভ সুকুমার কুসুমশ্যনে সময়্যাপন হুইতে থাকে, কথন বা অন্তবিধ আবার ভাবও পরিদত্ত হয়: এ সকলই কর্মকলমাত্র: তজ্জন্ত এই মহারাজ্যাদি-প্রাপ্তিকে সংকর্মের ফলক্রণে কল্পনা করা হইয়াছে। স্বপ্নদৃষ্ঠ-দেব, মহুখা, তির্ঘাক্ ও वर्श-नतकापि नमछरे मिशा, অজ্ঞाনের কার্য্যমাত্র। অধিক কি, স্বপ্নদৃষ্ট উক্ত সকল বিষয়ের ব্যবহারিক সন্তাও নাই। এই জন্ম শ্রুতি "মহারাজ" "মহাত্রাহ্মণ ইব" ইত্যাদি কল্লনাম্ব সর্ব্বত্ত "ইব" শব্দের প্রয়োগ করিয়াছেন, অর্থাৎ যেন মহারাজ हत्र; त्यन महाजायन इत्र; छाहा इहेलाई वना हरेन त्य, ब्रधावश्वास महाजायन ৰা-মহাব্ৰাশ্বণথাদি ধৰ্ম সকল সম্পূৰ্ণ অসত্য। অতএব স্থির হইল যে, স্বপ্নকালে नीवांबा अङ्कलभक्त वब्र-मध्याग-विद्यागानिकनिक दर्शलाकानि बादा मण्यू क रन না, এ কয় সে সময়ে নিজ শ্বরূপ প্রাপ্ত হন।

যদি বল বে, যেমন জাগ্রৎকালীন রাজ্য, সম্পদ প্রস্তৃতিও জাগ্রৎসময়েই ৰধাৰ্থক্ৰপে অমুভূত হয়, স্বশ্নাবস্থাদিতে নহে; কিন্তু তথাপি তাহাকে সভ্য বনিয়া মুক্তকণ্ঠে সকলেই স্বীকার করে, সেইরুপ স্বপ্রদৃষ্ট রাজ্ব প্রভৃতি জাগ্রাংকালে মিথা হয়: হউক, তথাপি স্বপ্নকালে সে সত্যু, অবিভাক্তিত নহে; অর্থাৎ তাহার সত্যতা স্বীকার করিতে বাধা কি? আর যদি বল, স্বপ্নরাঞ্যের মত জাগ্রৎকালীন কার্য্যকারণ-ভাব ও দৈবভাবপ্রাপ্তি অবিদ্যাকল্পিত, বাস্তব নহে. এ সম্বন্ধে পূর্বের স্বতন্ত্রধর্মী বিজ্ঞান ম আত্মার উল্লেই একমাত্র প্রমাণ, তবে ত্ৰদাসকপতাপ্ৰাপ্তি বিষয়ে স্বপ্নৰাজ্যের দৃষ্টাস্ত প্ৰদৰ্শিত হইল কেন ? কেন না, মৃত্যুর পর পুনর্জনগ্রহণে জীবের প্রাহ্রভাবের স্থায় ইহাতেও প্রাহ্রভাব স্বীকার করিয়া উপপত্তি হইতে হইতে পারে। উত্তর—হাঁ, তাহা সত্য, সর্বাকর্ম-বিরহিত বিজ্ঞানময় আত্মায় কার্য্য কারণ ও দেবতাত্মতা-প্রদর্শন শুক্তির রঞ্জতত্ম-প্রদর্শনের মত ভ্রান্তিকল্লিত, ইহা বিলক্ষণধর্মী আত্মার অন্তিত্বনিরূপণ ছারাই প্রমাণিত হয়, কিছ এ আত্মনিরপণের ন্যায় আত্মার বিভদ্ধতাবোধনার্থ ঐ দৃষ্টান্ত প্রবৃক্ত হয় নাই। উল্লিখিত দৃষ্টান্ত সকল প্রমার্থত অসৎ হইলেও আত্মার জাগ্রৎকালীন দেহেন্দ্রিরপতা ও দেবতাত্মতাঁ জ্ঞান উদ্ভাবিত করিতে পারে, এ জন্ম ঐ দৃষ্টান্তপ্রদর্শনও ব্যর্থ হয় নাই। আর উক্ত আত্মস্বরূপ-প্রদর্শনও ব্যর্থ নছে, থেছেতু, সকল স্থায়ই যৎকিঞ্চিৎ বিশেষত্ব বোধ করাইতে পারিলেও পুনক্রজিদোধে হুই হয় না। এইরূপে ভাষ্যকার বাদ প্রতিবাদ দারা পূর্মকথার একরূপ পরিহার করিয়া পুনশ্চ প্রকারাস্তরে তাঁহার সিদ্ধান্ত করিতেছেন যে, স্বন্নদৃষ্ট মহারাজন্বাদি ধর্ম্মকল কথনই আত্মার স্বরূপ বা ধর্ম নছে; কেন না, সমকানীন আত্মা হইতে বিভিন্ন আত্মা-জাগ্রৎকানীন বুদ্ধিতে প্রতিবিধিত হইমা প্রকাশ পার দেখা যার, যদি স্বপ্নদৃষ্ট মহারাজ্বাদি আত্মার ধর্ম হইত, তবে, মনে কর, যথন মহারাজ স্বন্ধং পর্যাক্ষোপরি স্থানিস্পলভাবে নিদ্রিত আছেন এবং নিজ প্রকাবর্গও দরে স্থানান্তরে নিজা যাইতেছে, এমন সময় সেই মহারাজই রপ্নে দেখিতেছেন যে, তাঁছার দুরবর্তী অমূচরবর্গ সমীপে উপস্থিত হইয়াছে এবং ঠিক বেন জাগরিতের মত নিজেকে মহারাজ মনে করিতেছেন, তিনি বেন মহারাজ-রপেই কোন মহোৎসবে গিয়াছেন এবং বিবিধ বিষয় সম্ভোগ করিতেছেন। धरे चर्णनात्र वित्वहनां कतित्रा त्वथ, तारे भर्गाक्रयश मराताक विना धनन देवनिक বিতীয় জন তৎকালে বাস্তব ছিল না, বিনি দিবাভাগে অমুচর সমভিব্যাহারে খীর রাজ্য পর্যাটন করিতে পারেন—বাহাকে তিনি স্বল্লে দেখিবেন। বিতীয়ত:

সেই স্থ মহারাজের চক্ষ্য-কর্ণাদি ইন্দ্রিরগণও সে সমরে মুদ্রিত লুগুলজি হইরা রহিয়াছে; স্থতরাং তাঁহার পক্ষে কোনরূপ রূপবান্ বন্ধর দর্শনাদি করাও অসম্ভব।

তৃতীয়তঃ, দেহাত্যন্তরে তাঁহার দেহসদৃশ অপর একটি দেহও বর্তমান ছিল না বে, তাহাকেই কোনরপে দর্শন করিয়াছেন বলিব, শরীরের বহির্দেশে স্বশ্নদর্শন হইলে এ সকল কল্পনা সন্তব হুইত, কিন্তু তাইগিও বলিতে পার না। কারণ, দেহস্থ আত্মাই স্বশ্নদর্শন করে. তুঁহার বাহিরে বৃহ্বির শক্তি নাই। যদি বল বে, কেবল আত্মাকেই বাহিরে বিচরণ করিতে দেখে, কিন্তু অস্তান্ত স্বপ্রবন্ত সকল বাহিরে দেখে না, এই আশক্ষািও করিতে পার না। কেন না, শ্রুতি নিজেই বলিতেছেন বে, মহারাজ বেমন অস্তান্ত জনপদস্থিত কার্যোপবােগী ভৃত্য ও অভ্তা সকলকে সংগ্রহ করিয়া স্বীয় ভৃত্তবল্যন্ধ জনপদে (রাজ্যে) ইচ্ছামুরপ পরিক্রমণ করিয়া প্রতিনিত্তত হন, সেইরপ এই বিজ্ঞানময় আত্মাও ইন্দ্রিয়গণকে জাগরণ-স্থান (অবস্থা) হইতে প্রতিনিত্ত করিয়া স্বেছ্যায়্লারে প্রশা স্বায় শরীরমধ্যেই প্রতিনিত্ত হন, এবং কামনা ও কর্ম্ম ছারা স্বপ্রে প্রকাশিত জাগ্রৎকালীন অন্তন্ত বস্তুর সদৃশ বাসনা অর্থাৎ সংস্কার বা সংস্কারের পরিণাম সকল দর্শন করিয়া থাকেন। অতএব স্বপ্নে বে সকল বস্তু দৃষ্টিগোচর হয়, তৎসমস্তই মিধ্যা—অজ্ঞানপ্রস্তুত ভিন্ন আর কিছুই নহে; এইরপ জাগ্রৎকালে অনুভূত বিষয়সকলও মিধ্যা বলিয়া জানিবে।

ইহা ধারা প্রতিপর • হইল যে, আত্মা কর্ত্ব-ভোকৃত্বাদি সর্বপ্রকার ধর্মরহিত, বিশুদ্ধ ও বিজ্ঞানময়। যেহেতু, দেখা যায়, দ্রষ্টা আত্মা যে সকল দৌকিকভাব প্রত্যক্ষ করেন, তাহা ক্রিয়াকর্ম, ও স্থগুঃখাদি ফুল্ম্বরূপ এবং কায়্কারণময় স্বপ্লাবস্থায়ও তদ্রপ ব্ঝিতে হইবে। অতএব ঐ দ্রষ্টা বিজ্ঞানময়
বিশুদ্ধ আত্মা দৃশ্য জ্ঞেয় জাগ্রং ও স্বপ্লকালীন বস্তুসমূহ হইতে সম্পূর্ণ
বিভিন্ন ॥ ১৮॥

অথ যদা স্বযুপ্তো ভবতি যদা ন কক্ষচন বেদ, হিতা নাম নাড্যো দ্বাসপ্ততিসহস্রাণি হৃদয়াৎ পুরীততমভিপ্রতি-কান্তে তাভিঃ প্রত্যবক্ষপ্য পুরীততি শেতে দ যথা কুমারো-বা মহারাজো বা মহাব্রাহ্মণো বাতিদ্বীমানন্দক্ত গত্বা শ্রী-ভৈৰমেবিষ এতচ্ছেতে ॥ ১৯ ॥ বাদী আপত্তি করেন, স্থাবস্থার * পূর্ব্ব পূর্ব্ব সংস্থারবশতঃ রথ, গজ, নর, নগর প্রভৃতি বিবিধ বন্ধনিচয় জ্ঞানপথের পথিক হর, স্তরাং সেই স্বপ্নে দৃশ্চ বস্তানিচয় সংস্থারের পরিণামমাত্র, আত্মার ধর্ম নহে; স্তরাং আত্মার বিশুদ্ধতা প্রতীত হইল বটে, কিন্তু আত্মা স্থারাজ্যে বে ইচ্ছাত্মসারে পরিক্রমণ করেন, কথিত হইরাছে, সেই পরিক্রমণ দ্রষ্ঠার (আত্মার) সহিত দৃশ্রের সম্বন্ধ ব্যতীত সম্ভব কি ? অথচ সেই সম্বন্ধ মামিলে পুনশ্চ আত্মার অশুদ্ধতা অর্থাৎ বন্ধ সম্বন্ধে শোক-মোহাদি বিকার ক্রাসিয়া পড়ে; এই আশক্ষা অপনয়নের নিমিত্ত বক্ষ্যমাণ শ্রুতির আরম্ভ হইতেছে।

জীব যে সময়ে রথংগজাদি বিচিত্র বিচিত্র দৃশ্যসকল দশন করিতে করিতে স্বপ্নরাজ্যে বিচরণ করেন, সে সময়েও তিনি বিশুদ্ধস্থভাবই থাকেন, এবং জীব যে সময়ে শব্দশর্শাদিবিশেষবিজ্ঞান সর্বাধা পরিত্যাগ করিয়া অর্থাৎ স্বাপ্নবিজ্ঞানকেও অতিক্রম করিয়া কেবলমাত্র প্রশাস্ত-তরঙ্গ নিরাবিল সলিলবং বিষয়-বিক্ষোভহীন প্রশৃন্ধগঞ্জীর সদানক্ষম স্বৃধি প্রাপ্তি হন, (স্ত্রাং) জীব সেসময়েও বিশুদ্ধস্ভাব।

এক্ষণে সৃষ্থিকালের অবস্থা নিরূপিত হইতেছে । যে সময়ে জীব কোন শব্দ প্রভৃতি বা তৎসম্পূক্ত বস্তু জানিতে পারেন না, তাহাকেই সুষ্থি বলা । অথবা যে সময় কিছুই জানিতে পারে না, তাহাকেই সুষ্থি বলা সঙ্গত। জীব কিরুপে সেই সৃষ্থি প্রাপ্ত হন, তাহা বলা হইতেছে। প্রত্যেক দেহীর দেহমধ্যে ঘাসপ্ততি সহস্র (৭২০০০) ভূক্তপীত অয়জলের পরিণামরূপ, নাড়ী (শিরা) বিশ্বমান আছে, তাহারা দেহের হিত (উপকার) করে, এজন্ত তাহাদের নাম "হিতা।" এই সমস্ত হিতানাড়ীই প্রবীকাকার (শ্বেতপল্মসদৃশ) হদয়াগ্যমাংস-থণ্ড (হৎপদ্ম) হইতে বিনির্গত হইয়া 'পুরীতং' নামক নাড়ীতে অবস্থান-করে অর্থাৎ সমগ্র শরীর ব্যাপিয়া বহিম্ থীপ্রতিমান্ হইয়া থাকে। (যদিচ পুরীতং বিলতে হ্লয়্ম পরিবেষ্টন নাড়ীকে ব্যা যায়, কিন্ত এ স্থলে পুরীতং শব্দে শরীর অর্থ অভিপ্রেত) তাৎপর্য এই— ঐ নাড়ী সকল অশ্বত্যপত্রের স্থায় (অশ্বণ্ডর যেমন শিরাজানে

^{* &}quot;করণের উপদংলতের জাগরিতসংখারকঃ প্রতাং সপ্রং।" তথাৎ ইপ্রিয়গণ স্বাহ্ কাষ্য ইইতে অবসর প্রহণ করিলে বে ভাগ্রৎকালীন অধ্ভূত বস্তুর সংখারণরপ্রজান, তাহার নাম যথ। ধ্র লাবে যন্ত কিছু প্রধা যায়, তৎসমস্তই জাগরিতকালে অন্ভূত বস্তুসকলের নামান্তর, স্বাহ্রাই বা নপান্তরমান্ত। সাপ্রধানে ইপ্রিয়ের সাহায়ে জান ক্ষেত্র স্থাবস্থায় ইপ্রিয় মতিতি কেবল অন্ত্রের হইতে জানের উদায় হয়, কিন্তু ব্যুক্তরালে ইপ্রিয়া ও অন্তঃকরণের বিজ্যা হৈছে কেবল মাত্র জীব নিজেই স্বাহ্মান্তর্ভব করেন।

জড়িত) এই সমক্ত শরীর ব্যাপিরা আছে, সমস্ত নাড়ীরই গতি বহিদিকে। ज्यारम् अञ्चःकद्रन-द्वित बाजाविक वाम्यान क्रमम, अञाग ममय वास् हेन्द्रिस्ट এই হাদয়স্থিত বৃদ্ধির অধীন। সেই হেতু বৃদ্ধি বয়ং হাদয়ে থাকিয়াই জীবের কর্মানুসারে মংস্তজীবীর স্থায় পাশ সদৃশ এই সকল নাড়ী মারা চকু, কর্থ প্রভৃতি ইন্দ্রিয়গণকে কর্ণচ্ছিত্র প্রভৃতি স্থানে বিস্তারিত করিয়া বসিয়া থাকে, অর্থাৎ মৎস্ত-জীবী ষেমন এক স্থানে থাকিয়া জাল প্রসারক করত স্তৃত্ত মংশু সকল গ্রহণ করে, ঠিক তেমনই হাদমন্থ বৃদ্ধিও সম্ভানম্বিত হটুৱাই কথিত "হিতা" নাড়ী সুকল त्यांवानि हेल्बिक्शाति केनात्रश कतिका नित्रवर्की विषयमकन धारण करता। বিজ্ঞানময় আত্মা জাগরণকালে ঐ বৃদ্ধিতে প্রতিবিধিত চৈতন্তরপে দেই বৃদ্ধিকে ব্যাপিয়া থাকেন, অৰ্থাৎ আত্মা বৃদ্ধিরপেই কার্য্য করিয়া থাকেন এবং ধথন বৃদ্ধির সকোচন-কাল (নিদ্রাসময়) অর্থাৎ হিতানাড়ী সকলের (ফালের ফার) একত্রীকরণসময় উপস্থিত হয়, তথন বৃদ্ধিবৃত্তির সহিত নিজেও সন্ধচিত হন। এই সন্ধোচনই জীবের নিদ্রা। জলে প্রতিবিধিত চক্রবিধ কেরপ বাত্যাতাড়িত জলসম্পর্কে চঞ্চলাদিরূপে প্রতীয়মান হয়, সেইরূপ বিজ্ঞানময় (জীব) নিঃসঙ্গ হইলেও জাগ্রৎকালীন যে বিষয়সম্পর্ক লাভ করেন, তাহাই তাঁছার ভোগশ্বরূপ অর্থাৎ বৃদ্ধির সহিত অভেদাভিমানী আত্মা বৃদ্ধির স্বভাব—বিষয়বিক্ষেপ অনুসরণ করে। এই জন্ম বৃদ্ধির বিক্ষেপও আত্মার ভোগ দামে কথিত হয়। স্নতরাং নিদ্রাকালে বিজ্ঞানময় জাগ্রৎসংস্কারবিশিষ্ট বুদ্ধির সর্ব্বত বিষ্ণুত সেই হিভানাত্মীসকলের সহিত প্রত্যানয়ন হয়, ইহা সঙ্গত। তপ্ত সৌহস্থ অধির ভার (অধি বেমন তপ্ত লোহের দর্কশরীরে ব্যাপিয়া থাকে, ভজ্লপ) বৃদ্ধি সেই হিতা নাড়ীর সহিত পুরীততে অর্থাৎ পুরীতৎ নাড়ীবাাপ্ত সমস্ত শরীরে পরিব্যাপ্ত হন। যদিচ আত্মা প্রতিনিয়তই সম্বরূপে বর্ত্তমান আছেন, তথাপ্রি বিজ্ঞানমন্ত্রের সমন্ববিশেষে কর্মানুগত বৃদ্ধির আমুগতা হেতু স্থনুপ্তিকালে পুরীততে অবস্থান উক্ত হইবাছে। নচেৎ ফুবুপ্তিকালে আত্মার দেহের সহিত সধন্ধ-মাত্রও থাকে মা; "তীর্গো হি তদা সর্কান্ শোকান্ হদয়ক্ত" অর্থাৎ সে সময়ে (হুসুপ্তিকালে) জীব ধ্নয়গত সর্বপ্রেকার শোক অভিক্রম করেন: কোনরূপ শোক মোহাদিই ভোগ করেন না; এই বক্ষামাণ শুতিই উল্লিখিত কথার প্রমাণ। किन प्राधिक कि, धारे प्रवृक्षि ज्यवहां मर्माध्यकात माध्यातिक वृद्धि हरेए विश्वक। ্র বিষয়ে দুইান্ত এই যে, দেমন কুমার (অত্যন্ত বাধক), বাঁহার কথামাতে সমন্ত कृषि। तृष्यं देव, तारे महावाक विमि शतिशक विश्वा । विमाद खनक है है होता

মেন আনন্দের পরাকার। প্রাপ্ত হন, জীবও সেইরপ অভিন্নী অর্থাৎ প্রমানন্দমন্ত্র এই সৃষ্টান্ত অবস্থান করেন। বালক, মহারাজ ও মহারাজ্বণ (সমদর্শী) ইহাদের স্থথ স্বভাবতঃ স্থানির্মাণ ও নিরতিশস্ত্র বিদ্যান সর্বানাকপ্রসিদ্ধ, এ জন্তই এখানে তাঁহাদের স্থথ স্থয়প্রির দৃষ্টান্তস্থানীয় করা হইমাছে, কিছু তাঁহাদের স্থয়প্তির কথনই দৃষ্টান্তস্থানীর নহে, কারণ, সুমুপ্তি কথনই স্থাপ্তির দৃষ্টান্ত হইতে পারে। না; কেন না, কোন একটি উভন্নগত সমান গুণ দেখিয়া ভিন্নজাতীয় একটি পদার্থ অপর পদার্থের দৃষ্টান্তর্রূপে উল্লিখিত হয়। এক বন্ধ কথনই দৃষ্টান্ত হয় না। অতএব পরিস্থেব এইরপে বিজ্ঞানমন্ন আত্মা সর্বাবিধ সাংসারিক ভার হইতে বিমৃক্ত হইলা নিদ্রা-কালেও স্বস্ত্রপে অবস্থান করেন, ইহাই সিদ্ধান্ত হইল। ১৯॥

স যথোর্ণনাভিস্তস্ত্রনোচ্চরেদ্ যথাগ্নেঃ ক্ষুদ্রা বিচ্ফু লিঙ্গা ব্যুচ্চরন্ত্যেবমেবাম্মাদাত্মনঃ সব্বে প্রাণাঃ সর্ব্বে লোকাঃ সর্ব্বে দেবাঃ সর্বাণি ভূতানি ব্যুচ্চরন্তি তম্মোপনিষৎসত্যস্ত সত্যমিতি প্রাণা বৈ সত্যং তেষামেষ সত্যম্ ॥ ২০॥

দ্বিতীয়াহধ্যায়ে প্রথমং ব্রাহ্মণম।

গত শ্রুতিতে বিজ্ঞানুমর আত্মা মুবুপ্তাবস্থায় কোঝার বর্ত্তমান ছিল ? এই প্রশ্নের উত্তর প্রদান হল গুলাই প্রজ্ঞানময়ের স্বাভাবিক নির্মানতা ও অসংসারিত্ব প্রতিপাদিত হইরাছে। একণে বিজ্ঞানময় মুবুপ্তির পর পুন: কোথা হইতে জাগ্রৎকালে প্রত্যাগত হন, এই প্রশ্নের উত্তরার্থ পরশ্রুতির আরম্ভ হইত্তেছে। ইহাতে প্রথমতাই এই আপত্তি হইতে পারে যে, যে জন যে গ্রামে, যে নগরে বা যে স্থানে থাকে, সে অক্সত্র যাইতে হইলে সেই স্থান হইতেই গমন করে, অক্স কোনও স্থান হইতে নহে, তাহা হইলেই 'মুবুপ্তাবস্থায় জীব কোথার ছিল ?' কোবল এই এক প্রশ্ন হারাই যথেষ্ঠ হইত, 'পুনশ্চ কোথা হইতে আসিল ?' কৌ রিতীয় প্রশ্ন করা সর্বত্যভাবে নিশ্রয়েজন বলিয়া মনে হয়; কেন না, এ হিতীয় প্রশ্নের উত্তর লোকে সহজেই বৃদ্ধিতে পারে। যে স্থানে ছিল, সেই স্থান হইতে আসিরাছে, ইহা অতি ছর্ক্তার্থ নহে। যদি বল, তুমি হিত্তি কিন সোধারোপ করিতেছ ? না, তাহা করি নাই, শ্রুতির দোব বলিতেছি না, কিন্তু বিত্তীয় প্রশ্নের অক্স কি অভিপ্রায় আছে, শুনিতে চাই, সেই জন্ম আন্তর্থকান

मारित आगका कविराजि । जङ्खात यमि वन, व्यक्ति 'कुछः' **এই পদে अनामा**रिन পঞ্চমী বিভক্তি বলিব না, কারণ, তাহাতে পূর্ব্বোক্ত পুনক্তিদোবের প্রসঙ্গ হয়, এই জন্ম অন্ত অর্থে পঞ্চমী বিভক্তি বলা হউক। বেশ, নিমিত্তার্থে পঞ্চমী বিভক্তি **अबुक इरेब्राइ विविध उछा-छाराउ नार, प्रश्रीर प्रमुख कोव कि निभिन्छ** আসিরাছে, এইরূপ সুঁর্থ যদি কর, তবে শ্রুতিক্থিত প্রাত্তার সম্পত হয় मां: कातन, প্রত্যন্তরে বলা, হইয়াছে যে, "यथा आध्रः कूछा विष्युनिकाः" ইত্যাদি: অর্থাৎ জাজন্মান অগ্নি হইতে জ্বেপ কৃত্র কৃত্র কৃত্রিক (অগ্নিকণা) নিৰ্গত হয়, তল্প চেত্ৰাচেত্ৰ গমন্ত জগৎ প্রমান্তা হইতে বিনির্গত হয়। এই উত্তর 'অমাদামা,ইত্যাদি শ্রুতিই বনিতেছেন, অর্থাৎ পরমামা হইতে সকল প্রকা-শিত হয়, স্বতরাং প্রমাত্মা বিজ্ঞানাত্মার অপাদান; অতথ্য "কুড়া" এই স্থানে নিমিন্তার্থে পঞ্চমী হইবে কি প্রকারে ? অথচ অপাদানে পঞ্চমী হইলেও অর্থসঙ্গতি भारक ना, (भोन क्रक्ता भाष रहा, a कथा शूर्व्हर वना स्टेंबाएह। छेख्य-ना, শ্রুতির অভিপ্রায় তাহা নহে। কারণ. "কোথা ছিল" এবং "কোথা হইতে আহিল" এই উভয় প্রশ্নই আত্মায় কর্ত্তব্ব, ভোক্তত্ব প্রভৃতি ক্রিয়াকারক ও স্থথ-চঃখাদি ফলের সম্পর্কহীনতা প্রতিপাদন করিবার উদ্দেশেই প্রবুক্ত হইয়াছে। এ জন্মই এ স্থলে বিষ্ণা (জ্ঞান) ও অবিদ্যা (অজ্ঞান) ভেদে বিবিধ বিষয় উল্লেখ করিয়াছেন: তন্মধ্যে বিদ্যা-বিষয় "আত্মেতোবোপাসীত" ইত্যাদি অর্থাৎ আত্মারই উপাসনা করিবে, আত্মা-কেই জানিবে ও আত্মলোকেরই আরাধনা করিবে ইত্যাদি; এবং অবিভার বিষয় পাঙ্জে কর্ম এবং তাহার ফল – নাম, রূপ ও কর্মাত্মক ত্রিবিধ অন্ন প্রভৃতি। ইহার मर्था অविद्याविषय गांश वक्तवा, उरमम्बर्ध वना इहेबार : विद्याविषय अः তে ত্রবাণি" ও "জ্ঞাপনিমামি" বলিয়া বিস্থাবিষর আত্মার উপুক্রম করা হইমাছে মাত্র: এ পর্যান্ত কিছুই নিরূপণ করা হয় নাই; একণে তাঁহার স্বরূপনিরূপণার্থ 'ব্রহ্ম তে প্রবাণি' বলিয়া উপক্রম করিবার পর এবং 'জ্ঞাপয়িষামি" অর্থাৎ জানাইব বলিবা প্রতিজ্ঞা করায় অবশুবক্তব্য বিভাবিষয়ীভূত সেই ব্রহ্ম যথায়থ নির্দ্র-পিত হইবে, সে জন্ত পূর্বের সেই ব্রন্ধের যথায়থ বরূপ যে ক্রিব্লাকারক, ফল-পরিশৃত্ত অত্যস্ত বিশুদ্ধ সত্যস্বভাব, তাহার নিরূপণার্থ শ্রুতি ছারা "কৈষ তদাহভূৎ" এবং "কুত এতদাগাং" এই উভয় প্রশ্ন উত্থাপন করিয়াছেন। তর্মধ্যে যে বস্তু থাকে, সে আন্তেহ্ন বাহাতে থাকে, তাহা অধিকরণ, এই আধার ও আধের উত্তরই পরতার বিভিন্ন, ইহা লোকপ্রদিদ্ধ, সেইরূপ যে আনে, দেকপ্রা এবং যে স্থান হইতে च्चारमः त्र व्यानानः, धरे कडी ६ व्यामान श्रदानः छित् छक्षभ और

(মুম্প্তিকালে) বাহাতে (মুম্বরূপে) অবস্থান করেন, এবং জাগ্রৎকালে যে হান হইতে প্রত্যাগত হন, এই আধার, আধের এবং কর্তা ও অপাদান অবশ্রই পরস্পার বিভিন্ন হইবে ; ইহা বলাই বার্হলা। তবেই আন্ধা বভিন্ন যে কোন স্থানে ছিল, এবং স্বতন্ত্র আত্মা স্বতন্ত্র করণ দাহায়্যে যে কোন স্বতন্ত্র স্থান হইতে আদিয়া-ছেন, এই লোকিক ৰ্ক্তান্থগারিনা আশকা বতই উদিত হয়, প্রত্যুত্তর ধারা তাহার নিরাকরণ করা আবশুক, এই জন্ম "বুল্ড এতদাগাৎ" অর্থাৎ বিজ্ঞান-মন্ব কোথা হইতে আদিয়াছে, এই বিতীয় প্রশ্নের অবজেরণা করা হইয়াছে। এই আত্মা পদ্ধ সতন্ত্ররণে সতন্ত্র স্থানে ছিলেন না, এবং বিভিন্ন স্থান হইতে বিভিন্ন ভাবে আসেন নাই ও আত্মার দিতীয় সাধন নাই। রেছেতু, তিনি অধিতীয়। এই বেলোকিক আধার, আধেয় এবং অপাদান ও কর্তার ছায় আত্মার অধিকরণ, অপাদান ও নাধনের সহিত বাস্তবিক পার্থকা নাই; তবে কি তৎকালে আত্মা ম্বরূপে (আস্থাতে) লীন হইরাছিলেন এবং মম্বরূপ (আ্যা)প্রাপ্ত হইরা থাকেন। "নতা দোম্য তদা সম্পন্নো ভবতি, প্রাজ্ঞেনাম্মনা সম্পরিষক্তঃ পর আত্মনি সংপ্রতিষ্ঠিত:" ইত্যাদি শ্রুতিই তাহার নিদর্শন। অর্থাৎ হে সোম্য ! দেই সুমুপ্তিসময়ে জীব সংস্করণ প্রাপ্ত হন এবঁ সংস্করণ প্রাপ্ত হইয়া পর-শাস্মাতে অবস্থান করেন। অতএব ইহাই সিদ্ধান্ত হইল, স্বতন্ত্র আন্ধা অন্ত স্থান হইতে আবিভূতি হয়েন না। শ্রুতি ঘারাই তাহা প্রদর্শিত হইতেছে, অগ্নি হইতে কুদ্র ফুলিকের ন্যায় এই আত্মা হইতেই সকল নির্গত হয়, আত্মার ম্পাদান কেহ নাই; অর্থাৎ আত্মা ব্যতিরেকে কোন বস্তুর সত্তা নাই। यদি বল, প্রাণাদিই আত্মা ব্যতিরিক্ত বিভিন্ন বস্তু ? তাহাও নছে; যেহেতু, প্রাণাদিও এ আত্মা হইতে নিৰ্গত হয়, ইহার কারণ এই— যেমন উৰ্ণনাভ (মাকড্শা) একাকীই অন্ত কিছুর সাহায্য ব্যতিরেকেও স্বশরীর হইতে হত্ত বহিষ্কৃত করত নিক হইতে অভিন্ন দেই ভন্তর সহিত উলাত হয় অথবা বেমন জাজলামান এক অশ্বিও হইতে কুল্র কুল্র অশ্বিকণা নানাক্রণে নির্গত হয়, অর্থাৎ যেমন কুল্র ও অধিকৃণা বতন্ত্ৰ কাৰকের অভাবেও কাৰ্য্যে প্ৰবৃত্ত থাকে এবং নিৰ্গত হইবার পূর্বে উর্ণনাড ও অগ্নির সহিত অপুথক্তাবে অবস্থিতি করে, তেমনই বিজ্ঞানময় আত্মার প্রবোধের পূর্বকালীন অরূপ হইতে (ব্রন্ধের সহিত অভিন্ন-ভাবে অবহিত । বাক, প্রভৃতি ইলিববর্গ বহির্গত হয়। তাহা হইতে কিনতি হইবার পর আত্মা পৃথক্ভাবে প্রাতীর্মান হন মাত্র, বাস্তবিকপকে সর্বতোভাবে অপথক।

তথু ইহাই নহে, স্বন্ধপে অবস্থিত আত্মা হইতে সমস্ত তুবন, স্থ-সংখাদি। সমস্ত কৰ্মফন্ এবং ইক্সিমাধিষ্ঠাত্ৰী অগ্নি প্ৰভৃতি সমস্ত দেবতা—অধিক কি, ব্ৰহ্মাদি স্বস্থ পৰ্যান্ত সমস্ত প্ৰাণী উদ্ভূত হয়।

এই বে ছাবরজঙ্গমাণি সমন্ত জগৎ, ইহাও অধিফুলিকের ন্তার বৈ আছা হৈতে অহরহ উত্ত হইতেছে, বাহাতে জলবিশ্বন্থ বিলয়, পাইতেছে এবং ছিতিকালে যাহাতে অবস্থিত থাকে, সেই ব্রহ্ময়রপ আত্মার * উপনিবং—উপাসকগণের চিস্তনীর নক্ষ—"গতাক্ত সত্যং" শ্রুণিং সত্যেরও সত্য। ইহার অর্থ এই—প্রাণ সত্য (অপেকারত), কিন্তু এই আত্মা সেই সত্যেরও সত্য, অর্থাৎ এই আত্মার সন্তাবলেই প্রাণের সন্তা, নচেৎ প্রাণ কোনরূপেই আত্মাভ করিতে পারিত না। আত্মা যে কিরপে সত্যেরও সত্য হইলেন, এই আত্মাভ করিতে পারিত না। আত্মা যে কিরপে সত্যেরও সত্য হইলেন, এই অর্থ হর্কোধ বিলয়া যদি লোক অন্তর্রপ অসম্বত অর্থ কর্ননা করে, এই আত্মান্ত শতি মিজ মুথেই তাহার ব্যাথাা করিলেন—"প্রাণা বৈ সত্যং তেষামেষ সত্যমিতি।" বাক্ প্রভৃতি ইন্দির যে সংরপে প্রতীয়নান, এই আত্মা বাস্তবিক তেৎসম্পারেরও কারণ; এই জন্ম সত্যেরও সত্য। এই পূর্ব্বক্থিত বাক্যের ব্যাথাানের জন্মই পরবর্তী স্কুই ব্রাহ্মণ (পরিছেনীবিশেষ) আরক্ষ হইবে।

ইহাতে বাদী আপত্তি করেন বে, বেশ, স্বীকার করিলাম বে, পরবর্তী ব্রাহ্মণদর "সত্যক্ত সভ্যং" এই উপনিষদের ব্যাখ্যানীর্থ। কিন্তু উহার বে 'উপনিষদ' সংজ্ঞা
দেওরা হইরাছে, জানি না, সেই সংজ্ঞা—"সত্যক্ত সত্যং" এই নামটি কি পূর্ব্বোক্ত
জ্ঞজাতশক্ত রাজার হস্ততাড়নে প্রবোধিত, সাংসারিক শব্দপ্রশাদি-বিষয়-ভোক্তা
প্রভাবিত বিজ্ঞানমর আয়ার ? অথবা এতদতিরিক্ত কোনও অসংসারীর (ব্রহ্মের)?
বদি বল বে, সে নির্ণরের প্ররোজন কি ? তাহাও বলিতে পার মা ; কারণ, বদি
"সত্যক্ত সভ্যং" এই নামটি সংসারী জীবের হয়, তাহা হইলে সেই সংসারী জীবই
মুমুকুর বিজ্ঞেক বলিতে হয় ৷ সেই জীববিষয়ক জ্ঞানই সর্ব্বার্থসিদ্ধির হেতু মানিতে
হইবে, জীবই ব্রহ্মশন্তের বাচ্য (অর্থ) হইয়া পড়ে এবং সংসারি-জীব-বিশ্বাই
(জ্ঞান) ব্রদ্ধবিশ্বার্মপে পরিগৃহীত হয়, স্তরাং তত্তপ্রোগী উপায় সকলও অবলবিত
হইবে ৷ আয় যদি এতদতিরিক্ত কোনও অসংসারী (ব্রদ্ধ) এই নামের নামী
হয়, তাহা হইলে পূর্ববিং সেই অসংসারীই বিজ্ঞের, তাহার এই জ্ঞানই ব্রন্ধবিশ্বা

^{*} উপলিষ্ণ উপ-ন্নীপা নিসাদয়তি গময়তীত্মপনিৰ্ণ, বাচকা নাম ইতি, অৰ্থাৎ যে নাম নিজের (নামের) উপাদককে বক্ষনমীপে লইয়া বায়, তাহার নাম উপনিৰ্ণ।

শত্যং" এই নামের নামী নির্ণয় করা অত্যাবশ্রক নহে কি ? যেহেতু, এই সম্পারই শাত্র-প্রামাণ্য হেতৃ হইতেই হইবে। কিন্তু অসংসারীর (এক্ষের) জ্ঞান বন্ধবিদ্ধা বলিলে 'আব্মেত্যুপাদীত' ইঙ্যাদি শ্রুতির উপর দোষারোপ হইয়া পড়ে, কারণ, "আত্মেত্যেবোঁপাগাত', অর্থাৎ আত্মা এই ভাবে উপাসনা করিবে, 'আত্মানমেবাৰেং' অর্থাৎ আত্মাকেই জানিবে এবং 'অহং ব্রক্ষাত্মি' অর্থাৎ আমি "ব্ৰশ্বস্থৰণ" ইত্যাদি জীবাত্মা ও প্ৰমাত্মার অভেদপ্ৰতিপাদিকা শ্ৰুতি সকল পরম্পর বিভিন্ন উপাশ্ব-উপাসকভাকৃদকে নিতান্ত অসক হয়। কেন না, উপাশ্ব यि উপাসক इरेटि পृथक् इम्न, विवः উপাস । यि উপাশ इरेटि পृथक হয়, তাহা হইলেই একে অপরকে উপাসনা করিতে পারে, কিন্তু অভিন্ন পদার্থের উপাসনা হইতে পারে না। সংসারী জীব নামে স্বতন্ত্র যদি কেহ না থাকে, তবে শ্রতির উপদেশবাক্যই অনর্থক হইয়া পড়ে। ভাষ্যকার দেখিলেন, যথন এই প্রশাটর উত্তর শ্রুতি ছারা নিরূপিত নহে, অতএব ইহা অতি জটিল বিষয়। এই বিষয়ে পণ্ডিতগণেরও মহামোহ জন্ম। এই জন্ম ব্রহ্মজ্ঞানেচ্ছু ব্যক্তিগণের সন্দেহ-ভঞ্জনার্থ ব্রন্ধবিত্যা-প্রকাশক বাক্য সম্দার লইয়া ভাষ্যকার প্রতিজ্ঞাপূর্ব্বক বিচার করিতেছেন। 'সভাক্ত সভাং' এই নামের নামী অসংসারী প্রমান্ত্রা হইতে পারে না। কারণ, যগন হস্ততাড়নে জাগরিত, শব্দ-স্পর্শাদিবিষয়োপভোক্তা, স্থপ্ত, অতএব অবস্থান্তরবিশিষ্ট হইতে বাক্ প্রভৃতি ইচ্ছিয়াদির উৎপত্তি কথিত হইয়াছে, তথন ভাহাকে অসংসারী বুলি কিরুপে? আবার নিযন্তা অথচ কামনাবজ্জিত প্রমত্রন্ধ নামে কেহ আছে, ইহাও মানি না; কারও, বেহেতু 'ত্রল্লজাপরিয়ামি' অর্থাৎ (আমি তোমাকে) বন্ধজ্ঞানোপদেশ করিব, এইরূপে শ্রুতি জনকমুখে প্রতিজ্ঞা পূর্বক স্থপ্ত পুরুষদমাপে গম্নাস্তে এবং সেই সুগু পুরুষকে হস্ততাভূনে জাগরিত করিয়া তাহার শব্দাদি বিষয় ভোগের ক্ষমতা প্রদর্শন করিলেন এবং তাহাকেই স্বপ্লপরায় স্বৃত্তি-নামক চতুর্থী অবস্থার উন্নীত করিয়া স্বযুপ্তাবস্থার একত্ব-প্রাপ্ত দেই আত্মা হইতেই অগ্নিজুলিক্ষের স্থায় কিম্বা উপনাভি স্ত্তের স্থায় সমত জগতের উৎপত্তি দেখাইয়াছেন। কৈ? এই প্রকরণে সেই সুষ্থ ও প্রবৃদ্ধ আত্মার অন্তরালে বিজ্ঞানময় ভিন্ন আর কাহাকেও ত জগতের কারণ विभिन्न किता हम माहे, वतः विकानमस्त्रत श्राकत्रण विभा छात्न छात्न **डाइ। तरे** डिस्सर (मेथा गारेटिक ह

বিশেষতঃ ইহার সমান প্রকুরণস্থ কোষীতকি-শ্রুতিতেও প্রথমতঃ আদিত্যাদি পুরুষকে ব্রহ্মরূপে উল্লেখ করিয়া অবশেষে "হে বালাকি গার্গ্য! যিনি এই সমস্ত আদিত্যাদি পুরুষের সৃষ্টিকর্ত্তা, এবং তত্তৎসমস্ত বাঁহার কর্ম অর্থাং সৃষ্ট, একমাত্র তিনিই জ্ঞাতব্য, এইরপে বিজ্ঞানময় প্রবৃদ্ধ আত্মারই জ্ঞেয়দ্ব প্রদর্শন করাইয়াছেন, কিন্তু এতদতিরিক্ত কাহারও উল্লেখ করেন,নাই।

এবং পরেও "আয়নম্ব কামার সর্বাং প্রিয়ং ভবতি" অর্থাৎ আত্মার (জীবের)
প্রীতির নিমিন্তই সমস্ত বস্তু প্রীতিভাজন হইয়া থাকে, অর্থাৎ যে বস্তু আত্মার উপকার বা প্রীতি সম্পাদন করিতে সমর্থ, দেই বস্তুই আত্মার প্রিয় হয়, স্তরাং
আত্মার প্রীতি অন্তর্গারে সকল বস্তুই প্রিয় হইজে পারে। এই কথা বলিয়া প্রিয়রূপে
প্রসিদ্ধ বিজ্ঞানমর আত্মাকেই, দ্রন্থব্য, শ্রোভব্য ও মন্তব্যরূপে নির্দেশ করা
ইইয়াছে।

এইরপ রন্ধবিদ্যার উপক্রমেই বলা হইরাছে, "আন্মেত্যেবোপাসীত তদেতৎ প্রের: পূলাৎ প্রেয়ো বিত্তাৎ, তদায়ানমেবাবেৎ অহং ব্রন্ধামীতি" অর্থাৎ সেই আয়া পূলবিত্তাদি সমস্ত প্রিয়বস্ত অপেকাও প্রিয়, সেই সর্ব্বপ্রিয় আয়াকে "আমি (জীব)-ই ব্রন্ধ" ইত্যাকার জ্ঞানে উপাসনা করিবে, এই সকল প্রুতি অসংসারী আয়ার অভাবপক্ষেই আমুক্ল্য করে। ইতঃপরেও প্রুতি স্বয়ংই বলিবেন যে, "আয়ানঞ্জেন্বিজ্ঞানীয়াদরম্মুতি পুরুষং" অর্থাৎ আমি (জ্ঞাব) পরিপূর্ণ পরাৎপর ব্রন্ধ্বরূপ, এই জ্ঞান বাহার হইয়াছে ইত্যাদি।

আর অধিক কি, সমস্ত বেদাস্তই অন্তঃকরণোপাধিক জীবকে "অহং ব্রহ্ম" অর্থাৎ আমি ব্রহ্ম, ইত্যাকারেই উপাসনা করিতে উপ্দেশ করিয়াছেন, কিন্তু কথনও শব্দাদি বিষয়ের মৃত কোন বাহু বন্তুকে 'অমুক ব্রহ্ম' এইরূপে উপাসনার উপদেশ করেন নাই। সেইরূপ কোবীতকি শুন্তিও বলিয়াছেন "ন বাচং বিজিজ্ঞাসীত, বক্তারং বিদ্বাৎ অর্থাৎ বাক্যের উপাসনা করিও না, বক্তার (আআর) উপাসনা করিও, ইত্যাদি। এবং অর্থাৎ শব্দাদি বিষয়োপভোক্তা বাগাদি-ইক্রিয়ে ব্যাপৃত কর্ত্বভোক্ত্যাভিমানী 'জীবেরই উপাশ্রত্ম দেখাইতেছেন, অত্যের নহে।

বদি বল যে, অসংসারী ব্রদ্ধই সুষ্ঠিরপ অবস্থান্তর প্রাপ্ত হন এবং উপাক্তমরূপে তিনিই নির্দিষ্ট হইরাছেন। তাহা হইলে বলিতে হুর যে, বে বিজ্ঞানমর আত্মা
জাগ্রংকালে শন্ধাদি বিষর ভোগ করিয়া সংসারী, তিনিই সুষ্ঠি-নামক অবস্থা
প্রাপ্ত হইরা অসংসারী শাসনকর্তা ও বিজ্ঞানমর হইতে বিভিন্ন। কিছু ইহা
বাড়ুলের উক্তি; কারণ,—এমন কোন পদার্থই সম্ভবে না, বাহা অবস্থাভেদে
নিজেও ভিন্ন হইতে পারে। ইহা কি কথনও সম্ভব হুর যে, এক গোই

দাঁড়াইলে বা গমন করিলে গো হইবে এবং নিজিত বা অবস্থান্তরিত হইলে অখাদি বিভিন্ন জাতি হইবে ? বদি এ কথাও স্বীকার কর, তাহা হইলে ক্ষণিক্বিজ্ঞানবাদী বৌদ্ধের মতের সহিত প্রভেদ কি রুহিল ? কেন না, তাঁহারাও বলেন যে, বিজ্ঞানই আমাদের আত্মা এবং সেই বিজ্ঞান প্রত্যেক অবস্থাতে (প্রতিক্ষণে) পরিবর্তিত হইতেছে। বিশেষতঃ বৃক্তি ধারাও ইহা প্রমাণিত হয় য়ে, প্রমাণ ধারা যে বল্পর যে স্বভাব নিশ্চিত হইরাছে, সে বল্প নানাদেশে বিশ্বা নানা অবস্থা প্রাপ্ত হইলেও তাহার সেই স্বভাব কথনও প্রিত্যক্ত হয় না। ক্ষেমন অগ্নির দাহ ও প্রকাশ এবং জলের শীতলতা ও দ্রবদ্ধ স্বাভাবিক, এইরূপ স্বভাব কদাচ অন্তথা হইবার নহে। বল্প যদি নিজের স্বভাবই পরিত্যাগ করিত, তাহা হইলে এই সংসারের সমস্ত ন্যবহার বিল্প হইত। এজন্মই শংখ্য ও বৈদান্তিক প্রভৃতি দার্শনিকগণ শত শত মৃক্তি ধারা বরং অসংসারী আত্মারই অসন্তা প্রতিপাদন করেন।

যদিও সংসারী জীবের পক্ষে জগতের সৃষ্টি, স্থিতি, লয়-ক্রিয়ার কর্ত্ব ও অভিজ্ঞতার সম্পূর্ণ অভাব হেতু জীবাতিরিক্ত আত্মা অবশ্রুই স্বীকার্য্য, তাহা যদি স্বীকার কর, তবে মহা আড়ম্বরে শন্দাদির উপভোক্তা সংসারী জীবকেই অবস্থাপরিবর্ত্তনে সৃষ্টিকর্ত্তারূপে নির্দ্ধারিত করা হইয়াছে কি না ? ইহাতে বেদান্তী আপত্তি করেন বে, না, এ সকল কথাই মিথাা। যখন এই জগতের উৎপত্তি, স্থিতি এবং লয় সম্বন্ধে জীবের কোনরূপ স্বাধীনতা কিংবা সম্পূর্ণরূপে জ্ঞান-সামর্থ্যও দেখা যাইতেছে না, স্তরাং এই জীবই যে কোন অবস্থায় এই বিশাল জগৎপ্রপঞ্চ নির্দ্ধাণ করিবে, ইহা কথার কথা মাত্র; কেন না, বে জীব এই স্থবিশাল বিশ্ব বন্ধাণ্ডের রচনা-প্রশালী মন্মে মনে চিন্তা করিত্বেও অক্রম, সেই জীব আমাদের মত কি করিয়া ভাহার স্বৃষ্টি করিবে ? অতএব জীবকে স্বৃষ্টিকর্ত্তা বলিতে পারি না। উদ্ভর্ম না, অসম্ভব নহে, "এবমেবামাদায়নং" ইত্যাদি অভ্রনন্ত শ্রুতিই বলিতেছেন যে, এই জীবাত্মা হইতেই সমস্ক জগতের উৎপত্তি হয়।

শাস্ত্রের উত্তরে সন্দেহ করা অজ্ঞানের কার্য্য, অতএব সংসারী জীবই যে এই বিশ্ব-ব্রহ্মাণ্ডের কর্ত্তা, ইহাই সর্বতোভাবে বিশ্বাস্য, ইহাই হইল, এক পক্ষের কথা।

পক্ষান্তরে ('বৈদান্তিক মত) যিনি দর্মজ্ঞ, বিনি পূর্ণ ও অশনারা (ক্রাক্রানার) পিপাসাদি-পরিবর্জিন্ড, যিনি অসক সর্মপ্রকার গমনাদি জিয়ারহিত, ছে গার্গি, এই নিতা পুরুষের আজায় ক্র্যা ও চন্দ্র অসুক্রণ চলিতেছে, এবং যিনি অন্তর্গ্রামিরূপে সর্ব্বভূতে অবস্থিত হইরা সমত্ত প্রেমকে চালনা করেন অথচ স্বয়ং তাহার অতীত, যিনি জন্ম-মরণাদি-শৃন্ত সর্ব্ব্যাপী আআ, ইনি সর্ব্বসংসারের বিধারক সেতৃত্বরূপ, * এই আআই সকল সংসারকে বন্দীভূত করিয়া রাথিয়াছেন এবং যিনি সকলের ঈশ্বর অর্থাৎ নিম্নন্তা, যে আআ সর্বপ্রকার পূঁপে, তাপ, জরা ও মৃত্যুবিহীন, তিনি তেজের স্পষ্ট করিয়াছেন। "এই জগন্মগুল স্পন্ত, হইবার পূর্বে একমাত্র আআই (ব্রহ্ম) বর্ত্তমান ছিলেন। তিনি জগতের বহিত্ ত, সভরাং স্কাগতিক স্প্রথহংথ তাহাকে স্পর্ণ করে না" ইত্যাদি শ্রুতিবাক্য এবং শামি (ঈশ্বর) সর্ব্বসংসারের উৎপত্তিস্থান এবং আমাছইতেই সর্ব্বসংসার প্রবৃত্তিত হয়।" ইত্যাদি শ্বুতিবাক্য সমস্বরে বলিতেছেন যে, সংসারী জীব ভিন্ন অন্ত অলোকিক জ্ঞানশক্তিসম্পন্ন এক জন পর্মান্তা আছেন এবং জিনিই এই ব্রন্ধাণ্ডের সৃষ্টি-স্থিতি-প্রলব্বের কারণ। শ্বিতীয়তঃ, আমরা যেথানে বিচিত্র অর্থাৎ আশ্বর্যস্বার্ত্ত বিশ্বর কর্ত্তাও বিশ্বর বিদ্বমান্ বলিয়া বৃত্তি, অতএব তথন সাধারণ ক্লড্বৃদ্ধির অগ্নমাণ্ডই বিশ্বসংসার স্পষ্টির কর্ত্তাও যে অবশ্রুই অলোকিক জ্ঞানশক্তিসম্পন্ন হইবে, এই বৃদ্ধিকও জীব ভিন্ন অসংসারী কর্ত্তারই পক্ষসমর্থন করিতেছে।

যদি বল বে, "এই আত্মা (সংসারী) হইতেই সমস্ত জগতের উৎপত্তি" এই শুন্তিবাক্য স্থারা সংসারী জীবেরই স্মৃষ্টিকর্তৃত্ব অবগত হওরা যায়। উত্তর—তাহাও সঙ্গত নহে, যেহেতৃ, যিনি হাদরাভ্যন্তরে "আকাশস্থরণ" শুন্তি এই বনিরা পরক্ষণেই বিনিয়াছেন যে, "ইহা হইছতই জগতের উৎপত্তি।" অতএব পরমাত্মার প্রকরণে অন্ত আত্মা ধর্তব্যই নহে, ইহাই বুঝা যায়।

আর "কৈব তদাহভূৎ" এই জীব সুবুপ্রিকালে কোপার ছিল ? এই প্রশ্নের উত্তরে বলা হইরাছে বে, "ব এবোহস্তর্জ দর আকাশগুসিঞ্ছেতে" অর্থাৎ এই হাদরাজ্যন্তরত্ব বে-আকাশ, তাহাতে নিদ্রিত ছিলেন। ইহাতেই বৃঝিতে হইবে বে, জীব
বখন কথনই নিজের উপরে শরন করিতে পারে না, স্তরাং অনিচ্ছাপূর্ব্বকণ্ড
আকাশ শব্দের অর্থ প্রমাত্মা বলিতে হইবে।

বিশেষতঃ "সতা সোমা তদা সম্পন্নো ভবতি" অখীং হে সৌমা! জীব তখন

^{*} সেতৃ অর্থ :—বীধ, বেরূপ সেতৃ (আইল) থাকার ক্ষেত্র স্কুল পর্লের একীভাবিনিক্ত্রনা হটর। পৃথকভাবে থাকে, ঠিক সেইরূপ এই আছারূপ সেতৃ আহিছ বলিরঃ
ভীন্নাপ পৃথক্ পৃথক্তাপে নিজ নিজ কর্মকল পাইডেডে, সচেৎ একের কর্মকল হয় ত অপবে
ভোগ করিত, প্রমাজা নিজে কেথিয়া জীবের প্রকৃত-কর্মকল স্কুল বপ্রোগ্য ভাগ করিত্ব।
লেন।

স্থাবিকালে সং—পরমাত্মার সহিত সম্পন্ন—মিলিত হন। "অহরহর্গছন্ত এতং বদ্ধলোকং ন বিদন্তি" অর্থাৎ সমস্ত জীব প্রতিদিন ব্রন্ধলোকে যাইয়াও এই ব্রন্ধকে জানিতে পারিতেছেনা। "প্রাজ্ঞেনাত্মনা সম্পরিকল্তः" তথন শরীরাভিমানী আত্মা প্রাজ্ঞ. আত্মার লিকশরীরাভিমানী আত্মার সহিত মিলিত হইয়া পরে আত্মনি সম্প্রতিষ্ঠিতঃ" জাব পরমাত্মাতে প্রতিষ্ঠিত হন, এই সকল ইতিবাক্যের তাৎপর্যার্থ পর্যালোচনা করিলে এখানে আকাশ শব্দের অর্থ বে পর্মাত্মা, এ বিষয়ে আর কোন সম্পেহই থাকে না। আকাশ শব্দের অর্থ বে পর্মাত্মা, এ বিষয়ে আরও প্রমাণ এই "দহরোহত্মিন্নস্তরাকাশঃ" অর্থাৎ এই ক্রপ্তরীকেই অতি হক্ষ আকাশ বর্ত্তমান। এইখানে আকাশ শব্দের উল্লেখ করিয়া "যত আত্মা অপহতপাশা।" বিলিয়া প্রশাত সেই আকাশেই আত্ম-শব্দের প্রয়োগ করা হইয়াছে, অতএব এখানে প্রকৃত আত্মাই আকাশেই আত্ম-শব্দের প্রয়োগ করা হইয়াছে, অতএব এখানে প্রকৃত আত্মাই আকাশে শব্দের বাচ্য, স্তর্রাং 'এবমেবাত্মাদাত্মনং' এই শ্রুতির অর্থ—পর্মাত্মা হইতেই সৃষ্টি বৃঝিতে হইবে।

আর সংসারী জীবের এরূপ বিচিত্র বিশ্বসংসারের স্পষ্ট-স্থিতি-সংহারের সামর্থ্য নাই, ইহা পূর্বেই বলা হইয়াছে। ইতঃপূর্বে তৃতীয়াধ্যায়ে "আল্লেভ্যেবোপাসীত" ইত্যাদি শ্রুতি দারা ব্রহ্মবিভার প্রস্তাব করা হইয়াছে এবং 'ব্রহ্ম তে ব্রবাণি,' 'ব্রহ্ম জ্ঞাপদ্বিদ্যামি' বলিয়া ব্ৰহ্মজ্ঞানোপদেশও আবন্ধ হইয়াছে, একণে তাহাতে আপত্তি হইতে পারে বে, যে ব্রন্ধ কর্তৃত্ব-ভোক্তৃত্বাদি-রহিত, নিত্য, শুদ্ধ, ক্রানরূপ ও অসংসারী, এবং জীব তাহার বিপরীতমভাব অর্থাৎ স্থত্যুংগাদি-সমন্বিত কর্ত্ব ভোক্তাভাতিমানী ও সংসারী, স্বতরাং এদ্ধ বথন জীব হইতে অত্যন্ত উৎকৃষ্ট এবং জীবও বন্ধ অপেকা অতিশয় নিকৃষ্ট, তথন জীব "অহং ব্রহ্মাত্মি" অর্থাৎ আমিই সর্কশক্তিমান্ ব্রহ্ম, এই ভাবে নিজেকে, কথনও উপাসনা করিতে পারে না, বরং এইরণে উপাসনা করিলে উৎকৃষ্টকে নিকৃষ্টভাবে উপাসনা করার জীব মহাপাপী হইরা পড়ে। অতএব "আমি ব্রন্ধ হইতে অভিন্ন" এই ভাবে ধারণা সর্বাথা অষ্ক ; वतः (करन পूला, मिनन, अञ्चल, छि, नमस्रोत्र, পूछाशकत्रन-निर्वनन, विनामि ধর্মণাজ্ঞাধ্যমন, ধ্যান-ধারণা প্রভৃতি সহপামে আরাধনা করিতে ইচ্ছা করিবে, যাহা ৰারা তাঁহার স্বরূপ অবগত হইয়া জীব সর্ব্যনিষ্ট্রা পরবন্ধপদ লাভ করিতে পারিবে, তথ্যতীত কথনও অধির শীতলছের বা আকাশের মূর্ত্তিমন্তের গ্রায় বিকৃত্ধ-ভাবে অসংসারী বন্ধকে সংসারী জীবের সহিত অভেন চিন্তা কর্মতাটিত नरह। हेशाल आवर्ष धक्री मन्युक्ति धहे ए, और उत्कव अल्ब तामक नाव मकन व्यर्थानकरूप पतिशृशील इहेरनहें नित्रर्थक हहेरन ना धनः

এক্লপ অর্থ স্বীকার করিলেই সমস্ত শাস্ত্রমৃত্তি ও লোকব্যবহার অবাধিত। হইবে।

উত্তর, নী—এরপ অসদাশ্যা করিতে পার না; করিণ,—নদ্র ও শত শত ব্যান্ধণ (বিধি) বাক্য হইতে পরমান্ধারই জীবরূপে পাঞ্চডৌতিক শরীরে প্রবেশ অবগত হওয়া যায়। যথা—"পরিপূর্ণ পরমান্ধা প্রথমতঃ বিপদ-চতৃষ্পদাদি নির্মাণ করিয়া তাহার অভ্যন্তরে প্রবেশু করিলেন।" "পরমান্ধা প্রত্যেক বস্তর অনুরূপ হইলেন।" "জ্ঞানময় পর্মেশ্বর সর্কবন্তর স্বষ্টি ও নামকরণ করিয়া নিজেই তাহাতে অবস্থিতি করিতে লাগিলেন" ইত্যাদি। সর্কশাথীয় মন্ত্রবাক্য * সকল সমন্বরে বলিতেছেন যে, সর্ককর্তা পর্মেশ্বর এই সমস্ত স্বষ্টি করিয়া ও ভন্মধ্যে প্রবিষ্ট হইয়া জীবনাম ধারণ করিয়াছেন এবং পরমেশ্বর সেই সেই ভূতবৃর্গ স্বষ্টি করিয়া তন্মধ্যে প্রবেশ করিয়াছেন। ছান্দোগ্য শ্রুতিও বলিয়াছেন যে, সেই পরদেবতা পরমেশ্বর এই অগ্রি প্রভৃতি তিন দেবতার মধ্যে জীবরূপে প্রবিষ্ট হইয়া নাম (সংজ্ঞা) ও রূপ (মূর্জি) প্রকাশ করিয়াছিলেন।

"এই আত্মা সর্বভ্তে নিগৃত্ভাবে অবস্থিতি করার প্রকাশিত"ইত্যাদি ব্রাহ্মণবাক্য সকলও পর্মাত্মারই জীবছ প্রকাশ করিতেছেন। যথন সর্বশুতিই ব্রহ্মকে
আত্মান্দে অভিহিত করিতেছেন এবং আত্মান্দে অন্তঃকরণোপাধিক আত্মারই
অভিধান করিরাছেন আর "সর্বভ্তান্তরাত্মা" এই শ্রুতিও "আত্ম" শব্দে ব্রহ্মেরই
উল্লেখ করিরাছেন, বিশেষতঃ "একমেবাদিতীর্দ্শ" ব্রহ্ম একই অদিতীর, 'ব্রক্মবেদ্দ্শ'
এই সমন্ত ব্রহ্মমর, 'আহারুবেদ্দ্শ' এই জগৎ আত্মবাতিরিক্ত অন্য কিছু নছে।
ইত্যাদি শ্রুতিও যথন স্পষ্টতই পর্মাত্মাতিরিক্তি সংসারী আত্মার অভাব স্ট্রনা
করিতেছেন, তথন "অহং ব্রহ্মাত্মি" আমি (জীব) ব্রহ্ম বলিরাই আত্মার উপাসনা
করা নিতান্ত উচিত; ব্রহ্মই যদি অবস্থাতেদে জীবসংজ্ঞা প্রাপ্ত হইয়া থাকেন,
তাহা হইলে জীব নিজের প্রকৃত মূলীভূত 'অবস্থা-সম্পন্ন ব্রহ্মকে অভেদরূপে
চিন্তা করিবে, ইহাতে আর দোষ কি ? এই হইল উভয় পক্ষের সিদ্ধান্ত। প্রক্ষণে
আপত্তি এই যে, যদি এইরূপই শান্ত্রসিদ্ধান্ত হয়, তবে পর্মাত্মার সংসারিত্ম দোষ আসিরা পড়িল, আবার পরমাত্মাকে সংসারী বলিলে উপনিষ্ধং শান্তের
সাফল্য থাকে না।

ট্নপ্ত-বাজ্পগোমের্কিকামবেওক্" ইতি মীমাংনা, ইহার তাৎপর্যা—বেদ ছই ভাগে বিভক্ত, এক ভাগ মন্ত ও অপর ভাগ বাজা। ওয়ধো বজাদিকিয়াতে এক্ত ভাগ মন্ত এবং বজের অর্থাকাশক বেগভাগ ব্রাক্ষণ। এই মৃত্ত গ্রাক্ষণ বিশিক্ত হইয়া বেল শাস্ত্রের বুলিং হয়। আবার তাঁহাকে অসংসারী বলিলে মুক্তির উপদেশ সর্বতোভাবে ব্যর্থ হয়। বেহেত্, তিনি বতো মুক্ত, তাঁহার প্রতি মুক্তির উপদেশ সর্বাধাই অসকত। আবার যদি সর্বভৃতান্তর্য্যামী পরমান্মাই বান্তবিক সর্বাদারীরসম্বন্ধ বশতঃ মুথ-ছঃথাদি অমুভব করেন, তবে তাঁহার সংসারিছের বাকি কি থাকিল? এইরূপ স্বীকার করিলে পরমান্মার অ্নংসারিছ-প্রতিপাদক শুন্তি, স্বৃতি * ও মুক্তি সকল সর্বতোভাবে নির্থক হইবে, তাহার উপায় কি ?

এরপ অবস্থার প্রাণিগণের ইথ-ছ:থাদি ধারা আঁরা নিপ্ত হন না, "তিনি ক্টিকমণিবং বভাবসমূজন থাকেন।" ইহা পরমাত্মার হেরোপাদের বস্তর অভাবে কথঞিৎ প্রতিপাদন করিতে পারা বাম বটে, কিন্তু পূর্ব্বোক্ত শাস্ত্রোপ-দেশের আনর্থক্য দোষ মন্তক্ষীনের প্রতি মন্তক্যথার নিবারণোপদেশের মত সর্বথা অপরিহার্য্য থাকিয়া যায়। এ বিষয়ে কেহ কেহ এইরপ মীমাংসা করেন বে, পরমাত্মা সর্বভৃতে প্রবেশকালে নিজে নির্নিকাররপ পরিত্যাগ করিয়া বিক্তাবস্থা ধারম করত জীবত সংজ্ঞা প্রাপ্ত হন, সতরাং সেই বিজ্ঞানমর জীবাত্মা পরমাত্মা হইতে ভিন্ন ও অভিন্ন উভয়রপেই বর্ত্ত্বান। বাহা ধারা পৃথক্-রূপে প্রতীত, তাহার বশেই সংসারী, আবার অভিন্নতাহেত্কই "অহং রক্ষ" অর্থাৎ আমি বন্ধ, এইরপ অভেদ জ্ঞান হয়, এবং সাংসারিক অবস্থাভেদে ভিন্ন বলিয়াই পরমাত্মার উপাসনা করা যায়। অভেদ হইলে উপাসনা হইতে পারে না।

এইরপে তাঁহারা সমস্ত বিরোধের পরিহার করেন। তাহাতে আপত্তি এই—
বিলি বিজ্ঞানাত্মা পরমাত্মার বিক্তাবস্থা হন, তবে তাহাতে এই সকল প্রশ্ন শুতই
উদিত হইতে পারে। প্রথম—নানা জাতীয় অবরববিশিষ্ট পৃথিবীর বেমন একাংশমাত্র ঘট-(কার্য) রূপে পরিণত, হয়, সেইরূপ জাবও কি বিভিন্নাবয়বস্ক্রপরমাত্মার একদেশ-বিকার ? ঘিতীয়—যেমন শরীর হইতে কেশ ও উর্ব্রাভূমি
হইতে শস্ত, শরীর ও ভূমিকে অবিকৃত রাখিয়া উৎপন্ন হয়, জীবও কি তেমনই পরমাত্মাকে পূর্ব্বাবস্থায় রাখিয়া অর্থাৎ বিকৃত না করিয়াই প্রাচ্ছ্রত হন ? অথবা
বেমন হয় ও স্থবর্ণ নিজের সমস্ত অংশ বিকৃত করিয়া দির ও কুওলাদির্লে

 [&]quot;ন লিপাতে লোকছুংথেন বাফ" ইত্যান্তা: শ্রুতঃ। অর্থাৎ বাফ (সংসারবহিত্তি)
পরসাক্ষা লোকিক ছংথাদি বারা লিপ্ত হন না, ইহা ক্রতি। যক্ত নার্ছতো ভাবো বৃদ্ধিক
ন লিপাতে, ইত্যাক্ষাঃ পুতরঃ, অর্থাৎ বাহার অব্যক্তরণ অহকারপরিশৃত্য, এবং বাহার
বৃদ্ধিকোন বিষয়েই লিপ্ত নহে, ইহা শ্রুতি। পরসাক্ষা কৃট্ছ ও অসক ইত্যাদি ভার।

শরিপত হয়, জীবও কি তেমনই পরমান্ধার সর্কাংশপরিপাম ? তরাধ্যে প্রথমপক্ষেরদি সমানজাতীয় অনেকগুলি এবের মধ্যে কোন একটি এবা বিজ্ঞানান্ধা সংজ্ঞা প্রাপ্ত (জীব) হয়, অর্থাৎ পৃথিবীবিকার ঘটের মত পরমান্ধার আংশিক বিকার হয়, তাহা হইলে পৃথিবী ও তৎকার্য্য ঘটের বাস্তবিক (আরুতিগত) পার্থক্য থাকিলেও যেমন একজাতীয়ম্ব হেড়ু পৃথিবী ও ঘটকে এক বলা হয়, ঠিক তেমনই পরমান্ধা ও জীব পরস্পর ভির্ম হইলেও একজাতীয়ম্বনিবন্ধন এক বলিয়া ব্যবহৃত হয় মাত্র; বাস্তবিক শক্ষে কথনও এক ইতে পারে না। এ কথা স্বীকার করিলে বেদান্ত-সিদ্ধান্তের সহিত্ব অনেকা হইল। কারণ, বৈদান্তিকগণ বলেন মে, জীব নির্ক্ষিকার পরমান্ধারই অবস্থান্তরমাত্র, কার্য্য বা অবয়ব নহে। বিতীয় পক্ষে জীব যদি দৈহিক কেশাদির মত নিত্য পরস্পার মিলিও অবয়বে সম্বন্ধ অবয়বী-পরমান্ধার অংশক্ষপে পরিগৃহীত হয়, তাহা হইলেও জীবের সর্কাবয়বে পরমান্ধার অবস্থিতি হেড়ু তাহার দোষ বা গুণ ধারা পরমান্ধাও অবশ্রই দোষী বা গুণী হইবেন, অর্থাৎ জীবের সংসারিত্ব দোষে পরমান্ধাও সংপ্তক হইবেন, ইহাতে বাধা দিবার কিছু নাই। স্থতরাং এ কয়নাও বেদান্তশান্ধবিক্ষম।

তৃতীয়পকে পরমান্ধা যদি হয় ও স্থবনিং জীবরূপে সর্কতোভাবে পরিণত হন, তবে "নিছলং নিজিয়ং শাস্তম্" অর্থাৎ রক্ষ নিজল (নিরবয়ব), নিজিয় (সর্কার প্রকার ক্রিয়াশ্স্ত), শাস্ত (প্রসয় পত্তীর মভাব), আকাশবং-সর্কারণ্ড নিত্যঃ' অর্থাৎ পরমেশ্বর সর্কব্যাপী ও আকাশের স্তায় নিত্য, 'স এয় মহানন্ধ আশ্বামরোহজর' এই আশ্বা দিশকালাদি-পরিচ্ছেদ-শৃষ্তা, জন্ম, জরা ও মরণরহিত। 'অব্যক্তাহয়মচিস্তোহয়ং অবিকার্যোহয়য়ঢ়তে" এই আশ্বা অব্যক্ত, অচিষ্তা ও বিকারশ্য ইত্যাদি, এই সকল আশ্বার বিকার অবয়ব, পরিশ্যাদি-ধর্ম-নিষেধক শ্রুতি ও শ্বৃতিবিশৃদ্ধ হয়।

আর এক কথা—জীব অচল নিক্রির পরমান্তার একদেশ হইলে, কর্মফল-ভোগের নিমিত্ত জীবের স্বর্গনরকাদি স্থানে গমন কি প্রকারে সম্ভব হইবে ? বদি পরমান্তাও জীবের সহিত স্বর্গনরকাদি স্থানে গমন করেন, তাহা, হইলে পরমান্তাকে মিথা অসংসারী বলা কেন ? যদি বল যে, যেমন ক্লিলসকল অমি হইতে ক্টিত হইয়া নানা স্থানে গমন করে, জীবও সেইরপ নিজ কারণ পরমান্তা হইছে নির্গত হইয়া স্বস্থ ভোগ্য স্বর্গনরকাদি স্থানে গমন করেন। উত্তর— ভাহা হইলে পরমান্তার একদেশ জীব বদি অম্বিকণার মন্ত পরমান্তা হইতে ভূটিয়া পূথক হয়, তাহা হইলে প্রমান্তার যে স্থান হইতে জীব ছুটিয়া আসেন, সেই স্থানটি অবশ্রুই ক্ষত হইয়া যায়, স্তরাং প্রমান্তার প্রিপূর্ণত ও অব্রশ্বপ্রতিপাদিকা শ্রুতিসকল ব্যাহত হইয়া পড়ে ।

আর বদি পরমাত্মার অংশরূপ জীবাত্মা সংসারক্ষেত্রে প্রাত্তর্ভ ত হইয়া সামিরিক प्रमुख कर्य निर्दर्श करतन, तुन, छाडा इहेरन विनाउ इहेर रे एव, शतमाया निरमहे নিজের হংথবিধান করিতেছেন। করিণ, সংসারে এমন কোন স্থান নাই, যেথানে পরমান্ত্রার সত্তা নাই, স্বতরাং অক্তর্গুঅবয়বের (জীবের >-ছেদ্ন, ভেদন, আঘাত, প্রতিঘাত প্রভৃতি ক্রিয়া ধারা প্রমায়া শিলেই নিজের বিবিধ হ:খ স্ষ্টি করিতেছেন, ইহা অবশ্রুই স্বীকার করিতে হইবে। অপচ শ্রুতিতে তাঁহাকে ন্ত্রণ-ছঃথের অন্তীত বলা হইয়াছে। যদি বল যে, শ্রুতিকথিত অগ্নিফালি দৃষ্টান্ত দেখিয়া এরপ কল্পনা করিতেছি। উত্তর—তাহাও নহে, শ্রুতি যথাভূত বস্তু জ্ঞাপন করিয়াছে মাত্র। যে বস্তুর যাহা স্বভাব, শাস্ত্র কেবল তাহারই নির্দেশ করে, কিন্তু কথনও এক বস্তুকে অপর বস্তু বা একের ধর্ম্মকে অপরের ধর্ম করিতে পারে না। শান্ত্র যদি সহস্রবারও প্রতিপন্ন করে যে, অগ্নি শীতল ও জল উষ্ণ, (কিন্তু) তথাপি কথনও অগ্নি শীতল, বা জল উষ্ণ হইবে না। অতএব বলিতে হইবে যে. শান্ত মৃত্তামৃত্ত (দাবম্বব ও নিরবম্বব) পদার্থসকলের সর্ব্বলোকপ্রসিদ্ধ অরুত্রিম ধর্ম-সকলকে দৃষ্টান্তস্থানীয় করিয়া তৎসদৃশ অপর অলোকিক পদার্থের স্বরূপ-জ্ঞাপন করে মাত্র। আবুর ইহাও সভা যে, কোন একটি প্রমাণ অন্ত প্রমাণ খারা কাধিত হইতে পারে না, তবে যাহা এক প্রমাণ দারা অবোধিত, ভাহাই অভ প্রমাণ বোধ করাইয়া থাকে। আবার এ কথাও বৃক্তিযুক্ত বে, শান্ত গৌকিক শব্দ বা পদার্থ দৃষ্টান্তরূপে অবলম্বন, না করিয়া কথনই অজ্ঞাত পদার্থ বুঝাইতে সমর্থ হয় না।

অতএব শাস্ত্র লোক-প্রাসিদ্ধি অনুসারে অগ্নিজ্ব নিকাদিকে দৃষ্টাপ্ত করিয়াছে মাত্র, কিন্তু ইছা দারা কথনই আত্মার পারমাথিক সাবয়বত্ব বা অংশিত্ব হির হয় না,। যদিও 'কুলো বিন্দুলিলা মমৈবাংশ' ইত্যাদি প্রতি ও স্থৃতি দারা অংশাংশিভাব অবগত হওয়া যায়, তথাপি ঐ সকল প্রমাণ পরমাত্মা এবং জীবাত্মার একপ্রজ্ঞাপনার্থই প্রযুক্ত জানিবে অর্থাৎ অগ্নি ও তাহার অংশ ক্রিল এ উভয় বেমন অগ্নি ভিন্ন আর কিছুই নহে, তেমনই জীব ও পরক্ষানী এ উভয়ও (অংশাংশিভাবপ্রতীতি হইলেও) বিজ্ঞান দন এক আত্মা ব্যতীত আর কিছুই নহে।

যে সকল শব্দ বিজ্ঞানাত্মাকে প্রমাত্মার বিকার বা অংশ বোধ করাম এবং উপক্রম ও উপসংহার শ্রুতি সকল পর্য্যালোচনা করিলে উহারা এই জীবাত্মপর্মাত্মার একরবোধ করাইতে তংপর, কেন না-প্রথমতঃ সকল উপনিষদের প্রারম্ভেই উপক্রম (প্রতিজ্ঞা) করিয়া মধ্যে সেই একছের অনুকূল নানাবিধ দৃষ্টান্ত ও দুক্তি বারা জগংকে এন্ধের বিকার বা অংশ প্রভৃতি প্রতিপাদন করত একত্বের উপসংহার করিয়াছেন। অবশেষে (উপসংহারে) "अनस्त्रम्याक्रममाञ्चा दक्ष" वर्षार अस्त्रिः मृना धरे आशारे दक्ष, रेखानि বাকা ধারা জীব ও পরমাম্মারী একর্বই প্রতিপাদিত করিবেন। অতএব উপক্রম ও উপসংহার আলোচনা করিলে 'এই কথা মনে হয় যে, এই একস্বজ্ঞানকে দৃঢ় করিবার নিমিত্তই উৎপত্তি, স্থিতি ও প্রলয়ের কারণরূপে প্রমেশ্বরের নির্দেশ করা হইয়াছে; নচেং অংশাংশিভাবপ্রতিপাদক শ্রুতিসকলের অর্থ গ্রহণ করিলে বাক্যভেদরূপ দোষ ঘটে। সকল উপনিষদেই একবাক্যে বিজ্ঞানাত্মার পরমাত্মার সহিত অভিন্নতা উপনিষ্থ-সমূহের বিধেয়রূপে প্রতি-পাদিত হয়, এ বিষয়ে উপনিষৎসেবীদিগের কোনও মতভেদ নাই; কিন্তু এক-বাকাতা বাতিরেকে ঐ উপনিষৎপ্রসিদ্ধ জীব ও পরমান্মার একওবিধান সম্ভব হয় না। কারণ, সর্কোপনিষংপ্রসিদ্ধ জীব ও প্রমাত্মার একত্তানের নিমিত্ত একটি বিধিবাক্য অবশ্র স্বীকার্য্য। দিতীয়তঃ অংশাংশিভাবে এবং উৎপত্তিস্থিতিলয়ের হেতুরূপে প্রত্যারের নিমিত্ত আর একটি নিপ্রামাণ বিধিবক্রি কল্পনা করিতে হইবে এবং তদমূরপ বিভিন্ন কলম্ব কল্লনীয়। এইরূপে বাক্যভেদ হইরা পড়ে, অথচ ইহা মামাংসাশালের নিতান্ত বিরুদ্ধ। মীমাংসকেরা বলেন যে, "সম্ভবত্যেকবাক্যতে বাক্যভেদো ন চেষ্যতে" অর্থাৎ যদি কোনুরূপে একবাক্যভা সম্ভবপর হয়, তাহা হুইলে কথনও বাক্যভেদ স্বীকার করিবে না। অতএব লাখবত উৎপত্তিস্থিতি-লম্বাদিপ্রতিপাদক শ্রুতিসকলেরও আত্মৈকত্বপ্রতিপাদনে তাৎপর্য্য শ্বীকার করাই উচিত। এথানে আত্মার একত্বপ্রতিপাদনের নিমিত্ত সাম্প্রদায়িক (দ্রবিড়াচার্য্য) একটি আধার্যিকা বলিরা থাকেন। সে আখার্যিকাটি এই-কোন এক রাজার একটি পুত্র জন্ম; জন্মনতে জ্যোভিব্বিদ্গণ গণনা করিয়া বলিলেন বে, এই পুত্র গণ্ডযোগে জনিয়াছে। গণ্ডযোগে জনিলে, সে পুত্র পিতা-নাৰ মৃত্যুর কারণ হয়, অতএব গণ্ডযোগে জাত এ পুত্র ত্যাগ করাই বিধের। রাজা জ্যোতিষিকগণের সেই ভ্রমগণনার উপর নির্ভর করিয়া প্রিয়তম প্রতক अंतर्ग छोर्ग कतिलन। ध मिरक वनवामी वार्षिण स्ट्रेस अक्साब मिल मर्नन

করিয়া স্ষ্টটিত্তে নিজ গৃহে লইয়া প্রতিপালন করিতে লাগিল। শিশুও নিজ যথার্থ পিতৃবংশ না জানিয়া নিজেকে ব্যাধবংশীয় মনে করিয়া বয়োবৃদ্ধির সঙ্গে সঙ্গে ব্যাধজনোচিত আচার-ব্যবহার শিক্ষা করিতে লাগিল। কিন্তু ভ্রমেও নিজেকে রাজপুত্র মনে করিয়া রাজোচিত কর্মে প্রবৃত্ত হইল না। দৈবযোগে এক দরালু মহাপুরুষ ঐ স্থানে, উপস্থিত, হইয়া সেই বালকের অসামাল্ত রূপলাবণ্য দেখিয়া বিশ্বিতান্তঃকরণে যোগবলে জানিলেন যে, গ্র বালক বায়ুধ-সন্তান নহে— অমুক রাজার পূত্র এবং পূর্ব্বোক্ত কর্তরণবশতঃ ব্যাধ-গৃহে বাস করিতেছে। তং-পরে সেই মহাপুরুষ বালককে বুঝাইয়া দিলেশ যে, "তুমি অমুক রাজার পুত্র, বাাধ-পুত্র নও, কোন কারণে ব্যাঁধের গৃহে আনীত হইরাছ।" এই কথা বুঝাইলামাত্র সেই বালক বেমন তৎক্ষণাৎ নিজের ব্যাধজাতীয় অভিমান ও ব্যাধ-জাত্যুচিত আচার-ব্যবহার পরিহার করিয়া নিজের পিত-পিতামহাদি-অনুষ্ঠিত আচার-ব্যবহার ও রাজ্বাভিমান প্রাপ্ত হইরাছিল, এই প্রকার জীবত প্রমান্তা হইতে অগ্নিফুলিকের ন্তার পৃথকভাব-প্রাপ্ত হইমা **एएटिन्छित्रोमिक्र** व्यवशासका अविष्ठे इब ७ खाः श्रवमाचा-चक्रश हरेबा ७ एएट-শ্রিমাদি-সম্পর্কজনিত সাংসারিক ধর্ম্মদকলের অনুসরণ করত "আমি দেহী, সুখী, তুংখী, রুশ, তুল" প্রভৃতি বিবিধ বিরুতভাব প্রাপ্ত হয়। কিন্তু যদি আচার্য্য তাদুশ অজ্ঞানাচ্ছর জীবকেও বৃষাইয়া দেন যে, "তুমি দেহী, সুখী, ছংখী, সুল বা কৃশ নও, ভূমি পূর্ণসচ্চিদা নন্দময় অসংসারী ব্রন্ধ, কেবল অগ্নিস্ফুলিঙ্গের ক্রায় পরমাত্মা হইতে পুণক্ হইরাছ মাত্র," তথন দে-ও পূর্কোক্ত রাজপুত্রের মত নিজের সাংসারিকত্ব অভিমান ও পূর্ব্বোক্ত কামনাত্রয় পরিত্যাগ করত অবশ্রুই "আমি ব্রহ্ম" ইত্যাকার আত্মজান লাভ করিতে পারে। কারণ, সে জানে, **স্পথিশূলিন্সে**রও অগ্নি হইতে বিচ্যুতি ঘটিবার পূর্বে অগ্নির সহিত অপুথক্ভাবই লক্ষিত হয়। অভএব বুঝিতে হইবে বে, স্বর্ণ, মণি, লৌহ ও অগ্নিফুলিঙ্গাদি দৃষ্টাস্তদকল কেবল জীব ও ব্রন্ধের একত্ব-প্রতিপাদনের নিমিত্তই প্রবৃক্ত হইয়াছে। ব্রহ্ম হইতে জগতের উৎপত্তাদি প্রদর্শনের নিমিত নহে।

এইরপ সৈদ্ধব দৃষ্টান্ত (সৈত্মবলবণথণ্ডের যেমন সমস্তই লবণ, তদতিরিক্ত আর কিছুই নাই; তেমন এই সমস্তই একবিজ্ঞানময়-ব্রহ্ম ভিন্ন আর কিছুই নাই) খারাও আত্মার একমাত্র জ্ঞানস্বরূপত্ব প্রতিপাদিত হইসাছে; অভ্যাত্ত কিবল একরপেই আত্মার উপাসনা করা উচিত। যদি আরও চিত্রিত পটের নাম কিম্বা কৃষ্ণসমূক্রাদির নাম এক ব্রহ্মকেই উৎপত্তি প্রভৃতি নামাধর্মবিশিষ্টরূপে

উপদেশ করা শ্রুতির অভিপ্রায় হইত, তাহা হইলে কদাচ "সৈম্বর্থণ্ডের মত তিনি সর্বাদা ঘনবিজ্ঞানময় ও অন্তর্বাহি:শূন্য" এই বলিয়া আত্মার একরূপত উপসংহার ও "একটে বামুল্টবাম্" অর্থাৎ একরপেই আত্মদৃষ্টি করিবে, এইরূপ অমুজ্ঞা क्रिंडिन ना । विश्विष्ठः "य हेरु नांत्निय श्रेष्ठि" व्यर्था९ हेरूमश्राद्ध य जन আত্মাকে নানারপে টেখে, (সেজন অজ্ঞ) ইত্যাদি ভেদজ্ঞানের নিন্দাবাদও কথনই সঙ্গত হইত না। অভ্যাের আথৈকত্ব জানের দৃঢ়তা-প্রতিপাদনের নিমিত্তই সকল বেদান্তশান্তে উৎপক্তাদি ধর্ম সকল করিত হইমাছে, কথনও ভেদজানের জন্ত নছে। সংসারী জীব স্থখছঃথাদিজ্ভিত নিরবয়ব প্রমাত্মার একদেশ, এ কল্পনা কথনই সঙ্গত নহে, কারণ, প্রমাত্মা স্বতই নিরবয়ব, তাঁহার অংশের সম্ভাবনা কোথায় 🕫 বিশেষতঃ নিরবম্ব প্রমান্ধার একদেশ (জীবকে) সংসারী বলিলে প্রকারান্তরে পরমান্তাকেই দংদারী কল্পনা করা হয়। যদি বল যে, যেমন আকাশ অথও (নির-वस्त) हहेरल ७ चंगित छेशियारा थखतर्श (चंगिकान, शंगिकाना निकर्श) ব্যবহাত হয়, তেমন অথগু প্রমান্ত্রাও অন্তঃকরণাদিরূপ উপাধিযোগে সাংশ-(থণ্ড) রূপে ব্যবহৃত হুইবে, ইহাতে দোষ কি ? উত্তর—হা, ইহাতেও দোব আছে, কারণ, যে সকল বিবৈকিগণ আত্মার অথও পরিপূর্ণৰ অনুভব করিয়াছেন, তথাপি তাহাতে তাঁহাদের এইরূপ জ্ঞান উদিত হইয়া থাকে বে, পরমাত্মার একাংশ পৃথকভাবে জীব সংজ্ঞা প্রাপ্ত হইয়া লৌকিক ব্যবহারে অধিকৃত।

যদি বল যে, বিবেকী, অবিবেকী সাধারণই আত্মারে এই ভেদদৃষ্টি করিয়া থাকেন, হতরাং দোষ নাই। উত্তর—না, এ কথা কে বলিল ?—অবিবেকিগণ আত্মাকে যথার্থই পৃথক্ভাবে দর্শন করে এবং যদিও বিবেকিগণ আত্মাকে পৃথক্ভাবে দর্শন করেন সত্য—কিন্তু তাহা কেবল লৌকিক ন্যাবহার প্রচলনের জ্ঞু, নচেৎ অভেদজ্ঞানই তাঁহাদের চিত্তে বদ্ধনুল হইয়া থাকে। ধেমন জ্ঞানিগণও (বাঁহারা জ্ঞানেন, মে আকাশের রূপ নাই, তাঁহারা) কদাচিৎ আকাশের রূপ্তর্ণ বা লোহিতবর্ণ বলিয়া ব্যবহার করিয়া থাকেন, সেইরূপ আত্মার ভেদদৃষ্টিও তাঁহাদের ব্যবহারিক হয়, কিন্তু তাই বলিয়া ব্রহ্মের স্বরূপ পরিচয় করিছে বাইয়া পণ্ডিতগণ কথনই আত্মার কৃত্রিম অংশাংশিভাব ও বিকার্য্যবিকারতাব কয়না করিছে পারেন না। বিশেষতঃ সকল উপনিমদের স্ক্ষবিধ কয়নার করিয়া থাহা প্রকৃত, সেই সারবোধনই উদ্দেশ্ত ; অতএব স্ক্ষবিধ কয়না পরিত্যাগ করিয়া আকাশের মত বন্ধের অথও স্বরূপই ধ্যান করা কর্ত্ব্য। "তিনি আকাশের মত সর্ক্ব্যাপী ও নিত্য, তিনি লৌকিক স্থা-ছংখে লিপ্ত নহেন,

ভিনি সর্কবিধ সাংসারিক ভাবের অতীত," ইত্যাদি শত শত শ্রুতিই তাহার প্রমাণ। কথনই জীবকে ব্রন্ধ হইতে স্বতন্ত্রধর্মী করনা করিও না, যেহেতৃ, যেমন উষ্ণস্বভাব অগ্নির একদেশে শীতল্ব এবং প্রকাশস্বভাব সূর্য্যের একদেশে আন্ধার করনা কথনও সঙ্গত হইতে পারে না, তেমনই আন্ধার (ব্রন্ধের) একদেশ আন্ধা-বিপরীত হইবে, এ কথাও কোনুরতে হইতে পারে না। যেহেতৃ, সর্কবিধ বিশেষ বিশেষ করনা নিবারশ্রের নিমিত্তই সমস্ত উপনিষৎশাল্পের আরম্ভ, এ কথা পূর্কেই, বলা হইয়াছে। ভক্তএব অসংসারী আন্ধায় নাম ও রূপ-ক্বত লৌকিক ব্যবহার আরোপিত হ্যা—বাস্ভবিক নহে, এ কথা শ্রুতি নিজেই বলিতেছেন যে, 'রূপং রূপং প্রতিরূপো বভ্ব' অর্থাৎ পরমেশ্বর প্রত্যেক মূর্ত্ত পারের অনুরূপ হইয়াছিলেন। মন্ত্রও জানাইতেছেন যে, "সর্কাণি রূপাণি বিচিত্য ধীরঃ। নামানি ক্লভাইতিবদন্ যদান্তে" অর্থাৎ সেই পরমেশ্বর সমস্ত বন্ধর স্থাকন ও তদকুরপ নাম নিরূপণ করিয়া নিজেই তদভান্তরন্থ হইয়ারহিয়াছেন ইত্যাদি।

অতএব অন্যারী আত্মার সংসারিত্বপ্রতীতিও বভাবগুল ফার্টকের জ্বাকুম্মসংসর্গজনিত গৌহিত্যের স্থায় (ওপাধিক), "ল্রান্তিমাত্র—যথার্থ নহে;
কারণ, শ্রুতি বলিতেছেন দে, "ধায়তীব লেলায়তীব" অর্থাৎ যেন ধ্যানই করিতেছে, যেন স্পন্দিতই ইইতেছে, এই "যেন" শব্দ দারা বলা ইইয়াছে যে,
আত্মার ধ্যান বা কিয়া কিছুই বাস্তবিক নহে। এই উপজন্ম আরও
রনিয়াছেন যে, "আত্মা কর্ম দারা বৃদ্ধি বা ব্রাম্প্রাপ্ত হন না। কোনরূপ
পাপপুণ্যে লিপ্ত হন না। তিনি সর্ক্রভূতে সমভাবে অবহিত ও পরম ঈশ্বর।"
বিক্ষজ্ঞ পণ্ডিতগণ স্বাত্যস্ত অগুচি কুকুর ও ব্যাধ প্রভৃতি অপবিত্রে ও পরমপবিত্র
গোও ব্রাহ্মণ প্রভৃতিতে সমদর্শী হন অর্থাং 'এক ব্রহ্ম' জ্ঞান করেন। অতএব
এই সকল শ্রুতি-স্থৃতি ও বৃদ্ধি ইইতে পরমাত্মার অসংসারিত্বই অবগত হওয়া যায়।
পক্ষাস্তব্রে যথন সাব্যব পদার্থমাত্রই অবিনাশী, স্ত্রাং আত্মা সাব্যব ইইলে
তিনিও অবিনাশী ইইবেন, তাহা ইইলে আত্মার কৃটস্থতত্ব ও অসঙ্গত্ব উক্তি
মিধ্যা হয়।

অতএব পরমাত্মাকে নিরবয়ব স্বীকার করিয়া জীবকে সেই পরমাত্মার একদেশ, বিকার, শক্তি বা অন্ত কিছু কোনরপেই বলা বার না। অংশাদিশীর্ঘক শ্রুতি সকল যে বাক্যভেদকয়না ভয়ে পরমাত্মার একত্বপ্রতিপাদক মাত্র, ভেদবোধক নহে, ইহা পুর্কেই বলা হইয়াছে। প্রশ্ন হইডেছে, বেশ, এ কথা যেন স্বীকার করিলাম, কিন্তু যদি সকল উপনিষদেরই আত্মৈকত্ব-প্রতিপাদন করা মুখ্য উদ্দেশ্ত হয়, তাহা হইলে নিজেই অভিপ্রায়-বিরুদ্ধ জীবাত্মার ভেদ প্রতিপাদন করিলেন কেন ?

উত্তর - হা, এ প্রশ্নে কেহ বলেন যে, কর্মকাণ্ডের অপ্রামাণ্য পরিহার করাই এই ভেদোক্তির উদ্দেশ্য সর্থাং সর্বজীব আবু প্রমাঝা্যদি অভিন হয়, তাহা হইলে কে কাহার উপাদনা করিবে ? বেছেতু, যে সকল বিধিবাক্য খারা যাগাদি ক্রিমার অনুষ্ঠান পিছিত হুইয়া থাকে, ঐ সকল বাকোর প্রামাণা রক্ষা ও বিরোধ পরিহারের জন্য অবশ্রুই বলিতে হইবে যে, সকল বিধিবাক্য বিভিন্ন व्यक्षान, मावन, नानाविध कन ও नीना कर्डा श्रीकांत्र कतिवारे श्रवक रहेशाए । যদি বিজ্ঞানাত্মা এক অথচ অসংসারী (স্থুখ-ছুংখের অতীত) ও প্রমাত্মা হইতে অভিন্নস্বরূপ বলা হয়, তবে কর্মবোধক বিধিসকল অভিনতফলদায়ক ক্রিয়া-বিশেষে কাহাকে প্রবৃত্ত করিবে ? এবং ছঃখদায়ক কর্ম হইতেই বা কিরূপে নিষেধ বিধি জীবকে প্রতিনিবৃত্ত করিতে পারিবে

উপনিষৎশাক্ষই বা কোন্ वक्षकीरवत सारकाशायवत्रश नानाविध উপদেশ कतिरु श्रवु इहरव ? বেহেতু, স্বভাবমূক্তের বন্ধন নীই। অতএব মুক্তিরও সন্তাবনা নাই। প্রমান্থার একস্বপক্ষে প্রমান্ত্রার একস্বোপদেশই বা কিরুপে সঙ্গত হয় ? কিরুপেই বা একছোপদেশের ফলপ্রাপ্তি হুইবে > কেন না, জীব বন্ধননাশের জন্মই উপদেশ গ্রহণ করে; ব্রন্ধের সহিত বগন বাস্তবিক (অভেদ বশতঃ) বন্ধন নাই, তথন উপদেশও বুথা: 'কাজেই উপনিষ্ণান্ত অনুৰ্থক হইয়া পড়ে। অতএব দেখা বাইতেছে, উপনিষংবাদী ও কর্মকাওবাদী উভর পক্ষের সমান আপত্তিও সমান পরিহার। যেহেত, জীবভেদ না পাকিলে কর্মকাণ্ড বিভিন্ন অধিকারীর অভাবে নিবিষয়-নির্থক, এ জুন্য আত্মপ্রামাণ্যরক্ষায় অসমর্থ। এই প্রকার উপনিবংশান্তও জানিবে। অতএব কথিত প্রকারে কর্মকাণ্ডের ও উপনিষংকাণ্ডের প্রামাণারকার জন্ম প্রমান্তার উপাধিক ভেদ কল্পিত हरेबाहि। तीनी तलन, यनि कर्यका ७ उन्नकाए आमाना श्रीकात कर्तारे षाजिएপ्रें रह, जोश शरेरल य काएथ्र थामाना श्रीकांत कत्रिक ভেদ-বোধক শ্রুতি সকলের অর্থ রক্ষা পায়, তাহার্ই প্রামাণ্য স্মীকার করা উঠিত। তথ্যধ্যে কর্মকাণ্ডের প্রামাণ্য স্বীকার করিলে শ্রুতির (উপা-সুনাদিবিধারক) সার্থকতা অকুপ্প থাকে, কিন্তু উপনিষদের (ব্রহ্মকাণ্ডের) প্রামাণ্য স্বীকার করিলে তাহার স্বার্থব্যাঘাত হয় অর্থাৎ ভেদবোধক শ্রুতিস্কল একেবারে নির্থক হয়; স্কুতরাং উপনিবদের প্রামাণ্য সকল স্বীকার অপেক্ষা কর্মকাণ্ডের প্রামাণ্য স্বীকার করাই সমূচিত।

বিশেষতঃ যেমন জ্যোতিশ্বর প্রদীপ প্রকাশ্য ঘটাদির প্রকাশক অথচ অপ্র-কাশ, এরপ হয় না: তেমন প্রত্যক্ষাদি প্রমাণসিদ্ধ (স্তরাং) স্বতঃ-প্রমাণ কর্মকাও কগনই অপ্রমাণ হইতে পারে না। আরও দেখ, এলৈকত স্বীকার করিলে উপনিষদ্ যে কেবল স্বার্থবিদাত ঔ কর্মকাঞ্জন্তর প্রামাণ্যহানি করে, তাহা নহে, পরস্কু প্রত্যক্ষাদি প্রমাণসিদ্ধ নান্য আয়ার বোধক প্রমাণ-নমূহের সহিত বিরোধ অনিবার্গ্য হইয়া উঠে । অতথ্য উপনিষদের অপ্রামাণ্য অথবা অন্তরণ অর্থ কল্পনা করা উচিত। কোনকংগ 'এক বন্ধা' অর্থ তাহার উদ্দেশ্ত হইতে পারে না। উত্তর-না, এ কপা বলিতে পার না; কারণ, এ কথার উত্তর পূর্বেই কণিত হইরাছে বিশেষতঃ তোমাকে জিজ্ঞাসা করি যে, প্রমাণ বা অপ্রমাণের লক্ষণ কি বু যদি যে শাস্ত্র বর্ণার্থ সত্য জ্ঞান জন্মায়, যে শান্ত্র প্রমাণ, এবং যে শান্ত্র প্রমাজ্ঞান ফ্রার্থ জন্মায় না, সে শান্ত্র অপ্রমাণ, ইহা না হয় অর্থাৎ থাহা প্রমাজ্ঞানের কারণ নহে, কেবল কারণ মাত্র, ধদি তাহাও প্রমাণ তোমার অভিপ্রেত হয়, তবে শব্দের প্রতি গৃহস্কত্ত প্রমাণ रुषेक। नाक् रम कथा, अकर न जिल्लामा कति, डेशनियम मर्कामा आमाखान (जीव-একোর ঐক্য) জন্মায় কি না ? যদি জন্মার, সে অপ্রমাণ হইবে কেন ? যদি দার্থক হইলেও উপনিনংশান্ত্র অপ্রমাণ হয়, তাহা হইলে তোমায় বলিতে হয় যে, তুমি অগ্নিকে শীতন বলিতেছ। এবস্বিধবাদী তোমার প্রতি প্রশ্ন এই বে, "উপনিষংশাল্ল প্রমাণ নহে" তুমি এই উপনিষংশাল্লের প্রামাণ্য প্রতিবাদ বে বাক্য ধারা প্রমাণিত করিতেছ, উহা প্রমাণ কি না। অর্থাৎ অগ্নির রূপ-প্রকাশের মত ঐ বাক্য প্রামাণ্যপ্রতিষ্ধে যথার্থ করিতেছে কি না ? যদি করে, তবে ঐ প্রামাণ্যপ্রতিষেধক বাকাই প্রমাণ হইল, আবার তাহার প্রামাণে উপনিষদেরই প্রামাণ্য আবিষা পড়িল, এ বিষয়ে কি নিষ্পত্তি হইতে পারে, তোমবাই বল! যদি বল বে, আমার কথার প্রামাণ্য প্রভাক্ষ হইতেছে, এবং অধির উষ্ণতা ও প্রকাশ নকলেরই প্রতাক্ষগোচর হুইয়া থাকে. ভাল । ভাল हरेल उपनिषम् । य अमाखान (अजार छान) बनाव ना, हहातु প্রমাণ কি ? উপনিষৎকণিত জীব ও এক্ষের একম্বজ্ঞান যে সর্ব্যপ্রকার শোক-মোহাদি নিবুত করে, ইহা দর্মজনবিদিত ফল, এ কথা পুনঃপুন: বলা হইয়াছে। অতথ্য উপনিষদের উপর তোমার এত বিষেষ কেন ? অতথ্য ইহার উত্তর এক

প্রকার কথিতই হইরাছে বলিয়া এই উপনিষদ্বাক্যের অপ্রামাণ্য শক্ষা করিও না। আর যে উপনিষদ্ নিজের কথা (উপাশুউপাসকভেদে প্রতিপাদক বাক্য) ঘারাই নিজের অপ্রামাণ্য করিয়াছেন, বলা হইয়াছে, তাহাও ভূল; কারণ, উপনিষদে কোথাও এক ব্রহ্ম ভিয় আর থিতীয় ব্রহ্ম আছে, এ কথা বলা হয় নাই। বেখানে বলা হইয়াছে, দেখানে জানিবে বে, ঐ কণা কেবল অভ্যুপগম্বাদ অর্থাৎ কেবল বাদীকে নিরস্ত করিরার নিমিন্ত বাদীর সে সকল কথা স্বীকার করিয়া নিজেয় কঠে বলা হইয়াছে মাত্র; তাই বলিয়া নিজের দিয়াস্তকালে সে দকল কণা কথনই গ্রাহ্ম হইতে পারে না। আর যে একটি বাক্যের অনেক অর্থ স্বীকার করিয়া অর্থাৎ একটি মুথ্য, অপরটি তাহার বিপরীত, এইয়প পরম্পরবিক্রদ্ধ হই বা তভোহিক অর্থ-পূর্ণ একটি বাক্য করিয়া উপমিষদের উপর দোষারোপ কয়া হইবে, ইহাও মীমাংসাশাস্ত্রবিক্রদ্ধ; কারণ, তাহারা বলেন যে, "অর্থেকস্থাদেকবাক্যং সাকাজ্জক্ষেৎ বিভাগে স্থাৎ" * অর্থাৎ যদি প্রয়োজনের ঐক্য থাকে, অথচ পদসকল পরম্পর সাকাজ্জ হয়, তাহা হইলে সেই স্থানে এক বাক্য হুইতে পারে।

কিন্তু জীব ও বান্ধের ঐক্যপ্রতিপাদন করাই সমস্ত উপনিধদের একমাত্র উদ্দেশ্র। অতএব উদ্দেশ্রের ঐক্য নিবন্ধন কথনই বাক্যভেদ থাকিতে পারে না, কাজেই উপনিবদের নিজের বাক্যের সহিত নিজের বিরোধ থাকিতে পারে না। বিশেষতঃ কোন উপনিষদ্ই জীব ও ব্রঙ্গের একত্বপক্ষে বিরোধ থাকিতে পারে না। বিশেষতঃ কোন উপনিষদ্ই জীব ও ব্রঙ্গের একত্বপক্ষে বিরোধী নহে। অগ্নি শীতল ও উক্ষ ইত্যাদি যে লোকিক বাক্য প্রযুক্ত হয়, ইহাতে একবাক্যাতার নামগন্ধও নাই, কেন না, "অগ্নি উক্ষ" এই অংশ লোকিক প্রত্যক্ষসিদ্ধ, উক্ষতার অনুবাদক অর্থাৎ পূর্কামুভূতির স্মারক, কিন্তু "অগ্নি শীতল" কেবল এই অংশেরই সার্থকতা, স্ত্রাং এপানে স্মারক বাক্যের (অগ্নি উক্ষ) সহিত একবাক্যতা কিছুতেই হইতে পারে না। তবে যে বিশ্বদার্থবোধক একটি বাক্য বিশ্বা আপাততঃ প্রতীত হয়, তাহাও ভ্রমমাত্র, বেহেতু, লোকিক বা বৈদিক বাক্য কাহারও অনেকার্থবোধ করাইবার সামর্থ্য নাই।

আর বলা হইয়াছে যে, উপনিষংশাস্ত্র কর্মকাণ্ডের বিরুদ্ধার্থ-প্রতিপাদক, স্থান্তরাং প্রামাণ্ডামিকর; এ কথাও হইতে পারে না; কারণ, তাহার উদ্দেশ্ত স্থান্তর, উপনিষদ্শাস্ত্র একমাত্র প্রদেকত্বপ্রতিপাদনের নিমিত্ত বাস্তু, হওলাং সে অমুপ্রোগী কর্ম, কর্মসাধন, যা তত্বপায় নির্দেশক বিধিবাক্যকে বারণ করেন নাই এবং বিধিবাক্যের নির্দেশে লোকের প্রবৃত্তিকে বারণ করিতেও প্রবৃত্ত

^{*} भौभारमापर्यस्य देविभनीत रेख।

নহে। কেন না, ইহাতেও বাক্যভেদ ঘটিয়া পড়ে অর্থাৎ একবাক্যই ব্রহ্মাছে।
ক্ষম্জানেরও উপদেশ দিবে এবং কর্মকাণ্ডেরও নিষেধ করিবে, ইহা হুইতেই পারে
না, এক শব্দের অনেকার্থবাধে সামর্থ্য নাই, ইহা পুর্বেই প্রতিপাদিত হইয়াছে।
এ কথাও বলিতে পার না যে, কর্মকাণ্ডের বাক্যসকল স্ব স্ব অভিপ্রেভার্থ
জ্ঞান জন্মাইতে পারে না। যদি বাক্যু স্ব অসাধারণ অর্থ প্রতিপাদন করে, তাহা
হইলে তাহা প্রমাণ হইবে না কেন ? আর কি জন্ম তাহা অপরাপর বাক্যের
সহিত বিক্রন্ধ হইবে? যদি বল যে, উপনিষদ্বাক্য দেরা ব্রহ্মকন্বজ্ঞান জন্মাইলে স্বর্গাদি দিতীয় পদার্থের বা দিতীয় ভোগী আত্মার বাস্তব সন্তার অভাবে
কর্ম্মকাণ্ডোক্ত বাক্যের অপ্রামাণ্য আদিয়া পড়ে, কারণ, তাহার প্রতিপান্থ
বিষয়ই অলীক ৷, আবার যদি কর্ম্মকাণ্ডের অসাধারণ প্রামাণিক অর্থ প্রকাশের
সামর্থ্য হয়, তবে তাহার উপনিষদ অর্থের সহিত বিরোধ হয় কেন ? অতএব
এক ব্রহ্মপক্ষে কর্মকাণ্ডের অধিকারীর অভাবে তদর্থ প্রমাণ নহে, ইহাই বলা ভাল।
উত্তর—এ কথাও বলিতে পার না, কারণ, কর্মকাণ্ডোক্ত বাক্যের অর্থজ্ঞান যে
প্রমা, ইহা প্রত্যক্ষসিদ্ধ।

যেহেতু, "শ্বর্গাভিলাষী পুরুষ দর্শ ও পূর্ণমাস যাঁগ করিবে।" "ব্রাহ্মণ বধ করিবে না," ইত্যাদি বাক্য হইতে যে প্রত্যক্ষদিদ্ধ প্রমা জনিতেছে, তাহা জনিতে পারিত না, যদি উপনিষদ্বাক্য সকল "এক ব্রহ্ম এই অইছতার্থ প্রকাশ করিবে," এই অহমান দ্বারা উহা বাধিত হইত। কিন্তু প্রত্যক্ষের সহিত অহমানের বিরোধস্থালে অহমানের প্রামাণাই থাকে না। অতএব শ্বর্শকাণ্ডের বাক্যার্থজ্ঞান প্রমা হয় না, এই উক্তি সর্ব্বাথ অসম্বত।

বিশেষতঃ শ্রুতির কার্য্য কি, আলোচনা করিলেও বুঝা যায় যে, যে সকল ব্যক্তি অবিভাকলিত বিভিন্ন ক্রিয়া, সাধন ও ফলকে লক্ষ্য করিয়া যাহার দারা ইষ্টসিদ্ধি ও অনিষ্টের পরিহার হয়, সেই সকল সাধারণ উপায় অবলমনে ধাবিত অথচ নিশ্চিত উপায়বিশেষজ্ঞানে বিমুথ, সেই সকল উপায়ের উৎকর্ষাপকর্ম শ্রুতি বুখাইয়া প্রকৃত পথে তাহাদিগকে লইয়া যায়, কিন্তু ঐ উপায় সমৃদয়ের সত্যতা কি মিথ্যাছবিষয়ে কিছুই বলে না বা উপায়াবলম্বীকে নির্ত্ত করে না, যেতেতু, শ্রুতি ইষ্টপ্রাপ্তি ও অনিষ্ট-নির্ত্তির উপায়মাত্র বোধ করাইয়া চরিতার্থ, তাহার আয় অয় কার্য্য নাই। যেমন কাম্যকর্ম-বিধারিকা শ্রুতি কামনার বিমন্ত্র করিছি কামনার বিষয় স্বর্গাদি ফলসমূহ মিথা। হইলেও তাহার বিবিধ উপায় নির্দেশ করিয়াছেন; কিন্তু কামা স্বর্গাদি ফলের মিথাজ্ঞানপ্রস্তৃত্ব নিবন্ধন অনর্থরপ্রতা প্রতিপাদন

করেন নাই—এথানেও ঠিক সেইরপ নিত্তা (যাহা না করিলে প্রত্যবাস হয়)
আরিহোত্রান্নি কর্মবিধায়ক শাস্ত্রও মিথাজ্ঞানপ্রস্ত বিশেষ বিশেষ ক্রিয়াকারক
আপাত্তত অবলয়ন করিয়া কার্যাবিশেষের ইউপ্রাপ্তি ও অনিষ্টপরিহারকল লক্ষ্য
করত অগ্নিহোত্রাদি কর্মের বিধান করিয়াছেন। কদাচ অবিভার বিষয় অসৎ
পদার্থকে অস্টেয়রূপে 'প্রতিপাদন করেন নাই। এ জন্ত তাহাতে নিত্য
অগ্নিহোত্রাদিকর্ত্বগুতাবোধক শাস্ত্র প্রবৃত্ত নহে। যেমন কাম্যকর্মের বোধক
নহে, ক্রিপ।

অথ্চ কামনাশালী পুরুষগণ মুখন সত্য মিথ্যা বিচার না করিয়াই কাম্যকর্মে প্রবুত্ত হইয়া থাকেন, তথন অবিবেকিগণ যে নিত্য অগ্নিহোত্রাদি কর্ম্মে অবিচার পূর্বক প্রবৃত্ত হইবে, এ বিষয়ে আর কথা কি ? এ আশকাও হইতে পারে না যে, বিধান (সদসৎজ্ঞানবান) লোকই কর্মের অধিকারী, অজ্ঞলোক নতে: কারণ, নিত্য-শুদ্ধ-বৃদ্ধ-মুক্তস্বরূপ সর্ব্বময় আত্মতত্ত্তান কর্মাধিকারের প্রতিকৃল ভিন্ন কথনও অমুকৃল নহে, অর্থাৎ গাঁহার হৃদয়ে অথও আনন্দময় ব্রশ্বতত্ত প্রকাশ পাইয়াছে, তিনি কেন সামান্ত (ব্রহ্মজ্ঞানাপেক্ষা অতি তুচ্ছ) পুত্র-कन्तवानि वा वर्गानित निमिष्ठ कर्ण्य श्रवुष्ठ इटेरवन ? शृर्स्य य प्रापछि হুইয়াছে, এক ব্রহ্মপক্ষে মোক্ষশাস্ত্র অধিকারীর অভাবে নির্বিষয়, স্বতরাং উপদেশ অনুৰ্থক, বে দোষও উক্ত ৰুক্তিতে পরিষ্ঠত হইল। অৰ্থাৎ অবিবেকিগণের মাত্র কর্মাধিকার হেতু ত্রন্মৈকত্ব উপদেশের অনধিকারী এই ফলের ঘারা অর্থাৎ সে ফলই श्हेरा भारत ना वना हरेशाहिन, जाहा । अधिक हरेन ; कातन, अविरत्किशानत ব্রদৈকত্বদাক্ষাৎকার না হওয়ায় ভেদদৃষ্টি (জ্ঞান) প্রবল, মৃতরাং ভেদ্জ্ঞানমূলক কুর্মানকল তাঁহাদের পক্ষেই শোভা পায়। বিশেষতঃ এই জগতে পুরুষের ইচছা ও অনুরাগ নানাপ্রকার; ধাহারা জগতের বাহু সৌন্দর্যাদন্দর্শনে বিমুশ্বচিত্ত হইয়াছেন, তাঁহারা অনুরাণের বশবর্তী হইয়া অবশুই বিষয়ের সেবা ও তন্তপায়ের অবেষণই করিবেন; নিষেধক শাস্ত্র তাঁহাদিগকে কথনই নিবর্দ্ধিত করিতে পারিবে না, এবং বাঁহার৷ বাছবিষয়ে বৈরাগাস্থাপন করিয়া আধ্যান্ত্রিকতত্ত্বে একাগ্র তাঁহাদিগকেও কর্মকাণ্ড-বিধি আপাতরমাবিষয়ে করিতে পারিবে না সভা; কিন্তু শাস্ত্রের মারা এইমাত্র ফল হয়,—প্রদীপ বেমন অক্সমার তিরোহিত করত উৎক্রষ্ট বা অপকৃষ্ট বস্তুসকল প্রকাশ করিয়া দেয়, পরস্ক क्षे मुक्त रख श्रहण कवा वा ना कदा श्रुक्रस्व (श्रहीलाव) हेम्स्रोत असीन, एउसन नाक्ष एक एक वा देखमारम कर्मामकन निर्द्धन कतिवार हितार्थ, त्नाम त्र

কশ্বের অফ্টান কি অনুষ্ঠান পুরুষেচ্ছার উপর নির্ভর করে। প্রভূ যেমন ভৃত্য সকলকে বলপূর্বক কার্য্যে নিষ্ক্ত বা বিষ্কু করেন, তেমন শাস্ত্র কোন পুরুষকে বলপূর্বক প্রবর্ত্তিত বা নিবর্ত্তিত করে না, কেবল অজ্ঞাত বস্তু সকল জ্ঞাপন করে মাত্র।

দেখা যায়, পুরুষ অমুরাগের ভাড়নায় শান্তবাক্য শাগ্রাহ্ম করে, বিশেষ কি, কোন কোন ব্যক্তি পরমপুর্যার্থ মোক্ষ পর্যান্ত উপেক্ষা করত নিরুষ্ট বিষয়ে আরুষ্ট হইয়া তত্তপায়ে যথেষ্ট চেষ্টাপরায়ণ হয়। অর্তএই যাহার ষেরপ ইচ্ছা, তিনি তদন্তরূপ উপাসনাদি করিবেন, শান্ত শুর্য্য-প্রদীপাদির মত পুরুষেচ্ছার নিকট উদাসীন। এ বিষয়ে একটি প্রশংসাবাদ আছে—প্রজাপতির ভিনটি পুরু পিতা ব্রহ্মার মিকট যাইয়া ব্রহ্মচর্য্য অবলম্বন করত অবস্থান করিয়াছিলেন, ইত্যাদি। ইহা ছারা প্রতীতি হইতেছে যে, ব্রক্ষৈক্যপ্রতিপাদক বেদান্তশান্ত কোন বিধিবাক্যের বাধক নহে, অর্থাৎ ব্রক্ষেক্যবোধক বেদান্তশান্ত ছারা যে বিধিশান্ত প্রতিপান্ত পদার্থের অসন্তাজ্ঞাপনে অপ্রমাণ হইবে, তাহা নহে; আবার বিভিন্ন কারকাদিবোধক বিধিশান্তও ব্রক্ষৈক্যবোধক উপনিষ্ণাত্মের অপ্রামাণ্য জন্মাইতে সমর্থ নয়। যেহতু, যেমন ইন্দ্রিয়বর্গ স্থ স্থ বিষয় গ্রহণমাত্রে সমর্থ, শান্তও তেমনই স্থ প্রতিপান্ত অর্থপ্রতিপাদনেই সমর্থ, অন্ত শান্তীয় বিধি বা নিষেধকে নির্দিশ্য—নির্বিষয় করিতে তাহার কোন অধিকার বা সামর্থ্য নাই।

এ বিষয়ে কোন কোন পাণ্ডিত্যাভিমানী বাদী নিজ নিজ মানসিক কলনা

•জমুসারে বলেন যে, সমস্ত প্রমাণই পরস্পর বিরুদ্ধভাবাপন্ন; অধিক কি, প্রত্যক্ষাদি
প্রমাণ সকলকেও জীব ও ব্রহ্মের একত্ববাদি-পক্ষের বিরোধিরূপে উপস্থাপিত
করিতে সাহসী হন। তথু ইহাই, নহে, তাঁহারা এক ব্রহ্মবাদের উপর এইরূপ
প্রভাক্ষত ও অমুমানত বিরোধ প্রদর্শন করেন যে, বংন শ্রোত্রাদি ইন্দ্রিরগ্রাহ্য
শব্দাদি বিষয়সকল পৃথক্ পৃথক্রণে প্রভাক্ষ হয়, এই প্রভাক্ষবিরোধে আবার
প্রত্যেক শরীরে বিভিন্ন জীব বিভিন্নভাবে শ্রাদির উপল্কা ও ধর্মাধর্মের মুগুণং
কর্মা, অহমিত হইতেছে, এই অহমানবিরোধে একব্রহ্মতা-সম্ভব কোথার এবং
বর্গকামী, পশুকামী ও গ্রামকামী প্রস্থ বাগ করিবে, ইত্যাদি আগমবাক্যেও
বিব্রিধ গ্রামাদি ফলকামী ও বাগাদি অমুষ্ঠান্নী বিভিন্ন জীব অর্থাৎ হৈত্জাব
ক্ষরগত হওরা যায়, অবৈতবাদীর মতে কামনা-বিষয় পশু স্বর্গাদি পৃথক্ষ্প্রাক্ষর আগমপ্রমাণের বিরোধে ব্রহ্মকত্বের যাথাথ্য কোথার ও এবিররে উত্তর
এই—বদিও শাস্ত্রার্থ-পরিজ্ঞানে মন্দমতি কুতর্ক-বিচণিতবৃদ্ধি ব্রাহ্মণাদি বর্ণাপসদ

এই সকল তুছেবাদী বাদী সর্বাধা দরার পাত্র, কেন না, তাহারা আগমের যথাও আর্থ ব্রিতে অক্ষম, তাহাদিগের কথা সর্বাধা উপেক্ষণীর, কিন্তু তথাপি যাহারা ব্রৈক্যেপক্ষে প্রত্যক্ষ বিয়োধ প্রদর্শন করিয়াছে, তাহাদের প্রতি আমার বক্তব্য, প্রত্যক্ষ বভ্য শব্দাদির সহিত ব্রক্ষৈকত্বের বিরোধ কি?

ভোমাদিগের মতে এতাক্ষসিদ্ধ বিভিন্ন শহুদর সহিত সর্ব্বভূতস্থ আকাশৈকত্বের বিরোধ হয় কি মা 💫 না হইলৈ বিভিন্ন শব্দাদির সহিত ত্রন্ধৈকত্বেরও বিরোধ হইতে পারে না। অতঐব প্রথমোক্ত দোষ হয় না। বিতীয়ত:, প্রত্যেক জীব-শরীরে শব্দাদিবিষয়-ভোক্তা ও ধর্মাধর্মকর্তার প্রভেদ দেখাইয়া যে ব্রদ্ধৈকত্বের সহিত অন্তমান-বিরোধ দেখান হইয়াছে, তাহাও বুক্তিসহ নহে। কেন না, প্রথমত: তাহাতে জিজ্ঞান্য এই যে, এইরপ অফুমান করে কে ? ধনি বল যে, অমুমাননিপুণ আমরা দকলেই (তার্কিকগণ)। ইহাতেও প্রশ্ন এই যে, "আমরা" এই কথার অর্থ কি ? অর্থাৎ আমরা অর্থে দেহ ? ইন্দ্রির ? না মন ? কি জীবাত্মা ? কেহই নহে; কারণ, অচেতন দেহেন্দ্রিয় সকল অনুমান কলিতে অপারগ, কাজেই বলিতে হইবে যে, দেহেন্দ্রিয়মন:সহক্রত আত্মা (চেতন) 'আমরা' শব্দের অর্থ। তাহা হইলেই তোমাদের আত্মা অনেক হইরা পড়িল। যেহেতু, ক্রিরামাত্রই যে অনেক-কারকসাধা, ইহা তোমবা স্বীকার করিয়াছ। অর্থাৎ তিয়া দেহ, ইন্দ্রির, মন, আত্মা প্রভৃতি অনেক কারক (আমরা) ধারাই আত্মা কর্তৃক নিপার। 'অনুমাননিপুণ আমরা' এ কথার তোমরা এক এক শরীরাদিকেই যদি বল, তাহা হইলে অনেক বলিলে না কৈ ? কারণ, অনুমান করে কে ? তোমার শরীয়, हेसिन, मन ७ व्याचा हेहाता एक नरह। व्यहा, श्रृष्ट्गुक्रहीन श्रुक्ष वतीवर्ष কর্ত্ক কি অনুমান-বৌশন্ই প্রদর্শিত হইল। যে মৃত নিজ আত্মাকে পর্যান্ত জানিতে অকম, সে যে কি ভাবে বা কি উপায়ে এই হজের আত্মার ভেদাভেদবিচার করিয়া নির্ণয় করিবে, ইহা আমরা ব্রিতে অক্ষম। আছো, না হয় স্বীকারই করিলাম, তাহারা অনুমান হারা আত্মার ভেদসাধন করিবে, কিছ কোন হেতু বারা কাহার ভেদ অহুমান করিবে ? যেহেতু, আত্মার ইতঃ ভেদ-প্রতিপাদক এমন কোন নিঙ্গ-(হেতু)ই নাই, যাহা ছারা আত্মভেদ সিদ্ধ কুরিতে পারা বার। তবে যে সকল মামরপবিশিষ্ট হৈতু বিভিন্ন আত্মা নিহির হল উথাপিত বরা হয়, উহারাও নামরপের মধ্যে; হতরাং আত্মার উপাধিষরণ বেমন ঘট বা ভূচিতে আকাশের উপাধিমাত, বিভিন্ন আকাশ नुदर, दगहेना । छहाता । जाबाव छनावि । ययन आकादनव नानाबदवायन হেতু দেখিৰে, তথন আত্মাৰও ভেদসাধক হেতু গ্ৰাহু হইবে। ফলত: ঘটপটাদি-¹ ভেদে প্রতীয়মান আকাশ-ভেদ যেমন কথনই আকাশের পারমার্থিকভেদের প্রতি হেতু হয় না, তেমন নামরপাদি উপাধিবশতঃ প্রতীয়মান ব্রহ্মডেদও কথনই আত্মার পারমার্থিকভেদের প্রতি হেতু হইতে পারে না। অতএব অন্ত হইতে আত্মার বিশিষবাদী শৈত তাকিকেও আত্মার ভেদসাধক হেতু ध्यमर्भन कतिराज भारत ना। यांहारे विजीव विनेत्रा गृशीज इरेट्स, मं मम्मवरे আত্মার অবিষয়; স্তরাং আত্মা হইতে স্বতই বহদুরে অবস্থিত। এমন কি, আত্মভেদের জন্ম যে কিছু হেতু গ্রহণ করিবে, তৎপঁমন্ত ধর্মই, কেবল নামরূপো-পাধিপ্রস্থত, অথচ আত্মা নাম ও রূপের অতীত-নামরূপ তাঁহা (আত্মা) হইতে প্রাহুভূত হয়। এ জন্ম শ্রুতিও বলিয়াছেন যে, নাম ও রূপ আকাশ (আত্মা) হইতে প্রাহুভূতি হইয়া যাহাতে অবস্থিত রহিয়াছে, তিনিই ব্রন্ধ। আমি (বন্ধা), নাম (সংজ্ঞা শব্দা) ও রূপ (আফুতি) প্রকাশ করিব ইত্যাদি। এই নাম (সংজ্ঞা) ও রূপ, উভয়ই উৎপত্তি ও বিনাশশীল, কিন্তু আত্মা সম্পূর্ণরূপে তাহার বিপরীত, অতএব অমুমানের অবিষয় আত্মভেদবিষয়ে কোনরূপেই অনুমান স্থান পাইতে পারে না। পূর্বে আর একটি যে আপত্তি হইয়াছিল, এইরূপ উপাধিজনিত ভেদ স্বীকার করিলে ক্রিয়া-(যাগাদি) প্রতিপাদক শান্ত্রসকলও অবাধে উপপন্ন হয়। ব্রহ্মিকত্ব পক্ষে কে কাহাকে উপদেশ করিবেন ? উপদেশ গ্রহশের ফলভোগী দিতীয় কৈ ? স্বতরাং ব্রহৈরকত্বের উপদেশ অনর্থক, তাহাও নিরস্ত হইল: কারণ, ক্রিয়ামাত্রই অনেককারক-সাধ্য। একবন্ধপক্ষে ঐ প্রশ্নক্রিয়ার সম্ভব কোথায় ? ব্রহ্ম স্বতঃ নিরুপাধি, তাঁহার পক্ষে উপদেশ, উপদেষ্টা, উপদেশকাল কিছুই নাই। হৃতরাং একজ্ঞানীর পক্ষে উপদেশ নির্থক, ইহা আমরাও মানি।

যদি বল যে, আত্মার একত্পক্ষে অনেক কারকের আনর্থকা ঘটিরা উঠে, তাহাও নহে। বাঁহারা আত্মার একত স্বীকার করেন, তাঁহাদের মতে স্বভাবতঃ অনেক কারকের স্বীকাইই নাই। স্মনেক কারক কেবল করিত্যাতা। অতএর এই ভ্রমতত্ত্বোধক শাত্রহুর্গ অন্তবুদ্ধি তার্কিক ২ক্তা-চুপতির অগ্যা। বিশেষতঃ বাঁহারা শুকুরুপা লাভ না করিয়াছেন, তাঁহাদের পক্ষেইহা হুত্রাং, হুর্থিগ্রা। প্রতিস্থৃতি বনিয়াছেন যে, সেই মদামদ (স্ক্রিজার বির্ভাহিন্নত-ভাবে প্রকাশ্যান) আত্মান্ত আ্যামি, ভিন্ন (শুরুগ্রেদিদ বিনা) কে জানিতে পারে প্রকাশ্যান) আত্মান্ত প্রক্রি এই আ্যান্তব্বিষয়ে সনিশ্বতির

ছিলেন। 'প্রতিকৃণ তব দারা আত্মতবৃদ্ধি অপনীত করিও না' ইত্যাদি। সেই ব্রহ্মবিশেষ দেবতার বরে ও ঈশরাম্প্রাহে জ্বের, ইহাও প্রতিস্থৃতি হইতে অবগত হওয়া যায়। তিনি সচল এবং নিশ্চল, তিনি দ্রস্থিত অথচ অত্যন্ত নিকট্যই ইত্যাদি * বিক্রম্বর্শপূর্ণ মন্ত্র হইতেও (উপদেশাধীন) আত্মার হজ্জে র্য প্রতীতি হইতেছে।

শ্রীমদ্ভগবদ্গীতায় ভগবাম্ বলিয়াছেন, আমাতেই সর্বভূত অবস্থিত ইত্যাদি।
অভএব হজের আমাতত্ত ব্বিতে ঈশ্বরায়প্রহ ব্যতীত কোন উপায়
নাই। অভএব ইহাই সিদ্ধান্ত হইল যে, পরমান্তা ব্যতিবিক্ত সংসারী নামক
বিতীয় আর কেহই নাই। এ বিষয়ে "অপ্রে (স্টে-পূর্বকালে) একমাত্র ব্রন্ধই ছিলেন।" "অভএব আত্মাকেই জানিবে।" "মোমি (জীব)
ব্রহ্ম।" "ব্রহ্ম ভিন্ন আর দ্রন্ধী, শ্রোতা বা বিজ্ঞাতা কেহ নাই।" ইত্যাদি শত শত
শ্রুতি নিংসন্দেহ্রূপে সাক্ষ্য প্রদান করিতেছেন। অভএব পরব্রহ্মই
"সত্যক্ত সত্যং" এই পবিত্র উপনিষদ্ (ব্রহ্ম-প্রাপক) নামে অভিহিত
হইয়াছেন, অন্ত কেহ নহে॥ ২০॥

ইতি বিতীয় অধায়ে প্রথম ব্রাহ্মণ সমাপ্ত।

ন ইহার তাৎপধ্য এই, আন্ধা অজ্ঞানী কর্নের নিকটে চকল (সক্রিয়) এবং অতি
পুলের্ছ হড় দূরবর্তী বলিয়া প্রতীত হল; অথচ বীহায়া আন্ধতন-প্রসম্ভাবনত:
বিবাদ্ধি লাভ করিয়ায়েম, আন্ধা ওাহাদের নিকটে নিশাল, গালীর ও অভিনিকট-বর্তী বলিয়া বোধ হয়। বেমন ইক্রানালের তথানভিজ্ঞ ব্যক্তির নিকটে উক্রলালিক
বটনা সকল একরণে (সভারণে) ও তথাভিজ্ঞের নিকটে অভ্যাপে (বিধ্যারণে)
প্রকাশ পার, আন্ধান্ধ ত্রেন কানী ও অঞ্জানিকেন্তে বিভিন্নরণ প্রকাশিক্ষর ।

উপনিষৎশ্ব— দিতীয়াধ্যায়স্থ

দ্বিতীয়-ব্রাহ্মণম্

যোহ বৈ শিশুত সাধানত মপ্রত্যাধ্যানত সক্ষণত সদামং বেদ সপ্ত হ দিমতো ভাতৃব্যানবরুণদ্ধি । অয়ং বাব শিশু-র্যোহয়ং মধ্যমঃ প্রাণ স্তস্তেদমেবাধানমিদং প্রত্যাধানং প্রাণঃ স্থূণাহমং দাম ॥ ১॥

পূর্ব্ব-বান্ধণে "ব্রহ্ম জ্ঞপদ্মিষ্যামি" বলিয়া প্রতিজ্ঞা করিয়া এই জগৎ वाहा इहेट उर्भन्न, वाहात अधिष्ठात अधिष्ठि ଓ वाहार नीन दन, रम एक एक ব্রহ্ম এক বলিয়া নিরূপিত হইয়াছে। একণে জিজ্ঞান্ত এই যে, সেই জায়মান ও প্রদীয়মান হ্বগতের স্বরূপ কি ? তছত্তবে—সেই হ্বগৎ পঞ্চতাত্মক (ক্ষিতি, জন, তেজ, বারু ও আকাশ-বিকার)। আবার পঞ্চততও নাম (ইহা অমুক, উহা অমুক ইত্যাদি সংজ্ঞাশব্দ) ও রূপ (বস্তুর আকার) ভিন্ন অন্ত কিছু নহে! "সত্যক্ত সভ্যং" এই "প্রথম সত্য" শব্দ ঘারা নাম ও রূপের সভ্যতা (বাৰহারদশাম) বলা হইয়াছে। পুনশ্চ "সতাস্থা সতাং" এই দিতীয় সক্ষাপন্দে সেই সত্য পঞ্চভূতেরও সত্য (সত্তার কারণ) রূপে প্রমন্তক্ষের নির্দেশ করা হইয়াছে। কিন্তু পঞ্চভূতের যে কি প্রকারে সত্যতা, তাহা वना इम्र नारे ; তाहा विनात क्य ध्हे बान्नाभंत व्यात्रछ। स्टिड्ड, कार्या छ কারণস্বরূপ পঞ্চতুত মূর্ত্তামূর্ত্তাস্থাক, এই জন্ম এই উপস্থিত পরিচ্ছেদ "মূর্ত্তামূর্ত্তত্তাস্থাণ" নামে পরিচিত। পুর্বোক্ত মৃত্তামূর্ত্ত পঞ্চভূত এবং পঞ্চভূতের কার্য্য-শরীর ও পঞ্জাণ, ইহারা সকলেই সত্য; ইহাদের সত্যন্থনিরূপণের নিমিত্ত উপস্থিত ব্ৰাহ্মণম্বয় আরক হইয়াছে এবং সেই তত্তনিদ্ধারণই ইতঃপূর্বে "উপনিষদ্ব্যাথ্যা" নামে কথিত হইয়াছে। এক্ষণে কাৰ্য্যকারণসমূলায়ের (দেহেন্দ্রিয় সমষ্টির) সত্যথনির্দারণ ধারা সত্যেরও সূত্য যে ব্রহ্ম, ভাহার व्यवधातम कता रहेराज्य । जनार्था "मजान मजार" वहे मारमत नााचाकरिम वना रहेशाहि य, ज्यान मछा, किन्न बन्न छमरनकां प्रमा । रेहार किन्नां परे एवं, उक थालित बक्रल कि १ धवर के थान विवास कि कि उनिवर आहि

ও তাহার সংখ্যা কত ? তীর্থ উদ্দেশে প্রস্থিত পুরুষের পথিমধ্যবর্তী কৃপ-আরামাদি দর্শনের স্থান্ন ব্রহ্মোপনিষদ্-(স্ত্রুস্থ স্ত্যুৎ) ব্যাখ্যাবসরে প্রাস্থানক এই সকল প্রাণবিষয়ক প্রশ্লেরও এ ব্রাহ্মণে তত্ত্ব-নির্ণন্ধ করা হইবে।

যে জন এই শিশুকে (শরীরমধ্যস্থ প্রাণকে) আধান (অধিকরণ শ্যা). প্রত্যাধান (বাহা বার্লিস প্রভৃতিতে স্থাপন করা যায়—শির), স্থণা (শরীরধারক) ও দাম-(বেষ্টনরজ্জু) বিশিষ্টরূপে উপাসনা করেন, তাঁহার প্রমাপকারী শ্রোতাদি-ইক্সিররণ সপ্তপ্রকার আছ্ব্য * (শক্র) পরাঞ্চিত হয়। সাধারণত:—ভ্রাভ্ব্য শক্র দিবিধ দেখা যায়:—স্বাভানিক ও ক্লক্রিম বা বিদেষ্টা ও অদেষ্টা। তন্মধ্যে ষাহারা বিশ্বেকারী, ইহারাই ক্লত্রিম°। এই ক্লত্রিম শত্রুকে প্রাণোপাদক অববোধ करत । य मकल मेकांनि विषयुशाहक मञ्जू थकांत्र हेन्द्रिय ও মন वृद्धि, हेहांत्राहे বিধেষী, ইহা হইতে উৎপন্ন বিষয়ামুৱাগ সহজ শক্ত। পূৰ্ব্বোক্ত বিধেষী ইক্সিম শত্রুগণ জীবের আত্মদৃষ্টিকে বিষয়ানুগত করে, স্কুতরাং তাহারা আত্মদর্শনের প্রতিষেধক বিধার শতা। † কঠশতি বলিয়াছেন, ব্রহ্ম বছিন্ম থ ইন্ত্রিয় করিয়াছেন, সে জন্য তাহারা অন্তরাত্মাকে প্রত্যক্ষ করে না। যে শিশু প্রভৃতি বিজ্ঞানৈর এই ফল, সে শিশু কে? শ্রুতি স্বয়ই এই প্রশ্নের উত্তর করিতেছেন যে, এই যে শরীরমধাবর্তী নিম্পরীরে স্তুসন্ধ্র প্রাণ আছে. যিনি প্রাণাপাণাদি পাঁচ ভাগে বিভক্ত হইয়া শরীর ধারণ করেন বলিয়া বুহন. পাওরবাস: প্রভৃতিশব্দে (পূর্ব্বে) সম্বোধিত হইয়াছেন, এবং বাক, মন প্রভৃতি ইক্রিম্বর্গ ঘাহাতে বিষয়-মুম্পুক্ত। অপরাপর ইক্রিম্ন অপেক্ষা শব্দাদি বিষয় গ্রহণে বালকের স্থায় অসমর্থ বলিয়া এই প্রাণকে শিশুশন্দে অভিহিত করা হইয়াছে।

^{*} আছ্বা অর্থ শক্ত। দেই শক্ত সহল ও কৃত্রিমহন্তদে দ্বিধ। তল্মধ্যে বৈশারের ত্রাতা অভৃতি শক্ততা না করিলেও জল্মমারে শক্তনলমধ্যে পরিগণনীর, এ জল্প ইহারা সহলশক্ত্র, এবং যাহারা হিংসাবৃদ্ধিতে অপকার করিয়া শক্তলেনী-মধ্যে পরিগণিত হয়, তাহারা "কৃত্রিম" (অপকারক্রিয়া বারা) শক্ত। জীবের পক্ষে ইন্তির সকল কৃত্রিম শক্ত; করিণ, ইছারা ছলে বলে নানাঞ্চলারে প্রলাভন দেখাইরা জীবকে বিষবৎ বিষম বিষয়ে বিষোহিত করিয়া অবস্থা সাম্প্রক্রকের কীট করিয়া রাধে। এই ইন্তিয়ের সংখ্যা সপ্ত—মুখ এক, চল্পু দুই, কর্ণ গুই, নাগিকা দুই।

[া] কামরাসাদি বৃত্তি সকল আত্মাভিমুখে ধাবমান। বৃত্তিকেও বিষয়দেশে লইয়া বায়, এ জন্ত কামিরাগাদিও শত্রু। এ জন্ত কঠোপনিবদে উক্ত হইয়াছে ধে, "প্রাক্তি থানি বাজ্লাৎ "ব্যক্তুং" কর্মাৎ বিধাতা বহিমুখি ইন্দ্রিগাদেক আ্যার বহিমুখি ধাবমান করিয়া স্ট করিয়াছেন, এ জন্ত ইন্দ্রিগাদেক করিয়াছেন, এ জন্ত ইন্দ্রিগাদিক বিশ্ব অনুরক্ত বা বিরক্ত হয়, আত্মাভিমুখে কোনক্ষেম বাইতে চার না।

এই কার্যাত্মক শরীর দেই শিশুস্থানীর প্রাণরপী আত্মার আধান-অধিষ্ঠান; বেহেতু, প্রাণ সমস্ত ইন্দ্রিদ-সমভিব্যাহারে এই কার্যাময় দেহেত্রেই অবস্থান করিয়া ইন্দ্রিয়গণের প্রেরণা করিতেছেন। ইন্দ্রিয়সকল এই দেহে অধিষ্ঠান করত আত্মলাভ করিলে (প্রকট হইলেই) বিষয়োপলন্ধির কারণ হয়, কিয় কেবলমাত্র প্রাণে অধিষ্ঠান করিলেই স্থা কাব্যকারিতা আংদ, তাহা নহে। ইহা অজাতশক্র গার্গাকে দেখাইয়াছেন—"করণগণ (ইক্রিয় সকল্) উপসংস্কৃত অর্থাৎ নিজ নিজ ক্রিয়া হইতে বিরত হইলে আর বিজ্ঞানময়ের (জ্বীবের) সন্ধান পাওয়া যায় না, কিন্তু করণসকল উন্মীলিত ইইলেই বিজ্ঞানময়ের জ্ঞানশক্তি সমুখোধিত হয়," ইহা পূর্বে হস্ততাড়না থারা মহারাজের প্রবোধনব্যাপারে প্রকাশ পাইয়াছে। এই শির (মস্তক) প্রাণশিশুর প্রত্যাবান অর্থাৎ স্থিতির আধার মস্তক মদৃশ। কারণ, শির প্রত্যেক আধারেই স্থাপিত হইয়া থাকে। অন্নপানাদিজনিত সামথ্য এই প্রাণশিশুর প্রাণ অর্থাৎ বল ; যেহেতু, বলকে অবলম্বন করিয়াই প্রাণের শরীরে অবস্থিতি। এ জন্ম ষষ্ঠ অধ্যায়ে বলা হইয়াছে যে, "এই আত্মা বাবৎ পর্যান্ত এই দেহে বলহীনতা প্রাপ্ত না হয়, তাবৎ যেন অসন্মোহ অর্থাৎ চৈতন্তময়তা লাভ করিয়া থাকে, নচেৎ বলহীন হইলে মোহ (অচৈতন্ত) প্রাপ্ত হয়। শিশু যেমন কোন দণ্ডাদি অবলম্বন করিয়া অবস্থান করে, তেমন এই প্রাণশিশুও শরীর-পরিপোষক বায়ুকে অবলম্বন করিয়া আত্মরক্ষা করে; এ জন্ম শরীর-পোষক বায়ু এই শিশুর ধূপা অর্থাৎ দণ্ড। অন্ন এই শিশুর দাম অর্থাৎ বন্ধন-রক্ষা। ইহার তাৎপর্য্য এই—ভুক্ত অন্নমাত্রই তিন ভাগে পরিণত হয়, তন্মধ্যে ভুক্তঅরের সুল ভাগ মৃত্র ও পুরীষরূপে পরিণত হইয়া এই পৃথিবীর সহিত মিলিত হয়; মধ্যমভাগ শাবভূত রস ও কৃষিবরূপে পরিণত হইয়া ক্রমে বক্তাদিরূপে অন্নমন্ন এই সাপ্তধাতুক দেহের পৃষ্টিসাধন করে। * এই সূল দেহ অন হইতে উৎপন্ন হয় বলিয়া অনুময় সংজ্ঞা লাভ করে, কারণ আহার করিলে জীবশরীর পরিপুষ্ট হয় ও আহারের অভাবে ক্ষীণ হইয়া পতিত হয়। ভূকালের দর্কাপেকা ক্লতমভাগ, অমৃত উর্জ্জ বা প্রভাব নামে কথিত হইয়া থাকে, সেই অণিষ্ঠভাগ প্রথমত: নাভিমণ্ডলের উর্দ্ধে হৃদয়ে আদিয়া পরে হৃদয় হইতে নানা স্থানে বিস্তৃত সেই দাসগুতি (৭২০০০) দহস্রসংখ্যক নাড়ীর অভ্যস্তরে প্রবিষ্ট হইরা সর্বেক্তিরসমষ্টিরপী লিঙ্গনামক সেই শিশুর (প্রাণের) এই স্থল

^{*} সেই অনুষয় দেহ মেদ, মাংস, গুল্ল, শোণিত, বলা, অস্থিও মজ্জা এই সপ্তবিধ ধাতু বার। নিশ্বিত, এই মিমিও শরীরকে সাওধাতুক বলা হইয়াছে।

শরীরে অবস্থিতির প্রতি কারণ হয়, এবং স্থানামক শরীরধারক বলের উৎপাদন করে। এ জন্তই অন্ন উভয় মুখে গ্রন্থিবিশিষ্ট বন্ধন রক্ষুর মত প্রাণ ও শরীরের স্থিতির কারণ হইয়া থাকে ॥ ১ ॥

তমেতাঃ দাপ্তাক্ষিত্য তিতি কৈছে, তদ্যা ইমা অক্ষন্ লোহিন্ডো রাজ্যস্তাভিরেনন্ত রুদ্রোহম্বায়তোহথ যা অক্ষমা-পস্তাভিঃ পর্জ্জন্যে যা কনীনিকা তয়াদিত্যো যৎ কৃষ্ণং তেনামি-র্যচ্ছুক্লং তেনেন্দ্রোহধরয়েনং বর্ত্তনা পৃথিব্যমায়তা ভৌরুত্তরয়া নাস্তামং ক্ষীয়তে য এবং বেদ॥ ২॥

এক্ষণে সেই প্রত্যাধানস্থানীয় শিরোদেশে স্থিত প্রাণ-শিশুর চক্ষ্বিষয়ে কতকগুলি উপনিষদ্ (নাম) বলা হইতেছে।

চক্রিন্দ্রিরপে যে প্রাণ শরীরমধ্যে অরবন্ধনে আবদ্ধ আছে, বক্ষামাণ সপ্তসংখ্যক শত্রাক্ষিতি" (ভিপাসকের অক্ষয়ফল-প্রাপ্তির কারণ বলিয়া অক্ষিতি নাম) সেই প্রাণের উপাসনা করিয়া থাকে। পূর্ব্বোক্ত সপ্তবিধ অক্ষিতি এই ;—এই যে চক্র অভ্যন্তবে স্ক্লপ্ত লোহিতবর্ণ রেথা আছে. সেই সকল চক্র রেথা ছারা ভগবান কন্দ্র পূর্ব্বোক্ত প্রাণের অনুগত হইয়া উপাসনা করিতেছেন। *

আর ধুমানি সম্পর্কে চক্র মধ্যে যে জল (অক্র) দেখা যায়, ধারার্রণে পতিত সেই জল ধারা ভগবান্ পর্জ্জাদেব প্রাণের আরাধনা করিয়া থাকেন। সেই অররপী পর্জ্জা প্রাণের অক্রিভি অর্থাৎ পরিপোষক। এ জন্ম অন্তর্ক্ত উক্ত হইয়াছে যে, পর্জ্জা বর্ষণ করিলে প্রাণ অতুল আনন্দ অন্ত্রুক্ত করে। চক্র যে কনীনিকা—দর্শনশক্তি বা তারা, ভগবান্ আদিত্য তদ্বারা প্রাণদেবতার আরাধনা করেন। চক্ষ্য ক্রম্ম আভা ধারা স্বয়ং অগ্নি প্রাণের উপাসনা করেন। এইরপ চক্ষ্য ভ্রেরেখা ধারা ইন্দ্র, নিয়পক্ষ ধারা অধঃছিতা পৃথিবী অররণে ও উর্দ্ধ পক্ষ ধারা উর্দ্ধবন্ত্রী অন্তরীক্ষ পুর্বোক্ত প্রাণের উপাসনা

^{*} শুভিছ 'উপতিষ্ঠ'জে' পদে যে আন্ধানপদে আবৃক্ত হইরাছে, ইকা বৈরাকরণ অমুশাসন-বিক্লম নহে, কারণ, এই সকল সপ্ত দেবভার নাম, ইহারাভ মন্ত্রনার, মন্ত্র মারা উপাসনা বে ছলে প্রকাশ পার, তথার আন্ধানপদ শাল্লামুষত।

করিরা থাকেন। চক্র্যত প্রাণের অরম্বরূপ ঐ সপ্ত অক্ষিতি কর্ত্ক প্রাণের এইরূপ উপাসনা যিনি জানেন, তিনি প্রচুর পরিমাণে অক্ষ, অর লাভ করেন॥২॥

তদেষ শ্লোকো ভবতি অর্কাথিলশ্চন্দ উদ্ধ্রুপু, স্থানিন্দ্র বিশ্বরূপন্ । তন্সাসত ক্ষয়ং স্থ তীরে বাগ্রুমী ব্রহ্মণা সন্থিদানেত্যর্কাথিলশ্চমস উদ্ধ্রুপ্রস্মিন্ যশো নিহিতং বিশ্বরূপমিতি। প্রাণা বিশ্বরূপং প্রাণানেতদাহ তন্সাসত ঋষয়ং সপ্ত তীর ইতি, প্রাণা বা ঋষয়ং প্রাণানেতদাহ বাগ্রুমী ব্রহ্মণা সন্থিদানেতি বাগ্রামী ব্রহ্মণা সংবিত্তে॥ ৩॥

এই শ্রেত অর্থবিষরে "অর্কাগিলশ্চমদ" ইত্যাদি শ্রোক (মন্ত্র) প্রমাণরণে শুভ হয়। মন্ত্রের তাৎপর্য্য অতি হরয়হ, স্তরাং তাহার ব্যাখ্যা আবশ্রক। কিন্তু লান্তবৃদ্ধি জীবগণ তাহার যদি বিপরীত অর্থ করে, এই ভরে শ্রুতি নিজেই তাহার ব্যাখ্যা করিতেছেন—প্রথমতঃ মন্ত্রোক্ত চমদশন্দের অর্থ কি ? শ্রুতি তাহা বলিতেছেন—এই শিরই চমদ : কারণ, চমদ (যজ্ঞাদি কর্ম্মে ব্যবহৃত্ত গাত্রবিশেষ) অধাবিল, জীবের মস্তক্ত অভ্যন্তরে নিম-গর্ত্তমম্পন্ন, অর্থাৎ চমদের যেমন নিমভাগে গর্ত্ত ও উপরিভাগে কপালের মত আরুতি আছে, তেমন এই শিরেরও নিম্নদেশে মুখরুপ গর্ত্ত ও উদ্ধি ঘটাকৃতি বর্ত্তমান ; স্তরাং শিরকে চমদ বলা হয়।

এই শিরোরপ চমদে বিশ্বরূপ অর্থাৎ বিবিধাকার যশঃ নিহিত রহিয়াছে, অর্থাৎ যজীর চমদে যেমন সোম নিহিত থাকে, তেমন এই শিরোরপ চমদেও নানা-প্রকার যশোরপ সোম অবস্থান করে। এখানে শীর্ষন্থ শ্রোত্রাদি ইন্দ্রির ও সপ্ত প্রকারে বিভিন্ন বায় প্রাণ নামে কথিত হইয়াছে, যশ তাহাতেই প্রস্ত । কারণ, ইন্দ্রির শক্ষাদিজ্ঞানের হেতু এবং তাহার আবাসস্থান শির:; স্নতরাং শিরুকে, চমদ বলা অব্কুত হয় নাই। তাহার সমীপে ম্পন্দনময় সেই সপ্ত প্রাণবায়্রূপে সপ্ত শবি এবং অন্তম শব্দ-ত্রমান্তিধারী বাগিন্দ্রির অবস্থান করিতেছে। যেহেতু, বাগিন্দ্রির বর্ষের সহিত সম্বন্ধ করে, এই জন্ম বাগিন্দ্রির তাহার সমীপবর্ত্তী বলা হইল॥ ৩॥

ইমাবেব গোতমভরদ্বাজাবয়মেব গোতমোহয়ং ভরদ্বাজ ইমাবেব বিশামিত্রজমদগ্রী অয়মেব বিশামিত্রোহয়ং
জমদগ্রিরিমাবেব বশিষ্ঠকশ্যপাবয়মেব বশিষ্ঠোহয়ং কশ্যপোবাগেবাত্রির্বাচা হলম্ভাতেই হ বৈ নামৈতদ্যদ্তিরিতি,
সর্বস্থাতা ভবতি সর্বম্যান্ত্র ভবতি য এবং বেদ ॥ ৪ ॥

্ ইতি দিতীয়ং ব্ৰাহ্মণম্॥

সেই শির-চমদ-দমীপবর্ত্তী দপ্ত 'ঋষি কে কে? উত্তর—কর্ণয়রক্ষপ গোতম ও ভরণাজ। তন্মধ্যে দক্ষিণকর্ণ গোতম ও বামকর্ণ ভরণাজ।, দক্ষিণবাম এই চক্ষুর্ম রক্ষপ * বিশ্বামিত্র ও জমদন্মি, এই নাদিকাখয়রপ বশিষ্ঠ ও কশ্রপ, এবং এই বাগিক্সিই অদন—ভক্ষপক্রিয়া বশতং অত্রি নামে প্রিদিদ্ধ। † ইহারাই দেই সপ্ত ঋষি। যদিও অদন করে, এ জন্ম 'অত্রি' না হইয়া "অত্তি" নাম,হওয়াই উপবৃক্ত ছিল, তথাপি যে অত্রি বলা হইয়াছে, তাহার কারণ এই:—যে কেহ পরোক্ষভাবে দির্মান্ত অন্নের প্রাণর্জণে অবস্থিতি ও তাহার অদন ক্রিয়ারপ অত্রি নাম নির্মাচন জানেন (উপাসনা করেন), তিনি অন্যান্থ সমস্ত ইন্দ্রিরের অতা—প্রভূ হন অর্থাৎ তিনি সকলকে ভোগ করেন, কিন্তু কেহই তাঁহাকে ভোগ করিতে পারে না। ইহার তাৎপর্য্য এই যে,—সমস্তই দেই প্রাণ-বিজ্ঞানীর উপভোগ্য হয়, দে ব্যক্তি হয় না॥ ৪॥

ইতি থিতীয় অধায়ের <mark>খি</mark>তীয় ব্রাহ্মণ সমাপ্ত।

^{*} দক্ষিণ বিখামিত, বাম জমদ্যি, অথবা ইচার বিপরীতক্রম, এইরূপ অস্থত ব্রিতে হবরে।

[া] বাগ্-ইল্রিয়—জিহবা। ইহার ছারাই কম ভূক হয়, এ জন্ম বাগিলিয়কে অভি বা অজি বলা ৰাম।

উপনিষৎস্থ—দিতীয়াধ্যায়স্থ

তৃতীয়-বান্ধণম্

দে বাব ব্রহ্মণো রূপে মূর্ত্তকৈবামূর্তক মর্ত্যুক্ষায়তক স্থিতক যচ্চ সচ্চ ত্যচ্চ॥ ১॥

পূর্ব্ব পূর্ব্ব শ্রুতিতে সভ্যশন্ধবাচ্য প্রাণ ও প্রাণের উপনিষদ্ (উপা-দনোপযোগী নাম) সকল ব্রহ্ম-নিরূপণ-প্রদঙ্গে বথাবথরূপে উক্ত হইয়াছে। সম্প্রতি সেই প্রাণের (ইন্দ্রিয়ের) স্বরূপ কি ? এবং কেনই বা তাহাদিগকে সত্য বলা হয় ? এই প্রশ্নের উত্তরার্থ এই ব্রাহ্মণের জারম্ভ। প্রথমতঃ "নেতি নেডি" অর্থাৎ "ইহা ব্রহ্ম নয়" "উহা ব্রহ্ম নয়" বলিয়া যে যে উপাধিবিশেষের ব্রহ্মত্ব নিরাকরণ দারা পরিশেষে ব্রন্ধের তত্ত্ব নির্দ্ধারণ অভিপ্রেড, তন্মধ্যে ছই প্রকার ব্রন্ধ সাধারণ লোকিক ব্যবহারের বিষয়। সেই ব্রন্ধের রূপ কি কি অর্থাৎ কোন কোন উপাধির পরিহার আবশ্রক, একণে তাহাই নিরূপিত হইতেছে। পাঞ্চভৌতিক শরীর ও ইন্দ্রিয়াভিমানী ব্রহ্ম বিকারী ও নির্বিকার-ভেদে ধিবিধ মূর্ত্ত ও অমূর্ত্তাথ্য, বিনাশী ও অমৃতস্বভাব; যাহা শরীরোপাধিবশে অজ্জিত বাদনাময়, উহাই শর্কাশক্তিমান ও নামরূপধারী এবং ক্রিয়া, কারক ও ফর্লম্বরূপে দর্ক্ববিধ ব্যবহারের আম্পদ। দেই ব্রহ্মই দর্ববপ্রকার উপাধিশুক্ত হইলে মুমুকুর জ্ঞেয় হয়, "নেতি নেতি" শব্দ ধারা দেই জন্ম-জরা-মৃত্যু-ভন্ম-শূভা, বাক্য ও মনেরও আগোচর ব্রহ্মকেই অবৈতরূপে শ্রুতি ইঙ্গিত করিয়াছেন। এন্দের যে উপাধি বা রূপকে নেতি নেতি শব্দে পরিবর্জন করিয়া স্বরূপ নির্দ্ধারণ করা হয়, তাহা দ্বিবিধই ;—মূর্ত্ত (সাবয়ব) ও অমূর্ত্ত (নিরবয়ব)। বন্ধের যেমন অমূর্ত্ত একটি রূপ আছে, তেমন আর একটি ন্মূর্ত্তও রূপ আছে; এ বিষয়ে নি:সলেহার্থ "বাব" শব্দ প্রবৃক্ত হইয়াছে। "বাব" অর্থ নির্দারণ; স্থতরাং এক্ষের ছইটিই রূপ, তাহার ন্যুনাধিক নহে এইরূপ নির্দারণ বুঝিতে হইবে। বাস্তবিক অরূপ ব্রন্ধকে অবিষ্ঠাবশে আরোপিত এই হুইটি ধর্ম ধারা রূপিত অর্থাৎ বিশেষিত করা হয়, এ জন্ম ইহাদিগকে রূপ वरन। **এই মূর্ত্ত অমূর্ত্ত বন্ধারণেরই বন্ধ্যমাণ মর্ত্ত্য-অমৃত, স্থিত-**বৎ, সৎ ও তাৎ এই विल्मिष्मकन উन्निथिত रहेन। हेराव मर्स्या मर्खा व्यर्थ मदन ना विकातनीन,

অমৃত অর্থে মরণ বা বিকার-রহিত, স্থিত অর্থে পরিচ্ছিন্ন বা সীমাবদ্ধ. যৎ অর্থে সর্বব্যাপী, সং অর্থে অন্য হইতে বিশেষ করিবার উপযোগী যে অসাধারণ ধর্ম তদ্মুক্ত, তাৎ অর্থে পরোক্ষ—"এই সে" ইত্যাকার নির্দেশের অযোগ্য ॥ > ॥

তদেতমা র্ত্তং , যদগুদ্ধায়োশ্চান্ত্রিক্ষাকৈতমার্ত্ত্যমেতৎ স্থিত-মেতৎ সৎ তক্ষৈতক্ষ মূর্ত্তক্ষিতক্ষ স্ত্রাক্ষেতক্ষ স্থিতক্ষৈতক্ষ সত এম রসো য এম ভ্রপতি, সতো হোম রসঃ॥ ২॥

পূর্ব-শ্রুতিতে মৃর্ত্তের চারিটি ও অমৃত্ত রূপের চারি চারিটি বিশেষণ নির্দিষ্ট হইয়াছে মাত্র, কিন্তু কোন্ বিশেষণ যে কাহার, তাহা বলা হয় নাই; একণে তাহারই বিভাগ প্রদর্শনপূর্বেক অর্থ বলা হইতেছে।—প্রথমতঃ মৃত্তি কি, তাইই দেখা ঘাউক। মৃত্তি অর্থে স্থলরূপে পরিণত পরম্পর সম্মিলিত অবয়ব-সংগঠিত মৃত্তি। তন্মধ্যে বায়্ ও আকাশকে বর্জন করিলে, অবশিষ্ট পৃথিবী, জল ও অয়ি এই ভূতত্রয় মর্ত্তাসংজ্ঞার সংজ্ঞী। এই ভূতত্রয়রূপ মৃত্ত-ব্রহ্ম মর্ত্তা অর্থাৎ মরণ-(বিনাশ) ধর্মী। এই মরণের হেতু স্থিত্র বা পরিচ্ছিয়তা। পরিচ্ছিয় বস্তমাত্রই অন্য বস্তর সম্পৃক্ত হয়, যেমন ঘট স্তন্ত-কুড়াদির সহিত সম্পৃক্ত এবং পরিচ্ছিয়। যেহেতু, এই মৃত্ত্রহম স্থিত অর্থাৎ পরিচ্ছিয়, অতএব ইহা মর্ত্তা; কারণ, পরিচ্ছিয় বস্তমাত্রই সেই সম্পর্কী বস্তার হানি ছারা বিনম্ভ হয় অর্থাৎ সংযোগমাত্রই বিয়োগান্ত সংস্কৃত পদার্থমাত্রই এক দিন না এক দিন বিষ্কৃত হইবেই হইবে, স্মৃত্রবাং মূর্ত্ত বা সাবয়ব পদার্থের বিনাশ বা বিকার সর্মজনের সম্পৃত্তবিদ্ধ।

এই ভূতত্ত্বর অসাধারণধর্ম। এই • অসাধারণতা অপর দারা সাধিত হয়; স্কতরাং উহারা পরিচ্ছিন্ন, আর পরিচ্ছিন্নতানিবন্ধন মরণধর্মী; অতএব মৃর্ত্ত। কিয়া বন্ধের ঐ রূপ মৃর্ত্ত, এই জন্ম মরণধর্মী এবং সেই কারণেই পরিচ্ছিন্ন, আর পরিচ্ছিন্নতা বশতঃ "সং" অর্থাৎ বিশিষ্টগুণসম্পন্ন। অথবা মূর্ত্ত, মর্ত্ত্য প্রভৃতি সকল বিশেষণই পরম্পরের প্রতি হেতু হইতে পারে, অর্থাৎ যেহেতু পরম্পর অব্যভিচরিতভাবে ঐ ভূতত্ত্বর বর্ত্তমান, এজন্য উহারা পরম্পর বিশেষ্য ও বিশেষণ এবং কার্য্য ও কারণ। সেই এই মূর্ত্ত, মর্ত্ত্য, স্কিত ও সদ্ধেপ ভূতত্ত্বনের সাম একমাত্র স্থ্য। কারণ, স্থ্যই পৃথিবী, জল ও তেজের বথাক্রমে ক্ষণ, গুরু ও লোহিতবর্ণত্তম সম্পাদন করিয়া থাকেন। এইরপ বিভিন্নবর্ণ আছে বলিয়াই পৃথিব্যাদি ভূতত্ত্বম পরম্পর পরম্পর হইতে পৃথগ্ ভাবে অক্তিম্ব

লাভ করিতেছে; নচেৎ সমস্ত একাকার হইয়া পড়িত। সবিতা যে এই জগন্মগুলকে তাপ প্রদান করেন, ইহাই আধিদৈবিক কার্য্যে রম্বরূপ।, মূর্ত্ত ভূত-এমের সাররূপে যখন স্থ্যকেই অবগত হওয়া যায়, অতএব স্র্য্যের তাপপ্রদানকে আধিদৈবিক জগৎকার্য্যের স্বরূপ বলা যাইতে পারে। তাহার কারণ, এই মূর্ত্ত সবিতাই পৃথিবাদি ভূতবেমের তাপ্রাতা এবং ভূতব্রেরে সর্ব্বোৎকৃষ্ট সার অর্থাৎ প্রধান। সৌর মগুলের অভ্যন্তরবর্ত্তী যে আধিদৈবিক কারণ, তাহা পরে কথিত হইবে॥২॥

ত্যস্থৈষ রদো য এষ এতস্মিনাণ্ডলে পুরুষস্তাম্থ ছোষ রদ ইত্যধিদৈবতম্॥ ৩॥

পূর্ব-শ্রুতিতে মূর্ত্তের কথা শেষ হইয়াছে, একণে অমূর্ত্তের কথা বলা হইতেছে। মূর্ত্তের অবশিষ্ট বাষু ও আকাশ, এই ভূতব্ব এন্দের অমূর্ত্ত রূপ। এই অমূর্ত্ত অমূত, অর্থাৎ ক্ষিতি, জল ও তেজ অপেক্ষা দীর্ঘকাল্যায়ী বলিয়াই হউক বা অসংহত বলিয়াই হউক, (অপেক্ষাকৃত) অবিনাশা। অমূর্ত্ত বলিয়াই অস্থিত অর্থাৎ অন্য বস্তার সহিত অসম্পূক্ত, কারণ, সম্পুক্ত বস্তুমাত্রেরই পরম্পর সংঘর্ষবশতঃ অবয়বধ্বংস ঘারা বিনাশ হইবার সন্তাবনা, অসম্পৃক্তের সম্বদ্ধে এ আশঙ্কা হইতে পারে না। এই অমূর্ত্ত বন্ধা বংশরূপ অর্থাৎ পূর্ব্বোক্ত স্থিতের বিপরীত ব্যাপকতা বিশিষ্ট অপরিচ্ছিন্ন, যেহেতু এই অমূর্ত্ত ব্রহ্মের বৈশিষ্ট্য অন্য হইতে বিভক্ত করিয়া দেখাইবার যোগ্য নহে এই জন্য উহা 'ত্যং' স্বরূপ অর্থাৎ স্ব্রিথা প্রত্যক্ষের অ্যাগ্য।

ইহার তাৎপর্যা এই ;— বেহেতু, বায় ও আকাশ অমূর্ত্ত অর্থাৎ অসংহতাবয়ব; অতএব অমৃত (দীর্ঘকালয়ায়ী), বেহেতু অমৃত, অতএব বংলু সর্বব্যাপক, যেহেতু মং, অতএব তাৎ অর্থাৎ পরোক্ষ; কারণ, যে বস্তু পরিচিক্তর হয়, তাহাকেই অন্য হইতে গৃথক করিয়া প্রত্যক্ষ করা বায়, কিন্তু নীরূপ বায়় ও আকাশের সম্বন্ধে এরূপ মৃক্তি থাটে না। অথবা এথানেও অমূর্ত্ত ও অমৃত প্রভৃতি প্রত্যেক ধর্ম প্রত্যেকের প্রতি হেতু হইতে পারে। ব্রন্ধের, সেই এই 'অমৃত' 'মং' ও 'তাং'য়রূপ। অমূর্ত্ত রূপের ইহাই রস অর্থাৎ প্রধান, বাহা এই সবিভূমগুলমধাবর্ত্তী জ্বগৎকারণ হির্ণাগর্ভ প্রুষ ও প্রাণ নামে অভিহিত হয়।

সেই হিরণাগর্ভই এই অমূর্ত্ত ভূতধন্তের (আকাশ ও বায়ুর) সার। কারণ, এই বিষের লিঙ্গশরীরশ্ধণী হিরণাগর্ভের লিঙ্গশরীর নির্মাণের নিমিত্তই অব্যাক্ত অর্থাৎ অনভিব্যক্ত প্রকৃতি হইতে এই ভূতধন্তের অভিব্যক্তি হইয়াছে; এ জন্ম (হিরণাগর্ভের জন্ম অভিব্যক্তি হেতু) হিরণাগর্ভকে বায়ু ও আকাশ এই ভূতধয়ের সার বলা হইয়াছে। বায় ও আকাশ যেমন প্রত্যক্ষত গ্রাহ্ হয় না, তদধিষ্ঠাতৃমণ্ডলম্ভ পুরুষ্তু দেইর বী দবিত্মণ্ডলের মত প্রত্যক্ষ হয় না; এই সাদৃখ্য-वगें वर्षे प्रभाव के प्रकृष वीवु ७ चाकार्यात मात्र विनिष्ठा कथिल हरेब्राह्म। अहे জন্ম শ্রুতি প্রসিদ্ধির মত হেতুবোধক 'হি' শব্দের উল্লেখ করিয়াছেন। ইহা ছারা ঐ অর্থ প্রসিদ্ধের মত প্রকাশিত হইবে, ইহাুই উদ্দেশ্ত। এগানে কেহ বলেন যে, রস অর্থ-কারণ, তিনিই হিরণাগর্ভ চেতন। যেহেতু, "সেই হিরণাগর্ভ विकानायात পूर्वप्रक्षित्र कर्यकनाशहे वात् ७ वाकारमा शरगावक ववः বারু ও আকাশকে অবলম্বন করিয়াই অক্তান্ত ভূতের প্রতি কারণ হয়। এই বায়ুও অন্তরীক্ষের প্রয়োজকজ নিবন্ধন হিরণ্যগর্ভকে রস'বা কারণ বলা হইতেছে। কিছু এ মন্ত্রীভাল নহে—যেহেতু, পূর্ব্বোক্ত মূর্ত্ত রসের সঙ্গে বৈদাদৃশ্র বলিয়া মহান্ দোষ হয়; কারণ, বথন মূর্ত্ত ভূতত্ত্তের সার তাহাদের সজাতীয় অচেতন মূর্ত্ত সৌরমণ্ডলকে বলা হইয়াছে, কিন্তু চেতন আত্মাকে নহে, তথন অমূর্ত্ত বায়ু ও আকাশের সজাতীয় অমূর্ত্ত পদার্থই সার হইবে, ইহাতে আর मत्मर नारे। এইরপ হইলে কল্পনারও অনেকটা मাদৃশ্র থাকে অর্থাৎ যেমন পূর্ব্বোক্ত বিশেষণীবিশিষ্টরূপে মূর্ত্ত ও অমূর্ত্ত উভয় রূপচতুষ্টয় পৃথক্ নির্দিষ্ট হইসাছে, তজ্ঞপ তাহাদের রুদ (দার) ও রুদ্বানের দাম্য নির্দেশ করা উচিত, অর্থাৎ যদি তাহারাও মৃর্দ্তামূর্ত্ত হয়, তাহা হইলেই বিভাগ সমান হয়; নচেৎ ইহাকে অর্দ্ধ-বৈশস বলা যায় অর্থাৎ এক শুরীরের অর্দ্ধ ৰুবা আর অর্দ্ধ বৃদ্ধ যেমন বিসদৃশ বা অসম্ভব, ঠিক ইছাও তেমনই বিসদৃশ বা অসম্ভব হয়। আর যদি বল যে, পূর্ব্বোক্ত মূর্ত্তের রস-মণ্ডলাধিপতি চেতন পুরুষই অভিপ্রেত, সৌরমঞ্চল নহে। উত্তর—ভাহা আর বেশি কথা কি, কারণ, সর্বব্রেই মৃত্যামূর্ত্ত উভয়ই ব্রহ্মরূপে বক্তার বিবক্ষিত। পুনশ্চ যদি আপত্তি কর যে, শ্রুতি বখন পুরুষকে অমূর্ডের হ্রার বলিয়াছেন অথচ পুরুষ কথনই অচেতন হইতে পারে না, অতএব এ স্থলে পুরুষ অর্থে চেতন অভিপ্রেত। উত্তর—তাহা নহে। কারণ, চেতন অচেতন मर्सक्टे श्रम्य गरमत अरमान मिथा यात्र । यथा—"अमानिकान यथन वितन्त, আমরা এইরপ প্রকৃতিসম্পর হইয়া প্রজাস্ষ্টি করিতে অকম, অতএব ছক্, চকু,

শ্রোত্র, জিহ্বা, দ্রাণ, বাক্য ও মন এই সপ্ত পুরুষকে একত্র সংহত অর্থাৎ লিঙ্গশরীররূপে পরিণত করিব," অতঃপর তাঁহারা এই সপ্ত পুরুষকে একরূপে পরিপত করিলেন, ইত্যাদি শ্রুতিতে অচেতন ইন্দ্রিয়গণও পুরুষ নামে কথিত হইয়াছে।
"দ বা এষ পুরুষোহল্লরসময়ঃ" ইত্যাদি শ্রুতিও অচেতন অল্লরসময় শরীরকে
পুরুষ নামে অভিহত করিয়াছেন । অতঃপর অধ্যাখ্ রূপ নিরূপণের জন্য
এইথানে অধিদৈবত কার্যোর উপসংহার হইল॥ ৩॥

অথাধ্যাত্মমিদমেব মূর্ত্তং যদগ্যৎ প্রাণাচ্চ বন্চায়মন্তরাত্মরাকাশ এতন্মর্ত্তামেতৎ স্থিতমেতৎ শ্বং তস্থৈতশ্য মূর্ত্তসৈতশ্য
মর্ত্তাসৈত্ব্য , স্থিতসৈয়ত্ব্য পত এষ রসে। যচ্চক্ষ্ণ সতা ছেষ
রসঃ॥ ৪॥

এক্ষণে রদ্ধের মূর্ত্ত ও অমূর্ত্তরূপের অধ্যাত্মবিভাগ প্রদর্শিত হইতেছে অর্থাৎ আত্ম-স্থিত মূর্ত্ত ও অমূর্ত্ত রক্ষরূপ কিংস্থরূপ, তাহাই বল্যু হইতেছে।

জীবের এই শরীরই ব্রন্ধের সে মূর্ত অধ্যাত্মরপ। এই শরীরমব্যবর্ত্তা আাণবায় ও আভান্তর অবকাশায়ক আকাশ ভিন্ন যে শরীরোৎপত্তির কারণ ভূতত্রম (ক্ষিতি, অপ্ও তেজ) আছে, শরীরারস্তক এই ভূতত্রমই (আধ্যাত্মিক) মর্ত্তা (মরণশীল), স্থিত (পরিচ্ছিন্ন) ও সং (বিশেষ বিশেষ গুণবিশিষ্ট)। এই আধ্যাত্মিক মর্ত্তা, স্থিত ও সংস্বরূপ মূর্ত্তের (ভূতত্ত্রের) মার চক্ষুং, যেমন আদিত্তা-মগুল বারা অধিদৈবত ভূতত্ত্রম সারবান্ হয়, তেমন এই চক্ষু বারাই সমস্ত দেহ সারবান্ হয়, চক্ষুঃশূন্য শরীর অসার অর্থাৎ অকর্মণা। বিশেষতঃ এই প্রাধান্ত নিবন্ধনই স্বজ্ঞান প্রাণিগণের প্রথমতঃ চক্ষুর্ব স্বষ্ট হয়। এ জন্ত ক্রতি বিশ্বাছেন যে, "তেজামন্ন অর্মা প্রথম উৎপন্ন হইয়াছে, চক্ষু সেই তেজ হইতে উৎপন্ন। স্বত্রাং এই চক্ষুই আধ্যাত্মিক পৃথিবী, জল ও তেজের সার।" এই শ্রেতিবাক্য বারাও চক্ষুরিন্তিরের আদিম্ব প্রতিপন্ন হয়; চক্ষু যে আধ্যাত্মিক ভূতবন্ধের মধ্যে সারতর হইবে, এ বিষরে শ্রুতি হেতু প্রদর্শন করিয়াছেন॥ ৪॥

অথামূর্ত্তং প্রাণশ্চ যশ্চায়মন্তরাত্মনাকাশ এতদমূত-মেতদ্যদেতভাৎ তদ্যৈতস্যামূর্ত্তদ্যৈতস্যামৃতদ্যৈতস্য যত এতস্য ত্যাসৈয়ৰ রসে। যোহয়ং দক্ষিণেহক্ষন্ পুরুষস্তস্য হেয রসঃ॥ ৫॥

অতঃপর অমূর্ত্তের স্বরূপ নির্মাণিত হইতেছে। আধ্যাত্মিক ভূতৎর অর্থাৎ অবশিষ্ট যে প্রাণবার্ত্ত দেহান্তর্বার্তী আকাশ আছে, এই ছইটি অমূর্ত্ত ভূত নামে অভিহিত। পূর্বাবৎ এই অমূর্ত্ত বার্ত্ত আছেন, তিনিই এই অমূর্ত্ত বার্ত্ত আছেন, তিনিই এই অমূর্ত্ত বার্ত আকাশের সার অর্থাৎ প্রধান। দক্ষিণ-চক্ষ্ণতে যে লিঙ্গাআ (স্ক্রম্বরূপ) পুরুষ অধিষ্ঠিত আছেন, ইহাকে শাস্ত্র প্রত্যক্ষ করিয়াছে। কারণ, সকল শ্রুতিতেই তাহার উল্লেখ দেখা যায়। এই চক্ষ্তিত লিঙ্কাআ পুরুষ বিশেষরূপে অনবধারণ হেতু অমূর্ত্ত এবং অমূর্ত্তর সার॥ ৫॥

তস্য হৈতস্য পুরুষস্য রূপম্।

যথা মাহারজনং বাদো যথা পাগু, বিকং যথেন্দ্র গোপো যথাহয়্যার্চির্যথা পুণু গুরীকম্।

যথা সক্ষিত্যুত্তশু সক্ষবিত্যুত্তেব হ বা অস্য শ্রীর্ভবতি য এবং বেদাথাত আদেশো নেতি নেতি।

ন হোতস্মাদিতি নেত্যভংপরমস্ত্যথ নামধেয়ণ্ড সত্যস্য সত্য-মিতি প্রাণা বৈ সত্যং তেষামেষ সত্যম্॥ ৬॥

ইতি তৃতীয়ং ব্রাহ্মণম্।

ব্রন্ধের বে আধ্যান্থিক ও আধিদৈবিক সত্যশব্দবাচ্য মূর্ত্তামূর্ত্ত নামে উপাধিধর আছে, সেই মূর্ত্তামূর্ত্ত ভূতসকলের কার্য্য ও কারণভেদে বিভাগ ব্যাখ্যা করা, হইল। এক্ষণে সেই করণস্বরূপ লৈম্বিক পুরুষের অর্থাৎ কার্য্যকারণ-বিভাগকালে করণ নামে যে পুরুষ উক্ত হইয়াছে, তাঁহার স্বরূপ নিরূপিত হইতেছে, কিন্তু এই পুরুষ-স্বন্ধে অনেক মতামত আছে। তর্মধ্যে বিজ্ঞানবাদী বৈনালিক (বাহারা প্রতিক্ষণেই আন্মার বিনাল ও উৎপত্তি স্বীকার করেন) বৌদ্ধণণ বলেন যে, যে বিষয়ে লাস্ত, অর্থাৎ যাহা বাসনাম্ম, অনস্ত মূর্ত্তামূর্ত্ত বস্তুমাত্রের বাসনা ও বিজ্ঞানমধ্যের সম্পর্কে উৎপন্ন, যাহা আশ্রেষ্য অর্থাৎ পট ও ভিত্তির

চিত্রের মত, মায়া, ইক্রজাল ও মুগতৃষ্ণার সদৃশ এবং সর্বজনমোহকর, সেই বিজ্ঞানই আত্মা, তদতিরিক্ত আর আত্মা নাই। নৈরায়িকগণ ইহাকে পটাদির শুক্লাদি গুণের মত আত্মদ্রব্যের বাসনা-নামক গুণ বলিয়া থাকেন। বৈশেষিকগণও বে বিষয়ে নৈরাম্বিক মতেরই পোষকতা করেন; সাজ্যাচার্য্যগণ ইহাকে আত্মার্থে প্রবৃত্ত, দত্ত্ব, রজঃ ও তমোগুণময়, দর্মকার্য্যের প্রবর্ত্তক, প্রকৃতির অধীন অথচ জীবের ভোগ সম্পাদনের জন্ম ক্রিয়াশীল অন্তঃকরণ নামে নির্দেশ করেন এবং ভর্তপ্রপঞ্চ প্রভৃতি বেদান্তিগণও এই বিষয়ে এইরূপ কল্পনাও করেন যে, মর্ত্ত ও অমুর্ত্তরাশি এক ভাগ, প্রমান্মরাশি দিতীমু ভাগ; এই প্রমান্মরাশিই উত্তম ভাগ; অন্তঃকরণ এই উভয়ভাগের অতিরিক্ত তৃতীয় মধ্যমভাগ। এই তৃতীয় ভাগই পূর্বে অজাতশক্র রাজা কর্ত্তক বোধিত বিজ্ঞানময় কর্ত্তা, ভোক্তা জীবের সহিত মিলিতভাবে জ্ঞান, কর্ম্ম ও প্রাক্তন সংস্কারের প্রবর্ত্তনা করে; স্কুতরাং এই অন্তঃকরণ প্রবর্ত্তক, কর্ম্মসমূহ তাহার প্রযোজ্য, এবং প্রাণ্ডক মর্তামর্তরাশি তাহার কার্যোর (ভোগের) সাধন অর্থাৎ উপায়। কাজেই ভার্কিকগণের সহিত সন্ধি করেন বলিতে হইবে, কিন্তু তাঁহারা পূর্কোক্ত কর্ম সকল লিঙ্গাত্মার আশ্রিত স্বীকার করিয়া থাকেনী পুনীট এ কথায় নাংখ্যমত আদিয়া পড়ে, এই ভয়ে ভীত হইয়া বলেন যে, যেমন পুষ্পের সৌরভ প্রস্প না থাকিলেও পুষ্পবাসিত তৈলাদিতে থাকে, তেমন অন্তঃকরণাদিরূপ লিঙ্গা-শ্রিত কর্মরাশিও লিঙ্গশরীরের বিয়োগে পরমাত্মার একদেশ আশ্রয় করে। বস্তুতঃ নিগুণ প্রমাত্মার সেই অংশ আগন্তক অন্যদীয় গুণ ছারা শ্রুণবান হয় এবং প্র-মালা ষয়: নিগুণ হইয়াও কর্ত্ত-ভোকৃত্ব-বন্ধনে বন্ধ হন, আবার বিজ্ঞানাত্ম-ভাবে মুক্তি লাভ কৰেন। এইরূপ কর্মনায় তাঁহারা বৈশেষিকগণেরও চিত্তরঞ্জন করিতে চেষ্টা পাইরা থাকেন। অথচ বলেন, সেই কর্ম্মমূহ পৃথিবাদি ভূতসমূহ হইতে আসিয়া পরমাথৈয়কদেশ আশ্রম করে,পরমান্মার একদেশ বলিয়া এই আন্মা সভাবতঃ নির্গুণ। আরও বলেন, স্বতঃ উৎপন্ন অবিদ্যা আগন্তুক না হইলেও পৃথিবীর উষরবের ন্যায় প্রমান্মিকদেশে প্রকাশ পায়; অথচ তাহা আত্মধর্ম নতে, এইরূপ কল্পনা করিয়া সাংখ্যবাদীর চিত্তামুসরণ করেন। যাহা হউক, এই সমস্ত কল্পনাই তাঁহারা অবশ্রুই তার্কিকগণের সহিত সামঞ্জ্যা-রক্ষার মিমিত্ত রমণীয় দেখিতে পারেন, কিন্তু তাঁহারা উপনিষ্-সিদ্ধান্তকে প্রীতিচক্ষে দেখিতে পারেন না এবং ঐ সকল কল্পনা যে বৃক্তির বহিভূতি, তাহাও ांशान्त्र नाम आरम ना। त्कन ना, शूर्त्वारे तना स्टेमाह एव, श्रद्माश्चात একদেশ বা অংশ প্রভৃতি কল্পনা হইতে তাঁহার সংসারিত্ব, সদোষত্ব ও নানা কর্মন ফল ভোগের জন্ম গতিবিধি প্রভৃতি অমুপপত্তি অকাটাদোষ ঘটে।

এবং যদি জীব ও পরমাত্মা পরস্পর বাস্তবিক স্বাভাবিক ভেদবিশিষ্ট হর, তাহা হইলে "জীব মুক্ত হইয়া প্রমান্মার সহিত এক হইয়া বায়" এই অভেদ-উক্তি वां जूरनां क्लित नाम अर्मर्थक रम । आत (यू वना रहेमाटक, निम्नायाहि शतमायात অংশরপে করিত, যেমন ঘট, করকা, ভৃচ্ছিদ্র আকাশের অংশ, এবং এই লিঙ্গ-শরীরাশ্রিত কর্মফল ও লিঙ্গশরীরহানির পর বাসনা প্রমাত্মাশ্রিত সেইরপ অবিষ্ণাকেও ভূমির উধরবং জীবান্মা স্বতঃ উপিত বলা হয়, এ সকল কল্পনাও যুক্তি-হীন উপচরিত কথামাত্র। কেন না, বাসনার আশ্রয় লিঙ্গশরীর নষ্ট হইলেও যে সংক্রামিত গন্ধের ন্যায় বাসনারাশি নিরবর্ষ্ব প্রমাত্মার একদের আশ্রয় করিয়া থাকিবে, এ কথা শ্রুতি ও বৃক্তির বহিভূতি। মেহেতু, এ এথা কেহ মনেও কলনা করিতে পারেন না যে, বাসনা নিজ আশ্রয় পরিত্যাগ করিয়া অন্ত আশ্রয়ে মূর্ত্ত ব্যক্তির মত গমন করে। শ্রুতি বলিতেছেন যে, "কাম (বাসনা), সঙ্গল ও বিচিকিৎসা (এইটি শুক্ল, পীত বা নীল ইত্যাকার কল্পনা) প্রভৃতি ধর্ম সকল জনয়ের ধর্ম, আত্মার নহে।" "কামা ফেংশু জাদি শ্রিতাঃ" অর্থাৎ যে সকল কামনা এই পুরুষের হৃদয়াশ্রিত। "পুরুষ যে সময়ে (সুষ্প্রিকালে) হদয়ের সমস্ত শোক হইতে ত্রাণ পায়।" কিন্তু কামনা যে আত্মার বা অনা কাহারও ধর্ম, এ কথা ত কেহই বলিতেছেন না। আর প্রদর্শিত শ্রুতিসকলের যে অন্য অর্থ অভিপ্রেড, তাহাও বলা যায় না : কারণ, আত্মার পরমবন্ধ-রূপতা निर्फात्र । अपूर्व कि महिल के कि अव अव अव । इरेग्राइ, उपूर्व । वर्ष नरह, महिल উপনিষৎই কেবল এই সকল তাৎপর্য্য প্রকাশ করিয়াই চরিতার্থ; স্নতরাং তাহাদিগের অনাথি সম্ভবে না।

অতএব গাঁহারা প্রতির তাংপগ্য পরিগ্রহ করিতে নিতান্ত বিমৃত, কেবল তাঁহারাই এইরপ অসদর্থের অবতারণা করিয়া থাকেন; তথাপি তাঁহাদের কথিত অর্থ যদি বেদার্থ হইত, তাতা হইলে ঐ অর্থ গ্রহণ করিতে আমার কোন আপত্তি কি দেব থাকিত না; কিন্তু তংখের বিষয় এই যে, ঐ অর্থ বেদার্থের বিক্তম, যেহেতু—শ্রুতি বলিতেছেন যে, "দে বাব ব্রহ্মণো রূপে" অর্থাৎ ব্রহ্মের ঐ মূর্ত্তামূর্ত্ত ও ভজ্জিত বাসনা এই ছইটিমাত্র রূপ এবং ব্রহ্ম ঐ রূপবান্ তৃতীয় ব্যক্তি, ইহার মধ্যে চতুর্থ আর কেহ নাই; স্কতরাং ভোমাদের মত্যিক রাশিত্রয় কর্মনার সামঞ্জ্ঞ কোথায় ? আমাদের মতের অমূক্লে শ্রুতি

নিশ্চয়ার্থক "বাব" শব্দ ব্যবহার করিয়াছেন। অগ্রথা এমত অবস্থার প্রতির ব্যাথাকালে ব্রহ্ম শব্দে ব্রহ্মের অংশবিশেষ বিজ্ঞানাত্মার হই রূপে, অথবা পরমাত্মা বিজ্ঞানাত্মার ছই রূপে রূপবান্, এইরপ অর্থ কল্পনা করিতে হয়; কিন্তু তাহা ছিরূপোক্তির সহিত বিরুদ্ধ হইয়া পড়ে, অর্থাৎ বদি জন্মান্তরীণ, সংক্ষারসহক্ষত মূর্ত্ত ও অ্মূর্ত্ত এইমাত্র রূপহুষ্ম এবং রূপবান্ ব্রহ্ম ব্যয়ং এক, এই সমষ্টিতে ক্রিন, এতহাতিরিক্ত চতুর্থ আর কিছুই নাই, এইরূপ কল্পনা করা যায়, তাহা হইলে "দে বাব ব্রহ্মণো রূপে" এই শ্রুতির অর্থেব সঙ্গে কোন বিরোধ হয় না কারণ, শুতি বিদ্যাছেন যে, ব্রহ্মের রূপ ছইটি ভিন্ন তিনটি নাই, কিন্তু এই রূপহালিরিক্ত আর যে কেহ রূপবান্ আছে, এ কথাত কর্থনিও বলেন নাই। এথানে যদি বাসনা (সংক্ষার) সকলেরও পৃথক্ বিভাগ শ্রুতির অন্তুমোদিত হইত, তাহা হইলে "দে বাব" না বিনিয়া "ত্রীণি বাব" বলিতেন। অতএব কোনরূপেই ত্রিবিধ বিভাগ হইতে পারে না।

यिन वन त्य, मूर्ज ७ जमूर्ज এই इंडेव्डि अंत्रभाषात क्रभ, कर्ष्यामूना मुकल জীবাস্থার রূপ (ধর্ম), স্বতরাং ত্রিবিধ বিভাগ করিলেও "টে বীব' তৈই নস্কের রূপম্মপ্রতিপাদক শ্রুতির সহিত কোন বিরোধ নাই। উত্তর—না, এইরূপ কল্পনা করিলে "জীবাত্মার সম্পর্কে বিক্লত পরমাত্মার এই চুই রূপ," এরপ উক্তি কথনও সঙ্গত হইতে পারে না। কারণ, বাসনা যদি পরমাত্মাশ্রিত হয়,তাহা হইলে সাক্ষাৎ-ম্বন্ধে বাসনা বারাই পরমান্তার বিকার হইতে পারে ;•আর জীবান্তা বারা কেন গ আর ইহাও মুখাভাবে কথনই কল্পনা করা যায় না যে, কোন বস্তু অন্ত বস্তু বারা বিরুত হয়, আর নিজ্ঞানাত্মাও পরমাত্মা হইতে বস্তুতঃ পূথক্ নহে, যাহা দারা ঐরূপ কল্পনা করিতে পার। তাহাতে বেদাস্তদিদ্ধান্তেরই বিরোধ হর্ম, অতএব পূর্ব্বোক্ত মত সকল বেদার্থে বিমৃত ব্যক্তিগণের স্বকপোলকল্পিত। এই সকল কল্পনা প্রমাত্ম-বহিভূতি। যাহা প্রমাত্ম-বহিভূতি, তাহা বেদার্থ বা বেদার্থানুযায়ী হয় মা, কারণ, বেদ স্থতঃ প্রমাণ। এইরপে ভাষ্যকার পরমত সকল প্রত্যাখ্যান করিয়া সম্প্রতি স্বমত সংস্থাপনের ব্যবস্থা করিতেছেন। প্রথমত: "বোহরং দক্ষিণে হক্ষন প্রকৃষ" অর্থাৎ এই যে দক্ষিণচক্ষ্বভী পুরুষ আছেন, এই কথা দারা অধ্যাত্ম (দেহবভী) লিঙ্গপুরুষের প্রস্তাব করা হইয়াছে; এবং "য এব এতশ্বিন মণ্ডলে" **এই স্থানেও অধিনৈবিক পুরুষের অবতারণা করা হইলাছে। যেহেতৃ,** "তাৎ" প্ৰভৃতি বিশেষণৰিশিষ্ট অমূৰ্ত্ত ত্ৰন্ধের রস নামে আদিত্যমণ্ডলাধিষ্ঠিত

পুরুষই অভিহিত হইয়াছেন, কিন্তু বিজ্ঞানাত্মার কোন উল্লেখই হয় নাই। যদি বল যে, এথানে বিজ্ঞানাত্মাও (জীব) প্রস্তাবের বিষয়, স্কুতরাং তাঁহারই এই মূর্জামূর্জ রূপ হইবে না কেন্ ও উত্তর—না, এইরূপও বলিতে পার না; যেহেতু, বিজ্ঞানাত্মা নারূপ, অতএব তাঁহার স্বরূপ-জ্ঞাপন শ্রুতির অভিপ্রেত। এক্ষণে যদি এই দকল তোঁহারই বিকারী রূপ প্রদর্শন করা হয়, তাহা হইলে পূর্কাপক উদ্দেশ্রবিরোধ বশতঃ উন্নন্ত প্রলাপের স্থায় শ্রতিবাক্য অপ্রাহ্ম হইয়া উঠে; কেন না, বাহার মাহারজনাদি-রূপ নির্দিষ্ট হইয়াছে, পরে তাঁহাকেই "নেতি নেতি" ইহা (ব্রহ্ম) নহে, উহা নহে; এই শতি দারা কথনই নির্বিশেষরূপী বলিয়া প্রতিপাদন করা যায় না, যদি বক্ষ্যমাণ মাহা-तक्रमानि स्मिर्ट कीरवर्त क्रथ अनुनिष्ठ रुग्न, जर्द के छेशरम्भ वार्थ रुद्देश यात्र। यनि বল. 'নেতি নেতি' উপদেশ বিজ্ঞানময় আত্মার প্রতি নহে, স্বতম্ত্র আত্মার প্রতি। এরপ আশস্কাও করিতে পার না; কারণ, এ কথা বলিলে ষষ্ঠ অধ্যায়ের শেষে "বিজ্ঞাতারমরে কেন বিজ্ঞানীয়াং" অর্থাৎ অরে (হে) মৈত্রেষি ! বিজ্ঞাতাকে কি উপায়ে জানিবে ১ এই উপসংহারের প্রথমে বিজ্ঞানাত্মার (জ্রীবের) প্রস্তাব করিয়া সর্বাশেষে সি এষ নৈতি নেতি" সেই এই জীব দুখ্যমান প্রপঞ্চের অতীত, এই উপসংহারবাক্যে পূর্ব্বোক্ত জীবেরই নির্ব্বিশেষত্ব প্রতিগাদন ও 'বিজ্ঞপয়িয়ামি' ব্ৰহ্মস্বৰূপ গুনাইব বলিয়া প্ৰতিজ্ঞা কোনৰূপেই সঙ্গত হইতে পাৰে না, কিন্তু যদি জীবাত্মার প্রস্তাব হয়, তবেই ওইরূপ উপসংহার ও প্রতিজ্ঞা সমঞ্জস হয়। কারণ, যদি ঐ প্রতিজ্ঞা দারা বিজ্ঞাদান্মার ব্যবহারাতীত স্বরূপ অর্থাৎ সকল উপাধির অতীত প্রকৃত তন্তবোধনই শ্রুতির অভিপ্রেত হয়, তবেই ঐ প্রতিজ্ঞা সার্থক, অন্তথা নছে। যেহেতু, ঐরপ 'নেতি নেতি' ইত্যাদি উপদেশের ফলে বিজ্ঞানাত্মা যথন নিজেকে "আমি ব্রহ্ম" বলিয়া জানিতে পারে ও শাস্ত্রের সাফল্য বোধ করিতে পারে, তথন আর কাহারও নিকট ভীত হয় না। আর যদি বিজ্ঞানময় হইতে বিভিন্ন ব্যক্তির প্রতি 'নেতি নেতি' উপদেশ হইত, তবে ইহা হইতে এক স্বতন্ত্র, আমি বন্ধ হইতে বিভিন্ন, এইরূপ জ্ঞান্ই জন্মিত। "অহং বন্ধান্মি" আমি ব্রহ্ম, এইরপ জ্ঞান কথনই হইত নাও তাহার থারা জীব ও ব্রন্ধের অভেদোপদেশ নিরর্থক হইয়া পড়িত। অতএব এই সকল রূপ লিফ্লরীরাভিমানী পুরুষের ভিন্ন यना काराव वना गारे ल भारत ना।

এথানে আপত্তি হয়, বদি প্রমান্তার স্বরূপপ্রদর্শনই এই প্রস্তাবের অভিপ্রেত হয়, তাহা হইলে নিঙ্গ-পুরুষের এই সকল অপ্রাসন্থিক রূপ কেন নির্দিষ্ট হইল ? ইহার উত্তর এই—সত্যের যাহা সত্যস্বরূপ, তাহাই ব্রন্ধের স্বরূপ, ইহা নির্দ্দেশ করিতে হইলে নিঃশেবরূপে সত্যের রূপ নির্দ্দেশ করাই উচিত; এজন্তই সত্যের যে বাসনা-নামক বিশিষ্টরূপ, তাহারই নানাবিধ রূপ কথিত হইয়াছে ও হইডেছে।

সেই প্রকৃত লিক্সংজ্ঞক পুরুষের এই সকল রূপ কি কি ? তাহাই বলা হইতেছে; দেমন মহারজন (হরিদ্রা)-রঞ্জিত বস্তু হরিদ্রাবর্ণ হয় কিয়া যেমন অনুরাগজনক স্ত্রী প্রভৃতি বিবিধ ভোগ্য বিষয়-সংযোগে চিতত সেই প্রকার বাসনারপ রঞ্জনে রঞ্জিত হয়। এ জন্মই পুরুষ রক্ত (অন্তর্বক্ত) বা আসক্ত প্রভৃতি নামে অভিহিত হয়। কিখা যেমন ক্রমযরোমজ বন্ধ প্রভৃতি পাপুবর্ণ হয়, লিঙ্গপুক্ষের বাসনারপ্র ঠিক তেমন পার্ভুবর্ণ, এবং ইক্র-গোপ যেমন লোহিতবর্ণ, লিঙ্গপুক্ষের বাস্নারপও তেমন লোহিতবর্ণ। এই বর্ণবিশেষের তারতম্য কোন স্থলে বিষয়ের বর্ণ অনুসারে, আবার স্থলবিশেষে পুরুষচিত্তের সম্ব প্রভৃতি গুণানুসারে ঘটিয়া থাকে। অগ্নির শিণা যেমন ঈষৎ রক্তাভ হয়, কাহার কাহারও বাদনাও ঠিক এইরূপ রক্তাভ; এবং যেমন পুগুরীক খেতবর্ণ, এইরূপ কাহারও বাসনারপ শ্বেতবর্ণ। এই বাসনারপ বিছাৎ-এভার ভাষ সর্ব-প্রকাশক হয়। এই পূর্কোক্ত বাসনাসকলের আদি, অন্ত, মধ্য, সংখ্যা, দেশ, কাল বা কোনও নিমিত্ত অবধারিত নাই। কেন না, বাসনার উৎপাদক (হেতু) অনস্ত, হেতৃ অনস্ত বলিয়াই তৎকার্য্য বাসনাও অনস্ত, অনস্ত বলিয়াই অসংগ্যেয় অর্থাৎ সংখ্যা দারা পরিচ্ছেদ করা বাইতে পারে না। এ জন্যই ষ্ঠ অধ্যায়ে বক্ষ্য-• মাণ "ইদংমরোহদোময়ঃ" অর্থাৎ "বাসনা এইরূপ্দ এরপ" ইত্যাদিবাক্য খারা বাসনার অনন্তম্ব প্রদর্শিত হইয়াছে। অতএব এ স্থানে যে মাহারজন প্রভৃতি নির্দিষ্ট হইয়াছে, তাহাও কেবল ক্ষেক্ট প্রকার প্রদর্শনার্থ মাত্র অর্থাৎ বাসনা-সকল এই প্রকার হয়, ইহা প্রদর্শন উদ্দেশ্ম, কিন্তু শ্বরূপসংখ্যার অবধারণার্থ নহে। সর্বাশেষে যে বাসনারপের দৃষ্টান্তরূপে বিহাতের উল্লেখ করা হইয়াছে, তাহাও কেবল অব্যাকৃত আত্ম-শক্তি হইতে প্রথমাভিব্যক্ত হিরণাগর্ভের সক্ত বিদ্যুতের আবিষ্ঠাবের মত সক্তং অভিব্যক্তিপ্রদূর্ণনার্থ। যে জন হিরণ্যগর্ভের এই বাসনার রূপ অবগত হন, তিনিও বিছাতের মত ৰূগণৎ সর্বতি প্রকাশ পাইয়া থাকেন এবং হিরণ্যগর্ভসদৃশী শ্রী অর্থাৎ প্রশংসা লাভ করেন।

এইরণে ক্রমে সত্যের শ্বরূপ নিংশেষরপে নিরূপিত করিয়া এক্ষণে সেঁই সত্যের সতাশ্বরূপ যে ব্রহ্ম, তাঁহার শ্বরূপাবধারণার্থ এই ব্রাহ্মণের আরম্ভ হই-তেছে—শতি স্ত্যের শ্বরূপনিরূপণের পর,—যেহেতু সত্যেরও যে সত্য অনিরূপিত

আছে, অতথ্য তাঁহার স্বরূপ নিরূপণ করিবার জন্ম প্রতিজ্ঞা করিয়াছেন— "অভঃপর সত্যের যাহা সভা, তাহার স্বরূপ নির্দ্ধেশ করিব।" ভন্নধ্যে "নেতিনেতি" हैहा बन्न नरेंह, डेहा बन्न नरह, अहे मर्कानिल्बंध बादा बाहा निर्मिष्ट हरेब्रारह, जाहारे ব্ৰন্দের নির্দেশ অর্থাৎ স্বরূপকথন। যদি বল যে, কেবল "নেতি নেতি" এই শব্দ চুইটি দারা কিরাপে সত্যের স্বরূপ (এক্সম্বরূপ) নির্দেশ শ্রুতির অভিপ্রেত হইতে পারে ? উত্তর—তাহা, বলা ঘাইতেছে, সর্বধর্মনিষেধ দারা পারিশেয় অমুসারে অবাঙ্মানসগোচর বস্তুর বরূপ নির্দেশ হইতে পারে বাহাতে নাম, রূপ, কর্ম্ম, জাতুি বা গুণ প্রভৃতি কোনও বিশেষ ধর্ম আছে, কেবল দেই দকল বস্তুই বিশেষধর্মের সাহায্যে শব্দ দারা "এই দে" বলিয়া নিৰ্দিষ্ট হয়, কিন্তু যাহার পূৰ্বোক্ত ধৰ্ম্মে একটি ধৰ্মত নাই, তাহার "এই দে" ইত্যাকারে শব্দ ঘারা নির্দেশ কিরুপে সম্ভব ? নিগুণ ব্রন্ধের পুর্ব্বোক্ত একটি ধর্মও নাই; হতরাং তাঁহাকে "এই সে শুবলাঙ্গুলাদিবিশিষ্ট শুক্ল গো" ইত্যাদি লৌকিক নির্দেশের মত "এই সে" বলিয়া নির্দেশ করা ঘাইতে পারে না। যেথানে एग्थारन "এই দে অন্ধ" विनिधा निर्द्धन इरेग्नाइ, त्मरे मकल ज्ञारन क्रानिए इरेरव যে, অনিষ্ঠা কর্তৃক ব্রন্ধে আরোপিত নাম, রূপ ও কর্ম প্রভৃতি বিশেষ বিশেষ ধর্ম ছারা ব্রহ্ম "বিজ্ঞানময়" "আনন্দময়" বলিয়া নির্দিষ্ট হইগছেন। কথনই নির্বিশেষ-রূপে নিরূপিত হন নাই, কিন্তু নির্বিশেষ ব্রহ্মস্বরূপ নির্দেশ করিতে হইলে অন্ত কোনও উপায় নাই, একমাত্র উপস্থিত জগৎপ্রপঞ্চের প্রত্যেকের নিষেধই তাঁহার স্বরূপজ্ঞানের উপায়। এইরূপ নিষেধ করিতে করিতে সর্বানিষেধের পর যাহা অবশিষ্ঠ থাকিবে, তাহাই ব্রহ্মের অব্যয়, অক্ষয় স্বরূপ।

এজনাই "নেতি নেতি" এইথানে বীস্পার্থে হুইটি নঞা প্রবৃক্ত ইইনাছে।
নকারের বিক্রজির তাৎপর্য্য—বীপা অর্থাৎ সাকল্য-প্রতিষধের ইচ্ছা; নামরূপাত্মক যে কিছু পদার্থ বন্ধ বলিরা আশক্ষাম্পর্দ ইইতে পারে, তৎসমন্তের নিষেধ
করাই নকারের বিক্রজি প্রয়োগের উদ্দেশ্য। নচেৎ প্রস্তাবিত মূর্ভ ও অ্নুর্ভ প্রতিষধের জন্ম বদি নকারবন্ধ প্রবৃক্ত ইইত, তাহা ইইলে এই প্রতিষিদ্ধ মূর্ভ ও
অ্নুর্ভ ভিন্ন জাগতিক কোন পদার্থ বন্ধ কি না, এবং তাহা বন্ধরূপে নির্দিষ্ট
ইইবে না কেন ? এইরূপ আশক্ষা স্বতঃই হৃদ্ধে উদিত ইইরা থাকিরা যাইত;
বিদ্ধি এরূপ আশক্ষারই নির্ভি না হন্ধ, তাহা ইইলে সে ব্রন্ধনির্দ্দেশেরই বা ফল
কি প্রকারণ, প্রকৃত ব্রন্ধজিজাত্ম গার্গ্যের জিজ্ঞাসানিবৃত্তির জন্মই উহার প্রয়োগ।
প্রতরাং "বন্ধ জ্ঞপরিস্থামি" বলিরা যে প্রতিজ্ঞা করা ইইরাছে, তাহা অপরিস্মাপ্ত হইরা থাকে। যে সময়ে ত্রন্ধের সর্কবিধ উপাধি নিরাকরণ-পূর্বাক দিক্, দেশ, কালাদি সমস্ত উপাধিতে এক্ষত্বাশঙ্কা বিদুরীকৃত হইবে, সেই সময়েই সৈদ্ধবথগুৰু একরস, নিরবকাশ, অবাহা, জ্ঞানঘন, আনন্দময় সত্যেরও সতাস্বরূপ ব্রন্ধের সহিত জীব "আমি ব্রন্ধ" ইত্যাকার অভেদজ্ঞান লাভ করিবেন এবং তৎক্ষণাৎ তাহার বিবিদিষা অর্থাৎ জ্ঞানেচ্ছা-বৃত্তি নিবর্ত্তিত হইবে ও তাহার বৃদ্ধিরতি নিবাত-নিক্ষপা, দীপ-শিথার ন্যায় সর্বতো-ভাবে অন্তর্মু থী হইবে। অভএব ব্রহ্ম হইতে ধৈত সমস্ত বস্তর প্রতিষেধের নিমিত্তই বীপ্সার্থে নকার ছইবার প্রযুক্ত হইয়াছে জানিবে ৷ বাদী আপত্তি করেন, ধে ত্রন্ধ নিরূপণের নিমিত্ত এত যত্ন, এত আড়ম্বর, সেই ব্রুমের কি পরিণাম এই ? সেই ব্রহ্মই কি এই একটা ক্ষিত্বতকিমাকার (কিছু[®]নয় বলিলেও চলে)-স্বরূপ নির্দ্দেশ-যোগ্য १ উত্তর—হাঁ, ইহা অসঙ্গত নহে, থেছেতু, "নেতি নেতি" ইত্যাদি বলিয়া সর্ব্ব-প্রতাা-খ্যানের পর যথন আর কোন প্রকার বিশেষ করিয়া শ্রুতি তাঁহাকে নির্দেশ করেন নাই, তথন এই "নেতি নেতি" নির্দেশেই ত্রন্সের স্বরূপনির্দেশ স্বীকার করিতে ছইবে। কথিত হুইয়াছে, সেই ব্রন্ধের ইহাই প্রমাণ যে, তিনি এই নিষিধামান জাগতিক সতাভাবে প্রতীয়মান যাবতীয় পদার্থের অতীত i এইর্ন্নপৈ ব্রন্ধকে সত্যের সতা নামে অভিহিত করা হইয়াছে। অতএব ব্রন্ধের নাম যে সত্যেরও সত্য বলা হইল, ইহা ৰুক্তিসন্ত কথা। শ্রুতি বলিয়াছেন, "প্রাণা বৈ সত্যং, তেষামেষ সতাং" প্রাণস্কল সত্য এবং ব্রহ্ম তাহাদেরও সত্য ॥ ৬॥

ইতি বিতীয় অধ্যায়ের তৃতীয় ব্রাহ্মণ সমাপ্ত।

উপনিষৎস্থ—দ্বিতীয়াধ্যায়স্থ

চতুর্থ-ব্রাহ্মণম্

মৈত্রেয়ীতি হোবাচ যাজ্ঞবন্ধ্য উদযাস্যস্থা অরেহহ-মম্মাৎ স্থানাদন্মি, 'হস্ত তেহনয়া কাত্যায়ন্তাহন্তং করবাণীতি॥ ১॥

ইতঃপূর্ব্বে "আত্মাকেই উপাসনা করিবে" এই উক্তি দারা একমাত্র আত্মতত্তবেই উপাস্থ বলা হইয়াছে। আর সেই উপাসনার অঙ্গরূপে এই সকল প্রকরণে আত্মতত্ব বিচার্য্য বিষয় হইয়াছে। "যেহেতু, আত্মা প্রভার্য্যাদি প্রিয়পাত্র হইত্তেপ্ত প্রিয়ু" এই উপন্যন্ত বাক্যের ব্যাখ্যানপ্রসঙ্গে গ্রন্থের সম্বন্ধ ও প্রশ্নোজন নির্দিষ্ট হইয়াছে। কোন কথার অবতারণা করিতে হইলে সাধারণতঃ শ্রোতার আগ্রহ জন্মাইবার জন্ম ব্যাখ্যানকারীর প্রথমে গ্রন্থের সম্বন্ধ, প্রশ্নোজন ও প্রতিপান্থের উল্লেখ করা কর্ত্তব্য। সে কারণ সেই আত্মাকে আমিই সেই বন্ধ বলিয়া জানিবে, 'এবং সেই ব্রন্ধ হইতে সমস্ত প্রপঞ্জের উৎপত্তি ইত্যাদি প্রকারে জীবাত্মাকেই ব্রন্ধবিক্সার বিষয় বলিয়া গ্রন্থারত করা হইয়াছে। পক্ষান্তরে, নাম-রূপ-কর্ম্মের, বীজাঙ্কুরের * ন্যায় অব্যক্ত ও অভিরন্তাবন্থাপন্ন সংসারকে অবিদ্যার বিষয়রপে নির্দেশ করা হইয়াছে। যাহা "অমুক আমা হইতে পৃথক্ এবং আমি অমুক হইতে পৃথক্" বলিয়া যে জানে, সে বাস্তবিকপক্ষে কিছুই জানে না, ইত্যাদি আরম্ভ করিয়া ক্রমশঃ আশ্রম-চতৃষ্টম্ব-বিভাগের কারণ—পাঙ্কু-কর্মের সাধ্যসাধনমন্ন বলিয়া কথিত

^{*} বীজাৰ্বের ভার এইরণ—বীজ আদিতে না বৃক্ষ আদিতে? দেখা বায়, বীজ না হইলেও বৃক্ষ হয় না, বৃক্ষ না হইলেও বীজ হয় না, তৃতরাং কে বে আদিতে, তাহা নির্ণয় করা অগন্তব। তেমন কর্ম আদিতে না সংসার আদিতে, এই প্রশ্নের উত্তর অসন্তব, কারণ, জীব তভাতত কর্ম করিলে তাহার ফলে সংসার হইবে, অথচ আদৌ সংসার না হইলে জীবই বা কে, কর্মই বা কোথায়? এবং তাহার ফলও দুরের কথা। অথচ সংসার বে, ক্লন্ত, এ কথা সর্কবিদিস্থত, কিন্তু সংসারের আদি নির্কাচন করা বার না, এ জন্তু সংসারকে বীজাল্বের স্থায় অনাদি প্রবাহ বলিয়া বীকার করিতে হয়।

উপসংহারে অন্নং বাইদং নামরূপং কর্ম্ম ইত্যাদি বাক্য দারা উপাসকের ব্রন্ধ-লোকপ্রাপ্তি পর্য্যস্ত জীবের শাস্ত্র হইতে প্রাপ্য উন্নতি প্রকাশিত ক্রিয়া পরে 'ধ্য়া হ' ইত্যাদি বাক্য ধারাও অশাস্ত্রীয় স্থাবরাস্ত অধোগতির কথা উক্ত হইয়াছে: এবং এই দকল অবিদ্যা-বিষয় হইতে বিরক্ত জীবের অন্তরাম্ম-বিষয়ক ব্রশ্ববিভায় অধিকার কিরূপে জন্মে, তাহার জন্ত তৃতীয় অধ্যায়ে অবিছা-বিষয় দকলও দবিশেষরূপে উপদংহত হইয়াছে। চতুর্থ অধ্যায়ে "আমি তোমাকে ব্রহ্ম উপদেশ দিব" ও 'ব্রহ্মের স্বরূপ গুনাইব' এইরূপে ব্রহ্মবিভার বিষয় জীবাত্মার প্রস্তাব করত অনুনন্দময় "নেতি নেতি' শব্দ শারা পুর্বের্নাক্ত সত্যশব্দে বোধিত ক্রিয়া, কারক ও কলাদি নিথিল ধর্মের ব্রহ্মরূপতা প্রত্যাখ্যান করত ধাহা এক, অধৈত, দর্ব্বধর্মবর্জিত চিৎস্বরূপ ব্রহ্ম, তাহাই জ্ঞাপিত হইয়াছে। একণে এই প্রস্তাবিত ব্রশ্বজ্ঞানের অঙ্গ অর্থাৎ উপায়রূপে সন্নাসবিধানই শ্রুতির অভিপ্রেত। জী, পুত্র, বিত্ত প্রভৃতি সাধিত পাঙ্জ-কর্ম অবিস্থার বিষয় অর্থাৎ অজ্ঞানীর অধিকারে। কারণ, পাঙ্ক্তকর্ম কথনও আত্মলাভের প্রতি সাধন বা সহায় হয় না। বাহা একের সাধন, তাহাকে যদি অন্ত কার্য্যসিদ্ধির জন্ত নিযুক্ত করা যায়, ভবে বিপীরীত ফলই ঘটে। যে কারণ যে ফলের নিমিত্ত নির্দিষ্ট আছে, সে সেই ফলেরই সাধক হয়, অপারের প্রতিকূল; যেমন কুধা বা পিপাসায় ব্যাকুল ব্যক্তি যদি অল্প বা জল সেবা না করিয়া পথে ধাবমান হয়, তাহা হইলে তাহার ক্ষুধা বা পিপাসা কথনও নিবৃত্ত হয় না, বরং পিপাসাদির পীড়াবুদ্ধি হয়, সেইক্সপ আত্মলাভের লালদায় উৎকণ্ডিত ব্যক্তি যদি সন্ন্যাসাদি উপায় পরিত্যাগ করিয়া পুত্রবিতাদিসাধক পাঙ জ্ঞকর্ম অবলম্বন করে, তাহা হুইলে সেই ব্যক্তি কম্মিন্কালেও আত্ম-ভত্ত লাভ করিতে পারিবে না। শান্তে পুত্র, বিত্ত প্রভৃতি সাধনমন্ত্র্যলোক, পিতৃলোক ও দেবলোকপ্রাপ্তির কারণ বলিয়া শ্রুত আছে, ইহারা আত্মলাভের হেতু, ইহা কোথায়ও নির্দ্ধারিত হয় নাই। বিশেষতঃ, যে সকল কর্ম পিতৃলোক বা মুমুদ্যলোকপ্রাপ্তির নিমিত্ত বিহিত, তাহারা যে আছা-প্রাপ্তির কারণ নহে, এ বিষয়ে আরও বৃক্তি আছে,—ঐ সকল বিহিতকর্ম ফল-প্রাপ্তিকামনাশালী ব্যক্তিরই নির্দিষ্ট, 'এতাবান্ কাম' এই শ্রুতি ছারা ইহাদের কাম্যত্ব প্রতিপাদিত আছে। কাম্যত্ব হেতু ব্রন্ধবিদের পক্ষে উহা বিহিত হইতে পারে না। বেহেতু, ব্রশ্বজ্ঞ ব্যক্তি দর্মকাম পরিদমাপ্ত করিয়া আপ্তকাম বা নিষ্কাম হইয়াছেন। হতরাং তিনি আর কি ফলপ্রাপ্তির বাসনায় সে সকল

কামাকর্শ্ব করিবেন ? বরং "যেবাং নোহরমান্মারং লোকং" অর্থাৎ যে আমাদের এই আত্মাই একমাত্র লোক, যে সকল কর্মা বা বিস্তাদি দারা এই আত্মলোক (আত্মা) প্রাপ্ত হওয়া বার না, (আমাদের সেই কর্ম্মে প্রয়োজন কি ?) ইত্যাদি শ্রুতিবাক্য দারা বন্ধ-লিপ্যর প্রতি কাম্যকর্ম্ম সকল নিষিদ্ধই হইয়াছে।

এ বিষয়ে কেহ কৈহ বলেন যে, ব্রদ্ধ-জ্ঞান-লিপারও পুত্রবিত্তাদি-কামনা পাকে, যেহেতু, তাঁহারা ফাহা থারা দেবঋণ প্রভৃতি হইতে মুক্ত হন। কিন্ত জানা উচিত যে, থাহারা এরপ অসৎসিদ্ধান্ত করেন, তাঁহারা নিশ্চরই वृष्टमात्रभाक भाठ करतम माइ. भूजाम्किनकाममा य खिक्कात कार्या, हेश জানেন না; "যে আমাদের এই আত্মাই একমাত্র লোক অর্থাৎ লক্ষ্য আশ্রয়, আমরা প্রজা (সন্তান) ছারা কি করিব ?" ইত্যাদি শ্রুতি ছারা বিষয় ও আত্মকামীর বিভাগ যাহাতে নির্দ্ধারিত, দেই ব্রদ্ধবিস্থার অংশ তাঁহারা নিশ্চরই শ্রবণ করেন নাই; কিন্তু শ্রুতি তাহা স্পষ্টই প্রকাশ করিয়া গিয়াছেন। বিশেষত: ব্রহ্মজ্ঞান যথন সমস্ত ক্রিরা, সাধন ও ফল এই তিনের ধ্বংস বাতিরেকে অবস্থান করিতে পারে না, তথন তাহা বিদ্যমানে অজ্ঞান কার্য্যের সহিত উৎপন্নই ইইতে পারে না অর্থাৎ বিস্থাবন্ধায় যে সাংসারিক পুত্রবিজ্ঞাদি সাধক কর্মসকল আদে স্থানই পাইতে পারে না, এ বিষয়েও তাঁহাদের দৃষ্টি নাই। অধিক কি, শ্রুতিবাক্য ত তাঁহারা জানেনই না, ব্যাসবাক্যও ভাঁহারা কথন শ্রবণ করেন নাই। কেন না, ব্যাস বলিয়াছেন যে, জ্ঞান বিষ্যাসম্ভূত এবং • কর্ম অবিষ্যাসম্ভূত, ইহাদের পরম্পর প্রতিক্লভারে অবস্থিতির নাম বিরোধ। আবার শ্রুতিও প্রশ্নোত্তরভাবে বিশ্লা ও অবিষ্ণার, কর্ম ও জ্ঞানের বিরোধ স্পষ্ট বুঝাইতেছেন। শ্রুতি অজ্ঞানীকে বলিতেছেন থে, 'কুক কশ্ব' অর্থাৎ কর্ম কর, কর্ম তোমার মঙ্গলপ্রদ; এবং জ্ঞানীকে বলিতেছেন যে, 'তাজ কর্মা' অর্থাৎ কর্ম ত্যাগ কর।—কর্ম তোমার বাধক, পাধক নহে। পুনশ্চ শ্বতিশাস্ত্র বিভাও কর্মকে পুথক করিয়া বলিতেছেন যে, "জীব জ্ঞান হারা কোন গতি লাভ করে এবং কর্ম ছারা কোথার উপস্থিত ২ম, মহাশম, ইহা এবণের জন্ম আমার মন বড়ই উৎস্কর, অভ্যাত্ত এই প্রশ্নের উত্তর করিয়া আমার সম্পেহ ভঞ্জন করুন।" এই প্রান্থের উত্তরের কালে (ব্যাসদেব) বলিয়াছেন যে, এই বিষ্ণা ও কর্ম্ম পরস্পর বিক্ষমভাব, ক্যাপি একতা অবস্থান করে না, এবং কর্ম দারা প্রাণিগণ व्याचक (मध्याती) हत्र ७ विष्णा याता वक्कन (मध्यात) हहेट पूर्व हत्र । व्याख्यात,

তক্ষশী যোগিগণ কর্ম করেন না, কেবল জ্ঞানিজনাচরিত আত্মতত্ত্ব উপাসনায় রত থাকেন। এ কথা দারাও জ্ঞানকর্ম্মের পরস্পর বিরুদ্ধভাব বর্ণিত হইয়াছে এবং উভয়ের ফলগত তারতমাঙ অনেক প্রদর্শিত হইয়াছে। অতএব ব্ৰহ্মবিষ্ণা-বিৰোধী কৰ্মাদি সাধন সহকারে কথনই পুরুষার্থ-(মৃক্তি) সিন্ধির কারণ হইতে পারে না, ররং নিরপেক হইয়াই পুরুষার্থ-(মুক্তি) সাধন করে। এ জন্তই এই অধ্যায়ে শ্রুতি দর্কবিধ দাধনপরিত্যাগরূপ সন্ন্যাদকে ব্রশ্নবিস্থার অঙ্গরূপে বিধান করিতে অভিপ্রায় করিয়াছেন। তাহা একমাত্র ইহাই (সন্নাস) অমৃতত্বের (মোক্ষের) সাধন, 🔑 ইরপ অবধারণ দারা প্রমাণিত হয় আর যঠ অধ্যানের শেষে ইহাও প্রমাণ আছেযে, "যাজ্ঞবন্ধ্য ঋষি কর্মী হইয়াও (বন্ধবিস্থার নিমিত্ত) কর্ম্ম ত্যাগ করত প্রব্রজ্যা (সর্নাস) অবলম্বন করিয়া-ছিলেন। * এবং সর্ব্ববিধ কর্ম্ম-সাধন-বিরহিতা নিজপত্নী মৈত্রেদ্বীকে মোক্ষ-লাভের নিমিত্ত একমাত্র ব্রহ্মবিদ্ধার উপদেশ এবং তৎসঙ্গে পুত্রবিত্তাদির নিন্দাবাদ করেন। কিন্তু যদি কাম্যকর্ম্মকল কোনরূপে মোক্ষলাভের প্রতি কারণ বা সহায় তাঁহার অভিপ্রেত হইত, তাহা হইলে কথনও তাদৃশ মহাজ্ঞানী পাঙ্কে কর্ম্মসকলকে বিভ্রমাধ্য বলিয়া নিন্দা করিতেন না, কিন্তু যদি কর্ম দকল ত্যাগ করাইবার অভিপ্রায়ে তাঁহার ঐ উক্তি হইয়া থাকে. ভাছা হইলেই দেই কর্মার সাধক বিভাদির নিন্দা শোভা পায়; নচেং অবশ্বিত বৃক্ষণাখাচেদের স্থায় ইহাও উন্মত্তকার্য্য-মধ্যে পরিগণিত •हरेमा পড়ে। विश्विष्ठः, य वर्गाम्ययिकांग मर्कविष कर्माधिकात्तत कात्रण, अक्ष-বিদ্যা থারা সেই বর্ণাশ্রমবিভাগের ধারণাও লগু হয়, তাহা হইলে "বন্ধ তং পরাদাৎ, ক্ষন্তং তং প্রাদাৎ," বন্ধতত্ত্বিদের নিকটে বান্ধণ্ড ও কল্রিয়ত্ব ধর্ম পরাভূত হয়, ইত্যাদি শ্রুতি দারা প্রমাণিত হইয়াছে। ভবেই দেখ, যদি ব্ৰশ্বজ্ঞান দারা উপাদকের ব্রাহ্মণড়াদি অভিমানসকল চলিয়া যায়, তাহা হইলে ব্ৰহ্মতম্ববিদ্ ব্যক্তি কিরূপে কর্মে অধিকারী হইবেন ? কারণ, কর্মবিধায়ক প্রত্যেক বিধিই "গ্রাহ্মণের ইহা কর্ত্তব্য, ক্ষত্রিয়ের ইহা কর্ত্তব্য" ইত্যাদি বর্ণাশ্রমাদি বিভাগে অধিকারিবিশেষে

^{*} জানিগণ যে কোন কার্যাই করেব না, এমন নছে। কেবল কামা কর্মকর্জ উাহারা ত্যাগ করিয়া নিভানৈমিত্তিক কর্মকল যথানিরমে সম্পাদন করিয়া থাকেন। নিকাম অর্থাৎ ফলফামনা না করিয়া কেবল উত্তর্জীতিমাননে কামা কর্ম করিলে মসুস্থাগ ওক্ষারা বন্ধ হয় না, বরং ই সকল কার্যা অস্তঃক্রণত্তিমির কারণ হয়।

প্রযুক্ত আছে, এ জন্ম ঐ বিধি বর্ণাশ্রমাদি-অভিমানশালী পুরুষকেই সেই সকল কর্ম্মে প্রবৃত্ত করিতে পারে, কিন্তু আত্মতজ্বজ্ঞান দারা বাঁছার সেই সকল রাহ্মণথাদি অভিমান বিদ্বিত হইয়ছে, তিনি কি অধিকার-বলে এবং কি প্রয়োজনে দেই সকল কার্য্যে প্রবৃত্ত হইবেন ? স্বতরাং তাঁছার নিকট কর্মবিধি আত্মলাভ করিতেই পারে না। বিশেষতঃ বাঁছার রাত্মণত-ক্ষত্রিয়থাদি জাত্যভিমান চূর্ণিত, তাঁহার সেই জাত্যভিমানের সন্ধান হেতু তৎসহ তৎকার্য্য স্বজাতিকর্ত্তব্য কর্ম্ম, কর্ম্মণল ও কর্ম্ম-সাধন-সকলেরও সন্ধান ক্ষ্মণতঃ সিদ্ধ হইয়ছে, অতএব আত্মজ্ঞানের অক্সরূপে কেবল সন্ধ্যানবিধানের অভিপ্রায়েই এই আথ্যায়িকার আরম্ভ হইতেছে, ইহা দ্বির হইল। এই আথ্যায়িকাতে বাজ্ঞবন্ধ্য ক্ষমি এবং তাঁছার পত্নী মৈত্রেয়ী, এ উভয়ের উক্তি-প্রত্যুক্তিছলে ব্রহ্মতত্ত্ব ও সন্ধ্যান বর্ণিত হইবে।

বাজ্ঞবন্ধ্য ঋষি বৈরাগাবশতঃ গার্হস্য আশ্রম অপেক্ষা অতি পবিত্র ও উৎকৃষ্ট পারিপ্রাজ্যনামক সন্মাসাশ্রম-গ্রহণে কৃতসঙ্কল্প হইয়া সীল ভার্য্যা মত্রৈশ্বীকে সম্বোধন করিয়া বলিয়াছিলেন বে. অরে (হে) মৈত্রেমি! আমি এই গৃহস্তাশ্রম হইতে অত্যুৎকৃষ্ট আশ্রমান্তর (সন্মাদ) অবলম্বন করিতে ইচ্ছা করিয়াছি, অতএব তোমার অভিমত কি, জানিতে চাই। আর এক কথা, আমার বিতীয়া ভার্য্যা কাত্যায়নীর সঙ্গে তোমার যে পতি সম্বন্ধে (সাপত্রা) ছিল, হায়, তাহারও বিচ্ছেন করিব। অর্থাৎ একপত্রিম্ব নিবন্ধন তোমাদের উভ্রের যে সমস্ত পতিধনে সমান অধিকার জনিয়াছিল, আমি সে সমস্ত দ্বার বিভাগ পূর্বক তোমানিগকে দিয়া পশ্চাৎ প্রব্রুগ্যা গ্রহণ করিব॥ ২॥

সা হোবাচ মৈত্রেয়ী যন্ধু ম ইয়ন্তপোঃ দর্কা পৃথিবী বিভেন পূর্ণা দ্যাৎ কথং তেনামৃতা দ্যামিতি নেতি হোবাচ যাজ্ঞবক্ষ্যো যথৈবোপকরণবতাং জীবিতং তথৈব তে জীবিতত্থ দ্যাদমৃতত্বদ্য তু নাশাহস্তি বিভেনেতি॥২॥

অনস্কর মৈতেরী শীয় স্বামীর এবধিং বাক্য শ্রবণ করিয়া শীয় স্বামী বাজ্ঞবন্ধাকে আক্ষেপ বা প্রশ্নচ্ছলে জিজ্ঞাসা করিলেন যে, হে ভগবন্। এই সসাগরা পৃথিবী বদি কোনরপে ধন-রত্বাদি-পরিপূর্ণাই হয়, তবে সেই পৃথিবীপূর্ণ ধনে অধি-হোত্রাদি যজ্ঞসাধন করিয়া আমি অমৃতত্ব (মৃক্তি) লাভ করিতে পারিব কি ? এই প্রশ্নোভরে বা আক্ষেপের অমুমোদনে যাজ্ঞবন্ধ্য বলিলেন বে, না--এই স্পবিশাল পৃথিবীপূর্ণ ধনে অধিহোত্রাদি-কর্ম্ম সাধন করিয়াও কথনও অমৃতা অর্থাৎ বিমৃত্রা হইবে না। কিন্তু এইমাত্র হইবে বে, ধেমন নানারিধ ভোগোপকরণসম্পন্ন ও সহায়বিশিষ্ট মন্ত্রেয়ের জীবনয়াত্রা স্থেগে নির্বিলের সম্পন্ন হয়, ঠিক তেমনই এই সকল বিভ্রসাধ্য কর্ম্ম ছারা তোমারও জীবন স্থেগ অতিবাহিত হইবে মাত্র, কিন্তু ইহা ছারা অমৃত্রের (মৃত্রির) আশা মনেও কয়না করিও না॥ ২।

সা হোবাচ মৈত্রেয়ী যেনাহং নামৃতা স্যাং কিমহং তেন কুর্য্যাং যদেব ভগবান্ বেদ তদেব মে জহীতি॥ ৩॥

যাজ্ঞবন্ধ্যের এবস্থিধ বাক্য শ্রবণ করিয়া মৈত্রেয়ী পুনশ্চ যাজ্ঞবন্ধ্যকে বলিলেন যে, ভগবন্! যদি তাহাই হয়, তবে আমি সেই সকল অকিঞ্চিৎকর বিত্তাদি বারা কি করিব ? আপনি যাহা মোক্ষের সাধুন ুব্লিয়া জ্যানেন, তাহারই উপদেশ করুন॥ ৩॥

স হোবাচ যাজ্ঞবল্ক্যঃ—প্রিয়া বতারে নঃ সতী প্রিয়ং ভাষস এহাস্থ ব্যাখ্যাস্থামি তে ব্যাচক্ষাণস্থ তু মে নিদিধ্যাসম্বেতি ॥ ৪ ॥

যথন বিস্তমাধ্য অগিহোত্রাদি ধারা অমৃতত্বলাভ স্নদ্রপরাহত হইল, তথন যাজ্ঞবন্ধা প্রিয়ার এইরূপ সারগর্ভ বাক্য প্রবণে স্বীর অভিপ্রায়সিদ্ধির সভাবনায় সম্ভইচিত্ত হইয়া মৈত্রেরীকে সহামূভ্তিপূর্ণ-হৃদয়ে বলিলেন থে, হে মৈত্রেমি! তুমি আমার পূর্ব হইতেই প্রিয়া আছ। বিশেষতঃ ক্রমণেও আমার চিত্রবৃত্তির অমুক্ল উক্তি দীরা আমার অসীম প্রীতিবদ্ধন করিতেছ, এস, নিকটে উপবেশন কর, আমি তোমার অজীষ্ট মৃক্তিলাভের উপার ব্রহ্মজ্ঞান উপদেশ করিতেছি, তুমি সাবধানচিত্তে আমার বাক্যসকল শনিদিধাসন কর অর্থাৎ আমি ধাহা বাহা বলি, তাহা তুমি একাগ্রমনে তাৎপর্য্যবধারণ করিয়া ভাবিতে চেষ্টা কর॥ ৪॥

স হোবাচ—ন বা অরে পত্যঃ কামায় পতিঃ প্রিয়ো ভব-ত্যাত্মনম্ভ কামায় পতিঃ প্রিয়ো ভবতি। ন বা অরে জায়াথৈ কামায় জায়া প্রিয়া ভবত্যাত্মনস্ত কামায় জায়। প্রিয়া ভবতি। ন বা অরে পুত্রাণাং কামায় পুত্রাঃ প্রিয়া ভবন্ত্যাত্মনস্ত কামায় পুত্রাঃ প্রিয়া ভবন্তি। ন বা অরে বিভ্রস্য কামায় বিভ্রং প্রিয়ং ভবত্যাত্মনস্ত কামায় বিত্তং প্রিয়ৎ ভবতি। ন বা অরে ব্রহ্মণঃ কামায় ব্রহ্ম প্রিয়ং ভবত্যাত্মনস্ত কামায় ব্রহ্ম প্রিয়ং ভবতি। ন বা অরে কল্রদ্য কামায় কল্রং প্রিয়ৎ ভবত্যাত্মনস্ত কামায় ক্ষত্রং প্রিয়ং ভবতি। ন বা অরে লোকানাং কামায় লোকাঃ প্রিয়া ভবন্ত্যাত্মনস্ত কামায় লোকাঃ প্রিয়া ভবন্তি। ন বা অরে দেবানাং কামায় দেবাঃ প্রিয়া ভবস্ত্যাত্মনস্ত কামায় দেবাঃ প্রিয়া ভবন্তি। ন বা অরে ভূতানাং কামায় ভূতানি প্রিয়াণি ভবন্তাত্মনপ্ত কীমায় ভূতানি প্রিয়াণি ভবন্তি। ন বা অরে সর্ববস্থ কামায় সর্ববং প্রিয়ং ভবত্যাত্মনস্ত কামায় সর্বাং প্রিয়ং ভবতি। আত্মা বা অরে দ্রেফব্যঃ শ্রোতব্যে। মস্ভব্যে নিদিধ্যাসিত্ব্যে। মৈত্রেয়ি! আত্মনো বা দর্শনেন প্রবর্ণেন মত্যা বিজ্ঞানেনেদ্ সর্ববং বিদিতম ॥ ৫॥

যাজ্ঞবন্ধ্য মোন্দোপার বৈরাগ্যের উপদেশ করিবার অভিপ্রায়ে প্রথমতঃ
শ্বীপুল্রাদি সকল বিষয় হইতে মৈত্রেরীর বৈরাগ্য-উৎপাদক "ন বৈ" ইত্যাদি প্রভির
অবতারণা করিতেছেন। প্রভিন্ত "বৈ" শব্দ ছারা বক্ষ্যমাণ বাক্যের সকল বিষয়গুলির লোকিক প্রসিদ্ধি দেখান হইল। যাজ্ঞবন্ধ্য উপদেশ করিলেন বে, অরে
মৈত্রেরি! ইহা খুব প্রসিদ্ধ মে, জারা পতির প্রয়োজনে পতিকে ভালবাপে না,
কিন্তু কেবল নিজের আবশ্রুকে পতিকে ভালবাসে। এইরূপ পতি বে
ভারাকে ভালবাসেন, তাহাও জারার প্রীতির জন্ম নহে, কেবল আত্মার
(নিজের) প্রীতিসাধনের জন্ম। প্রস্তুসকলের প্রীতির নিমিন্ত পুত্রগণ পিতার

লোকে, যে ধন-রত্নাদি ভালবাসে, তাহা তাহাদিগের প্রয়োজনে নহে; নিজের স্বার্থে। ব্রাহ্মণের কামনা (প্রীতি) সাধনের জগু ব্রাহ্মণকে কেহ ভক্তি করে না, কিন্তু আত্মার স্বার্থদিদ্ধির জন্ম ভাদ্ধণ অপর জাতির প্রীতিপাঁত হন। ক্ষত্রিয়ের স্বার্থে কেহ ক্ষত্রিয়ের প্রতি সমাদর করে না, কিন্তু আত্মার কার্য্যসিদ্ধিই তাহার উদ্দেশ্র। স্বর্গাদি-লোক যে লোকের প্রীতির কারণ হয়, তাহা স্বর্গাদি-लारकत निषय थारबाक्तन नरह, किन्न आञ्चात जिल्लामन निवन्तन लारक লোকের প্রিয় হয়। লোকে যে দেবপূজাদি করে, তাহা দেবতাগণের প্রীত্যর্থ নহে, উপাদকের অভীষ্টদিদ্ধিই মুণ্য উদ্দেশ্য এবং অস্তান্ত প্রাণিদকল যে পরস্পর প্রণয়-সতে আবদ্ধ হয়, তাহার কারণ নিজ নিজ স্বার্থ, পর-প্রয়োজন নহে। আর অধিক কি, কাহার জন্মও ঝেঁহ প্রিশ্বহয় না, কিন্তু সকলেই একমাত্র আত্মার প্রীতির জনাই প্রীতির পাত্র হয়। এথানে সর্ব্ধপ্রথমে অতিপ্রিশ্ব স্ত্রীপুত্রাদির উল্লেখ করিবার উদ্দেশ্য এই যে, তাহাদের নিকট হইতে যাহাতে শীঘ্র বৈরাগ্য উৎপন্ন হয়, তহপায়-প্রদর্শন অবশ্রুক; এজ্ঞ বাহাদের সঙ্গে অধিক দূর সম্বন্ধ, ক্রুমে সেই সকল বস্তুর উল্লেথ করা হইয়াছে। এই প্রবন্ধ দারা এই অর্থ**ই** প্রকাশ করা হইল যে, ইহলোকে আত্মা অপেক্ষা আত্ম অধিক প্রির কেই নাই। বত কিছু প্রিয় হয়, তৎসমন্তই আত্মার প্রীতির জন্ম প্রিয় হয় মাত্র।

ইতঃপূর্ব্বে "তদেতৎ প্রেয়ঃ পূজাৎ" অর্থাৎ সেই এই আত্মা বা ব্রহ্ম, পূজ অপেক্ষাও প্রিয়, ইত্যাদি বাক্য ধারা আত্মার যে প্রিয় কথিত হইয়াছে, এখানে তাহারই বিন্ধার করা হইয়াছে মাত্র, এবং এই কথা দারা এইমাত্র প্রদর্শিত হইতেছে যে, আত্মাতে যে প্রীতি, তাহাই স্বভাবিক বা মুখ্য, এই আত্মার প্রীতির কারণ বলিয়া অন্যান্য স্ত্রীপূজাদিকে প্রিয় বলা হয়। হতরাং তাহাদিগের উপর প্রীতি গৌণ। অতএব মুমুকু ব্যক্তি সেই প্রিয়ভম আত্মাকে দর্শন করিবে অর্থাৎ প্রত্যক্ষ করিবে। কি উপায়ে দর্শন করিবে? এই আকাজ্জায় প্রতি নিজেই তাহার উপায়বিধান করিতেছেন।—আত্মার কথা প্রবণ করিবে অর্থাৎ প্রথমে গুরুমুখে প্রবণ করিয়া পশ্চাৎ শ্বয়ং গুরু ও বেদাস্তর্বাক্য আলোচনা করিবে। অতঃপর প্রত্যুক্ত সেই সকল উপদেশের প্রতিকৃত্ব কর্ম পরিত্যাগ পূর্বক অয়কুল তর্ক ধারা আত্মতন্বের ছিরীকরণ বা মনন করা কর্মব্য। অবশেষে ছিরীকৃত সেই উপদিষ্ট আত্মতন্বের একাপ্রতাসহকারে ধ্যান বা চিন্ধার্মণ নিদিধ্যাসন করা উচিত। উল্লিখিত প্রবণ, মনন ও নিদিধ্যাসন এই তিনটি সাধন সিদ্ধ হইয়া বথন একভাবে পর্যাবসিত হয়, ভখনই

সম্ভেক্ত আত্মদর্শন সম্পন্ন হয় অর্থাৎ প্রাপ্তক অধৈত ব্রহ্ম প্রকাশ পার। নচেৎ একটিমাত্র হসম্পন্ন ইইলেও তত্তারা আত্মতত্ত্বাভ হয় না।

বেমন বিজ্ঞত দর্পবৃদ্ধি ভ্রান্তিমাত্র, অবিষ্ণার কার্য্য, ত্রৈরপ অবিষ্ণা ধারা ওদ্ধ, মৃক্ত আত্মার উপর যে কর্মাজনিত ব্রাহ্মণত্ব-ক্ষভ্রিয়ত্তাদি বর্ণ ও ব্রহ্মচর্য্যাদি আশ্রমের আরোপ ক্রা হয়, ঐ আরোপ জ্ঞানের বিষয়—ক্রিয়া দাখন ও ক্লা ইহারা দকলই অবিষ্ণার কার্য্য, তাহাকে ধ্বংদ না করিলে ব্রহ্মস্বরূপ প্রকাশ পায় না। গ্রজ্ঞ ঋষি যাজ্ঞবন্ধ্য বর্ণাশ্রমধর্ম্মবিমর্দ্দক উপায় বলিভেছেন যে, হে মৈত্রেয়ি! আত্মাকে দশন ক্রিলে ও মনন করিলে এই জাগতিক দকল পদার্থ দৃষ্ট, শ্রুত, মত অর্থাৎ চিস্তিত ও বিজ্ঞাত হয়॥ ৫॥

ব্রহ্ম তং পরাদাদেয়াহ গুত্রাত্মনো ব্রহ্ম বেদ, ক্ষলং তং পরাদাদেয়াহ গুত্রাত্মনঃ ক্ষত্রং বেদ, লোকান্তং পরাহুর্যোহ-গুত্রাত্মনো লোকান্ বেদ, দেবান্তং পরাহুর্যোহ গুত্রাত্মনো-দেবার্ বেদ; স্থানি তং পরাহুর্যোহ গুত্রাত্মনো ভূতানি বেদ, সর্বাং তং পরাদাদেয়াহ গুত্রাত্মনঃ সর্বাং বেদেদং ব্রক্ষেদং ক্ষত্রমিমে লোকা ইমে দেবা ইমানি ভূতানীদন্তু সর্বাং যদয়মাত্মা॥ ৬॥

পূর্ব-শ্রুতিতে উক্ত হইয়াছে বে, "আয়জ্ঞানে সর্বজ্ঞান সিদ্ধ হয়।"

একণে এই শ্রুতির উপর এইরপ আগতি ইইতেছে বে—এক বস্তুর জ্ঞানে অপর
পদার্থ জ্ঞাত হইবে কিরপে ? আয়া পূথক পদার্থ, জগংও পৃথক্
পদার্থ; স্পুতরাং আয়ার জ্ঞান হইলে এই সমস্ত জ্ঞাৎ পরিজ্ঞাত
হওয়া অসম্ভব ? উত্তর,—না, ইহাতে কোন দোষ নাই; কারণ, এই
জগরাওলে আয়া ভিন্ন দিতীয় কিছু নাই, এ কথা ইতঃপূর্ব্বেও আনেকবার বলা হইয়াছে। যদি আয়-ব্যতিরিক্ত কিছু থাকিত, তাহা
হইলে তাহার জ্ঞানও সম্ভব হইত না, কিন্তু এই সংসারে আয়াব্যতিরিক্ত আর কিছু নাই। এক আয়াই এই সর্বব্যসন্ম হইয়া
করেছিতি করিতেছেন।

বেহেতু, আত্মাই জগনায় হইয়া অবস্থিতি করিতেছেন, অতএব আত্ম-विकारनहे मर्सिविकान माधिक हम। आचा य किन्नाल मर्सिमम, जोड्डा योक्करका শ্রুতিবাক্য সাহায্যে গুনাইতেছেন যে, ব্রন্ধ অর্থাৎ ব্রাহ্মণজাতিকে আত্মা হইতে পুথক দৃষ্টিতে দেখে, অর্থাৎ এই ব্রাহ্মণজাতি আত্মস্বরূপহীনতা নিবন্ধন আত্মাই নহে, এইরূপ যিনি জানেন, বান্ধণজাতি তাঁহাকে পরাস্ত করেন। তাৎপর্যা এই-ব্রাহ্মণজাতি যখন মনে করেন যে, আত্মস্বরূপ আনাকৈও আত্মা হইতে ভিন্ন বলিয়া জ্ঞান করিতেছে: তথন আত্মাপমানকারী সেই ভ্রান্তপুরুষকে ব্রাহ্মণজাতি অবজ্ঞায় উপেক্ষা করেন। কারণ, পরমাত্মা সকলেরই, হদরে আত্মরূপে বিরাজমান, তাঁহার অবিদিত কিছুই নাই। এইরূপ ক্ষল্রিজাতি সেই আত্মভিন্নরূপে দর্শনকারীকে পরাস্ত করে। যে ব্যক্তি লোক সকলকে আত্ম-ভিন্নরূপে জানে, সমস্ত লোকই তাহাকে পরাভূত করে এবং যিনি মনে করেন যে, দেবতাগণ আত্মা নহে অর্থাৎ আত্মা হইতে ভিন্ন, দেবতাগণ দেই ভেদদর্শীকে অনাদর করেন। সেইরূপ প্রাণী সক্রলকে যে অনাযুভাবে দেখে, সমস্ত প্রাণী তাহার অপকার-সাধন করে। আর অধিক কি, সমস্ত জগৎই তাঁহার প্রতিকৃল হয়, থিনি সমস্ত জগৎকে অনাত্মকরপে অবলোকন করেন। অতএব এই বন্ধ, ক্ষত্রিয়, ভূভুবি: প্রভৃতি লোকসকল, দেবগণ, ভূতগণ, অধিক কি, উক্ত অমুক্ত সমস্তই আত্মা, যে আত্মা দ্রষ্টব্য, শ্রোতব্য, মন্তব্য প্রভৃতি শব্দ দারা निर्मिष्ठे हरेबा हिन, এरे कांपरे मिरे जायामब, - जाया जिन्न जांत्र किन्नरे नारे। য়েহেতু, এই জগৎ আত্মা হইতে সমুদ্ৰত, আত্মাতে অবন্থিত ও অন্তকালে আত্মাতেই বিলীন হয়; অতএব আত্মব্যতিরেকে যখন জগতের প্রতীতিও হয় না. তথন আত্মা এই সর্বজগন্ম, ইহা স্থির ॥ ७॥

স যথা ত্ন্তেইঅমানস্থান বাহাঞ ছব্দাঞ্ছর ্যাদ্-গ্রহণায়, তুন্তেম্ভ গ্রহণেন তুন্দুভ্যাঘাতস্থা বা শব্দো গৃহীতঃ॥ ৭॥

যদি বল, এই সমস্ত জগৎই আত্মস্বরূপ, আত্ম-ব্যতিরিক্ত আর কিছুই
নাই; ইহা এই বর্তমান অবস্থায় গ্রহণ করা সম্ভব কিরুপে ? অথচ যাহার
গ্রহণ (জ্ঞান) অসভব, তাহার অভিত্তেই বা প্রমাণ কি ? তাহার উত্তর
হাঁ, ইহা প্রমাণসিদ্ধ, যে স্বরূপ না থাকিলে যাহার জ্ঞান হয় না, তাহাই তৎস্করূপ
দেখা যার, যেমন "বট: প্রকাশতে" অর্থাৎ ঘট প্রকাশ পাইতেছে,

বলিলে প্রকাশ ব্যতিরেকে ঘটের অস্ক্রিত্ব অবগত হওয়া যায় না, স্নতরাং ঘট প্রকাশময়। এইরপ চিৎপ্রকাশ অভাবে বস্তুর বস্তুত্ব উপলব্ধ হয় না, স্নতরাং বস্তু চিৎস্বরূপ। আত্মার লক্ষণ প্রকাশ, অতএব পদার্থমাত্রই আত্মময়।

যাহা যে স্বরূপ বাতিরেকে বিজ্ঞাত হয় না, তাহা তৎস্বরূপ, এই নিয়মে শ্রুতি প্রথমতঃ "দ যথা" বলিয় লৌকিক দৃষ্টান্ত প্রদর্শন করিতেছেন:—কাষ্টাদি দারা তাড্যমান (বাত্মমান) ছুকুভির শন্ধরাশিতে মিশ্রিত অপরাপর শন্ধ যেমন পৃথক্রপে গৃহীত হয়়ুনা, এমন কি, পৃথক্ পৃথক্রপে ছুকুভির বিশেষ বিশেষ শন্ধদকলও হয় না; কেবল "এ দকল ছুকুভির শন্ধ" এই-রূপ দামান্তাকারে জ্ঞান হয় মাত্র। বিশেষতঃ দে দময়ে দকল শন্ধই ছুকুভিশন্ধের অন্তর্গত হইয়া পড়ে, তথন তাহাদিগকে পৃথক্ করিয়া বিশ্লেষণ বা অন্তত্তব করা অত্যন্ত অসম্ভব। তবে এইমাত্র হয় বে, ব্যাপক সেই ছুকুভিশন্ধ গ্রহণ করিলেই তৎসঙ্গে ব্যাপ্য সমন্ত শন্ধই গৃহীত হয়; কিন্তু কোন শন্ধের পৃথক্ভাবে "এই দে শন্ধ" ইত্যাকার বিশিষ্ট জ্ঞান হয় না বা নির্দেশ করিবার লক্ষণ বাঁকে না। 'অত্বিব ব্রিতে হইবে যে, কি স্বপ্লাবস্থা, কি জাত্রানবস্থা, উভ্যম দশাতেই যথন বিজ্ঞান ব্যতীত বস্ত বিজ্ঞাত হয় না, হতরাং সেই ছই অবস্থায় সমন্ত বস্তর অভাব বৃক্তিসিদ্ধ। কিন্তু যাহা গৃহীত হয়, তৎসমন্তই বিজ্ঞানমাত্র। অতএব আত্মব্যতিরেকে কোন অবস্থাতেই কিছু নাই, সমপ্তই আত্ময় জানিবে॥ ৭॥ •

দ যথা শন্ধস্য খ্যায়মানস্থ ন বাহ্যাঞ্ ছব্দাঞ্ ছকুয়াদ্-গ্ৰহণায় শন্ধস্থ তু গ্ৰহণ্ণেন শঞ্খ্যস্থ বা শব্দো গৃহীতঃ॥৮॥

হন্দুভি-শব্দের মত উচ্চৈঃস্বরে বীষ্ণমান শৃত্যধ্বনির গ্রহণ বা জ্ঞানকালে বেমন
শব্দান্তরের গ্রহণ বা জ্ঞান হর না, কেবল শত্যধ্বনিই গৃহীত হর, কিন্ত গৃহীত শত্যধ্বনির সমভিব্যাহারে অক্যান্ত সামান্তবিশেষ শব্দরাশিও সামান্তাকারে গৃহীত হর, কিন্তু করাপিও "এই সেই শব্দ" এইরপ বিশেষাকারে জ্ঞান করিবার সক্ষণ পরিদৃষ্ট হর না॥৮॥ স যথা বীণায়ৈ বাজমানায়ৈ ন বাছাঞ ছব্দাঞ ছব্দু-য়াদ্ গ্রহণায় বীণায়ৈ তু গ্রহণেন বীণাবাদস্ত বা শব্দো গৃহীতঃ॥ ৯॥

আর বেমন বীণা বাজাইলে বীণার শব্দ ভিন্ন অন্য শব্দ সকল পৃথক্রপে জ্ঞাত হর না, কিন্তু বীণা-শব্দের দক্ষে অন্যান্ত শব্দ ও মিশ্রিত হইরা ধার। কিষা বেমন চেতন অচেতনরপে বিজাতীয় বহু পদার্থ দানাত্যবিশেষভাবে বর্ত্তমান থাকিয়া এক মহাসামান্তের অন্তর্ভূত হর, এইর্মপ বিজ্ঞানঘন ব্রহ্মে জাগতিক সমস্ত পদার্থই অন্তর্ভূত। পৃথক্রপে প্রতীত হয় না। কিরপে সেই অন্তর্ভাব অবগত হওয়া যায়, তাহাও বলা হইতেছে—যে শব্দম্ম জাতির মধ্যে শহ্ম, বীণা, হৃদ্ভি প্রভৃতি শব্দমাধারণের অন্তর্ভাব প্রত্যক্ষদির, ক্রমপ জগতের স্থিতিকালে সামান্ত ও বিশেষভাবে পৃথক্ সন্তার অনুপলন্ধিবশতঃ (একমাত্র ব্রহ্মের প্রকাশ ব্যতিরেকে) এক ব্রহ্মময়ত্ব অবগত হইতে পারিবে। স্থিতিকালের মত উৎপত্তিকালেও উৎপত্তির পূর্দের যে একমাত্র ব্রহ্ম ছিল, তাহাও মতে উৎপত্তিকালেও উৎপত্তির পূর্দের যে একমাত্র ব্রহ্ম ছিল, তাহাও মুর্বেম্বাধ নহে॥ ১॥

স যথার্টেধাগ্নেরভ্যাহিতাৎ পৃথদ্ধুমা বিনিশ্চরন্ত্যেবং বা অরেহস্ম মহতো ভূতস্ম নিঃশ্বনিত মেতদ্যদ্থেদো-যজুর্বেদঃ সামবেদোহথর্বাঙ্গিরস ইতিহাসঃ পুরাণং বিচ্যা-উপনিষদঃ শ্লোকাঃ সূত্রাগ্যুক্ব্যাখ্যানানি ব্যাখ্যানান্যস্তৈ-বৈতানি সর্বানি নিঃশ্বসিতানি ॥ ১০ ॥

এ বিষয়ে দৃষ্টান্ত এই—যেমন বিভাগের পূর্বে ক্ষুলিঙ্গ, অঙ্গার, জ্যোতিঃ প্রভৃতি কার্য্য এক অগ্নিরপেই পরিগৃহীত হয়, অর্থাৎ ক্ষুলিঙ্গান্ধারাদি বিভক্ত হইবার পূর্বে যেমন একমাত্র অগ্নিভিন্ন বিভীয় কিছুই প্রতীত হয় না, তেমন নামরূপে অভিব্যক্ত এই জগংও ব্রহ্ম হইতে অভিব্যক্ত হইবার পূর্বে এক ব্রহ্ম ভিন্ন আর কিছুই ছিল না, সে সময়ে কেবল বিজ্ঞানখন আনন্দময় ব্রহ্মই বিরাজমান ছিলেন। এই কথাই শ্রুতি বলিতেছেন।

বেমন আর্ত্রকাণ্ডের প্রদীপ্ত অগ্নি হইতে নানাপ্রকার ধুম ও ফুলিঙ্গাদি পূথক প্রথকরপে বিনির্গত হয়, অন্নি মৈত্রেমি ৷ দেইপ্রকার নাম-রূপে অভিবাক্ত ব্রহ্ম হইতে এই ঋথেদ, যজুর্বেদ, সামবেদ, অথব্ববেদ ও আঙ্গিরস (চতুর্বিধমন্ত্র), ইতিহাস, পুরাণ, বিষ্ণা, উপনিষদ, শ্লোক, ফুত্র, অমুব্যাথ্যা, ব্যাথ্যান * প্রভৃতি সমস্তই নিগতৈ হইয়াছে, ইহারা এই মহামহিম নিতাসিদ্ধ ব্রন্ধের নিঃখাসের ক্যায় স্বেত্ট বিনির্গত অর্থাৎ নিখাস-প্রখাসক্রিয়া বেমন অনামানে সাধিত হয়, তমিমিত্ত প্রাণিগণের আর চেষ্টা করিতে হয় না, তেমন এই দকল মনুষ্যবৃদ্ধির ছজ্জের প্রকাণ্ড ঋগেদাদি শাল্লদণ্ডও দেই পরমমহৎ পরমেশ্বরের অফুপ্রস্থত কার্য্য, এতন্নিমিত্ত তাঁহাকে কোন ফ্লেশ বা প্রয়াস পাইতে হয় নাই। এইরপে নিতাসিদ্ধ নিয়মিত রচনানিবদ্ধ মন্ত্র ও ব্রাহ্মণ উভর ভাগই প্রমেশ্বর হইতে নিশ্বাদের মত অভিব্যক্ত ইইয়াছে। অতএব অপৌরুষেয়ত্ব হেতু বেদ স্বতঃপ্রমাণ; অন্তশান্ত্র যেমন নিজের প্রামাণ্যের জন্ত অন্তপ্রমাণের অপেক্ষা করে, বেদ সেইরূপ স্বীয় প্রামাণ্য সাধন করিতে কাহারও মুগাপেক্ষা করেন না অর্থাৎ বেদবাকাকে প্রমাণ করিতে অন্ত কোন ব্যক্তিতকাঁদি অপেক্ষণীয় নহে, অপৌক্ষেয়ত্বই ইহার যথেষ্ট প্রমাণ। কারণ, অক্তান্ত শাস্ত্রসমূহ পুরুষ দারা রচিত এবং পুরুষমাত্রই যথন ভ্রমপ্রমাদাদি-দোষগ্রন্থ, স্বতরাং তাহাদের প্রণীত গ্রন্থও ভ্রমপ্রমাদাদাদাযে দূষিত হওয়াই সম্ভব; কাজেই তাহার পরীক্ষার প্রয়োজন—শাস্ত-বিহিত পরীক্ষা দারা যাহার निर्फायक अमाणिक हव, राहे भारते अमाण हव। किन्त त्रम यथन जम-প্রমাদাদিবিরহিত-প্রমত্রদ্ধকর্তৃক প্রকাশিত হইয়াছে, তথন আর তাহার সম্বন্ধে পরীক্ষার প্রয়োজন কি ? বেহেতু, এই শাস্ত্র প্রমাণ কি অপ্রমাণ ? এই সন্দেহেই পরীক্ষার আরম্ভ হয়, ঈশ্বর-বাক্যে যথন কাহারও প্রামাণ্য-সন্দেহ নাই, তথন তাহার পরীক্ষার প্রযোজনও নাই। অতএব বেদ যাহা বাহা বলেন-জ্ঞান, কি কর্ম, সমস্তই আত্ম-হিতেচ্ছু মনুষ্য অবনত মন্তকে "যে আক্রা বলিয়া" স্বীকার

^{*} আদিরদ— চতুর্বিধমন্ত্র, ইতিহাস— উর্বাশিপুররবাদি-সংবাদগ্রন্থ বেদের ব্রাহ্মণাংশ।
প্রাণ "অসমা ইদমগ্র আসীং" ইত্যাদি আথারিকা, বিজ্ঞা— বেদজন বিজ্ঞা, বেদ— সোহমনিত্যাদিভাল, উপনিষদ— "প্রিয়মিত্যেরপানাত" ইত্যাদি, শ্রুতিই লোক— ব্রাহ্মণ ভাগত্বিত মন্ত্র, বাহা
বেদে স্নোক নামে অভিহিত আছে। প্র— "আছেত্যেবোপানীত" ইত্যাদি সংক্ষিপ্তার্থবাকা।
অক্ষাবা—মন্ত্রের সমস্ত বিবরণ ব্যাখা— বিধির শুতি বা পরনিক্ষা তর্ধবাদ। অথবা
বন্ধবিষক বিচারবাকোর অক্যাব্যান এবং মন্ত্রের বিবরণ ব্যাখ্যার নাম, ব্যাধ্যার বা
এই অইবিধ ব্যাহ্মণ।

করিবে। যদি বল যে, এই শ্রুতিতে ব্রন্ধ হইতে কেবল নাম (শ্রুমাত্র) স্ষ্টির কথাই উল্লিখিত হইরাছে; সূতরাং তিনি যে রূপের অর্থাৎ নামার্থ বস্তুসকলের স্ষ্টি করিয়াছেন, ইহা পাওয়া যাম না; অথচ ব্রহ্ম যদি বস্তুর স্ষ্টি না করিয়া थार्कन, তाहा हरेल बन्नरक मर्समम ও मर्सकातन वना व्यमन्त्र । छैछत-না,—এরপ আশকা হইতে পারে না, ত্রন্ধ নামের কার্ণ, এ কথা ঘারাই ठाहात गर्सकारण वना रहेबाटह। कात्रण,--वस्त्र विकात वा उर्शिखासरे नामनात्मक व्यर्थाः नामक्षकात्मेत व्यरीत । नाम ना इटेल कान वर्डेट অভিব্যক্ত হয় না।

নাম ও রূপ উভয়ই পরমাত্মা হইতে স্লিলের ফেনের মত অভিব্যক্ত **হইয়া** উপাধিরপে পর্মাত্মার দহিত জীউত থাকে, ব্রহ্ম হইতে বিভিন্নরপে অনির্বাচনীয় ও সর্বাবিধ অবস্থাসপের সেই নাম-রূপে অভিমান বশতঃ নির্ণিপ্ত ব্রহ্ম সংসারী বলিয়া ভ্রম হয়। ইহার নামই সংসার। স্নতরাং নাম বে ব্ৰন্ধের নিশাস, ইহা সঙ্গত কথা। নামকে নিশাস বলিলেই রূপকেও নিশাস বলা হইয়া যায়; অতএব শ্রুতিতে তাহার পূথক উল্লেখ নিশ্রমোজন। অথবা নাম বা রূপ দৈতবস্তমাত্রই অবিষ্ঠার অধিক্রত. সকল বস্তুই পরমান্ত্রা হইতে নিশ্বাসবং নির্গত, ইহাই শ্রুতির তাৎপর্যা। যদিও আ**শস্কা** হইতে পারে যে, যথন শ্রুতি হিদং সর্বাং যদম্মাত্মেতি' এ সমস্তই ব্রহম্বরূপ এই প্রত্যক্ষ বিরুদ্ধ অর্থের বোধক, তথন বেদবাকোর প্রামাণ্য কোথায় গ সেই আশস্কা-নিবৃত্তির জন্মই শ্রুতি বলিলেন যে, বেদ প্রমান্থার বৃদ্ধিপ্রয়াদে স্ষ্ট নহে, নিশ্বাসবৎ স্বপ্রস্থত। অতএব অপৌক্ষেয়ত্ব-নিবন্ধন অন্তশাস্ত্রের মত তাহার অপ্রামাণ্য শঙ্কা নাই অর্থাৎ আপাততঃ বিরুদ্ধ অর্থ প্রকাশ করিলেও তাহা প্রমাণ শ্রমের বচন ॥ >०॥

দ যথা সৰ্কাদামপাত সমুদ্ৰ একায়ন মেবত দৰ্কেষাত্ স্পর্শানাং স্বগেকায়ন মেব্রু সর্বেষাত্র রসানাং জিহ্বৈকায়ন-মেবল সর্কেষাং গন্ধানাং নাসিকে একায়ন মেবল সর্কেষাত রূপাণাঞ্চস্কুরেকায়ন মেব্দু সর্বেষাদু শব্দানাদু শ্রোত্তমে-কায়ন মেব্ সর্বেষাত সংকল্পানাং মন একায়ন মেব্ত मर्स्वामां विष्यांनां क्षत्रयुग्यकाय्य एमवे मर्क्यां कर्मांनां कर्मांनां

হস্তাবেকায়ন মেবত সর্কোষা মানন্দানামুপন্থ একায়ন মেবত সর্কোষাং, বিদর্গাণাং পায়ুরেকায়ন মেবত সর্কোষাধ্বনাং পাদাবেকায়ন মেবত সর্কোষাং বেদানাং বাগেকায়নম্॥ ১১॥

পূর্ব্ব পূর্বব শ্রুতিটে কথিত হইয়াছে বে, সৃষ্টি ও স্থিতিকালে ব্রহ্ম ব্যতিরেকে কোন বস্তুর উপলব্ধি হয় না, অতএব ব্রহ্ম এই জগন্মর বা এই জগৎই ব্রহ্মময়, কেবল ইহাই নহে, প্রলয়কানেও ব্রহ্ম ব্যতিরেকে কোন বস্তুর সন্তা নাই, অতএব একমাত বৃদ্ধ সং। যেুমন জল হইতে সমূথিত জলবুদ্বৃদ, ফেন, ভরক প্রভৃতি জলবিকার জল ব্যতিরেকে স্থিতি লাভ করিতে পারে না, এজন্য তাহারা জনস্বরূপ বলিতে হয়। এইরূপ প্রলয়কালে সেই ব্রন্সেই লীয়মান নাম রূপ ও তৎসম্ভূত কার্য্যকলাপের ব্রহ্ম ব্যতিরেকে পৃথক্ সতা থাকে না, অভাব প্রত্যক্ষ হয়, অতএন জগৎ প্রশন্তকালেও ব্রহ্মস্বরূপ ; বেহেতু, ব্রহ্ম হইতে জগতের উৎপত্তি, ব্রহ্ম স্থিতি, এবং পরিণামেও তাহাতেই লয়; অতএব একই ব্রহ্ম সর্ব্যদা বিজ্ঞানখন ও একভাবাপন্ন ইছা জানা উচিত, এবং এই এক ব্ৰন্ধজ্ঞান সিদ্ধ হয়। সেই ব্রহ্মে কি ভাবে জগতের প্রলয় হয় তাহা দেখাইবার জন্ম লৌকিক দৃষ্টান্তসকল প্রদর্শিত হইতেছে;—যেমন সমস্ত বাপী-কৃপ-তড়াগাদি-জ্লাশব্বের একমাত্র গন্তব্য স্থান-একীভাব-প্রাপ্তির স্থান মহাসমূত্র। যেরপ বায়ুর আত্মভূত মৃত্-কর্কণ-কঠিন ও পিচ্ছিলাদি স্পর্শের একমাত্র আশ্রয়—ত্বক্ অর্থাৎ সাধারণ স্পর্ণ। (এথানে ত্ত্শব্বের অর্থ—ত্তগিন্তিয়-গ্রাহ্য সাধারণ ম্পূৰ্ণ) কারণ সমূদ্রে জলবিন্দু পতিত হইলে ষেমন তাহা একাকার প্রাপ্ত হয়, সেইরপ এই স্পর্ণ-সামান্তে নিপতিত বৈশেষ বিশেষ স্পর্শও সেই স্পর্শ-সামানো অন্তর্ভূত হইয়া যায়। সেই সাধারণ স্পর্শের অভাবে আর বিশেব স্পর্শের সত্তা অনুভূত হর না। তাহারা সামাত স্পর্শের অংশবিশেষরূপে বৰ্তমান থাকে।

এইরপ স্পর্শনামান্যও মন:সঙ্গলে লীন হয় * অর্থাৎ বাহা কিছু মনোবৃত্তির বিষয়, তৎসমূদায়ে সকল স্পর্শ-ই বিলীন হয়; অর্থাৎ সেই মনোবৃত্তি অভাবে

[্]বেলান্তমতে অভ্যক্ষণ চতুর্জাগে বিভক্ত—মন:, বৃদ্ধি, অহন্ধার এবং চিত্ত। তমধোও
সক্ষ নংশ্য বা বিকল্প মনের কার্যা, নির্ণয় করা বৃদ্ধির কার্যা, অভিযান অংকারের কার্যা, এবং ক্ষরণ চিত্তের কার্যা, এই কথাই উক্ত ইইলাছে—"ন্বোবৃদ্ধি রহকার
কিন্তা কারণ মান্তরম্। সংশালা নিশ্চলোগর্কা: ক্ষরণং বিবলাইমে ইতি।

শার্ল সামান্তও অসক্রপে পরিণত হয়। এইরপ মনোর্ভির বিষয়সকলও বৃদ্ধির্ভির বিষয়মধ্য লীন হয়; অর্থাৎ মানসিক বিষয় সকল বৃদ্ধি অভাবে অভাব প্রাপ্ত হয়। বৃদ্ধির্ভির সহিত একজপ্রাপ্ত হয়। বিজ্ঞানখন পরিপূর্ণ পরশব্রেজ সমৃত্রে জল বিলয়ের মত বিলয় প্রাপ্ত হয়। এইরপ পরম্পারা ধরিয়া শব্যাদিবিষয়সকল য় য় কারণ ইত্রিয়রুভি সহকারে পরব্রেজে বিলীন হইলে পর দ্বিতীয় উপাধির অভাবে ব্রহ্ম সৈদ্ধবলবধথণ্ডের ন্যায় এক প্রজ্ঞান ঘন অথও অন্তহীন নিরবিছিয় আনন্দ-রসময় য়রপে প্রকাশ পাইয়া থাকেন। অভএব আয়া এক, অবিতীয়, ইহা অবগত হওয়া উচিত। পূর্ববিৎ গদ্ধসকলের অর্থাৎ স্ক্রম পার্থিব অংশবিশেষসমূহের ষেমন নাসিকাদ্ম শ্রা আগত্রিরের বিষয়সামান্যে অন্তর্ভাব একমাত্র আশ্রয়, সর্ববিধ রয়ের বা জলীয় বিশেষ অংশের যেমন রসনা বা রসনেজ্রিয়ের বিষয়সামান্য বা তৈজস অংশবিশেষ এবং রূপ-সকলের যেমন চক্র্ম (চক্র্মবিষয়-সামান্য) একমাত্র আশ্রয়, এবং সমস্ত শব্রের বেমন শ্রেত্রই একমাত্র লয়ের আধার, এথানেও পূর্ববিৎ (স্পর্শের নাায়) শ্রোত্রাদি ইন্দ্রিয়গ্রাহা বিষয়সকলের মনোর্ভিসক্রের, পরে তাহার বৃদ্ধির্ভিতে, তৎপরে পূনঃ বৃদ্ধির্ভির বিজ্ঞানময় ব্রজ্ঞতে লয় হইয়া ব্রহ্মভাবপ্রাপ্তি দৃষ্ঠায় ব্রহয় জানিরে।

এইরপ কর্মেন্সিয়ের (বাক্, পাণি, চরণ, পায়ু ও উপস্থের) বিষয়
(কথন, গ্রহণ, গমন, মলত্যাগ ও আনন্দবিশেষ) সমূহ ক্রিয়াসামান্যেরই
অন্তর্ভুত, সমুদ্রে জলবিন্দ্র মত ইহাদের সাধারণ ক্রিয়া হইতে বিশ্লেষণ করা
অসম্ভব। বিচার করিয়া দেখিলে দেখা যায়, উহারাও এক প্রাণের অন্তর্ভুত,
আবার প্রাণ ও প্রজ্ঞান বস্ততঃ বিভিন্ন নহে। কৌষাত্রকিই বলিয়াছেন, "যে প্রাণ,
সেই প্রজ্ঞা, যাহা বিজ্ঞান, তাহাই প্রাণ।" এইরূপ হাদয় যেমন সমস্ত বিদ্যার
আত্রর এবং হস্ত যেমন সকল কর্ম্মের আত্রয়, এবং উপস্থ যেমন সমস্ত আনন্দের
এক আধার এবং সমস্ত মলত্যাগের যেমন একমাত্র পায়ুই (গুরুষার) উপায়,
এবং সর্ব্ব পথিগমনের পক্ষেই যেমন একমাত্র পদম্বর্ত্ব প্রধান সহায় এবং বেদ
যেমন সমস্ত বাক্রের মূলাধার (ব্রহ্মও তেমন সর্ব্বজ্ঞাতের মূলাধার)। ক্রতি
শব্দাদিবিষয় ও তদ্গ্রাহক ইক্রিয়, এই উভয়্বকে সমানজাতীয় জ্ঞান করিয়া এখানে
কেবল বিষয়লয়ের কথাই বলিয়াছেন; এজন্য পৃথক্ করিয়া আর ইক্রিয়লয়্মের কথা বলেন নাই। এই বিষয়ে যেন কেহ সন্দেহ না করেন, এজন্ত
ভায়্যকার ক্রতির তাৎপর্য্য বলিয়া দিতেছেন যে, বিষয়ের স্বপ্রকাশক
অব্যববিশেষের নাম ইক্রিয় অর্থাৎ যেমন অবস্থান্তরপ্রপ্রাপ্ত রূপই

প্রদীপনাম ধারণ করে, এবং প্রদীপাকারে সর্কবিধ প্রকাশ্রকে প্রকাশিত করে; সেইরূপ শব্দাদিবিষয় সকলও অবস্থাস্তরিত হইয়া শ্রোত্রাদি ইন্দ্রিয় সংজ্ঞা লাভ করে, এবং স্ব স্ব-বিষয় প্রকাশ করে। অভএব ব্রন্সজিজ্ঞাস্থ ইন্দ্রিয়লয়ের জন্ম পৃথক্ চেষ্টা করিবেন না; কারণ, বিষয় ও ইন্দ্রিয় একই, এক বিষয়-লয়ের দারাই ইন্দ্রিয়লয় দিদ্ধ হয়॥১১॥

স যথা সৈদ্ধবখিল্য উদকে প্রাস্ত উদকমেবাসুবিলীয়েত ন হাস্ফোদ্গ্রহণায়েব স্থাৎ।

যতো যতস্ত্রাদদীত লবণমেবৈবং বা অর ইদং মহন্ত্ত-মনন্তমপারং বিজ্ঞানখন এবৈতেভ্যো ভূতেভ্যঃ সমুখায় তান্তেবামু বিনশ্যতি ন প্রেত্য সংজ্ঞান্তীত্যরে ব্রবীমীতি হোবাচ যাজ্ঞবন্ধ্যঃ ॥ ১২ ॥

পূর্ব্বে প্রতিজ্ঞা করা হইয়াছে যে, "ইদং সর্বাং য়দয়মাত্মা" অর্থাৎ এই নামরপাতিব্যক্ত সমস্ত জগৎ আত্মমর, এবং সেই কথার সমর্থনের নিমিত্ত সর্বত্ত
যে আত্মার প্রতীতি, আত্মা হইতে সকলের উৎপত্তি, আত্মাতে লয়
প্রভৃতি হেত্রূপে প্রতিথাদিত হইয়াছে; আর যে প্রতিজ্ঞা করা হইয়াছে য়ে,
যেহেত্ উৎপত্তি, স্থিতি ও প্রলয়, কোন সময়েই বিজ্ঞান (ব্রহ্ম) ব্যতিরেকে
জগতের পৃথক্ উপলব্ধি হয় না, অতএব এই সমস্ত জগৎ ব্রহ্মময়;
অথবা ব্রহ্মই সর্বাজ্ঞগন্ময়, এই কথাটি তর্ক দারা প্রতিপন্ন করা হইয়াছে।
পৌরাণিকগণ বলেন যে, কার্য্য সকলের স্থ স্থ প্রকৃতিতে স্থিতিরূপ যে
প্রলয়, তাহা স্থাভাবিক; তাহাতে কোন হেত্তরের অপেক্ষা নাই। কিছ
যাহা জ্ঞান দারা সম্পাদিত অর্থাৎ ব্রদ্ধবিদ্গণের ব্রন্ধবিদ্যা হইতে উৎপন্ন, তাহা
অত্যন্তিক প্রলয় নামে অভিহিত। এই প্রলয়সমূহের মধ্যে যাহা অবিদ্যার কার্য্য
শোক-মোহাদিরপ সংসারের উৎপত্তি কল্ফ করিয়া নিম্পায় হয়। অর্থাৎ ব্রহ্মবিদেয় ব্রহ্মজ্ঞান সমৃদ্ধৃত হইলে সমস্ত অজ্ঞাননির্ত্তিপূর্ব্বক আত্যন্তরিক প্রলয়
(মৃক্তি) স্বীকৃত হয়। কেবল তৎপ্রতিপাদনের নিমিত্তই বিশেষরূপে এই
প্রশন্ধ বিচারিত হইতেছে। প্রথমতঃ তাহান্ন দৃষ্টান্ত এই ধে

সৈশ্বৰ * থিলা (জলবিকার ঘন লবণথণ্ড) যেমন স্বীয় কারণ-জলে নিক্ষিপ্ত হইলে জলময় হইরা বায়, এবং যেমন শতকট্পেও অভি নিপুণ ব্যক্তিও আর তাহার প্রত্যুক্ষার করিতে পারে না অর্থাচ সেই লবণ যে উদকে রহিয়াছে, এ বিষয়ে প্রত্যক্ষ প্রমাণ এই যে, যে স্থান হইতে সেই জল মতটুকু আস্থাদন করিবে, দেখিবে, তৎসমস্তই লবণময়।

অতএব সেই জলেতে বে, লবণ নাই, এ কথা বলা শ্যাইতে পারে না; কিন্তু নাই কেবল সেই বিক্ষত কাঠিনাটুকু; এইরপ বিবিধ দৃষ্টান্ত প্রদর্শনের পর যাজ্ঞবন্ধ্য প্রশ্নণ্ট মৈত্রেয়ীকৈ সম্বোধন করিয়া বলিলেন বে, আমি! মেত্রেয়ি! এই পরমান্ত্রা নামক মহাভূতও সেইরপ। যে মহাভূত পরমত্রন্ধ হইতে তুমি গাঢ় অজ্ঞান দারা আছেয় হইয়া নির্গত হইয়াছ ও শরীরেক্রিয়রপ উপাধিসম্পর্কে নিজ (আত্মা) অথও হইতে সসীম অবস্থায় উপনীত হইয়া অনবরত জন্ম, জরা, মরণ, বুজুক্ষা ও পিপাসাদি বিবিধ সংসার-ধর্ম্ম ভোগ করিতেছ, এবং 'আমি অমুকের, বংশজাত' ইত্যাদি লৌকিক নামরপ কার্য্যাবলীতে আবদ্ধ আছ, তোমার সেই শরীরেক্রিয়সমন্ত্রিতে আত্মাভিমানজনিত পরিছিন্ধভাব, আবার মহাসমূদ্রবং অথও, অজর, অমর, অভিন্তু, ওদ্ধ সের্ববং, আনক্ষৈক্রস, ও অবিদ্যার কার্য্য ভ্রান্তিভেদরহিত নিজ কারণ এ মহাভূতে বিলয়-প্রাপ্ত হইবে; এবং যথন স্বকারণ পরমান্ত্রাতে সেই থিল্যভাব ও অবিদ্যান্ধনিত ভেদদৃষ্টি লীন হইবে, তথন কেবল এই এক অবৈত সর্ক্র্ব্যাপী এই ত্রেকালিক সত্য আকাশাদির কারণ মহাভূত পরমান্ত্রাস্বরূপে প্রকাণ পাইবেন।

সেই ব্রহ্ম মহাভূত—মহৎ—অর্থব্যাপক, অর্থাৎ যিনি ভূত ভবিষ্যৎ ও বর্ত্তমান এই কালত্ররে সত্যা, এবং ভূত—অর্থ আকাশাদি ভূতের কারণ, অথবা পরমার্থ, তাঁহার কোনরূপ কাল্লনিকত্ব নাই। লোকিক বস্তু যদিচ নিজ পরিমাণে পর্বতাদির মত মহৎ হইতে পারে, কিন্তু তাহা বাস্তব সং নহে, এইজন্ত 'ভূত' অর্থাৎ পরমার্থ-বোধক শব্দ প্রযুক্ত হইল। এই মহাভূতের অন্ত নাই। অনস্ত বস্তুর কোন কারণ বিশেষকে, অপেকা করিয়া অনস্তত্ব সম্পন্ন হয়, এ জন্ত তাঁহাকে অপার অর্থাৎ অনপেক্ষ বলা হইল। তিনি বিজ্ঞান-ঘন। খন শব্দ অন্ত জাতিবিশেষের প্রতি-

^{*} শুনিক হর ব্লিয়া জলকে নিজু বলা হইয়াছে; নিজুর (জলের) বিকার— (অব্যান্তর) দৈলব অর্থাৎ পার্থিব তাপবশতঃ জলের বে কটিনতাথান্তি, তাহার নাম নৈজব (লবণ)। বিলা অর্থ থক্ত। জল লবণের কারণ বলিয়াই জলে নিজিপ্ত লবণ ইল হইয়া বায়।

বেধার্থ প্রবৃক্ত হইয়াছে অর্থাৎ এই বিজ্ঞান ও পরমাত্মার অন্তরালে অন্ত কোন জাতি নাই অর্থাৎ তিনি বিজ্ঞান হইতে অভিন্ন।

প্রান্ন হইতে পারে যে, যদি ব্রহ্ম এক অধিতীয় ও স্বচ্ছ অর্থাৎ সাংসারিক ত্ব:থে অসম্পুক্ত, তবে তাহা হইতে অভিন্ন জীবের থিল্যভাব অর্থাৎ সৈন্ধব-থণ্ডের স্থায় উক্ত বিক্রজাবস্থার প্রতি কারণ কি ? জীব কেন অনবরত জন্মমরণ-মুখছু:খাদি বিবিধ সাংসারিকভাব ভোগ করে ? তাহার উত্তর এই,—বে সমস্ত কার্য্য-করণাদি (শরীরেন্দ্রিম্বাদি) বিবিধ বিষয়াকারে পরিণত নাম-রূপাত্মক ভত আছে, পূর্বে যাহাদের বিষয় পর্যান্ত প্রজ্ঞান ঘন এক্ষে জল হইতে ফেনবৃদ্বুদের স্থায় বিলয় কথিত হইয়াছে, অলকাদি সম্পর্কে স্বচ্ছ ফটিকের রক্তিমা উৎপত্তির মত किया ज्ञान एश्-छ्यानित প্রতিবিয়োদয়ের মত সেই সকল ক্লগতের হেতুভূত সূত্য শব্দবাচ্য ভূত হইতে ব্রহ্ম জবাকারে উদিত হইয়া তাহাদের সম্পর্কে নানাবিধ স্থগত্থাদি ভোগ করেন এবং ধাহারা আত্মার সসীমভাবের কারণ. বে সকল ভূত হইতে আত্মা উথিত, সেই কার্য্যকরণবিষয়াকারে পরিণত ভূতসকল (শরীরাদি) বে সময়ে উপনিষদ প্রভৃতি অধ্যাত্ম শাস্ত্রালোচনা ও মহামুভব আচার্যাগণের অভাতি উপদেশাদি দারা বিনষ্ট হয়, জীবও সে সময়ে বিলয় প্রাপ্ত ক্রন। জবাকুমুম অপসারিত করিলে ফটিক বেমন স্বাভাবিক নির্মালতা (শুভ্রতা) প্রাপ্ত হয়, এবং নির্মাল জল অপনীত হইলে যেমন চক্র ও সুর্য্যের আর সেই প্রপাধিক অবস্থা থাকে না, সেইরূপ সর্ব্ববিধ উপাধিবিগমে জীবও সমুদ্রে দে সময়ে ফেনবুদবুদাদি • বিলয়ের মত মহাভূতে বিলীন হন অর্থাৎ স্ব-স্বরূপ্রে অবৃষ্টিত হন; কার্যাকরণসমষ্টিরূপ উপাধি হইতে বিমুক্ত জীবের আর কোন উপাধিক ধর্ম্মই থাকে না ; কেবল বিমল জ্রেমানন্দ আস্থাদন করিয়া পরিতৃপ্ত হন।

এ জন্মই "ন প্রেড্য সংজ্ঞান্তি" মৃত হইলে অর্থাৎ কার্য্যকরণাত্মক এই উপাধি বিনষ্ট হইলে জীবের কোন সংজ্ঞা থাকে না—"আমি অমৃক, অমৃকের পূল্র ও আমার এই সম্পত্তি, আমি বাঙ্গণ, আমি ক্ষন্ত্রিয়, আমি ধনী, আমি ফ্রণী ও আমি হংখী" ইত্যাদিরপ সংজ্ঞা অবিদ্যাকার্য্য। অবিদ্যা মৃহীরসী ব্রন্ধবিদ্যার দ্বারা সমূলে উচ্ছির হইলে উক্ত বিশেষ সংজ্ঞার আর সন্থাবনা কোথার? যখন স্বীর চৈত্তন্ত্রশ্বভাবে স্থিত ব্রন্ধবিদের শ্রীরধারণকালেও বিশেষ সংজ্ঞা অসম্ভব, তথন শ্রীরেক্তিয়াদি হইতে সর্বতোভাবে নিম্ক্ত ব্রন্ধবিদের বিশেষ সংজ্ঞা থাকিবে না, এ আর বিচিত্র কি? যাজ্ঞবন্ধ্য থানি নিক্ত ভার্য্যা মৈত্রেরীকে এইরপে পরমার্থ-তন্ত্ব উপদেশ করিয়াছিলেন॥ ১২॥

সা হোবাচ মৈত্রেয়াত্রৈব মা ভগবানমূমূহন প্রেত্য সংজ্ঞাইস্তীতি স হোবাচ যাজ্ঞবন্ধ্যো ন বা অরেহহং মোহং ব্রবীম্যলং বা অর ইদং বিজ্ঞানায়॥ ১৩॥

বিদ্ধী নৈত্রেয়া যাজ্ঞবাজ্যের এই দকল সারগর্ভ বাক্য ধারা প্রবোধিত হইয়া পুন্ত বলিয়াছিলেন যে, হে ভগবন্! একই বস্তু ব্ৰেম্বে সম্বন্ধে বিকৃদ্ধ ছুইটি ধর্মের উল্লেখ করিয়া আপনি আমার জ্ঞানের পরিবর্ত্তে আরও মোহ সম্পাদন করিয়াছেন। কেন না, আপনি যে ব্রহ্মকে পূর্বের বিজ্ঞান-খন आधार मिक्क कब्रिलन, ठाहारक्ट्रे शरत हेरात कान मध्या नाहे विनालन। যেমন এক অগ্নি উষ্ণত্ব ও শীতত্ব এই উভন্ন ধর্মাধিত কথনও হন্ন না; তেমন এক আত্মা উভয়বিধ ধর্মাক্রান্ত কি প্রকারে হইতে পারে ১ এই সন্দেহ আমার হুদয়কে বিমোহিত করিয়াছে; অতএব আপনি আমার হৃদয়গত এই দংশয় বিদ্রিত করুন। যাজ্ঞবন্ধ্য মৈত্রেয়ীর এইরূপ সমস্তাপূর্ণ বাক্য শ্রবণ করিয়া বলিতে লাগিলেন যে, অন্নি মৈতেনি । আনি মোহ ব্যক্তমকর কোন কথাই বলি নাই, সকলই সত্য বলিয়াছি। আর তুমি যে এক আত্মার বিজ্ঞানঘন নাম ও সংজ্ঞাভাবরূপ বিরুদ্ধপ্রের আশঙ্কা করিতেছ, তাহাও মিথা। কারণ, আমি একের উপর এরপ বিরুদ্ধভাবের সমাবেশ কথনও করি নাই, কিন্তু তুমি নিজেই একের উপর এই বিক্রদ্ধভাবের সমাবেশ করিয়া ভ্রমজালে জড়িত হইয়াছ। আমি এইমাত্র বলিয়াছি বে. এই যে অবিষ্ণান্ধনিত এবং কার্য্যকরণ (দেহেন্দ্রিয়)-সম্বন্ধবশতঃ আত্মার খিলাভাব অর্থাৎ পুথগ্ভাব, ব্রন্ধবিছা দারা এই পুথগ্ভাব বিনাশের পর দেহেন্দ্রিয়াদিরপ উপাধি বিলীন হইলে হেতুর অভাবে পুথগ্ ভাবজনিত বিশেষ বিশেষ • সংজ্ঞা এবং শরীরাদির উপরও ব্রন্ধভেদজ্ঞানও বিনষ্ট হয়। বেমন জ্লাধার নষ্ট হইলে তৎপ্রতিবিশ্বিত চন্দ্র-মুর্য্যাদি-প্রতিবিশ্বও বিলয়প্রাপ্ত হয় এবং তাহাদিগেয় সেই জলে প্রকাশও পরিলুপ্ত হয়। তৎসহ সেই চক্রত্র্যাদিও নিরুপাধি হন।

কিন্ত জলাধার নষ্ট হইলে যেমন প্রাক্ত চক্রত্যাদি বিনষ্ট হর না, একপ অসংসারী নিরুপাধি বন্ধের নাশ অবস্তব, ইহাই বিজ্ঞান্যন এই উক্তি ধারা বিদ্যাছি। তিনি সমস্ত জগতের বাস্তব আত্মা, ভূত সমূহের বিনাশ হইলেও উহার কোন ক্ষতি হয় না; কেন না, এই জীবই ব্রহ্ম, ব্রহ্ম অবিনাশী; এইমাত্র বিশেষ যে, অবিষ্ণাক্কত যে থিল্যভাব অর্থাৎ "জীব" এই সংজ্ঞা, কেবল তাহারই বিনাশ হয়। এজন্ম শ্রুতি বলিয়াছেন যে, "বাচারন্তণং বিকারো নামধেয়ন্" অর্থাৎ বন্ধর নাম বাচনিক বিকারমাত্র'; নচেৎ কিছুই নহে। অধিক কি, ব্রহ্ম ভিন্ন সমস্তই বিনাশী; কেবল এক অদিতীয় আত্মা (ব্রহ্ম) ই অবিনাশী—নিত্য-সিদ্ধ। অতএর বৈণিত পরমাত্মবিজ্ঞানই সর্ব্যতোভাবে শ্রেমন্তর; পরে কথিত হইবে যে, বিজ্ঞাতার অধিনাশী বিজ্ঞানাংশের লোপ কথনই হয় না॥ ১৩॥

যত্র হি দৈতমিব ভবতি তদিতর ইতরং জিন্ত্রতি তদিতর ইতরং পশুতি তদিতর, ইতরণ্ড শৃণোতি তদিতর ইতরমভিবদতি তদিতর ইতরং মনুতে তদিওর ইতরং বিজ্ঞানাতি যত্র বা অস্থ্য সর্ব্বমাজ্যৈবাভূত্তৎ কেন কং জিত্রেভিৎ কেন কং পশ্যেত্তৎ কেন কং শৃণুয়াত্তৎ কেন কং মন্ত্রতি তৎ কেন কং বিজ্ঞানীয়াৎ।

যেনেদ্থ সর্বহি বিজানাতি তং কেন বিজানীয়াদ্ বিজ্ঞাতার-মরে কেন বিজানীয়াদিতি ॥ ১৪॥

ইতি চতুর্থং ব্রাহ্মণম।

যদি বল, আত্মা যদি বিজ্ঞানখন হয়, তাহা হইলে পুনশ্চ তাহারই দেহেক্রিয়াদি লয়ের পর "ন প্রেত্য সংজ্ঞাহস্তি" নির্বিশেষত্ব কির্নুপে বলা হইল ?
তাহাও বলিতেছি, শ্রণ কর। অবিজ্ঞানা অজ্ঞানকন্নিত বে বিল্যুভাবের (জীব)
উপর যেন হৈতভাবই আসে, যেহেতু, পর্মাধা অহৈত, তাহার নাম বা রূপ
আত্ম-ভিন্ন বস্তু, ইহা কলিতই প্রতীয়মান হয়। এইরূপ যেন অপর অপরকে
দেখিতেছে, আত্মাণ করিতেছে ইত্যাদি উহারা সমস্তই অবিজ্ঞার কার্য্য। "ইব"
শব্দ ধারা বাস্তবিক হৈতভাবের নিষেধ করা হইরাছে—('ফৈডমিব')। এখানে
এরূপ আশ্বা হইতে পারে যে, সর্ব্বতেই উপমান পদার্থ প্রসিদ্ধ অর্থাৎ
সাঁদ্ভাখনে সর্ব্বাদিসক্ষত হওয়া চাই। কিন্তু উপসনাপেক্ষা উপমেন্ন অপ্রসিদ্ধ
হইলেও দোষ নাই। যেমন "চল্লের মত মুখ্" এই কথা বলিলে সৌন্দর্য্যে
সর্ব্বজনপ্রসিদ্ধ চল্লকে উপমান ও অপ্রসিদ্ধ মুখকে উপমেন্ন বুঝা বার,

এইরপ "বৈত্রমিব ভবতি" এই বাক্যে বৈতকে উপমানস্থানীয় করা হইয়াছে এবং প্রকারান্তরে ব্রশ্ধকেই উপমেয় করা হইয়াছে; অথচ কোনরপেই ইহা হইতে পারে না। কারণ, বৈতকে উপমান করিলে প্রকারান্তরে তাহার বাস্তবদ্ব স্বীকার করিতে হইবে। উত্তর—মা, এ আশন্ধা এখানে হইতে পারে मा, खरहजु, शुर्खारे वला इरेबाए एव, "वाठातखनः विकातः" रेजामि। व्यर्थाए नाम वाठनिक विकातमाळ व्यर्थाए "हेट्टा घर्ड, हेटा पढ़," हेजापि কথামাত্র সার; বাস্তবিকপক্ষে ব্রহ্ম ব্যতীত আর কিছুই নাই, সমস্তই মিথ্যা, আত্মা যে অবস্থায় দৈতভাবই যেন প্রাপ্ত হয়, সেই অবস্থায় একই দ্রষ্টা আত্মা জলে প্রতিবিধিত চক্রের দর্শনকারী বাস্তবচক্রের তাম পুথগ্ভূত বৈতবস্তকে চক্ষুরাদি ইন্দ্রিসাহায্যে দেখিতে পার । দেখিতে পার বলায় দর্শনক্রিয়া ও তাহার कन अञ्चू ि উ अप्रेरे अपर्निक इरेन। य विषय पृष्ठी छ यरे एव, रायन 'हिमन क्तिराज्दा विताल कूठीरतत वातःवात छेरखानन भूक्ति निर्मुश ७ हिमनीम কাঠের দিখাভাব উভরই প্রতীত হয়, কেন না, ক্রিয়া ফলসম্পাদন না করিয়া বিরত হয় না এবং ক্রিয়া ব্যতীতও ফলের উৎপত্তি কদাচ দৃষ্টপূর্ব নহে, এ কারণ অবশ্রুই বলিতে হইবে যে, ত্রন্তা (আত্মা) দর্শন করিতেছে ত্রী কথার দর্শনক্রিয়া ও তাহার ফল এই উভয়ই অভিহিত হইল। দর্শনক্রিয়ার মত দ্রাতা (আত্মা) থ্রাপেক্রিয়-সাহায্যে যেন ভিন্ন ভিন্ন আত্রেয়-পুস্পাদির আত্রাণ করে, এ স্থলেও ঘাতা এক ব্যক্তি, আঘেষ বস্তু তাহা হইতে বিতীয় পদাৰ্থ এবং বাহার সাহাযো আত্মাণক্রিয়া সম্পন্ন হয়, সেই ত্রাণেন্দ্রিয় অপর বস্তু। এইরূপ অপর (শ্রোতা) শ্রবণেক্রির ধারা অপর শোতবা শবাদি যেন শ্রবণ করে। অপর অপরকে যেন অভিবাদন (নমস্কার) করে। অপর ব্যক্তি অপর বস্তুর যেন জ্ঞান করে। এই সমস্ত হৈতভাব অবিস্থার কার্য্য। অতঃপর বিস্থাবস্থায় আস্মার যাহা যাহা युटि, তাহাই तमा हरेटिहा। यथनै এर উপাসকের আত্মা সর্কময় হয় অর্থাৎ জ্ঞান ধারা অবিষ্ঠা ও তাহার কর্ম্মসকল প্রশমিত হইলে উপাসক যথন আত্ম-ভিন্ন আর কিছুই দেখিতে পায় না, সে সময়ে কে (ভ্রাতা), কোন্ ইন্দ্রির দারা কাহাকে (আত্মের পুপাদিকে) ভ্রাণ করিবে ? কে (দ্রষ্টা) কি উপায়ে কাহাকে দেখিবে ? কে (শ্রোডা) কোন্ ইন্সিম দারা কাহাকে (ममापि) ध्रेवन कतित्दृ क कि उनाद काशांक अधिवामन कतित्व ? কে (চিন্তক) কোন্ ইন্দ্রির দারা কাহাকে জানিবে? কারণ, একমাত্র অদিতীয় আত্মা বর্ত্তমান দুখ্য প্রব্য জ্ঞের বন্ধমাত্রই অবৈতভাবাপর। ইহার তাৎপর্যা ;—

ক্রিমানাত্রই কর্ত্তা ও করণসাধ্য; কর্ত্তা ও করণ না থাকিলে কথনও ক্রিমানিলিভি হইতে পারে না। আবার ক্রিমার অভাবে কলাভাব অবশ্রম্ভাবী; কিন্তু বিনি বক্ষজ্ঞান দারা ক্রিমারকাদি বিভাগ সকল বিনষ্ট করিয়াছেন, তিনি কি উপায়ে কাছাকে প্রত্যক্ষ করিবেন ? যেহেতু, সমস্তই আত্মময়, আত্মা ব্যতীত বিতীয় পদার্থের (কার্ক্ষ ও ক্রিমান্তনর) বাস্তব সন্তা নাই। যে অনাত্মা, সে কাহারও আত্মমন্তন হইতে পারে না; অতএব আত্মার অনাত্মত্ব অবিষ্ঠা দারা ক্রিমত, বাস্তবিক পক্ষে কিছুই আত্মব্যতিরিক্ত নাই। আয়ৈক্ত-প্রতীতিকালে বিরুদ্ধ ক্রিয়া, কারক, ফলপ্রতীতি সম্ভব নহে, এই জন্য ব্রদ্ধজ্ঞানীর ক্রিয়া ও কারকের (ক্রিমাসাধনের) আত্যুধ্ধিক নির্ভি মানিতেই হইবে।

শ্রুতিতে উক্ত "কেন" এই শব্দের এশ্ল অর্থ করিলে অর্থাৎ কোন कद्रव दावा (मिश्टिव १ धरे ध्वा वर्थ इटेटन दांध इब राम, मिश्रिवात কোন উপায় আছে: অথচ তাহা জানিবার নিমিত্তই এই প্রশ্ন হইয়াছে। किछ अधिक्किशार्थ इटेरन आह राहे आनहा इटेरि शास ना। धरे बना অধিকেপার্থ অভিপ্রেত। অর্থাৎ ব্রদ্ধজানকালে ক্রিয়াকরণাদির অনুপপত্তি-বশুত: কেহ কোন-সাধন দারা কোন প্রকারে কিছুই দেখিতেই পায় না। বে অবিভাবস্থায় অক্ত অক্তকে দেখে, সে সময়েও বে জ্ঞানবলে বাঁহার অনুগ্রহে সমস্ত সংসার বিজ্ঞাত হয়, সেই বিজ্ঞানময় আত্মাকে আর কি উপারে জানা যাইবে? যেহেত, যে ইক্রিয়ের সাহায্যে জানা যাইবে, তাহাও তৎকালে জের আত্মার অস্তর্ত। আর বাঁহারা জিজাম, তাঁহারাও জের वक्करकरे क्वानिए हेक्का करवन, किन्न निकारक क्वानियात निमिन्न हेक्का करवन ना। বেমন অগ্নি কথন অগ্নিকে দগ্ধ করিতে পারে না কিম্বা যেমন প্রদীপ প্রদীপকে প্রকাশিত করিতে পারে না, তেমন জ্ঞানস্বরূপ আত্মাও কথন জ্ঞানের বিষয়ীভূত হইতে পারে না; স্বতরাং অশক্য ক্বিয়ে জিজ্ঞাসাও হইতে পারে না। একণে পূর্বকথার উপসংহার করিতেছেন বে, যেহেতু জ্ঞাতা কথনও জ্ঞের হইতে পারে না, অতএব যে আত্মার সাহাব্যে এই সমস্ত জ্ঞাগমণ্ডশকে জানা যায়; সেই खन् दिकानकादी आञारक कि उंशास अनारक जानित ? कार्यन, विदक्षी বন্ধজের পক্ষে তথন এক অধৈত বন্ধমাত্র অবশিষ্ট। এই জন্মই আত্মাকে অজ্ঞেয় ' वना रहेदा बादक ॥ ५८ ॥

ইভি দিতীয়াধ্যায়ের চতুর্থ ব্রাহ্মণ সমাপ্ত।

উপনিষৎশ্ব—দ্বিতীয়াধ্যায়স্থা

পঞ্চম-ব্রাহ্মণম্

ইয়ং পৃথিবী সর্বেষাং ভূতানাং মধ্বক্তৈ পৃথিব্যৈ সর্বাণি ভূতানি মধু যশ্চায়মস্থাং পৃথিব্যাং তেজোময়োহমৃতময়ঃ পুরুষো যশ্চায়ম্ধ্যাত্মশু শারীরস্তেজোময়োহমৃতময়ঃ পুরুষোহয়-মেব স যোহয়মাত্মেদমমৃতমিদং ত্রক্ষেদ ত সর্বম্॥ ১॥

কর্ম্মনিরপেক্ষভাবে বে উপারে জীবের মুক্তিলাভ হুইতে পারে, সেই উপার নির্মাচনের নিমিত্ত মৈত্রেরীব্রাহ্মণ আরন্ধ ইইরাছে; তন্মধ্যে সর্মসর্যাসকে আত্মজানের প্রধান উপাররূপে নির্দেশ করা ইইরাছে। এবং আত্মবিজ্ঞান হইতে এই সমস্ত জগতের বিজ্ঞান সম্পন্ন হয়; স্ত্রী-পুত্রাদি সকল অপেক্ষা আত্মা অধিক প্রির এবং প্রিয় বলিরাই আত্মদর্শন কর্ত্তব্য, সেই আত্মপ্রত্যক্ষের উপাররূপে শ্রবণ, মনন (চিন্তা), নিদিধ্যাসন (একাগ্রতা), প্রভৃতি আত্মদর্শনের উপারসকল বর্ত্তি হইরাছে। তন্মধ্যে আঁচার্য্য ও অধ্যাত্মশাস্ত্র হইতে আত্মতন্ত শ্রবণের নাম শ্রবণ। শ্রুত কথার অমুকৃল তর্ক ধারা বিকল্ক তর্কসকল নিরাস করার নাম মনন। পূর্ব্ব-রাহ্মণোক্ত "আহ্মবেদং সর্বাম্য" আত্মার সর্ব্বমন্বত্যাদিই অমুকৃল তর্কস্বরূপ। "সমস্তই আত্মা," এই প্রতিজ্ঞান্ন দির্দিষ্ট হেতু—আত্মার একত্ব, আত্মা হইতে প্রপত্তির উৎপত্তি ও একাত্মাতেই নিথিলের লয়। এই ত্রিবিধ হেতুর মধ্যে আত্মার সর্ব্বমন্ত্রতে বে হেতু প্রদর্শিত হইরাছে, সেই হেতুগত অসিদ্ধি সংশ্বন নিরাকরণের জন্ত এই ব্রাহ্মণের আরম্ভ হইতেছে। সন্দেহ-নিরাকরণের জন্তু প্রদর্শিত করা যাইতেছে।

বন্ধের সর্বানরতে উকু হেতুর সাধক হেতু এই;—আমরা দেখিতে শাই বে, বে বে বন্ধ পরস্পর উপকার্য্যোপকারকভাবাপয় অর্থাৎ পরস্পর গরস্পারের সহারভাবে অবস্থিত, তৎসমন্তই এক কারণ হইতে উৎপয়, একজাতীর

এবং এক কারণে বিলয়প্রাপ্ত হয়। যেহেতু, এই পূথিব্যাদি সম্ভ জগৎ পরস্পর কার্য্যকারণভাবাপন্ন; অতএব এই পৃথিব্যাদি সমস্ত জগৎও এক-কারণ-সমূর্টুত, একরূপ সাধার**ণ**ধর্মাক্রান্ত এবং এককারণে বিলীন হইবে। আরন ব্রান্ধণে কেবল এই কথাই প্রকাশিত হইতেছে। অথবা "আইন্ধ-বেদং সর্ব্ধং" বলিয়া প্রতিজ্ঞাত সমস্ত বস্তুর আত্মময়ত্বের প্রতি আত্মা হইতে বিশ্বের উৎপত্তি, স্থিতি ও লয়কে হেত্রুরপে (যুক্তিরূপে) নির্দ্দেশ করিয়া পুনশ্চ তাহাকেই শব্দপ্রমাণপ্রধান মধুবান্ধণ দারা সিদ্ধান্তিত করিতেছেন। (নৈয়ায়িকগণ বলেন,) হেতুনির্দেশচ্ছলে যে পূর্ব্ব-প্রতিজ্ঞার প্নাকথন, তাহার নাম নিগমন। এথানে অহু কেহ কেহ ব্যাখ্যা করেন যে, তুলুভিদৃষ্টান্তপ্রদর্শন পর্যান্ত কথাসকল প্রবশার্থ বিহিত হইয়াছে এবং মধুরান্ধণের পরবর্ত্তী বাক্যসকল বুক্তিপূর্ণতা হেতু মননরূপে (মননার্থ) বিহিত হইরাছে। আর এই মধুবান্ধণ দারা আত্মার নিদিধ্যাসনবিধি উক্ত হইতেছে। যাহা হউক, সকল মতেই যথন শাস্ত্র দারা যথায়থ অবধারিত বিষয়ের অমুকুল তর্কের বারা মনন বিহিত আছে এবং শাস্ত্র ও তর্ক বারা নিশ্চিত विवास राष्ट्रेकार मिनिधामन कत्रा घटेशा थाक, उथन निनिधामानत নিমিত্ত পূথক বিধি নিপ্রয়োজন। স্বতরাং তাহার জন্ত পূথগ্ভাবে প্রকরণ-বিভাগও হওরাও অনাবশ্রক, ইহা ভাষ্যকারের অভিপ্রায়। ফল কথা, সকল মতেই পূর্ব্বোক্ত ব্রাহ্মণছয়ের কথাই এই ব্রাহ্মণে উপসংস্কৃত इटेंद्र ।

এই সর্বজন-প্রসিদ্ধ পৃথিবী সমস্ত ভূতের মধু, অর্থাৎ ব্রহ্মাদি শুম্ব পর্যাপ্ত
সমস্ত প্রাণীর কার্য্য; যেমন একটি মধুচক্র অনেকানেক মধুকর-নিকর
ভারা নির্মিত হয়, তেমন এই পৃথিবীও সর্ব্বভূতের অদৃষ্ট ভারা নির্মিত!
ইইয়াছে। আবার ক্ররপ সমস্ত ভূতও এই পৃথিবীর মধু অর্থাৎ কার্য্য,
ঘিনি এই পৃথিবীতে অর্থাৎ তেলোময় চিদ্রপে প্রকাশিত নিত্যপুরুষ,
এবং বিনি এই শরীর, বিনি অমৃত, যিনি এই সম্বন্ধবশতঃ শারীর নামে খ্যাত,
গাহাকে লিক বা ক্রম্ম আত্মা নামে অভিহিত করা বার্ম, তিনিও
সমস্ত ভূতের উপকারক বলিয়া মধু—কার্য্য এবং সম্বন্ধ ভূতও এই
পুরুষের মধু—কার্য্য।

পুর্ব্বোক্ত পৃথিবী, সর্বভূত, পার্থিব পুরুষ ও শারীর পুরুষ, এই চারিটি সভব সমস্ত ভূতের কার্য্য এবং সমস্ত ভূতও এই পৃথিব্যাদি সভেষর কার্য্য। অতএব এই পরস্পর কার্য্যকারপভাববশতঃ ঐ পৃথিবাাদি সজ্বের এক কারণ হইতেই উৎপত্তি অবশুই স্বীকার্য। আবার যেহেডু, এক কারণ হইতে উহারা উৎপন্ন, অতএব উহারা ফলতঃ একই। যে এক কারণ হইতে এই বিশ্ব উৎপন্ন, তাহাই এক এক এন্ধা, তদ্ভিন্ন সমস্তই কার্য্য। শ্রুতি বলিয়াছেন, পৃথিব্যাদি বিকার নামমাত্র বাচনিক, পরমার্থ সৎ নহে। ইহাই এই মধু এান্ধণের সঙ্কিপ্ত তাৎপর্য্য। এক্ষণে প্রস্তাবিত কথা বলিতেছেন ধ্ব, "অমমেব সঃ" অর্থাৎ এই আত্মা সেই এন্ধা, এই বলিয়া যে প্রতিজ্ঞা করা হইরাছিল, এই প্রদর্শিত আত্মাই তাহা। এই যে সমস্ত বিশ্ব, ইহাও এই এন্ধা। যাজ্ঞবন্ধ্য মৈত্রেমীকে যে অমৃতত্বলাভের উপান্ন বলিয়াছেন, এই বন্ধই সেই অমৃতত্বরূপ। যাহা আত্মদর্শন, তাহার অমৃত এবং "এন্ধা তে এবাণি" বলিয়া যে এন্ধা-নির্দেশের প্রতিজ্ঞা করা হইরাছে, এই প্রদর্শিত এন্ধই তাহা, এবং যথিষন্ধক বিশ্বাকে প্রক্রিশি বলা যান্ন, এই নির্দ্ধিষ্ট এন্ধই সেই এন্ধা; এবং যে এন্ধের জ্ঞানমাত্রে এই সমস্ত বিশ্বসংসার বিজ্ঞাত হন্ন, ইহাই সেই এন্ধা। এই প্রকরণে মধুশান্ট বহুবার উল্লিথিত হইরাছে বলিয়া ইহার নাম মধুবান্ধণ, এই বান্ধণেই পূর্ব্যোক্ত প্রতিজ্ঞাসকলের বিস্তার বলা হইরাছে॥ ১॥

ইমা আপঃ দর্বেষাং ভূতানাং মধ্বাদামপাশু দর্বাণি ভূতানি
মধু য*চায়মাস্বপ্দ্পত্জোময়োহ মৃত্যয়ঃ পুরুষো ব*চায়মধ্যাত্মশু
সৈতদন্তেজোময়োহ মৃত্যয়ঃ পুরুষোহয়মেব দ যোহয়মাত্মেদমমৃত্যিদং ব্রক্ষেদ্পু দর্বস্ ॥ ২ ॥

পূর্বের যেমন পৃথিবীকে মধুরূপে ব্যাখ্যাত করা হইয়াছে, একণে জলাদিরও দেইরূপ ব্যাখ্যা করা হইতেছে।

এই জন সমস্ত ভূতের মধু—কার্য্য এবং সমস্ত ভূতও এই জনের মধু, অর্থাৎ জন ও অপরাপর ভূতসকল পরশ্পর পরশ্পরের কারণ এবং পরশ্পর পরশ্পরের কার্য্য। জনে তেজোময় ও অমৃতময় অধিদৈবত বে প্রেষ, এবং শরীরমধ্যে রেতস্থিত তেজোময় অমৃতময় যে অধ্যাত্মপুরুষ আছেন, এই আত্মাই সেই অধ্যাত্ম ও অধিদৈবত প্রুষ, এবং এই আত্মাই সেই অমৃত, এই আত্মাই বেল, ইহাই সর্ক্ময়॥ ২॥

অয়মগ্রিঃ দর্বেষাং ভূতানাং মধ্বস্থাগ্রেঃ দর্বাণি ভূতানি
মধু যশ্চায়মন্মিনগ্রে তেজোময়োহমৃতময়ঃ পুরুষো যশ্চায়মধ্যাত্মং বাধায়স্তেজোময়োহমৃতময়ঃ পুরুষোহয়মেব দ যোহয়মাত্মেদময়্তমিদং ত্রেশেদ সর্বম্॥ ৩॥

এই অগ্নি সর্বভ্তের মধু, এবং সর্বভ্তও এই আগ্নর মধু। এই বে অগ্নিমধ্যে তেজামর অবিনশ্বর প্রকাশময় অধিদৈবত পুরুষ, এবং শরীরাভ্যন্তরে
যে বাদ্মর অর্থাৎ বাগিলিরপ্রতিষ্ঠিত তেজোমর ও অমৃতময় অধ্যাদ্মপুরুষ;
এই আত্মাই সেই অধ্যাদ্ম ও অধিদৈবত পুরুষ, এবং এই আত্মাই সর্বমর, ইহাই
ব্রহ্ম-স্বর্গ॥ ৩॥

অরং বায়ুঃ সর্বেষাং ভূতানাং মধ্বশ্য বায়োঃ সর্বাণি ভূতানি মধু য*চায়মস্মিন্ বায়ে তৈজোময়োহ মৃত্যয়ঃ পুরুষো য*চায়মধ্যাত্মং _প্রাণস্তেজোময়োহ মৃত্যয়ঃ পুরুষোহয়মেব স যোহয়মাজ্যেদমমৃত্যিদং ব্রক্ষেদ্থ সর্বাম্ ॥ ৪ ॥

এই বাষু সমস্ত ভূতের মধু (কার্য্য) এবং সর্কভূতও এই বাষুর
মধু এবং এই বাষুতে প্রতিষ্ঠিত যে তেজামর ও অমৃতময় অধিদৈবত
পুরুষ আছে এবং দেহমধ্যে প্রাণনামক যে তেজোমর ও অবিনশ্বর অধ্যাত্মপুরুষ
বর্ত্তমান, ইহাই সেই আত্মা, যে আত্মা এই অমৃতস্বরূপ, যাহা ব্রহ্ম, যাহা
সর্কামর॥ ৪॥

অয়মাদিত্যঃ সর্বেষাং ভূতানাং মধ্বস্থাদিত্যস্ত সর্বাণি ভূতানি মধু য*চায়মিম্মাদিত্যে তেজোময়োহমৃতময়ঃ পুরুষো য*চায়মধ্যাত্মং চাকুষস্তেজোময়োহমৃতময়ঃ পুরুষোহয়মেব স ষোহয়মাজ্যেদমমৃতমিদং ব্রক্ষেদ্ধ সর্বাম্য ৫॥

এই ন্দাদিতা (হর্যা) ভূতসকলের মধু—কার্যা ও এই ভূত সকলও ন্দাদিত্যের মধু—প্রকাশাদি দারা উপকার্যা। এই ন্দাদিত্যে প্রতিষ্ঠিত মে তেজামর ও অবিনশ্বর পুরুষ বর্ত্তমান, এবং পার্থিব শরীরমধ্যে যে চাকুষ অর্থাৎ চকুন্থিত অধ্যাত্মপুরুষ অবস্থিত, ইহাই সেই আত্মা। এই আত্মাই অমৃত, ইহাই বন্ধ ও ইহাই সর্বাধ্বরূপ ॥ ৫॥ •

ইমা দিশঃ সর্বেষাং ভূতানাং মধ্বাসাং দিশাও সর্বাণি ভূতানি মধু যশ্চায়মাস্থ দিক্ষু তেজো,ময়োহ মৃতময়ঃ পুরুষো যশ্চায়মধ্যাত্মও শ্রোত্রঃ প্রাতিশ্রুৎকন্তেজোময়োহ মৃতময়ঃ পুরুষোহয়মেব স যোহয়মাত্মেদমৃতমিদং ব্রক্ষেদও সর্ব্বমৃ॥ ৬॥

এই দিক্সমূহ সর্বভৃতের মধু এবং সর্বভৃত্তও দিকসমূহের মধু। এই সকল দিকে অবস্থিত যে তেজামন্ন ও অবিনাশী অধিদৈবত পুরুষ এবং এই সকল দিগুপাধিবিশিষ্ঠ শোত্রমগুলে অবস্থিত, শন্ধশ্রবণকালে প্রতিভাত যে অধ্যাদ্ম তেজোমন্ন, প্রকাশমন্ন ও অবিনাশী পুরুষ বর্ত্তমান, ইহাই সেই, যাহাকে আত্মাবশিন্ন দির্দেশ করা হইন্নাছে, ইহাই সেই প্রাপ্য অমৃত, ইহাই বন্ধ এবং ইহাই বিশ্বমন্ন॥ ৬॥

আয়ং চক্রঃ সর্ক্রেষাং ভূতানাং মধ্বস্ত চক্রস্ত সর্ক্রাণি ভূতানি মধু য*চায়মস্মিত্ত*চক্রে তেজাময়োহমৃতময়ঃ পুরুষোহ যশচায়মধ্যাত্মং মানসস্তেজাময়োহমৃতময়ঃ পুরুষোহয়মেব স্থোহয়মাত্মেদমমৃতমিদং ব্রক্ষেদ্ভ সর্ক্রম্॥ ৭॥

এই চক্র সর্বভূতের মধু, এবং 'সর্বভূতও এই চক্রের মধু। এই চক্রেতে প্রতিষ্ঠিত যে প্রকাশময় ও অবিনাশী অধিদৈবত পুক্ষ এবং জীবশরীরে যে মনো-২ধিষ্ঠিত তেজোময় ও প্রকাশময় অমৃতময় নিত্য অধ্যাত্মপুক্ষ, এই উভয়ই এই আামুস্করূপ, যে আত্মা অমৃতময় ও প্রক্ষময়, ইহাকেই সর্বস্বরূপ বলা হইয়াছে॥ ৭॥

ইয়ং বিহ্যুৎ দর্বেষাং ভূতানাং মধ্বত্যৈ বিহ্যুতঃ দর্বাণি ভূতানি মধু যশ্চায়মস্থাং বিহ্যুতি তেজোময়োহমৃতময়ঃ• পুরুষো যশ্চায়মধ্যাত্মং তৈজসস্তেজোময়োহমৃতময়ঃ পুরুষো-হয়মেব দ যোহয়মাজ্যেদমমৃতমিদং ত্রক্ষেদ্ভ দর্বমৃ॥ ৮॥ এই বিহাৎ দর্শভূতের মধু, দর্শভূতও এই বিহাতের মধু; আর এই বিহাতে প্রতিষ্ঠিত যে প্রকাশময় ও অবিনাশী অধিদৈবত প্রুষ, এবং বৈহাতিক থকে অবস্থিত যে এই তেজোনয় নিতা অধ্যাত্মপুরুষ, ইহাই সেই ব্যক্তি, যাহাকে পূর্বে আত্মা বলিয়া নির্মাতি করা হইয়াছে। ইহাই অমৃত, ব্রহ্ম ও দর্শবিশ্বরূপ॥ ৮॥

অর্থ স্তন্মিজুঃ সর্বেষাং ভূতানাং মধ্বস্য স্তন্মিজোঃ সর্বাণি ভূতানি মধু যশ্চায়মস্মিন্ স্তন্মিজো তেজোময়োহমূতময়ঃ পুরুষো যশ্চায়মধ্যাত্মত শাব্দঃ সোবরস্তেজোময়োহমূতময়ঃ পুরুষোহয়মেব স যোহয়মাজ্মেদমমূতমিদং ত্রক্ষেদশু সর্ববম্॥ ৯॥

এই স্তনন্নির (মেষ) সর্বভ্তের মধু এবং সর্বভ্তও স্তনন্নির র মধু। আর এই স্তনন্নির তে প্রতিষ্ঠিত যে প্রকাশময় ও অমৃতসম প্রক্ষ বর্ত্তমান এবং জীবদেহে শব্দে ও বিশেষতঃ স্বরে অধিষ্ঠিত যে তেজোময় ও অবিনশ্বর অধ্যাত্মপুরুষ, ইহাই সেই—যাহা আত্মা বলিয়া কথিত। ইহাই সেই অমৃত, ইহা ব্রহ্ম ও সর্বমিয়॥ ১॥

অয়মাকাশঃ দর্বেষাং ভূতানাং মধ্বস্থাকাশস্থ সর্বাণি ভূতানি মধ্ য*চায়মীসাল্লাকাশে তেজোময়োহমূতময়ঃ পুরুষো । য*চায়মধ্যাত্মত হুতাকাশস্তেজোময়োহমূতময়ঃ পুরুষোহয়মেব স যোহয়মাজ্যেদমমূত্যিদং ব্রক্ষেদ্ত সর্ব্বম্ ॥ ১০॥

এই আকাশ সমস্ত ভূতের মধু এবং সমস্ত ভূতও এই আকাশের মধু। আর এই আকাশে প্রতিষ্ঠিত যে তেজাময় ও অবিনশ্বর পুরুষ, এবং শরীর-মধ্যবর্ত্তী দ্বদয়স্থ আকাশে প্রতিষ্ঠিত যে তেজাময় ও অবিনশ্বর অধ্যাত্ম-পুরুষ, ইহাই সেই আত্মা এবং ইহাই সেই অমৃত এবং সর্ক-জগন্মর ব্রহ্মস্করপ। পূর্ব পূর্ব ক্রতিতে যে পৃথিবী হইতে আকাশ পর্যান্ত সকল দেবতা ও ভূতবর্গকে মধুরূপে বর্ণিত করা হইয়াছে, উহাদের মধ্যে কেহ কার্য্য ও কেহ কারণভাবে বর্ত্তমান অর্থাৎ প্রত্যেক জীবের দেহেক্রিয়সমন্তির উপকারক ও উপকার্য্য, এই হেতু সেই সকল দেবতা ও ভূতগণ মধুনামে কবিত হইয়া থাকে। ইহাদের মধু নামে অভিহিত করার উদ্দেশ্য এই যে, যে কারণ প্রযুক্ত প্রাণিসম্পর্কে পূর্ব্বোক্ত পৃথিব্যাদিভূত এবং আধ্যাত্মিক ও আধিদৈবিক দেবতাগণ মধুভাবে উপকারক, তাহাই এই অধ্যাত্মে বক্তব্য ॥ ১ • ॥

অয়ং ধর্মাঃ দর্বেষাং ভূতানাং মধ্বস্যু ধর্মস্য দর্বাণি ভূতানি
মধু যশ্চায়মন্মিন্ ধর্মা তেজাময়োহমৃতময়ঃ পুরুষো যশ্চায়মধ্যাত্মং ধর্মাস্তেজোময়োহমৃতময়ঃ পুরুষোহয়মেব দ যোহয়মাজ্যেদময়ৃতমিদং ব্রেদ্ধেন্দ্র দর্বম্॥ ১১॥

এই ধর্মন্ত সমস্ত ভূতের মধু, এবং সমস্ত ভূতও এই ধর্মের মধু।
বিদিও ধর্ম অপ্রত্যক্ষ বলিয়া 'ইদম্' (এই) শব্দ দারা নির্দিষ্ট হৈতে পারে না
সত্য, তথাপি 'শ্রুতি-শ্বৃত্যুক্ত ধর্ম যে ফলোৎপাদন করে, তাহা প্রত্যক্ষ যোগ্য,
অতএব কার্য্যের প্রত্যক্ষ হয় বলিয়া তৎকারণ ধর্মকেও প্রত্যক্ষবৎ (অয়ং)
নির্দেশ করিয়াছেন।

দিতীর কারণ এই যে, শ্রুতি-মৃত্যুক্ত ধর্মই যথন অতি-উদ্ধৃত ক্ষঞ্জিয়াদিরও
নিমন্তা অর্থাৎ শাসনকারী, জগতের বৈচিত্র্যের প্রতি কারণ, এবং পৃথিব্যাদি
ভ্তসকলের পরিপামহেতু বলিয়া প্রাণিগণ কর্ত্ত্ক অভীষ্ট ফলের প্রত্যাশার
আচরিত হইয়া থাকে, তথন তাহাকে প্রভাক্ষভাবে নির্দেশ করা যাইতে পারে।
যদিও তৃতীয় অধ্যায়ে "যো বৈ স ধর্মঃ সত্যং বৈতৎ" অর্থাৎ বাহা ধর্মা,
তাহাই সভা, এইরূপে সভ্য ও ধর্মের একত্ব বলা হইয়াছে, তথাপি
এথানে সভ্য ও ধর্মের দৃষ্ট ও অদৃষ্টরূপে কার্য্যোৎপাদন হেতু প্রভেদ
নির্দেশ করিয়াছেন অর্থাৎ সভ্য ও ধর্মের কার্য্যগত ভেদবশতঃ সভ্য ও
ধর্মের পৃথক্ নির্দেশ করা হইয়াছে মাত্র। ধর্ম অদৃষ্টমূরুপ, ইহাকেই
অপ্র্র্ব নামে অভিহত্ত করা হয়। ধর্মণ সামান্ত-বিশেষভাবে কার্য্য উৎপাদন
করে, সামান্তভাবে পৃথিব্যাদি ভ্তের প্রযোজক ও বিশেষরূপে জীবের
শ্রীয় ও ইন্দ্রিয়সমষ্টির প্রযোক্তা, শ্রুতি এই উভয়বিধ ধর্মের রূপই
প্রকাশ করিয়াছেন। কিছু সভ্য, অনুষ্ঠান অর্থাৎ শান্ত্রীয় স্মাচার দারা
নিশায় হয়॥ >>॥

ইদন্ত সত্যত সর্বেষাং ভূতানাং মধ্বস্ত সত্যত্ত সর্বাণি ভূতানি মধু যশ্চায়মন্মিন সত্যে তেজাময়োহমূতময়ঃ পুরুষো যশ্চায়মধ্যাত্মত সাত্যস্তেজাময়োহমূতময়ঃ পুরুষোহয়মেব স যোহয়মাজ্যেদমমূতমিদং ব্রন্ধেদত সর্বাম্ ॥ ১২ ॥

বস্তুতঃ ধর্ম ভিন্ন অন্ত কিছু নহে, ধর্মের মত সত্যুও সামান্ত-বিশেষভাবে দিবিধ কার্য্য সম্পাদন করে, পরবর্ত্তী শ্রুতিতে তাহারই ইন্দিত পাওরা বান । শ্রুতি বলিরাছেন—এই সত্যু সমস্ত ভূতের মধু এবং সমস্ত ভূতও এই সত্যের মধু। আর এই সত্যে প্রতিষ্ঠিত যে তেজামন্ন ও ক্মবিনশ্বর অধিলৈবত পুরুষ আছেন এবং সভ্যমূলক কার্য্যকরণসভ্যাতে (শরীরে) প্রতিষ্ঠিত যে অধ্যাত্মপুরুষ, এই উল্লিখিত উভয়ই সেই আত্মাই। ইহাই অমৃত এবং সেই সর্বামন্ত রক্ষা। অভিপ্রান্ধ এই—পৃথিব্যাদিসমবেত যে সত্য, তাহাই সামান্তরূপ এবং কার্য্যকরণ-ক্ষান্ত যে সত্য, তাহা বিশেষরূপ। তন্মধ্যে পৃথিবী প্রভৃতি সমবেত ক্রিয়া-রূপী সত্ত্যে ও দেহমধ্যে কার্য্যকরণসমবেত সত্যে অবস্থিত উভন্ন পুরুষই সেই আত্মা। শ্রুতিও বলিরাছেন, সত্যের সাহায্যেই বায়ুর ক্রিয়া হন্ন॥ ১২॥

ইদং মানুষত সর্বেষাং ভূতানাং মধ্বস্ত মানুষস্ত সর্বাণি ভূতানি মধু যশ্চায়মশ্মিন্মানুষে তেজোমগোহমৃতময়ঃ পুরুষো যশ্চায়মধ্যাত্মং মানুষস্তেজোময়োহমৃতময়ঃ পুরুষোহয়মেব স শ্বোহয়মাল্যেদমমৃত্যিদং ব্রক্ষেদত সর্বিম্॥ ১৩॥

পূর্ব্বোক্ত ধর্ম ও সত্য দারা নিম্পন্ন যে কার্যাকরণসংঘাত শরীর, সেই শরীর
মন্ময়ত্বাদি বছবিধ জাতিবৃক্ত হয়; তন্মধ্যে মন্ময়ত্বজাতিবৃক্ত শরীর-সমূহই
অধিকাংশরূপে পরস্পর উপকার্য্য ও উপকারকভাবে থাকিতে দেখা যায়; অভএব
মন্ময়ত্বাদি জাতি এই সমস্ত ভূতের মধু এবং সর্ব্বভূতও এই মন্ময়াদি জাতির
মধু । মন্ময়ত্ব-জাতিও বাছ ও আভ্যন্তরভেদে দ্বিবিধ নির্দেশের যোগ্য । তাহাই
ক্ষিত হইতেছে । এই মান্মরূপ জাতিতে অধিষ্ঠিত যে প্রকাশমন্ব ও অবিনাশী
অধিদৈবত পূক্ষ এবং এই মন্ম্যাশরীরমধ্যে প্রতিষ্ঠিত যে তেজামন্ব ও অবিনাশর
অধ্যাত্মপূক্ষ, সেই পুরুষই এই আত্মা, ইহাই নিত্যা, বন্ধ ও সর্ব্বমন্ত্ব । ১০ ॥

অন্তর্মাত্ম। দর্বেবাং ভূতানাং মধ্বস্থাত্মনঃ দর্বাণি ভূতানি
মধু যশ্চায়মিত্মিরাত্মনি তেজোময়ে।হ্মৃতময়ঃ পুরুষো, যশ্চায়
মাত্মা তেজোময়ে।হ্মৃতময়ঃ পুরুষোহ্যমেব দ যোহ্যমাত্মেদমমৃতমিদং ত্রক্ষেদ্ধ দর্বম্॥ ১৪॥

এই যে মনুষ্যভাদি জাতিবিশিষ্ট কার্যা ও করণসমষ্টিশ্বরূপ আত্মা, ইহাই সমস্ত ভূতের মধু। এখানে এরপ আপত্তি হইতে পারে যে, ইতঃপূর্বের পৃথিবীর মধুত্ব পর্যারে "যশ্চায়মধ্যাত্মং শারীরঃ" এই শারীর শব্দ ঘারাই কার্য্যকরণসমষ্টিভূত এই শারীর আত্মার একবার ইক্তি হইয়াছে: পুনশ্চ এখানে তাহার পুনরুক্তি কেন?' উত্তর—না, তাহা নহে, পৃথিবী পর্যারে যে শারীরের উক্তি হইয়াছে, তাহা শরীরগত পার্থিবাংশের মধুত্ব কথনের জন্ত ; এখানে সর্ব্যমন্ত্র নির্দেশ হেতু অধ্যাত্ম অধিদেবাদি বিশেষ বিশেষ ধর্মশৃত্য, সর্ব্ভূত ও দেবতার গুণবিশিষ্ট এই যে দৈহেন্দ্রিয়াদি-সজ্মাত্ত, কেবল ইহাকেই আত্মশব্দ ঘারা বিব্যক্ষিত বা অভিপ্রেত করা হইয়াছে: সেই এই দেহেন্দ্রিয়ামষ্টিমধ্যে যে অমূর্ত বিজ্ঞান্থন অবিনশ্বর পুরুষ বর্ত্তমান, ইহাকেই সর্ব্যমন্ত্র বিজ্ঞান্থন আর পৌনরুক্তা দোর হইতে পারে না।

সেই এই শরীরেন্দ্রিরসমষ্টির অভ্যন্তরে প্রতিষ্ঠিত যে প্রকাশময় ও নিত্য পুরুষ এবং এই যে, জ্ঞানময় ও নিত্য জীবপুরুষ, ইনিই সেই আত্মা, ইনিই অয়ত সর্বীশ্বক। পূর্বে পৃথিবী প্রভৃতির প্রস্তাবে একদেশকে বন্ধরূপে নির্দিষ্ট করা হইয়াছে, অর্থাৎ অব্যায়পুরুষরূপে শব্দে নির্দিষ্ট হইয়াছে এবং তাহার যে কিছু বিশেষ, তাহাও সেইবানেই কথিত হইয়াছে; কিন্তু এ ছলে আধ্যাত্মিক বৈশিষ্ট্যের অভাব-বশ্যুতঃ পৃথিব্যাদির আধ্যাত্মিকরূপে আত্মা অভিপ্রেত নহে, কিন্তু ওন্ধ আত্মার উল্লেখ অভিপ্রেত, এ জন্ম পূর্বেনিক্ত আত্মা এ স্থলে কথিত হয় নাই। অভএব পরিশিষ্ট অর্থাৎ পূর্বের্ম অম্বক্ত যে বিজ্ঞানময় জীব—যাহার সম্বন্ধপ্রভাবে এই দেহকেও আন্মা বলা হয়, সেই বিজ্ঞানময় জীবই এথানে "যশ্চায়মাত্মা" বিলয়া কথিত হয়াছে॥ ১৪॥

স বা অয়মাত্মা সর্বেষাং ভূতানামধিপতিঃ সর্বেষাং ভূতানাত্ত রাজা তদযথা রথনাভৌ চ রথনেমো চারাঃ সর্বে সমর্পিতা এবমেবাশ্মিমাত্মনি সর্ব্ধাণি ভূতানি সর্ব্বে দেবাঃ সর্বে লোকাঃ সর্বে প্রাণাঃ সর্ব্ব এত আত্মনঃ সমর্পিতাঃ ॥ ১৫ ॥

যে বিজ্ঞানময় আত্মার কথা পূর্বে উল্লিখিত হয় নাই, সেই এই বিজ্ঞানময় আত্মাই পরিশেষে ক্থিত। যে আত্মা শরীরে অবিভাবলে প্রবেশিত হইয়া আছে, সেই অবিস্থাসম্ভূত দেহেন্দ্রিয়সমষ্টি-উপাধিধারী ঐ আত্মা যথন ব্রহ্মবিষ্ণা-বলে যথার্থ আত্মভাব প্রাপ্ত হয়, তথন তাহাকে বিজ্ঞানময়, সর্ক্ষময়, আত্মস্করপ ও অধৈত-আননৈক-রস নামে উল্লিথিত করা হয়। তত্ত্বজিজ্ঞাস্থর এই উপাস্ত আস্মাই সমস্ত ভূতের অধিপতি—সর্বভূতের উপাদ্য রাজা অর্থাৎ সর্বত শ্বতন্ত। সাধারণ রাজকুমার ও মন্ত্রীর স্থায় নহে। ইনি সর্বতোভাবে নিগ্রহ ও অনুগ্রহ করিতে সমর্থ। কদাচিৎ কেহ রাজ-জনোচিত আচার-বাবহার দারা অপ্রকৃত রাজা হইতে পারেন, কিন্তু আধিপতা লাভ করিতে পারেন না। আত্মার সম্বন্ধেও ইহা সম্ভব-পর, এই আশক্ষা অপনোদনের নিমিত্ত আত্মাকে রাজা ও অধিপতি এই উভয়বিধ বিশেষণ দ্বারা বিশেষিত করা হইম্বাছে। যিনি সর্ব্বভৃতের আত্মাকে জানেন, সেই বিষান মুক্ত হন, এই ফলকথন ছারা পুর্বেষাক্ত "ভাবী মনুষ্যগণ যে ব্রহ্মবিষ্ঠা ছারা জ্ঞানলাভ করে, এই ব্রহ্ম কে ?" "যাহা দারা দর্জমন্বদাভ হয়, তাহার জ্ঞানের ভিপান কি ?" এই প্রশ্নের উত্তর করা হইল এবং এই আত্মাকেই আচার্য্য ও উপনিষদ শাস্ত্রবাক্যে দর্বমন্ত্রত্বপে শ্রবণ, মনন ও অনুকৃল তর্কে বিজ্ঞান করিয়া মধু-বাহ্মণে প্রদর্শিত প্রকারে দাক্ষাৎ করিবে। ইহাই ব্রাহ্মণ প্রদর্শনের উদ্দেশ্য। এই ব্রহ্ম এতাদৃশ ব্রহ্মবিদ্যালাভের পূর্বের ব্রহ্মরূপে अवस्थिত श्रेतिश অবিদ্যাবশতः অ-वृक्षणावाशम श्रेमाहिन, मर्खमम श्रेमाध পরিচিছন হইয়াছিল। প্রস্তাবিত ব্রুমবিস্থা হইতে সেই অবিস্থার সমূলে উন্মূলন कतिशा बकाविर बक्ष रहेशां अवर्षायाक बक्षणां वाश रम, नर्वमद रहेशां श्रूनक সর্কমন্বতা লাভ করেন ইত্যাদিরপে পূর্ব-প্রতিজ্ঞাত সমস্ত বিষয়ের নিরূপণ করা হইল; স্থতরাং যে বিষয় নিরূপণের নিমিত্ত এই শাল্লের আরম্ভ হুইয়াছিল, সে বিষয় একণে পরিসমাপ্ত হইল। একণে তাদৃশ সকলের আত্মভূত ও সর্কমন্ব ব্রহ্মজ্ঞেতে যে কিরূপে এই সমস্ত জগৎ প্রতিষ্ঠিত আছে, তাহার দৃষ্টান্ত প্রদর্শিত ইইতেছে; - যেমন রুখচক্রের নাভি এবং রুখনেমীর (চক্রের প্রাস্ত-ভাগের) উপরে সমন্ত অরণও হাত থাকে, সেইরূপ এই পরসাত্ম-তত্ত্বদর্শী নহাত্তাবেব উপরে ব্রহাদিত্তর পর্যান্ত সমস্ত জগৎ, অগ্নি প্রভৃতি সমস্ত দেবতা, ভূরাদি সমস্ত লোক, বাক্, পাণি প্রভৃতি সমস্ত ইন্দ্রিয়, জনবিধিত চন্দ্রের স্থায় অবিষ্ণা-কন্নিত প্রতিশরীরে অবস্থিত চিদাভাদ প্রভৃতি সমস্তই প্রতিষ্ঠিত রহিয়াছে। এ কথাই পূর্বের বলা হইয়াছে যে, একজ্ঞ বামদেব ঋষি একজ্ঞান সমুদিত হইবামাত্র "আমি নমু ছিলান, আমি সুর্য্য ছিলান" ইত্যাদিরূপে সর্ব্বনন্নতা জ্ঞানলাভ করিয়া-ছিলেন। এথানে এই পর্যান্তই সর্ব্বাত্মকভাব বর্ণিত হইল। যিনি এই ব্রন্ধের সর্ব্বমন্ত্রত বিষয় অবগত হন, সেই ব্ৰহ্মজ ব্যক্তি দৰ্কোপাধিসম্পন্ন হুইয়া সৰ্কাময়ভাবে বিৱাজ करतन थवः क्रमणः अञ्चळानवरल निक्नभाधि, नित्राकात, वायधानत्रहिल, अवास, পূর্ণ, বন, বিজ্ঞানময়, নিত্য, জরাহীন, অমর, অভয়, নিশ্চল, সুলাতিরিক্ত অথচ অন্ম, (স্থুল), অহুস্ব, অদীর্ঘ এইরূপ বিশেষণে 'নেতি নেতি' বারা মণ্ডিত হয়েন। এই বেদাস্তার্থে অজ্ঞগণ এবং পাণ্ডিত্যাভিমানী অপরাপর শাস্ত্রজ্ঞগণ পূর্ব্বোক্ত বাকাসকল পরম্পরবিরুদ্ধ মনে করিয়া নানাপ্রকার পক্ষ উত্থাপিত করেন এবং স্বীয় ছবু দ্বিপ্রস্ত অপার অজ্ঞানজালে জড়িত হন। এদ্ধ যে পরস্পরবিরুদ্ধ মূর্ত্তামূর্ত্তাদি দিভাববৈশিষ্ঠ, তাহা পরবর্ত্তা মন্ত্রদয় অসন্দিগ্ধভাবে বলিতেছেন, সেই মন্ত্র এই ;—"অনেজদেকং মনসো জ্বীয়ন্তদেজতি তরৈজতি।" অর্থাৎ ব্রন্ধ (তৎ) অনেজ্ব-নিজ্রিয়, এক – ধিতীয়রহিত। অথচ স্বচঞ্চল মন অপেক্ষাও অধিক চঞ্চল, স্পান্দনশীল অথচ নিস্পান্দ। এই বিষয়ে তৈত্তিরীয় শ্রুতি পুনশ্চ বলিয়াছেন যে, "যন্ত্রাৎ পরং নাপরমন্তি কিঞ্চিৎ" যাহা (ব্রহ্ম) অপেকা উৎকৃষ্ট বা অপকৃষ্ট আর কিছুই নাই, তাহাই ব্রহ্ম। এই ব্রহ্মই ব্রাহ্মণ-বেশে সামগান করিতেছেন এবং ব্রহ্মই "আমি অন্ন, আমি অন্ন" এই কথা তিনবার বলিয়া নিজের মূর্ত্তাবস্থা দৃঢ় করিয়াছেন। ছান্দোগ্রশতি বলিয়াছেন যে, "জ্ক্ষ ক্রীড়ন্ রম্মাণঃ" ইত্যাদি। অর্থাৎ বন্ধাই ভোজন করেন, ক্রীড়া করেন এবং আমোদ-প্রমোদ করেন। সেই আত্মা যদি পিতৃলোক কামনা করেন, তবে সর্বাগন্ধমন্ন, সর্বারসমন্ন, नर्सकानभूर्व ও नर्सवि९ रुद्यन। व्यथ्सिट्यनीय उपनियम वना रहेशाह, সেই আত্মা (ব্রহ্ম) দূর হইতেও দূরে এবং নিকট অপেক্ষাও নিকটে। কঠোপনিষদেও বলা হইয়াছে যে, "আত্মা পরুমাণু হইতেও অণীয়ান্, অতিস্ক্ষ অথচ মহান্ অপেক্ষাও মহীয়ান্" হুমহান্; এবং "দেই মদামদ অর্থাৎ বিক্কতা-বিক্বত উভয়ভাবাপর দেবকে কে জানিতে পারে? তিনি সকল ক্রতগামীকে অভিক্রম করেন অথচ একতা স্থিতিশীল।" এইরূপ শ্রীমন্তগবদগীতাতেও শ্রীভগবান্ স্বয়ং বলিয়াছেন যে, "অহং ক্রতুরহং যক্তঃ" অর্থাৎ ক্রতুও আমি, যজ্ঞও আমি। "পিতাহহমত জগত:" আমিই এই এই দৃত্তমান বিশাল জগতের

পিতা অর্থাৎ উৎপাদক। "প্রভু ঈশ্বর কাহার পাপও গ্রহণ করেন না এবং কাহার স্কুক্ত (পুণা)ও গ্রহণ করেন না।" "ঈশ্বর সর্বভৃতেই সমান, বস্তু সকল পরস্পর বিভক্ত অর্থাৎ বিভিন্নধর্মী হইলেও ঈশ্বর সর্বত্ত অবিভক্ত অর্থাৎ একরপই থাকেন।" "প্রলম্বকালে এই সমস্ত জগৎকে তিনিই গ্রাস করেন, আবার তিনিই স্টে করেন ইত্যাদি।" কিন্ত বাদিগণ ব্রহ্মের আপাত্তঃ বিরুদ্ধ দিভাবের প্রতিপাদক এই সকল শ্রুতিস্বৃতির তাৎপর্য্য-বোধে অক্ষম হইয়া শ্রুতিশ্বতির অর্থকে বিরুদ্ধ মনে করেন ও অভিপ্রেত অর্থ নির্ণয়ের নিমিত্ত নিজ নিজ চিত্তবৃত্তি অনুসারে বিকল্প করিয়া থাকেন। কথন কেহ কেহ বলেন যে, আত্মা নামে কোন পদার্থ নাই। কেহ বা वरनन त्य, ना, जाजा जाहा। त्वर वरनन त्य. त्याजारे कर्छा उ ভোকা। কেহ বা বলেন বে, হাা-আত্মা আছে সতা, কিন্তু সে অকর্ত্তা ও অভোক্তা। কেহ আবার বলেন যে, স্বাত্মা বন্ধ। কেহ বলেন বে. না,--আত্মা নিতামক। কেহ কেহ বলেন বে,--আত্মা কণিক বিজ্ঞানমাত্র অর্থাৎ প্রতিক্ষণে উৎপন্ন ও প্রকৃষ্ট যে জ্ঞান, তাহাই আত্মা: আবার অপর কোন সম্প্রদায় বলেন যে, শৃক্তই আত্মা অর্থাৎ প্রদীপ নির্বাণ হইলে যেমন প্রদীপের তেজ শৃক্তাকারে পরিণত হয়, তেমন এই দেহবিগমে আখাও শৃত্তমাত্ত হইয়া যায়। কিন্তু এই हैं ভাবে বিকল্পে পতিত হটর। কেহট সন্দেহের পরপারে উপনীত হইতে পারে না। কারণ, বিক্রভাবদর্শনই অবিভার কার্যা: মতক্ষণ জীব অবিভার বলে থাকিরে, তাবং তাহাকে বিকল্প তাগি করিবে না. সমস্তই বিক্লাের মত মনে হইবে। পরস্ত যাঁহারা শ্রুতি ও আচার্য্যগণের প্রদর্শিত পথের পথিক হন. কেবলমাত্র তাঁহারাই এই অবিভার কবল হইতে নিস্তার পান। সেই সকল মহামুভবগণই এই অগাধ মোহসমুদ্র হইতে উত্তীর্ণ হন, নচেৎ কেবল বৃদ্ধির নিপুণতার মোহ হইতে উত্তীর্ণ হওরা যায় না। এতাবতা ব্রহ্মজ্ঞান যে অমরত্ব-লাভের উপায়, তাহা বিবৃত হইল।

^{*} নাত্তিকচ্ডানণি চাকাক বলেন যে, এই দেহই আন্ধা; এতদতিরিত চেতন বা কছা প্রকার আন্ধানাই। দেহাতিরিক্ত আন্ধা আছে, ইহা আবাসাধারণের মত। নৈরায়িকগণ বলেন যে, আন্ধা দেহাতিরিক্ত এবং ধর্মাধর্ম ও স্বত্ত্বংবের কর্জা। আন্ধা দেহাতিরিক্ত এবং কর্জা বা ভোকা নহেন—মৃক্ত, ইহা সাংখ্যদর্শনকারের মত। আন্ধাবন্ধ, ইহা পৌরাণিক-লান্ধের মত। আন্ধা কণিক বিজ্ঞানখরণ, ইহা বৌদ্ধসম্প্রদাবের মত এবং শৃগুসাত্তি আন্ধা, ইহা বৈনাশিক বেন্ধিগণের মত।

ইদং বৈ তম্মধু দধ্যঙ্ঙাথব্বণোখ্যিভ্যামুবাচ, তদেতদৃষিঃ পশুন্নবোচভদানরাসনয়েদ্দ দ উগ্রমাবিষ্ণণোমি তম্মভূন বৃষ্টিং দধ্যঙ্হ যমধ্বাথব্বণো বামশ্বস্থ শীষ্ণা প্রাযদীমুবাচেতি ॥ ১৬ ॥

মৈত্রেমী যে ব্রহ্মবিষ্ঠা জানিবার জন্ম স্বীয় স্বামী যাক্তবন্ধ্যকে প্রশ্ন করিয়াছিলেন, ভগবন ! আপনি যাহা অমৃতত্বলাভের উপায় বিবেচনা করেন, তাহাই আমায় অনুগ্রহপূর্বক উপদেশ করুন। এই প্রার্থনার অবসরে সেই ব্রহ্ম-বিম্বার প্রশংসার নিমিত্ত এই আখ্যাম্বিকা উত্থাপিত হইমাছে এবং এই আখ্যা মিকাগত প্রতিপান্ত বিষয় দকল পরবর্ণ্ডী যোড়শ ও সপ্তদশ শ্লোকে সংক্ষিপ্তরূপে বর্ণিত হইবে। এইভাবে মন্ত্র ও ব্রাহ্মণ ধারা সমস্বরে প্রশংসিত হওরার ব্রহ্মবিস্তা যে মোক ও সর্কাময়ত্বপ্রাপ্তির একমাত্র উপায়, তাহা প্রকটিত হইয়া রাজপথে উপনীত হইল। সহস্রকিরণ সূর্য্য সমূদিত হইলে যেমন রাত্রির অন্ধকাররাশি বিদুরিত হয়, তেমন ঈদুশ আখ্যায়িকা ছারা হৃদয়গত সমস্ত শঞ্চা বিনষ্ট হইল। ওপু ইহাই নহে, দেই এই ব্রহ্মবিস্তা এইরূপভাবে প্রশংসিত যে, দেবরাজ-ইন্দ্র-পরিরক্ষিত হইয়া দেবগণেরও তাহা হল্লভ, কারণ, দেব-চিকিৎসক অধিনীকুমারন্বেও অতি-ক্লেশে এই ইন্দ্র-পালিত ব্রন্ধবিদ্ধা প্রাপ্ত হইয়াছিলেন। কথিত আছে যে, কোন ব্রন্ধবিদ্ অধিনীকুমারদ্বয়কে ইন্দ্রোক্ত ব্রন্ধবিস্থার উপদেশ করিতে উন্ধত হইলে ইন্দ্র কর্তৃক তাঁহার শিরশ্ছেদের ভয়ে অধিনীকুমারছয় স্বয়ং তাঁহার মন্তকশ্ছেদন করিয়া তাহাতে অশ্বমন্তক যোজনা করেন, পরে ইকু সন্ধান পাইয়া ঐ ব্রহ্মবিদের মন্তক ছিন্ন করিলে অধিনীকুমারদ্বয় নিজপ্রভাবে ব্রাহ্মণের স্বন্ধে পূর্ব্ব-ছিন্ন তাঁহার নিজ মন্তক যোজনা করিয়া পরে তাঁহার নিকট সমগ্র ব্রহ্মবিস্থা শ্রবণ করেন। অতএব ঈদুশ ব্রহ্মবিদ্ধার সদৃশ পুরুষার্থ-(মুক্তিওভোগ) সাধন আর দিতীয় হয় নাই, হইবে না; বর্ত্তমান কালের কথাই নাই। অতএব ইহা অপেকা আর বন্ধবিদ্ধার অধিক স্তৃতি কি হইতে পারে ?

প্রকারাস্তরেও বন্ধবিদ্ধার প্রশংসা করা হইতেছে। সকল লোকই জানে যে, কর্ম্মই প্রকার্থলাভের একমাত্র উপায়, কর্মা বিনা কি ভোগ, কি মুক্তি কিছুই সিদ্ধ হয় না। কিন্তু ঐ কর্ম্মও অর্থবায়সাধ্য, অতএব তাহা দারা অমৃত্তক লাভ হ্রাশামাত্র: কেবল এক কর্মনিরপেক অধ্যাত্মবিদ্ধা দারা ঐ মুক্তির সধান পাওয়া যায়। বিশেষতঃ যথন কর্ম-প্রকরণে বক্তবা হইয়াও কর্মপ্রকরণ অতিক্রম করত মুক্তিপ্রকরণে কর্ম্মের সহিত বিরোধের ভয়ে কেবলমাত্র সন্ত্যাস-সহিত ব্রহ্মবিদ্যাকে মুক্তির সাধন বলিরা উল্লেখ করা হইরাছে, এ জক্তও বলিতে হইবে যে, ব্রহ্মবিদ্যাক আর পুরুষার্থসাধন নাই। আবার ইহা ঘারাও ব্রহ্মবিদ্যার স্তৃতি দেখান যাইতেছে যে, সাংসারিক সমস্ত লোকই ঘন্দারাম অর্থাৎ শীত-উষ্ণ, প্রিয়-অপ্রিয় ও স্থ্-ছঃখাদি-ঘন্দ ঘারা চিত্তের বিনোদন করিয়া থাকে। এই অভিপ্রায়েই শ্রুতি বলিয়াছেন মে, "স নৈব রেমে, তত্মাদেকাকী ন রমতে" অর্থাৎ সেই প্রথম স্টেই জীব একাকী কোনরপেই আনন্দ অন্থভব করিতে পারিলেন না। এ জন্ম অন্তাপি প্রাণিগণ একাকী চিত্তবিনোদন করিতে পারে না। কিন্তু যাজবক্ষ্য খিষি সাধারণ সংসারি-লোকমধ্যে পরিগণিত হইয়াও নিজ নির্ম্মল আত্ম-জানবশতঃ ভার্য্যা, পুত্র, এখর্য্য প্রভৃতি সমস্ত সাংসারিক স্থথে আ্মক্তি বা স্পৃহা পরিত্যাগ করিয়া এক্মাত্র জ্ঞানভৃত্তি সহকারে আত্মাতেই রতি (আনন্দ) অন্থভব করিয়াছিলেন।

এই যাজ্ঞবন্ধ্য সংসারমার্গ হইতে চ্যুত হইয়াও যে নিজের প্রিয়ন্তমা ভার্য্যাকে এই ব্রন্ধবিভার উপদেশ করিয়াছেন, এ জন্তও এই ব্রন্ধবিভার প্রশংসা করা যার। যেহেতু, 'তিনি পত্নীর ব্রহ্মবিষয়ক প্রশ্ন শুনিয়া মৈত্রেয়ীকে বলিয়াছিলেন, "তুমি বড়ই প্রিয় কণা বলিয়াছ; এস, আমার নিকটে বস।" আমরা পূর্বে বলিয়াছি বে, নৈত্তেরী-জিজ্ঞাসিত বন্ধবিদ্যার প্রশংসার জন্য এই আখ্যামিকা কথিত হয়, কিন্তু দে আখ্যায়িকা কি, এতাবৎকাল বলা হয় নাই। তাহাই একণে বলা হইতে ছে। প্রতিত্ত "ইদং শব্দে" পরকণে নির্দিষ্ট বৃদ্ধিত্ত विষয়ের "বৈ" শব্দ धারা অরণ করাইতেছেন। ইহাই সেই—মধু, অর্থাৎ ইতঃপূর্বে প্রবর্গাপ্রকরণে যে মধু কেবলমাত্র স্থাচিত হইয়াছে, কিন্তু প্রকাশ করিয়া বলা হয় নাই, সেই মধুই অনন্তর শ্রুতিতে "ইয়ং পৃথিবী" ইত্যাদি বাক্য দারা নিদিষ্ট হইবে। পুর্বেযে কিরূপে স্থাচিত হইয়াছে, তাহা বলিতেছেন যে, অশ্বিনীকুমার-षप्रतक ज्यांथर्कन ज्यर्थार ज्यर्थक्तरमञ्ज नशीह नामक श्रीव त्व मधू नामक बान्नन् अधिनीकूमात्रवहरूक विविद्याहिलन, जाहा. । ११ अधिनीकूमारतत अजि श्रित्र ; এই মধু-বান্ধণের দারা দেই প্রিয় তেজ তাহাদিগের নিকট উপস্থিত হয়। ঘটনাটি अह—यथन अधिनीकूमात्रवत्र मशीर (क विशासन, "आशिन आमामिशक मधु-वाक्कालत উপদেশ कक्नन।" उथन जिनि विनिष्ठाहित्यन या, हेक आभारक विनिष्ठाहिन या, 'ভূমি যদি এই ত্রন্ধবিভা অন্ত কাহাকে বল, তাহা হইলে আমি তংক্ষণাৎ তোমার শিরশ্ছেদ করিব;' অতএব আমার ভর হইতেছে, পাছে ইন্দ্র আমার শিরশ্ছেদন

করেন, যাহাতে ইন্দ্র আমার শিরক্ষেদনা করে, যদি এমন কোন উপায়-বিধান করিতে পার, তাহা হইলে আমি তোমাদিগকে এই বন্ধবিষ্কার छेপদেশ দিতে পারি। একগা প্রবর্ণমাত্র অধিনীকুমারছয় বঁলিলেন যে, "আমরা আপনাকে ইন্দ্র হইতে পরিত্রাণ করিব।" তথন দধীচ্ বলিলেন, "তোমরা কি উপারে আমাকে রক্ষা করিবে ?" অধিনীকুমার বলিলেন,—"যথন আপনি আমাদিগকে উপদেশ করিবেন, তথন, আপনার এই মস্তক ছেদন করিয়া অন্তত্ত স্থাপন করিব এবং একটি অখের শির আনিয়া সংযোজিত করিয়া দিব, আপনি এই অশ্ব-মুগ ছারা আমাদিগকে উপদেশ দিবেন। যথ<mark>ন আমাদিগকে উপদেশ দিবেন, তথনই ইন্দ্র আপনার সেই অশ্বশির</mark> ছিল্ল করিবে। পুনশ্চ আপনার সেই পূর্বতন স্বীর মন্তক আপনার কণ্ঠে সংযোজিত করিব।" অনন্তর ব্রাহ্মণ অধিনীকুমারের কথায় অঙ্গীকার করিয়া ব্রন্ধবিদ্যার উপদেশ করিতে প্রবৃত্ত হইলেন এবং অধিনীকুমারম্বন্ধও তদ্ধওে ব্রাহ্মণ-মস্তক ছেদন করিয়া অন্তত্ত রাথিয়া দিলেন ও সেই স্থানে একটি অশ্বমুগু সংযোজিত করিয়া দিলেন। পরে ব্রান্ধণ সেই শ্বমুথে অধিনীকুমারকে উপদেশ করিতে আরম্ভ করিলেন। যথন ব্রহ্মবিদ্যার উপদেশ হইতে লাগিল, তথন ইক্র ক্রুদ্ধ হইয়া তৎক্ষণাৎ ব্রাহ্মণের শির (অশ্বমূপ্ত) ছেদন করিয়া ফেলিলেন এবং অধিনীকুমারহারও তন্মহর্ত্তে ব্রাহ্মণের পূর্ব্ব-মন্তক পুনঃ কণ্ঠে যোজিত করিয়া দিলেন। ব্রাহ্মণও মধামধরতে ব্রহ্ম-জ্ঞানোপদেশ করিলেন। পূর্বের প্রবর্গ্যপ্রকরণে ্প্রবর্গ্য-কর্ম্মের অঙ্গন্ধপ যে সকল মধু আছে, কেবল সেই সকলই তথায় বর্ণিত হইরাছে, কিন্তু তদন্তর্গত গুঢ় আত্মজ্ঞান কথিত হয় নাই। এই মধুবিস্থার স্তুতির নিমিত্তই প্রবর্গ্য স্থাথ্যায়িকা এই স্থানে পুনশ্চ পৃথক্ করিয়া প্রদর্শিত হইল।

দধীচ্ আথর্কাণ থাবি এই মধুকেই সবিস্তারে অধিনীকুমারের নিকট বলিয়াছিলেন';—থাবি অর্থাৎ মন্ত্র পূর্কোক্ত সেই মধুবিদ্যা দর্শন করিয়া অর্থাৎ অফুভূতি করিয়া বলিয়াছিলেন।

কি বলিরাছিলেন ? যে, হে নুরাকার অধিনীকুমারথর ! লাভের নিমিত্ত অনুষ্ঠিত দংস নামক তোমাদিগের এই অত্যুগ্র কর্ম লোকসমাজে প্রকাশ করিব অর্থাৎ লাভের নিমিত্ত লুক লোক সকল যেমন অতিক্রুর কর্ম্মসকল করিয়া থাকে, তোমরা উভয়েও তেমনই এই অতিক্র কর্ম করিয়াছ । অত্যুগ্র পর্জ্জাদেব (বৃষ্ট্যাধিপতি দেবতা) যেমন বর্ষণবারা সর্বত্ত জলপ্রকাশ করেন, তেমন আমিও ভোমাদের এই গৃঢ় ক্রুরক্ম সর্বত্ত প্রকাশ করিয়া দিব।

অত্ত্য শ্রুতির 'ন' শব্দের অর্থ সাদৃশ্য; বেদে সাদৃশ্য অর্থে 'ন' শব্দ প্রযুক্ত হইয়া থাকে, নিষেণার্থে নহে; যেমন "অর্থং ন" বলিলে 'অগ্রের মত' অর্থ প্রকাশ পার, সেইরূপ শ্রুতিষ্ঠ 'তন্ত্যতু ন' শব্দের পর্জ্জান্তার মত অর্থ ব্যা হার। প্রশ্ন হইতে পারে যে, এই প্রকরণের পূর্ব্বাপর পর্য্যালোচনা করিলে নিশ্চরই বোধ হয় যে, এই মন্ত্রবন্ধ অশ্বনীকুমারের প্রশংসা করিবার নিমিত্ত প্রবৃক্ত দ্বীচের কথার বৃথা যাইতেছে যে, তৎপরিবর্ধে ক্লপ্তমা উচিত, কিন্তু নেই মন্ত্রবন্ধ আবার অথিনীকুমারের নিন্দাই করিতেছেন, স্কৃত্রাং এই মন্ত্রবন্ধ স্কৃত্যুর্থ বলি কি প্রকারে না—ইহা দোষ হইতে পারে না; ইহা এক প্রকার স্কৃতিই বলিতে হইবে, নিন্দাবাচক নহে। যেহেতু, "এরূপ অতিক্রুর কর্মা করাতেও তোমাদের কোনরূপ ক্ষতি হয় নাই," এইরূপ দ্বীচ্ মুনির উক্তি ছারাও বথন বাস্তবিক, তাহাদের অন্য কিছু ক্ষতি নাই, ইহা ছারা অথিনীকুমারের স্কৃতিই বলিতে হইবে। কারণ, সময়ে স্কৃতি ছারাও নিন্দা বোধ হয় এবং নিন্দা ছারাও স্কৃতি করা হয়। ইহা অপ্রসিদ্ধ নহে।

দধ্যঙ্ নাম আথর্কণ ঋষি অশ্বের মূথে যে, তোমানিগকে (অখিনীকুমার-ময়কে) গৃঢ় আত্মজান উপদেশ করিয়াছেন, তাহা এই ॥ ১৬॥

ইদং বৈ তন্মধু দধ্যঙ্ঙাথৰ্ববণোহখিত্যামুবাচ তদেতদৃষিঃ পশ্যন্ধবোচদাথৰ্ববণায়াখিনা দধীচেশ্যশ্বশিরঃ প্রত্যৈরয়তম্ স বাং মধু প্রাবোচদৃতায়স্ত্রাষ্ট্রং যদ্দক্রাবিপি কক্ষ্যং
বামিতি॥ ১৭॥

পূর্ববং আরও একটি মন্ত্র পূর্ব্বোক্ত আখ্যায়িকার প্রতিপান্ত বিষয় অনুসরণ করিয়াছে। তাহা এই—সেই মধুর কথা দগ্যঙ্নামক আথর্বণ থাষি অথিনীকুমারধন্নকে বলিয়াছিলেন (এখানেও পূর্ব্বোক্ত মন্ত্রের ন্তায় মধু শব্দের অর্থ এবং
অভিপ্রায়াদি জানিতে হইবে।) শ্রুতির অথর্কবিং বলিয়া প্নশ্চ দধীচ নামের
ইরেথ করিবার তাংপর্য্য এই, অথর্কবিং অপর এক মুনিও আছেন, তাঁহার
কথা এখানে অনুপ্রোগী। এজন্য প্রসঙ্গান্থবায়ী নাম ধারা তাঁহাকে বিশেষ
করা হইল।

মন্ত্রন্তা ঝিষি অখিনীকুমারধরকে লক্ষ্য করিয়া বলিতে লাগিলেন যে, হে অধিনীকুমার! তোমরা যে প্রান্ধণ দধীচের মস্তক ছিল্ল হইলে অখ-শির-শেছদনরূপ অভিক্রুর কর্ম করিয়া তাহাতে দেই অধ্মন্তক সংযোজিত করিয়া দিয়াছ, ইহাতেও সেই দধ্যত আথর্বণঝিষ এই অধ্মন্ত দারা তোমাদিগকে দেই 'বলিব' বলিয়া প্রতিজ্ঞাত মধ্বিদ্ধা উপদেশ করিয়াছেন। কিন্তু তিনি কেন যে এইরূপ জীবনসংশয় ব্যাপারে পড়িয়া বলিতে আরম্ভ করিয়াছিলেন, তাহাও বলিতেছি। তিনি পূর্বেষ্ব যে প্রতিজ্ঞা করিয়াছিলেন তাহা সত্য রাথিবার অভিপ্রান্থেই। যেহেতু, মহায়াদিগের নিকট সত্যধর্মপালনের অপেক্ষা জীবন অভি তুছে।

এই সেই মধ্ বলিয়া যে মধু নির্দিষ্ঠ হইয়াছে, সেই মধু কি ? মন্ত্র তাহার উল্লেখ করিতেছেন।—যাহা আই অর্থাৎ ছটা—হর্যা, তৎসন্থলী যজের মন্তক আই নামে খ্যাত, সেই ছিন্নমন্তকের পূনঃ সংবোজনের জন্ম যে প্রবর্গ্য নামে কর্মা নির্দিষ্ট আছে এবং সেই প্রবর্গ্য কর্মের অঙ্গস্থরপ যে বিজ্ঞান, তাহাই আই মধু নামে প্রাসিদ্ধ। অর্থাৎ আই রজের শিরশ্ছেদ ও তাহার প্রতিসন্ধান প্রভৃতি বিষয়ক যে বিজ্ঞান, তাহাই আই মধু। হে পরসৈত্যক্ষরকারক বা শক্রনাশক অধিনীকুমার! সেই দ্বীচ মূনি তোমাদিগকে কেবল ঐ প্রবর্গ্য কর্মস্থরপ আই মধু উপদেশ করেন নাই, পরস্তু কক্ষ্য অর্থাৎ অতি গোপনীয় রহস্ত যাহা পরমান্ত্রসম্বন্ধী অতি গৃঢ় বিজ্ঞান, মধুব্রান্ধণ-কথিত পূর্ব্বোক্ত হুই অধ্যায়ে প্রতিপাদিত, তাহাও তোমাদিগকে বলিয়াছেন॥ ১৭॥

ইনং বৈ তন্মধু দধ্যঙ্ ঙাথর্বনোহ খিত্যামুবাচ তদেতদৃষিঃ পশ্যমবোচং । পুরশ্চকে দিপদঃ পুরশ্চকে চতুষ্পদঃ ।
পুরঃ দ পক্ষী ভূত্বা পুরঃ পুরুষ আবিশদিতি দ বা অয়ং
পুরুষঃ দর্ববাহ্ন পূর্মু পুরিশয়ো নৈনেন কিঞ্চনানার্তং নৈনেন
কিঞ্চনাদংর্তম্ ॥ ১৮ ॥

ইহাই সেই মধু ইত্যাদি পূর্ববং। অতঃপর এই তুইটি মন্ত্র প্রবর্গ্য কর্ম্মের সহিত ।
আখ্যাদ্বিকার যে সম্বন্ধ, তাহার উপসংহার করিতেছেন।—প্রবর্গ্য কর্মের সম্বন্ধ
বোধক অধ্যাদ্ব তুইটির তাৎপর্য্য, আখ্যাদ্বিকারণে কণিত মন্ত্রদ্ব দারা প্রকাশিত

श्रेष्ठाहि। अकृत्व अक्षतिमा-अভिशानक अक्षामक्षम जार्था भवत्वी मञ्जदम দারা প্রকাশ করা আবশ্রক। এই জন্ম ইহার আবস্ত। আথর্কণ দ্বীচ্ ভোমা-मिश्रांक (अभिनीकुमात्रवारक) एवं कक्षा (खड़ तहन्छ) এवः मधुविश्वा विनेताहिन, সেই কবিত 'মধু' কি 🤊 এই প্রশ্নের উত্তরার্থ বলিতে ছন যে, ইহাই সেই মধু--- মহর্ষি দ্ধীচ্ জ্ঞানদৃষ্টিতে যাহা প্রভ্যক্ষ করিয়া প্রকাশ করিয়াছেন। ভিনি বলিয়াছেন, পরমাত্মা শরীরদমষ্টি স্ষষ্টি কবিয়া অবাক্তের বাক্তীভাবপ্রক্রিরা দেখাইয়াছেন। তিনি অব্যক্ত নাম ও আকৃতি ব্যক্ত করিবার জন্ম প্রথমে ভূরাদি চতুর্দশ ভূবন সৃষ্টি করিয়া ক্রমে দ্বিপদ মনুষ্যজাতি, পরে চতুপাদ পশুজাতি সৃষ্টি করিলেন। তাহার পরে সেই পরমেশ্বর পক্ষী অর্থাৎ সৃশ্ধ বা লিঙ্গশরীরাকার ধারণ করিয়া পূর্ব্ব-স্থষ্ট সমস্ত শরীরে পুরুষ-(জীব) রূপে প্রবেশ করিলেন। শুভি ,নিজেই এই কথা প্রকাশ করিয়া বলিতেছেন যে, সেই সর্ব্বশরীরপ্রবিষ্ট পরমেশ্বর সমস্ত পুরে অর্থাৎ সর্কাশরীরে শয়ন (অবস্থিতি) করেন বলিয়াই পুরুষ নামে অভিহিত হইয়া থাকেন। জগতে এমন কোন বস্তু নাই—যাহাতে তিনি ওতপ্রোতভাবে নাই। এই পরমেশ্র বেমন সর্কাশরীরের ভিতরে প্রবিষ্ঠ আছেন, তেমন বাহিরেও আকাশের স্থায় সর্বভূত ব্যাপ্ত করিয়া রহিয়াছেন। এমন কোন বস্তু নাই--্যাহা তিনি বাছত ব্যাপ্ত করেন নাই এবং অভান্তর আছেদিন করেন নাই। ফলতঃ পরমেশ্বর এইরূপে বাহ্ দেহেন্দ্রিয়াদিরাপে অবস্থিত হট্যা সর্ববিধ জীবশরীর সৃষ্টি করিয়াছেন ও জীবরূপে বর্ত্তমান আছেন, দংক্ষেপে এই মন্ত্র আত্মার একত্ব প্রতিপাদন, করিষাছে ॥ ১৮॥

ইদং বৈ তন্মধু দধ্যঙ্ঙাধর্ববেণাহখিভ্যামুবাচ তদেত্দ্ধিঃ পশুন্ধবোচজপত রূপং প্রতিরূপে। বছুব তদশু রূপং প্রতিচক্ষণায়। ইন্দ্রো মায়াভিঃ পুরুরূপ ঈয়তে যুক্তা ছন্ম হরয়ঃ শতা দশেত্যয়ং বৈ হরয়োহুয়ং বৈ দশ চ সহস্রাণি বছুনি চানস্তানি চ তদেতদ্বেক্ষাপূর্ববিমনপরমনস্তর্মবাছ্ময়মাত্মা ব্রহ্ম

ইদং মধু ইত্যাদির অর্থ পূর্ববং। আথর্বপঞ্জবি অখিনীকুমার্থয়কে বলিয়া-ছিলেন যে, ইহাই সেই মধু। ঋষি তাহা প্রত্যক্ষ করিয়া বলিয়াছেন যে, ঈশ্বর প্রতিরূপ অর্থাৎ প্রত্যেক আকৃতিতে রূপান্তর গ্রহণ করিয়াছিলেন, অর্থবা তিনি প্রতি আকৃতির অন্তর্গ হইয়াছিলেন অর্থাৎ পিতা ও নাতার আকার যেরূপ, তৎসন্তানও যেমন তদন্তরপই হর্ম, কথনও চতুষ্পদ হইতে ছিপদ জন্ম না এবং দিপদ হইতেও চতুষ্পদ জন্মে না, ঠিক একইরপ জন্মে, তেমনই প্রমান্থা ব্যাদিতে নাম ও রূপের বিকাশ করিবার জন্ম বিভিন্ন প্রত্যেক আকৃতিতে অন্তর্গ আকৃতি ধারণ করিয়াছিলেন। কি উদ্দেশ্রে তিনি প্রতিরূপে আগ্যমন করিলেন গ্রহ প্রশ্নের উত্তর,—নিজ্ স্বরূপের প্রথাপনই নামরূপবিকাশের উদ্দেশ্র। কেন না, প্রমেশ্বর যদিনাম ও রূপ প্রকাশ না করিতেন, তাহা হইলে নাম-রূপ-বিহীন, অদৃষ্ঠপূর্ন্ম, ঘন, প্রজানময় প্রমেশ্বরের স্বরূপ কোনরপেই প্রকাশ পাইত না।

কিন্ত যেই দেহেক্তিয়াদিভাবে নাম ও রূপ প্রকাশ পাইল, তথনই প্রমে-খবের স্বরূপ প্রকাশ পাইবার সুযোগ হইল। ইন্দ্র অর্থাৎ সুর্বৈশ্বর্যা-পরিপূর্ণ একই পরমেশ্বর মায়া অর্থাৎ স্বীয় বুদ্ধি ছারা কিছা নামরূপকৃত মিধ্যা অভিমানবশতঃ বছরপী বলিয়া প্রতীত হইলেন। বস্তুতঃ তিনি নানারপসম্পন্ন নন : সর্বাধা এক-রূপই থাকেন; কেবল জীব অবিভাজনিত নানাত্রমে তাঁহাকে নানারূপে দেখে, এই মাত্র। তাহার কারণ-প্রদর্শনের জন্ম শ্রুতি দৃষ্টান্তচ্চলে হেতু প্রদর্শন করিতেছেন ্যেমন রথে যোজিত অখগণ রগার্ডকে বহন করিয়ে গস্তব্যস্থান দশন করাইয়া থাকে, সেইরূপ গন্তব্যস্থানে উপনীত করাই উহাদের কার্যা; এরূপ ইক্রিয়গণ আত্মাকে রূপ-রুগাদি বিষয়-স্থানে হরণ করিয়া লইয়া যায়, এই জন্ত ইন্দ্রিয়গণকে হরি নামে আখ্যাত করা হয়। ঐ ইক্রিয়গণ বিভিন্নপ্রায় সহস্র আকার ধারণ করে। উহারা বিষয়-প্রকাশনাথই নিয়োজিত, আত্মন্তরপ-প্রকাশ উহাদের কার্য্য নহে অর্থাৎ বিষয়স্বরূপ প্রকাশই আত্মার ইন্দ্রিরূপে অভিব্যক্তির উদ্দেশ্য। এ বিষয়ে কঠোপনিষদ্ প্রমাণ দিতেছেন যে, "পরাঞ্চি থানি ব্যতৃণৎ স্বয়স্তৃ:" অর্থাৎ স্বয়স্তৃ – পরমেশ্বর ইক্রিয়গণকে বহিদৃষ্টি করিয়াছেন, এই জন্মই ইন্দ্রিমণণ অপাত্মদৃষ্টিবিমুখ হইয়া দর্বাদা রূপ রুদাদিবিষয়দেবাতেই থাকে।

অতএব পরমেশ্বর প্রতি আকৃতিতে তত্তবিষয়াকারে প্রকাশিত হন, কথনও বিশুদ্ধ বিজ্ঞানপূর্ণ স্বরূপে প্রকাশ পান না। আশঙ্কা হইতে পারে যে, তাহা হইলে পরমেশ্বর এবং ইন্দ্রিয় পরম্পর বিভিন্ন, ইহাই প্রতিগন্ন হইয়া পড়িল ? উত্তর—তাহা নহে। অনুস্ত প্রাণিভেদে এই আত্মাই হরি (ইন্দ্রিয়) এবং এই আত্মাই শত সহস্র ও বছরূপে বিশ্বমান। আত্মাই সেই প্রসিদ্ধ ব্রহ্ম, অপূর্ব্ধ—পূর্ব্ধ অর্থ কারণ, তৎশূন্য অর্থাৎ নিকারণ; অনপর—পর অর্থ কার্য্য, তদ্রহিত, অনস্তর—অন্তর অর্থ জাতিগত ভেদ, তিরিহীন এবং অবাহ্য—বাহ্য অর্থ বহিদ্দেশ, তৎশূন্য। এই সেই নিরস্তরাদিবিশেষণবিশিষ্ট ব্রহ্ম কে ? উত্তর—এই আত্মা। এই আত্মা কে ? উত্তর—প্রত্যাত্মা—জীব, যে প্রত্যাগাত্মা দর্শন, শ্রবণ, মনন (চিন্তা) বোধ (সামান্যাকার জ্ঞান) এবং বিজ্ঞান (বিশেষপ্রকারে জ্ঞান) করেন, এবং যিনি সর্ব্যান্থভূ, অর্থাৎ সর্ব্যপ্রকারে সর্ব্রবিষয় অন্থভ্রব করেন। ইহাই সর্ব্যবেদান্তের উপদেশবাক্য। আত্মার অন্থভ্র, অভর্ব্ধ প্রভৃতি আত্ম-স্বভাব-কথন বারা সমস্ত বেদান্তের অভিপ্রায় উপসংহত হইল॥ ১৯॥

ইতি ধিতীয় অধ্যায়ে পঞ্চন ব্রাহ্মণ নমাপ্ত।

উপনিষৎস্থ—দিতীয়াহধ্যায়স্থ

ষষ্ঠ-ব্ৰাহ্মণম্

অথ বহুশঃ পোতিমায়ো গোপবনাদ্গোপবনঃ পোতিমাষ্যাৎ পোতিমাষ্যাে গোপবনাদ্গোপবনঃ কোশিকাৎ কৌশিকঃ কোণ্ডিন্তাৎ কোণ্ডিন্তঃ শাণ্ডিল্যাচ্ছাণ্ডিল্যঃ কৌশিকাচ্চ গোতমাচ্চ গোতমঃ ॥ ১ ॥

দশ্রতি ব্রহ্মবিন্তার স্তৃতির জন্ম ব্রহ্মবিন্তাপ্রদশক মধুব্রাহ্মণ বা মধুকাণ্ডের বংশ বা ধারা বর্ণিত হইতেছে; ইহা পাঠ ও জপ উভন্ন কার্যােই মন্ত্ররপে পরিগৃহীত হইবে। বংশ বেমন মূল হইতে অগ্র পর্যান্ত পর্বের পরের্বা বিভক্ত হর, দেইরপ অগ্র হইতে মূলপ্রাপ্তি পর্যান্ত এই ব্রহ্মণ-ধারা অধ্যান্ত-চতুইন্নের পরম্পরাক্রমে নিবন্ধ; এ জন্ম এই আচার্য্যপরম্পরাক্রমকেও বংশ নামে অভিহিত করা হইন্নাছে। এই বংশ আর কিছুই নহে, কেবল পূর্ব্ব পূর্ব্ব অধ্যান্ত-চতুইন্নের আচার্য্যক্রমমান্ত। তন্মধ্যে প্রভিতে যে সকল নাম আচার্য্যের এবং প্রক্মী বিভক্তি দারা নির্দিষ্ট হইন্নাছে, দে সকল নাম আচার্য্যের এবং প্রথমী বিভক্তি দারা নির্দিষ্ট নাম সকল শিব্যের জানিবে। প্রথমতঃ পৌতিমান্ত হইতে বংশ কথিত হইতেছে। গৌপবন হইতে গৌপবন, পৌতিমান্ত হইতে পৌতিমান্ত, পূনশ্চ গৌপবন হইতে গৌপবন, কৌশিক হইতে কৌশিক, কৌণ্ডিন্স হইতে কৌশিক, কৌণ্ডিন্স হইতে কৌশ্রিক, শাণ্ডিল্য হইতে শাণ্ডিল্য এবং কৌশিক ও গৌত্ম হইতে গৌতম এই ব্রহ্মণ অধ্যয়ন করিন্নাছেন॥ ১॥

অমিবেশ্যাদামিবেশ্যঃ শাণ্ডিল্যাকানভিষ্ণাতাকানভিষ্ণাত আন-ভিষ্ণাতাদানভিষ্ণাত আনভিষ্ণাতাদানভিষ্ণাতো গোতমাদ্গোতমঃ সৈতবপ্রাচীনযোগ্যাভ্যাত্ত সৈতবপ্রাচীনযোগ্যো পারাশর্যাৎ পারাশর্যো ভারদ্বাজান্তারদ্বাজো ভারদ্বাজাক্ত গোতমাক গোতমা,ভারদ্বাজাদ্ভারদ্বাজঃ পারাশর্য্যাৎ পারাশর্য্যা বৈজ-বাপায়নটেদ্বজবাপায়নঃ কৌশিকায়নেঃ কৌশিকায়নিঃ ॥ ২ ॥

অগ্নিবেশ্ব হইতে আগ্নিবেশ্ব, শাণ্ডিলা ও আনভিন্নাত হইতে আনভিন্নাত : প্নশ্চ, আনভিন্নাত হইতে আনভিন্নাত, আনভিন্নাত হইতে আনভিন্নাত, গোতম হইতে গোতম, সৈতব হইতে গৈতব ও প্রাচীনযোগ্য হইতে প্রাচীনযোগ্য, পারাশর্য্য হইতে পারাশর্য্য, ভারম্বাক্ষ হইতে ভারম্বাক্ষ এবং ভারম্বাক্ষ ও গৌতম হইতে গৌতম : প্নশ্চ ভারম্বাক্ষ হইতে ভারম্বাক্ষ, পারাশর্য্য হইতে পারাশর্য্য, বৈজ্বাপান্নন হইতে বৈজ্বাপান্নন, কৌশিকান্ননি হইতে কৌশিকান্ননিক্রমে ব্রাহ্মণ প্রবর্ত্তিত হইন্নাছে॥২॥

व्यक्तिनिकान्वकरकोनिकः शातानवतावनार शातानवतावनः পারাশর্যাৎ পারাশর্যো জাতৃকর্ণ্যাজ্জাতৃকর্ণ্য আহ্বরায়ণাচ্চ যাস্কাচ্চাস্থরায়ণস্ত্রৈবর্ণে-স্ত্রৈবর্ণিরোপজন্ধনেরোপজন্ধনিরাস্থরেরা-স্থরিভারদ্বাজাদ্ ভারদ্বাজ আত্রেয়াদাত্রেয়ে মাণ্টেশ্মণিটগোঁ-তমাদেগতিমে৷ গোতমাদুগোতমো বাৎস্থাদ্বাৎস্থঃ শাণ্ডিল্যা-চ্ছাণ্ডিল্যঃ কৈশোর্য্যাৎ কাপ্যাৎ কৈশোর্য্যঃ কাপ্যঃ কুমার-হারিতাৎ কুমারহারিতো গালবাদ্গালবো বিদভীকেণিভিন্তা-দ্বিদভীকোণ্ডিভো বৎসনপাতো বাভ্রবাদ্বশনপাদ্বাভ্রবঃ পথঃ-দৌভরাৎ পত্থাঃ দৌভরোহয়াস্থাদাঙ্গিরসাদয়াস্থ **আ**ঞ্জিরস আভূতেস্বাষ্ট্রাদাভূতিস্বাষ্ট্রে৷ বিশ্বরূপাত্ত্বাষ্ট্রাদ্বিশ্বরূপস্বাষ্ট্রোহশ্বি-ভ্যামশ্বিনৌ দধীচ আথর্বণাদ্দধ্যভ্ভাথর্ব্বণোহথর্ব্বণোদৈবাদথর্বা দৈবো মৃত্যোঃ প্রাধ্বশুদনান্ম ত্যুঃ প্রাধ্বশুদনঃ প্রধ্বশুদনাৎ একর্ষেরেকর্ষিবিরপ্রচিত্তেব্বিপ্রচিত্তিব্ব্যক্টেব্ব্যষ্টিঃ প্রধরখসন সনারোঃ সনারুঃ সনাতনাৎ - সনাতনঃ সনগাৎ সনগঃ পর্যেষ্ঠিনঃ পর্মেষ্ঠী ব্রহ্মণো ব্রহ্ম স্বয়ম্ভ ব্রহ্মণে নমঃ।

ইতি ষষ্ঠং ত্রাক্ষণম্।

ইতি বৃহদারণ্যকোপনিষৎস্থ দ্বিতীয়োহধ্যায়ঃ॥ ওঁ তৎসং।

युज्यकोनिक इटेरज युज्यकोनिक, शांतानशांग्रंग इटेरज शांतानशांग्रंग, পারাশগ্য হইতে পারাশগ্য, জাতুকর্ণ্য হইতে জাতুকর্ণ, আহ্মরায়ণ ও যাম হইতে আস্কুরায়ণ, ত্রেবর্ণি হইতে ত্রৈবর্ণি, ওপজন্ধনি হইতে ওপজন্ধনি, আসুবি হইতে আস্থরি, ভারদাজ হইতে ভারদাজ, আত্তের হইতে আত্তের, মাণ্টি হইতে মান্টি, গৌতম হইতে গৌতম, পুনশ্চ গৌতম হইতে গৌতম, বাংশু হইতে বাংস্য, শাণ্ডিলা হইতে শাণ্ডিলা, কোশোর্যাকাপা হইতে কোশোর্যাকাপা, কুমার-হারিত হইতে কুমারহারিত, গালব হইতে গালব, বিদর্ভীকোণ্ডিম হইতে বিদর্ভীকৌভিন্ত, বংসনপাৎবাত্রব হইতে বংসনপাৎবাত্রব, পছাসৌভর হইতে পদ্বাদোভর : অধানা আঞ্চিব্দ হইতে অধানা আঞ্চির্দ, আভৃতিষাষ্ট্র হইতে আভৃতিঅ'ষ্ট্র, বিশ্বরূপত্বাষ্ট্র হইতে বিশ্বরূপত্বাষ্ট্র, অধিনীকুমার্বয় হইতে অधिषय, मशीह आधर्यन इट्रांड मशाङ्काशर्यन, अधर्यरामय इट्रांड अधर्य-দেব, মৃত্যুপ্রাধ্বংসন হইতে মৃত্যুপ্রাধ্বংসন. প্রধ্বংসন হইতে প্রধ্বংসন, একর্ষি হুইতে এক্ষি, নিপ্রচিত্তি হুইতে বিপ্রচিত্তি, বাষ্টি হুইতে বাষ্টি, সনাক হুইতে স্নাক, স্নাভন হইতে স্নাভন, স্নগ হইতে স্নগ, বিরাট হইতে বিরাট, ব্রহ্ম হইতে ব্রহ্ম। এ কথা বলার উদ্দেশ্য এই যে, তাঁহার আরু আচার্য্য কেহ ছিল না; তিনি নিতা। সেই প্রমান্তা প্রমপুরুষকে নমস্বার করি।

ইতি শীনুহদারণ্যকে ষষ্ঠ ব্রাহ্মণ এবং উপনিষ্ভাগে দিতীয় অধ্যায় সমাপ্ত।

উপনিষৎস্থ—তৃতীয়াহধ্যায়স্থ

প্রথম-ব্রাক্ষণম .

ওঁ জনকে। হ বৈদেহে। বহুদক্ষিণেন যজেনেজে তত্ত্র হ কুরুপাঞ্চালানাং ব্রাহ্মণ। অভিসমেতা বভুবুস্তস্ত হ জনকস্ত বৈদেহস্ত বিজিজ্ঞাসা বভুব কঃ স্বিদেষাং ব্রাহ্মণানামন্চানতম ইতি স হ গবাত সহস্রমবরুরোধ দশ দশ পাদ। একৈকস্তাঃ শৃঙ্গযোরাবদ্ধা বভুবুঃ॥ ১॥

অতঃপর যাজ্ঞবন্ধ্যীয় কাও আরন্ধ হইছেছে। যদিও এই কাও পূর্ব্বোক্ত মধুকাণ্ডের সমানার্থক, তথাপি পৌনক্ষজ্য দোষ ঘটে নাই। কারণ, পূর্বকাও
প্রধানতঃ শাস্ত্রের সিদ্ধান্ত ধরিরা সমর্থিত হইয়াছে, কিন্তু ইহা বুক্তিপ্রধান। যেহেতু,
শাস্ত্র ও বুক্তি উভয়েই আত্মার একত্ব প্রকাশ করিতে উন্তত এবং করতলগত বিভফলের স্থায় অথিল আত্মন্তব প্রত্যক্ষরৎ দর্শন করাইতে সমর্থ। এই জন্তই প্রতি
বলিয়াছেন যে, "আত্মতত্ব প্রবণ করিবে ও মনন অর্থাৎ শাস্ত্রের অনুকূল ভর্ক ধারা
ক্র শাস্তারবান্ত বিষয়কে স্থল্ছ করিবে।" অত্যান্ত শাস্ত্রপ্রতিপাদিত (মধুকাণ্ডোক্ত)
বিষয়েরই পরীক্ষাপূর্বক সিদ্ধান্তের জন্ত বুক্তিপ্রধান এই যাজ্ঞবন্ধ্যার
ভইতেছে। তবে যে আত্যান্ত্রিকা কথিত হইতেছে, উহা কেবল ব্রন্ধবিদ্ধার
প্রশংসার জন্ত অথবা ব্রন্ধবিদ্ধালাভের উপায় উদ্ধাননার্থ।

বন্ধবিদ্ধানাভের প্রধান উপায়ুরপে পণ্ডিতগণ দানকেই নির্দেশ করেন এবং শান্তেও তাহা পরিদৃষ্ট হয়। বাস্তবিকই দান দারা জীব আরুষ্ট হয়। এই আখ্যায়িকার প্রচূর হবর্ণ ও সহস্র সহস্র গোদানের কথা অবগত হওয়া বায়; অতএব যদিও শাস্ত-তাৎপর্য্য স্বত্তম, তথাপি দান যে বিদ্ধাপ্রাপ্তির অন্ততম উপায়, ইহা দেখাইবার জন্ম এই আখ্যায়িকার আরম্ভ। আর এক কথা, ব্রাজ্বোলি দেখা গিয়াছে যে, সেই বিদ্ধার অঞ্জীলন ও তিন্ধাবিদের সহিত বাদাহবাদ

সেই বিছাপ্রাপ্তির একমাত্র উপায়। তাহাও এই অধ্যায়ে সাক্ষাংসগন্ধেই তত্তৎস্থানে অধিকভাবে প্রদর্শিত আছে। বিদ্বান্ জনের সঙ্গে পাকিলে যে বিমল বিষ্যালাভ হয়, ইহা সর্বজনপ্রত্যক্ষসিদ্ধ; অতএব বিম্যালাভের উপায়-প্রদর্শনার্থই এই আগ্যায়িকার অবতারণা জানিবে। আগ্যায়িকাটি এই বিদেহদেশে জনক নামে এক জন প্রসিদ্ধ সমাট্ ছিলেন; সেই বিদেহভব বৈদেহ মহারাজ জনক অন্ত শাথায় সিদ্ধ বহুদক্ষিণ নামক যক্ত অথবা বহুদক্ষিণাস্থায়ত অব্যাহারত অন্তর্গন করিয়াছিলেন।

সেই বজ্ঞে কুরুদেশীয় ও পঞালদেশীয় বহুদংখ্যক ব্রাহ্মণ নিমপ্তিত হইয়া বা যজ্ঞদর্শনকামী হইয়া একত্র সমবেত হুইয়াছিলেন। কুরু ও পঞালদেশীয় ব্রাহ্মণগণ বভাবতঃ বিশিষ্ট, বিশ্বান, স্কৃতরাং সে সভায় ব্রাহ্মণগণের মধ্যে পণ্ডিত ব্যক্তি অধিক পরিমাণে ছিলেন। সেই যজ্ঞসভায় মহা-পণ্ডিতমণ্ডলী অবলোকন করিয়া যজ্ঞে ব্রতী জনকন্মাজের হাদয়ে একটি বিশেষ প্রশ্ন উথিত হইয়াছিল যে, এই সমবেত ব্রাহ্মণমণ্ডলীর মধ্যে কে অধিক ব্রহ্মিষ্ঠ অর্থাৎ ব্রহ্মভবজ্ঞ পু যদিও ইহারা সকলেই ব্রহ্মবিদ্যান্য পারদর্শী এবং ব্রহ্মতত্ত্ব বৃষ্ণাইতে সমর্থ, তথাপি ইহার মধ্যে ব্রহ্মবিদ্যে অভিশায় তারজ ও অভিশায় বাগ্মী কে পু মহারাজ জনক এইরূপে শ্রেষ্ঠ ব্রহ্মবিৎ জানিবার অভিপ্রায়ে এক উপায় উদ্ভাবন করিলেন। তিনি অন্তবয়স্কা সহস্র গোপ্তান ব্রহ্মবিদ্যাতত্ত্বজ্ঞকে দান করিবার নিমিন্ত গোষ্টে অবক্রন্ধ করিয়া রাখিলেন এবং ঐ গোসহস্রের প্রত্যেকের এক এক শৃন্ধে পঞ্চ পঞ্চ পাদ ও স্থবর্গ বাধিবার ব্রাবস্থা করিলেন। অর্থাৎ যে জন তাহার প্রশ্নের উত্তর করিবেন, তিনি দশ স্বর্গম্বক্ত ও গো-সহস্র পাইবেন॥ ১॥

তান্ হোবাচ ব্রাহ্মণা ভগবন্তো যো বো ব্রহ্মিষ্ঠঃ স এতা গা উদজতামিতি তে হ ব্রাহ্মণা ন দগ্নযুরথ হ যাজ্ঞবল্ক্যঃ স্বমেব ব্রহ্মচারিণম্বাচৈতাঃ সৌম্যোদজ সামস্রবাত ইতি তা হোদা-চকার তে হ ব্রাহ্মণাশ্চক্রপুঃ কথং নো ব্রহ্মিষ্ঠো ব্রুবীতেত্যথ হ জনকস্থ বৈদেহস্থ হোতাশ্বলো বভূব স হৈনং পপ্রাক্ত ত্বং কু

পলস্ত লৌকিকৈম'নিঃ সাষ্ট্রন্তিবিমাবকং ভোলকত্রিতবং জ্ঞেণ্য। অর্থাৎ আট রভি এই মামা তিন ভোলার নাম পল, ইহার চতুর্তাপের এক ভাগতে পাদ বলে।

থলু নে। যাজ্ঞবল্ধ্য ব্ৰহ্মিষ্ঠোহনীত তি স হোবাচ নমো বয়ং ব্ৰহ্মিষ্ঠায় কুৰ্মো গোকামা এব ব্য়হ্ম স্ম ইতি তহু হ তত এব প্ৰফুং দধ্ৰে হোতাশ্বলঃ॥ ২॥

অতঃপর জনক মহারাজ এই প্রকারে দানার্থ সহস্র গো অবরুদ্ধ করিয়া উপস্থিত ব্ৰাহ্মণমণ্ডলীকে সাম্বোধন করিয়া বলিলেন যে, হে ব্ৰাহ্মণগণ! অবশ্ৰ আপনবা সকলে ব্ৰহ্মজ্ঞ, কিন্তু আপনাদের মধ্যে যিনি সাতিশন্ত ব্ৰহ্মনিষ্ঠ, তিনি এই সমস্ত গো স্বগহাভিমুথে চালনা করুন। এই কথা শ্রবণমাত্র উপস্থিত ব্রাহ্মণগণ নির্বাক হইমা রহিলেন; অর্থাৎ কেহ নিজের ব্রন্ধিতা প্রতিজ্ঞা পূর্বাক প্রতিপন্ন করিতে সাহস পাইলেন না। তথন সমস্ত গ্রাহ্মণকে নিস্তব্ধ দেখিয়া ঋষিবর যাজ্ঞবন্ধ্য স্বীয় ব্ৰন্ধচারী ছাত্রকে বলিলেন যে, হে সৌম্য সামশ্রব! * তুমি এই গো সমস্ত আমাদিগের গুহাভিমুথে প্রেরণ কর। এই কথা শ্রবণমাত্র সেই শিশ্ব গো সকলকে আচার্য্যের গৃহাভিমুখে চালনা করিলেন। এ দিকে সভার মধ্যে এক যাজ্ঞবন্ধ্য কর্ত্তক বন্ধিষ্ঠের প্রাপ্য পণ গ্রহণ করাম নিজের শ্রেষ্ঠ ব্রন্মিষ্ঠতা প্রতিজ্ঞাত হইল দেখিয়া সভাস্থ সমস্ত ব্রাহ্মণ কুদ্ধ হইলেন এবং যাজ্ঞবন্ধ্যকে বলিয়াছিলেন যে, হে যাজ্ঞবন্ধা ! এই সভান্ন আমরা প্রত্যেকেই প্রধান ; তাহার মধ্যে তুমি কির্মণে বলিলে যে, আমি সর্ববিপ্রধান ব্রন্ধিষ্ঠ ও অনন্তর যিনি জনকের অখন নামক হোতা পুরোহিত ছিলেন, তিনি এইরূপ ব্রন্ধিষ্ঠাভিমানে ও রাজপুরোহিত বলিয়া সাঁতিশর গৃষ্টতা সহকারে যাজ্ঞবন্ধ্যকে ভর্ৎ সনার জন্য প্ল'ত স্বরে জিজ্ঞাসা করিয়াছিলেন, কি হে, তুমিই না কি আমাদের সকলের মধ্যে প্রধান ব্রন্ধিষ্ঠ ? এই কথা শ্রবণ করিবামাত্র যাজ্ঞবন্ধ্য নিজ অভিমান পরিহারের নিমিত বলিরাছিলেন যে, বিনি ব্রন্ধিষ্ঠ, তাঁছাকে নমন্বার করি; অর্থাৎ আমার আর ব্রহ্মজ্ঞান কি আছে যে, ব্রহ্মিষ্ঠতার অভিমান রাখিব ? একণে কেবল গো গ্রহণ করিবার ইচ্ছা হইয়াছে, তাই গো গ্রহণ করিয়াছি এইমাত। অনস্তর হোতা অখন যাজ্ঞবন্ধাকে ব্রদ্ধিপ্রধান প্রতি গ্রহণ করাম প্রকারান্তরে তাঁহার ব্রক্ষিতার প্রতিজ্ঞা জানিয়া কিঞ্চিৎ জিজ্ঞাসা করিতে মনন্ত করিলেন ॥ ২ ॥

^{*} বাজবন্ধাৰণি নিজে বজুর্বেনী ছিলেন, এবং তাঁহার শিশ্ব সামশ্রন, অর্থাৎ সাম্বেদ পাঠ
করেন অবচ অক্লেপে পরিণত না হইলে সামের গান হয় না। পরস্ত অবর্ধবেদও এই ত্রিবেদেরই
অক্তর্পত অতিরিক্ত নহে। অভএব নিজের ছাত্র সামশ্রন বলার নিজে যে চতুর্বেনিজ,
ভাষাই উক্ত সংবাধনে বাজবন্ধ। প্রকৃতিত করিলেন।

যাজ্ঞবক্ষ্যেতি হোবাচ যদিদশু সর্বাং মৃত্যুনাপ্তশু সর্বাং মৃত্যুনাভিপন্নং কেন যজনানে। মৃত্যোরাপ্তিমতিমূচ্যুত ইতি হোত্রেত্রিজাগ্রিনা বাচা বাথৈ যজ্জপ্ত হোতা তদেয়াং বাক্ সোহয়মগ্রিঃ স হোতা স মৃক্তিঃ সাতিমৃক্তিঃ॥ ৩॥

পূর্ব্বোক্ত মধুকাণ্ডে জ্ঞান-সহক্ত পাঙ্ক্ত কর্ম দারা বাজিকের মৃত্যু হইতে মৃক্তি ব্যাগ্যাত হইন্নাছে; এবং উদ্দীথ প্রকরণে তাহারই সংক্ষেপতঃ উক্তি হইন্নাছে, মতরাং তাহার পরীক্ষা আবশুক, এজন্ত পূর্ব্বোক্ত বিষয়ে জ্ঞানগত কিঞ্চিৎ বিশেষ দেখাইবার জন্য এই অধ্যান্তের আরক্তী।

व्ययन योख्ववद्यारक किछाना कतिरामन, तन रामि योख्वतद्या । এই मकन कर्ण्यत নিষ্ণাদক যে ঋষিক (যিনি মন্ত্র পাঠ করেন) ও অগ্নি প্রভৃতি, তৎসমস্তই স্বাভাবিক আসন্ধ অর্থাৎ ফলবাসনাপূর্ণ কর্ম্মন্সণী মৃত্যু দারা ব্যাপ্ত এবং ঐ मुजा बाता वनीक्ष्ठ। किन्न गब्बमान कि जेशास मार्च मुजात रुख रहेट मुक्ति লাভ করিতে পারেন; অর্থাৎ কি উপায়ে তিনি স্বাধীন বা মৃত্যু কর্ত্তক অবশীক্বত হন ? আশকা হইতে পারে, এথানে পুনশ্চ এ কথা বলিবার আবশুক কি ? যেহেতু, উদ্গীথ ব্রাহ্মণেই মুখ্যপ্রাণের উপর আত্মজ্ঞান দারা হঃথ হইতে বিমুক্তি-লাভের উপায় কথিত হইয়াছে। তাহার উত্তর—হাা বলা হইয়াছে বটে, কিন্তু ष्ट्रिक्रीथ बाह्मरा यादा वना दम्र नाहे, त्मरे मकन वित्नय कथारे वथारन वक्तवा ; এই জন্মই এই প্রকরণের আরম্ভ। এক্ষণে যাজ্ঞবন্ধ্য অপলক্ষত প্রশ্নের উত্তরে বলিতেছেন যে, হোতা (ঋক্-পাঠক) এবং অগ্নি (বাক্যু) দারাই মৃত্যু অতিক্রম করা ঘাইতে পারে। যদি বল, যাহা ছারা মৃত্যু হইতে পরিত্রাণ পাইতে পারা যাম, এই হোতা কে? তাহাও বলিতেছি, যজ্জের অর্থাৎ মঞ্জমানের বাক্যই হোতা। যজ্ঞে যজ্ঞমানোচ্চারিত বাক্য সকলই অধ্যাত্মযজ্ঞে হোতা বলিয়া পরিগৃহীত হন, এ জন্ম শ্রুতিও বুলিয়াছেন মে, "যজ্ঞো বৈ যজমান:" অর্থাৎ যজ্ঞই যজমান। কারণ, এই যজমানের যে স্বীয় উপাস্থ অগ্নি, সেই তাহার দেবতা। **এই कथा आव्यव्य विভाগ প্রকরণে ব্যাখ্যাত হইমাছে। পূর্ব্বোক্ত অধিলৈবত** অগ্নিই হোতা, এ জন্ত শ্রুতিও বলিয়াছেন যে, "অগ্নিবৈ হোতা" অর্থাৎ অগ্নিই হোতা। অতএব বহির্যজ্ঞে হোতা ঋত্বিক, এবং অধ্যাত্মযজ্ঞে, অগ্নি-দেবতাধিষ্টিত ৰাক্যই হোতা; অধিযজ্ঞের হোতা ও অধ্যাত্মৰজ্ঞের বাক্

এই উভন্নই পরিচ্ছিন্ন সাধন, অথাৎ এ উভন্ন সাধনই বাভাবিক অজ্ঞানাসঙ্গ-প্রযুক্ত কর্মরূপী মৃত্যু বারা আক্রান্ত অর্থাৎ প্রতিফণ্ট স্বভাব হইতে বিচ্যুতি-প্রাপ্ত বর্ণাক্ত। কিন্তু কি উপায়ে সেই মৃত্যুর কবল হইতে পরিত্রাণ পাওয়া যায়, তাহাই একণে বিবেচিত হইতেছে। পূর্ব্বোক্ত ঋতিক ও বাক্কে ব্রন্মের জধি-দৈৰতক্ষপী অগ্নিভাবে দৰ্শন করিলে বজ্নান মৃত্যুর হস্ত হইতে অব্যাহতি পাইতে পারেন। এই জনা শ্রতি বিধিয়াছেন যে, তাহাই অমি, তিনিই হোতা, তাহাই মুক্তি অর্থাৎ অগ্নিম্বরূপে দর্শন হইতে মুক্তিলাভ হইবে। সাধক যথনই পূর্ব্বোক্ত সাধনবয়কে অগ্নিরূপে দর্শন করিবেন, তৎকালেই সভাবসিদ্ধ অজ্ঞানজনিত সর্বা-প্রকার আসন্ধ (কামনা) হইতে মূক্ত হইবেন। পূর্ব্বোক্ত আধ্যাত্মিক ও আধিভৌতিক উভয় শাগনই পরিচ্ছিন্ন, প্রতরাং হোতাকে যজমান অপরিচ্ছিন্ন অগ্নিরূপে দর্শন করিলে সদ্যোমুক্তি লাভ করে। হোভাকে অগ্নিরূপে দর্শনই মুক্তির সাধন। যদিও মুক্তি ও অতিমুক্তির শ্পগত ভেদ আছে, তথাপি মুক্তিকে অতিমুক্তির সাধন বলিয়া জানিবে। পূর্ণোক্ত সমীমু সাধন ছুইটিকে অসীম তাহার অধিদেবতা অগ্নিভাবে দর্শন করাকে মৃক্তি নামে আর গাহা পূর্ব্বোক্ত অধ্যাত্ম ও অধিভূত পরিচ্ছিত্র বাগাদি বিষয়ে সঙ্গত্যাগপূর্বক অধিদেবতা অগ্নিম্বরূপনাভ, নেই ফলকে শাস্ত্রে অতিমুক্তি নামে ব্যবহার করা হয়। তবে মুক্তিই অভিমৃত্তির সাধন, এ এগ্রই মুক্তি ও অভিমৃত্তিকে অভিনতাবে বলা ইইয়াছে। বাগাদির যে অগ্নাদি ভাদায়ে। পরিণতি, তাহাই বন্ধমানের অতিমুক্তি, এ কথা উদগীণ প্রকরণে কথিত হইয়াছে। প্রভেদ এই,, সেখানে সামান্তরপে মূখ্য প্রাণের ভাদৃশ দর্শনকে মুক্তির কারণ বলা হইয়াছে; किंग्र विरमिश्ञादव वांशांमितक अधारिकाल पर्मात्मक कथा वला रहा नारे। अथादन তাহারই অবশিষ্ট (বক্তব্য) বিশেষ বিশেষ কথা কথিত হইতেছে।— পূর্বের উদনীথ ব্রান্ধণে 'মৃত্যুমতিক্রান্তো দীপ্যতে' ইত্যাদি ধারা বাহা ব্যাখ্যাত হইয়াছে. তাহাই এ স্থানে ফলরপে কবিত হইল। কিন্তু প্রণালী এই-অধ্যাত্মযুক্ত হোতা—বাক্, ঐ বাক্ই অগ্নি এবং গ্রেই অগ্নিই হোতা, মৃক্তি ও অত্যিক্তি এইরূপে ডিস্তা করিবে ॥ ৩॥

याङ्गवरद्भाजि हाताह यनिषय मर्वागरहाताळाच्यायाश्रय দর্বনহোরাত্রাভ্যামভিপন্নং কেন যজমানোহহোরাত্রয়োরাপ্তি-ইত্যধ্বযু্ গ্ৰাণ্ডিজা চক্ষুয়াদিত্যেন মতিমুচ্যত

বজ্ঞস্যাধ্বর্ ্রন্তদথদিদং চক্ষুঃ সোহসাবাদিত্যঃ সোহধ্বযুঁ । দ মুক্তিঃ সাতিমুক্তিঃ ॥ ৪ ॥

পূর্ব্বশ্রতি দারা স্বভাবসিদ্ধ-অজ্ঞানসমূত্রত আসক্তি বা কামনাময় কর্ম্মরূপ মৃত্যু হইতে যে প্রকারে মৃক্তি হয়, তাহা ব্যাথ্যাত হইল। কিন্তু সেই আসম্ব সমন্বিত কর্মারপ মৃত্যুর আশ্রয় এবং দর্শ-পূর্ণমাসাদি কর্মোর ধাঁহারা সাধন, তাহা-দের পরিণামের হেতু একমাত্র কাল, সেই কাল হইতে বর্ণিত অতিমুক্তি যে পৃথক্, এ কথা অবশুই বলিতে হইবে; এ জন্ম এই শ্রুতির আরম্ভ হইতেছে। সম্বল জিজ্ঞানা করিলেন, যাজ্ঞবন্ধা। নানাবিধ ক্রিমামুষ্ঠান বাতিরেকেও যথন ক্রিমার পূর্বের বা পরে ক্রিয়াসাধনের পরিশাম সংগটিত হয়, তথন তাহার প্রতি কালেরই ব্যাপারকে কারণ বলিয়া মানিতে হইবে; ভাহা হইলেই অভিমৃতি যে কাল হইতে স্বতন্ত্র, তাহা অবশ্র বক্তব্য। দেখা যায়, এই যে সমস্ত যে কাল দারা পরিব্যাপ্ত, সেই কাল ভাগরন্তে বিভক্ত—এক ভাগ দিবা-রাত্রিরপ, এবং অপর ভাগ তির্থি-নক্ষত্রাদিরপ। তন্মধ্যে প্রথমতঃ অহোরাত্ররপ কাল হইতে কিরূপে বল্লমানের অভিমৃক্তি হয়, তাহা নিরূপণীয়। অর্থাৎ এই জগন্ধওলে যে কিছু পদার্থ আছে, ভৎসমন্তই দিবা ও রাত্রি দারা পরিব্যাপ্ত, জাগতিক ममछ भाषी भिवा । ताबित माशाया छैरभिब, तृष्कि । विमाम आश्र হইতেছে। অধিক কি, যজ্ঞসাধন সকলও এই অহোরাত্তের করালগ্রাদে গ্রন্থ হইরা রহিরাছে। অভএব জিজ্ঞান্ত এই যে, যজুমান কি উপায়ে এই মৃত্যু হইতে পরিত্রাণ পাইতে পারেন ? উত্তর—যজ্ঞরপ যজমানের অধ্যাত্ম-চকু ও অধিভূত আদিত্য দারা। তাৎপধ্য এই—লৌকিক যজ্ঞে যেমন অধ্বৰু j থাকে, অধ্যাত্মবজ্ঞেও তেমনই বজাগানের চকুই অধ্বৰুত্তি এবং এই চকুই অধ্যামদৃষ্টিতে আদিত্য অর্থাৎ হয় ; কারণ, হয়্যই শরীরসম্বন্ধবশতঃ অধ্যাম্ম-চকু বলিয়া অভিহিত হইয়া থাকেন। যদি যজমানের এই অধর্য (যজুর্মন্ত্র-পাঠক) এবং চকুরা সাধনধয়ে পরিচ্ছেদভাব পরিত্যাগ করিয়া অপরিচ্ছিয় অধিদেবঁতা (আদিত্যাদি) রূপে চিন্তা করা ধার, তাহা হইলে উপাসকের মেই চিন্তাই অর্থাৎ অধ্বর্যুর আদিত্যভাবে চিন্তাই মুক্তিম্বরূপ হয় এবং সেই মুক্তিই শতিমুক্তি অর্থাৎ অতিমুক্তির হেতু। যিনি ফলতঃ ঐরূপ ধ্যানে আদিত্যের তাদাত্মা (সারপ্য) লাভ করিয়াছেন, তাঁহার আর দিবারাত্রিভেদ থাকে না॥ ।।।

যাজ্ঞবক্ষ্যেতি হোবাচ যদিদপ্ত সর্ববং পূর্ব্বপক্ষাপরপক্ষাভ্যামাপ্তত সর্ববং পূর্ববপক্ষাপরপক্ষাভ্যামভিপন্নং
কেন যজমানঃ পূর্ববপক্ষাপরপক্ষয়োরাপ্তিমতিমূচ্যত ইত্যুদ্যাত্রদ্বিজা বাহুনা প্রাণেন প্রাণো বৈ যজ্ঞস্থোদ্যাতা
তদেযাহয়ং প্রাণঃ দ্ বায়ঃ দ উদ্যাতা দ মুক্তিঃ দাতিমৃক্তিঃ॥ ৫॥

প্রকণে তিথাদিরপ কাল হইতে যেরপে মৃক্তিলাভ করা যায়, তাহা প্রশোধরতাবে অভিহিত হইতেছে। অখন প্রশাধ জিজানা করিলেন যে, হে যাজ্ঞবন্ধা! আদিতা দিবারাত্রির কর্তা, কিন্তু তিনি প্রতিপদাদি তিথির নিষস্তা নন, একমাত্র চক্র হইতে প্রতিপদাদি তিথির ব্যবস্থা হয়; কারণ, চক্রের বৃদ্ধি বা করে প্রতিপদাদি তিথির উৎপত্তি দেখা যায়, তাহা হইলেই চক্র-সম্পাদ্য পূর্কাপর পক্ষ অর্থাৎ শুরু ও রুক্তপক্ষরপ মৃত্যু ছারা এই সমস্ত সংসার পরিব্যাপ্ত রহিয়াছে। কি উপায়ে যজমান এই মৃত্যু অভিক্রম করিতে পারে ? যাজ্ঞবন্ধ্য উত্তর করিলেন, উদ্যাতা (সামমন্ত্রপাঠক) নামক ঋত্বিক্ ও প্রাণবায়্ ছারা। তাৎপর্য্য এই—প্রচলিত যজ্ঞে যেমন সামগায়ক উদ্যাতা থাকে, আধ্যাত্মিক যজ্ঞেতেও তেমন প্রাণ উদ্যানের কারণ; যেহেতু, উদ্যাত্ম ব্রহ্মণে অবগত হওয়া যায় বে, যজমানের প্রাণঘায়ুই উদ্যাতা, এবং তথায় এরপ সিদ্ধান্তও হইয়াছে যে, সেই যজমান বাগিল্রিয়রপে প্রাণ ছারা উদ্যান করিয়াছিলেন। প্রাণই যজ্ঞের উদ্যাতা, এবং এই প্রাণই বায়ু; অথচ এই বায়ুই প্রাণ-উদ্যাতা (সামগায়ক-শ্বরূপ) এবং এই উদ্যাতাই মৃক্তি ও অতিমৃক্তি।

আপত্তি হইতে পারে যে, পূর্ব্বে উপসংহার জল এই প্রাণের দরীর, অর্থাৎ পোষক, এবং এই প্রাণ জ্যোতির্মন্ন চন্দ্রের স্বরূপ ইত্যাদি শ্রুতি দারা প্রাণ, বারু ও চন্দ্রের একত্ব প্রমাণিত হয়; তাবে প্রক্রুণে শ্রুতি বারু ও প্রাণের ঐক্য, স্থাপন করিনা কি বিশেষ করিল, এই আশেকায় শ্রুতি স্বরূই প্রাণের অধিদৈবত বারু দারা উপসংহার করিলেন। বিশেষতঃ বায়ুর বেগবশতঃ চন্দ্রের কর ও বৃদ্ধি হইরা থাকে, অতএব প্রতিপৎ-বিতীয়াতিথ্যাদিরপ কালের কর্তা যে চন্দ্র, বায়ু তাহারও প্রয়োজক; অতএব যে উক্ত হইয়াছে, উপাসনা দারা বায়ু স্বভাবাপর মন্ধ্রমান তিথ্যাদিরপ কাল হইতে অতিমুক্ত হন, ইহা খুবই যৌক্তিক। এই জক্তই

শ্রুতান্তরে প্রাণে চন্দ্রদৃষ্টি মৃক্তি ও অতিমৃক্তিরূপে বর্ণিত হইয়াছে। কিন্তু এথানে কাণ্দুশাথীয়দিগের চন্দ্র ও প্রাণরূপ সাধনছয়ের নিজ কারণ বায়্রুপে দৃষ্টিকে (ধারণাকে) মৃক্তি ও অতিমৃক্তিরূপে বর্ণনা করা হইল, এ জন্ম শ্রুতির্বের কোনরূপ বিরোধ হইতে পারে না॥ ৫॥

যাজ্ঞবক্ষ্যেতি হোবাচ যদিদমন্তরিক্ষমনারম্ভণমিব কেনাক্রমেণ যজমানঃ স্বর্গহ লোকমাক্রমত ইতি ব্রহ্মণত্বিজ্ঞা মনসা
চল্রেণ মনো বৈ যজ্ঞস্থ ব্রহ্মা তদযদিদং মনঃ সোহসৌ চল্রঃ
স ব্রহ্মা ,স মুক্তিঃ সাহতিমুক্তিরিত্যতিমোক্ষাঃ॥৬॥
অথ সম্পদঃ।

কালরূপ মৃত্যু হইতে অভিমুক্তিলাভের কথা বর্ণিত হইল। কিন্তু যজমান অতিমুক্তিপণে অগ্রদর হইরা দীমামধ্যস্থিত মৃত্যু অতিক্রম করিয়া তৎফলপ্রাপ্তি-শ্বরূপ অতিমুক্তি যে কি প্রপালীতে লাভ করিতে পারিবে, তাহাই কথিত হই-তেছে।—অর্থল পুনশ্চ জিজ্ঞাসা করিলেন যে, ওছে যাজ্ঞবন্ধ্য। এই যে সর্ব্য-জনপ্রসিদ্ধ আকাশ, নিরালম্বনের স্থায় অবস্থিত দেখা যায়, অর্থাৎ যেখানে গ্রহণ বা ভর করিবার কিছুই নাই। (এ জন্য এথানে "নিরালম্বনমিব" [নিরালম্বনের ক্তার] এই 'ইব' শব্দ প্রয়োগ করিয়া জানাইয়াছেন যে, বস্তুতঃ আকাশেরও আলম্বন আছে; পরস্ক তাহা সাধারণের অপরিজ্ঞাত) সেই অজ্ঞানমান আলম্বন কি ? আর যদি সত্য সত্যই কোনরূপ আলম্বন না থাকে, তাহা হইলে যজমান কথনই আকাশপথ দিয়া স্বর্গে গমন করিতে পারিতেন না। কি উপায়ে স্বর্গাদি ফল প্রাপ্ত হইবেন ? অতএব যে আলম্বন অবলম্বন করিয়া মন্ত্ৰান কৰ্মফল স্বৰ্গাদি প্ৰাপ্ত হইয়া অতিমূক্ত হুনু, সেই আলম্বন কি ? ইহাই জিজ্ঞান্ত। অর্থাৎ যজমান যে অতিমুক্ত হন বলা হইয়াছে, সেই অতিমৃক্তি—কি ক্রমে কি অবলম্বনে অমুষ্টিত কর্মফল,—স্বর্গপ্রাপ্তি ঘটিয়া থাকে? উত্তর,—'ব্রহ্মণর্ষিক্সা মনসা চক্রেণ' অর্থাৎ ব্রহ্মরূপ ঋষিক্ এবং মনোরূপ চক্র দারা। ইহার তাৎপর্য্য এই—যক্তমানের এই গুসিদ্ধ শরীর-মধ্যস্থ মনই অধ্যাত্ম চক্র— যিনি विक गए व्यक्षित्वज्ञाल अभिन्न व्यर्भार अक वच्चरे महीक्नम्मकवनकः सन छ

দেবতাবস্থায় চল্দ্র নামে পৃথক্ প্রতীয়মান হন, ইহা সর্বাজনপ্রসিদ্ধ। অতএব যে মন, সেই চল্দ্র এবং সেই যজ্ঞে বৃত ব্রহ্মা নামক ঋষিক্। কেন না, শাস্ত্রে আছে যে, যজমান ব্রহ্মের আধিভোতিক পরিচ্ছিন্ন রূপ এবং আধ্যাত্মিক মনের আকার—এই তুইটিকে ব্রহ্মের অপরিচ্ছিন্ন চল্লমার রূপ অর্থাৎ চল্লম্বরূপে প্রত্যক্ষ করেন। অতএব যজমান এই চল্লরূপ মনের অবলয়নে কর্ম্মাল—র্ষ্ প্রাপ্ত হন। ইহাই অভিনৃক্তিলাভের ক্রম। অভিনৃক্তির প্রস্তাব উপসংহারার্থ 'শ্রুতি' ইতিশব্দের প্রয়োগ করিয়াছেন। ইতি—অর্থাৎ এই প্রকারই অভিমোক্ষ বিষয় অবগত হইবে। এই প্রস্তাবেই সর্ব্বপ্রকার যজ্ঞান্দর্শনের (জ্ঞান) কথা এক প্রকার বলা হইল।

অতঃপর সম্পদ্ নির্ণাত হইতেছে। যে কোনরূপ সাধারঃ ধর্ম ধারা অগ্নিহোত্রাদি কর্ম্মনকল সফল হয়, সেই ফলসিদ্ধির জন্য যে আয়োজন, তাহাই সম্পদ্ কিবো তৎকলের যে সম্পাদন অর্থাৎ সিদ্ধি, তাহার নাম সম্পং। সম্পৃত্ উৎসাহে ভর করিয়া ফলসাধনের অন্তর্ভান করিতে চেষ্টা করিলেও যে কোনও ক্রাটির জন্ম ফলের অন্তৎপত্তি হইয়া থাকে। অতএব কর্মফলের অভিজ্ঞতান্ত্রসারে যজমান আহিতামি হইয়া অগ্নিহোত্রাদির নধ্যে যথাসভব যে কোন কর্ম অবলম্বন করিয়া যে কর্মফল কামনা করেন, তাহাই সম্পাদন করেন। তদ্মি রাজস্মী, অস্বনেধ, নরমেধ, সর্বমেধ প্রভৃতি যে যে কর্মে বাঙ্গণাদি বর্ণত্রেরে সমান অধিকার নাই, তাগাদের পক্ষে ও সকল কর্মে কল্লাভ অসম্ভব হয় ও তজ্জ্ম ও সকল কর্ম্মনোধক বেণ্ণাঠিও কেবল পাঠের নিমিতই হইয়া পড়ে, যদি সেই ফলপ্রাপ্তির উপায় কিছু না থাকে, কিন্তু সম্পদ্ ঘারাই সেই ফলপ্রাপ্তি হইবে। অতএব সম্পদ্ উপাসনার এইরূপ ফলপ্রাপ্তি বলিয়া সম্পদ্ বর্ণিত হইতেছে॥ ৬॥

যাজ্ঞবক্ষ্যেতি হোবাচ কতিভির্যমত্মপিভির্হোতাশ্মিন্ যজে করিষ্যতীতি তিক্টভিরিতি কতমাস্তান্তিত্র ইতি পুরোহন্মবাক্য। চ যাজ্যা চ শক্তৈব ভূতীয়া কিন্তাভিজ্যতীতি বহু কিংঞ্চনং প্রাণভ্দিতি॥ ৭॥

^{*} মহতাং ফলবতাম অগ্নেধাদিকপ্রণাং কর্মজাদিন। সামান্তেনালীয়ংক কর্মজ বিশক্ষিত-ফলসিদার্থে সম্পন্তিঃ সম্পন্তচাতে। যগাশকি অগ্নিহোত্রাদিনির্কর্তনেন অথমেধাদি মন। নির্ক্তিতে ইতি ব্যানং সম্পদিত্যর্থঃ।

অখন প্নশ্চ যাজ্ঞবন্ধাকে জিজাসা করিলেন, যাজ্ঞবন্ধা! হোতা যজে কত সন্ধাক ঋক দারা যজেশাস্ত্র (যাগসাধন মন্ত্র) নিম্পাদন করেন ? , উত্তর—তিনটি ঋক্ দারা সম্পাদন করেন। প্নশ্চ জিজাসা করিলেন, কিন্তু সেই তিনটি কি ? উত্তর—প্রথম—পুরোহন্থবাক্যা; দিতীয়—বাজ্যা ও তৃতীয়—শস্তা। তন্মধ্যে যজ্জামুষ্ঠানের পুর্বে যে সকল ঋক্ প্রবুক্ত হয়, তাহার নাম যাজ্যা; এবং শন্ত্রার্থ অর্থাৎ গীতার্থ যে সকল ঋক্ প্রবুক্ত হয়, তাহার নাম যাজ্যা; এবং শন্ত্রার্থ অর্থাৎ গীতার্থ যে সকল ঋক্ প্রবুক্ত হয়, তাহার নাম যাজ্যা; এবং শন্ত্রার্থ অর্থাৎ গীতার্থ যে সকল ঋক্ প্রবুক্ত হয়, তাহার নাম শস্ত্রা। এতদতিরিক্ত যে সকল স্থোত্রীয় বা অন্য কিছু ঋক আছে, তৎসমস্তই এই ত্রিবিধ ঋকের অন্তর্গত। পুনশ্চ জিজ্ঞাসা করিলেন, এই ত্রিবিধ ঋক্ দারা যে সকল ফল প্রাপ্ত হত্ত্রা যায়, তাহাদের দারা কি জয় করা, যায় ? উত্তর— এই সংসারে যে কোন প্রাণী আছে, তৎসমস্তকেই এই ঋক্ আয়ন্ত করেন। এথানে ইহাও জানিতে হইবে যে, জ্ঞাতব্য খাকের সংখ্যা বত, উপাসক তত সংখ্যক লোককে পরাজিত করেন, অর্থাৎ ঋক্ তিন প্রকার, স্করাং ত্রিবিধ ঋক্ দারা স্বর্গ, মর্ত্র্য ও পাতাল এই লোকত্রয়কে পরাজিত করেন। এ

যাজ্ঞবক্ষ্যেতি হোবাচ কত্যয়মভাধ্বয়্ৰ্যুরিন্দ্রি আছ্তী-হোষ্যতীতি তিস্ত ইতি কত্মাস্তাস্ত্রিস্ত ইতি যা হত। উজ্জ্বলন্তি যা হতা অতিনেদন্তে যা হতা অধিশেরতে কিন্তাভির্জ্জয়তীতি যা হুতা উজ্জ্বলন্তি দেবলোক্ষ্যেব তাভির্জ্জয়তি দীপ্যত ইব হি দেবলোকো যা হুতা অতিনেদন্তে পিতৃলোক্ষ্যেব তাভির্জ্জয়ত্য-তীব হি পিতৃলোকে। যা হুতা অধিশেরতে মনুষ্যলোক্ষ্যেব তাভির্জ্জয়ত্যধ ইব হি মনুষ্যুলোকঃ॥ ৮॥

পুনশ্চ অশ্বল বলিলেন, ওহে যাজ্ঞবন্ধা! এই যজে অধ্বয় গিণ (যজুর্বেলীয়-মন্ত্রপাঠক) কত আছতি হোম করিবে? অগ্রাৎ আছতির প্রকার কত ? উত্তর—তিনটি। পুনশ্চ জিজ্ঞাসা করিলেন, সেই তিন প্রকার আছতি কি কি ? উত্তর—যাহা আয়িতে প্রক্ষেপমাত্র জ্জ্ঞানিত হয়, সেই সমিদাজ্যাছতি প্রথম। আরক্ষ্মাহা অগ্নিতে প্রক্ষেপমাত্র অভীব শব্দ উৎপাদন করে, সেই সকল মাংসাদির আছতি বিতীয় এবং যে সমস্ত দ্রব্য অগ্নিতে প্রক্ষিপ্ত হইয়া ভূমির অধ্যোভাগে অবস্থিতি করে, সেই সমস্ত পয়ঃ ও সোমর্য প্রভৃতি তৃতীয়

আছতি। পুনশ্চ প্রশ্ন করিলেন, এই ত্রিবিধ আছতি ছারা বন্ধমান কি কি জয় করেন ? উত্তর—যে প্রথম আহতি অগ্নিতে প্রক্রেপ মাত্র উজ্জ্ব হয়, সেই উজ্জন্যরূপ সাধারণ ধর্মামুসারে তদারা উজ্জ্ব দেবলোক জন্ম করা বান। অর্থাৎ উপাসক চিস্তা করেন যে, আমার এই সমিদাছতি বেমন জ্বনশীল, ঐক্লগ কর্মফলে অত্যুক্তন দেবলোকে গমন করিতে পারিব। আর বে সমস্ত সশব্দ মাংদাত্তি, তত্থারা শীক্ষবজ্ঞা, দাধর্ম্মানুসারে দশক পিতৃলোকরূপ দংঘ্মনীপুরী জয় করেন; কারণ, মাংসাদির আছতিও কুংসিত শব্দ করে এবং পিতলোকসম্বনীয় যমপুরীতে বমদূতগণের নিদারণ তাড়নায় পীড়িত হইয়া পাপিগণও "হা হতা: মঃ मुक्ष मुक्ष मार"-- "व्यागता मतिलाम, ছाড़ ছाড़" এই विनम्न विकठे भक्त करत । यरब्ह পশুচ্ছেদনকালেও পশুগণ প্রপীড়িত হইম্বাবিকট শব্দ করে; এই তুল্যধর্মবশতঃ উপাসক এই দিতীয় আছতি দারা পিতৃলোক জয় করেন। যে আছতি মৃত্তিকাতে গমন করে, সেই পয়: সোমরদাদি তৃতীয় আত্তি ৰারা মহুষ্যলোক অজ্ঞিত হয়; কারণ, পয়ং প্রভৃতির আহুতি ভূমির উপরিভাগে থাকে, সেই ভূমির উপরিভাগের অব্যতিতি রূপ তুলা ধর্ম অনুসারে মনুষ্যলোক উপরিস্থিত লোক অপেক্ষা অধোভাগে বর্ত্তমান; কিম্বা মহুষালোকে গমন স্বর্গগমনাদি অপেকা অধ্পতন বলা বাইতে পারে। অতএব উপাদক পর: দোম আছতি-কালে চিন্তা করেন যে, এই আছত পরু সোমাদি যেমন উর্দ্ধ হইতে অধোদেশে গমন করিতেছে, আমিও দেইরূপ এই আত্তি ঘারা মুর্গাদিলোক অপেক্ষা অধন্তন মন্ত্রালোকে গমন করিব্যা ৮॥

যাজ্ঞবজ্ঞ্যেতি হোবাচ কতিভিরয়মগ্য ব্রহ্মা মুজ্জং দক্ষিণতো দেবতাভিৰ্গোপায়তীতোকয়েতি কতমা সৈকেতি মন এবেত্য-নন্তঃ বৈ মনোহনন্তা বিখেদেবা অনন্তমেৰ স তেন লোকং জয়তি ॥ ৯ ॥

श्रमण व्यवन वितालन, गाळवडा। धरे बन्ता नामक अधिक पनिन দিক্তিত ব্ৰহ্মাসনে উপৰিষ্ট হইয়া কতগুলি দেবতা খারা এই বজ্ঞ রক্ষা ক্রিভেছেন ? यिष्ठ (पवर्जा-निर्फारणेय कारण धकि (पवर्जा देव जिल्लाथ नाहे, (जन्मना "কভিভি:" এই বছৰচন সম্বত হয় না সত্য) এবং প্ৰশ্নক্তা শ্বয়ং তাহা জানিষাও তাঁহার এইরূপ প্রশ্ন করা সম্পূর্ণ অসম্বত, তথাপি যেহেতু পূর্ব্বাপর কাণ্ডিকার প্রত্যেক প্রশ্নে বছবচন প্রযুক্ত হইয়াছে এবং প্রত্যুত্তরেও বহুবচন প্রদত্ত হইয়াছে, দেই প্রদক্ষে এথানেও হঠাৎ "কতিভিঃ", কতগুলি এই বছবচন ব্যবহৃত হইরাছে মাত্র। অথবা প্রতিবাদী-বাজ্ঞবন্ধ্যের ভ্রম উৎপাদনের নিমিত্ত প্রামে বছবচন প্রযুক্ত হইয়াছে। যাজ্ঞবন্ধ্য উত্তর করিলেন যে, "একা দক্ষিণে ব্রহ্মাসনে বসিয়া যে দেবতা দারা যজ্ঞ রক্ষা করেন. সৈই দেবতা এক। প্রনশ্চ জিজ্ঞাসা করিলেন যে, সেই এক দেবতা কে ? উত্তর—সেই দেবতা মন। কেন না, শ্রুতান্তরে কথিত আছে যে, একা মনের দাহায্যেই যজ্ঞাদি কমে ব্যাপুত থাকেন এবং মন ও বাক্ এই উভয়ই এই যজ্ঞের ধ্যান দারাই সম্পাদক; এশ্বা সেই ছই পথের নথে। অন্যতর বাক্পথকে মন দারা সংস্কৃত করেন। অত-এব ব্রহ্মা এক মনোদেবতাবলেই যজ্ঞব্রহ্মা করিয়া থাকেন। সেই মন বৃত্তি (অবস্থা)-ভেদে অনস্ত-ইহা সর্বজনপ্রসিদ্ধ "বৈ" শব্দ, তাহার সাক্ষ্য-দিতেছে এবং মন অনম্ভ বলিয়া তদভিমানী দেবতা বিশ্বদেবও অনম্ভ; এবং শ্রুতি আরও বলিতেছেন যে, "সর্ব্বে দেবা যত্রৈকং ভবস্তি", অর্থাৎ মনোবৃত্তি এক হইলে সমস্ত দেবতা বেখানে (মনে) একত্ব প্রাপ্ত হন। অতএব মনোবৃত্তির অনস্তত্ব হেতু মনের হারা উপাসকও অনস্ত ফল লাভ করেন ॥ ৯॥

• যাজ্ঞবক্ষ্যেতি হোবাচ কত্যয়মগোদগাতাহিন্মন্ যজে স্থোত্রিয়াঃ স্তোষ্যতীতি তিজ ইতি কত্যাস্তান্তিজ্ঞ ইতি পুরো-হন্মবাক্যা চ যাজ্ঞা চ শস্তৈব তৃতীয়া, কত্যাস্তা যা অধ্যাত্মমিতি প্রাণ এব পুরোহন্মবাক্যাহণানো যাজ্যা ব্যানঃ শস্তা কিন্তাভি-জ্ঞানতীতি পৃথিবীলোক্ষেব পুরোহন্মবাক্যয়া জয়ত্যস্তরিক্ষ-লোকং যাজ্যয়া দ্যুলোক্র শস্তায়া, তৃত্তো হ হোতাশ্বল উপর-রাম॥ ১০॥

ইতি প্রথমং ব্রাহ্মণম্।

পূর্ববং অখন পুনশ্চ যাজ্ঞবন্ধ্যকে প্রশ্ন করিলেন যাজ্ঞবন্ধ্য! যজ্ঞে উলগাতা (সামগারক) কভগুলি স্কোত্রিয়ের স্তব করিবে। স্কোত্রিয় অর্থ কতিপর ঋক্ ও সামের সমষ্টি অর্থাৎ যে সকল ঋকু গীত হয়, তাহার নাম স্তোতিয় এবং যে সুকল ঋকু গীত হয় না,—কেবল পঠিত হয়, তাহার নাম শস্ত বা শুসা। অতএব ঋক স্তোত্রিয়ই হউক কি শগু৷ হউক সমস্ত ঋকই এই ত্রিবিধ বিভাগের অন্তর্গত বলিয়া জানিবে। সেই ত্রিবিধ বিভাগ যে কি কি, তাহাও পূর্বের পুরোনুবাক্যা ঘুঁজ্যা ও শস্তা ইহার উল্লেখস্থলে বিভাগ করিয়া দেখান इरेबारह। এবং দেখানে গামান্তাকারে বলা হ্ইমাছে যে, প্রাণের উপাসক সকলকে আয়ত্ত করেন, কিন্তু কোন সাধারণ ধর্ম অনুসারে যে জয় করে, তাহা বলা হয় নাই; তাহাই বিশেষ করিয়া একণে নির্দিষ্ট হইতেছে, অধ্যাত্ম-पर्नात 'भ' गटकत माध्या शतिया প्राम्हे शूरताश्च्याका, **आनर्स्**राज्ञ माध्या বশতঃ অপান যাজা: কেন না, দেবতাগণ অগ্রে যজ্ঞে দত্ত হবি পরে অপান দারাই ভোগ করিয়া থাকেন। ব্যানই শস্যা। এই জন্য অন্য শ্রুতি বলিয়াছেন বে, প্রাণ ও অপান ক্রিরা স্থগিত রাখিয়া ঋকের উদ্গান করে। ইহা ছারা যাহা যাহা জয় করা যায়, তাহা পূর্ব্বেই ব্যাথাত হইয়াছে। কিন্তু পূর্ব্বে যে সকল বিশেষ ধর্ম বলা হয় নাই, কেবল তাহাই এখানে অভিহিত হইতেছে।

. সেই বিশেষ কি :—যজমান পুরোহত্থবাক্ ঋক্ ছারা লোকসম্বন্ধ ধর্মবশতঃ এই পৃথিবী লোককে পরাজিত করে, মধ্যত্ত্ব সাধর্ম্মা অনুসারে যাজা ছারা মধ্যবর্ত্তী অন্তরিক্ষ লোক জয় করে, এবং উচ্চতার তুল্যতা হেতু সর্ব্বশেষে শস্তা ছারা সর্কোর্দ্ধ ছ্যুলোক জয় করেন। অনস্তর অর্থল যাজ্ঞবন্ধ্যের ঈদুশ উত্তর প্রবণে বথার্থ প্রশ্নের নির্ণন্ন হেতু বুঝিলেন যে, এ ব্যক্তি আমাদের দারা অভিডবনীয় নহেন, ইহা মনে করিয়া নিবৃত্ত হইলেন॥ ১০॥

ইতি বুহদারণাকে তৃতীয়াখায়ে প্রথম ব্রাহ্মণ সমাপ্ত।

উপনিষৎস্--তৃতীয়াধ্যায়স্ত

দিতীয়-বান্দণম্ :

অথ হৈনং জারৎকারব আর্ত্তভাগঃ পপ্রচছ বাজ্ঞবক্ষ্যেতি হোবাচ কতি গ্রহাঃ কত্যতি গ্রহা ইত্যক্ষী গ্রহা অফীবতি গ্রহা ইতি যে ভে২ফৌ গ্রহা অফীবতিগ্রহাঃ কতমে ত ইতি॥ ১॥

আখ্যাদ্বিকার সহিত প্রতিপান্ত বিষয়ের সম্বন্ধ প্রসিদ্ধ, তাহা বলা অপ্রয়োজন পূর্বশ্রুতিতে কাল এবং কর্ম্মরণ মৃত্যু হইতে অতিমৃক্তি বর্ণিত হইদ্বাছে। একণে জিজ্ঞান্ত হইতেছে যে, যে মৃত্যু হইতে অতিমৃক্তির কথা বলা, হইল, সেই মৃত্যু কে যে—জীবের স্বভাবসিদ্ধ অজ্ঞানাসঙ্গের আধার যে অধ্যাত্ম ও অধিভূত বিষয়ে সীমাবদ্ধ আসঙ্গাতিশয় বা কামনা তাহার নাম মৃত্যু। সেই পরিচ্ছিন্নরূপী মৃত্যুর হস্ত হইতে অতিমৃক্ত সাধকের যে অগ্ন্যাদিরূপ প্রাপ্তি হয়, তাহা উন্দীণ প্রকরণে ব্যাখ্যাত হুইয়াছে। অম্বনের প্রশ্নেও সেই অগ্নি প্রভৃতির কোন কোন বিশেষ ধর্ম অভিহিত হইদ্বাছে।

কিন্তু এই ষ্তৃকিছু ফল বলা হইল, তৎসমস্তই জ্ঞানসহক্ত কর্মান্তলানের ফল, সেই সাধ্যসাধন (সংসার বা সাংসারিক ফলময় সাধ্য এবং কর্মতাহার সাধক) সংসারবন্ধন হইতে মুক্তিলাভের মিমিত্ত বন্ধনরপ মৃত্যুর স্বরূপ কথিত হইতেছে। কেন না, বন্ধমাত্রেরই মোচন নিতাস্ত আবশুক। যদিও পূর্ব্বে অতিমুক্ত জীবের স্বরূপ কথিত হইয়াছে সত্য, তথাপি সেই অতিমুক্ত জীব গ্রহ মৃত্যুর ও অতিগ্রহ নামক হইটি রূপের আক্রমণে অনিম্কুই হইয়া থাকে। ইতঃপূর্বে কথিত হইয়াছে যে, অশনায়াই (ভোগের ইচ্ছা) মৃত্যু। আবার আদিতাস্থ প্রেষকে লক্ষ্য করিয়া বলিয়াছেন যে, ইহাই মৃত্যু এবং একই মৃত্যু বহু আকারে অবস্থিত। কিন্তু যিনি তদাস্মাভাবপ্রাপ্ত হরেন অর্থাৎ অভিনন্ধপে দর্শন (জ্ঞান) করেন, তিনি মৃত্যুকে অতিক্রম করেন। কিন্তু তাই বলিয়া

দেই অভিমৃক্তিতে মৃত্যুর গ্রহ ও অভিগ্রহ রূপের আক্রমণ নাই-এমন নছে। এই জন্ম পরে কথিত হইবে যে, অন্তরীক্ষ এই মনের জ্যোতির্মন্ন শরীর, এই আদিত্য তাহার রূপ; কথিত মদই তাহার গ্রহ; দেই মনোরূপ গ্রহ কামনারপী অতিগ্রহ কর্ত্ব গৃহীত হইরা পড়ে। আবার ইহাও বলা হইবে যে, প্রাণ-গ্রহ সে অপানরপ অতিগ্রহ দারা আক্রান্ত; এবং বাক্-গ্রহ একটি, তাহু নামাখ্য অতিগ্রহ দারা আক্রান্ত ইত্যাদি। আর অন্নত্ররবিভাগপ্রকরণে আমরা ইহার ব্যাথ্যা ও উত্তম-রূপ বিচার করিমাছি বে, যাছা সংসার-প্রবৃত্তিরকারণ (কর্মা), তাহা নিবৃত্তির—মোক্ষের কারণ श्रेटि शादि ना : किंख किर किर व व विवस वालन ख, ना, कर्ममां के निवृद्धित কারণ—বন্ধের কারণ নহে। এ জন্মই পূর্বনিদিষ্ট বিষয়ের মধ্যে পর পর উন্নত ष्पवद्या প্রাপ্ত হইলে পূর্বে পূর্বে অবস্থা হইতে বিমৃক্তি হইয়া যায় বটে, কিন্তু তাহা আত্যন্তিকী নহে, এই যে উত্তরোত্তর অবস্থাপ্রাপ্তি ইহাকেও পূর্ব্ব অবস্থার বিবৃত্তির জন্মই সাধক প্রাপ্ত হয়, বাস্তবিক তাহা কুল্য নহে। এই জন্য ব্লিয়াছেন, যে প্রযান্ত বৈত্সতাত বৃদ্ধি (জগতের সত্যতাজ্ঞান) বিলুপ্ত না হয়, তাবৎ পর্যান্ত মৃত্যুর হস্ত হইতে অব্যাহতি নাই, পরস্ক দৈতের সভাতবৃদ্ধি विनुष रहेशा यथन मिथा। बळान मृत् रहेरत, उधनहे आंठाखिकी मुक्ति आंध হওয়া যায়; তাহার পূর্বে যে সকল অবস্থা মুক্তি নামে অভিহিত আছে, তৎসমন্তই আপেন্ধিকী অর্থাৎ অপেক্ষাকৃত মুক্তি – আত্যন্তিকী মুক্তি নহে। কিন্তু এই সকল কথার কোন কথাই বৃহদারণাকের অনুমত নছে।. যদি বল যে, বুহদারণাক নর্কাত্মতাকেই মুক্তি বলিয়াছেন এবং "তত্মাৎ তৎসর্কমভবং" অর্থাৎ তিনি সেই ব্রন্ধজানপ্রভাবে সর্ক্ষময়, হইলেন। এই শ্রতি সর্ববাত্মভাবকেই মোক বলিয়া নির্দেশ করিয়াছেন। উত্তর— হাা, নির্দেশ করিয়াছেন সভা, এবং সর্ববার্মভাব যে মোক্ষের প্রতি কারণ তাহাও সতা; কিন্তু "গ্রাহ-কামনাবান পুরুষ বজ্ঞ করিবে," "পঙ্কামী পুরুষ युक्त केतिरव हेलां मि क्रिक कथने हैं सारकाशाननक इहेरल शास्त्र ना। यहि वृत्त सं, গ্রামকামী বক্ত করিবে, পশুকামী বক্ত করিবে ইত্যাদি বাকোরও তাৎপর্যা বিষয় প্রাম বা পণ্ড নহে, কিন্তু অবৈত আত্মজানই তাৎপর্য্যের বিষয়ীভূত। ীতাহাও নহে ; কারণ, যদি গ্রাম-পশু প্রভৃতি এই বাক্যের তাৎপর্যবিষদ্ধীভূতই ना रह, जारा रहेरल क्यायकारनत कारन आम-भवापि कथन । शरीज रहेज ना ; अर्था (मिथिए शाख्या वात्र (य. नकरनरे विविध कर्या प्रकारने करन मिरे आंत्र,

পশু প্রভৃতি পাইয়া থাকেন। বিশেষতঃ যদি বৈদিক কর্ম্মকলাপ অধৈতজ্ঞানের নিমিত্তই বিহিত হইমা থাকে, তাহা হইলে কদাপিও জীবকে সংসারকণ वक्षत्म मृष्वक रहेर्ड रहेड ना ; अपन कि, मःमात्रहे रहेड ना । यमि বল বে, কর্মদকল অহৈতে আত্মতন্বপ্রতিপাদনই করিয়া থাকে, পরস্ক তাহা সম্পাদন করিবার পর আত্মঙ্গিক স্বভাবসিদ্ধ সংসার সমুংপাদন করিয়া দেয়। যেমন কোনও রূপবান ৰস্ত প্রকাশের নিমিত স্থালোক গ্রহণ করিলে সেই ছ্মানোক লক্ষ্য রূপেরও প্রকাশ করে এবং তত্ত্ত্য অপরাপর বস্তুও প্রকাশিত করে, দেইরূপ কর্ম্মের আমুসুস্ঞ্লিক সংসারসিদ্ধি বলিলে ক্ষতি কি ? উত্তর- না, এই-রূপ লৌকিক দৃষ্ঠান্ত দারা অলৌকিক বিষয়ে প্রমাণ শৃত্য কল্পনা হইতে পারে না। কারণ, সংসার ্যে অধৈতপর, জ্ঞানসহক্ত বেদোক্ত কর্মের আতুসঙ্গিক ফল, এ বিষয়ে প্রত্যক্ষ ও অনুমান কোন প্রমাণই নাই: সুতরাং শব্দপ্রমাণেরও বিষয় নছে: তাৎপর্য্য এই-অপ্রতাক্ষ বিষয় বলিয়া তাহার প্রত্যক্ষ প্রমাণ नारे, প্রত্যক্ষাদি ছারা ব্যাপ্তি নাই বলিয়া উহা অনুমানেরও বিষয় নহে, এবং শাস্ত্রও এ বিষয়ে স্পষ্টাক্ষরে কিছুই বলিতেছেন না। আবার এ কথাও বলিতে পারনা যে, কুল্যা-নির্মাণ ও আলোকের স্থায় এক কর্মবোধক বাকাই অংশত ভাব ও সংসার এই উভর প্রকার অর্থ প্রতিপাদন করিবে; কারণ, এক কুল্যানিশ্বাণ করিলে ও আলোক উৎপাদিত হইলে যে বহু ফল সিদ্ধ হয়, তাহা প্রত্যক্ষসিদ্ধ; স্তরাং সে স্থানে কোনও আপত্তি হুইতে পারে না, কিন্তু কর্মবোগক এক বাকা যে মুক্তি ও সংসার এই পরম্পর বিক্লদার্থন্য প্রতিপাদন করিবে, ইহা কোন প্রমাণ নারাও প্রতিপন্ন হইতে পারে না।

যদিও বলিতে পার যে, "বিদ্যাঞ্চাবিষ্ঠাঞ্চ" ইত্যাদি মন্ত্র স্পষ্টাক্ষরে প্রবৃত্তিও নিবৃত্তি উভয় কলই প্রতিপাদন করিতেছেন, স্কুতরাং ইহাই কর্ম্মের উভয়ার্থ-বোধকতার প্রতি মথেষ্ট প্রমাণ বলা ঘাইতে পারে। উত্তর-না, ইহা প্রমাণ হইতে পারে না; কারণ, মন্ত্রের ইহাই তাৎপূর্যা কি অপুর অর্থ হইতে পারে, তাহাই প্রথম বিচার্য্য, স্তরাং সন্দিগ্ধার্থ বাক্য দারা কোনরূপ বিনির্ণয় করা ছংসাধ্য। অতএব গ্রহ ও অভিগ্রহ নামক মৃত্যুই বন্ধ, দেই বন্ধ হইতে মুক্তির উপায়নির্ণয়ের वक्र **अहे अ**न्ति चात्रस हरेराहर । हेराहे रुकिनिक । अर्ककरणी * ग्रास साक ও সংসারের অন্তরালে অবস্থান যে কি কৌশলদাধ্য, তাহা আমরা জানি না।

^{*} এক ভানের অর্থ্রেক জরাপ্রান্ত ও অর্থাপে বৌধনপাপ্ত উহাকে অর্থ্যজনতীয় স্থায় বলে।

কারণ, রূপ ও রসাদি ছইটি বিষয়ের মধ্যস্থানে উদাসীনভাবে থাকা যেমন ছক্ষর, তেমনই ইহা ছক্ষর বলিয়া মনে হয়। তবে বে অতিমুক্তির প্রস্তাব করিয়া তদনস্তরই গ্রহ ও অতিগ্রহের কথা বলিয়াছেন, তাহাও তাৎপর্য্যামুসন্ধানের ফলে। অর্থাৎ এই বিশ্বপ্রপঞ্চ সমূদ্য সাধ্য ও সাধনমন্ন বন্ধন- শুরুপ; কারণ, গ্রহাতিগ্রহের কুন্সিতেই সমস্ত পতিত। কাজেই সেই গ্রহাতিগ্রহরূপ বন্ধের স্বরূপজ্ঞানার্থ অতিমুক্তির প্রস্তাবে তাহাদের উক্তি সঙ্গত হইল। কেন না, যদি বন্ধের স্বরূপ জানা থাকে, তাহা হইলেই ঐ বন্ধের পরিত্যাগ সম্ভবপর হয় নচেৎ অন্ধের পথিপর্যাটনের স্থান্ন কিছুতেই অভীষ্ট সিদ্ধ হইতে পারে না; অতএব মোক্ষলাভের জন্মই গ্রহাতিগ্রহের স্বরূপ প্রদশিত হইতেছে।

শ্রুতিত্ব "হ" শন্ধটি প্রস্তাবের পৌরাণিকত্বের জ্ঞাপক। অনন্তর বাদী অথব প্রশ্ন হইতে নিবৃত্ত হইলে জরৎকারুবংশসম্ভূত আর্তভাগ (ঋতভাগের পূত্র) बाक्कवकारक मनुशीन कतिवात क्रमा विलियन (व, वाक्कवका ! शूर्व्याक श्रद्ध धर धरः অতিগ্রহ কত ? একণে এই প্রশের উপর প্রশ্ন এই যে, পূর্বেশিক্ত প্রশ্ন কি জ্ঞাত গ্রহাতিগ্রহবিষয়ে, অথবা অজ্ঞাত গ্রহাতিগ্রহবিষয়ে ? যদি জ্ঞাত-গ্রহাতিগ্রহ-বিষয়ে প্রশ্ন হইয়া থাকে, তাহা হইলে গ্রহাতিগ্রহের জ্ঞানের সহিত তাহাতে সংখ্যারূপ গুণও পরিজ্ঞাত হইয়াছে বলিতে হইবে, স্নতরাং সংখ্যাবিষয়ক প্রশ্ন কোনরপেই দঙ্গত হইতে পারে না। আর যদি বল যে, না, গ্রহ ও অতিগ্রহ জ্ঞাত নহে, অতএব অজ্ঞাত গ্রহাতিগ্রহবিষয়ে প্রশ্ন হইমাছে, তাহাও বলিতে পার না। গ্রহাতিগ্রহ যদি অক্ষাতই হয়, তাহা হইলে দর্বপ্রথমে তাহার স্বরূপ প্রশ্ন (গ্রহ ও অতিগ্রহ কি ?) করাই উচিত, তাহা না করিয়া তাহার সংখ্যার প্রশ্ন হুইল কেন ? আবার পূর্বে বাহার সাধারণ জ্ঞান থাকে, পরে তাহারই বিশেষ धर्य क्रांनिवात्र निभिष्ठ विरागवक्रत्थ किछामा इब, त्यमन मामाजक्रत्थ कर्ठ (বেদের শাথা) বিনি জানেন, তিনিই তাগত বিশেষ ধর্ম জানিবার নিমিত্ত "কভমে কঠাঃ" অর্থাৎ কঠের সংখ্যা কত ? এইরূপ প্রশ্ন করেন, কিন্তু এই "গ্রহ ও অতিগ্রহ," ইহাদের একটিও লৌকিক প্রসিদ্ধ কথা নহে, ঘাহাতে সাধারণ জ্ঞানের পূর্বের তদগত বিশেষ ধর্মের (সংখ্যার) জিজ্ঞাপা সঙ্গত বলিব।

যদি বল যে, কেন ? পূর্বেষ যে "অভিমৃত্যতে" বলা হইয়াছে, ভদ্বারাই গ্রহাতিগ্রহের দামান্তাকারে জ্ঞান হওরা সম্ভব! পুনশ্চ সেই গ্রহ-গৃহীতের মোককে যুক্তি বলিয়া তাহাকেই অভিমৃত্তি স্বরূপ বলা হইয়াছে, অভএব বুঝিতে হইবে যে, পুর্বেষ্ সামান্তাকারে প্রাপ্ত গ্রহাতিগ্রহেরই এধানে বিশেষাকারে প্রশ্ন। 'এখানে এ কথা জিজ্ঞান্ত হইতে পারে যে, পূর্ব্বে বাক্, চকুং, প্রাণ ও মন এই চারি প্রকার গ্রহ ও অতিগ্রহের উল্লেখ হেতু তদগত চারি সংখ্যা স্বতরাংই পরিজ্ঞাত আছে; তবে সংখ্যাবিষয়ে প্রশ্ন সঙ্গত কিরপে? উত্তর,—হাঁ, চারি সংখ্যা পরিজ্ঞাত হইলেও সামান্তরপেই হইরাছে; কিছু তাহার চারি সংখ্যা অভিপ্রেত নহে বলিয়া নির্দারণ করেন নাই। একুণে তাহার নির্দারণার্থ এই প্রশ্ন হইরাছে যে, গ্রহ কত এবং অতিগ্রহই বা কত? গ্রহ ও অতিগ্রহের অন্ত সংখ্যাই এখানে বক্তার অভিপ্রেত এবং এই অন্ত সংখ্যা নির্দারণের নিমিত্তই এখানে প্ররায় ছিরুক্ত প্রশ্ন মৃক্তিমূক্তই হইরাছে। "তাহাই মৃক্তি" "উহাই অতিমৃক্তি" ইহা ছারা গ্রহ ও অতিগ্রহ সামান্তাকারে সিদ্ধ আছে, এই জন্ত আর্ত্তাগ বিশেষ জিজ্ঞাসা করিলেন যে, গ্রহ কত এবং অতিগ্রহই বা কত? যাজবদ্ধা তাহার উত্তর করিলেন যে,—গ্রহ আটটি এবং অতিগ্রহও আটটি। অর্থাৎ গ্রহ ও অতিগ্রহ অন্ত সংখ্যার ন্যন্ত নহে, অধিকও নহে। গ্রহবিশেষের নিয়ম জানিবার,নিমিত্ত পুনশ্চ আর্ত্তাগ জিজ্ঞাসা করিলেন যে, কথিত অন্তসংখ্যক গ্রহ ও অতিগ্রহ নিয়মতঃ কাহাকে কাহাকে ব্ঝিব ?॥১॥

প্রাণো বৈ গ্রহঃ সোহপানেনাতিগ্রাহেণ গৃহীতোহপানেন হি গন্ধাঞ্জিঅতি ॥ ২ ॥

যাজ্ঞবন্ধ্য উত্তর করিলেন যে, প্রাণই গ্রহ। সেই প্রাণু-গ্রহ অপাননামক অভিগ্রহ কর্তৃক আক্রান্ত। যেহেতু, অপান দারা প্রাণিগণ গন্ধ গ্রহণ করে। পূর্ব্বাপর
ইন্দ্রিরের প্রস্তাব বশতঃ এখানে প্রাণ শব্দের অর্থ দ্রাণেন্দ্রির ও প্রকরণ দারা বান্ধ্র
প্রসঙ্গ অবগত হওরা যায়। অপান শব্দের অর্থ দ্রাণের বিষয়ণ গন্ধ। কারণ,
অপানই গন্ধের বাহক। ইহার তাৎপর্য্য এই—বার্সহিত দ্রাণেন্দ্রির দ্রাণেন্দ্রিরগ্রাহ্য গন্ধদারা আক্রান্ত। যেহেতু, সমস্ত লোকই দ্রাণে ইন্দ্রির দারা অপানসমান্তত গন্ধ গ্রহণ করে॥ ২॥

বাথৈ গ্ৰহঃ স নান্ধাতিগ্ৰাহেণ গৃহীতে। বাচা হি নামান্ত-ভিবদতি ॥ ৩ ॥

বাজ্ঞবদ্ধ্য পুনশ্চ বলিলেন যে, বাক্ই গ্রহ। কারণ, সেই বাক্গ্রহ পরিচ্ছিন। শরীরাভ্যম্ভরে থাকিয়া আসক্তির বিষয়ে অবস্থিত এবং অসভ্য অপ্রিম অন্নীল ৰীঙ্গৰ ও কঠোরাদি উক্তিতে প্রবৃক্ত হইরা প্রাণীকে প্রষ্ঠ করে। সেই গ্রহরূপী বাগিজির নামরূপ অভিগ্রহ দারা আক্রাস্ত, অর্থাৎ বাক্-নামক গ্রহ, বক্তব্য (বাহা বলা বার) বে নাম, সেই নামাথ্য অভিগ্রহ দারাই আসক্ত হয়। কারণ, বস্তুর নাম বলিবার নিমিত্তই কেমাত্র বাক্যের আবশ্রকতা, অভ্যুব কক্তব্য বিষয়সকল পাতিগ্রহ, এই অভিগ্রহের কার্য্য বক্তব্যের উক্তিনিম্পাদন, সেই কার্য্য সমাধ্য না হইলে বাগিজিয়ের মৃক্তি নাই, এই জন্মই বক্তব্যবিষয় তাহার অভিগ্রহ জানিবে। পর পর শ্রুতিরও এইরূপ তাৎপর্য্য জানিতে হইবে॥ ৩॥

জিহবা বৈ গ্রহঃ স রসেনাতিগ্রাহেণ গৃহীতো জিহবয়া হি রসান্ বিজানাতি॥ ৪॥

ষাজ্ঞবন্ধ্য বলিলেন, ঐরপ এই রসনেক্রিয়ই গ্রহ, উহা রসনাগ্রাহ্ রস নামক অতিগ্রহ দারা আরুষ্ট হয়। কারণ, জীব এক রসনার সাহায্যে রসাম্বাদন করে। অতএব রস তাহার অতিগ্রহ॥৪॥

চক্ষুর্বৈ গ্রহঃ স রূপেণাতিগ্রাহেণ গৃহীতশ্চক্ষুষা হি রূপাণি পশ্যতি॥ ৫॥

যাক্তবন্ধ্য বলিলেন যে, এই চক্ষ্ই গ্রহ, সেই চক্ষ্প্রহ রূপনামক অভিগ্রহ থানা বনীভূত হইরা থাকে, এই রূপের অমুরোধে বা প্রলোভনেই চক্ষ্ নানা-বিধ অপরুষ্ট বৃত্তি আশ্রম করে। যেহেতু, পুরুষ যত কিছু ফাকার্য্য করে, প্রায় তৎসমন্তই এই চক্ষ্ ধারা করে, স্থতরাং দর্শনবিষয়ে চক্ষ্ই সমন্ত অনর্থের মূল। ৫॥

শেষাঞ্ বৈ গ্রহঃ দ শুদ্রেনাতিগ্রাহেণ গৃহীতঃ জোত্রেণ হি

পুনশ্চ যাজ্ঞবন্ধ্য বলিলেন বে, শব্দ গ্রহণের কারণ শ্রোত্রই গ্রহ, সেই শ্রোত্রাখ্য গ্রহ শব্দাখ্য অতিগ্রহ কর্তৃক বশীকত। কারণ, শ্রোত্রের ছারাই জীব উন্তমাধ্য শব্দ শ্রবণ করে। ৬॥ মনো বৈ গ্রহঃ স কামেনাতিগ্রাহেণ গৃহীতে। মনসা হি কামানু কাময়তে ॥ ৭ ॥

পুনরপি যাজ্ঞবদ্ধ্য বলিলেন যে, সংকল্প ও বিকল্পস্থাবসম্পন্ন মনও একটি গ্রহ, সেই মনোরপ গ্রহ কামনারপ অতিগ্রহ কর্তৃক গৃহীত, হয়। কারণ, জীব যত প্রকার কামনা করে, তাহা এই মন ধারাই সম্পাদন করিয়া থাকে। কামনা নষ্ট না হইলে মনের মুক্তি নাই॥ १॥

হস্তো বৈ গ্রহঃ স কর্ম্মণা,তিগ্রাহেণ গৃহীতো হস্তাভ্যাত হি কর্ম করোতি'॥ ৮॥

বাজ্ঞবন্ধ্য আরও বলিলেন যে, মন্থয়ের এই হস্তবন্ধও একটি গ্রহ এবং এই গ্রহ কর্মারপ অভিগ্রহ দারা বলীভূত। যেহেতু, দ্বীব এই হস্ত দারা ওভান্তভ কর্মা সম্পাদন করে। বাবৎ হস্তক্রিয়া থাকিবে, তাবৎ তাহা হইতে হস্তের অব্যাহতি নাই॥৮॥

ষ্ঠায় গ্ৰহঃ স স্পার্শেনাতিগ্রাহেণ গৃহীতস্ত্রচা হি স্পার্শান্ বেদয়ত ইত্যেতেহফৌ গ্রহা অফ্টাবতিগ্রহাঃ॥ ৯॥

এবং থগিন্দ্রিরও অন্ততম গ্রহ। সেই থক্ স্বীর বিবরম্পর্ণরপ অতিগ্রহ কর্ত্বক আক্রান্ত হন; কারণ, জীব থক্ ধারাই সমস্ত স্পর্ণ অমৃতব করিরা থাকে। প্রাণ অবধি এই থক্ পর্যান্ত অষ্টবিধ গ্রহ ও অতিগ্রহ সবিস্তাবে নির্মণিত হইন॥ ১॥

য়াজ্ঞবক্ষ্যেতি হোবাচ যদিদত সূর্ব্যঃ মৃত্যোরন্ধং কা স্থিৎ সা দেবতা যক্তা মৃত্যুরন্ধমিত্যগ্রিবৈ মৃত্যুঃ সোহপামন্ধমপ পুন-মৃত্যুৎ জয়তি॥ ১০॥

এইরপে এহাতিগ্রহের প্রভাব সম্পূর্ণ হইলে পর জার্জভাগ পুনদ্চ বাজ-বন্ধাকে জিক্সাসা করিলেন বে, হে বাজবন্ধা! এই সমস্ত জগৎই যুত্তার জন্ম

অধাৎ মৃত্যুক্বলিত। দেখা যায়, উৎপত্তিশীল সমস্ত বস্তুই গ্রহ ও অভিগ্রহরূপ মৃত্যু কর্তৃক আক্রান্ত হইয়া উৎপন্ন ও বিপন্ন অর্থাৎ বিনষ্ট হয়; কিন্তু এমন কোন্ দেবতা আছেন-স্বয়ং (গ্রহাতিগ্রহরূপী) মৃত্যুত্ত যাঁহার অন্ন হয় ; অর্থাৎ সর্ক-লোকের মৃত্যুও থাঁহার নিকট পরাস্ত হয়। শ্রুতান্তরে আছে, "মৃত্যু থাঁহার অধীন" ইত্যাদি। বাদীর ঈদৃশ্ প্রশ্ন করিবার অভিপ্রান্ন এই যে, প্রতিবাদী যদি মৃত্যুরও মৃত্যু निर्फिन करतन, जाहा हरेल अनवन्ना-त्मांव घरित, अर्थाए श्रेठिवांनी यनि वरनन বে, মৃত্যুরও মৃত্যু আছে, তাহা হইলে পুনশ্চ তাঁহার প্রতি সেই জিজ্ঞাসাই হইবে ষে, ষাহাকে মৃত্যুর মৃত্যুরপে বলা হইল, সেই মৃত্যুর মৃত্যু কে ? পুনশ্চ তাহার মৃত্যু কে ? তাহার মৃত্যু কে ? ইত্যাকার অনবস্থা অর্থাৎ যে উত্তরের আর कान द्यान व्यवसान व्यर्थाए विद्याम वा त्यस नारे, तरे त्वास थाकिया यात्र। পক্ষাস্তরে, প্রতিবাদী যদি বলেন যে, মৃত্যুর আর বিতীয় মৃত্যু নাই, তাহা হইলেও নিম্কিভাবের আপত্তি হইয়া পড়ে অর্থাৎ গ্রহাতিগ্রহ-নামক মৃত্যু হইতে আর কন্মিন্কালেও মোক্ষ হইতে পারে না; যেহেডু, **গ্রহাতিগ্রহ-নাম**ক মৃত্যুর বিনাশ সম্পাদিত হইলেই মুক্তি সিদ্ধ হয়। অর্থাৎ যদি বাস্তবিকই জিজ্ঞান্ত মৃত্যুরও মৃত্যুস্করপ হয়, তবে তাহা হইতে গ্রহাতিগ্রহরূপী মৃত্যুর বিনাশ অবশুস্থাবী। অতএব মৃত্যুরও মৃত্যু আছে অথবা নাই, এ উভয় পক্ষেই নির্দ্ধোষ উত্তর ছুর্নাচ্য। এইরপ নিরুত্রপ্রায় প্রশ্ন মনে করিয়া আর্তভাগ সাহস্কারে যাজ্ঞবন্ধাকে জিজ্ঞাসা করিয়াছিলেন যে, বল দেখি, তবে মৃত্যুত মৃত্যু কে ? যাজ্ঞবন্ধ্য উত্তর করিলেন যে, হাঁ, মৃত্যুরও মৃত্যু আছে; মৃত্যুর মৃত্যু আছে, এ কণা বলায় পূর্ব্বাক্ত অনবস্থা-দোষ হয় না। কারণ, যিনি সর্ব্বযুত্যস্করপ, তাঁহার আর মৃত্যুসম্ভব কি ? কেন না, এখানে সর্ব্যমৃত্যুরূপে থাঁহাকে বলা হইয়াছে, তাহা ব্রহ্মসাক্ষাৎকার ভিন্ন অন্ত, কিছু নহে, হুতরাং একবার পরমব্রহের সাক্ষাৎ-কারলাভ হইলেই আর তাহার বিনাশ নাই। যদি বল, কিরুপে জানা যাইবে ষে, মৃত্যুর মৃত্যু আছে ? তাহাৰ উত্তর প্রত্যক্ষ প্রমাণ। অর্থাৎ মৃত্যুরও যে মৃত্যু আছে, ইহা সর্বজনপ্রতাক্ষিত। যেমন ক্ষমি সর্ববন্ধ ভন্ম করে বলিয়া মৃত্যু, ইহা সর্ববাদিসিদ্ধ। সেই অধিরূপ মৃত্যু আবার জল কর্ত্তক ভক্ষিত হয়, হতরাং জল মৃত্যুর (অधित) মৃত্যু; অতএব অधি জলের অন্ন—বিনাশ্র। কাজেই व्यवक्र नौकात कतिराज हरेरन ता, मृजातल मृजा ज्याह ; जनः तार मृजात मृजार नुर्मीक धराष्ट्रिधरनग्रंदक थान करतम । शूर्स्ताक धराष्ट्रिधरत्रभ वस्त हिन

হইলে, অর্থাৎ সর্বায়ত্য কর্ত্ক ভক্ষিত হইলে জীবের এই সংসার হইতে মোক্ষ বুক্তিসিদ্ধ হয়। পূর্ব্বে গ্রহাতিগ্রহকে বন্ধনম্বরূপ বলিয়া এক্ষণে এই বন্ধনচেচ্চন ছারা যে মুক্তি হইতে পারে, তাহা সাধিত হইল। অতএব বন্ধনমোক্ষের নিমিত্ত পুরুষ চেষ্টা করিবেন—চেষ্টা ফলবতী হইবে, তাহা ছারা মৃত্যু জয় করা বাইবে॥ ১০॥

যাজ্ঞবক্ষ্যেতি হোবাচ যত্রায়ং পুরুষো ত্রিয়ত উদস্মাৎ প্রাণাঃ ক্রামন্ত্যাহোত নেতি নেতি হোবাচ যাজ্ঞবক্ষ্যোহত্রৈব সমবনীয়ন্তে স উচ্চ্বুয়ত্যাগ্মায়ত্যাগ্মাতো মৃতঃ
শেতে॥ ১১॥

পরমান্ত্রদাক্ষাৎকাররূপ দর্কোৎকৃষ্ট মৃত্যু কর্তৃক গ্রহাতিগ্রহরূপী মৃত্যু দকল বিনাশিত হইলে ব্রহ্মবিৎ মুক্তপুরুষ যে সময়ে মৃত্যুমুথে পতিত হন, সেই সমন্ন এই মুমূর্ বিবানের গ্রহ-নামক বাগাদি ইন্দ্রিয়সকল ও বাগনারূপী অন্তর্বর্তী পূর্ব্বোক্ত নামাদি অতিগ্রহ প্রয়োজক কর্ম্মহকারে উর্দ্ধদিকে উৎক্রাস্ত হয় ? অথবা নহে ? यांडविका रिलियन त्य, ना, तिर्रे भूभूष्ट्रे छोनी यांकित राशांनि रेक्तियश ७ रामना সমূদায় উর্দ্ধে যার না, কিন্তু এই দেহেতেই পরমাত্মার সঙ্গে একীভাব প্রাপ্ত হইয়া লীন হইয়া থাকে। অজ্ঞানিগণের করণসমূহ যেমন শরীর হইতে নির্গত হইয়া যায়, , জ্ঞানী পুরুষের অবস্থা ঠিক ইহার বিপরীত ; তাহার ইন্দ্রিয়াদি স্বীয় কারণ পরম-পুরুষ প্রমান্তার লীন হয়; অর্থাৎ যেমন তরঙ্গমালা সমুদ্র হইতে উভিত হইয়া পুনরপি সমুদ্রগর্ভেই বিলয় প্রাপ্ত হয়, তেমন জ্ঞানী পুরুষের ইক্রিয়াদিও পরম-কারণেই বিলীন হয়। এ বিষয়ে অক্তান্ত শ্রুতিও কলা-নামক ইন্দ্রিয়বর্গের পরমা-ত্মার বিশ্বর প্রদর্শন করিতেছেন। "এইরূপ ব্রহ্মসাক্ষাৎকারী পুরুষের তদাশ্রিত শব্দ-স্পর্শাদি সহিত একাদশ ইন্দ্রিয় ও পঞ্চপ্রাণ এই যোড়শ প্রকার বিকার স্বকারণ পরমেশ্বরকে প্রাপ্ত হইরা অন্তমিত হয়; তাহাদের আর পূথক্ অন্তিম থাকে না। এইরপে ইন্দ্রিরগণের পরমাত্মার সহিত অবিভাগ (একম্ব) প্রদর্শিত হয়। छानीत मृजामनाराज रेखियान (पर इरेराज विश्रंज ना स्रेरमा जासार य মুত বলিব না, ভাহা নহে; কারণ, ইন্দ্রিয়বিদয়ের পর তাঁহার শরীর জমে জমে ফীততা প্রাপ্ত হর এবং চর্মভন্তার মত বাহ্যবাধু কর্ত্তর পরিপূর্ণ হইরা शास्त्र, उदकारम श्रीवर्णतीरतत् शात्र छेशार द्यानक्ष क्रिया शतिष्ठे स्याना ।

ভবে উক্ত শ্রুতির অভিপ্রায় এই যে, পুরুষ জ্ঞানবলে এই সংসারবন্ধন বিচ্ছিন্ন করিলে তাহার আর কোপাও যাইতে হয় না, এইমাত্র ॥ ১১॥

যাজ্ঞবস্ক্ষ্যেতিহোবাচ যত্রায়ং পুরুষো ত্রিয়তে কিমেনং ন জহাতীত্তি, নামেত্যনন্তং বৈ নামানন্তা বিশ্বে-দেবা অনন্তমেব স তেন লোকং জয়তি॥ ১২॥

একণে পূর্ব্ব-শ্রুতির উপর জিজ্ঞাসা ইইতেছে যে, জ্ঞানীর মৃত্যুদশাতে কি क्विन थांगमकनरे (हेक्किन) विनन्न थांश इन्न । —हेक्किनां नित्र थात्राक्रक कर्म मकन्छ विनीन रम ? यनि वन रम, रकवन आर्मबरे विनम्र रम, उर्धारमाकक কর্মের লয় হয় না, তাহা হইলে কারণসত্তে কার্য্যের অবশুজ্ঞাবিতা বশতঃ কর্মরূপ কারণের বর্ত্তমানভাহেতু পুনশ্চ মৃত জ্ঞানী ব্যক্তি ইন্দ্রিয় লাভ করিতে পারেন? কিন্তু তাহা দেখা যায় না। আর यनि कर्मानि সকলই नत्र इत्र वना यात्र, তাহা হইলেই মুক্তির সম্ভাবনা ;— তাহা হইলেই বিবেচক পুরুষদিগের মোক্ষের নিমিত্ত যত্ন হইতে পারে; কেবল এই বিষয়টুকু জানিবার অভিপ্রায়ে আর্তভাগ পুনশ্চ যাজ্ঞবদ্ধাকে জিজ্ঞাদা করিলেন যে, যে দময়ে এই পুরুষ মৃত্যুদ্ধে পতিত হইয়া সমস্ত পরিত্যাপ করিতে থাকে, তথন একমাত্র কোন্ বস্ত তাহাকে ত্যাগ करत ना ? यांख्यवहा छेखत कत्रित्वन त्य, नाम (मःछा); - छार्थाए মুমুরু ব্যক্তির মৃত্যুর সঙ্গে সঙ্গে সমস্ত লম্ম পাইয়া যায়, একমাতা নাম লয় পাম না। কারণ, নাম আক্রতির সহিত সম্বন্ধ, স্মতরাং নিত্য, চিরদিনের জন্ম সে शंकिया वाब, मरहर ज्यात ज्यात ममखरे नव शहिया थारक। এই नामरक ख অনস্ত বলা হয়, তাহা তাহার সংখ্যার জন্ম নুহে, কিন্তু কালকৃত অর্থাৎ অনস্তকাল ৰামটি থাকিয়া বায় বলিয়া তাহাকে অনন্ত বলা হইয়াছে। নাম অনস্ত বলিয়াই তাহার অধিপতি বিখদেবগণও অনস্ত। যিনি নামাধিপতি সেই অনস্ত বিশ্বদেশগণকে আত্মবোধে উপাসনা করেন, তিনি অনস্তদর্শন হেতৃ অনত লোক জৰ কৰেন, অৰ্থাৎ সমন্ত লোকে তাঁহার অকুৱ **अपूर्ण श्राम ३२ ॥** ्रेन प्राप्त प्र प्राप्त प्राप्त

যাজ্ঞবন্ধ্যেতি হোবাচ যত্ত্ৰাস্থ্য পুরুষস্থ্য মৃতস্থায়িং বাগপ্যেতি বাতং প্রাণশ্চক্ষুরাদিত্যং মনশ্চন্দ্রং দিশঃ শ্রোত্রং পৃথিবীত্ত শরীরমাকাশমাক্ষোমধীলে মানি বনস্প-তীন্ কেশা অপ্যু লোহিতঞ্চ রেতশ্চ নিধীয়তে কায়ং তদা পুরুষো ভবতীত্যাহর সৌম্য হস্তমার্ভভাগ! আবামেবৈতস্থ বেদিয়্যাবো ন নাবেতং সজন ইতি।

তো হোৎক্রম্য মন্ত্রয়াঞ্চকাতে তো হ যদ্চত্যু কর্মা হৈব তদ্চত্বরথ যৎপ্রশশ্যসত্যু কর্মা হৈব তৎপ্রশশ্যসত্যু পুণ্যো বৈ পুণ্যেন কর্মাণা ভবতি পাপঃ পাপেনেতি ততো হ জারৎকারব আর্ত্তভাগ উপররাম॥ ১৩॥

ইতি বৃহদারণ্যকে দ্বিতীয়ং ব্রাহ্মণম্

মৃত্যুরপী গ্রহাতিগ্রহবন্ধনের বৃত্তান্ত সবিশেষভাবে নিরূপিত হইল এবং এই মৃত্যুরও মৃত্যু আছে বলিরা মৃক্তির সন্তাবনাও দেখান হইয়ছে। আবার সেই মৃক্তিও যে অন্ত কিছু নহে, কেবল প্রদীপনির্বাদের ন্যায় গ্রহাতিগ্রহসকলের ইহলোকেই প্রলয়মাত্র, তাহাও স্থিরীক্ষত হইয়াছে। পুক্ষণে পূর্বোক্ত মৃত্যুরূপী গ্রহাতিগ্রহ-নামক বন্ধনের যাহা কারণ, তাহা নিরূপণ করিবার জন্ত পরবর্ত্তী শ্রুতির অবতারণা হইতেছে।

কেহ কেহ পরবর্ত্তা শ্রুতির অবতারণা সম্বন্ধে অন্তর্রপ অভিপ্রান্ন প্রকাশ করেন। তাঁহারা বলেন বে, সম্পে গ্রহাতিগ্রহের বিনাশ হইলেও জাবের মৃত্তি হয় না। কারণ, তথন জীব নামমাত্র অবশিষ্ট থাকে ও পরমাত্মা ইইতে সভ্তুত অবিদ্ধা উষর ক্ষেত্রের মত উৎপাদিকা-শক্তিহীন হয়, জীব সেই অবিদ্ধাবিমৃক্ত ও ভোগ্য জগৎ হইতে পৃথগ ভাবে অবস্থিত থাকিয়া উৎসম্বপ্রায় কাম ও কর্মহেত্ বাসনার অন্তর্রালে অপুর্বভাবে অবস্থিতি করেন মাত্র। এই জন্ত তথন সেই জীবের অবৈত্ব পরমাত্মার সহিত একাত্মতা সাক্ষাৎকার ঘারা প্রচলিত বৈত্ত জ্ঞানকে অপনীত করা আবশ্রুক। এই জন্ত পরবর্ত্তা শ্রুতিতে সেই পরমাত্মন্দর্শনের কথাই বক্তব্য হইতেছে। এইজ্বপে অপবর্গ-নামক একটি মধ্যমাবস্থা

কল্পনা করিয়া তাঁহারা পরবর্ত্তী গ্রন্থের সহিত সম্বন্ধ যোজনা করেন। এ স্থানে आमारनत (जायाकारतत) वक्तवा धरे त्य, यनि कत्यां भरवां ने हिन्दप्ररे विभीर्ग हरेंग, छत्व प्रज्याः एवछ विनष्ट हरेंग, ध्वल व्यवसाय श्वमायात पर्मन, अवग, মনন, নিদিধাাসন করিবে কে? অর্থাৎ তত্তজ্জান্ত প্রবণাদি-ইক্রিয়সাহায্যেই वक्कविषयक अवनानि कवित्रा भारकन, किन्न यनि अवनानि हेक्किय ना भारक, जरव অবৈতবোধের উপায় কি १ • হতরাং কথিত মধ্যমাবস্থায় অবস্থিত পুরুষের শ্রবণ, मनन. निविधामनावि মোক्ষোপযোগী কোন প্রয়োজনই দিছ হইতে পারে না। তাঁহারা নিজের মুখেই স্বীকার করিয়াছেন যে, সেই অবস্থায় জীব নামমাতাব-শিষ্ট থাকেন; তৎকালে মনোভাব আর কিছুই থাকে না। অথচ শ্রুতি विषयाद्यन त्य, उৎकारन कीव मुख इंदेश निरम्छीवन्द्राय थारक। धरेक्रथ পরস্পর অসংলগ্ন বাক্যাবলীর কল্পনা থারাও সমাধান করা যায় না। আর যদি বল যে, মৃত্যুর পর নহে, পুরুষ জাবদ্দশাতেই সর্ব্বপ্রকার জাগতিক ভোগরাশি হইতে বিমুখ হইয়া কেবলমাত্র অবিক্যাবিশিষ্ট হইয়া থাকেন, ইহাতে জিজ্ঞান্ত এই বে, এই কল্পনার ভিত্তি কি ? যদি বল যে, সমস্ত দৈত বস্তুতে আখ্রার একম্ব্রতীতিই তাহার প্রতি কারণ, ইহা বলিতে পার না; কারণ, তাহা ইভ:পূর্বেই নিরাক্ত হইয়াছে। তথায় কথিত হইয়াছে যে, জ্ঞানী ব্যক্তি কর্ম্মসহকৃত বৈতের সহিত আত্মার অভেদ দর্শন করিয়া কর্ম বা কর্মবাসনা থাকিতে यि गुछ ও रेक्तियनप्रथाश रून, जारा रहेरन रूप जिनि क्रामाणुकारन পরস্বন্ধে জগদাঘাভাব রা হিরণাগর্ভস্বরূপ প্রাপ্ত হইবেন, আর না হয় ইক্তিয়-লম্ম না হইলে জীবদশায় ভোগ্যবস্ত হইতে বিরক্ত হইমা প্রমাস্মজানের জ্ঞ অগ্রসর হইমা থাকিবেন; তদ্তির উক্ত মধ্যমাবস্থা কথনই শ্রুতির অভিপ্রেত নহে। একপ্রবন্ধাণ্য এক উপাধে এই উভন্ন বন্ধ কথনও লাভ করা যাইতে পারে না। যদি অবস্থিত কর্ম হিরণাগর্ভের স্বরূপপ্রাপ্তির কারণ, এ কথা বন, তাহা সকত নহে; কারণ, যাহা প্রমান্তার আভিমুখ্যলাভের কারণ, তাহা হিরণ্যগর্ভম্বরপলাভের কারণ হয় না। পক্ষান্তরে, উক্ত কর্মকে ভোগনিবৃত্তির कांत्र विताल आत हित्रगुशक्यक्रथाशित कांत्र वर्ग बाहेरा शांत्र मा; रारहरू, वारा गमत्मत्र कार्यन, जारारे ज्यानात गममिनवृद्धित कार्य रख्या जमस्य। ্যদি বল যে, মরণানস্তর জীব হিরণাগর্ভকে প্রাপ্ত ইইয়া পরে ইন্দ্রিয়গণের হির্ণাগর্ভে লর ঘটিলে একমাত্র নামাবলেবে পরমাত্মজান লাভ করিতে অধিকারী र्न। छेउन-- जारा रहेरन जामारनत कछ शतमां प्रकारना शाम अनर्थक ; স্থতরাং মোক্ষোপদেশক শাস্ত্র ও বৃথা। কেন না, যথন হিরণ্যগর্ভনোকে না বাইলে মুক্তি তুর্নভ, তথন আমাদের পক্ষে মৃক্তির উপদেশক শাস্ত্র সর্বভোতাবেই বৃথা। অথচ শাস্ত্রকারগণ এবং "তদেয়া যো দেবানাং প্রভাব্ধ্যত" অর্থাৎ দেবতার মধ্যেও বাঁহারা আত্মজান প্রাপ্ত হইরাছিলেন,—ইত্যাদি প্রভিত স্পষ্টাক্ষরে সমস্ত পুরুষকেই ব্রহ্মবিস্থা ধারা পুরুষার্থ-লাভের উপদেশ করিতেছেন। অতএব কারণের সহিত গ্রহাতিগ্রহ বিনাশিত হইলেও মৃক্তি হর না, পরস্ক তৎপরে পরমাত্মদর্শন আবশ্রক ইত্যাদি কল্পনা প্রভিত-স্থৃতি ও প্রমাণবিক্ষর বিনয়া সর্বধাই হের।

মে যাহা হউক, এক্ষণে প্রস্তাবিত কথা বর্ণিত হইতেছে। তন্মধ্যে প্রথমে বক্তব্য এই যে, সেই গ্রহাতিগ্রহরূপ বন্ধন জীবের জন্য কে প্রয়োগ করে অর্থাৎ কাহার প্রেরণার জীব সেই গ্রহাতিগ্রহরণ বন্ধনে আবদ্ধ হয়, তাহারই নির্দ্ধারণের অভিপ্রারে শ্রুতি বলিতেছেন যে, যথন হস্তপদ-মন্তকাদি-বিশিষ্ট সেই অসমাগ দুর্লী জীব মৃত হয়, তথন তাহার বাক স্বকারণ অগ্নিতে বিলীন হয়, প্রাণবায় বাহ্য বায়র मरक भिनित्रा यात्र, हक्क म आफिडारक आधान करत, मन हरतार नम भाग, কর্ণ দিল্লগুলকে অবলম্বন করে, স্থূল শরীর পৃথিবীতে মিশিরা যায়, আত্মা অর্থাৎ জীবাত্মার বাসস্থান হৃদয়াকাশ মহাকাশের সঙ্গে একীভাব ধারণ করে, শরীরস্থ লোমসকল ঔষধিকে (তৃণ-বিশেষকে) আশ্রম করে, কেশগুলি বনস্পতিসহ বিলীন इब, बक्क ७ एक निक्क कांत्रण करन अविष्ठे रहेबा यात्र। (ठारा रहेरठ शूनक्रणान দেখা যায়, এই জন্ম ভাছাতে প্ৰবিষ্ট বা নিহিত হয় বলা হইল)। সে সময় এই পুরুষ জীব কোথা থাকে
 ?—এই প্রকরণে যেথানে বাক্ত প্রাণ প্রভৃতির লম্বের কথা আছে, मেथान वांशानि गल्मत वर्थ छम्थिनां लावा वृश्विष्ठ इट्रेंद ; किन्न ইন্দ্রিরগণ নহে; কারণ, তাহারা মুক্তির পূর্ব্বে চলিয়া যায়। তৎকালে দেবতা কর্ত্তক অন্ধিষ্টিত ইন্দ্রিমণ্য এবং কর্তারহিত কুত্রাপি স্থাসীকৃত কুঠারাদি ঠিক একরূপ निक्या चाराजन। व्यर्थाए तमन कुठावानि निष्क कोन कर्य कविएक शोरत ना, তেমন অচেতন ইন্দ্রিয়গণও তৎকালে নিক্ষা থাকে। পুরুষ এই অবস্থায় সর্ববিমূক্ত বিদেহ হইয়া সভ্রতার অভাবে তেংকালে কাহাকে আশ্রম করেন, ইহাই জিজাত। বে আশ্রের গ্রহণ করিয়া আত্মা পুনশ্চ শরীরেন্দ্রিরসমষ্টি গ্রহণ করে এবং গ্রহ ও অতিগ্রহরূপ বন্ধনম্বর যাহা দারা জীবের সম্বন্ধে প্রবৃক্ত হয়, সেই আশ্রম কে ? যাজ্ঞবন্ধ্য উত্তর করিলেন যে, তোমার জিজ্ঞাসিত বিষয়ে বহু মতভেদ आहि-युड़ाव, यहाडा, कान, कर्य, देनव, विद्धानमाव ७ मृत्र প্রভৃতি বাদিগণ श्रामक श्रकांत्र कांत्रण कन्नमा कतिया शांकिन।

তন্মধ্যে মীমাংসক্রগণ বলেন যে, ক্রগৎ স্বভাবপ্রস্ত, স্বতরাং মৃত্যুর পরে জীব এই স্বভাবকে আশ্রম করে। লৌকামতিক বুদ্ধগণ বলেন বে, না, ন্ধাৎ সভাবপ্রস্ত নহে, ষদুচ্ছাক্রমে অর্থাৎ আকস্মিকভাবে উৎপত্তি **इब्न ध्वरः रेहारे कीरवद्र प्राध्यव्य । राजाजिर्विष्णां वर्णन राज्य मा**ध्य कथान नार कालहे मकालव[ा] कर्छा, अञ्चय कालहे जनवन्नात्र खोत्वत्र आखाः थवः शोतां निकान वर्तान (व, ना-u मन कथारे मिथा, जीतन वर किছू हव, তৎসমন্তই কর্ম দারা হয়; অতএব কর্মই আশ্রহ। দেবতৈকান্তিক বা বৈদিক-গণ বলেন বে, না, ইহাও কথা নহে, এক দৈবই সকলের প্রতি কারণ; স্নতরাং मुज़ुत পর এই দৈবই জীবের আশ্রম, দৈবই জীবের সংসারে প্রেরক। বিজ্ঞানবাদী বৌদ্ধাণ বলেন যে, ক্ষণিক বিজ্ঞান হইতেই জগতের উৎপত্তি, স্নতরাং সেই ক্ষণিক বিজ্ঞানই জীবের আশ্রম; আর অপর বৌদ্ধ-সম্প্রদায় বলেন বে, ইছাও মিথাা कथा, रामन अमील निर्साणिত रहेल जाहांत जात किছू अखिष थाक ना, वक-মাত্র শৃক্তই লক্ষিত হয়, তেমন এই সমস্ত বস্তুরই পরিমাণ এক প্রকার শৃক্ত। মৃত্যুর পরে এই শৃক্তই জীবের আশ্রম। অতএব "মৃত্যুর পরে জীবের আত্রর কি ?" এই প্রশ্ন বিষয়ে পূর্ব্বোক্ত বাদিগণের বিবিধ মতভেদ থাকার সহজত: জল্প বা জিগীয়ার্থ বিচার খারা কোনরূপ সিদ্ধান্ত স্থির করা স্থকটিন; এ জন্ম ৰাজ্ঞবন্ধ্য বলিলেন যে, হে সৌমা ! আর্তভাগ ! তুমি বদি ৰথার্থ বম্ব নির্ণয় করিতে চাও, তাহা হইলে হল্তে হস্ত সমর্পণ কর, এস, ভূমি আর আমি এই ছুই জনেই তোমার এই প্রশ্নের জ্ঞাতব্য বিষয় নিরূপণ করিব।

বেহেতু, তোমার প্রশ্ন-বিষয় অতি ছজের, ইহা এত জনাকীর্ণ স্থানে
নির্ণন্ধ করা অসম্ভব, অতএব এস, আমরা নির্জন স্থানে যাইয়া এই
প্রশ্নের তত্ত্বনিরূপণ করি। অনস্তর যাঞ্জনকা ও আর্তভাগ নির্জ্জন স্থানে
যাইয়া যাহা কহিলেন, তাহা শ্রুতি প্রকাশ করিয়া বলিতেছেন যে,
যাজ্ঞবদ্ধা ও আর্তভাগ এক নির্জ্জন স্থানে যাইয়া প্রথমতঃ লোকিকবাদিগণের
(যাহারা শান্ত্রদৃষ্টিবর্জ্জিত) মত সকল উত্থাপিত করিয়া একে একে
বিচার করিতে প্রবৃত্ত হইলেন, এবং তাঁহারা ছই জনে পূর্বে প্রক্র পক্ষসকল পরিত্যাগ করিয়া যে বে পর পর পক্ষ স্থির করিয়াছিলেন, তাহা
বলিতেছি, শ্রবণ কর।—জীব বে পুনঃ পুনঃ এই কার্য্যকরণ-সংঘাত
(সেহেলিয়েসমৃষ্টি) পরিগ্রহ করেন, তাহার প্রতি কর্ম্যই কারণ, তাহাই
জীবের আশ্রম, এইরূপে তাঁহারা কর্মকেই কারণরূপে স্থির করিয়াছেন।

তথু তাহাই নহে, কাল, কর্মা, দৈব ও ঈশ্বর হেতুরূপে স্বীকৃত হইলে বিচার-কালে কাল কর্ম দৈব ঈশ্বরাদির মধ্যে এক কর্মকেই তাঁহারা প্রশংসা করিয়াছিলেন। বেহেতু তাঁহাদের ওক-বিতর্ক দারা গ্রহাতিগ্রহাদি কার্য্য-করণসমষ্টির পুনঃ পুনঃ গ্রহণের প্রতি কর্মই একমাত্র কারণ বলিয়া নির্দ্ধারিত হইয়াছে। অতএব শান্তবিহিত শুভকর্ম দারা জ্লীব শুভস্থান প্রাপ্ত হয় এবং শান্তানিষিদ্ধ অশুভ কর্ম দারা অশুভ লোক প্রাপ্ত হয় । যাজ্ঞবহ্য শাষ্তি প্রস্কার এইরূপ ত্রপনেয় বৃক্তিপূর্ণ উত্তর কম্বিলে পর আর্ত্তভাগ বিস্মিত হইয়া "এ আমাদের চালনার অশক্য" বলিয়া প্রশ্ন হইতে নিবৃত্ত হইলেন॥ ১৩॥

ইতি বৃহদারণ্যকে তৃতীয় অধ্যায়ে খিতীয় ব্রাহ্মণ সমাপ্ত।

উপনিষৎস্থ—তৃতীয়াহধ্যায়স্থ

তৃতীয়-ব্ৰাহ্মণম্

অথ হৈনং ভুজুল হািয়নিঃ পপ্রচ্ছ যাজ্যুবস্ক্যেতি হোবাচ।
মদ্রেষু চরকাঃ পর্য্যব্রজাম তে পতঞ্চলস্থা কাপ্যস্থা গৃহানৈম
তস্থাসীদ হিতা গন্ধর্বগৃহীতা তমপৃজ্যাম কোহসীতি সোহববীৎস্থায়াঙ্গিরস ইতি তং যদা লোকানামস্তানপৃজ্যামা থৈনমক্রম ক পারিক্ষিতা অভবন্নিতি ক পারিক্ষিতা অভবন্ সত্বা পৃচ্ছামি
যাজ্যবন্ধ্য ক পারিক্ষিতা অভবন্নিতি ॥ ১॥

এইরপে আর্তভাগ বিরত হইলে পর পাণ্ডিত্যাভিমানী ভূজ্যু নামক লাহায়ন-পুত্র জনৈক ব্রাহ্মণ যাজ্ঞবন্ধ্যকে প্রশ্ন করিতে উদ্যত হইলেন। ইতঃপূর্ব্বে সেই গ্রহাতিগ্রহরূপ বন্ধন কথিত হইয়াছে। মূল কারণ সহিত যাহা হইতে মূক্ত হইলে कीर मुक्ति नास करत, आत यादा बाता आरक दहेरन मरमात्री द्य, राहे श्रदांति-গ্রহকে মৃত্যুরূপে নির্দারিত করা হইমাছে এবং তাহা হইতে যে মৃতিয় সম্ভব, মৃত্যু উল্লেখ থারা তাহাও নিণীত হইয়াছে। মৃক্ত পুরুষের মৃত্যুর পর অন্ত কোনও লোকে গতি হয় না। প্রদীপ নির্বাণের স্থায় তাহার সমস্ত বিষয়ের অত্যন্ত উচ্ছেদ ও নামমাত্রাবশেষ থাকে, ইহাও স্থিরীকৃত হইয়াছে। তনাধ্যে সংসারী ও মৃচ্যমান, এই উভরের দেহৈলির সম্পারের স্ব স্ব কারণে লয় সমান হইলেও পরম্পর যে অনেক প্রভেদ, তাহা বিচার পূর্বক সিদ্ধান্ত করা হইষ্নাছে। যেহেতু, বলা হইমাছে যে, ফুক্ত পুরুষের দেহপাতের পর সংসারকারণ অজ্ঞানের অভাবে পুনর্কার দেহধারণ করিতে হয় না এবং অজ্ঞানিগণের সংসারকারণ অজ্ঞানের বিশ্বমানতা হেতু বারম্বার দেহাস্তরোৎপত্তি ঘটে। এই পুন: পুন: শরীরধারণ যাহার প্রেরণার হইয়া থাকে, ভাহাই জীবের প্রাক্তন কর্ম, ইহা বিচার পূর্বক সিদ্ধান্তিত আছে। সেই কর্মকর হইলে নামমাত व्यवनिष्टे थाकात्र म्मार्टिकानि मर्स्सारमानक्रण याक निष्णत्र द्वा के मरमार्ट्यक

কারণ কর্ম্মের নাম পুণ্য বা পাপ। যেহেতু, জীব পুণ্যকর্ম মারা পবিত্র হয় এবং পাপকর্ম দারা পাপী হয়, ইহা শ্রুতি দারা অবধারিত হইয়াছে। সংসার এই কর্ম হুইতেই প্রাস্থত। তন্মধ্যে বিশেষ এই যে, জীব পাপকর্ম্মদলে স্বাভাবিক হু:খপরিপূর্ণ স্থাবরজ্ঞসমাদি দেহে অথবা নারকী পশুপক্ষি প্রেত্যোনিতে বিচরণ করত ছঃখভোগ করে, এবং পুন: পুন: জন্মমরণ প্রভৃতি হর্দশা ভোগ করিতে থাকে। ইহা রাজ-পথের মত সর্বাজনবিদিত। এক্ষণে পুণাকার্যো পবিত্র গতি হয়, এই শাস্ত্রোক্তির উপর শ্রুতি আদর প্রদর্শন করিতেছেন। শ্রুতি-শ্বুতি সমন্বরে বলিতেছেন যে, পুণাকর্ম সকল সমস্ত পুরুষার্থ-সিদ্ধির কারণ; স্থতরাং মোক্ষও জীবের প্রার্থনীয় বিষয় বলিয়াই তাহা কর্ম্মেরই সাধ্য, অবগত হওয়া বার। জীব ধেমন যেমন পুণাকর্ম করে, সেই পরিমাণে ততোধিক ফল প্রাপ্ত হইতে পারে; অতএব মোক্ষও কোন অত্যুৎক্লষ্ট কর্ম্মের ফল, এইরূপ আশঙ্কা স্বতই হইতে পারে; সেই শঙ্কা নিবারণের নিমিত্ত বলিতে হইবে যে, জ্ঞানসহক্ত ,উৎকট কর্ম্মের এই পর্যান্ত স্বীমা অর্থাৎ অত্যুৎকৃষ্ট কর্ম্মের ফলও পরিচ্ছিন্ন অভিব্যক্ত নামরপাত্মক। কিন্তু অসাধা-নিতা, অনভিবাক্তস্বরূপ নামরূপবজ্জিত, ক্রিয়াকারক ও ফলবহিভূ ত পরমান্ত্রা কোনরূপ কর্ম-নিস্পান্ত নহে, অর্থাৎ পর-মাত্মাতে কোনরূপ ক্রিয়ার প্রসর নাই। কারণ, যাহার উপর কর্মের ব্যাপার সম্ভব, তাহা সংসার ভিন্ন অন্ত কিছু নহে। এই বিষয় প্রতিপাদনের নিমিত্তই উপস্থিত তৃতীয় বান্ধণ আরম হইতেছে। এ বিষয়ে অপরাপর বাদিগণ বলেন, কর্ম যম্মপি সংসারপ্রবর্ত্তক, তথাপি বিস্থাসহকারে নিষ্কামভাবে অমুষ্ঠিত সেই কর্ম অন্তরূপ ফল প্রদান করে; অর্থাৎ যেমন স্বভাবতঃ অনিষ্টকারী বিষ ও দধি প্রভৃতি দ্রবাও কোনরপ বস্তুবিশেষের সঙ্গে মিলিত হুইয়া অপকারের পরিবর্দ্ধে উপকার প্রদান করে, তেমন জ্ঞানসহক্ষত নিদ্ধাম কর্মাও মোক্ষরূপ ফল প্রদান করিবে ? – উত্তর--না, এরপ সিদ্ধান্ত হইতে পারে না; কারণ, স্বর্গাদ্বির ন্তায় মোক যদি ক্রিয়াসাধ্য হইত, তাহা হইলে ঐ কল্পনা সঙ্গত হইলেও হইতে পারিত। কিন্তু মোক্ষ এমন কোন , কার্য্যবিশ্লেষ নহে যে, কর্ম ভাহাকে উৎপন্ন করিবে। মোক আর কিছুই নছে, বন্ধননাশই মোক, তাহা কংনও কর্ম-বন্ধপ হইতে পারে না। আর অবিভাই যে বন্ধন, তাহাও পূর্বে কথিত হইখাছে ;--ইহাও জানা আবশুক যে, কর্ম কথনই অবিদ্যার নাশ করিতে শারে না। বেহেতু, কর্মের বে সামর্থা, তাহা প্রত্যক্ষসিদ্ধ উৎপত্যাদি বিষয়ে, छडिम आमोकिक यो गर्सचा अधिनव वर्षाउ क्या या क्यांकन किहूरे विगेरिड

পারে না। যেহেতু, কর্ম্মের স্বভাব এই যে, বস্তুর উৎপত্তি, মিশ্রণ, বিকার ও সংস্কার এই চতুর্মিধ ভাবের মধ্যে যে কোন একটি ভাব সম্পাদিত করিয়া দেয়; কিন্তু এই উৎপত্তি, মিশ্রণ, বিকার বা সংস্কার ভিন্ন আর কোনরূপ কার্য্য যে কর্ম্মের অধিকারভূক্ত, তাহা লোকপ্রসিদ্ধ নহে। অথচ পূর্ব্বোক্ত চতুর্বিষ কর্ম্মাধিকারের মধ্যে মাক্ষ কেহই নহে, কারণ, মোক্ষ জীবের স্বাভাবিক ধর্ম, অবিষ্ঠার ব্যবধানে অপ্রাপ্তবং প্রতীত হয়। ইহা পূর্বেই নিক্সপিত হইরাছে।

ইহাতে বাদী আপত্তি করেন যে, হাঁ, হইতে পারে বটে কর্ম্মের ঐ প্রকার স্বভাব, কিন্তু উহা জ্ঞাননিরপেক্ষ কর্ম্মের শক্তি বলিব, জ্ঞানসহকৃত নিদ্ধাম কর্ম্মের শ্বভাব অন্য প্রকার; কেন না, দেখা যার যে, ওদ্ধ বিষদ্ধি অন্য শক্তিশালীরূপে সর্বজনামুমত হইলেও বিস্থামন্ত্র বা শর্করাদি বোগে বিভিন্ন বিষয়ে বিভিন্ন কার্য্য করে। সেই প্রকার কর্ম্মের সম্বন্ধেও স্বীকার্য্য। উত্তর-না, তাহার কোন श्रमाण नारे, महास्वरात श्रजाक श्रमाण ये निक वीक्ट स्टेरन कर्यमस्य এমন কোন প্রমাণ দেখিতে পাওরা যার না, যাহা ছারা উক্ত চতুইর উৎপজাদি শক্তি ভিন্ন অনাবিধ শক্তি প্রমাণিত হইবে। কোন বিষয়কে প্রমাণিত করিতে হইলে প্রত্যক্ষ, অমুমান, উপমান, অর্থাপত্তি, অথবা আগমপ্রমাণরূপে পরি-গৃহীত হয়, কিন্তু কর্ম্মের অতিরিক্ত সামর্থাবিষয়ে ঐ দকল প্রমাণের মধ্যে কোন এ মাণ্ট দৃষ্টিগোচর হয় না। পুনশ্চ বাদী বলেন, বিদ্যাসহকারে অনুষ্ঠিত নিক্ষাম কর্মের অন্য কোন ফল বাস্তব সং না হইলে তাহার বিধান করাই নিক্ষল হইরা পড়ে. ইহাই এ বিষয়ে ফ্রম্ম্ন্ট প্রমাণ। যেহেড়, শান্ত্রবিহিত নিতাকর্ম্মগুলির 'বিষ্ক জিৎ' যাগের ন্যায় ফলকল্পনা করা বাইতে পারে না এবং বিবিধ বাক্যেও কোনরূপ ফলের উল্লেখ দেখা যায় না; অথচ সেই নিত্যকর্মগুলিরও শাক্তে বিধান রহিয়াছে; হুতরাং 'পরিশেব' নিম্নাত্মনারে বুঝা বার যে, মোক্ষই সে সমস্ত কর্মের একমাত্র ফল: অনাথা কোনব্ৰপ ফল না থাকিলে, কোন পুৰুষ্ট সে সমস্ত কৰ্ম্মে প্ৰবৃত্ত হইত না।

প্রতিবাদী বলেন, তাহা ছুইলে দেই 'বিশ্বজিং' ন্যান্থই আসিয়া পড়িল; বেহেড়, তোমাকেও নিরুপার হইরা মোক্ষফল করনা করিতে হইভেছে; কেন না, বিশ্বজিতের মত 'ক্রতার্থাপিডি' প্রমাণবলে যদি মোক্ষ কিংবা তদমুরূপ কোন ফলবিশেষের করনা না করা বার, তাহা হইলে নিত্যকর্শেও লোকের প্রবৃত্তি হইতে পারে না। ওহে, এইরূপে বদি ফলবিশেষ করনাই করিতে হয়, ভবে

করা হইতেছে, আবার 'বিশ্বজিং' যাগের মতও হইতেছে না, ইহা অতীব বিকল্প কথা বলিতেছ। যদি বল, মোক্ষ প্রকৃতপক্ষে ফলই নহে; উত্তর—দ্যু কথাও বলিতে পার না; কারণ, তাহা বলিলে তোমার পূর্বপ্রতিজ্ঞার হানি হয়। বেহেতু, প্রথমে তুমি প্রতিজ্ঞা করিয়াছ যে, বিষ ও দ্বি প্রভৃতির ন্যায় কর্ম্মও বিদ্যা-সহযোগে অক্সিত হইলে স্বতন্ত্র একপ্রকার ফল সম্পৌদন করিয়া থাকে; এখন সেই মোক্ষ যদি কর্ম্মের ফলই না হয়, তাহা হইলে তোমার সেই পূর্বপ্রতিজ্ঞা নষ্ট হইল না কি? পক্ষান্তবে, মোক্ষকে কর্ম্মফল বলিলেও, মোক্ষ ষে স্বর্গাদি ফল হইতে একটি বিশিষ্ট ফল, সেই বৈশিষ্টোর নির্দেশ করা আবশ্রক।

আর যে বলিয়াছ,—মোক্ষ নিত্যকর্মের ফল বটে, কিন্তু তাহা কোন কর্মের কার্য্য নহে; তোমার এ উক্তির অর্থ কি, তাহাই অগ্রে নির্ণীত হউক্। কেবল 'কার্য্য'ও ফল এই শব্দগত প্রভেদ ধরিয়া অর্থগত কোনও বৈশিষ্ট্য কল্পনা করিতে পারা যায় না; কেন না, মোক্ষ কোন ক্রিয়ার ফল নয়, অর্থচ নিত্যকর্ম্ম হারা মোক্ষ নিপাল হয়, অর্থাৎ মোক্ষ নিত্যকর্ম্মের ফল বটে, কিন্তু নিত্যকর্ম্ম হইতে জন্মে না,—ইত্যাদি কথাও 'অগ্নি শীতল,' এইরূপ উক্তির মত অত্যন্ত বিক্তম্ব ও অসংলগ্ন বলিতেছ।

যদি বল, বিজ্ঞানের ন্যায় ইহার উপপত্তি হইতে পারে অর্থাৎ যেমন জ্ঞান হইতে মোক্ষের উৎপত্তি না হইলেও, মোক্ষকে জ্ঞানের ফল বলিয়া গ্রহণ করা হয়, সেইরপ মোক্ষ কর্ম-কার্য।' উত্তর—না, এ কথা বলিতে পার না; ঐ উভরের একটু পার্থক্য আছে। কারণ, জ্ঞান দারা মোক্ষ-স্থলে জ্ঞান হইতে প্রতিবন্ধক অজ্ঞানের নির্ত্তি হয়, অজ্ঞানরপ প্রতিবন্ধকের নির্ত্তিসাধন করে বলিয়াই মোক্ষকে জ্ঞানের কার্য্য বা ফল বলিয়া নির্দেশ করা হইয়া থাকে, ইহা উপচার বা কল্পনামাত্র; কিন্তু কর্ম্ম দারা সেই অজ্ঞান নিবর্তনীয় নহে; অথচ অজ্ঞান ভিয় আর কিছুই মোক্ষের প্রতিবন্ধক বা ব্যবধান কল্পনা করাও হঃসাধ্য, যাহা কর্ম্ম দারা নিবারিত হইতে পারে; কারণ, মোক্ষ নিত্যিদ্ধ এবং সাধকের (মুমুক্র) আল্লেম্বরপ ভিয় স্বতন্ত্র নহে।

যদি বল, অজ্ঞান-নিবৃত্তিই অষ্ট্রানের একমাত্র কার্য। উত্তর—না, সে কথাও বলিতে পার না; কারণ, জ্ঞান ও কর্ম্মের মধ্যে যথেষ্ট পার্থক্য আছে; প্রথমতঃ দেখা যাউক্, অজ্ঞান বস্তু কি ? অজ্ঞান মাত্র আত্মসক্রপের অনভিব্যক্তি, আর জ্ঞান তাহার অভিব্যক্তি বা ফুট-প্রতীতি; স্কুতরাং অনভিব্যক্তিরপ অজ্ঞানের সহিত্ত অভিব্যক্তিরপ জ্ঞানের বিরোধ বা প্রতিবধ্যপ্রতিবন্ধকভাব অবশ্রভাবী; কিন্তু কর্ম কথনও অজ্ঞানের বিরোধী হইতে পারে না। কাজেই জ্ঞান ও কর্ম একরপ নহে, পরস্ত সম্পূর্ণ ভিরপ্রকৃতি। পক্ষান্তরে, অজ্ঞানকে যদি জ্ঞানের অভ্ঞান, সংশয়জ্ঞান, কিংবা বিপরীতজ্ঞান (ভ্রম) বিদিয়া শ্বীকার কর, সকলপ্রকারেই সেই অজ্ঞান কেবলমাত্র জ্ঞান দারাই বাধিত হয়; কিন্তু কর্ম দারা কোনরূপেই বাধিত হয় না। কারণ, যথোক্তপ্রকার অজ্ঞানের কোনটিরই সৃহিত কর্মের বিরোধ নাই।

যদি বল, কর্ম যে অজ্ঞান-নির্ত্তি করে, ইহা অন্যত্র দৃষ্ট না থাকিলেও, নিত্যকর্মের সেরপ শক্তি করনা করিব। উত্তর—না, সেরপ করনাও করিতে পার না; কারণ, জ্ঞান দারা অজ্ঞাননির্ত্তি অহুভবগম্য হইলে আর কর্মের অদৃষ্টনির্ত্তি-সাধনত্ব করনা করা সম্চিত হয় না। দৃষ্টান্ত এই যে, ফেন 'ব্রাহীন্ অবহন্তি' এই প্রতিতে ধান্যে মুফল-প্রহারের বিধি আছে; এ হলে মেন আঘাত দারা ধান্যের তুব-মোচন বুঝাইলে অদৃষ্ট ফল আর অগ্নিহোত্রাদি নিত্যকর্মের কার্য্যরূপে অদৃষ্ট তুবনির্ত্তি করিত হয় না, সেইরপ জ্ঞান দারা অজ্ঞাননির্ত্তি থাকিতে আর নিত্যকর্মের অদৃষ্ট অজ্ঞাননির্ত্তি কার্য্য করনা করা উচিত নহে। আর জ্ঞান কর্ম যে এক হলে থাকে না, ইহা আমরা অনেক-বার বলিয়াছি। তবে 'বিদ্যা-প্রভাবে (জ্ঞান দারা) দেবলোকলাভ হয়' ইত্যাদি শ্রুতিবাক্যাহ্মসারে জানা যায় যে, যে সমস্ত জ্ঞান কর্ম্মের সহিত বিরুদ্ধ নহে, সে সমস্ত জ্ঞান বা উপাসনা দারা দেবলোকরূপ (স্বর্গলোক) ফলপ্রাপ্তি হয়া থাকে, এইমাত্র বিশেষ।

আরও এক কথা, শ্রোত নিত্যকর্মের যদি ফলকল্পনাই করিতে হর, তাহা হইলে বাহা কর্মের সহিত বিরুদ্ধ অর্থাৎ বাহা কথনও দ্রব্য, গুণ বা কর্ম্ম হইতে উৎপল্পনা হয়, তাহাই কল্লিত হউক, তাহা কি, তাহাও বলিতেছি। যে বিষয়ে কর্ম্মিন্কালেও কর্মের উৎপাদনসামর্থ্য পরিদৃষ্ট হয় নাই, অথবা যে বিষয়ে কর্ম্মের সামর্থ্য দৃষ্ট হইলাছে, অর্থচ যে ফল কর্মের বিরুদ্ধ নয়, সেইলপ ফলকল্পনা করাই উচিত। বলা বাহলা যে, অবিরুদ্ধ ফলকল্পনা করাই যুক্তিসঙ্গত। কর্মায়ন্তানে লোকের প্রবৃত্তি সমুৎপাদনের জন্ম বদি কর্ম্মের ফল-কল্পনাই ক্রিতে হয়, তাহা হইলেও নোক্ষ কিংবা নোক্ষ-প্রতিবন্ধক অজ্ঞাননির্ভিকে কল্পনা করিতে পার না; কারণ, তোমার অভিমত শ্রুতার্থাপত্তি প্রমাণটি কর্ম্মের অবিরুদ্ধ ফল-কল্পনা করিছাই চরিতার্থ (পরিসমাধ্য) হইলাছে; স্প্তরাং জাহার অন্তরোধেও কর্ম্মাবিরোধী মোক্ষমল কল্পনা করা বাইতে পারে না।

কারণ, উহাদের সহিত কর্ম্মের কোনরূপ বিরোধ নাই, এবং উৎপত্যাদি বিষয়েই কর্ম্মের সামর্থ্য প্রত্যক্ষসিদ্ধ।

यि वन, श्रीतागर निवसायुगार साक्रकन कहाना कतिय :- र्गस्य कर्ष হইতেই সমস্ত ফল উৎপন্ন হইতে পারে; তন্মধ্যে যে সমস্ত বিষয় অক্সান্ত কর্মের ফলরপে ব্যবস্থিত আছে, দেই সমস্ত ফলব্যতিরিক্ত কল্পনাযোগ্য ফলই দৃষ্টিগোচর হয় না, কেবলমাত্র মোক্ষই অবশিষ্ট; তাহাই রেদবিদ লোকমাত্রের বিশেষ প্রিয় ; স্নতরাং তাহাই নিতাকর্শের ফলরূপে কল্লিত হউক। উত্তর-না, তাহা বলিতে পার না; কারণ, কর্ম্মের ফল যথন ব্যক্তিগতভাবে অনস্ত বা অসংখ্য, তথন পারিশেয় ভার এন্থনে প্রযোজাই হইতে পারে না। এমন কোন লোক নাই, যে স্বয়ং অসর্ব্বজ্ঞ হইয়া বিভিন্ন পুরুষের ভিন্ন ভিন্ন ইচ্ছাছুযায়ী কর্মফলের, অথবা তৎসাধন কর্মসমূহের কিংবা পুরুষগত বিভিন্ন প্রকার ইচ্ছার ইয়তা বা পরিমাণ অববধারণ করিতে সমর্থ হয়; কেন না, জীবের ইচ্ছা কোনও দেশকালাদিরপ নিমিত্ত অবলম্বন করিয়া প্রবৃত্ত হয় না। তাহার পর যে বিষয়ে লোকের অভিকৃতি হয়, সেই বিষয়সিদ্ধির অমুকৃষ সাধনসমূহ পুরুষের অভিপ্রেতফলোদেশেই প্রযুক্ত হয়, স্নতরাং সে সকলও নিয়ত নহে এবং প্রতি ব্যক্তি যথন বিভিন্নকচিসম্পন্ন, কাজেই ফল ও ফলসাধন কর্ম্মের আনস্ত্য সিদ্ধ হইতেছে ; ঐ আনস্ত্য নিবন্ধনই কর্মফলের ও কর্মসাধনের ইম্বতা প্রুম-পরিগণনার বিষয় হইতে পারে না। ফল ও তৎসাধনেরই ফ্রি ুপরিমাণ অবধারিত না হইল, তবে আর মোক্ষ-ফল্ল পরিশেষ প্রাপ্ত হইবে কি প্রকারে ?

যদি বল, কর্ম্মনলের ব্যক্তিগত পরিমাণ নিশ্চিত না হুইলেও তাহার জাতিগত পরিমাণ ধরিরা পারিশেয় নির্দেশ করিতে পারা যার; অভিপ্রার এই যে, ইচ্ছার বিষয় (কর্ম্মন্ত্র) ও তৎসাধনসমূহ অনস্ত হইলেও সর্ব্বেছই কর্ম্মন্ত্র জাতিটি তুল্য বা সমানভাবে আছে; হতরাং কর্ম্মন্ত্রহের বিষয়ই পরিগণিত হইরাছে; একমাত্র মোক্ষই কর্ম্মন্ত্রভাব-নিবন্ধন অবশিষ্ট রহিয়াছে; অতএব অবশিষ্ট থাকার পারিশেয়নিরমামুসারে মোক্ষকেই মিত্যকর্ম্মের ফল বলির। উত্তর—দা, তাহাকেও নিত্যকর্ম্মের ফল বলিরা স্বীকার করিলে, তাহাও কর্ম্মন্ত্রেই সভাতীয় হওরা উচিত; হতরাং মোক্ষে কর্ম্মন্ত্রের অভাব থাকে না। এ জন্ম এ মতেও পারিশেয়নিরম সিদ্ধ হয় না। অতএব প্রকারান্তরেও ধণন নিত্যকর্মের সান্ধন্য রক্ষা করিতে পারা যার, তথন

তাহাতেই 'প্রতার্থাপত্তি' * চরিতার্থতা লাভ করিবে; অর্থাৎ উৎপত্তি, আপ্তি, বিকার ও সংস্কার এই চতুর্বিধ ফলের বে কোন একটি ফল নিতাকর্মের সম্বন্ধেও সম্ভবপর হইতে পারে; হতরাং প্রতার্থাপত্তির সার্থকার কন্য মোকফল করিত ইইবে, ইহা অবিম্যাকারীর উক্তি।

বদি বল, মোক্ষই উক্ত উৎপত্তি, আঞ্চি: বিকার ও সংশ্লাররূপ চতুর্বিধ ফলের অনাত্ম কল গ উত্তর না, ভাহা বলিতে পার না : কেন না, মোক বথন নিজ্ঞা, তথ্ন উহা উৎপাত হইতে পারে না; এই জক্তই উহা বিক্লুত হইবার বোগ্য মহে; এবং সংস্কার্যাও হইতে পারে না: তাহার অন্য কারণ মোক অজিরদাধ্য জব্য। বাহা জিরাদাধ্য জব্য, তাহারই সংস্কার হইতে পারে, বেমন যজ্জির পাত্র ও ঘুতাদি দ্রব্দ জলপ্রোক্ষণাদি দারা সংস্কারসম্পন্ন হয়: ইহা তেমন নতে; আবার যজ্জির যুপাদির স্তায় সংস্কার-নিজ্পাত্মও নতে; কাজেই মোক্ষকে অবশিষ্ঠ আপ্য ফল বলিয়া গ্রহণ করিতে পারা যায়; কিন্তু ভাহাও অসম্ভব; কারণ, মোফফল আত্মার স্বাভাবিক স্বরূপের আবেদকমাত্র, শুতরাং অভিনাত্মক। যদি বল, নিতাকর্মগুলি বখন অপরাপর কর্ম অপেকা ভিন্ন-প্রকৃতি, তথন তাহার ফলগত কিঞ্চিৎ বৈলক্ষণ্য থাকা উচিত নহে। উত্তর—না, সে কথাও বলিতে পার না। কারণ, কর্মত্বধর্ম বর্থন সকল কর্ম্মেরই তথন অপরাপর কর্মফলের তুল্যস্থভাব হুইবে না কেন? अपि वन, निजाकर्यक्रभ निभिन्न वा कांब्रागंत देवनक्रमा निवन्नन ফলেরও বৈলক্ষণা হওরাই ভাষ্য; আমরা বলি, না—তাহা হইতে পারে না। কারণ, 'কামবতী' ইষ্টির (বাগের) দহিত ইহার যথেষ্ট সাদৃশ্র আছে, অর্থাৎ বেমন গৃহদাহাদি নিমিত্ত উপস্থিত হইলে পর 'কামবতী' নামক ্ইটিযাগ করিতে হয়। যথা—'যজ্ঞপাত্র ভগ্ন হইলে হোম করিবে', 'স্কন্ন' হইলে অর্থাৎ ফাট ধরিলে হোম করিবে' ইত্যাদি, এই জাতীয় নৈমিত্তিক কর্মের স্থলে বেমন কেহই মোক্ষ্যল কল্পনা করে না, সেইরূপ নিত্যকর্মগুলিও ধারজ্জীবন বিহিত বলিয়া নৈমিত্তিকত্বধর্মায়সারে ক্ষামবত্যাদি কর্ম্মের তুল্যরূপ; স্কুতরাং ভাহারও ফল মোক হইতে পারে না।

আরও দেখ, আলোকমাত্রই রগপ্রত্যক্ষের অন্যতর কারণ, অর্থাৎ জালোকই স্কলের পক্ষে রপদর্শনের সাধারণ উপায়; কিন্তু পেচক প্রতৃত্তি কতকগুলি

যথন নিতাকপ্রনিধি শ্রুত ইইতৈছে, তথন অবস্তই তাহার মতা আছে, এই আর্থাপতি

ক্ষুসারে বে (মোক) ফলের করনা করা হয়, তাহাই শুডার্থাপতির কার্য।

প্রাণী স্মাছে, যাহারা স্মালোকের সাহায্যে রূপ দর্শন করে না; তাহা হইলেই পেচকাদির চক্ষু আর অপর প্রাণিগণের চক্ষু একপ্রকার নহে,—উহাছের মধ্যে মথেষ্ট বৈলক্ষণ্য রহিয়াছে স্বীকার করিতে হইবে। এই চকুর্গত বৈলক্ষণ্য ধরিয়া বেমন পেচকাদির চক্ষু রসাদি গুণ গ্রহণ করে, এরপত করনা করিতে পারা যায় না। কারণ, রসাদি-গ্রহণ বিষয়ে চক্ষর সামর্থ্য কোণাও দৃষ্টিগোচর নহে। সেই প্রকার করনার সাহায়্যে যত দ্রই যাওয়া যাউক না কেন, যাহার যে বিষয়ে সামর্থ্য বা কার্যকারিতা দৃষ্ট হইয়াছে, তাহার সেই বিষয়েই কোন প্রকার বিশেষ শক্তি করনা করিতে হইবে। বক্তব্য এই যে, বৈলক্ষণ্য দেথিয়াই বে বিভিন্ন শক্তি করনা করা যায়, তাহা নহে।

আরও যে বলিয়াছ—দিধি ও বিষ যেরপ বিশ্বা, মন্ত্র ও শর্করাদি
সহযোগে অগ্রপ্রকার ফল প্রদান করে, তদ্ধ্যুগ নিকামভাবে অনুষ্ঠিত নিত্যকর্মগুলিও স্বতম্ন শক্তি অর্জন করিবে, তাহার উত্তরে আমরা বলি যে, স্বতম্ম ফল
প্রদান করে, করুক, উহা আমাদের অনভিমত নহে, এ জন্য কোন
বিরোধ নাই; অর্থাৎ নিশ্বাম কর্ম বিশ্বা বা উপাসনা সহযোগে অনুষ্ঠিত হইয়া
বিশিষ্ট ফল জন্মাইলেও আমাদের মতের সহিত কোন বিরোধ নাই। কারণ,
শক্তিতে দেববাজা (দেবতার উপাসক)ও আত্মযাজী (আত্মার উপাসক),
এতজ্ভয়ের মধ্যে আত্মযাজীর শ্রেষ্ঠতা উক্ত আছে; ম্থা—'দেবধাজী অপেক্ষা
আত্মযাজী শ্রেষ্ঠ,' এবং 'বিশ্বাসহকারে যাহা করে, তাহাই উত্তম'
ইত্যাদি।

তবে মন্থ যে পরমায়দর্শনবিষয়ে "সংপশুন্ আয়য়য়জী" এই বাক্যে 'আয়য়য়জী' শব্দের প্রয়োগ করিয়াছেন, তাহার অর্থ—সর্বভূতে সমতাদর্শন করিলে 'আয়য়য়জী' হয়; অথবা ভূতপূর্ব্ব গতি অনুনারে অর্থাৎ নাধকের পূর্বাবছা ধরিয়াও এরপ অর্থ করা বাইতে পারা বায় যে, যিনি আয়ড়য়ির জয় নিত্যকর্মের অনুষ্ঠান করেন, তিনি আয়য়য়জী; কারণ, শ্রুতি বলিয়াছেন, 'এই নিত্যকর্মে বারা আমার অঞ্চলংশ্বত হইতেছে' (বিশোধিত হইতেছে) এবং স্মৃতিশান্তও 'গর্ভাধানসংস্কার বারা' ইত্যাদি প্রকরণে দেহে ক্রিয়াদি সংস্কারের জয়ই নিত্যকর্মের উপয়োগিতা প্রদর্শন করিভেছেন। এরপ সংস্কৃত বা পরিশোধিত হইয়া যে আয়য়য়জী সেই সমস্ত কর্মের ফলেই সর্বাত্ত সমর্থাকা করিছে সমর্থ কন, তাঁহার ইহজনেই হউক স্বা পরস্কামেই হউক, সর্ক্রিথ বৈষম্যবাক্ষত আয়মদর্শন স্পার ইইয়া থাকে; এরপ সমদর্শন করিলেই স্থারাজ্য-(মৃক্তি)

नात्छत्र अधिकात्री रत्र। जारा रहेत्नहे त्मथा वाहेरज्द रा, 'आज-वाकी' नन ভূতপূর্ব থাতি অর্থাৎ প্রাক্তন জনের অবস্থা ধরিয়া প্রবৃক্ত হয়। তাহার উদ্দেশ জ্ঞানসহযোগে অনুষ্ঠিত নিতাকর্ম যে আত্মজ্ঞানলাভের উপায় বা সাধন, এই অভিপ্রায় প্রকাশন, অন্যথা নহে।

আরও এক কথা,—'মনীষিগণ বলিয়া থাকেন যে, ব্রহ্মা, বিশ্বস্রষ্ঠা, ধর্ম (যম), মহান্ (মহৎ-তত্বাভিমানী হিরণ্যগর্ভ) ও অব্যক্ত (প্রকৃতি অর্থাৎ তদভিমানী) ইহারা সকলে সান্ত্রিক সাধনার চরম ফল', এবং "নিষ্কাম কর্মে পঞ্চতত্ত্বরূপ প্রাপ্ত হয়" ইত্যাদি শাস্ত্রবাক্যগুলি ইক্রাদি-দেবভাবানিপ্রাপ্তি ভিন্ন পঞ্চতুতবিমিশ্রণকেও নিষ্কাম কর্ম্মের ফল বলিয়া নির্দেশ করিয়াছেন। 'ভূতানি অপ্যেতি'র স্থলে, ধাহারা 'ভূতানি অত্যেতি' এইরূপ পাঠ পরিকল্পনা করিষা কর্ম হইতে মুক্তিফলপ্রাপ্তির সমর্থন করেন, বুঝিতে হইবে, বেদবিষয়ে তাঁহাদের বুদ্ধি বড় অল্ল; স্নতরাং তাঁহাদের দোষ ধর্তব্য নহে। আর এই ভূতাপ্যম বাক্যটি যে অর্থবাদ—ব্রহ্মবিন্তার স্ততিপর বাক্য, তাহাও নহে; কারণ, যে অধ্যায়ে এই বচনটি সন্নিবিষ্ট আছে, সেই অধ্যায়ে ছইটিমাত্র বিষয়ের উল্লেখ আছে—একটি কর্মফলের শেষ সীমা—ব্রহ্মপদপ্রাপ্তি, আর অপরটি আব্রজ্ঞান; স্বভরাং উক্ত ছুইটি বিষয় যথাক্রমে কর্মকাণ্ড ও উপনিষহক্ত বিষয়ের সহিত তুল্য এবং অবিক্লন্ধ। বিহিত কর্ম্মের অনুষ্ঠান না করায় এবং নিষিদ্ধ কর্মের আচরণে স্থাবর, কুরুর ও শৃকরাদি যোনিতে দেহ ধারণ করিতে হয়, এবং বাস্তভোজী নামক এক প্রকার প্রেতদেহ লাভ হয় দেখিতে পাওয়া যার।

বিশেষতঃ শ্রুতি ও স্মতিশাস্ত্রোক্ত বিহিত ও নিষিদ্ধ কর্ম ভিন্ন কি কর্ম বিহিত এবং কোন্ কর্ম নিবিদ্ধ, ইহা কেহই কোন প্রকারে জানিতে পারে না ;—যে সকলের অকরণে ও আচরণে প্রেত-খশূকরাদিভাবেপ্রাপ্তিরূপ কর্মফল প্রত্যক্ষতঃ বা অমুমানের সাহায্যে অমুভব করিতে পারা যাইবে। আর উক্ত প্রেতশ্করাদি ভাব যে কর্মফলই নর, এ কথা কেহই স্বীকার করে না; অতএব উক্ত প্রেত-পণ্ড-পক্ষী ও স্থাবরাদিভাব ষেরূপ বিহিত কর্ম্মের অকরণ ও প্রতিষিদ্ধ কর্মের আচরণের ফল, উৎক্লষ্ট ব্রহ্মাদিপদ-প্রাপ্তিকেও ঠিক তদ্রপ কর্মফল বলিয়া স্বীকার করিতে হইবে। এই কারণেই "ভিনি আপনার বপা (হৃদরের মেদ) কাটিনা দিয়াছিলেন," এবং 'তিনি রোদন করিয়াছিলেন' ইত্যাদি বাক্যের স্তার উক্ত "ভূতানি অপ্যেতি পঞ্চ বৈ" ইত্যাদি বাক্যকেও অযথার্থবাদী অর্থবাদ বলিতে পারা বার না।

यि वन, এथान यि अङ्डार्थवान ना इत्र, তবে कर्य-विभाकश्रकत्रांक ক্র্বাণ্ডলিও অভূতার্থবাদ (অসত্যবাদ) না হউক ? ভাল কথা, সৌহয়, না হউক, তাহাতে আর অত্রত্য যুক্তির বাধা হইবে না কিমা আমাদের অবলম্বিত পক্ষেরও (সিদ্ধান্তেরও) কোন দোষ হইতে পারে না। তাহার পর "বন্ধা বিশ্বস্ঞ:" ইত্যাদি বাক্যোক্ত ব্ৰহ্মাদিভাবপ্ৰাপ্তিকে কাম্যকৰ্শ্বের ফল বলিয়াও কল্পনা করিতে পারা যায় না; কেন না, দেখানে দেবলাষ্ট তা বা দেবভাব-প্রাপ্তিকেই সেই কামাকর্শ্বের ফল বলিয়া অভিহিত হইয়াছে; অতএব বলিতে হইবে যে, যে সকল কর্ম অভিসন্ধিরহিতভাবে অমুষ্ঠিত, সেই নিত্যকর্ম ও সর্ব্বমেধ-অশ্বমেধাদি কর্ম্মের ফল—ব্রহ্মপদপ্রাপ্তি প্রভৃতি। আর যে সকল ফলাভিলাষরহিত অর্থাৎ সাধকের কেবল চিত্তশুদ্ধির জন্ত অনুষ্ঠিত, দেই সমস্ত নিত্যকর্ম হইতে তত্ত্তানের উদয় হয়; কারণ, উক্ত আছে—'নিতাকর্মের অফুষ্ঠান দারা শরীরকে ব্রন্ধোপলন্ধির যোগ্য করা হঁম' ইত্যাদি। সেই সমস্ত নিত্যকর্মাও পরস্পরাসম্বন্ধে মুক্তিলাভেরই সাহায়া করিয়া থাকে: এই জন্ম সে সমুদয় কর্মকেও 'মুক্তি-সাধন' বলিতে পারা যায়, তাহাতে কোনও বিরোধ থাকে না। এখানে এ সকল কথা অধিক বলা অনাবশুক, ষষ্ঠ অধ্যায়ে জনক-সংবাদেই তাহা সবিশেষরূপে বর্ণিত হইবে। আর যে বিষদধ্যাদি দৃষ্টান্ত বারা কর্ম্মেরও অবস্থাভেদে ফলভেদের আশস্কা করা হইরাছে, তাহাও সঙ্গত হয় নাই; কারণ, বিষদধ্যাদির সহিত ইহার দৃষ্টাস্কের বিশেষ তারতম্য আছে। বিষ-দধি প্রভৃতির ষে বিভিন্ন ফল হয়, তাহা প্রত্যক্ষসিদ্ধ এবং অমুমানবিষয়ীভূত; স্মৃতরাং তাহাতে কাহারও অমত হইতে পারে না. কিন্তু যে বিষয়টি একমাত্র শান্ত্রগম্য,—তাহার প্রতিপাদক সেই বাক্য না থাকিলে সে বিষয়ে কেবল লৌকিক দৃষ্টান্তবলে বিপরীতার্থসাধন করা যায় না। পক্ষান্তরে, অভ্রান্ত প্রমাণান্তর খারা নিৰ্ণীত বিষয়ে শ্রুতিবাকাও যদি বিকৃদ্ধ অর্থ প্রতিপাদন করে, তাহা হইবে সেই বিক্লছার্থ-প্রতিপাদক শ্রুতিবাক্যের প্রামাণ্যলাভ করা দূরে পাকুক, স্বয়ং অপ্রমাণ হইয়া পড়ে। বেমন বদি কোন শাস্ত বলে যে—"শীতল অগ্নি দারা শরীর আর্দ্র হইতেছে," এ কথার প্রামাণ্য কথনই স্বীকার করা বায় না, এরুণ প্রভাক্ষসিদ্ধ বন্ধর অপলাপ শাস্ত্রের দারা ঘটিতে পারে না। তবে যদি শ্রুতি সেই লোকবিক্তম পদার্থ প্রতিপাদন করিতে চাহে, তথন অন্ত প্রমাণকে আভাস বলিতে হয়। বেমন বালকগণ পঞ্চোতকে দেখিয়া অগ্নি বলিয়া মনে করে কিছা

ক্ষেন আকাশকে মলিন দেখিয়া আকাশের মলিনত্ব নিঃসলিগুচিত্তে ধারণা করিয়া বলে যে, "আকাশ মলিন", কিন্তু সর্ব্বসন্মত আকাশের নীরূপত্ব-নিশুর কথনই তাদৃশ অকিঞ্চিংকর ধারণা দারা অপনীত হইতে পারে না; বরং বালকের ধারণা ও প্রত্যক্ষ যে লান্তিমূলক, ইহাই নির্দ্ধারিত হয়। অতএব বেদ প্রামাণোর অব্যক্তিচারিতা বা দুট্তা হেতু লোকে বিরুদ্ধার্থ-প্রতিপাদক বাক্যের প্রোত-স্মার্থতা কল্পনা করিতে হয়, তার্কিকের বৃদ্ধিনৈপুণ্যে অন্তথা হইবার নহে। কেহ কি বুদ্ধিকোশলে সুর্য্যের রূপ-প্রকাশকতার প্রতিরোধ করিতে পারে? কথনই তাহা হয় না। এইরূপ বেদ-বাক্যেরও অর্থ কল্পনাশক্তি ধারা বিপরীত হইবার নহে। অতএব কর্ম্মদকল যে নোক্ষের সাধক নহে, ইছা স্থির হইল। এক্ষণে क्रम्बिक्तमालहे य मध्मात्त्र ष्यञ्चः भाषी, हेरा প্রতিপাদন করিবার জনাই এই ব্রাহ্মণ আরম হইতেছে।—অনন্তর জারৎকারব বিরত হইলে নহাপুত্র (লাহ্যায়নি) ভুদ্ধা ধাজ্ঞবন্ধ্যকে প্রশ্ন করিতে উত্তত হইলেন। ইতঃপূর্ব্বে অশ্বমেধ্যজ্ঞোপাসনা বর্ণিত হইস্লাছে, এবং অশ্বমেধ্যজ্ঞ যে ব্যষ্টি বা সমষ্টিভাবে ফলসমূদায় প্রসব করে, তাহা নিণাত হইয়াছে; তাহা জ্ঞানসহকারে অনুষ্ঠিত হউক, কি কেবল জ্ঞান ঘারা সম্পাদিত হউক, উহা যে সমস্ত কর্মের চরম সীমা, তাহা প্রতি-পাদিত হইয়াছে। শাস্ত্রকারগণ খ্রণ করিয়া থাকেন যে, ভ্রূণ-হত্যা অপেক্ষা আর পাপ নাই, এবং অখ্যমেধ অপেকাও পুণ্যকর্ম নাই; এবংবিধ সর্বোৎকৃষ্ট অশ্বমেধ্যক্ত বন্ধমানের কামনাত্মগার সম্পূর্ণ কি অসম্পূর্ণ ফল প্রদান করে। তমধ্যে এই ব্রশ্বাণ্ডান্তর্বান্তা বক্তই যে অধ্যমধ-যাগের ব্যষ্টিফলম্বরূপ, তাহা পরিজ্ঞাত হইয়াছে; কারণ, সেই স্থলে বলা হইয়াছে যে, অশ্নামারপ মৃত্যুই প্রাণের স্বরূপ এবং দেই প্রাণ-দেবভাই দকল দেবতার সার মুখ্যতম। আবার স্থানান্তবে সমষ্টিরূপ প্রদর্শিত হইয়াছে যে, এই অশ্নারারপী মৃত্যুই জীব্যাত্তের স্বরূপ। প্রথমোৎপন্ন বায়ু সূত্রাস্থা সত্য ও হিরণাগর্ভ। এই ক্থিত হত্তাত্মা হিরণাগর্ভই তাঁহার (প্রমাত্মার) অভিবাক্ত ষ্মাকার। একণে জিজ্ঞান্ত এই যে, পুর্বের হৈতের (বিশ্বপ্রপঞ্চ) এক্য গ্রাহাকে আলম করিয়া শাধিত হুইয়াছে, যিনি সর্বাভূতের অন্তঃকরণ, অুসন্ম অমুত্ত রূপী নিস্তশরীর, দর্বভূতের কার্য্যকলাপ বাহাকে আত্রন্থ করিয়া প্রবৃত্ত আছে এবং বিনি কর্ম ও কর্মসম্পু ক বিজ্ঞানসমূহের একমাত গতি—কল, সেই পর্মেখরের कारनत तियत कि भगास ? এवः जिनि कि जारन कि भगास धरे मध्मात्रमध्य ব্যালিরা বহি বাছেন ? সেই সর্বতোবর্তী সংসার পরিম্ওলের আকার সীমা

বলা উচিত। কারণ, সংসার-মণ্ডলের পরিধি কথিত হইলে জীবের বন্ধনান্তর্গত এই সমস্ত সংসারই কথিত হইবে। ভুজ্যু প্রতিবাদী যাজবন্ধ্যের বৃদ্ধিত্রম জুন্মাইবার নিমিত্ত আখ্যায়িকা দারা সেই সমষ্টি-ব্যষ্টি আত্মদর্শনের অলৌকিক্ত অর্থাৎ অপুর্বাত্ব স্থাপন করিতেছেন; অভিপ্রান্ন এই—তাহা হইলে অলৌকিক কথার উত্থাপন করিয়া যাজলব্যের বৃদ্ধিভ্রম জনাইব।

जूजा वितिन (४, योक्टव्हा! जामता এक, ममग्र बज्जाती वा ज्यस्वर्गा, হইয়া মদ্র নামক জনপদে পরিভ্রমণ করিতে গিরাছিলাম। অভঃপর পর্যাষ্টন করিতে করিতে কপিগোত্রসম্ভূত (কাপ্য) পতঞ্চলের গৃহে উপস্থিত হইষ্নাছিলাম। তৎকালে সেই পতঞ্চলের একটি কন্তার ভূতাবেশের মত গন্ধর্কাবেশ হইয়াছিল। এথানে গন্ধর্ব অর্থ-মমুষ্য ভিন্ন কোন প্রাণী; কিংবা অগ্নিহোত্রীয় যজমান দেবতা অগ্নিবিশিষ্ট বিজ্ঞানবলে এই অর্থই অবগত হওয়া যায়; নচেৎ সাধারণ প্রাণী কর্তৃক অধিষ্ঠিতা হইলে দেই কন্তার কথনই এরপ বিজ্ঞান জন্মিতে পারে না। আমরা মপুলাকারে সেই কক্সাকে বেষ্টন করিয়া বসিয়া জিজ্ঞানা করিয়াছিলাম,—তুমি কে, এবং তোমার নাম কি? তোমার অভিজ্ঞতা কি? সেই গৃন্ধর্ব বলিলেন বে, আঞ্চিরসবংশে আমার জন্ম (আঞ্চিরস), এবং নাম হুধয়া। পরে বথন ভাছাকে ত্রিলোকের অর্থাৎ সমস্ত ব্রহ্মাণ্ডের সীমা বিষয়ে প্রশ্ন করিবার মানস করি, সে সময় সকলই ভুবনকোষের পরিমাণ-পরিজ্ঞানের নিমিত্ত আমি আয়ুগ্লাবা করিয়া গন্ধকিকে বলিয়াছিলাম বে, "বলুন দেখি, ইতঃপূর্কে কোথায় কিন্তপে পারিক্ষিত (অশ্বমেধ্যাজী) সকল অবস্থিত ছিল ?" সেই গন্ধর্ক প্রশাসসারে আমাদিগকে সকল কথা বলিয়াছেন। ভূজ্যু মনে মনে বলিলেন, আমি দিব্যপুরুষের নিকট যে জ্ঞান লাভ করিয়াছি, তাহা যাজ্ঞবৃদ্ধা! তোমার নাই; অতএব তোমাকে এইবার পরাজিত করিয়াছি। এই অভিপ্রায়ে ভূজু প্রকাশ্তে বলিল, আমি গর্মবের মিকট সকল তর জানি, কিন্তু একণে তোমাকেও জিজ্ঞাসা করিতেছি বে, যাজ্ঞবন্ধা! সেই পারিক্ষিত সকল কোথায় ছিল, তাহা তুমি আমাকে বুঝাইরা দাও॥ ১॥

স হোবাচোবাচ বৈ সোহগচ্ছন বৈ তে তদযত্তাখনেধ-বাজিনো গছন্তীতি ক স্বশ্বমেধ্যাজিনো গচ্ছন্তীতি দাত্তিভশন্তং বৈ দেবরপাহ্যান্ডয়ং লোকস্তত্ত সমন্তৎ পৃথী দিস্তাবৎ পর্য্যেতি তাত্দমনতং পৃথিবীং দিন্তাবৎ সমুদ্রঃ পর্য্যেতি তদ্যাবতী ক্ষুরস্থ ধারা য়াবদা মন্দিকায়াঃ পত্রং তাবানন্তরেণাকাশস্তানিদ্রঃ স্থপর্ণো ভূষা বায়বে প্রায়হতাশ্বায়ুরাত্মনি ধিন্ধা তত্রাগময়দযত্রাশ্বমেধ-যাজিনোহভবনিত্যেবনিব বৈ স বায়ুমেব প্রশশত্স তত্মাদ্বায়ুরেব ব্যষ্টির্বায়ুঃসমষ্টিরপ পুনুমূ ভূয়ং জয়তি য এবং বেদ ততা হ ভূজ্যুল ভ্যিয়নিরুপররাম ॥ ২ ॥

ইতি তৃতীয়ং ব্রাহ্মণম্।

মহাত্মতব যাজ্ঞবন্ধ্য বলিলেন যে, গন্ধর্ক তোমাকে যাহা বলিরাছেন, তাহা বলিতেছি। পারিক্ষিতগণ সেই স্থানে গিরাছিলেন, যেথানে অশ্বমেধ্যাজ্ঞিগণ গমন করেন। * তৃজ্যু পুনশ্চ বাজ্ঞবন্ধাকে জিজ্ঞাসা করিলেন যে, অশ্বমেধ্যাজ্ঞিগণ কোথার গমন করেন? এই প্রশ্নের উত্তরক্তলে যাজ্ঞবন্ধ্য ব্রহ্মাণ্ডের পরিমাণ বলিলেন,—ভগবান্ স্থ্যুদেব রথগতি দারা অহরহঃ যে স্থান পরিভ্রমণ করেন, তাহার দাব্রিশেৎ গুণ অধিক স্থান পর্যান্ত স্থ্যুকিরণপরিব্যাপ্ত এবং এই স্থ্যুকিরণব্যাপ্ত স্থানই পৃথিবী নামে কথিত হয়, আর এই স্থানই লোকালোক পর্বত দারা পরিব্যাপ্ত হইরা রহিরাছে, যাহাতে বিরাট্ পুরুষের শরীর অবস্থিত, প্রাণিগণও বে স্থানে স্বক্তুত কর্ম্মকলসকল ভোগ করে। ইহাই লোকের পরিমাণ। ইহার পরে, যে স্থান, তাহারই নাম অলোক। এই অলোক ত্বনকে চতুর্দ্দিকে উক্ত লোকবিস্থারের দিগুণ পরিমাণে বেষ্টন করিয়া পৃথিবী অবস্থিত, এবং এই পৃথিবীকে দিগুণিত পরিমাণে সমুদ্র বেষ্টন করিয়া আছে। পৌরাণিকগণ এই পৃথিবীকে দিগুণিত পরিমাণে সমুদ্র বেষ্টন করিয়া আছে। পৌরাণিকগণ এই পৃথিবীকেইক সমুদ্রকেই দনোদ নামে নির্দেশ করিয়াছেন। † অতঃপর ব্রহ্মাণ্ডের উর্জকটাই ও অধংকটাই, এতন্মগ্রম্থী স্থানের পরিমাণ উক্ত হইতেছে।

^{*} ভূজা ভাবিরাছিলেন বে, যাজ্ঞবন্ধা পারিক্ষিত শব্দের অর্থ ব্রিবেন না। কিছু বিশ্ব বাজ্ঞবন্ধা পরি সর্বতঃ ক্ষিণোতি ছরিতং ব: স: পরিক্ষিৎ অবমেণ্ড; তং ভল্লতে পারিক্ষিতাঃ। এই অর্থ ব্রিরা প্রভাতের করিলেন।

[া] পৌরাণিকগণ বলেন যে, অওক্তান্ত সমস্তান্ত, সমিবিটোংমুডোদখি:। সমস্তাদ যেন তোয়েন বাহ্যিবাণ: স তিন্ততীতি, অর্থাৎ এই বিস্তৃত ব্রহ্মান্তের চতুম্পার্থে অমূতসাগর বলারাকারে মহিরাতে, এই সমূত্রের জলরাশি অভিশর ঘন, এ জন্ম ইহার নাম ঘনোদ, অর্থাৎ যন উদক্ বাহার এই অর্থেখনোদ শক্ষতি হট্যাছে।

অশ্বমেধ্যাজিগণ যে ছিদ্ৰপথ দারা বহির্গত হইরা যে স্থানে উপস্থিত হ'ন, সেই বিবরমধাবর্ত্তী আকাশ অর্থাৎ অবকাশ ক্ষুরধারা কিম্বা মক্ষিকার পুদ্রু যাবৎ-পরিমাণ, তাবংপরিমাণবিশিষ্ট হইয়া আছে। তংপরিমিত আকাশপথের দারা ইন্দ্র (পরমেশ্বর হিরণাগর্ভ) পক্ষপুচ্ছাদিবিশিষ্ট পক্ষিরপ পরিগ্রহ করিয়া দেই কথিত আছে যে, প্রারিশিত-(অশ্বমেধ্যাজি) গণকে বায়সমীপে উপনীত করেম। খ-স্বরূপে তথার গমন অসম্ভব বলিয়া পরমেশ্বরের উরূপ আরুতি ধারণ কণিত হইল। থিনি অখ্যেধে অগ্নিরূপে উপাদিত হইয়াছেন, সেই দেবতা স্থপর্ণরূপে (বাঁহাকে বিজ্ঞানদৃষ্টিতে পূর্ব্বদিক তাঁহার মন্তক ইত্যাদি ভাবে বর্ণিত করা ছইরাছে) অশ্বমেধ্যাজিগণকে বায়ুলোকে উপনীত করেন। পরে বায়ু সেই পারিক্ষিত্রগণকে ক্ষশরীরে গারণ করিয়া অর্থাৎ স্বস্বরূপ প্রাপ্ত করাইয়া পুর্বে পূর্বে পারিক্ষিতগণের গন্তব্য স্থানে লইয়া যান। সেই ভুজুা কর্ত্তক জিজ্ঞাদিত গন্ধর্ক এইরূপে বায়ুকেই পারিক্ষিতগণের গন্তব্য স্থান বলিয়া প্রশংসা করিয়া-ছিলেন। এথানেই আথায়িকা সমাপ্ত হইল। আথায়িকা হইতে আথায়িকার প্রতিপান্ত বিষয় নিজ ঐতিরূপে আমাদিগকে বলিয়াছেন। যেহেতু, বায়ু স্থাবরজন্মাত্মক সমস্ত ভূতের অন্তরাত্মা এবং বহিমূর্ত্তি; অতএব বারুই ব্যষ্টি অগাৎ আধ্যাত্মিক, আধিদৈবিক ও আবিভোতিকভাবে সেই বিখের ব্যাপ্তি, তাহা বায়ুৱই কুৰ্য্য এবং সমষ্টিও সেই বায়ু অর্থাৎ কেবল হত্তাত্মারূপে এই বার্ই বর্তমান; অতএব সমস্তই বারু আত্মাকে সমষ্টি ও বাষ্টরূপে প্রাপ্ত হয়। ্যে বাক্তি এরপে জানেন, তিনি মৃত্যুকে জয় করেন, একবার মৃত্যু-যন্ত্রণা ভোগ করিয়া আর পুনর্কার মৃত্যুযন্ত্রণা ভোগ করেন না। ভূজ্য এইরূপে স্বরুত প্রানের উত্তর প্রবণ করিয়া পুনঃপ্রশ্ন হইতে নিবুত্ত হইলেন ॥ २ ॥

ইতি তৃতীয় অগ্নামে তৃতীয় বান্ধণ সমাপ্ত।

উপনিষৎস্থ—তৃতীয়াহধ্যায়স্থ

চত্র্থ-ব্রাহ্মণম

অথ হৈনম্যস্তশ্চাক্রায়ণঃ পপ্রচহ যাজ্ঞবস্ক্রোতি হোরাচ যৎসাক্ষাদপরোক্ষাদ্বক্ষ য আত্মা সর্ববান্তরগুং মে ব্যাচক্ষ্ ইত্যেষ ত আত্মা সর্ববান্তরঃ কতমো যাজ্ঞবন্ধ্য সর্ববান্তরে। যঃ প্রাণেন প্রাণিতি স ত আত্মা সর্ববান্তরে। যোহপানেনাপানিতি স ত আত্মা সর্ববান্তরে। যো ব্যানেন ব্যানিতি স ত আত্মা সর্ববান্তরে। য উদানেনোদানিতি স ত আত্মা সর্ববান্তর এষ ত আত্মা সর্ববান্তরঃ॥ ১॥

এইরপে ভূজা বিরত হইলে চাক্রায়ণ উমস্ত জিজ্ঞাসায় প্রবৃত্ত হইলেন।
ইতঃপূর্ব্বে পুণা ও পাপ-প্রেরিত গ্রহ ও অতিগ্রহ দারা আক্রাস্ত জীব পুনঃ পুনঃ
গ্রহাতিগ্রহ ত্যাগ করে এবং পুনঃ পুনঃ গ্রহাতিগ্রহ গ্রহণ করিয়া সংসারক্রেরে বিচরণ করে, এ কপা কথিত হইয়াছে। তম্মধ্যে পুণাকর্ম্মের
চরম উৎকর্ষ নির্দেশ করা হইয়াছে যে, স্মাষ্টবাষ্টিরপে অভিব্যক্ত হৈতজগতের
সহিত একাম্মতাপ্রাপ্তি, ইত্যাদি বিষয় সকল ইতঃপূর্ব্বে কথিত হইয়াছে। এক্ষণে
জিজ্ঞান্ত হইতেছে যে, গ্রহ ও অতিগ্রহ দারা গ্রন্ত হইয়া যে জীব সংসারে
আসিবে, সেই আয়া নামক একটি পদার্থ সত্যসত্যই আছে কি না ? যদি থাকে,
তবে তাহার লক্ষণ কি ? এই আয়বিবেকের অবগতির জন্ত উমস্ত প্রশ্ন করিলেন।
অভিপ্রায় এই যে, এই আয়বিবেকের ফলে জীব নিরুপাধি, ক্রিয়াক্রারকাদিবিশেষধর্মহীন স্বভাবসম্পন্ন আয়ার স্বরূপ জানিতে পারিলে পূর্ব্বোক্ত গ্রহাতিগ্রহ্বন্ধন ও তাহার মূল কর্ম্মবাসনা হইতে মুক্তিলাভ করিতে পারে। অতএব
আয়ত্তম্বজ্ঞান আবশ্লক। এই নিমিত্তই এই উমন্ত ব্রান্ধণের আরম্ভ হইতেছে।
এক্ষণে চক্রের পুত্র (চাক্রারণ) উমস্তনামক ব্রায়ণ পূর্ব্বাক্ত বাক্রবন্ধ্যকৈ জিজ্ঞানা

করিলেন যে, যজ্ঞাব্দ্ধা। যাহা কোন বস্তু খারা ব্যবহিত হয় না বলিয়া সাক্ষাৎ প্রতাক্ষররপ—ব্রহ্ম, যিনি কোনরপেই দ্রষ্টার পরোক্ষ নছেন্ বিশ্বা কর্ণে প্রত ব্রন্ধের মত গৌণ নহেন; তিনি কে ? গাঁহাকে আত্মা নামে অভিহিত করা হয়, তাঁহার স্বরূপ কি ? এ স্থলে আমুশনে প্রত্যগাত্মা অর্থাৎ অন্তরাত্মা প্রশের বিষয়। কারণ, আত্মা বলিতে, তাঁহাকেই ব্যায়। যিনি সর্বান্তর অর্থাৎ সর্বভূতহাদয়ত্ত, আমাকে সেই আত্মা শৃঙ্গগ্রাহী ক্তারে দেখাও অর্থাৎ "এই গো" বলিয়া যেমন গোর শুঞ্চ ধরিয়া গো-দর্শন করান হয়, তেমন আত্মাকেও অঙ্গুলিনির্দ্দেশ করিয়া 'এই সেই আত্মা' এইরূপে (ব্রন্ধের) দর্শন করাইরা দাও। উষস্তের এই প্রশ্ন শ্রবণ করিয়া মহাত্মা যাজ্ঞবন্ধা, বলিয়াছিলেন যে, তুমি সর্ব্বান্তর প্রভৃতি বিশেষণ-বিশিষ্ট যে আত্মকে দেখিতে চাহিয়াছ, যাঁহাকে অব্যবহিত, অগোণ ও বৃহত্তম বলিয়া নির্দেশ করিরাছ, এই তোমার সেই আত্মা। পুনশ্চ উষত্ত জিজ্ঞাসা করিলেন যে, এই আত্মা কোথায় ৷ যাজ্ঞবন্ধা বলিলেন যে, এই যে, তোমার কার্য্যকরণসমষ্টি অর্থাৎ দেহেন্দ্রি সমুদায়, গাঁহার অমূগ্রহে বা সাহায্যে আত্মবান্ অর্থাৎ ম্পন্নশীল ও মুথাদি ভোগ করিতে সমর্থ হন, তিনিই তোমার সর্কান্তর আত্মা, তিনিই তোমার প্রশ্নের উত্তর।

উষন্ত পুনশ্চ জিজ্ঞাসা করিলেন, যাজ্ঞাবন্ধা ! তুমি সকলের অভ্যন্তরবর্তী বলিয়া যাহাকে নির্দ্দেশ করিতেছ, সে কাহাকে লক্ষ্য করিতেছ ? অর্থাৎ তুমি এই যে কার্য্যকরণসমষ্টিরূপীকে লক্ষ্য করিয়া বলিয়াছ যে, "ইহা বাহা বারা আত্মবান্," সে কে ? বৃঝিতেছি না ; কারণ, আমি দেখিতেছি, প্রথমতঃ এই স্থল দেহপিও, বিতীয়তঃ তাহার অভ্যন্তরম্ব স্ক্ররপ ইন্দ্রিয়সমষ্টি, তৃতীয়তঃ তাহার অভ্যন্তরে যিনি, তিনি সন্দেহাস্পদ, এই ত্রিভয়ের মধ্যে তুমি কাহাকে আমার সর্ব্যান্তরম্ব আত্মা বলিয়া নির্দেশ করিয়াছ ? এতহুত্তরে যাজ্ঞবন্ধা বলিলেন বে, যিনি মুখ, নাসিকা প্রভৃতি স্থানসঞ্চারী প্রাণবায় বারা জীবন-ধারণ করেন অর্থাৎ , যিনি প্রোণের শক্তিসঞ্চার করেন, সেই সর্ব্যান্তর বিজ্ঞানময় প্রশ্বই তোমার এই দেহেন্দ্রিয়সমষ্টির আত্মা—চালক বা চৈত্ত্যসম্পাদক।

এইরপ ধিনি অধোবর্ত্তী অপানবার ধারা অপানক্রিরা সম্পাদিত করেন, সেই সর্ববাস্তরস্থ বিজ্ঞানময়ই তোমার আত্মা। যিনি সর্ববাস্তরীরব্যাপী ব্যানবার ধারা তহুচিত সমস্ত কর্ম্ম সম্পন্ন করেন, সেই তোমার সর্ববাস্তরস্থ আত্মা এবং যিনি উৎক্রমণশীল উদানবার ধারা উৎক্রমণ-কার্য্য সম্পাদন করেন, এক কথার বলিতে কি, দেহ ও ইন্দ্রির সমুদারের প্রাণনাদি ক্রিয়া সকল বাঁহার প্রভাবে বজারু ছার্ছপুত্তলিকার স্থায় নিয়মিতভাবে সম্পন্ন হয়, তিনিই বিজ্ঞের আত্মা। বেমন কোন চেতনের সাহায়া ব্যতীত অচেতন দারুষদ্রের কথনও ক্রিয়া সমুৎপন্ন হয় না, সেইরূপ ইন্দ্রিয়বর্গও চেতন বিজ্ঞানময়ের সাহায় ব্যতীত কিঞ্চিন্মাত্রও কার্য্য সম্পাদন করিতে পারে না, অতএব স্বীকার করিতে হইবে যে, এই কার্যকেরণাত্মক পিও হইতে এক আত্মা আছেন, বাঁহার প্রভাবে এই দেহ ও ইন্দ্রিয় নিয়মিতভাবে ক্রিয়া করিতেছে ॥ ১ ॥

স হোবাচোষস্তশ্চাক্রায়ণা যথা বিজ্ঞয়াদসৌ গৌরসাবশ্ব ইত্যেবমেবৈতদ্বাপদিষ্টিং ভবতি থদেব সাক্ষাদপরোক্ষাদ্ত্রক্ষ য আত্মা সর্ব্বান্তরন্তং মে ব্যাচক্ষেত্রন্তর ত আত্মা সর্ব্বান্তরঃ কতমো যাজ্ঞবল্ক্য সর্ব্বান্তরঃ।

ন দৃষ্টের্ক্সটারং পশ্যেন প্রেতঃ প্রোতার্থ শৃণুরাং ন মতের্শ্ব-ন্তারং মন্বীথা ন বিজ্ঞাতের্বিজ্ঞাতারং বিজ্ঞানীয়া এব ত আত্মা স্বীন্তরোহতোহ্যুদার্ভিং ততো হোষস্তশ্চাক্রায়ণ উপর্বাম ॥২॥

ইতি চতুৰ্থ ৰাক্ষণম্।

যাজ্ঞবন্ধ্য এই কথা বলিলে পর উষন্ত বলিলেন বে, যেমন কোন ব্যক্তি একরপ প্রতিজ্ঞা করিয়া পরে তর্কের প্রভাবে অন্তর্রপ বলে, দেখিতেছি, ভূমিও সেইরূপ করিলে? কারণ, তৃমি প্রতিজ্ঞাকালে বলিলে বে, আমি তোমাকে অমুক বন্ধ সাক্ষাৎ দেখাইব, কিন্তু দেখাইবার কালে অন্তথা করিলে; অর্থাৎ যেমন কেহ 'গো দেখাইব' বলিয়া প্রতিজ্ঞা করিয়া শেষে কথায় বলে যে, যাহার চারিটি পদ, একটি লাঙ্গুল ও তুইটি শৃঙ্গ আছে, ইত্যাদি, তাহার নাম গো, সেইরূপ তুমিও প্রতিজ্ঞাকালে স্বীকার করিয়াছ যে, আমাকে সাক্ষাৎ ব্রহ্মদর্শন করাইবে, কিন্তু প্রকারক। থাকাল বারা অন্ট্রভাবে ব্রন্ধনির্দেশ করিতেছ, অভএব তুমি প্রতারক। থাকাণে তুমি দশসহত্র গো-লাভের ছল পরিত্যাগ করিয়া সাক্ষাৎপ্রত্যক্ষররূপ সর্বান্তর্বন্তর্গী যে আত্মা আছেন, তাহার স্বরূপ বল গ্রাক্তবন্ত্রা, আমি থাহা প্রতিজ্ঞা করিয়াছি, তাহার অন্তথা করি নাই। তোমার পৃষ্ঠ আত্মা এই-ই। তবে যে বলিলে, ঘট-পটের মত

তাঁহাকে চকুর্নোচর কর, তাহা হইতে পারে না; কেন না, যে বস্তর যাহা স্বভাব, তাহার অন্তথা হইবার নহে। যদি বল, বস্তসভাব কি ? তাহাও বলিতেছি, আত্মা দৃষ্টি প্রভৃতির কর্তা, এই দৃষ্টিকর্ভ্যাদিই তাঁহার স্বভাব। এই কথিত দৃষ্টি দ্বিধ;—লোকিকী ও পারমার্থিকী; তন্মধ্যে চক্ষ্রিন্দ্রিন-সাহাযে। যে অন্তঃকরণ-বৃত্তি, তাহারই নাম লোকিকী দৃষ্টি, এই দৃষ্টি পুরুষের প্রয়ত্তামুসারে জন্মে ও নষ্ট হয়।

আর বাহা অগ্নির উষণতা ও সর্য্যের প্রকাশবং বাভাবিক স্থনির্মণ, তাহাই দ্রষ্টার ব্যরপ—অতিরিক্ত নহে: অতিরিক্ত নহে বলিয়া তাহার জন্মও নাই—বিনাশও নাই। ভাল, আত্মা যদি চিরদিনই দৃষ্টি-(জ্ঞান) ব্যরুপ হন, তাহা হইলে তিনি দ্রষ্টা (জ্ঞাতা) শব্দে অভিহিত হন কিরূপে ? উত্তর—আত্মা দৃষ্টিস্বভাব হইলেও অন্ত ওপাধিক ক্রিরা বশতঃ দ্রষ্টা বলিয়া অভিহিত হন, এই উপাধি-সম্পর্ক বশতঃ এক আত্মা কদাচিং দৃষ্টি এবং কদাচিং দ্রষ্টারপে ব্যবহৃত হইয়া থাকেন। কিন্তু লৌকিক দৃষ্টির সহিত আত্মদৃষ্টির অনেক প্রভেদ। থেহেতু, চক্ষুংসাহাব্যে বাহ্যরূপ অন্তঃকরণে প্রতিবিশ্বিত হইলে অন্তঃকরণ বাহ্যবিষয়ের আকার ধারণ করে, কাজেই মনে হয়, ঐ অন্তঃকরণে প্রতিবিশ্বিত আত্মদৃষ্টির অর্থাৎ চৈত্রক্তমন্থারা সহিত সংস্থাই হয়। যথন চৈত্রক্তমন্থা ধারা রূপাকারে পরিণত অন্তঃকরণ ব্যাপ্ত হয়, তথন রূপদৃষ্টি যেন উৎপন্ন হয়, আবার বিষয়ান্তরের আবরণে রূপপ্রতিবিশ্ব নন্ত হইলে ক্রপদৃষ্টি বিনন্ত হয়; স্কুতরাং আত্মা সর্বাদা দ্রষ্টা হইলেও অন্তঃকরণোপাধিসম্পর্কে দ্রষ্টা ও অন্তর্টা প্রতিপন্ন হন। বাস্তবিক দ্রষ্টার দৃষ্টি কদাপি অন্যথাভূত হয় না।

ষষ্ঠ অধ্যান্তে কথিত হইবে যে "ধ্যান্তবি লেলান্তবীব" অর্থাৎ যেন ধ্যানই করিতেছেন এবং কম্পিতই হইতেছেন; তাঁহার কোন ক্রিয়াই বাস্তবিক নহে এবং "নহি দ্রষ্টু দু দ্রেবিপরিলোপো বিশ্বতে" অর্থাৎ দ্রষ্টার (আত্মার) আভাবিক দৃষ্টি (জ্ঞানশক্তি) কথনও বিলুপ্ত হয় না। এথানে সেই কথাই কথিত হইতেছে যে, বিনি নিজ অবিনশ্বর দৃষ্টি ধারা লৌকিক রপাদি দৃষ্টিকে (জ্ঞানকে) ব্যাপ্ত করিন্তা আছেন, সেই দৃষ্টির দ্রষ্টাকে দেখিতে পাইতেছ না। তাৎপর্যা এই—কৈনিল্ন সম্পদ্ধমান আমাদের রূপাদি দৃষ্টিকে বিনি দ্রীন্ত স্বাভাবিক দৃষ্টিশক্তি ধারা আছেন করিন্তা তাঁহার প্রাপদান করিতেছেন অর্থাৎ তাঁহার প্রকাশ শক্তি সম্পাদন করিতেছেন, তাঁহাকে (আত্মাকে) কথনও প্রত্যক্ষভাবে দর্শন করিতে পার না। তাহার কারণ এই—আমাদের রূপ-প্রাহিকা যে লৌকিকী দৃষ্টি হয়, এই দৃষ্টি রূপোপরক্ত হইয়া রূপের প্রকাশক, তাহা নিক্রের প্রকাশক বিজ্ঞানখন আত্মাকে প্রকাশ করিতে পারে না।

প্রকাশ করিতে পারে না বলিয়া দৃষ্টির দ্রষ্টা—আত্মাকে দশন করা যায় না। যেমন, দৃষ্টির দুষ্টা দৃষ্ঠ হন না, তেমন শুতির অর্থাৎ প্রবণেরও যিনি শ্রোডা —পরিচালক, তাঁহাকেও (আত্মাকে) শ্রবণ করিতে পারা যায় না। এইরূপ মতির অর্থাৎ কেবল মনোবৃত্তির বাগাক আত্মাকে মনন করিছে পারা যায় না, এবং বিজ্ঞানের অর্থাৎ বৃদ্ধিবৃত্তির বিজ্ঞাতা জ্ঞানসম্পাদক আত্মাকে জানিতে পারা যায় না। এই অনুগ্রতাদিই আত্মার স্বভাব; স্বভরাং তাঁহাকে আর 'এই দেই আ্মা' এই বলিয়া গো প্রভৃতির মত অঙ্গুলি-নির্দেশ করত প্রদর্শন করা যায় না; অতএব আমি (বাজ্ঞবন্ধ্য) পরোক্ষভাবে শক্ষ থারা আত্মার নির্দেশ করিয়াছি বলিয়া কোন দোষ হইতে পারে না।

কেহ কেহ "ন দুটের্দ্রন্তারং পঞ্চে:" ইত্যাদি প্রতির অন্ত প্রকার অর্থ করিয়া থাকেন। তাঁহারা বলেন, কোন দৃষ্টিভেদনো করিয়া সাধারণতঃ দৃষ্টিমাত্রের যিনি কর্ত্তা, তাঁহাকে দর্শন করান যায় না। এইরূপ অর্থ প্রকাশ করিয়াছেন। (দুটেঃ এ স্থলে কর্মস্থানে ষষ্ঠা বিভক্তি, স্নতরাং ইহা ঘটাদির মত কর্ম)। তৃচ্ প্রত্যায়ে নিম্পন্ন ড্রন্থ দৃষ্টি কর্তাকে ব্রুমা, স্কুতরাং দৃষ্টির ড্রন্থী অর্থে দৃষ্টিকর্তা, ইহাই ব্যাখ্যানকারীদের অভিপ্রায়। কিন্তু এই ব্যাখ্যায় যে "দৃষ্টেঃ" এই পদটির উক্তি নিরর্থক হয়, তাহা তাঁহারা দেখেন না কিংবা দেখিয়াও পুনক্জিদোষগ্রস্ত করেন। অথবা অসার ভ্রমপূর্ণ পাঠ বলিয়া তাহাকে আর আদর করেন না-উপেকা করেন। পুনরুক্ত হইবার কারণ এই—এখানে যথন কেবল বলিলেই থথেষ্ট, অথাৎ দর্শনকর্তা এই অর্থ বুঝাইতে পারে, তথন পুনর্কার 'দৃষ্টে:' এই কম্মপদের উল্লেখ করা পুনক্তিত বিষয় নহে কি গু অভএব যদি "দৃষ্টের্দ্রপ্তারং" এই বাক্যের দর্শনকর্তাকে এইরূপ অর্থ করা অভি-প্রেত হয়, তাহা হইলে "দুষ্টের্দ্রপ্রিরং" না বলিয়া কেবল 'দ্রন্থারং' বলিলেই যথেষ্ট হইড, এবং তাহা হইলে আর পুনক্তদোর্য বা অনর্থক বাক্যপ্রয়োগও হইত না। বাৰহারও এইরূপ দেখা বায় – যেখানে কেবল গ্রমনকর্তা বা ভেদ-কর্ত্তাকে বৃঝাইবার আবশুক হয়, নে স্থলে গৃতির গন্তা, কি ছেদনের ছেন্তা, কেহ বলে না ; কেবল 'ভেত্তা' ও 'ছেত্তা' প্রভৃতি শব্দই প্রয়োগ করিয়া থাকে।

আর "ন দৃষ্টের্নন্তার:" এই বাকাটিকে অর্থবাদ বলিরা উপেক্ষা করা যার না কিয়া সমাধানের উপার থাকিতে প্রমাদ পাঠ বলিরা অনাদর করা হইতে পারে না; অতএব এরপ ব্যাথ্যা ব্যাথ্যাভূগণের বৃদ্ধি-ভ্রম ব্যতীত অধ্যয়নকারীর প্রমাদ নহে।

কিন্ত আমরা ব্যাখ্যা করিরাছি যে, লৌকিক দৃষ্টি হইতে পূথক্ করিয়া নিজ্য-দৃষ্টিবিশিষ্ট আত্মা প্রকাশ করা আবশুক। ইহাতে কর্তা ও কর্মের বিশেষণ-রূপে দৃষ্টি শব্দের ছুইবার প্রয়োগও মুক্তিমুক্ত হয়। ইহার উদ্দেশ্য আত্মার শ্বরূপ নির্দারণ আর অক্সন্থলে উক্ত "ন হি দ্রন্থ টুট্টা" ইত্যাদি ব্যক্যের সহিত এই শ্রুতির একবাক্যতাও ইহাতে রক্ষিত হয়। শুধু তাহাই নহে, "চক্ষু-ষি পশ্রম্ভি শ্রোত্রমিদং শ্রুত্যা" ইত্যাদি শ্রুতির সহিত্ত ইহার সমানার্থকতা হেতু একবাক্যতা বুক্তিমুক্ত হয়। পক্ষান্তরে, এইরূপ ব্যাপ্যার ফলে ৰুক্তাত্ম্যারে আত্মার নিত্যত্ব সাধিত হইতে পারে। কারণ, অত্মত্তক আত্মা নিতাদৃষ্টিস্বরূপ, তাহার বিকার নাই। নচেৎ আত্মা নিতাও হইবে, অথচ বিকারীও হইবে, ইহা অত্যন্ত অসম্ভব। এ জন্মই "ধ্যায়তীব লেলায়তীব" অর্থাৎ বেন ধ্যানই করিতেছেন এবং যেন কম্পিডই হইতেছেন, উক্ত ধ্যান (চিন্তা) ও কম্পনের অয়ণার্থত্ব প্রতিপাদনের নিমিন্তই 'ইব' শব্দের প্রয়োগ হইস্লাছে এবং "ন হি দুষ্টেবিপরিলোপো বিষ্ণতে" দ্রন্তার দৃষ্টি কদাচ লুগু হয় না. এই শ্রুতি ও "এষ নিজো মহিমা ব্রাহ্মণশু" অর্থাৎ এই ব্রহ্মের মহিমা-মহত্ব নিজা ইত্যাদি বাক্ত কদাচ অন্যথা সঙ্গত হইতে পারে না। একণে প্রশ্ন হইতে পারে---আবার অবিক্রিয়ত্ব পক্ষেও দ্রষ্টা, শ্রোতা, মন্তা প্রভৃতি শ্রুতিসঙ্গত হইতেছে না। কারণ, বিভিন্নকালীন দর্শন, শ্রবণ ও মনন দারা আত্মার বিভিন্না-বস্থা সভ্যটিত হওয়ায় অবিক্রিয়ত্বের ব্যাঘাত ঘটে। উত্তর-না, এ দোষ ঘটিতে পারে না। কারণ, আত্মার দ্রষ্ঠুত্ব প্রভৃতি• উক্তি কেবল লৌকিক (বাহা অহরহ: হইতেছে), দৃষ্টি অভিপ্রান্তে কথিত হইয়াছে মাত্র, কিন্তু আত্ম-স্বরূপ প্রকাশের নিমিত্ত নছে; অতএব "ন দৃষ্টের্দ্রস্থারং পঞ্চেং" ইত্যাদি শ্রুতি সকলের অন্য অর্থ হইবার অসম্ভাবনা হেতু নির্থকতার অপেক্ষা অক্ষতক অর্থই গ্রাহ্ন; মতরাং অজ্ঞানবশত:ই 'এই প্রকৃত অর্থ পরিত্যাগ করিয়া অপ্রকৃত অর্থ কল্পনা করিয়া উপস্থিত 'দৃষ্টি' বিশেষণটি পরিত্যাগ করা হইয়াছে। একণে প্রকৃত কথা বলা হইতেছে; ইহাই তোমার জিজান্ম, সর্বান্তরবর্তী আত্মা, এতদ্ভিন্ন যত কিছু আছে—কার্যাত্মক শরীর ও করণাত্মক বিঙ্গশরীর, এই সমন্তই আর্ত অর্থাৎ বিনাশী, কেবল এই আত্মাই কুটন্ত, অবিনাশী, অবিকৃতন্তরপ। **धरेक्र** माञ्चरकात উত্তর শ্রবণ করিয়া উষস্ত নিবৃত হইলেন ॥ ২ ॥

ইতি তৃতীয় অধ্যায়ে চতুর্থ ব্রাহ্মণ সমাপ্ত।

উপনিষৎস্ব—তৃতীয়াহধ্যায়স্থ

পঞ্চম-ব্রাক্সণম্

অথ হৈনং কহোলঃ কৌষীতকেয়ঃ পপ্রচছ যাজ্ঞবঙ্ক্ষ্যেতি হোবাচ যদেব সাক্ষাদপরোক্ষাদ্বক্ষ য আত্মা সর্বান্তরস্তং মে ব্যাচক্ষেত্রেয় ত আত্মা সর্বান্তরঃ।

কতমো যাজ্ঞবক্ষ্য সর্ববান্তরে। যোহশনায়াপিপাসে শোকং মোহং জরাং মৃত্যুমত্যেতি।

এতং বৈ তমাত্মানং বিদিদ্ধা ব্রাহ্মণাঃ পুত্রেষণায়াশ্চ বিত্তৈষণায়াশ্চ লোকৈষণায়াশ্চ ব্যুত্থায়াথ ভিক্ষাচর্য্যং চরন্ডি যা হ্যেব পুত্রেষণা সা বিত্তিষণা যা বিত্তিষণা সা লোকৈ-ষণোভে হ্যেতে এষণে এব ভবত—স্তম্মাদ্বাহ্মণঃ পাণ্ডিত্যং নির্বিত্ত বাল্যেন তিষ্ঠাসেদ্বাল্যঞ্চ পাণ্ডিত্যঞ্চ নির্বিত্তাথ মুনিরমৌনঞ্চ মৌনঞ্চ নির্বিত্তাথ ব্রাহ্মণঃ স ব্রাহ্মণঃ কেন স্থাদেবন স্থাত্তেনেদৃশ এবাতোহন্য দার্ভং ততে। হ কহোলঃ কৌষীতকেয় উপররাম ॥ ১॥

ইতি পঞ্মং ব্রাহ্মণম্।

ইহার পূর্ববর্ত্তী প্রাহ্মণত্ররে সংসার-বন্ধন এবং তৎপ্রবাজক কর্ম বিস্তৃতভাবে উক্ত হইরাছে। চতুর্থ প্রাহ্মণে সেই সংসারবন্ধনে আবদ্ধ আত্মার অন্তিম্ব এবং তাঁহার দেহাদি জড়লদার্থ হইতে পার্থক্য বর্ণিত হইরাছে। সম্প্রতি তাঁহার পূর্ব্বোক্ত বন্ধন হইতে মৃক্তির উপায়রপে সন্ধাস ও তৎ-সহিত আত্মজান বলিবাব নিমিত্ত বর্ত্তমান প্রাহ্মণে কহোলের প্রশ্ন আরম্ভ হইতেছে।

অনন্তর উষত্ত প্রশ্ন হইতে নিবৃত্ত হইলে পর কুষীতকবংশ-সম্ভূত (কৌষী-তকের) কহোল নামক জনৈক ব্রাহ্মণ যাজ্ঞবন্ধাকে জিজ্ঞাদা করিয়া-সর্বান্তর্বতী আত্মা, গাঁহার স্বরূপজ্ঞানমাত্র জীব ভববন্ধন বিমৃক্তি লাভ করেন, সেই আত্মার বরুণ আমাকে বল এই প্রশ্নের প্রভারে যাজ্ঞবন্ধা বলিলেন যে, "এম তব জীক্মা" অর্থাৎ এই তোমার আত্মা। এথানে ইহাও অবশ্র জিজ্ঞাদ্য হইতে পারে যে, পুর্ব-ত্রাক্ষণে উষস্ত যে আত্মার বিষয় প্রশ্ন করিয়াছিলেন, কহোলও কি সেই আত্মার বিষয়েই প্রশ্ন করিয়াছেন ? কিংবা তত্ত্বালকণবিশিষ্ট তুইটি অন্ত আত্মার কথা পৃষ্ট হইয়াছে ? তথ্যধ্যে পুনকুক্তি-দোষভয়ে বিভিন্ন ছুইটি আত্মবিষয়ে প্রশ্ন হওয়াই সমূচিত মনে হয়, অন্তথা বদি এক আত্মবিষয়েই উভয় প্রশ্ন হইয়া থাকে, তাহা হইলে, উষস্ত-প্রশ্ন ছারাই ভত্তনিশ্চয় হওয়ায় ছিতীয় প্রশ্নের অবকাশই থাকে না। এ জন্য আনর্থক্য দোষ ঘটে। আর উপায় থাকিতে এই বাক্যকে অর্থবাদ * বলিয়া উপেক্ষা করাও সঙ্গত ছয় না। অতএব কেহ কেহ সিদ্ধাস্ত করেন যে, এই উভয় প্রশ্নের বিষয়ীভূত আত্মা এক নহে—ভিন্ন, ক্ষেত্ৰভ্জ (জীব) ও প্রমান্ত্রা। কিন্তু, ইহা সঙ্গত নহে, কারণ, এইরপ অর্থ হইলে 'তব' অর্থাৎ তোমার আত্মা বলিয়া যে প্রতিজ্ঞা হইরাছে এবং "এই তোমার আত্মা" এই যে প্রত্যুত্তর, তাহা হইতে দেহেলিয়সমষ্টির অভ্যন্তর আত্মাকেই লক্ষ্য বলিয়া অবগত হওয়া যায়, কিন্তু এক কণ্য্যকরণসমষ্টির চুই প্রাত্মা কখনই সম্ভব নহে। একই কাৰ্য্যকরণময় পিওকে এক আত্মা ধারা আত্মবান বলা হইনাছে, দেই আত্মা উষস্তের অন্ত ও কহোলের অপর, পরম্পন জাতিগত বিভিন্ন কথনই হুইতে পারে না। কারণ, যদি বিভিন্ন আত্মবিষয়েই প্রশ্ন হয়. ভাহা হটলে অবশ্রই স্বীকার করিতে হইবে যে, কথিত উভয় প্রকার আত্মার মধ্যে একটি মৃথ্য—যথার্থ, অপরটি গোণ—অযথার্থ; একটি আত্মা, অপরটি অনাস্থা; একটি সর্বান্তর, অপরটি তদপেকা বাহু। কারণ, পূর্ব্বোক্ত সর্বান্তর্ছ, মহত্তমছ প্রভৃতি বিশেষণবিশিষ্ট এক বৈ কখনও ছই আত্মা হইতে পারে না; আবার

[#] শ্রুতির মধ্যে কতকগুলি অর্থবাদ আছে; অর্থবাদ অর্থ—কোন একটি বিধিবাকাকে লক্ষ্য করিয়া ভাহার প্রশংসা বারা দৃঢ্ভা সম্পাদন বিধির প্রশংসা বাতীত অর্থবাদের আর একটা বড় স্বভঃপ্রয়েজন নাই। অর্থবাদ সকল কোন ক্রিয়া-প্রতিপাদন করে না, দানশীল ধ্রীর স্থায় কেবল পরার্থে সার্থত্যাশ্ব করে।

বদি একটি কথিত অসাধারণ বিশেষণবিশিষ্ট ব্রহ্ম আত্মশব্দের মুখ্যার্থ হয়, তবে জিজ্ঞান্তি ছই আত্মার মধ্যে অক্ততর নিশ্চরই গৌণ। এরপ আত্মত্ব ও দর্বাস্তরতা সম্বন্ধেও জ্ঞাতব্য; যেহেডু, পদার্থ পরম্পরবিরুদ্ধ, এ জন্ম একটি সর্বান্তর মুখ্য ব্রহ্ম স্বীকার করিলেই অপরটি নিশ্চিতই অসর্বান্তর অবমুধা অবন্ধ হইতে হইবে। অতএব জাতিগত একই আত্মাকে লক্ষ্য कतिया छूटे वाक्तित अन्न इरेग्राह्म, তবে পুনকৃক্তি নিবারণের জন্ম বিবক্ষিত বিশেষ কথা কিছু থাকিতে পারে; ইহা বলিতে হইবে। তবে বে প্রথম প্রান্তরের অনুরূপ ধিতীয় প্রান্তে উত্তর প্রদত্ত হইয়াছে, তাহার মধ্যে য়ে অংশ পূর্ব্বোক্ত উত্তরের সমান, সেই অংশে বাক্যের কোন তাৎপর্যা নাই—কেবল পূর্ব্বোক্তের অনুবাদমাত্র, আর যে অংশ পূর্ব্বে উক্ত হয় নাই, সেই বিশেষ অংশেই বাকোর তাৎপর্যা, সেই অফুক্ত বিষয় বলিবার নিমিত্তই জিজ্ঞাসা হুইয়াছিল। সেই বিশেষ ধর্ম কি ? তাহাই একণে বলা হুইতেছে। পর্ব্বোক প্রশ্লোভবে ইহাই দেখান হইমাছে যে, দেহাশ্বতিবিক্ত এক আত্মা আছে, যাহার কর্মাধীন বন্ধন হয়। কিন্তু ধিতীয় প্রশোন্তরে সেই দেহাতিরিক্ত আত্মার অপনায়াদি ভোগেচ্চা ও অন্যানা সাংসারিক ধর্মে অসম্পর্করূপ বিশেষ ধর্ম অভিহিত ছইতেছে-সন্ন্যাস-সমন্বিত বে বিশেষ ধর্ম্মের জ্ঞান হইতে পূর্ব্বোক্ত বন্ধনের ছেদ হয়। অভএব উভয় প্রনেই 'এই তোমার আত্মা' ইত্যন্ত উত্তরের সাম্য দেখা যায়। এখানে এরপ আপত্তি হইতে পারে যে, এক আত্মারই অশ্নায়াদি অভীত ভাব ও वक्कन व्यर्थीए मःमातिष्ठ- अयमःमातिष धरे छ्टे विकृष्क धर्मात ममार्यम इत्र १ উত্তর—না, এ দোষের পূর্বেই পরিহার করা হইয়াছে। কারণ, আত্মার এই সকল সংবারিত প্রভৃতি ধর্ম কেবল নামরূপ বিকার, দেহ ও ইন্তিয়াদি সমষ্ট্রিরপী পিডের স্হিত অভেদ অভিমানে ভ্রান্তিয়াত জানিবে। এ কথা আমরা ইতঃপূর্বে বছবার বলিয়াছি এবং বিক্লম্ব শতির ব্যাখ্যা প্রদঙ্গে এ'কথাও বলা হইয়াছে যে, যেমন গগনে মালিছা, রক্ষতে সর্পত্ব, শুক্তিকায় রক্ষতত্ব প্রভৃতি অধ্যন্ত ধর্ম দারা গগন, রক্ত ও গুক্তি তংশ্বরূপে প্রতীয়মান হয়, বাস্তবিকপক্ষে উহারা স্বীয়রূপে গুগনাদি ভিন্ন কিছু নহে, সেইরূপ কাম, ক্রোধ, বৃভুক্ষা প্রভৃতি অধ্যন্তধর্ম দারা আত্মাও সংসারিরূপে প্রতীত হয়, বস্তুতঃ আত্মা নিজরূপে নি:সঙ্গ, অবিকারী। আত্মা অবস্থাভেদে বিক্তমধর্মী প্রতীত হইলেও কোনও অসম্পতি নাই।

পুনশ্চ তথানে এরপ আশকা হইতে পারে যে, যদি ব্রহ্ম ভিন্ন নাম-রূপাদি উপাধির অভিত্র মানা যায়, তাহা হইলে "একষেবাদিতীয়ম""নেহ নানান্তি কিঞ্চন" ইত্যাদি ব্রন্ধভিন্ন পদার্থের প্রতিষেধক শ্রুতি সমুদর বিরুদ্ধ হইয়া পড়ে ? উত্তর—না, তাহারও পরিহার করা হইয়াছে। যেমন জলবিন্দু জলস্বরূপ হুইলেও জলু হুইতে পুথকরূপে প্রতীত হয়, কিম্বা বেমন ঘটশুরাবাদি মুদ্ভিকা হইম্বাও মুদ্ভিকা হইতে স্বতন্ত্রতাবে বিজ্ঞাত হয়, দেইরূপ নাম-রূপাদি আত্মোপাধি দকল আত্মা হইতে পুথক না হইলেও পুথকুরূপে পরিচিত হয়। কিন্তু বখন দেখা যায় যে, এ তির অমুসারী তার্কিকগণ কর্ত্তক প্রমাত্মা হইতে পুথকরপে প্রমার্থদৃষ্টিতে নিরূপা-মাণ নামরূপ তত্ত্তানদশায় মৃত্তিকার বিকার ঘটশরাবাদির স্থায় বা সলিল-ফেনাদির মত আর স্বতম্ব বলিয়া প্রতীত হয় না, তথন সেই অবস্থাকে পন্দ্য করিয়াই ঐ অধ্যেত শ্রুতিসকল প্রমার্থ দর্শনের পরিচয় দিয়া থাকে বলিতে হইবে। আর যে সময় স্বভাবসিক অবিছা রক্ত্র, শুক্তি ও গগনের মত স্বীয় নিঃসঙ্গরূপে বর্ত্তমান ব্রহ্মকে আচ্ছের করিয়া রাখে অর্থাৎ অবিভারচিত নাম ও রূপাত্মক উপাধি হইতে ব্রন্ধ স্বতঃ নিশু কৈ হইলেও তৎস্বরূপ বুঝিতে দেয় না, তখনই সৈতের অক্তিমব্যবহার হয়। এই মিথ্যা রচিত ভেদজ্ঞান হইতেই অবগত হওমা যাম যে, সমস্তই মিথ্যা ব্যবহার ৷ কি হৈতবাদী কি ব্রহ্মতত্ত্ত সকলেরই পক্ষে প্রত্যন্ত্রসারে বস্তু-বিচার করিলে সিদ্ধান্ত হইবে যে, এক রন্ধ অধিতীয় লৌকিক ব্যবহারের অতীত। অতএব দৈতোক্তির সহিত একব্রন্ধোক্তির কোনই বিরোধ নাই। বাস্তবিক, পরমতত্ত্বের বিচারে এক ব্রহ্ম ব্যতীত অন্ত কোন বস্তুর অন্তিম্ব উপলব্ধ হয় না। শ্রুতিই বলিয়াছেন, সেই ব্রহ্ম একই, তাহার সজাতীয় থিতীয় নাই, তাহার অভ্যন্তর নাই—বাহু নাই। ইহা ছারা আমরা এমন ক্রথা বলিতেছি না যে, অবিবেকিগণের নাম-রূপ-ব্যবহারকালে ক্রিয়া, কারক বা ফলাদি ব্যবহার হয় না। অতএব শাস্ত্রীয় বা লৌকিক ব্যবহারমাত্রই জ্ঞানাজ্ঞানসাপেক জানিবে, তাহাতে কোনই বিরোধ থাকিবে না।

এথানে বথার্থ আত্ম-স্বরূপ-জ্ঞানের নিমিত্ত প্রশ্ন করিয়াছেন যে, যাজ্ঞবন্ধ্য ! তোমার কথিত সর্বান্তরস্থিত আত্মা কোন্টি ৷ অর্থাৎ দেহমথ্যে আত্মার স্থায় প্রতিষ্ঠান বস্তু অনেক আছে, তর্মান্ত্যে প্রকৃত আত্মা কে ৷ এই প্রান্তর উত্তরে যাজ্ঞবন্ধ্য বলেন—যিনি অশনায়া (ভোজনেচ্ছা) ও পিপাসা (পানেচ্ছা) অতিক্রম করেন অর্থাৎ যেমন অজ্ঞানবিম্থ্য লোক আকাশ বলিলে তলমালিস্ত-বিশিষ্ট পদার্থ বৃথে, অথচ প্রকৃতপক্ষে তলমলহান বস্তুই আকাশশন্ধবাচা, সেইরূপ মৃত্ মানব ব্রহ্ম বৃথিবার কালে কুধা-তৃঞা-সমন্বিত অহম্ অভিনানের আধারবিশেষকেই আত্মা বলিয়া বৃথ্য। কারণ, আমি কুধার্ড, আমি

পিপাসান্ত—এইরপ জ্ঞানের বিষয় ক্ষ্ধা-পিপাসাবিশিষ্ট বস্তু ভিন্ন অন্থ কিছুই তাহাদের বৃদ্ধিগোচর হন্ধ না; পরস্তু তাহা হইলেও প্রান্থতপক্ষে আত্মা ক্ষ্ধা-ভৃষ্ণা-ইনি, তাহাকে প্রাপ্ত হইলেই জীব ক্ষ্ধা-ভৃষ্ণা অতিক্রম করিয়া থাকে। এ জন্ত শ্রুতি স্পষ্টাক্ষরে বলিয়াছেন যে, "ন লিপ্যতে লোকছংখেন বাহাং" অর্থাৎ মৃচ ব্যক্তি কর্তৃক আুরোপিত ছুংখ দ্বারা সংসারবাহ্য (অসংসারী) আত্মা লিপ্ত (ছুংখী) হন না। অপনায়া ও পিপাসা প্রাণের ধর্ম বলিয়া উহাদিগকে দন্দ্দ্দ্দ্দাস দ্বারা একোক্তিতে বঁলা হইয়াছে। এবং যিনি শোক, মোহ, জরা ও মৃত্যু অতিক্রম করেন। শোক অর্থাৎ কাম বা কোন এক অভিলয়িত বস্তুর প্রোপ্তিবিষয়ে প্রগাঢ় চিন্তাবশতঃ চিত্তের অশান্তি। এই অভ্নিষ্টিই কামনার মূলীভূত। যেহেতু, অত্নি হইতেই কাম উদ্দীপিত হন্ন। অত্যব কামনাই এই শোকের মূলীভূত কারণ। মোহ—অর্থাৎ যে বস্তু যেরপ, তাহার বিপরীত জ্ঞান—ভ্রম বা অবিষ্ঠা। এই মোহই সর্বপ্রকার অনর্থের মূল; স্ক্তরাং শোক ও মোহ এই উত্তরের কার্য্য স্বতন্ত্র, এই জন্ত অসমস্তভাবে ইহাদের উক্তি হইলন এই শোক ও মোহ উত্তরের কার্য্য স্বতন্ত্র, এই জন্ত অসমস্তভাবে ইহাদের উক্তি হইলন এই শোক ও মোহ উত্তরের কার্য্য স্বতন্ত্র, এই জন্ত অসমস্তভাবে ইহাদের উক্তি হইলন এই শোক ও মোহ উত্তরের কার্য্য স্বতন্ত্র, এই জন্ত অসমস্তভাবে ইহাদের উক্তি হইলন এই শোক ও মাহ উত্তরের করে।

জরা অর্থে—দৃশুমান স্থলশরীরের বলিপলিতাদি পরিণাম-বিশেষ। মৃত্যু অর্থে—দেহসম্বন্ধ-ধ্বংস অর্থাৎ পরিণামের অবসান। সেই জরা ও মৃত্যু শরীরাশ্রিত, শরীরের ধর্ম। আর যে সকল পূর্ব্বোক্ত অশনায়া, পিপাসা প্রভৃতি, উহারা যথাক্রমে প্রাণ, মন ও শেরীরধর্ম নিয়ত প্রাণিসমূহে বর্তমান থাকিয়া জীবের সংসারের কারণ হয়, অর্থাৎ সমূদ্রতরঙ্গমালার স্থায় কিয়া চিরপ্রচলিত অহোরাত্রের ক্যায় উহাদের যে আবির্ভাব ও তিরোজাব, তাহারই নাম সংসার। আত্মা স্বভাবতঃ এই সংসার-ধর্মের অতীত।

পূর্বের বাঁহাকে দৃষ্টির দ্রন্থী ইত্যাদিরপে বঁণনা করা হইয়াছে এবং বাহাকে প্রত্যক্ষরপ সর্বাস্তর আকাশের মেবমালিনাের মত অশনায়াদি সাংসারিক ধর্মাতীত ও ব্রহ্মাদি স্তম্ব পর্যান্ত সমস্ত ভূতের মুখ্যতম আত্মরপে নির্দেশ করা হইয়াছে, ব্রাহ্মণ্যণ সেই এই আত্মার যথার্থ ব্রহণ জানিয়া, অর্থাৎ "আমি সর্বাদা অসংসারী, পূর্ণানন্দময়, নিত্যত্থ, পরমব্রহ্মবর্রুপ, এই অথগুলারার জ্ঞান লাভ করিয়া পূত্রকামনা, বিত্তৈরণা ও লোকলাভবাসনা হইতে বিরক্ত হয় এবং পরে সয়াাদ গ্রহণ করেন। এ স্থলে ব্রাহ্মণ-ভিন্ন অক্সবর্ণের ব্যুত্থানে অর্থাৎ লোক-কামনা, বিত্তকামনা ও পুত্রকামনা হইতে বিরতি এবং সয়াদগ্রহণে অধিকার

নাই, এ জন্ম শ্রুতি ব্রাহ্মণ শব্দের প্রয়োগ করিয়াছেন। বুংখান অর্থ ভোগ হইতে বিপরীতভাবে উত্থান। তাহা কোনু বস্তু হইতে ? এই শঙ্কা দূর করিবার জন্ম বলিতেছেন যে-পুট্ৰেষণা-পুত্ৰাৰ্থ-এষণা পুট্ৰেষণা, পুত্ৰপ্ৰাপ্তির বাসনা অর্থাৎ আমি পুত্র বারা অমুক লোক জয় করিব, এই আশায় দারগ্রহণ। বিত্তিষ্ণা---কার্য্যমাত্রের দিন্ধির উপার গবাদিবিত্তের নিমিত্ত এবণা প্রার্থনা, অর্থাৎ অমুক বিত্ত দারা কার্য্যান্ত্র্যান করত পিতৃলোক লাভ করিব, এই বাসনায় গবাদি পশুর সংগ্রহ। লোকৈষণা অর্থাৎ জ্ঞানসহিত কর্ম বারা অর্থবা এক হিরণাগর্ভের (এন্ধার) উপাসনারূপ দৈববিত ছারা ব্রহ্মলোক লাভ করিব, এই ইচ্ছায় বিষ্ঠার্জন। এই সকল বাসনা হইতে ব্যুখিত (বিরক্ত) হইয়া ভিকুক আশ্রম গ্রহণ করেন। কেই কেহ বলেন যে, য়েছেতু, দৈববিত্ত (হিরণ্যগর্ভের উপাসনা-বিষ্ঠা) ছারাই সাধক ব্যাখিত (প্রবোধিত) হয়,স্কতএব দৈববিত্ত (দৈববিত্তকামনা) হইতে কোনরূপেই বৈরাগ্য হইতে পারে না। উত্তর – এ সিদ্ধান্ত ভুল; কারণ, পশ্চাংকথিত"এতাবান্ বৈ কামঃ" এই শ্রুতি দৈববিত্তকেও এষণা (কামনা) শ্রেণীর' মধ্যে পরিগণিত করিয়াছেন। বিশেষতঃ এইরূপ দেবলোক প্রাপক হির্ণাগর্ভ বিস্থাকেও অবিষ্ণা বলিয়া স্বীকৃত হয়। কারণ, কামফলপ্রাপক বিদ্যা বা কর্মা সকলই অবিদ্যামধ্যে গণ্য, বাহা প্রকৃত বন্ধবিষ্ণা, তাহা নিরুপাধি অখণ্ড জ্ঞানবিষয়ক, উহা হইতে দেবলোকপ্রাপ্তি হয় না। এ জন্মই শ্রুতি বলিয়াছেন, ব্রন্ধজ্ঞান হইতেই সেই সমস্ত হইম্বাছে, তাঁহাকে পাইলে দব পাওরা ঘার, তিনি এই দকলের আত্মা, স্বতরাং ব্রক্ষজানে কোনই কাম্য অপ্রাপ্ত থাকে না। ব্রহ্মবিস্থা ঋহা প্রাপ্তির কারণ হইবে, ষ্মতএব হিরণাগর্ডলোকপ্রাপ্তির কারণ বিদ্যা প্রকৃত ব্রন্ধবিদ্যা নহে। তবে যে হিরণ্যতেলিপাসনার ব্যুখান হয় বলা হইয়াছে, তাহা "তমেতং আস্থানম্ বিদিষা" এই আয়াকে জানিলে ব্যুখান হয়, এই বিশেষোক্তিবলতঃ আত্মজানকে বৃঝিতে হইবে। অতএব মুমুকু জীবগণ অনাত্মলোকের প্রাপ্তির কারণ অর্থাৎ ষ্মান্মলোকে উপনীত করিতে অক্ষম বা ব্রন্ধজ্ঞানের অসাধক। সেই ত্রিবিধ পুত্র, রিভ ও লোকের কামনা হয়তে ব্যুথিত হইয়া অর্থাৎ পূর্বেলাক তিবিধ পুল-বিত্ত-লোক-সাধনবিষয়ে তৃষ্ণা পরিত্যাগ করিয়া ভিক্ষাচর্ধ্য---সন্ন্যাস অবলয়ন করিবেন। যদিও এখানে পুদ্র, বিত্ত ও লোক-ভেদে ত্রিবিধ ফল-(সুখ) माधरनंत्र कामनात উল্লেখ হইয়াছে, उथानि जानिए हरेरव ए। উटा कन्छः এक क्लकामनाहे; कार्य, लाक मकल त्य डिलाएयत अब्हान करत, जाहा दकवल कल-প্রাপ্তির নিমিত্ত, স্বতরাং ফলই প্রধান, তাহার উপায় (সাধক) সকল আমুষ্ট্রিক বিধার গৌণ অর্থাৎ মুখ্য নহে। এই জন্ত শ্রুতিও ব্যাখ্যা করিতেছেন যে, এবলা (কামনা) একটিই, ছুইটি নহে; কারণ, যাহা প্রকামনা, ভাহাই বিক্তকামনা, যেহেতু, পুত্র ও বিত্ত—উভার দারা একই অদৃষ্টরূপ ফল (যাহা পুরুষের প্রাক্তন নামে পরিচিত) উৎপন্ন হয়, অতএব এ উভন্নই এক। সেইরূপ यांहा विदेखमंग नारम कथिछ, छाहाई लाटिकमंग ; कातन, विख कमांत्रक्रभ, छाहा দারা হৈরণ্যগর্ভাদি লোকরূপ ফল সাধিত হয়। ফলত: উভর কামনা একই, তবে কাধ্যকারণভেদে বিভিন্ন উক্তি মাত্র। কারণ, সকল লোকই ফলের উদ্দেশ্রে প্রবৃত্ত হইমা সমস্ত সাধন অবলম্বন করে। যাহা লোককামনা বা ফলকামনা, তাহা উপায় ব্যতিরেকে সম্পন্ন করা যায় না; এই জন্ত তাহার আবশ্রকতা। কার্য্য-কারণভেদে এই এষণা হুইটি বৈ তিনটি হয় না। যেহেতু, কর্ম ও লোকসাধন উভয়ই কামনাম্বরূপ, অতএব সংসার হইতে বিরাগী মুমুকুর পক্ষে কর্ম (দেবলোকাদি) এবং কর্ম্মদাধন কিছুই নাই। অতএব যে সকল ব্রাহ্মণ এই কামনা (বয়) অতিক্রম করিষাছেন, তাঁহারা দৈবিক, পৈতৃক ও মামুষিক কর্মের সাধন, যজ্ঞোপবীতাদি চিহ্ন ত্যাগ করিয়া পরমহংসগণ কর্ত্তক অবলম্বিত পরিব্রজ্যা গ্রহণ করত ভিক্ক্চর্য্যা আচরণ করিয়া থাকেন। যজ্ঞোপবীত, প্রাচীনাবীত ও নিবীত এই ত্রিবিধ চিহ্ন ধারা দৈব, পৈতৃক ও মাত্রৰ কর্ম অনুষ্ঠিত হইয়া থাকে। শ্রুতি মনুষ্তর্পণে নিবীতের বিধান করিয়াছেন। এই জন্ম উহারা কর্মের সাধন বলা হইল। সেই সকল কর্ম্মে ও কর্ম্মসাধনে অনাসক্ত ব্রহ্মবিদগণ সর্ব্যকর্ম হইতে ব্যথিত * হইম্ম ভিক্ষা আচরণ করেন। • ভিক্ষাচার্য্য অর্থে ভিক্ষার্থে বিচরণ অর্থাৎ গার্হস্থা প্রভৃতি ত্রিবিধ আশ্রমোচিত স্থৃত্যুক্ত সমস্ত চিহ্ন পরিত্যাগ করিয়া কেবল ভিক্কাশ্রম-দিগের মাত্র জীবিকাদাধন পরিব্রজ্যানামক সন্ন্যাসধর্ম গ্রহণ। তাদৃশ বৈরাগ্য-সম্পন্নের আশ্রমচিক্-ত্যাগ-বিষয়ে অরণ করেন যে "বিদ্বান লিঙ্গবিবজ্জিত:" অর্থাৎ ব্রদ্মবিদ্ ব্যক্তি আশ্রমোচিত সমস্ত চিহ্নবজ্জিত হইবেন, এবং "অব্যক্তনিকো ধর্মজ্ঞোহব্যক্তাচার:" অধীৎ আশ্রমোচিত চিহ্ন অফুটভাবে ধারণ করিবেন, ধর্মজ্ঞ হইয়াও আবশুকীয় ধর্ম সকলও অতি প্রচ্ছয়ক্ষাবে গ্রহণ করিবেন এবং গুপ্তভাবে ধর্মাচরণ করেন। ইত্যাদি স্বতিশাস্ত্রই অব্যাহত প্রমাণ। অধিক কি, শ্রুতি-

^{*} বৃশ্ধান অৰ্থ ভাবে উপান। ইহার তাৎপর্য এই—জীব আশাসদশায় বে ভাবে জীবন বাপন করেন, জানদশাতে আর দে ভাবে করেন না। অজ্ঞান অবস্থার বে বুড়াও আমি বা আমার জান থাকে, জানদশাতে আর তাহার তাহা থাকে না, স্তরাং জানীর জানাবস্থা সাংসারিক অবস্থা অপেকা বৃথ্ধান—বিপরীতভাবে অবস্থান বলিয়া কথিত ইইতে পারে।

শাস্ত্র বলিতেছেন যে, সন্ধাসী বিবর্ণবন্ধপরিধানী, মৃণ্ডিত ও নিম্পরিগ্রহ হইবেন।
আরও কথিত আছে যে, সন্ধাসী শিখাসহ সমস্ত কেশ কর্ত্তন করিয়া ফেলিবেন,
যজ্ঞোপবীত তাগে করিবেন। ইত্যাদি।

এথানে এরপ শক্ষা হইতে পারে বে, "ভিক্ষাচর্য্যঃ চরন্তি" এথানে বর্ত্তমান কাল নির্দেশ আছে, কিন্তু বিধিবোধক লিঙ্ (লোট্, বা তব্য প্রভৃত্তি) কোন বিভক্তি নাই; স্ক্তরাং এই বাক্যটি অর্থবাদমধ্যে পরিগণিত হইবে। কাজেই "ভিক্ষাচর্য্যা করিবে" এরপ নিয়েশ্য বা আদেশবোধক হইতে পারে না; কেবল অর্থবাদ বাক্যের প্রবণে প্রভি-স্থতিবিহিত যজ্ঞোপবীতাদি পরিত্যাগ করা কথনই কর্ত্তব্য নহে; বিশেষতঃ প্রভিত্ত বিশ্বিষ্ঠান বে, যজ্ঞোপবীত ধারণ পূর্ব্বকই বেদাধ্যমন করিবে, যাগ করিবে এবং যাজন করিবে। অর্থচ পরিব্রজ্ঞা-নামক সন্ন্যাস গ্রহণ করিলে যে বেদাধ্যমন নাই, ইহাও বলিতে পার না; কারণ, "বেদ-সন্মসনাং শ্রুক্তমান্থেনং ন সন্মানেং" অর্থাং রাহ্মণগণ বেদত্যাগমাত্রই শূজ্ব প্রাপ্ত হন, অতথব কথনও বেদ ত্যাগ করিবে না; এবং আপস্তম্ব বলিয়াছেন যে, স্বাধ্যাম্ব পরিত্যাগ করিলে বাক্ পরিত্যাগ করা হয়। আবার বেদত্যাগ, বেদ-নিন্দা, মিণ্যাসাক্ষ্য, স্কল্বধ, নিষিদ্ধ ও উচ্ছিষ্ট অন্ন ভোজন, এই ছন্নটি স্বরাপানের সমান; ইত্যাদি বাক্য সকল বেদত্যাগে নানাবিধ দোষ কীর্ত্তন করিয়াছে।

বিশেষতঃ পরিবাজক ধর্মের পরিগণনাম্ব বলা হইয়াছে যে, গুল গুলামান্ন, র্ক্ অতিথি-সেবায়, হোম ও জপকর্মে, ভোজনে, আচমনে ও বেদাধ্যয়নে ব্রাহ্মণ যজোপবীতধারী হইবেন। অথচ ঐ সকল গুলুর উপাসনা, বেদাধ্যয়ন, ভোজন ও মাচমন প্রভৃতি কর্মা শ্রুতি-স্থৃতি দ্বারা সন্নাসীর পক্ষে কর্প্রব্যরূপে বিহিত হইয়াছে; অতএব সন্নাসীর এই সকল কর্প্রব্য কর্ম্মের অসক্রপে যথন যজোপবীতধারণ বিহিত হইয়াছে, তথন তাহার পরিত্যাগ কর্থনই শাস্ত্রের আদেশ হইতে গারে না। যদিচ পূর্ব্বেও শ্রুতি দ্বারা কর্ম্ম ও কর্ম্মাধন হইতে ব্যুখান বিহিত হইয়াছে সত্ত্য, তথাপি পূর্ব্বোক্ত প্রভ্র, বিত্ত ও লোক এই বিবিধ বিষয়ের কামনা বা কর্ম্ম ও কর্ম্মাধন হইতে ব্যুখানের বিধান শাস্ত্রের অভিপ্রেত; অত্য কোন কর্ম্ম বা কর্ম্মাধন হহতে ব্যুখান কথনই শাস্ত্রের অভিপ্রেত নহে। আর ফদি তাহাই হয়, তবে অশ্রুত কর্ম্মের অন্তর্ভান ও শ্রুতিবিহিত যজ্ঞোপবীতাদির ত্যাগ স্বীকার করিতে হয়; পণ্ডিতগণ ইহাকে "শ্রুহানি ও অশ্রুত কল্পনা" রূপ দোষ বিস্মা থাকেন। ইহাতে বিহিতের অকরণ, প্রতিধিদ্ধের আচরণরূপ মহাদোষে পতিত হইতে হয়। অতএব সন্ধাসীর যজ্ঞোপবীতত্যাগ বিহিত নহে,

অন্ধপরম্পরায় প্রচণিত বলিব ৪ ইহার উত্তর—না, যজ্ঞোপবীতভাগে অজ্ঞানের কার্য্য নহে; কারণ, শ্রুতি বলিয়াছেন যে, "বজ্ঞোপবীতং বেদাংশ্চ সর্বাং তথজ্জয়ে-দযতিং" অর্থাৎ যতি (সম্যাসী) ব্যক্তি যজ্ঞোপবীত ও বেদ সমস্তই পরিত্যাগ করি-আরও এক কথা,— যথন সমস্ত উপনিষদই আত্মজানোপদেশে তৎপর, আত্মার দর্শন, শ্রবণ ও মনন কর্ত্তব্যরূপে প্রতিপাদনই যথন এই অধ্যায়ে প্রস্তুত, আর যগন "সেই আত্মাকে সাক্ষাৎ প্রত্যক্ষরগও অশনায়াদি সর্বসংসারধর্ম-রহিত, এইরপে জানিবে" এই বিধিপ্রতিপাদনই সমস্ট উপনিষদের উদ্দেশ্য, এবং সমস্ত উপনিবদেরই এইরপ উদ্দেশ্য। বিশেষতঃ যথন অভ কোন বিধির সম্বরূপে অবগতি নাই, তবে তাহা কিরুপে অর্পবাদ বলিয়া স্বীকার कत्री यात्र १ विट्नियकः आञ्चानहे यथन नमछ छेनियम् त कर्द्धवा विनिया निर्मिष्टे, তথন তাহাকে পূর্কোক্ত অশনায়াদি কামনাতীত অর্থাৎ সাধন বা ফলসম্পর্ক-র্হিত বলিয়া জানা উচিত, এই জ্ঞানই শাস্ত্রের বিধেয়। ভদ্তির বিপরীতভাবে আত্মার জ্ঞান, অজ্ঞান বা অবিদ্যাস্বরূপ অর্থাৎ আত্মাকে যে সাধ্য বা সাধন-রূপে অবগত হওয়া যায়, তাহাই অবিস্থা। এই ভেদজ্ঞান-বিষয়ে শ্রুতি বলিয়াছেন যে, যে ব্যক্তি অমুক পৃথক ও আমি পৃথক ইত্যাকার জ্ঞান করেন, তিনি কিছুই জানেন না। যে ব্যক্তি এই জগতে নানা ভাবে (ভেদবৃদ্ধিতে) দর্শন করেন, তিনি চিরদিনের জন্ম অবিদ্যা হইতে মৃত্যু প্রাপ্ত হন। এই স্কগৎকে একরপেই অব-লোকন করিবে। এক ব্রহ্ম ভিন্ন আর কিছুই নাই। তুমি সেই পরম ব্রহ্মস্বরূপ। এই জ্ঞানই বিস্থা, ইহার বিপরীত যে আমি পুথক, অমুক পুথক, হুখী ছঃখী ইত্যাদি জ্ঞান, তাহাই অবিছা। এ জন্ম শ্রুতি বলিয়াছেন বে, যে সময়ে বৈতভাবা-পল্লের স্থার হর, সে সময়েই অপর অপরকে দর্শন করে ইত্যাদি। আর একই नाक्तित निष्ठा (कान) ও अनिष्ठा धरे घरेंটि निक्षत्रभार्थ आलाक ও अक्षकात्त्रत ক্রায় পরস্পর সহভাবে থাকিতে পারে না। অতএব আত্মতত্ত-দর্শী পুরুষের অবিশ্বারাজ্যে অধিকৃত ক্রিমাকারক (কর্ভুড়াদি) ও ফলভেদে কথনও অধিকার থাকিতে পারে না, কর্মে অধিকার থাকিলে "মৃত্যো: স মৃত্যুমাপ্নোতি", অর্থাৎ टिनमर्भी वाकि चामन हरेट मृजा थाथ हम, हेजानि कचीत निमानाका चमनक হয়। বিশেষতঃ বধন অবিষ্ণার বিষয় সর্বপ্রেকার কর্মা, কর্ম করিবার উপায় এবং কর্মের ফল, এ সমস্তকে উহার বিপরীত আত্মজান দারা ত্যাগ করাই উপনিষৎ শাল্পের অভিপ্রেড, তথন অবিম্বাকাণ্য ধ্যক্রাপবীত প্রভৃতি সাধমও কেন পরিভাজা হটবে না ৪ অভএব কামনাম এই সাধন ও কল বিলকণ আত্মা

হইতে শ্বতন্ত্র সাধন ও ফল উভয়ই কামনাশ্বরূপ, ইহা পূর্ব্বে নির্ণাত হইরাছে। বজ্ঞোপবীত ও বজ্ঞোপবীতাদি-সাধনসাধ্য কর্মন্ত সাধনস্বরূপ বলিয়া তাহা আত্মবিদের পরিত্যজ্ঞা। 'উভে হোতে সাধনফলে এবণে এব' শব্দের প্রন্থোগ হেত্ উক্ত বজ্ঞোপবীতাদি সাধন ও কর্মমাত্রের অবিভাব কার্য্যতা হেত্ ও কাম্যতা নির্বৃদ্ধন হের্ভা-সম্পাদন অভিপ্রেত, এ জন্ম তাহা হইতে ব্যুখান মুমুকুমাত্রেরই'পক্ষে শ্রুতির অভিপ্রেত।

ক্রেণে জিজান্ত ইতিছে যে, আত্ম-তত্ত্ব বা আত্মজান প্রতিপাদন ্করাই যদি উপনিষদের প্রধান উদ্দেশ্ত হয়, তাহা হইলে অনিচ্ছা পূর্ব্বকও বলিতে হইবে যে, উপনিষং শাস্ত্রেতে উক্ত মুমুকুর প্রতি সর্কাসম্যাস-প্রভৃতি সমস্তই অর্থবাদ-কুথনই বিধায়ক নহে। আর বিধি না হইলেই মুমুকু ব্যক্তির যজ্ঞোপবীত প্রভৃতি বিহিত চিহ্ন পরিত্যাগ করিবার আবশ্যকতা থাকে না। ইহার উত্তর—না, তাহা নহে; শ্রুতি যে ব্যক্তিকে আত্মজ্ঞানের বিধি দিয়াছেন, দেই বাক্তিকেই স্প্রসন্ত্রাসে অনুমতি করিয়াছেন, এই এককর্ত্রক্ষনির্দেশ হেত সর্বসন্ধান একপ্রকার বিহিতই বৃঝিতে হইবে। অর্থাৎ একবাক্যগত অনুষ্ঠানের থিষয় একটি কথা বিধি এবং অপর্টি অর্থবাদ, ইহা কথনই কল্পনাযোগ্য হইতে পারে না। কারণ, সন্নাদেরও যে কর্ত্তা, আবার অকর্ত্তব্য আত্মজ্ঞানেরও মেই কর্ত্তা; এরূপ হওয়াই সম্ভব, তদুভিন্ন অকর্ত্তব্য বিষয়ের সহিত কর্ত্তব্যের এককর্ত্বতা বেদে কুত্রাপি দৃষ্টিগোচর হয় না। কিন্তু কর্ত্তব্য অভিযব (সোমলতাসংস্কার), হোম ও ভক্ষণের "অভিযুত্য হত্বা ভক্ষয়ন্তি" এই বাক্য দারা এককৰ্ত্তকত্বই অবগত হওয়া যায়। এই দৃষ্টাস্তানুসারে এগানেও আত্মজানানুসন্ধান, ব্যুখান ও ভিক্ষাচর্য্য (সন্মাস) এই সকল বিষয়ের যথন একবাক্যে নির্দেশ হইয়াছে, অতএব ইহারও প্রত্যেকটি বিধেয় হইবে, তাহাতে আর সন্দেহ कि । यमि तम (य, ना, এ পক्षित्र मात्र इटेट्डिइ,-कार्रान, यमि मम्बद्धे অবিদ্যার বিষয় হয় ও কামনাস্থরণ হয় অর্থাৎ মুমুকুর পক্ষে ত্যাজ্য হয়, তাহা হুইলে আত্মজানবিধি দারাই প্রকারান্তরে ফ্রোপবীতাদিত্যাগ প্রাপ্ত হওয়া যায়; স্থতরাং প্রাপ্ত বিষম্মের বিধিসম্ভব কোথাম ? উত্তর—যদিও আব্যজ্ঞানবিধি ধারাই যজ্ঞোপবীতাদিত্যাগ জ্ঞাত হওয়া যায়, তক্ষ্ম আর विधित श्राह्मक नारे, उथानि धककर्ड्य श्राहमन कतारेश विषयात मुख्छा-मल्लामन करा इट्टेंग। जिक्नावर्गा मचरबाउ धट्टेबल कानित्व। इट्टाटा अन्तित कान दाय इहेरल शादा ना। जात व "जिकाहर्याः हत्रि" वह वारका বিধিবোধক লিঙ্ প্রভৃতি বিভক্তি না থাকার অর্থবাদ বলিয়া আশকা করা হইরাছে, তাহাও ভূল। কারণ, "ওঁছম্বরো যূপো ভবতি" অর্থাৎ উত্তম্ব-কাষ্ঠমর যূপ কর্দ্ধব্য। এথানে যেমন কোন প্রকার বিধিবোধক বিভক্তি না থাকিলেও "ভবতি" পদটিই উত্তম্ব-কাষ্ঠের যূপ-বিধায়ক হইরাছে, ভেমন এথানেও "চরন্তি" এই লট্ বিভক্তিই পারিব্রাজ্যের বিধায়ক হইবে।

আর যদি বল, সন্ন্যাসাজনে যথন বজ্ঞোপবীতাদি সাধনার উপায় বিহিত আছে. এবং শ্রুতি-স্বৃতিও স্পষ্টাক্ষরেই বজ্ঞোপবীতাদি ধারণের নিমিত্ত অনুরোধ করিতেছেন, তথন সন্ন্যাসাশ্রমে সর্বত্যাগের বিধি থাকিলেও ও যজ্জোপৰীত এষণামধ্যে গণ্য হুইলেও যজ্জোপৰীত ভিন্ন আর সমস্ত ত্যাগেরই বিধি বলিতে হইবে, কথনই যজ্ঞোপবীতত্যাগের নহে। উত্তর –যদি উক্ত বিধি দারা বজ্ঞোপবীত ভিন্নের ত্যাগই অভিপ্রেত হয়, ভাহা হইলে জ্ঞানীর পক্ষে কর্ত্তব্যরূপে বিহিত জ্ঞানসহিত সন্মাস হইতে পুথক আর একটি সন্নাদ স্বীকার করিতে হইবে। কারণ, অবিষ্ণার কার্য্য পুত্র-বিস্তাদির এষণা (কর্ম ও কর্মসাধন) হইতে যে ব্যুখান বা পারিব্রাজ্যের কথা वना इटेब्राइ, मिटे बायान बन्नकानान, जारा ना इटेल-बन्नकान-বিরোধী এমণা ত্যাগের বিধি করা হইবে কেন ? এবং অবিষ্ণাবিষরীভূত এমণা তাাগের বিধি হইবে কেন্ । একণে বদি যজ্জোপবীতাদি-ধারণ বিধান করা হয়, তাহা হইলে আর ইহা জ্ঞানের সাধক সন্মাস হইতে পারে ना, कार्बार देशांक वर्षेत्र अकृषि मन्नाम विवास बोकात कतिराज रहेरत । याहा ব্রন্ধলোকাদিপ্রাপক স্বতম এক প্রকার সন্মাস, তাহাতে যজ্ঞোপবীতাদি ধারণ ও অক্তান্ত শতিচিছ-ধারণ বিহিত আছে, অতএব এষণাদিম্বরূপ যজ্ঞোপবীত-ধারণাদি আশ্রমধর্মাত্র ও অক্তবিধ সন্ন্যাসের বিষয় হওয়া সম্ভব হইলে অনর্থক সমস্ত উপনিষদের একমাত্র প্রতিপাত্ত আত্মজ্ঞানের রোধ করা কথনট ৰ্ক্তিৰ্ক নহে অৰ্থাৎ আশ্ৰমধৰ্মের (যজ্ঞোপবীতাদি ধারণের) যদিও বিধি আছে, তথাপি তাহা অন্তবিধ দন্তাদে নিয়োজিত করা হউক, অন্তথা সমস্ত উপনিষদেরই একমাত্র প্রতিপান্ত আত্মজ্ঞান বাধিত হইয়া পড়ে; তাহা করা উচিত নহে; কেন না. যজ্ঞোপনীতধারণ প্রভৃতি সমস্তই অবিস্থার কার্য্য; স্কুতরাং দেই এমণাস্থরূপ माधरनंद धर्ण कतिरा रहेरन व्यवश्रह विनार हरेरत रा, माधनकन्हींन व्यननामाधि শীসাংসারিক ধর্মবর্জ্জিত ব্যক্তির 'আমি এমা' এইরূপ এক্ষজ্ঞান বাধিত হইতেছে, পী হাহাতে উপনিষদের অভিপ্রায় অসিদ্ধ হয়। পুনশ্চ যদি বদ বে, "ভিক্লাচর্যাং চরস্কি" এই শ্রুতি যথন সর্ব্ধসন্ত্রাদের মধ্যেও ভিক্ষার কর্ত্তব্যতা বিধান করিতেছেন, স্বতরাং শ্রুতি নিজেই "অহং ব্রহ্মান্দ্র" আমি ব্রহ্ম, ইত্যাকার জ্ঞানের বাধা জন্মাইতেছেন, অর্থাৎ শ্রুতি একবার পুত্রবিস্তাদি এষণা হইতে ব্যুখানের (স্মাদের) বিধান করিয়া পুনশ্চ যথন নিজেই সেই এয়ণার একদেশ ভিক্ষাচর্য্যের বিধান বিধি করিতেছেন, অতএব শ্রুতি নিজেই নিজের অর্থ-ব্যাঘাত করিতেছেন विनिष्ठ रहेरत । উত্তর-না, যেহেতু, এখানে ভিন্ন চর্য্যা বিধিবোধিত হইলেও নিম্নোগকারক নহে অর্থাৎ বেমন হোম করিলে পর হোমাবশিষ্ট দ্রব্য ভক্ষণ করা যদমানের ইচ্ছাধীন-নিয়োজক নহে, এইরূপ ভিক্ষাচর্য্যা ব্রন্ধবিদের নিয়োজক নতে এবং কর্ত্তসংস্পারকও নতে, যে জন্ম পুরুষ বাধ্য হইবে; বরং হোমশেষ ভোজন নিয়মাধীন বলিতে পারা যায় অর্থাৎ কর্ত্তসংস্কারক হইতে পারে; কারণ, "হোমশেষং ভুঞ্জীতৈব" এই বাক্যে যদিও হোমাবশিষ্টভক্ষণকে অবশ্রকর্ত্তব্য বল, তথাপি এখানে সে নিয়ম শোভা পায় না ; কারণ, হোমাবশিষ্ঠ দ্রব্য ভক্ষণ করিলে. যজমানের পুণা জুলিবে; কিন্তু জ্ঞানীর পক্ষে ভিক্ষা করা পুণাজনক হইতে পারে না। কারণ, তাহা এক্সবিদের অনভিপ্রেত। যদি বল, ভিক্ষাচর্য্যা যদি নিয়মাধীন বা পুণাজনক নহে বলিয়া সন্মানীর অনভিপ্রেত হয়, তবে তাহার বিধান বা অমুষ্ঠান কি হেতৃ ? তাহার উত্তর এই-অন্যান্য 'সাধন হইতে ব্যুখান অর্থাৎ বৈরাগাই বিহিত। তবে ভিকাচর্যোর বিধান কেন ? ইহার উত্তরে বলা ষাইতে পারে, সন্ন্যাসী যদি কোন কর্ম করেন, তাহা হইলে ভিক্ষাচরণই করিবেন, এই বিশেষ তাৎপর্য্যজ্ঞানের নিমিত্ত এখানে ভিক্ষাচর্য্যার পুথক্ বিধান করা হইষ্নাছে।

পূর্ব্বে উদাহত যে সকল যজ্ঞোপবীতাদি ধারণের অমুকূল বচনরপে
সন্ধ্যাসাশ্রমে প্রদর্শিত হইরাছে, সে বচনসমূহ অবিহৎসন্থাসীর পক্ষে জানিবে।
অর্থাৎ বাহাদের জ্ঞানোদর হয় নাই—অথচ মুক্তিবাসনায় সন্ধ্যাস অবলম্বিত
হইয়াছে, তাঁহাদেরই পক্ষে,—জ্ঞানীর পক্ষে নহে; নচেৎ জ্ঞানের প্রতিকৃল
অবিস্থাময় বস্তু সকল গ্রহণ করিলে তাঁহারা মুক্তি লাভ করা দূরে থাকুক,
বরং ,অধোগামীই হইবেন। এ রিষয়ে স্থৃতি আছে যে, "নিরাশিষমনারস্তঃ
নির্নমন্ধারমস্তৃতিম্। অক্ষীণং ক্ষীণকর্ম্মাণং তং দেবা ব্রাহ্মণং বিছঃ" যিনি নিরাশী
অর্থাৎ অপ্রাপ্ত বস্তুর প্রাপ্তীভ্যা-(আশীঃ) হীন, যিনি কোনরূপ কাম্যাদি কর্ম্মের
অনুষ্ঠান করেন না, যিনি পুজনীয়ের নিকটও প্রণত নহেন, যিনি স্থৃতি হইতে
বিরত, অথচ পরিপুষ্ট, সেই প্রজ্ঞান-ক্ষীণ-কর্ম্মা পুরুষকে দেবতাগণ ব্রাহ্মণ (ব্রহ্মজ্ঞ)
বিলিয়া থাকেন; এবং বিছান্ লিক্ষবিবর্জ্জিত অর্থাৎ "আত্মজ্ঞ ব্যক্তি সর্ম্ববিধ

অশ্রমচিক্ষ্থীন হইবেন" "আয়৸শ্ববিদ্ ব্যক্তি বজ্ঞোপবীতাদি চিক্তরহিত ইইবেন" ইত্যাদি শুকিও শুষ্ঠাক্ষরেই জ্ঞানীর বজ্ঞোপবীতাদি সর্বপ্রকার চিক্ত পরিত্যাগের প্রক্ষিত্যাগের সাক্ষ্য দিতেছেন । অতথ্য আয়বিৎ ব্যক্তি সর্ববিদ্ধা ও কর্ম্মসাধন সন্ম্যাসরূপ পর্মহংসগণ কর্তৃক আচরিত পারিব্রাজ্য নামক ব্যুখান অবলম্বন করিবেন।

সম্রাতি পুনশ্চ প্রকৃত কথা হইতেছে। বেহেতু, পূর্ব্ব পূর্ব্ব ব্রন্ধবিদ্গণ আত্মাকে কর্ম, কর্মসাধন ও ফলসম্পর্কহীনরূপে অবগত হইয়া সর্ক্ষবিধসাধন পুল্র-বিস্তাদিবিষয়ক কামনা হইতে ব্যাপিত হইয়া ভিক্ষাচর্য্যা (প্রবজ্যা) আচরণ করিয়াছেন এবং ইহার নিমিত্তই উহিক পারত্রিক সর্ব্বকর্ম ও তাহাঁর সাধন পরিত্যাগ করিয়াছেন; এই জন্ম অস্থাণি ব্রন্ধক্ত ব্যক্তি শাস্ত্র হট্তে ও আচার্য্যের উপদেশাস্ত্রদারে পাণ্ডিতা অর্থাৎ আত্ম-তত্ত্ব নিঃশেষরূপে বিদিত হইয়া এবং পুর্ব্বোক্ত এষণা হইতে বিরত হইয়া বাল্যভাবে অর্থাৎ জ্ঞানরূপ সূদৃঢ় বলে বলীরান্ হইরা অবস্থান করিতে অভিলাধী হইবেন। এথানে ইহাও জানা আবিশ্রক যে, আন্মতত্ত্বজ্ঞিজাত্ব ব্যক্তির তাবৎ পাণ্ডিত্যের উদয় হয় না, যত দিন এমণা হইতে ব্যখান না ঘটে। কারণ, এবণাখ্যেই ঐ পাণ্ডিত্যের উৎপত্তি, স্থতরাং উহা কামনার বিরোধী। যেহেতু, কামনাকে বিতাড়িত না করিলে আত্মবিষয়ে পাণ্ডিত্য উৎপন্ন হইতে পারে না, অতএব ব্রহ্মবিদের আত্মজানের বিধান হইতেই বৃঝিতে হইবে যে, এষণাত্যাগেরও তৎসহ বিধান হইয়াছে; কাজেই ইহার পুন্রিধান অন্বিশ্রক। শ্রুতি 'নিবিস্থে' শব্দের ব্যুৎপত্তি ধরিয়া অর্থাৎ জ্ঞানার্থক বিদ্ধাতুর উত্তর সমানকর্তৃকতা অর্থে ক্ত্রা প্রত্যন্থ নির্দেশ ধারা তাহাই দৃঢ় করিয়াছেন। অতএব প্রতিপন্ন হইল যে, জ্ঞানবলে এষণা হইতে বাুুুখিত অর্থাৎ বিরক্ত হইয়া থাকিবার চেষ্টা করা উচিত। এথানে যে জ্ঞানরূপ বলাশ্রয়ে অবস্থিতির কথা বলা হইয়াছে, তাহার তাৎপর্যা এই—বাঁহারা আয়জ্ঞান লাভ করেন নাই. সেই সকল অনাত্মজ্ঞদিগের ফল-জনক কর্ম ও কর্মসাধনই একমাত্র বল্প, কিন্তু আত্মতত্তত ব্যক্তি এই-তুর্বলের বল কর্মাদি সকল পরিত্যাগ করিয়া সাধ্যসাধ্যভাবহীন আত্মজানরূপ বলভাব আশ্রম করিবেন, এবং এই আত্মজ্ঞানরূপ বল আশ্রম করিলে পুরস্ত ইন্দিমণ স্বার তাঁহাকে মনোমুগ্ধকর কামনা-বিষয়ে আরুষ্ঠ করিয়া ফেলিতে উৎসাহী হয় ना। क्वन कान-नगरिशैन भूर्यलाक कि अनग रेक्सिम्भ वेश्कि वा शायिक क्रमा विषय-रित्रवात्र नित्राष्ट्रिक करत । এथारन आञ्चळान पाता नानाविष

বিষয়াসজ্জির অভিভব করাকেই বল শব্দে অভিহিত করা হইরাছে। অতএব মুক্সু মানব উক্ত আত্মজানরপ বল অবলম্বন করিয়াই পাকিবার ইচ্ছা করিবেন। কারণ, আত্মরক্ষার পক্ষে এই জ্ঞানবলই বল। এ জ্ঞা শ্রুতি বলিয়াছেন যে, 'তথাম্বনা বিদক্তে বীর্যাম্' আত্মার সাহায্যেই শক্তি লাভ করিতে পারে। "নারমান্যা বল-হীনেন লভাঃ" অর্থাৎ জ্ঞানবলবিহীন জীব এই আত্মাকে লাভ করিতে পারে না।

(একণে পুনশ্চ প্রকৃত বিষয় কথিত হইতেছে;)- ব্রাহ্মণগণ ক্রমে পূর্ব্বোক্ত বাল্য ও পাণ্ডিত্য নিংশেষরপে অর্জন করিয়া অনস্তর মনন—আত্মতত্ত্বের অন্থ-শীলন করত মুনি অর্থাৎ যোগিপদবাচ্য হয়েন। ব্রাহ্মণগণের তাদৃশ মননই করা কর্ত্তব্য-- বাহাতে তাঁহারা সমস্ত অনাত্মজ্ঞান বিদ্রিত করিয়া ক্রক্তিভার্থ (যোগী) হইতে পারেন ৷, পুর্ব্বোক্ত বাল্য ও পাণ্ডিত্য যথাক্রমে আত্মজ্ঞান ও অনাত্মজ্ঞান নিবারণস্বরূপ। ইহাকেই অমৌন বলে, এই অমৌন নিঃশেষপ্রকারে সম্পাদন করিয়া পরে মৌন অবলম্বন করিলে ব্রহ্মবিৎ কুতকুত্য হয়। মৌন,অর্থে—অনাত্ম-জ্ঞান পরিহারের পরাকাষ্ঠা বাফল। তাৎপর্য্য এই—তংনই ব্রাহ্মণ প্রকৃত ব্রাহ্মণ হয়—যথন তাহার জ্নয়ে "একৈব স্কাং" অথাৎ এক একই সমস্ত,— তঙিল আর কিছুই নাই, ইত্যাকার জ্ঞান জবে। ইতঃপূর্ব্বে তাঁহার ব্রাহ্মণত্ব উপচারমাত্র ছিল। ব্রহ্মজ্ঞানসম্পন্ন হইলে ব্রাহ্মণ শ্বের যথার্থ অর্থ সিদ্ধ হওয়ায় তিনি নিএপচার বান্ধণ্য বা প্রকৃত ব্রাহ্মণ সংজ্ঞা লাভ করেন। এই তাংপর্য্য লইয়া শ্রুতি নিজেই প্রশ্ন করিতেছেন বে, "কেন ছাৎ ?" ব্রহ্ম জানে বে, সে ব্রাহ্মণ,—এই বথার্থ ব্রাহ্মণ কি আচরণ করিলে হয় ? উত্তর—"যেন স্থাতেনেদৃশ এব" অর্থাৎ যে কোনরূপ আচরণ করুক না কেন, তদারা এই ব্রাহ্মণাই লব্ধ হয়। ইহা দারা ব্রাহ্মণাবস্থার প্রংশসা করা হইল মাত্র ; কিন্তু বিহিত কর্মাচরণে অনাদরপ্রদর্শন কেহ যেন মনে नो करतन । कात्रल, अरुक्ष हिराउत शाक्त कर्याहरूल विराग्य छेशायोगी इटेराज शास्त्र, জ্ঞানীর পক্ষে কার্য্যত্যাগ ও কর্মান্ত্র্ছানে কিছুই ক্ষতি বৃদ্ধি নাই, ইহাই তাৎপর্য্য।

উপসংহারে বক্তব্য এই যে, এই ব্রান্ধণ্যে অবস্থানই অশনায়া প্রভৃতির অতীত নিত্যতৃপ্ত আত্মস্বরূপ, ইহা হইতে পৃথক বে কিছু অবিস্থাবিষয়ীভূত কামনাত্মক পদার্থ আছে, তৎসমস্তই আর্ত্ত অর্থাৎ বিনাশনীল—স্বপ্ন, মারা ও মরীচিকা-জলের মৃত সমস্তই অলীক ও অসার। একমাত্র আত্মাই যথার্থ সত্যস্বভাব। অনস্তর কহোল যাজ্ঞবন্ধ্যের উত্তর শ্রবণ করিয়া রিরত হইলেন॥ ১॥

ইতি তৃতীর অব্যামে পঞ্চম ব্রাহ্মণ সমাপ্ত।

উপনিষৎস্থ—তৃতীয়াহধ্যায়স্থ

ষষ্ঠ-ব্ৰাহ্মণম্

অথ হৈনং গার্গী বাচরুবী পপ্রচ্ছ যাজ্ঞবক্ষ্যেতি হোবাচ যদিদণ্ড সর্ব্যমপ্সোতঞ্চ প্রোতঞ্চ কন্মির্মু থল্লাপ ওতান্চ প্রোতান্চেতি

বার্যো গার্গীতি কম্মিন্ন থলু বায়ুরোতশ্চ প্রোতশ্চেত্যন্তরিক্ষ-লোকের গার্গীতি কম্মিন্ন থলুন্তরিক্ষলোকা ওতাশ্চ প্রোতা-শেচতি গন্ধর্বলোকার গার্গীতি কম্মিন্ন থলু গন্ধর্বলোকা ওতাশ্চ প্রোতাশ্চেত্যা দিত্যলোকের গার্গীতি কম্মিন্ন থলা দিত্যলোকের গার্গীতি কম্মিন্ন থলু চন্দ্রলোকা ওতাশ্চ প্রোতাশ্চেতি চন্দ্রলোকের গার্গীতি কম্মিন্ন থলু নক্ষত্রলোকা ওতাশ্চ প্রোতাশ্চেতি দেবলোকের গার্গীতি কম্মিন্ন থলু দেবলোকা ওতাশ্চ প্রোতাশ্চেতি দেবলোকের গার্গীতি কম্মিন্ন থলু দেবলোকা ওতাশ্চ প্রোতাশ্চেতি প্রজালাকের গার্গীতি কম্মিন্ন থলিন্দ্রলোকা ওতাশ্চ প্রোতাশ্চেতি প্রজালাকের গার্গীতি কম্মিন্ন থলু প্রজাপতিলোকা ওতাশ্চ প্রোতাশ্চেতি ব্রহ্মলোকা ওতাশ্চ প্রোতাশ্চেতি ব্রহ্মলোকা ওতাশ্চ প্রোতাশ্চেতি ব্রহ্মলোকার ওতাশ্চ প্রোতাশ্চেতি ব্রহ্মলোকার ওতাশ্চ প্রোতাশ্চেতি ব্রহ্মলোকার গার্গীত্ব কম্মিন্ন থলু ব্রহ্মলোকার ওতাশ্চ প্রোতাশ্চেতি স হোবাচ গার্গি মাতি প্রাক্ষীর্মা তে মুর্দ্ধা ব্যপপ্রদনতিপ্রশ্ন্যাং বৈ দ্বতামতিপৃচ্ছদি গার্গি মাতি প্রাক্ষীরিতি ততে। হ গার্গী বাচক্রব্যুপররাম ॥ ১ ॥

ইতি ষষ্ঠং ব্ৰাহ্মণম্।

পূর্বে যে সাক্ষাৎ প্রত্যক্ষাত্মক সর্বান্তর আত্মার কথা বর্ণিভ হইরাছে, একণে সেই সর্বাত্মক আত্মার স্বরূপ নিরূপণের নিমিত্ত শাকন্য ব্রাহ্মণ হইতে উদ্ধৃত গ্রন্থ প্রবর্ত্তিত হইতেছে। অভিপ্রায় এই যে, স্থল পৃথিবী হইতে আকাশ পর্যান্ত ভূতসকল সমস্ত বস্তুতে আন্তর ও বহির্ভাবে অবস্থিত, তাহাদিগের যাহা বাহা, তাহা ধরিয়া পরিত্যাগ করিতে করিতে দুটার সাক্ষাৎকারী সর্বান্তরবর্ত্তী যে মুগ্য আত্মা, যাহা সর্বপ্রেকার সাংসারিক ধর্ম স্থণ-ত্রংথাদিবর্জ্জিত, তাহাকেই প্রদর্শন করাইতে হইবে, এই উদ্দেশ্যে এই অধ্যায়ের আরম্ভ্য।

কহোল নিবৃত্ত হইলে পর গাগী নামে বচবুঁতুর ক্তা (বাচক্রবী) বাজ্ঞ-বলাকে জিজ্ঞাসা করিয়াছিলেন যে, হে যাজ্ঞবল্ধা যেমন বল্লের হতা সকল ওতপোতভাবে (দীর্ঘ ও বক্রভাবে) বস্ত্রের বাহিরে ও ভিতরে পরিব্যাপ্ত থাকে, তেমন এই পার্থিব পদার্থসমূহ যে জলেতে ওতপোতভাবে অবস্থিত রহিয়াছে, অর্থাৎ সেই পার্রিব পদার্থ সকল নিশ্চয়ই জল ঘারা বাহিরে ও ভিতরে সর্ব্বত ব্যাপ্ত আছে, তাহা না হইলে এই সমস্ত পাণিব পদার্থ শক্ত্রুষ্টির তার বিশুঝল হইয়া থাইত ; অতএব এ বিষয়ে এরপ অনুমান্ত উপরত্ত হইতৈছে যে, সুল পরিচ্ছিন্ন কার্য্যমাত্রই কল্ম অপরিচ্ছিন্ন কারণ ধারা ব্যাপ্ত, যেমন পৃথিবী জলের কার্য্য, অর্থাৎ পৃথিবী জলের ফুলাবস্থা ও জল হইতে পরিচ্ছিন্ন, ফুতরাং পৃথিবী জল ঘারা ব্যাপ্ত। দেখা যায়, পরিচ্ছিন্ন বস্তমাত্রই তাহা হইতে ব্যাপক পদার্থ দারা ব্যাপ্ত হয়। পৃথিবী জল অপেকা অল্ল; অতএব ব্যাপ্য পৃথিবী তথ্যাপক জল দারা ব্যাপ্ত। যাহা সূলপদার্থ, তাহা ফলপদার্থ দারা পরিব্যাপ্ত, ইহা নিয়ম-সিদ্ধ। এইরূপে জল, তেজ, বায়ু ও আকাশের প্রত্যেক ভূত উত্তরোত্তর ব্যাপক ভূত থারা পরিব্যাপ্ত, ইহা স্থির করিতে হইবে। ঐতএব কিত্যাদি পঞ্ভূত স্ক্রভাবাপর পরবর্তী ব্যাপক স্বস্থ কারণের সহিত সর্বাধা সঙ্ঘীভূত হইয়া রহিয়াছে।

কেবল পরমান্মাই কোন বস্তু দারাও ব্যাপ্ত নছেন; কারণ, তাঁহার বহির্ভাগে তথ্যতিরিক্ত কোন বস্তু নাই, তিনি সকলের ব্যাপক। পরমান্মার সর্কব্যাপকতা সম্বন্ধে শ্রুতি বলিয়াছেন, "সত্যক্ত সত্যং" অর্থাৎ সত্যের—পঞ্চতুতের তিনি সত্য কারণ। তাই গার্গী জিজ্ঞাসা করিলেন, যে জলে পার্থিব সমস্ত পদার্থ ওত-প্রোতভাবে অবস্থিত, সেই জল কোন্ বস্তুতে ওত-প্রোতভাবে অবস্থিতি করে? যেহেত্, জলও কার্য্য, পরিচ্ছিন্ন এবং স্থল, অতথ্যব অবস্থাই কোন বস্তুতে ওতপ্রোতভাবে থাকিবে, সে কারণ জিজ্ঞাসা করিতেছি যে, জল কাহাতে ওতপ্রোতভাবে আছে? যাজ্ঞবন্ধ্য বলিলেন যে, হে গার্গি, জল স্বকারণ বায়ুত্তে ওতপ্রোতভাবে অবৃত্বিত।

ষ্ট্রিও যাজ্ঞবন্ধোর ঐ উত্তর অসম্বত ব্লিয়া মনে হয়, কেন না, জলের কারণ অগ্নি-তেই ওতপ্রোতভাবে অবস্থিতি হওয়া উচিত। তাহা না বলিয়া অগ্নির কারণ বায়ুর উল্লেখে আজের উক্তিই প্রতিপন্ন, হয়। উত্তর—তাহা নহে। থেহেতু, অগ্নি পার্থিব পরমাণুর দাহায়া ব্যতিরেকে স্বতন্ত্রভাবে স্থিতিলাভ করিতে পারে না। মৃতরাং তাহাতে ওতপ্রোতভাবে অবস্থিতি বাস্তবিক উপদেশার্হ নহে। অতএব তাহা শ্রিত্যাগ করিয়া বায় পর্যান্ত অনুস্ত হইয়াছে। পুনশ্চ গার্গী বলিলেন, বেশ, ভাছাই যদি হয়, তবে বায়ুও স্থুল, পরিচ্ছিন্ন ও কার্য্য: ত্মতরাং দে কাহাতে ওতপ্রোতভাবে অবস্থিত ? যাজ্ঞবন্ধ্য বলিলেন যে, অস্তরীক্ষ-লোকে। পুনশ্চ গাগী জিজ্ঞাসা করিলেন যে, হে বাজ্ঞবন্ধ্য। এই অন্তরীক্ষ-লোক কোথাৰ প্ৰতিষ্ঠিত ৪ উত্তর—হে গাৰ্নি! এই সমস্ত ভুতুবৰ্গ একত্ৰ হইয়া গন্ধর্বলোকে অবস্থিত রহিয়াছে, এইরূপ গন্ধর্মলোক আদিত্যলোকে প্রতিষ্ঠিত; ष्यानिতारमांक ठम्द्रालांक, ठम्द्रालांक नक्ष्यालांक, नक्ष्यालांक राज्यालांक, দেবলোক ইন্সলোকে, ইন্সলোক বিরাট্শরীরের কারণ ভূতসমষ্টিস্বরূপ প্রদ্লাপতিলোকে ও প্রদ্লাপতিলোক ত্রন্ধলোকে ওতপ্রাতভাবে অবস্থিত আছে। कथिত बन्नाताकर्गास्त्र व्यर्थ-बन्नात्थ्य कावर-वृज्यमून्य; मकन श्रुतहे কুক্ষতারতম্যরূপে এই ভূতদমুদারই প্রাণিগণের স্থগত্বঃখভোগের আধার শরীররূপে পরিণত হইয়া গরম্পর সংহতভাবে বর্ত্তমান আছে। ঐ ভূতসজ্ঞ পঞ্সংখ্যক, এ জন্ম সকল লোকই বছত্বরূপে নির্দিষ্ট হইয়াছে। পুনশ্চ গার্গী জিজ্ঞাসা করিলেন যে, হে, বাজ্ঞবন্ধা, এই ব্রন্ধলোক কোন স্থানে ওতপ্রোতভাবে আছে ? তথন যাজ্ঞবন্ধ্য বাধা দিয়া বলিলেন যে, হে গাৰ্গি! না-না,-অতঃপর আর তুমি জিজাসা করিও না, কারণ, তুমি যে যুক্তি বা অনুমান ধরিয়া জিজাসা করিতেছ, তাহা এখানেই সীমবিদ্ধ। আগম দারা জিজাভ দেবতা (ব্রহ্ম) সম্বন্ধে অনুমানসাহাগ্যে প্রশ্ন অতীব হাস্তাম্পদ। উহাতে অনুমানের ষ্পবসর নাই। অতএব এখানেই তুমি বিরতা হও; নচেৎ তোমার মস্তক পতিত হইবে। যে দেবতা-বিষয়ে প্রশ্ন হইয়াছে, সে দেবতা প্রষ্টব্য হইলেও আত্ম-প্রভারগম্য এবং কেবল শাস্ত্রমাত্রগম্য ; অতএব গার্গীর প্রশ্ন অনুমানের উপর প্রতি-ষ্ঠিত বলিয়া সে প্রস্তব্য বিষয়ে পৌছিতে পারে নাই। কাজেই যাজ্ঞবন্ধ্য বলিলেন যে, তুমি অনতিপ্রশা দেবতার কথা জিজ্ঞানা করিতেছ, ইছা হইতে বিরত হও। व कथा अभिन्ना भागी विज्ञा हरेराना। रेराज जारेभग वरे-विश्वी भागी निक विषावत्व अजीव शक्तिजा इट्सा वाखनकात्क शतान्त कतिवाद मानरम

এইরপ ভূরুত্তর প্রশ্নের অবতারণা করিয়াছিলেন, সেই জন্ম যাজ্ঞবন্ধ্যও গার্গীকে সমূচিতরপেই ভয়প্রদর্শন করাইয়া জানাইলেন যে, কাহারই স্বীয় শক্তির সীমা অতিক্রম করা উচিত নহে, সকলকেই অবস্থামূরপ কার্য্য করিতে হইবে। নচেৎ তাঁহাকে এইরপে অপদন্ত করাই বিধেয় ॥ ১॥

ইতি তৃতীয় অধ্যায়ে ষষ্ঠ ব্ৰাহ্মণ সুমাপ্ত।

উপনিষৎস্থ—তৃতীয়াহধ্যায়স্থ

সপ্তম-ব্রাহ্মণম্

অথ হৈনমুদ্দালক আরুণিঃ পপ্রচ্ছ যাজ্ঞবক্ষ্যেতি হোবাচ মদ্রেম্ববদাম পতঞ্চলস্ম কাপ্যস্ম গৃহেষু যজ্ঞমধীয়ানাস্তস্মানীস্তার্য্যা গদ্ধৰ্ব্বগৃহীতা তমপুচ্ছাম কোহসীতি, সোহত্ৰবীৎ কবন্ধ আথৰ্ব্বণ ইতি সোহব্ৰবীৎ পতঞ্চলং কাপ্যং যাজ্ঞিকাত্দ্ৰ বেত্থ সুত্তং কাপ্য তৎসূত্রৎ যেনায়ঞ্চ লোকঃ পরশ্চ লোকঃ সর্ব্বাণি চ ভূতানি সন্দ্রানি ভবন্তীতি সোহত্রবীৎ পতঞ্চলঃ কাপ্যো তদ্তগবম্বেদেতি সোহত্রবীৎ পতঞ্চলং কাপ্যাং যাজ্ঞিকাত্ত্ম্চ বেত্থ সু ত্বং কাপ্য তমন্তর্য্যামিণং য ইমঞ্চ লোকং পরঞ্চ লোকভূ সর্ব্বাণি চ ভূতানি যোহন্তরো যয়তীতি সোহব্রবীৎ পতঞ্চলঃ কাপ্যো নাহং তং ভগবন্বেদেতি, সোহব্রবীৎ পতঞ্চলং কাপ্যং যাজ্ঞি-কাত্ৰ্ন্চ যো বৈ তুৎ কাপ্য সূত্ৰৎ বিছাত্তঞ্চান্তৰ্য্যামিণমিতি স স লোকবিৎ স দেববিৎ স বেদবিৎ স ভূতবিৎ স আত্মবিৎ স সর্ববিদিতি তেভ্যোহত্রবীত্তদহং বেদ তচ্চেত্তং যাজ্ঞবন্ধ্য সূত্ৰমবিদ্বাত্তস্থান্তর্ধ্যামিণং ব্রহ্মগবীরুদজনে মূদ্ধা তে বিপতিষ্যতীতি বেদ বা অহং গৌতম তৎসূত্রং তঞ্চান্তর্য্যামি-ণমিতি যো বা ইদং কশ্চিদ্ব্রেয়াদ্বেদ বেদেতি যথা বেখ তথা ক্ৰেছীতি॥১॥

একণে ব্রহ্মলোকেরও বিনি অন্তর্গুর আভ্যন্তরীণ, তাহা ও স্তাবিষয়ে শক্তব্য নির্নপণের জন্ম এই ব্রাহ্মণ আরন্ধ হইতেছে। সেই ব্রহ্মলোকের আন্তর আগমানুসারেই স্ত্রপ্রশ্ন কর্ত্তব্য। এই জন্য গল্লছেলে ভাছাদের আগম উপন্যস্ত হইতেছে।

এই প্রকারে গার্গী পরাস্ত হইলে অরুণের পুত্র (আরুণি) উদ্ধালক নামক জনৈক ব্রাহ্মণ যাজ্ঞবন্ধাকে জিজ্ঞানা করিলেন, হে যাজ্ঞবন্ধা! আমরা ইতঃ-পূর্বে সমস্ত যজ্ঞবিধি অধ্যয়ন করিতে মদ্রদেশে কপি-বংশ-সম্ভূত (কাপ্য) পতঞ্চলনামক এক জন ব্রাহ্মণের গৃহে বাস করিয়াছিলাম। তৎকালে সেই পতঞ্চলের পত্নী গন্ধৰ্কাবিষ্টা ছিলেন, আমরা সেই গন্ধৰ্ককে জিজ্ঞাসা ক্রিয়াছিলাম যে, তুমি কে? তথন সেই গন্ধর্ব উত্তর করিল যে, আমার নাম কবন। আমি অথব্যপের পুত্র; অতএব আমি আথর্ক কবন্ধ বলিরা পরিচিত। অনন্তর দেই গন্ধর্ম পতঞ্চলকে এবং তাঁহার যাজ্ঞিক শিষ্যগণকে জিজ্ঞাসা করিয়াছিলেন যে, হে কাপ্য! एमि कि कान, मिट एक कि ? य एकाचा कईक देशलाक (देशका), शतलाक (পরজন্ম) এবং ব্রহ্মাদি স্তম্ব পর্যান্ত সমস্ত ভূত স্ত্রেগ্রথিত মাল্যের স্থায় নিরস্তর সমভাবে সম্বন্ধ রহিয়াছে, তুমি কি সেই স্তরের সন্ধান রাণ কাপ্য এইরপে গর্ব্ব কর্তৃক জিজ্ঞাসিত হইয়া সমাদর পূর্বক বলিলেন বে, হে ভগবন্! আমি তাহা ,অবগত নহি। সেই গন্ধন পুনশ্চ আমাদের অধ্যাপককে ও আমাদিগকে জিজ্ঞাসা করিলেন মে, হে কাপ্য! তুমি কি সেই अखर्गामी (क क्वान ? यांशां क अखर्गामा विनया विश्वकर्ण निर्देश कता है। যিনি ইহলোক, পরলোক, অধিক কি, দমন্ত ভূতই অভ্যন্তরত্ব হইয়া নিমন্ত্রিত করিতেছেন, অর্থাৎ বাজীকর ধেমন দাক্রয়াকে আবশ্রকমত পরিচালিত করে, তেমন যে অন্তর্য্যামী পুরুষ জীবগণকে স্ব স্ব সমূচিত কার্য্য করাইয়া থাকেন। পতঞ্চল এরপে জিজ্ঞাসিত হইয়া বিনম্নপূর্কক বলিলেম যে, ভগবন! না,— আমি তাহাও জানি না। অতঃপর গন্ধনি জগংস্তা ও জগতের অন্তরতম অন্তর্গ্যমি বিষয়ক বিজ্ঞানের এশংসার্থ পুনশ্চ বলিতেছেন, হে পতঞ্চশ! ষে ব্যক্তি সেই স্ত্রান্তর্গত অন্তথ্যামীকে অর্থাৎ সেই স্ত্রের নিম্নতা পুরুষকে জানেন, তিনিই ব্রহ্মবিৎ অর্থাই প্রমায়ার স্বরূপাভিজ্ঞ, তিনিই লোকবিৎ অর্থাৎ অন্তর্যামী পুরুষ কর্তৃক নিয়ম্যান ভূতৃ বংষঃ প্রভৃতি লোকসকলও অবগত হন; অধিক কি, তিনি প্রকৃত দেব্বিং অর্থাৎ তিনি সেই সকল লোকাধিষ্ঠিত অগ্নাদি দেবতাকে জানিতে পারেন। জাবার তিনিই বেদবিৎ অর্থাৎ সক্ষপ্রকার প্রমাণের কারণীভূত চতুর্বিধ বেদ তাহার অধিগত হয়। স্ক্রাক্সা কর্তৃক বিধৃত এবং প্রের অন্তর্গত অন্তর্যামী কর্তৃক ম্পানিষ্ঠমে পরিচালিত, এক্ষাদি ভূতবর্গত তাহার অজ্ঞাত থাকে না; অন্তর্যামী কর্তৃক নিম্নমিত ও কর্তৃতভোক্তৃত্বাদিবিশিষ্ট আত্মা (জীব) ও হত্তান্তর্গত সমস্ত জগৎ—এ সকলকেও তিনি অবগত হন। গন্ধক

এপ্রকারে স্কায়া ও অন্তর্য্যামী বিজ্ঞানের প্রশংসা করিলে পর পতঞ্চল ও আমরা সকলেই সেই তত্ত্বপ্রবণ প্রলোভনে আরুই হইয়াছিলাম। পরে গন্ধর্ম আমাদিগকে আগ্রহায়িত দেখিয়া স্ত্র ও অন্তর্য্যামী বিষয়ে যাহা কিছু জ্ঞাতব্য, তিনি তংসমস্তই আমাদিগকে বলিয়াছিলেন এবং আমি সেই গন্ধর্মের প্রমুখাৎ স্ক্রান্তর্য্যামী সম্বন্ধে সর্ম্বন্তর্যন্ত অবগত হইয়াছি; অতএব বলিতেছি বে, যাজ্ঞবন্ধ্য! তৃমি বদি সেই স্ক্রোয়া ও অন্তর্যামীকে না ঝানিয়া নিজের ব্রক্ষজ্ঞাভিমান করত সমস্ত ব্রক্ষবিদের প্রাপ্তা গোধন সকলকে প্রত্যায়ররূপে নিজ গৃহাভিমুখে প্রেরণ কর, তাহা হইলে আমার অভিশাপে দগ্ধ হইয়া তোমার মন্তক নিশ্চয় পতিত হইবে। যাজ্ঞবন্ধ্য এইরূপ সগর্ম প্রশা প্রবামার বিল্লেন যে, হে গৌতমগোত্রসন্ত্রা! সেই গন্ধর্ম্ব তোমাকে স্ক্রোয়া ও অন্তর্য্যামী বিষ্ক্রে যাহা যাহা বলিয়াছেন এবং তোমরা গন্ধর্ম-প্রমুখাৎ অন্তর্য্যামী ও স্ত্রসম্বন্ধে যাহা বাহা বলিয়াছে, আমি তৎসমস্তই অবগত আছি।

এ কথা শুনিমা গৌতম বলিলেন যে, ওহে যাজ্ঞবন্ধ্য ! ওরূপ, গর্জ্জনে অবশ্রুক কি ? আন্মধাবা পরিত্যাগ করিমা যাহা জান, তাহা কার্য্যতঃ প্রকাশ করিমা দেখাও॥ ১॥

স হোবাচ বায়ুর্বৈ গোতম তৎসূত্রং বায়ুনা বৈ গোতম সূত্রেণায়ঞ্চ লোকঃ পরশ্চ লোকঃ সর্বাণি চ ভূতানি সন্দু কানি ভবস্তি তন্মাদৈ গোতম পুরুষং প্রেতমান্ত্ব্যস্রভাগিতা-নীতি বায়ুনা হি গোতম সূত্রেণ সংদূকানি ভবস্তীত্যে-বমেবৈতদ্যাজ্ঞবন্ধ্যান্তর্য্যামিণং জহীতি॥ ২॥

তাহা শুনিয়া যাক্সবন্ধা বলিতে আরম্ভ করিলেন। অভিপ্রায় এই—বর্ত্তমান দমরে বেমন এই বিশাল পৃথিবীমগুল জনের উপরে ওত-প্রোভভাবে অবস্থিত রহিয়াছে, দেইরপ রন্ধলোকসমূহও যাহাতে ওতপ্রোভভাবে অবস্থিত, দেই হত্তের বিষয় এক আগম দারা অবগত হওয়া যায়, তাহাই এক্ষণে বক্তব্য, এই অভিপ্রায়ে প্রাম্নকর্তা বিতীয় প্রাম্ন উত্থাপিত করিয়াছেন, অতএব তাহার নির্দারণের ভক্ত যাজ্ঞবন্ধা বলিলেন যে, হে গৌতম! এই প্রসিদ্ধ বায়ুই ভোমার জিজ্ঞানিত হত্তঃ, অন্ত কেহ নহে। এথানে বারু শক্ষের অর্থ—যাহা আকাশের মত পৃথিবী প্রভৃতি সর্বাভূত্তের অবইন্তক (ধারক) হক্ষ পদার্থ, সপ্রদশ

অবয়ববিশিষ্ঠ * শিঙ্গশরার যাহাকে অবগদন করিয়া স্থিতি লাভ করে এবং যাহা প্রাণিগণের কর্ম্মারের আধার সমষ্টি ও ব্যষ্টিরূপে ব্যবস্থত হয়, সমুদ্রের তরঙ্গমালার স্থায় প্রসিদ্ধ উনপঞ্চাশং মফুদুগণ যাহার বাহুভেদ, দেই বারুভন্তকই যাজ্ঞবন্ধ্য পুত্র নামে অভিহিত করিতেছেন, তিনি বলিলেন :---

হে গৌতম! এই বায়ুরূপ হত্ত দারা ইহলোক, প্রলোক, অধিক কি, সমস্ত প্রাণী গ্রথিত হইয়া আছে। আর বায়ু যে সর্বলোকের ফ্তা, ইহা অপ্রসিদ্ধও নহে। এইরূপ লোকপ্রসিদ্ধি আছে যে, বারু জগতের হতে, বারু সমস্ত ধারণ করিয়া থাকে। আর এই জন্যই বায়ুর অপগ্রে পুরুষকে প্রেত-সংজ্ঞায় অভিহিত করা হয়। তথন লোকে বলে, এই ব্যক্তির অঙ্গ সকল শিথিল হইয়াছে, বিশ্বত নহে অর্থাং যেমন মালোর হত্র ছিল্প বা পুথক করিলে মাল্যস্থিত মণিসকলও বিশুঝাল হয়, তেমন এই জীবের শরীরও বাযুরূপ স্ত্রকর্তৃক পরিত্যক্ত হইলে বিশৃঙ্খল অর্থাৎ শিথিল হইয়া থাকে; অতএব অবশ্রাই এই সিদ্ধান্ত করিতে হইবে যে, এই বায়ুক্রপ সূত্র দারাই সমস্ত ভূত সমস্ক ও গ্রথিত হইমা বহিয়াছে। এই কথা এবণ করিয়া গৌতম বলিলেন যে, হে যাজ্ঞবন্ধা। তুমি বেরপ হত নির্দেশ করিয়াছ, তাহা ঠিক, একণে হতের নিমন্তা ও অন্তর্গত অন্তর্যামীর বিষয় আমাকে বল ॥ ২ ॥

यः পৃথিব্যাৎ তিষ্ঠন্ পৃথিব্যা অন্তরো यং পৃথিবী ন বেদ পৃথিবী শরীরং বঃ পৃথিবীমন্তরের যময়ত্যেষ ত আত্মাহন্তর্যাম্যমুক্তঃ ॥ ৩ ॥

যাক্তবন্ধ্য গৌতম কর্তুক এইরূপ জিজ্ঞাদিত হুইয়া বলিতে আরম্ভ করিলেন, থিনি পৃথিবীতে অবস্থান করিয়া থাকেন, তিনিই অন্তর্গ্যামী। থদিচ সমস্ত বস্তুই পৃথিবীর উপরে অবস্থিত, তাহারও অন্তর্গ্যামী সংজ্ঞা লাভ করিতে পারে ; এ কারণ তাহা 'নিবারণের জন্ম বিশেষরূপে নির্দিষ্ট হইতেছে যে, যিনি পৃথিবীর অন্তর-अञ्च अवर्की, जिनिरे अवर्षाभी। उत्त कि পृथिनीत अधिशेषी मनजारे अव र्यामी ? ना, ठाहा नरह; शुधिवीत एवका ७ योशांत जारनन ना ए, जामांत

^{*} शक थान, मन, दुकि, रुख्यानि वन है खिन्न धरे बिलिंड मधनन अवस्वतंक লিঙ্গশরীর বলে । এই লিঙ্গশরীরই ভীবের ভোগদাধন। "ংঞ্প্রাণমনোবৃদ্দিশক্রিয়-সম্বিত্য । শরীরং সপ্তদশভিঃ পুন্মং ভলিকমূচ্যতে" ইতি।

मरक्षा এक इन वर्डमान आहिन,—गाँशांत आहित आमि हानिछ, छिनिहे অন্তর্গামী। পৃথিবীই বাহার শরীর, তদভিল বাহার দিতীয় শরীর নাই অর্থাৎ পৃথিবীর অধিষ্ঠাত্রী দেবতার যে শরীর, তাহাই যাহার শরীর, তথু তাহাই নছে, পৃথিবীর ইন্দ্রিয়ই থাঁহার ইন্দ্রির, তিনিই অন্তর্য্যামী। অভিপ্রায় এই—নিত্য মুক্ত-স্বভাব ক্রিমাকারকাদিবজ্জিত অন্তর্যামীর নিজস্ব কোন কর্ত্তব্য কর্মই নাই ; স্বতরাং কেবল পরার্থে বাহার চেষ্টা, তীহার কার্য্য স্বতঃ হইতেই পারে না –অন্সের কার্য্য ; দেহ ও ইন্দ্রির ভাঁহার দেহ ও ইন্দ্রির, এ জন্ত পৃথিবী দেবতার শরীরেন্দ্রিরাদিই অন্তর্গামীর শরীরেন্দ্রিয়াদিরূপে অভিহিত হইরাছে। অধিষ্ঠাত্রী দেবতার দেহ ও ইন্সিমে ঈশবের সাক্ষিমাত্ররূপে সান্নিধ্য হেতু তাছার নিয়ত প্রবৃত্তি ও নিবৃত্তি হইয়া থাকে অর্থাৎ সর্ব্বভূতের অধিষ্ঠাত্রী দেবতার দেহ ও ইন্দ্রিয়ে যে নিয়তভাবে প্রবৃত্তি ও নিবৃত্তি স্কর্টিত হয়, তাহা অন্তর্য্যামী ঈশ্বরের সম্পর্ক হেতু, অন্তথা নহে। এইরূপ ঐথর্য্যসম্পন্ন নারায়ণ নামক ঈশ্বরই পুথিবী এবং পৃথিবী-দেবতার অভাস্তরে থাকিয়া স্ব স্ব কার্য্যের পরিচালনা করেন ও তিনিই তোমার, আমার এবং সর্বভূতের অন্তর্যামী, তাঁহাতে কোন প্রকার সাংসারিক স্থগ্রংখাদির সম্পর্ক নাই বলিয়া তিনি নির্দ্ধেণ। ইহাই তোমার জিজ্ঞাসিত অমৃত (নিতা) व्यवसामी॥ ०॥

যোহপদ্ তিষ্ঠন্ধন্দ্যোহস্তরে। যমাপো ন বিছুর্যস্থাপঃ শরীরং যোহপোহস্তরো যময়ত্যেষ ত আত্মাহস্তর্যাম্যমূভঃ॥ ৪॥

আরও গুন, যিনি জলেতে অবস্থিত, অথচ জল হইতে পুণক্, জল যাহাকে চিনিতে পারে না, জল বা জলাবিষ্ঠাতী দেবতা যাহার শরীর, জল যাহার ইন্দ্রির এবং যিনি জলের অভ্যন্তরত্ব হইয়া জলকে নিয়মিতভাবে পরিচালিত করিতেছেন, তিনিই তোমার, আমার এবং সর্বভূতের অপ্তর্গামী ঈশ্বন—নারারণ ॥ ৪ ॥

যোহগো তির্ভন্নযেরন্তরে। যমগ্রিন বেদ যস্তাগ্নিঃ শরীরং যোহগ্রিমন্তরে। যময়ত্যেষ ত আত্মাহন্তর্য্যাম্যমৃতঃ ॥ ৫ ॥

থিনি জ্যোতির্মন অধিতে অবস্থিত হইয়াও অধির অভ্যন্তর, অভ্যন্তরে থাকিলেও অধি ঘাহার স্বরূপ জানিতে পারেন না, অথচ অধিই ঘাহার শরীর ও ইন্সির, এবং অভ্যন্তরস্থিত হইয়া যিনি অগ্নিকে শ্বকার্য্যে নিয়মিত করিয়া রাণিয়াছেন, তিনিই তোমার, আমার ও অপরের অবিনশ্বর অন্তর্যামী,॥ ৫॥

যোহন্তরিক্ষে তিষ্ঠন্ধন্তরিক্ষাদন্তরে। যমন্তরিক্ষণ ন বেদ যস্তান্তরিক্ষণ্ড শরীরং যোহন্তরিক্ষমন্তরে। যম্য়ত্যেষ ত আত্মা-হন্তর্য্যাম্যমূতঃ॥ ৬॥

থিনি অন্তর্রাক্ষের মধ্যে অবস্থিত হইয়াও সমঃ অন্তর্বীক্ষের অন্তর্বর্তী, অন্তরীক্ষ বাঁহাকে জানিতে পারে না, অন্তরীক্ষ বাঁহার শরীর ও ইন্দ্রিয় এবং বিনি অন্তরীক্ষে থাকিয়া অন্তরীক্ষকে নিজ কার্য্যে যথানিম্বমে পরিচালিত করিতেছেন, তিনিই তোমার, আমার ও অন্তান্ত ভূতবর্গের অবিনাশী অন্তর্যামী ॥ ৬॥

যো বায়ে। তিষ্ঠন্ বায়োরন্তরো যং বায়ুর্ন বেদ যস্ত বায়ুঃ
শরীরং যো বায়ুমন্তরো যময়ত্যেষ ত আত্মাহন্তর্যাম্যমূতঃ॥ ৭॥

থিনি চঞ্চলস্বভাব বায়তে অবস্থিত হইরাও স্বয়ং বায়ুর অন্তর্গত অথচ বায়ুর অবিষ্ঠাত্রী দেবতা ঘাহাকে জানিতে পারে না, বায়ু ঘাহার শরীর ও ইব্রিয় এবং ঘাহার নিয়মানুসারে বায়ু অহরহঃ ক্রিয়া করিতেছে, তিনিই তোমার আমার ও অপরাপরের অন্তর্গামী ॥ १ ॥

যো দিবি তিষ্ঠন্দিবোহন্তরো যং দ্যোন বেদ যক্ত দ্যোঃ শরীরং যো দিবমন্তরো যময়ত্যেষ ত আত্মাহন্তর্য্যাম্যুক্তঃ॥ ৮॥

বিনি গুলোকে বর্ত্তমান হইমাও গুলোকের অত্যন্তরে আছেন, তথাপি গুলোক থাঁহার স্বরূপ অবগত নহে, এই গুলোকই থাঁহার শরীর ও ইন্দ্রির, অস্তরে- থাকিয়া যিনি গুলোককে স্বকীয় কার্য্যে নিয়মিত করিতেছেন, ইনিই ভোমার, আমার, অপরের সেই অবিনাশী অন্তর্যামী নারায়ণ ॥ ৮॥

য আদিত্যে তিষ্ঠনাদিত্যাদন্তরে। যমাদিত্যো ন বেদ যস্তা-দিত্যঃ শরীরং য আদিত্যমন্তরে। যময়ত্যেষ ত আত্মাহন্তর্যাম্য-মৃতঃ ॥ ৯ ॥ যিনি আদিত্যমগুলে অবস্থান করেন, কিন্তু আদিত্যের অভ্যস্তরবর্ত্তী, আদিত্য যাহাকে জানিতে পারে না, অথচ আদিত্যই যাহার শরীর ও ইন্দ্রিয়, যিনি অভ্যস্তরে থাকিয়া আদিত্যকে কর্ত্তর কার্য্যে নিম্নমিতভাবে প্রেরণ করিতেছেন, ইনিই ভোমার, আমার, সর্বভূতের নিত্যসিদ্ধ অন্তর্য্যামী আত্মা ॥ ১ ॥

যো দিক্ষু তিষ্ঠন্দিগ ভ্যোহন্তরো যং দিশো ন বিচুর্যস্ত দিশঃ শরীরং যো দিশোহন্তরো যময়ত্যেষ ত আত্মাহন্তর্যাম্য-মৃতঃ ॥ ১০ ॥

ষিনি নানাদিকে অবস্থিত হইরাও দিক্সকলের অভ্যন্তর, তথাপি দিক্-সকল বাঁহার তত্ত্ব জানে না, অথচ দিক্ সমস্ত বাঁহার দেহ ও ইন্দ্রির, যিনি দিক্-মগুলের অভ্যস্তরে থাকিয়া দিক্ সকলকে স্থির রাথিয়াছেন, তিনিই নিত্য অস্তর্য্যামী॥১০॥

যশ্চন্দ্রতারকে তিষ্ঠত্শচন্দ্রতারকাদন্তরে। যঞ্চন্দ্রতারকং ন বেদ যক্ষ চন্দ্রতারক্ত শরীরং যশ্চন্দ্রতারকমন্তরো যময়ত্যেষ ত আত্মাইন্তর্য্যাম্য মৃতঃ ॥ ১১॥

যিনি এই চক্র ও তারিকার অবস্থিত হইয়াও তাহা হইতে অন্তর, এবং তাহার। বাঁহাকে জানিতে পাবে না; চক্র ও তারকা বাঁহার শরীর ও ইক্রিয় অথচ বিনি চক্র ও তারকার মধ্যে থাকিরা তাহাদিগকে কার্য্যে স্বীয় শাসনাধীন করিয়া রাথিয়াছেন, তিনিই অমৃত অন্তর্য্যামী॥ ১১॥

য আকাশে তিউন্নাকাশাদন্তরো যমাকাশো ন বেদ যম্ভাকাশঃ
শরীরং য আকাশমন্তরো যময়ত্যেষ ত আত্মাহন্তর্যাম্যমৃতঃ ॥ ১২ ॥

থিনি আকাশে অবস্থান করিয়াও আকাশ হইতে সম্পূর্ণ অভ্যন্তর, তথাপি আকাশ-দেবতা বাঁহাকে জানিতে পারে না, আকাশ বাঁহার শরীর প্রভৃতি, সেই অন্তর্য্যামীই তোমার, আমার এবং সমস্ত ভূতবর্ণের অন্তর্গ্যামী ও অমৃতস্থরপ ॥ ১২॥

যস্তমদি তিষ্ঠত্তমদোহ্তরে। যং তমে ন বেদ যস্ত তমঃ শরীরং যস্তমোহতরে। যময়ত্যের ত আত্মাহতর্যাম্যমূতঃ ॥ ১৩॥

যিনি সমস্ত বন্ধ-আবরক অন্ধকারে অবস্থিত, অথচ অন্ধকার হইতে ব্যার্ভ, অন্ধকারের অধিষ্ঠাত্ত্রী দেবতাও বাঁহাকে জানিতে পারে না, অথচ এই অন্ধকারই বাঁহার শরীর, যিনি অন্তর্গত হইয়া তাহাকে শাসনাধীন রাণিয়াছেন, তিনিই তোমার নিত্য অন্তর্গামী॥ ১৩॥

যত্তেজনি শতিষ্ঠশুন্তেজনো হস্তরো যং তেজোন বেদ যক্ত তেজঃ শরীরং যত্তেজোহন্তরো যময়ত্যেষ ত আত্মাহন্তর্যাম্যমূত ইত্যধিদৈবতম্॥ ১৪॥

যিনি প্রকাশীন তেজে অবস্থিত হইর।ও তেজঃপদার্থ ইইতে অভ্যন্তরে বর্ত্তমান, তথাপি তেজের অধিষ্ঠাত্রী দেবতা পর্যন্ত ঘাঁহাকে জানিতে পারে না, তেজঃ
গাহার শরীর এবং তেজের অন্তরবর্ত্তী, ঘাঁহার শাসনে তেজঃ চিরদিন
সমানভাবে পরিচালিত, তিনিই তোমার ও সকলেরই অমরণশীল অন্তর্যামী।
এই পর্যান্ত উক্তি দারা সমস্ত দেবতার অন্তর্যামীর আধিদৈবিক বিস্তার বর্ণিত
হইল। অতঃপর সমস্ত ভৌতিক স্প্তিতেও ভাঁহার অন্তর্যামিরপে অন্তিদ দেখাইয়া আদিভৌতিক অন্তর্যামি বিজ্ঞান প্রদানিত হইতেছে॥ ১৪॥

অথাধিভূতং— যঃ সর্বেষু ভূতেয়ু তিষ্ঠনু সর্বেভ্যো ভূতেভ্যোহন্তরো যথ সর্বাণি ভূতানি ন বিপ্লুর্যন্ত সর্বাণি ভূতানি শরীরং যঃ সর্বাণি ভূতাগ্যন্তরো যময়ত্যেষ ত আত্মাহন্ত-র্যাস্যমৃত ইত্যধিভূতম্॥ ১৫॥

খিনি সর্বভূতে অবস্থিতি করেন, কিন্তু সর্বভূতের (অত্যস্ত) অন্তর, তথাপি ভিন্ন, সর্বভূত বাঁহাকে জানিতে সমর্থ নহে, খিনি সর্বভূতকে অভ্যস্তরে থাকিরা স্ব স্ব কার্ত্যে নিয়মিত করিয়া রাথিয়াছেন, তিনিই তোমার নিত্য অন্তর্যামী ॥ ১৫॥

অথাধ্যাত্মং—যঃ প্রাণে তিষ্ঠন্ প্রাণাদন্তরে। যং প্রাণো ন বেদ যক্ষ প্রাণঃ শরীরং যঃ প্রাণমন্তরে। যময়ত্যেষ ত আত্মাহন্ত-র্যাম্যমৃতঃ ॥ ১৬ ॥

এই পর্যান্ত ব্রহ্মাণি স্তথ প্রয়ন্ত সমস্ত ভূতের অন্তর্যামী কথিত হইল। একণে অধান্য অর্থাৎ শরীরবিষয়ে অন্তর্যামি-বিজ্ঞান বর্ণিত হইতেছে। যিনি প্রাণে পাকেন, অর্থচ প্রাণ হইতে অন্তর, যিনি প্রাণের অপরিচিত, এই প্রাণই বাহার শরীর এবং যিনি অন্তরে থাকিয়া প্রাণের প্রেরণা করিতেছেন, সেই নিতা পুরুষই ভোমার জিজ্ঞান্ত অক্ষয় অন্তর্গ্যামিল। ১৬ ।

যো বাচি তিষ্ঠন্ বাচোহন্তরে। যং বাঙ্ন বেদ যক্ষ্য বাক্ শরীরং যো বাচমন্তরে। যময়ত্যেষ ত আত্মাহন্ত-ব্যামায়তঃ॥ ১৭॥

যিনি বাগিল্রিয়ে বর্ত্তমান অপচ বাগিল্রিয় হইতে অন্তর, বাগিল্রিয় দেবতা বাহাকে জ্বানেন না, কিন্তু বাগিল্রিয় বাহার শরীরাদি, বাগিল্রিয়ের অভ্যন্তরে থাকিয়া বিনি আত্মাকে নংবত করিতেছেন, তিনিই তোমার আমার সকলের অন্তর অন্তর্থ্যামী ॥ ১৭%

যশ্চক্ষুষি তিষ্ঠৎশচকুষোহন্তরে। বং চক্ষুন বেদ যস্ম চক্ষুঃ
শরীরং যশ্চক্ষুরন্তরে। যময়তোষ ত আত্মাহন্তর্যাম্যমুতঃ ॥ ১৮ ॥

থিনি চক্ষুতে আছেন, অথচ চকুর অভ্যন্তরে, তথাপি চকু যাহাকে অবগত হইতে পারে না, চকু যাহার শরীর, সেই চকুর অভ্যন্তরত সংযমনকারী নিভাপুরুষই তোমার জিজ্ঞাসা অন্তর্যামী॥ ১৮॥

যঃ শ্রোত্তে তিষ্ঠঞ চ্ছোত্রাদন্তরে। যথ শ্রোত্তং ন বেদ যস্ত শ্রোত্ত্য শরীরং যঃ শ্রোত্তমন্তরে। যময়ত্যের ত আত্মাহন্তর্যাম্য-মৃতঃ ॥ ১৯ ॥ যিনি প্রবংশক্রিরে অধিষ্ঠিত অথচ প্রবংশক্রিয়ের অন্তর, অভ্যন্তরে পাকিলেও বাহাকে প্রবংশক্রিয় দেবতা জানিতে পারে না, যিনি প্রবংশক্রিয়-শবীর, যিনি সেই প্রবংশক্রিয়ের অন্তর্গাড় নিয়ন্তা, সেই নিত্য পুরুষই তোমার অন্তর্গামী॥১৯॥

যো মনসি তিষ্ঠশ্মনসোহস্তরো যং মনোন বেদ যক্ত মনঃ শরীরং যো মনোহস্তরো যময়ত্যেষ, ত আত্মাহস্তর্যাম্য-মৃতঃ॥ ২ • ॥

যম্বচি তিষ্ঠ ওম্বচোহন্তরে। যং স্বঙ্ন বেদ যস্ত স্বক্ শরীরং যম্বচমন্তরে। যময়ত্যেষ ত আজান্তর্যাম্যয়তঃ ॥ ২১ ॥

যো বিজ্ঞানে তিষ্ঠন্ বিজ্ঞানাদন্তরো যং বিজ্ঞানং ন বেদ যক্ত বিজ্ঞানত শরীরং যো বিজ্ঞানমন্তরো যময়ত্ত্যেষ ত আত্মা-হন্তর্য্যাম্যমূতঃ॥ ২২॥

যো রেতসি তিষ্ঠন্ রেতসোহস্তরে। যথ রেতো ন বেদ যস্থা রেতঃ শরীরং যো রেতোহস্তরে। যময়ত্যেষ ত আত্মাহস্তর্যাম্য-মৃতোহদৃক্টো দ্রুকীংশ্রুতঃ শ্রোতাহমতো মন্তাহবিজ্ঞাতো বিজ্ঞাতা নাম্যোহতোহস্তি দ্রুকী নাম্যোহতোহস্তি শ্রোতা নাম্যোহতোহস্তি মস্তা নাম্যোহতোহস্তি বিজ্ঞাতৈষ ত আত্মা-হস্তর্যাম্যমৃতোহতোহস্তদার্ত্তং ততো হোদ্দালক আরুণিরুপ-ররাম॥ ২৩॥

ইতি সপ্তমং ব্রাহ্মণং।

এইরূপ যিনি মন, স্বগিন্দ্রির, বৃদ্ধি ও বীধ্যেতে অবস্থিত হইরাও মন, স্বক্, বৃদ্ধি ও বীর্য্য দেবতার অভ্যন্তরস্থ, তথাপি তাহারা বাহাকে জানিতে পারে না, মন প্রস্থৃতি বাহার শরীরাদি, বিনি মন, স্বক্, বৃদ্ধি ও বীর্য্যের নিষ্মিত-ভাবে পরিচালক, তিনিই সকলের অন্তর্যামী অমৃত পুরুষ।

কেন যে সেই পথিবাদি দেবভাগণ সর্বজ্ঞানশক্তিসম্পন্ন হইয়াও মহুধ্যাদির মত নিজ অভান্তরে হিত দেই অন্তর্যামীকে জানিতে পারেন না, তাহার কারণ-দেই অন্তর্যামী চাক্ষয প্রতাক্ষের বিষয় নহে কিন্তু নিজেই চক্ষতে অধিষ্ঠিত, এজনা সর্বাপদার্থের দ্রষ্টা: তাহার প্রবণশক্তি অক্ষুগ্র, কারণ, সকলের কর্ণেই তিনি বর্তমান, কিন্তু তাঁহাকে কেহ ভনিতে পায় না। তাঁহাকে কেহও মনের विषग्रीकृष्ठ कतिए शादा ना, कात्रण, मत्नत कार्या नक्क्ष ও विकक्ष, जिनि तिरे मानिमक मकक्षामित विषयीकुठ नरहन, छोहात कात्रण, क्षीव माधात्रण वाहा स्मर्थ বা খনে, তিখিয়েই সম্বন্ধ করে। আত্মা দৃষ্টও নহেন, শ্রুতও নহেন, কাজেই মনের বিষয়ীভূত নহেন। কিন্তু তিনি সকলের মনে সন্নিহিত ও অকুগ্র মনন-শক্তিদপ্রম, এজন্ত দর্কবিষয়ে মননকারী। এইরপ তিনি মনুষ্টোর নিকট রূপাদি বা সুখাদির মত নিশ্চিতভাবে জ্ঞাত নহেন, কিন্তু তিনি অলুপ্ত বিজ্ঞান-শক্তিবলে স্বয়ং সকলের নিশ্চয়কারী। এই সকল উক্তি ছারা মনে হয়, যেন পৃথিবী প্রভৃতি বিজ্ঞাতা সতন্ত্র ও অন্তর্যামী নিমন্তা বিভিন্ন। এই আশকা নিবা-রণের জন্য বলিতেছেন--্যেহেতু, এই অন্তর্য্যানী ভিন্ন আর বিতীয় দ্রপ্তা (দর্শন-কারী), শ্রোতা, মন্তা (যে চিন্তা করে) বা বিজ্ঞাতা (যে নিশ্চর করে) কেহই নাই ; বেছেত্, অন্তর্যামী সমস্ত সাংসারিক ধর্মে অলিপ্ত, অথচ সকল সংসারী জীবের কর্ম্মকলের বিধানকারী। হে উদালক। ইনিই তোমার জিজ্ঞাসিত অন্তর্যামী: ইনিই অমুত নিতা, অতএব এত্তির আর যাহা যাহা আছে, তংসমন্তই আর্ত-ন্ধর। অভঃপর অকুণ্ডনয় উদ্দালক দথায়থ জ্ঞাতব্যের উত্তর পাইব বিরত হইলেন ॥ ২০--২৩ ॥

ইতি তৃতীর অধ্যায়ে সপ্তম ব্রাহ্মণ সমাপ্ত।

উপনিষৎস্থ--তৃতীয়াধ্যায়স্থ

অফাম-ব্রাহ্মণম্

অথ হ বাচকব্যবাচ বাহ্মণা ভগবন্তো হস্তাহমিমং ছে প্রশ্নো প্রক্যামি তৌ চেন্মে বক্ষ্যতি ন, বৈ জাতু যুম্মাকমিমং কশ্চিদ্রক্ষোদ্যং জেতেতি পুচ্ছ গার্গীতি॥ ১॥

অতংপর যিনি অশনায়াদি (ভোজনেচ্ছাদি) সাংসারিক ধর্মবিনির্ম্মুক্ত, সর্বপ্রেকার উপাধিরহিত ও সর্বজ্ঞীবের সাক্ষাৎ প্রভাজগোচর, সেই সর্বভূতের অন্তর্বতী বন্ধের শ্বরপনিরপণ কর্ত্বন, এ জন্ত এই ব্রাহ্মণ আরম্ভ ইইতেছে। পূর্বের গাজ্ঞবন্ধ্য মন্তকপাতের ভর দেখাইয়া বাচকবীকে বিরত করিয়াছেন, এ জনা তিনি পুনরায় কিছু জানিবার জন্ত ব্রাহ্মণের অন্তর্মতি প্রার্থনা করিতেছেন রে, বাচগুরী বলিলেন, হে পূজনীয় ব্রাহ্মণগণ! আপনারা অন্তর্থহপূর্বেক আমার কথা শ্রবণ করুন। আপনারা যদি অন্তমতি করেন, তাহা হইলে আমি এই বাজ্ঞবন্ধ্যকে পুনশ্চ হুইটি প্রশ্ন জিজ্ঞাসা করি। আমার জিজ্ঞাসার উদ্দেশ্য এই যে, যদি বাজ্ঞবন্ধ্য কোনমতে সেই প্রশ্নহণ্ণের উত্তর করিতে পারেন, তাহা হইলে নিশ্চর জানিবেন যে, আপনাদিগের মধ্যে এমন কেছ বন্ধক্ত নাই, যিনি এই বন্ধবাদা গাজ্ঞবন্ধাকে পরাজিত করিতে পারিবেন। এই কথা প্রবণ করিয়া বান্ধণগণ 'বেশ গাগি, তুমি যথৈচ্ছ প্রশ্ন করিতে পার', এই বনিয়া গার্গাকে অনুমতি প্রদান করিলেন। গার্গাও বান্ধণগণের অনুমতি প্রাপ্ত হইয়া জিজ্ঞাসা করিতে প্রস্তুত্ব হইলেন । গার্গাও বান্ধণগণের অনুমতি

সা হোবাচাহং বৈ হা যাজ্ঞবল্ধ্য যথা কাশ্যো বা বৈদেহো-বোত্রপুল উজ্জ্যৎ ধমুরধিজ্ঞাং কুত্বা ছো বাণবজ্ঞো সপত্মাবতি-ব্যাধিনো হত্তে কুত্বোপোত্তিকেদেবমেবাহং তা দ্বাভ্যাং প্রশ্নাভ্যা-মুপোদস্থান্তো মে ক্রহীতি পুচ্ছ গানীতি ॥ ২ ॥

আমন্তর গার্গী যাজ্ঞবন্ধাকে বলিলেন যে, হে মহাশর ! আমি আপনাকে গুইটি প্রশ্ন জিজ্ঞানা করিতে ইজ্জা করি; এই বলিয়া সেই প্রশ্নহয়ের গুরুহত্ব জ্ঞাপনের মিমিত যাজ্ঞবন্ধাকে দৃষ্টান্ত ভারা বুঝাইতেছেন যে, হে যাক্সবন্ধা ! এই ভূমওলে বেমন স্বীয় অসীমশোর্যাবির্বা প্রাদিদ্ধ কাশীসভূত (কাশ্য) বীরগণ অথবা শক্রর অপরাজেয় বীরবংশপ্রস্থত বিদেহরাজ যেমন জ্যারোপপহীন ধন্তকে প্রশুভ জ্যা আরোপণ পূর্বক অত্যে বংশথওসমন্তিত শক্রপীড়াকর হুইটি তীক্ষ্ণ শর হস্তে লইয়া বিবাদক্ষেত্রে শক্রসমীপে আত্মপ্রদর্শন করে, আমিও তেমনই হক্তর হুইটি প্রশ্নরূপ বাণ লইয়া ত্যোমার নিকটে উপস্থিত হইয়াছি। তুমি যদি যথার্থ ব্রহ্মবিৎ হও, তবে সেই প্রশ্ন তুইটির যথার্থ উত্তর আমায় বল। যাজবন্ধা এই কথা প্রবণ করিয়া বলিলেন যে, হে গার্গি। তোমার যাহা ইচ্ছা হর, ভাহাই জিজ্ঞাসা করিতে পার ॥ ২॥

সা হোবাচ যদূর্দ্ধং যাজ্ঞবল্ক্য দিবো যদবাক্ পৃথিব্যা যদস্তরা দ্যাবাপৃথিবী ইমে যদুতৃঞ্চ ভবচ্চ ভবিষ্যচেত্যাচক্ষতে কম্মিশুন্তদোতঞ্চ প্রোত্তেক্তি॥ ৩॥

তথন গাগাঁ জিজ্ঞাসা করিলেন যে, ছে বাজ্ঞবন্ধা! ব্রহ্মাণ্ডের উদ্ধে পৃথিবীর অধাদেশে এবং ত্যালোক ও পৃথিবীর অন্তরালে যাহা বর্তমান এবং যাহা অতীত, যাহা বর্তমান—ক্রিয়াবস্থায় স্থিত এবং যাহা ভবিষ্যৎ অর্থাৎ বর্তমান কালের পরবর্ত্তী কালে যাহা ভাবী হেতু ঘারা ভাবিত্ববিষয়ে অন্থমেয়রূপে শাস্ত্র-জ্ঞানাম্বসারে কথিত হয়, সেই সমস্ত দৈতবন্ধ বে প্রেত্তে একীভাবে অবস্থিত, সেই প্রে জলে পার্থিয় বাতুর মত কোথায় ওতপ্রোতভাবে অবস্থিতি করিতেছে? ॥ এ॥

স হোবাচ যদৃদ্ধিং গার্গি দিবো যদবাক্ পৃথিব্যা যদন্তরা দ্যাবাপৃথিবী ইমে যন্ত,তঞ্চ ভবক্ত ভবিষ্যক্ষেত্যাচক্ষত আকাশে তদোতঞ্চ প্রোত্তেতি॥ ৪॥

নাজবরুর গার্গীর ঐ সমস্ত কথা প্রবণ করিয়া বলিলেন থে, হে গারি।
তুমি যে শান্তামুমোদিত স্তাের কথা জিজ্ঞানা করিয়াছ অর্থাৎ ব্রহ্মাণ্ডের উদ্ধে,
স্থিবীর অধঃ এবং হালোক ও স্থিবীর মধ্যবর্তী স্থানে বাহা অবস্থিত এবং
যাহা ভূত, ভবিশ্যং ও বর্তুমানাত্মক বস্তু, এই সমষ্টি কোন্ স্ত্র-নিবন্ধ আছে,
ভাহা বলিতেছি। ঐ স্তর স্কু আকাশে ওত্তােতভাকে অবস্থিত অর্থাৎ

পৃথিবী বেমন ভূত, ভবিশ্বৎ ও বর্ত্তমান এই ত্রিকালে স্বকারণ জলে ওতপ্রোত-ভাবে অবস্থিত, সেইরূপ ত্রিকালেই উৎপত্তি, স্থিতি ও লয়াবস্থার অব্যাক্ত অর্থাৎ অনভিব্যক্ত মহাকাশে, এই কার্যারূপে অভিব্যক্ত জগৎ ওতপ্রোতভাবে বহিরাছে॥ ৪॥

সা হোবাচ নমস্তেহস্ত বাজ্ঞবক্ষ্য রোম 'এতং ব্যবোচো-হপরস্মৈ ধারয়ম্বেতি পুল্ফ গার্গীতি॥ ৫ ॥

গাগাঁ এইরপ প্রশ্নোত্তর শ্রবণ করিয়া বলিলেন বে, হে বাজ্ঞবন্ধা! তুমি বখন এমন হজের প্রশ্নেরও বিশেষরক্তপ উত্তর করিয়াছ, অতএব আমি তোমাকে নমস্কার করি! আমার ক্বত প্রশ্নের চক্তরন্থ বিষয়ে হেতু এই যে, প্রের আশ্রয়ের কথা দ্বে থাক, জগৎস্ত্রই সাধারণতঃ অপরের ছর্কচ: তুমি বখন প্রত্রের আশ্রয়েকেও জানিরাছ এবং যথার্থতঃ বলিয়াছ, তথন ন্মামি তোমাকে নমস্কার করি! এক্ষণে থিতীয় প্রশ্নের জন্য তুমি নিজেকে দৃঢ় কর। বাজ্ঞবন্ধ্যা বলিলেন, তুমি সক্তন্দে জিজ্ঞাসা কর ॥ ৫॥

স। হোবাচ যদূর্দ্ধং যাজ্ঞবল্ক্য দিবে। যদবাক্ পৃথিব্যা যদন্তর।
দ্যাবাপৃথিবী ইমে যন্ত্তঞ্চ ভবচ্চ ভবিষ্যচ্চেত্যাচক্ষতে কশ্মিভস্তদোতঞ্চ প্রোত্থেতি ॥ ৬ ॥

স হোবাচ যদূর্দ্ধং গার্গি দিবো যদবাক্পৃথিব্যা যদন্তর।
দ্যাবাপৃথিবী ইমে যদ্ভতঞ্চ ভবদ্ধ ভবিষ্যচ্চেত্যাচ্ন্দত আকাশ
এব তদোতক প্রোত্তঞ্চতি কস্মিন্ধ, থল্লাকাশ ওতশ্চ প্রোতশ্চেতি॥ ৭॥

গার্গা জিজ্ঞাসা করিলেন যে, হে যাজ্ঞবন্ধা ! হ্যালোকের উদ্বে, পৃথিকীর জ্বংগোভাগে এবং হ্যালোক ও পৃথিরী-লোকের মধ্যভাগে (যাহা ছারাপৃথিবী নামে প্রসিদ্ধ) বাহা বর্ত্তমান এবং যাহা ভূত, ভবিশ্বং, রর্ত্তমান কালে উৎপত্তি, ছিতি ও লয়াবন্ধায় থাকে, সেই এই বৈতলগতের হত্ত কোথায় ওত্তপ্রোভভাবে ক্ষরিক ? গার্গার এইরপ্রশ্বেশ্বর প্রমুক্তির অভিপ্রায় এই যে, সাধারণতঃ

হজাধার আকাশই হর্কাচ্য, তহপরি আবার দেই আকাশের অধিকরণ কি? এই প্রশ্ন আরও হ্র্কাচ্য; স্কুতরাং এ প্রশ্নের উত্তর হইবেই না। এ জন্ম এই প্রশ্ন না করিয়া পূর্ক-প্রশ্নেরই পূনর্কার আহতি করিলেন, এবং যাজ্ঞবঙ্কাও পূর্কোক্ত উত্তরই উক্ত বিষয়ের নিশ্চয়তার জন্ম প্রশ্নকক করিলেন, অর্থাৎ গার্গা যাহা জিজ্ঞাসা করিতেছে, ইহার উত্তর ঐ ভিন্ন আন্ত কিছু হইতে পারে শা। এই বিষয় দৃঢ়ীকরণ পূনক্তির উদ্দেশ্য। বাজ্ঞবন্ধ্যের একই উত্তর গুনিহা গার্গা জিজ্ঞাসা করিলেন, হে যাজ্ঞবন্ধা! সমস্ত যাহাতে ওতপ্রোত, সেই আকাশ কোথায় ওতপ্রোতভাবে অবস্থিতি করে ? ৬—৭ ॥

স হোবাচৈতকৈ তদক্ষরং গার্গি ব্রাক্ষণা অভিবদস্ত্যস্থলমনপু-ব্রস্থমদীর্ঘনলোহিতমক্ষেহ্মচ্ছায়--মতমোহবায়নাকাশমদঙ্গমরস-মগন্ধ-মচক্ষ্মজ--মপ্রোত্র--মবাগমনোহতেজক্ষ--মপ্রাণ-মম্থমমাত্র-মনস্তর-মবাহাং ন তদশাতি কিঞ্চন ন তদশাতি
কশ্চন॥৮॥

গাগাঁর অভিপ্রায়—এই এক আকাশই কান্তর্যের সম্পর্কণ্ঠ বনিয়া সাধারণতঃ হজের, তাহার উপর যাহাতে সেই আকাশ ওকপ্রোতভাবে বিশ্বমান, সেই আশ্রয় অক্ষর ব্রন্ধের কথা, যাহা কোনরপেই বর্ণনীয় হইতে পারে না। গাগাঁ মনে করিলেন, এই অবাচ্য বিষয় উথাপন করিয়া 'অপ্রতিপত্তি' ও 'বিপ্র-তিপত্তি' নামক হুইটি নিপ্রহোপায়ে যাক্তবন্তাকে নিগৃহীত করিব। তার্কিকগণের এইরূপ আচরণ দেখা যায় যে, যাহা অবাচ্য, তাহার উথাপন করিয়া প্রতিবাদীকে অপ্রতিপত্তি-দোষে (যাহার আর্র উত্তর নাই) নিগৃহীত করেন, আবার প্রতিবাদী যদি সেই অবাচ্যের উল্লেখ করে, তবে যাহা অবাচ্য, তাহার উক্তি হতু বিপ্রতিপত্তি-দোষাক্রান্ত করিয়া থাকেন। পরে অবাচ্যুরাদীই সভায় নিগৃহীত হয়; স্ত্তরাং এই প্রশ্নের তার্কিক উত্তরে যাক্তবন্তা অবাচ্যুরাদী হইলেই নিয়মানুসারে নিগৃহীত হইবেন। কিন্তু যাক্তবন্তা উক্ত দোষধরের অর্থাৎ বস্তর অবাচ্যুতারূপ অপ্রতিপত্তি নিশ্রহ ওবাক্তবন্তোর অবাচ্যু বিষয়ের উত্তরে বিপ্রতিপত্তিরূপ নিশ্রহ এই হুইটি দোবেরই পরিহারকামনার উত্তর করিলেন, হে গার্গি। তুমি বাহার প্রশ্ন করিয়াছ, তাহার নাম অকর্ব শ

অক্ষর অর্থে বাহার ক্ষয় এবং ক্ষরণ অর্থাৎ বিক্রিয়া নাই, তাহারই নাম অক্ষর ; এই অক্ষর কেবল আমি বলি না,—ইহা অবাচা নহে, যাহাতে আমি অনাচাবাদী হইব বা অবাচা বিষয়ের স্বীকারে নিগৃহীত হইতে পারিব। কিন্তু ইহা ব্রহ্মন্ত-মাত্রেই স্বীকার করেন, তাঁহারাও এই অক্ষরের কথা বলেন, আকাশ এই অক্ষরে ওতপ্রোতভাবে নিবদ্ধ আছে। বাজ্ঞবদ্ধা এইর্নুপে প্রশ্নের মীমাংসা করিলে, গার্গা বলিলেন যে, হে বাজ্ঞবন্ধা! তুর্মি বল, রাক্ষণগণ কি প্রকারে দেই অক্ষরকে নির্পণ করেন ? পুনশ্চ যাজ্ঞবন্ধ্য বলিতে আরম্ভ করিলেন যে, সেই অক্ষর অস্থল—স্থল যত পদার্থ আছে, তিনি তাহা হইতে বিভিন্ন, স্থল না হইলেও অণ্ হইতে পারে ? কিন্তু তিনি তাহা হইতে বিভিন্ন, স্থল না হইলেও অণ্ হইতে পারে ? কিন্তু তিনি তাহাও নহেন, তিনি অনপ্ অর্থাৎ ক্ষাও নহেন। স্থল ও ক্ষা না হইলেও হস্ম হইতে পারেন, এক্ষন্ত বলিলেন যে, তিনি অনুস্ব—হস্মও নহেন। তণপি দীর্ঘ হইতে পারেন, কিন্তু তাহা নহে, তিনি অদীর্ঘ অর্থাৎ দীর্ঘক্ষপরিমাণবিশিষ্ট নহেন। এইরূপে দ্বামাত্রের স্থল, ক্ষ্ম, দ্বীর্য, চতুর্বিবে পরিমাণবিশেষের প্রতিবাদ হাবা সেই অক্ষর যে দ্বা নহেন, এ কথা বলা হইল।

পুন্দ আশ্রা হইতে পারে বে, অগ্নির যেমন লোহিতবর্ণ গুণ আছে, দেইরূপ তিনি লোহিত বর্ণবিশিষ্ট হইতে পারেন ? তাহা নহে, তিনি অলোহিত। এইরূপ তিনি জল-তৈলাদির মত দেহ-পদার্থ নহেন, তিনি একেবারে অনির্দেশ্য নহেন; এ জন্ম ছায়াস্বরূপ হইতে পারেন না। এইরূপ তম: (অরুকার) নহেন, বারু নহেন, আকাশ নহেল, জতুর মত কিছুতেই সংসক্ত নহেন, রস নহেন, গন্ধ নহেন, চক্ষুমান নহেন অর্থাৎ তিনি কথনও চক্ষু ছারা দর্শন করেন না; এ জন্ম অন্যত্তর বলা হইয়াছে যে, "পশাতাচক্ষ্:" অর্থাৎ তাঁহার চক্ষ্ নাই অথচ সমস্ত দর্শন করেন। তিনি শোত্তরহিত, বাঁগিন্সিয়রহিত, তেজঃশ্রু, আধ্যাত্মিক প্রাণবীর্শ্রু, মুধরহিত, দর্শন-সাধন-রূপাদি-শ্রু, অবকাশহীন, ব্যবধানরহিত; তিনি কাহারও বাহ্ন অর্থাৎ বহিত্ ত নহেন এবং তিনি কিছুই ভক্ষণ করেন না এবং তাঁহাকেও কেহ ভক্ষণ করিতে পারে না; আরু অধিক কি, বত প্রকার বিশেষণ সম্ভবপর হইতে পারে, তিনি ভৎসমন্ত রহিত, কেবল এক অধিতীয় নির্বিশেষস্বরূপ ॥ ৮॥

এতত বা অক্ষরতা প্রশাসনে গার্গি সূর্য্যাচক্রমদো বিধৃতে তিষ্ঠত এততা বা অক্ষরতা প্রশাসনে গার্গি ছাবাপৃথিবো বিধৃতে

তিষ্ঠত এতস্থা বা অক্ষরস্থা প্রশাসনে গার্গি নিমেষ। মুহূর্ত্ত।
অহোরাত্রাণ্যর্জমাসা মাসা ঋতবং সংবৎসর। ইতি বিধৃতান্তিষ্ঠস্থোতন্তম্থা বা অক্ষরস্থা প্রশাসনে গার্গি প্রাচ্যোহন্থা নতঃ স্থানন্তে
খেতেন্ডাঃ পর্বতেন্ডাঃ প্রতীচ্যোহন্থা যাৎ যাঞ্চ দিশমম্বতন্ত্র
প্রশাসনে গার্গি দদতো মনুষ্যাঃ প্রশাহনন্তি, যজমানং দেবা
দববীং পিতরোহয়ায়ন্তাঃ ॥ ৯॥

পূর্ব শ্রুতিতে বন্ধসহকারে অকরের (ব্রন্ধের) অদেক প্রকার বিশেষণের প্রতিষেধ দাবা শ্রুতি প্রমাণ করিতেছেন যে, নিষিধ্যমান বিশেষণের অতিরিক্ত ক্ষাবস্তুই এমন কিছু আছে—গাঁহার নাম অকর। তথাপি অকরের অন্তিজবিষয়ে মধন লৌকিকবৃদ্ধি অনুসারে সন্দেহ স্বাভাবিক, তথন তাহার দ্রীকরণ কর্ত্ব্যা, এই জন্ম শ্রুতি যাজ্ঞসন্ধ্য-সংবাদে নিজেই অনুমান-প্রমাণ প্রদর্শন করিতেছেন!—
যাজ্ঞবন্ধ্য বলিলেন, হে গার্গি! এই যে অশনশন্ধাদি-ধর্ম্মনির্দ্যুক্ত, সর্বান্তবর্ত্ত্তী, সাক্ষাৎ ব্রন্ধরূপ অকর; স্থ্য ও চন্দ্র তাহার শাসনে থাকিয়াই প্রতিনিয়ত্ত্রাবে কার্য্য করিতেছে অর্থাৎ কার্য্যদক্ষ রাজার শাসনে প্রজাপ্ত যেমন রাজ্যে নিয়ত অক্রভাবে থাকে, তেমন দিবা-রাত্রির প্রদীপস্করপ স্থ্য ও চন্দ্র লোকের উপকারার্থে ভগবান্ কর্ত্বক নির্দ্যিত ও শাসিত হইন্না লোকিক প্রদীপের মত সাধারণক্ষাবে সকল প্রাণীর প্রকাশসাধন করিতেছেন।

মতএব চক্রপূর্যের এই নিয়মিত কার্য্যকলাপ দশন করিয়া ইহাই অনুমান করিছে হইবে বে, এমন এক জন অবশুই শাসক আছেন, বিনি চক্রপূর্য্যের দারা কগতের সাধনীয় উপকার অবগত হইয়াই তাহাদিগকে নির্মাণ করত নির্মিষ্ট পথে চালিত করিতেছেন। গাহার শাসনবলে চক্র ও পূর্য্য স্বাধীন হইয়াও উদয়, অন্ত, বৃদ্ধি ও ক্ষয় প্রস্তৃতি অবস্থা ভোগ করিতে বাধা। অভএব সেই নিয়ন্তাই এই ছইটি চক্র-পূর্য্যের প্রকাশকার অক্ষর-পদবাচ্য। বেমন প্রদীপের এক জন নির্মাতা ও ধারণকর্তা আছে, সেইরূপ ঐ উভয়ের স্রষ্টা ও শাসক অক্ষর বন্ধ নিশ্চরই স্বীকার্যা। হে গার্গি। এইরূপ জালোক ও পৃথিবীলোক এই অক্ষর প্রস্থের শাসনের ফলে স্থির—অক্ষরস্থভাবে রহিয়াছে। ক্ষর্থাৎ বদি কোন অক্ষর প্রস্থের ধারণ বা শাসন না থাকিত, তাহা হইলে ক্যানে ছিয় বিদ্ধিত্ব হুইয়া পড়িত এবং এই পৃথিবীয়ওলও শুক্তারে অতল

রসাতলে পতিত হইয়া ঘাইত। কারণ, "সংযোগাশ্চ বিয়োগান্তা:" অর্থাৎ সংযোগমাত্রেরই বিয়োগ অবগ্রস্তাবী, অতএব উহারা পরস্পর সংযুক্ত বিধার বিয়োগ-বভাব হইয়াও এবং সচেতন, দেবতা কর্তৃক অধিষ্ঠিত বিলিয়া শ্বত্তর হইয়াও পরস্পর অবিষুক্তভাবে এই অক্ষরের শাসনে একভাবে স্থির রহিয়াছে।

বেহেতু প্রাপ্তক্ত অক্ষর পুরুষই এই সংসারে সর্বপ্রকার ব্যবস্থার কর্ত্তা, मर्खिविध मौमात्र विधाली, ममछ निष्ठम-त्रकात अवस्थाल कांत्रण ; मार्च अनाई পৃথিবী ও হালোক এই অক্ষর পুরুষের অলজ্বনীয় শাসন উল্লেখন कतिएक शास्त्र ना। यह मकन कांशिक कार्या खनानी भर्या लाइना कितिलंह মনে হয় যে, অবশাই এই জগতের এক জন পরিচালক আছেন, তাঁহারই নাম অক্ষর। জাবাঁপুথিবীর নিম্নতাবস্থান যে অক্ষরামুমানের প্রতি হেতু, এ বিষয়ে নিম্নলিখিত মন্ত্রটিও প্রমাণ—"যেন ভৌকুগ্রা পৃথিবী চ" অর্থাৎ বাঁহার আজ্ঞাক্রমে আকাশ উগ্র অর্থাৎ নীরস বা দৃঢ় এবং পৃথিবীও দৃঢ়া—কঠিনা স্থিরা ইত্যাদি। পুনশ্চ প্রকৃত প্রস্তাবের অবতারণা করিতেছেন; – হে গাগি! অতীত, অনাগত ও বর্ত্তমান জন্তবন্তমাত্তের সঙ্কলনকারী অর্থাৎ অতীতভাদির ব্যবস্থাপক যে নিমেষ, মুহুর্ত্ত, দিবা, রাজি, পক্ষ, মাস, ঋতু ও বৎসর, সংবৎসর এই মহাকালাংশসমূহও এই অক্ষরপুরুষের শাসনে শাসিত হইয়াই বথানিয়মে পরিবর্তিত অর্থাৎ পুন:পুন: গতাগতি করিতেছে। ইহার দৃষ্টান্ত এই যে, যেমন কোন প্রভু কর্ত্তক নিযুক্ত হিদাবরক্ষক আন্নব্যন্তগণ-নায় নিষ্ক (ব্যক্তি) সাবধানে প্রভুর আয়ব্যয় প্রভুতি গণনা করে, তেমন कानावत्रव धरे मकन निरम्यानि क्र क्ष्यक् व्यक्तत्रत मामित्रक मःथा तका करतन; वादः हिमानमानि शर्काछ-अञ्च शूर्कानिभ्शामिनी शक्षानि ननी मकनछ যে যথানিয়মে প্রবাহিত হইতেছে; কোনরূপে তাহাদের গতির ব্যক্তিক্রম নাই, ভাহাও কি সেই বিশ্বনিমন্তা অক্ষর-পূক্ষের অন্তিত্বের অনুমাপক নছে 🖞 সেইরূপ পশ্চিমদিলুথে প্রবহমান বে সিন্ধু প্রভৃতি নদী এবং অক্তান্ত বে সকল নদী বে যে দিগভিমুখে নিম্নমত চলিতেছে, কদাচ সেই সেই দিকের বিপরীত গতি লাভ করে না, ইহাও সেই অকরেব্রই অন্তিত্বের বোধক নছে কি ? আব দেখা যার, দাতৃগণ যে বহুতর ক্লেশ স্বীকার করিয়া গোহিরণ্যাদি ধনরত্ব দান করেন, তাহাদিগকে প্রামাণিক বিশিষ্ট সাধুজনও দানের প্রশংসা করিরা থাকেন, ইহাও অক্ষরপুরুষের অন্তিছের সাধক অর্থাৎ বৃঝিতে হুইবে त्य, ब्लानिशन त्य मकल कर्त्यंद्र ममर्थन करत्रन, जाहा कथन विकल हरेत्ज

পারে না; অথচ দেখিতে পাই, বাঁহারা দান করেন, বাহা দত্ত হয় এবং গাঁহারা প্রতিগ্রহ করেন, এতত্রিতর বস্তুর সমাগম কেবল ইহলোকের निमिन्नरे अथार रेंशाएव প्रवस्पत मुज्योग এवः विवस रेरानाटकरे अञ्च সিদ্ধ; কিন্তু ইহলোকে সেই সকল দানাদির ফল কথনও প্রত্যক্ষীকৃত হয় না; এ অবস্থায় যখন সাধুজন তাদুশ দানের ও দাতার শতমূথে ওশংসা করিয়া থাকেন: তথন অবশ্রুই অনুমান করিতে হইবে যে, সাধুজনপ্রশংসিত সেই সকল কর্মোর ফল অবশুই পরলোকে হয়, নচেৎ সে সকল কর্ম অমুষ্ঠিত ও ममर्थिङ इरेटर दकन १ श्रद्धलाटक किया नारे, कर्छा नारे, श्रांव नारे, मक्नरे বিশীন হইয়া গিয়াছে: কিন্তু সেই অতীত কর্ম্ম ও কর্ত্তার সাক্ষিস্করূপ কেষ্ नो त्कर नो थोकित्न कन इट्रेंट्र किन्नर्भ है जान्यन जनशहे बीकान कनिएड হইবে বে, কর্মের কোন ফল আছে এবং দেই সকল কর্মের ফলের বোজনাকারী धक जन अक्रत शुक्र आहिन, यिनि निजा निकां श श्री औरवत शर्क श्री কর্ম পর্য্যবেক্ষণ করিয়া, গাঁহার বেমন কর্ম্ম, তাঁহাকে ঠিক তদপুৰায়ী কল প্রদান करत्रमा यनि वन या, अक्टब्रुक्य-श्रीकारत्रत्र क्वान्हे अर्बाक्न नाहे, कीरवर य य कर्पास्ति । जान्हेरे यथारमाना करनत निरम्नाकक वना मार्टेरक भारत, छउताः তক্ষ্ম একটি অতিরিক্ত শাসক অক্ষর পুরুষ স্বীকার করার আবগুকতা কি 🔈 जेखन-ना, व कथां वना यात्र ना; जन्हे-नामक जटाउन भनार्थंत कान বিনিম্নোগশক্তি থাকে না আর দেরপ কোন পদার্থ যে আছে, তাহারই বা व्यमां कि ? भून क ब्राप्त वन य, कर्ष्यकनामित विनिद्यां गकाती य भूक्य স্মাছেন, তাহার প্রতিই বা প্রমাণ কি ও উত্তর—হাা, তাদুশ শাসনকর্ত্তা— অক্ষরের সম্ভাবের প্রতি প্রমাণ শাস্ত্র। শাস্ত্রের তাৎপর্যা পর্য্যালোচনা করিলে निकार तोध रहेरत ए, ममछ कर्षकलनांछा এक जन भूतम আছেন, ठाँशांतरे নাম অকর। আগমের প্রামাণ্য পূর্বেই উক্ত ছইরাছে এবং আগম সংপদার্থেরই প্রকাশক, অসৎপদার্থের নহে; ইহাও পুর্বেনিরূপিত ইইয়াছে; বস্ততঃ খতৰ একটা অপূর্ব স্বীকার করিবার কোন প্রয়োজনই দেখা বাম না, যদি কোন প্রয়োজন থাকে তাহা অক্ষরকলনা ধারাই চরিতার্থ হইতে পারে। সাধারণতঃ দেখা যায়, যে ব্যক্তি শ্রদা-ভক্তিসহকারে প্রভূসেবা করে, সেবা অভূই তাহার (দেবকের) ফল প্রদান করেন, তেমন লৌকিক ক্রিম্বাফলের ভার যাগ-দান-হোমাদি ক্রিয়ার অলোকিক কলেরও প্রভূতানীর সেব্য চেতন अक्त পुरुषरे (क्रेबर) विधाला, এ कथा अशला बौकांत कतिएल्ट इहेरव।

কেন না, দৃষ্ট ক্রিয়ার অনুসারে বদি অদৃষ্ট ক্রিয়ারও ফল কলনা করা বায়, তাহা হইলে কেন তাহা পরিত্যাগ করিব ? এবং কেনই বা অদৃষ্ট (অপ্রত্যক্ষ) সংশব্ধিত অপূর্ব্ধ কলনা করিব ?

विरमहरू:, এই क्रेन्नन्त्रीकांत शक्क कन्नमात आधिका मार्ट, वदः नायव আছে; কেন না, ভক্কানুসারে দেখা যায় যে, হয় ঈশর নামে এক অক্ষর পুরুষ কিম্বা অদৃষ্টের কল্লনা করিতে হয়, কল্লনা উভয় প্রকেই কর্ত্তবা, কিন্তু অপূর্ক কল্পনা পক্ষে কিছু বেশী কল্পনা করিতে হয়। এদথা যায়- যথন লৌকিক रमनानि कियान्तरम मृष्टिरगाठत रमना প্राप्त इहेराउँ कनशाखि गर्छ, किन्न **अ**शृस्त হইতে নহে, মৃতরাং তাহার ফলদানশক্তি কল্পনীয় : এবং অপূর্ব্বও একটি প্রত্যক্ষ বস্তু নহে, কাজেই তাহারও করনা আবশুক, আর তাহার ফলদান কার্যা—তাহাও অদিদ্ধ; অতএব এই অদুষ্ঠ অপূর্বের কল্পনা, তাহার ফলদাতৃত্ব-শক্তি ও ফলদানক্রিয়া এই তিনটি কল্পনা করিতে হইবে। কিন্তু আমার পক্ষে কেবল অক্ষরের मভাবমাত্র কল্পনা করিতে পারিশেই যথেষ্ট হইল। কেন না, দেবা করিলে যে প্রভূ হইতে ফলপ্রাপ্তি হয়, ইহা কুপ্তই আছে, ত**জ্জ**ন্ত তাহার আর কল্লনা করিতে হয় না। এই "ম্বাবাপথিবী তাঁহার দ্বারা বৃত হইয়া আছে" ইত্যাদি প্রতি ধারা ঈশবান্তিত্ব সম্বন্ধেও অনুমান প্রদর্শিত হইয়াছে। একণে পুনশ্চ গ্রন্থের আশব্দ বর্ণিত হইতেছে।---পুর্বের মত একমাত্র সেই অক্ষরের অনুশাসনেই দেবতাগণ স্বাস্থ জীবিকা সংগ্রহ করিবার সামর্থ্য সত্ত্বেও দীনবুত্তি অবলম্বন করত কেবল যজমানের প্রদুষে পুরোডাশ ভোজনের আশাস্থ অবস্থিত থাকেন এবং পিতৃগণ্ড কেবল এই অক্ষরের শাসনবলে কর্ত্তব্য দক্ষী-হোমের (পিতৃত্তপ্রিকারক হোমবিশেষ) আশায় একতাননয়নে পুলাদির মুখাপেকা করিয়া থাকেন। আর আর সকল কথা পূর্কীব্রাহ্মণের মত জানিতে হইবে ॥ ৯ ॥

্যো বা এতদক্ষরং গার্গ্যবিদিত্বাহিন্মিল্লোকে জুহোতি যজতে তপস্তপ্যতে বছুনি বর্ষসহস্রাণ্যন্তবদেবাস্থা তদ্ভবতি যো বা এতদক্ষরং গার্গ্যবিদিত্বাহস্মাল্লোকাৎ প্রৈতি স রূপণোহথ য এতদক্ষরং গার্গি বিদিত্বাহস্মাল্লোকাৎ প্রৈতি স ব্যাক্ষাণঃ ॥ ১০॥

পূর্ব্বোক্ত অক্ষর নামক সর্বশাস্তাবে আছেন, সে বিষয়ে ইহাও একটি প্রমাণ যে, যত দিন পর্যান্ত জীবগণ তাঁহাকে জানিতে পারে না, তত দিন পর্যান্ত নিয়তভাবে তাঁহাদের সংসার অর্থাৎ যথন ভগবদজ্ঞানাধীন জীবেরই সংসারনির্তি हरेया थारक। এ जन्न जगतमञ्जान ना थाकिएन और मःमाद्रवस्त हरेएल मूक হুইতে পারে না ও তাঁহার সেই জের ব্যক্তির অন্তিত্ব ক্সায়সিদ্ধ। - এমন একটা কিছু অবশুই স্বীকার করিতে হইবে যে. যাঁহাকে জানিলে পর জীবের সংসার-माधक व्यक्तानम् ममूलक विनष्ठे इहेशा यात्र। यमि वन एर, नाखविहिक ক্র্মান্নষ্ঠান ধারাই সেই অজ্ঞাননিবৃত্তি হইতে পারে। উত্তর তাহাও নহে; কারণ, শ্রুতি নিজেই বলিতেছেন, হে গার্লি। যে ব্যক্তি এই অক্ষর ঈশ্বরকে পরিজ্ঞাত না হইয়া যে কিছু জপ-হোমাদি করে এবং বহু সহস্র বংসর-ৰাাপী তপভা করে, তাহার দেই সমস্ত কর্মের ফলই বিনাশী। স্বতরাং সেই मकल जल-रहामानिकर्य कलाजाशास्त्र कीण हव, हेहा वाजाविक। आवर এक কথা, জীব যাহাকে জানিলে পর অজ্ঞানরূপ দীনতা হইতে মুক্ত হয় ও मर्क्यकात - मरमात्रधर्माविनिम् क स्ट्रेट भारत এवः वाहारक ना क्रानितन সর্ববিধ কর্ম করিয়াও দীন বলিয়া পরিগণিত ও কুতকর্মের ফলভোগে বঞ্চিত হইয়া কেবল অন্বরত জন্মরণাদিরূপ সংসারচক্রে পতিত হইয়া ভ্রমণ করে; অতএব দেই জ্ঞানের বিষয় কর্মফলের নিয়ন্ত। নিতাপুরুষ এক জন আছেন, ইহা মানিতে হইবে। এই উদ্দেশে শ্রুতি বলিতেছেন যে, হে গাগি। বে জন **बहे शृद्धांक अक्षतक ना कानिया श्रामाक श्रम करत, त्र मीन अर्थाए मृगा** দারা ক্রীতদাদের তাম যাবজ্জীবন কর্ম করিয়াই কালাতিপাত করে, তাহার জীবনধারণের কোন উদ্দেশ্যই সিদ্ধ হয় না। আর যে ব্যক্তি পূর্ব্বোক্ত অক্ষরকে পরিজ্ঞাত হইয়া পরলোকে প্রয়াণ করেন, ডিনি ব্রাহ্মণ অর্থাৎ প্রকৃত ব্রহ্মণ্ড ॥১০॥

তদ্বা এতদক্ষরং গার্গাহদৃষ্টং দ্রষ্ট্রশ্রুতথ শ্রোত্থমতং মন্ত্র-থবিজ্ঞাতং বিজ্ঞাতৃ নাম্মদতোথস্তি, দ্রষ্ট্র নাম্মদতোথস্তি শ্রোত্ নাম্মদতোথস্তি মন্ত্র নাম্মদতোথস্তি বিজ্ঞাত্রেতস্মিন্তু খলকরে গার্গাকাশ ওতশ্চ প্রোতশ্চেতি॥ ১১॥

পূর্ব্যক্ত বিষয়ে সাজ্যবাদীয়া বলেন যে, অচেতন অন্নির বেমন দাহিকা-শক্তি স্বাভাবিক, সেইরূপ অচেতন প্রকৃতিরই পূর্ব্বোক্ত নিরন্ধৃত্ব সাভাবিক,

ভক্ষ**ন্ত আর শ্বতন্ত অক্ষরপুরুৰ শীকার** করিবার প্রয়োজন নাই। সাজ্যোক্ত এই অসদাশকা দূরীকরণার্থ পরবর্তী শ্রুতির আরম্ভ হইতেছে। বাঞ্জবন্ধা বলিলেন বে, হে গার্গি! সেই অক্ষর পুরুষ কাহারও দর্শনযোগ্য নহেন, কিন্তু তিনি সক-লেরই দ্রষ্টা। ইছার তাৎপর্যা এই-চক্ষরিন্দ্রির সেই পদার্থকেই গ্রহণ করে. যে পদার্থ চকুর বিষয়ীভূত, পরস্ক বাহা দর্শনযোগ্য নহে, তাহা চকুর অগ্রাহ্য। আকাশ দর্শনের যোগ্য নয় বলিয়া যেমন তাহাকে দর্শন করিতে পারা যায় না. তদ্রপ অক্ষরও দর্শনের অযোগ্য: স্তরাং চকুম্বারা তাহাঁর দর্শনও অসম্ভব। কিন্তু তিনি সমং দৃষ্টিসমাপ ; কাজেই জগতের যাবতীয় বস্তু তিনি দুর্শন করিয়া থাকেন। এইরূপ তিনি অঞ্জত অর্থাৎ কেহই তাঁহাকে শ্রবণেক্সির ছারা গ্রহণ করিতে পারে না, কিন্তু তিনি প্লয়ং সূর্ব্বপ্রকার শব্দের শ্রোভা। সেইরূপ তিনি মনের অবিষয় বলিয়া মনের অগোচর, কিন্তু নিজে জ্ঞানস্থরূপ বলিয়া তিনি মন্তা। তিনি বৃদ্ধির অগোচর বলিয়া সকলের অবিজ্ঞাত, কিন্তু শ্বয়ং বিজ্ঞানরূপী, তাঁহার অবিজ্ঞাত কিছুই নাই। অধিক কি, এই অক্ষর ব্যতীত আর কেহ দ্রষ্টা, শ্রোতা, মস্তা ও বিজ্ঞাতা নাই: কেবল এই অক্ষরই সর্বাঞ্জীবগত মনের সাহায্যে সর্বাবিষয়ের দ্রষ্ঠা, শ্রোতা ও মন্তা তিনিই সর্বাঞ্চীবগত বৃদ্ধির প্রভাবে সমস্ত বস্তুর বিজ্ঞান করিয়া থাকেন। তদ্ধির অচেতন ভূতবর্গের কিম্বা অচেতন প্রকৃতির কাহারও দর্শনাদি ক্রিয়া সম্পাদন করিবার শক্তি নাই। হে গার্গি। এই অক্ষরেই আকাশ ওত-প্রোতভাবে অবস্থিত রহিয়াছে। যাঁহাকে দর্মজনের সাক্ষাৎ প্রত্যক্ষরণী ব্রন্ধ বলিয়া নির্দেশ করা হইয়াছে, বাঁহাকে অশনায়াদি (ভোজজোদি) নর্মধ্বিধ সাংসারিক-ধর্মারহিত অন্তরের অন্তর বলিয়া নির্দ্ধারণ করা হইয়াছে, এবং বাঁহাতে আকাশমগুল ওত-প্রোতভাবে অবস্থিত, তিনিই সমস্ত বস্তুর শেষ সীমা; অর্থাৎ "নেতি-নেতি" বাব্যের বিশ্রামন্থান, তিনিই দকল বস্তুর পরমগতি অর্থাৎ গভবাভান, তিনিই পরমত্রদ্ধ, পৃথিবী হইতে আকশি পর্যান্ত সমস্ত সত্যের—সদবস্তুর সভা অর্থাৎ সন্তার কারণ॥ ১১॥

সা হোবাচ ব্রাহ্মণা ভগবন্তস্তদের বহুমন্মেধ্বং যদস্মান্তমন্ত্র-রেণ মুক্রেধ্বং ন বৈ জাতু যুম্মাকমিমং কশ্চিদ্বক্ষোভাং জেতেতি ততো হ বাচক্র্যুপররাম ॥ ১২ ॥

ইতাইমং বাহ্মণম্ ৷

গাগা ষাজ্ঞবন্ধ্যের এতাদৃশ উত্তর শ্রবণ করিয়া পুনশ্চ জিজ্ঞাসা করিলেন বে, হে পুজনীর প্রান্ধণগণ! আপনারা আমার বাক্য শ্রবণ করুন। আপনারা যদি যাজ্ঞবন্ধ্যকে বিনীতভাবে একণে কেবল নমস্কার করিয়াও তাঁহার হস্ত হইতে মুক্ত হইতে পারেন, তাহাই যথেষ্ঠ মনে করুন। আর্থাৎ যদি যাজ্ঞবন্ধ্য হইতে মুক্তিলাভ করিতে চান, তবে নমস্কার পূর্বক নিজ নিজ পরাজ্ম স্বীকার করুন। অঞ্গাইহাকে জয় করা দূরে থাকুক্, ইহাকে জয় করিব এই সক্ষন্ধও মনে আনিবেন না; যেহেতু, আপনাদের মধ্যে এমন কেহ প্রক্ষজ্ঞানী নাই, যিনি এই ব্রহ্মবাদী যাজ্ঞবন্ধ্যকে পরাস্ত করিতে পারিবেন। এ জয়্ম আমি প্রথমেই বিনিয়াছি যে, যাজ্ঞবন্ধ্য যদি আমার প্রশ্ন দ্বারা উত্তর করিতে পারেন, তাহা হইলে ইহাকে আর কেহই পরাস্ত করিতে পারিবে না। আবার এখনও আমার এই ব্রহ্মবাদীবিষ্ধে ইহাই ধারণা যে, ইহার সমকক্ষ দিতীয় নাই। এই কথা বলিয়া গার্গা নির্ভ হইল॥ ২২॥

্রেই বিষয়ে পূর্কোক্ত অন্তর্য্যামী ব্রাহ্মণে যাহা উক্ত হইয়াছে, একণে তাহার বিচার হইতেছে। তথায় কথিত হইয়াছে যে, পৃথিবী গাঁহাকে জানিতে পারে না এবং সমস্ত ভূতবর্গও বাঁহাকে জানিতে পারে না; আরও কথিত আছে যে, বাঁহারা যে অন্তর্গামীকে জানেন না, যাহা সেই জ্ঞান, এই সমস্তঃবস্তই সেই জ্ঞান পুরুষ, সমস্ত বস্তুর দর্শনাদি ক্রিয়ার সম্পাদনকর্তৃত্ব নিবন্ধন তিনি সকলের চেতনার কারণ। কিন্তু এই পূর্ব্বোক্ত অন্তর্যামী, অক্ষর প্রভৃতি এক ব্যক্তি কি বিভিন্ন ব্যক্তি ? তাঁহাদের পরস্পর বৈশিষ্ট্য কি ? এবং সামান্য ধর্মই বা কি ? এই সমস্তার কেছ কেছ মীমাংদা করেন যে, মহাসমুদ্রের তার নিম্পন্দস্থভাব প্রম্মত্রশ্বই অক্ষর, তাঁহারই ঈষ্মাত প্রচলিতাবস্থা বা বিষ্ণৃতাবস্থায় নাম অন্তর্য্যামী (ঈশর), এবং তাহারই অভ্যন্ত চঞ্চলাবস্থার (বিক্লভাবস্থার) নাম क्ष्युक, धरे क्ष्युक्रहे कीर। "स्छः न (तमाख्यामिनः" क्रथीर स सिर् অন্তর্য্যামীকে জানিতে পারে না, এই উক্তি দারা ঐ ক্ষেত্রক্ত জীবকেই অন্তর্য্যামিজ্ঞানে অজ্ঞরূপে লক্ষ্য করা। হুইয়াছে। তাঁহারা প্রমন্তক্ষের व्यस्तीभी ७ क्विज वह इरों व्यवशात श्रावशात कवना करतन; সেই পঞ্চাবস্থা এই – পিশু (স্থুনভাব), জাতি (উৎপজ্ঞানি 🎉 বিরাট্ (ব্যাপক মৃত্তি), হত্ত (হক্ষ হৃষ্টিকর্তা) প্রথম অবস্থা—দৈর। পুনশ্চ প্রকারান্তরে অষ্টপ্রকার অবস্থা স্বীকার করেন; ম্পা-পিও, জাতি, বিরাট, হত্ত, দৈব, অব্যায়ত (অনভিবাক্ত), সাক্ষী—(সর্বাপদার্থদ্রষ্টা) এবং ক্ষেত্রজ্ঞ

(জাব)। আবার কেহ বলেন যে, না, এ সকল অক্ষর-পরমেশরের অবস্থা নহে, কিন্তু জাঁহার শক্তিমাত্র এবং সেই অক্ষরকে অনস্ত শক্তিমান্ বলিয়া নির্দেশ করেন।

আবার কেহ কেহ বলেন যে, অকরের এ সকল শক্তি নহে, কিন্তু বিকার। हेहारात्र माध्य व्यवस्थानामी शक्य ७ मक्तिनामी शक्य कामजारशह मक्क हहेरछ शास्त्र ना। कात्रण, इंज्याशस्त्र अधि निष्क्रदे धेरे जकत्रक जमनाश्रापि সর্ব্বসংসার-ধর্ম-রহিত বলিয়া নির্দেশ করিয়াছেন; স্বভরাং পুনশ্চ তাঁহার অবস্থা নির্দেশ করা অসম্বদ্ধ প্রলাপমাত্র। বাস্তবিক যিনি অশনায়াদি অবস্থার অতীত, তাঁহার অশনায়াদি অবস্থা এককালে থাকিতে পারেই না। উক্ত যুক্তিতেই তাহার শক্তিশীকারও অসঞ্ভব, অতএব এই উভন্ন পক্ষই দুষিত বলিয়া উপেক্ষণীয়। অশনায়াদি ধর্মকে বিকার ও অবয়ব বলিলে যে কি দোষ হয়, তাহা গত চতুর্থ অধ্যারে প্রদর্শিত হইম্নাছে। অতএব পূর্ব্বোক্ত সমস্ত ক্মনাই অসত্য। তবে অন্তর্য্যামী প্রভৃতির তেদ কি ? ইহার. উত্তরে বলিব বে, एक दिवल 'উপाধिकृष्ठ ; नरहर अखावकः हेशामत एक वा **अएक नाहे,**— কেবল নৈন্দ্ৰবংগ্ৰের ভাষ বাহিরে ভিত্রে সর্ব্বএই একমাত্র জ্ঞানখন পরিপূর্ণ আনলরসময়; ইহাই অক্রের স্বাভাবিক ভাব। এজন্ত শ্রতি বলিয়াছেন যে, এই অক্ষর অপূর্ব্ব, অধিতীয়, অন্তরহীন ও অবাহ্ন, অর্থাৎ এই অক্ষর এক্ষের পূর্ব্ব (কারণ) নাই, স্থতরাং নিজে কার্য্য নহেন, ইনি বাহ্ন ও অভ্যন্তর-শুক্ত, সর্ব্বত্রই বিশ্বমান ; ইনিই আত্মা। আরও বলিয়াছেন যে, তিনি বহি:স্থিত ও অভান্তরন্থ এবং অজ অর্থাৎ জন্মরহিত।

অতএব সর্কোপাধিরহিত এক অন্বিতীয় ব্রন্ধই নাম-রূপের অভাব ও নির্স্কিশেষণতা নিবন্ধন "নেতি নেতি" শক্ষের লক্ষ্য। যিনি অবিদ্বাণ(অজ্ঞান), অবিভাপ্রস্ত কামনা এবং তৎপ্রস্ত কর্ম ও কর্মবাসনাযুক্ত দেহেক্সিয়াদি উপাধিধারী—তাঁহাকে জীব নামে অভিহিত করা হয়। আর যিনি সনাতন, নিরতিশন সর্কবিষয়ক জ্ঞান ,ও শক্তিশালী আত্মা, তিনিই অন্তর্যামী ঈশ্বর নামে কথিত। কিন্তু সেই আত্মাই যদি উপাধি পরিত্যাগপুর্বকে শীয় স্বাভাবিক বিশুদ্ধতা লাভ করেন অর্থাৎ স্বীয় শুদ্ধ-বৃদ্ধ-মৃক্ত-সভাবে থাকেন, তাহা इट्टेंग्ट्रे পরমাত্মা অক্ষরপদবাচ্য হন। আবার তিনিই জাতি, মনুষ্য-তির্য্যসাদি দেহেজিমরূপ উশাধিযোগে বিভিন্ন আকৃতি ও বিভিন্ন সংজ্ঞাবিশিষ্ট হিরণাগর্ভ বা অব্যাকৃত (প্রকৃতি) দেবতা হইরা থাকেন। এক আত্মার যে

কিরপে বছবিধ ওপাধিক অবস্থা হয়, তাহা "তদেজতি তরৈজতি" ইত্যাদি শ্রুতি দারা বছবার প্রতিপাদিত হইয়াছে। অতথব "এম তে আত্মা সর্মত্তাস্তরাত্মা" "সর্মের্ ভূতেরু গৃঢ়ং" অর্থাৎ এই (নির্দিষ্ট) আত্মাই ভোষার আত্মা এবং ইনিই সর্ম্মভূতে গৃঢ়ভাবে (অন্তর্যামিরপে) অবস্থিত আছেন। "তত্তমসি" অর্থাৎ সেই ব্রহ্মই তুমি, 'অহমেবেদং সর্মম্' আমি এই সর্মমৃয়, এবং 'আত্মৈবেদং সর্মম্' আত্মাই এই সর্মমৃত্যায়, 'নাজোহভোছন্তি দ্রন্তা' এই আত্মা ভিন্ন দ্রন্তা, শ্রোতা বা বিজ্ঞাতা আর কেহই নাই, ইত্যাদি শ্রুতি সকলও উপাধিপক্ষেই সম্পত হয়, কোন বিক্রম হয় না। অন্তথা অবস্থা, বিকার প্রভৃতি কর্মনাপক্ষে কোনরপেই ইহারা সম্পত হইতে পারে না। স্তরাং এক উপাধিক ভেদ বশতংই অক্ষর, অন্তর্যামা, জীব প্রভৃতি ভেদকর্মনা; নচেৎ ইহাদের বাস্তব ভেদ নাই; কারণ, সকল উপনিষ্যাদেরই এক অন্থিতীয় ব্রহ্ম বলিয়া সিদ্ধান্ত আছে।

रें जियम् तूरमात्र गारक ज्जीवाधार व्रष्टेय वाक्रन में मार्थ।

উপনিষৎস্থ—তৃতীয়াধ্যায়স্থ

নবম-ব্রাক্ষণম

অথ হৈনং বিদশ্ধঃ শাক্লাঃ পপ্রচছ কতি দেবা যাজ্ঞবক্ষ্যেতি
স হৈত্রের নিবিদা প্রতিপেদে যাবন্ডো বৈশ্বদেবস্থ নিবিহ্যাচ্যন্তে ত্রয়শ্চ ত্রী চ শতা ত্রয়শচ ত্রী চ সহস্রেত্যোমিতি হোবাচ
কত্যেব দেবা যাজ্ঞবক্ষ্যেতি ত্রয়ন্ত্রিখুশদিত্যোমিতি হোবাচ
কত্যেব দেবা যাজ্ঞবক্ষ্যেতি ষড়িত্যোমিতি হোবাচ কত্যেব দেবা
যাজ্ঞবক্ষ্যেতি ত্রয় ইত্যোমিতি হোবাচ কত্যেব দেবা যাজ্ঞবক্ষ্যেতি দ্বাবিত্যোমিতি হোবাচ কত্যেব দেবা যাজ্ঞবক্ষ্যেত্যধ্র্ম
ইত্যোমিতি হোবাচ কত্যেব দেবা যাজ্ঞবক্ষ্যেত্যেক ইত্যোমিতি
হোবাচ কত্যেম তে ত্রয়শ্চ ত্রী চ শতা ত্রয়শ্চ ত্রী চ
সহস্রেতি ॥ ১ ॥

ইতঃপূর্ব্বে গৃথিব্যাদি পঞ্চভূতের স্ক্ষতার তারতম্যামুসারে অর্থাৎ স্থুদের স্বের ওতপ্রোতভাবে অবস্থিতি-ক্রম ধরিরা পূর্ব্ব পূর্বে ভূতে পর পর ভূতের ওতপ্রোতভাবে অবস্থিতি নির্দারণ করিতে যাইয়া যিনি স্ক্রাতিস্ক্র সর্বাস্তর, তাঁহাকেই ব্রহ্মরূপে প্রকাশ করা হইয়াছে, এবং সেই ব্রহ্মকেই অনভিব্যক্তাবস্থার জগতে স্ক্রবিশেষের নির্দ্তা বলিয়া স্থির করা হইয়াছে। একণে অভিব্যক্তাবস্থার সেই ব্রহ্মের সন্তানুমাপক লক্ষ্ণ স্কুপ্টে, এজন্ত সেই ব্রহ্মের সর্বপ্রভাকতাও অপরোক্ষামুভূতিরূপতা করিবার জন্ত নিয়ম্য দেবতাবিশেষের সংক্ষেপ যারা প্রতিপাদনার্থ শাকল্য ব্রহ্মণ আরক্র হইতেছে। গার্গী নির্ভ হইলে শকলপুল (শাকল্য) বিদয়নামা জনৈক ব্রহ্মণ যাজ্ঞবন্ধ্যকে জিজ্ঞাসা করিয়াছিলেন যে, হে যাজ্ঞবন্ধ্য। এই কগতে সমস্ত দেবতার সংখ্যা কত গ্রহার বাজ্ঞবন্ধ্য বক্ষ্যমাণ নিবিদ্-নামক শ্রুতি ছারা দেবতাসংখ্যার

व्यवशांत्रण कतितान । निविष व्यर्थ-एनवडा मःशार्रादाधक देवशामवाखां वाला কতিপদ্ধ মন্ত্র। বৈশ্বদেব নিবিদে দেবতার যে সংখ্যা আছে, তাহাই দেবতার প্রকৃত সংখ্যা, এবং প্রকৃত দেবতার ইয়ন্তা তাহাই। যাজ্ঞবন্ধ্য ইহাই नाकरनात बिक्कांत्रिक रानका-मःशात निर्द्धातन कत्रिरान । राष्ट्रे निविष् कि ? একণে তাহা প্রদর্শিত ইইতেছে, "এমত ত্রী চ শতা" অর্থাৎ দেবতার সংখ্যা তিন শত তিন, এইরূপে পুনরপি দেখাইলেন যে "ত্রহণ্ট ত্রী চ সহস্রাণি" অর্থাৎ দেবতার সংখ্যা তিন সহস্র তিন। ইহাই দেবতার চুড়ান্ত সংখ্যা, ইহার নানও नरह, अधिकও नरह। राक्ष्यतकात धरे कथा अवन कतिया नाकनाउ विनातन থে. হাা. ঠিক বলিয়াছ। শাকল্য এইরূপে দেবতার মধ্যম সংখ্যা অবগত হুইরা পুনশ্চ দেবতা আরও সঙ্পিপ্ত করিবার জন্ম ন্যুন সংখ্যা জিজ্ঞানা করিলেন যে, হে যাজ্ঞবন্ধা ! দেবতার সংখ্যা কত ? বাজ্ঞবন্ধা বলিলেন যে, "ত্রমন্ত্রিংশং"---পুনক উত্তরোত্তর এইরূপ দেবতার সংখ্যা-বিষয়ে প্রশ্ন হইতে থাকিলে যাজ্ঞবন্ধা ক্রমশঃ তেত্রিশ, ছয়, তিন, ছই, দেড় এবং পরিশেষে এক সংখ্যা দেবতার নির্দেশ করিলেন। পূর্বে সংখ্যামাত্র প্রষ্ঠব্য বিষয় ছিল, এক্ষণে পুনর্বার সংখ্যের বিষয়ে অর্থাৎ সেই সংখ্যাবিশিষ্ট দেবতা-সম্বন্ধে প্রশ্ন হইতেছে যে, "কতমে তে" অর্থাৎ সেই তিন শত তিন ও তিন সহস্র তিন সংখ্যার পরিগণিত দেবতা কে কে? তাহাদের নাম ধরিয়া বল ॥ ১ ॥

স হোবাচ মহিমান এবৈধামেতে ত্ৰয়ন্ত্ৰিখণত্বেব দেবা ইতি কতমে তে ত্রয়ন্ত্রিশুশদিত্যকৌ বসব একাদশ রুদ্রা দ্বাদশা-দিত্যান্ত একত্রিশুশদিন্দ্রশৈচব প্রজাপতিশ্চ ত্রয়ন্ত্রিশুশা-বিভি ॥ ২ ॥

যাজ্ঞবন্ধ্য শাকল্যের এই প্রশ্ন শ্রবণ করিয়া বলিলেন যে, পূর্বেষে যে তিন শত প্রভৃতি সংখ্যা উক্ত হইয়াছে, তাহা কেবল এই তেত্রিশ দেবতারই প্রপঞ্চ - বিস্তারমাত্র; বস্তুতঃ তেত্রিশই দেবতা, তদ্ধিক নছে। পুনশ্চ শাকল্য বলিলেন যে, সেই ভেত্রিশ দেবতা কে কে? ইহার উত্তরে যাজ্ঞবন্ধ্য বলিলেন त्य, जह वस, धकामन क्रम धवः बामन जामिला, जात हेस ६ अजानिल, धहे তে जिन त्नकार वथार्थ ; अञ्चलितिक ममछ त्नकारे रेहात्मत्र महिमा वा विकात-माजा ११

কতমে বসব ইত্যগ্রিশ্চ পৃথিবী চ বায়ুশ্চান্তরিক্ষঞাদিত্যশ্চ দ্যৌশ্চ চক্রমাশ্চ নক্ষত্রাণি চৈতে বসব এতেয়ু হীদং বস্থু সর্বস্থ হিতমিতি তম্মাদ্বসব ইতি ॥ ৩ ॥

শাকল্য সবিশেষ জানিবার জন্ত পুনশ্চ যাজ্ঞবন্ধ্যকে জিল্ঞাসা করিলেন যে, "কতমে বসবং" অর্থাৎ তুমি যে অষ্টবিধ বস্থর উল্লেখ করিয়াছ, সেই অষ্টবিধ বস্থ কে কে? থাজ্ঞবন্ধ্য বলিলেন যে, অগ্নি, পৃথিবী, বায়ু, অন্তরীক্ষ, আদিত্যা, ছ্যালোক, চক্র ও নক্ষত্র, এই অগ্নি প্রভৃতি নক্ষত্র পর্যান্ত দেবতা ইহারাই বস্থ। কারণ, বাহা বাস করে বা বুাস করায়, তাহাই বস্থ-শব্দবাচ্য, প্রকৃতপক্ষে অগ্নি হইতে মক্ষত্রাবধি দেবতাগণ প্রাণিসকলের কর্মফলের আশ্রম এবং দেহেক্রিয়াদিরূপে সমস্ত প্রাণীর নিবাসরূপে পরিণত হইমা এই সমস্ত জগতের বাসের প্রয়োজক ও শ্বয়ং বাসকারী, এই জন্ম তাহাদের নাম বস্থ॥ ৩॥

কতমে রুদ্র। ইতি দশেমে পুরুষে প্রাণা আত্মৈকাদশস্তে যদাস্মাচ্ছরীরাম্মর্ত্ত্যাত্রৎক্রামন্ত্যথ রোদয়ন্তি তদযদ্যোদয়ন্তি তত্মাদ্রুদ্রা ইতি ॥ ৪ ॥

শাকল্য পুনশ্চ জিজ্ঞাসা করিলেন যে, বেশ, "কতমে রুদ্রাং" অর্থাৎ দ্বাদশ রুদ্র কে কে ? অর্থাৎ তাহাদের রূপ ও নাম কি ? এই প্রশ্নের উত্তরার্থ যাজ্ঞবন্ধ্য বলিলেন যে, পুরুষের পঞ্চ কর্ম্মেন্ত্রিয় ও পঞ্চ জ্ঞানেন্ত্রিয় এবং মন, এই একাদশ দেবতা রুদ্রসংজ্ঞার সংজ্ঞী। ইহাদের রুদ্রসংজ্ঞার কারণ এই যে, যথন এই একাদশ পদার্থ জীবের কর্ম্মফলভোগের অবসানে শরীর হইতে নিক্রান্ত হইয়া যার, তথন জীবকে রোদন করায়। এই রোদন উৎপাদন হেতু ইহাদের নাম 'রুদ্র'॥ ৪॥

কতম আদিত্যা ইতি দাদশ বৈ মাসাঃ সংবৎসরস্থৈত আদিত্যা এতে হীদত সর্বামাদদানা যন্তি তে যদিদ্ধ সর্বাদ-দানা যন্তি তম্মাদাদিত্যা ইতি॥ ৫॥ পুনশ্চ শাকলা জিজ্ঞাসা করিলেন যে, হে যাজ্ঞবন্ধা ! তুমি যে বাদশ আদিতার কথা বলিয়াছ, এক্ষণে সেই আদিতা কে ? এবং তাহার নাম ও রূপ কিরূপ, তাহা বল । এই প্রশ্নের উত্তরে যাজ্ঞবন্ধ্য বলিলেন যে, বংসরের অবয়ব বে বাদশ মাস, তাহাই আদিতা ; যাহা আদার করা যার, তাহার নাম আদিতা, যেহেতু, এই বাদশ মাসই প্রাঞ্জিণের আয়ু: ও কর্ম্মন্দল সকল প্রতিনিয়ত আদার করিয়া প্রস্থান করিতেছে ; সেই হেতু ইহার নাম আদিতা ॥ ৫॥

কতম ইন্দ্রং কতমঃ প্রজাপতিরিতি, স্তনয়িত্ব,রেবেন্দ্রো যজ্ঞঃ প্রজাপতিরিতি কতমঃ স্তনয়িত্ব রিত্যশনিরিতি কতমে। যজ্ঞ ইতি পশব ইতি ॥ ৬॥

পুনশ্চ জিজ্ঞাসা করিলেন যে, তোমার কথিত ইন্দ্র কে? এবং প্রজাপতি কে? যাজ্ঞবদ্ধা বলিলেন যে, স্তনরিজুই ইন্দ্র এবং যজ্ঞই প্রচ্নাপতি। পুনশ্চ জিজ্ঞাসা করিলেন যে, এই স্তনরিজু কাহার নাম? যাজ্ঞবন্ধা বলিলেন যে, অশনি — বজ্ঞই স্তনরিজু, বক্স বলবীর্যাস্বরূপ, যাহা প্রাণিগণের সংহারক, তাহাকে ইন্দ্র নামে অভিহিত করা হয়। পুনশ্চ জিজ্ঞাসা করিলেন যে, সেই যজ্ঞ কে? উত্তর—পশুসকল। কারণ, পশু যজ্ঞকার্য্যের সাধক। যজ্ঞের কোনও স্বত্তর রূপ নাই। এক পশুকে আশ্রম করিয়াই তাহার সন্তা; স্বতরাং যজ্ঞসাধক পশুগণ এখানে যজ্ঞশেক খারা অভিহিত হইল॥ ৬॥

কতমে ষড়িত্যগ্রিশ্চ পৃথিবী চ বায়ুশ্চান্তরিক্ষঞাদিত্যশ্চ জোশ্চৈতে ষড়েতে হীদ্ধ সর্বাধ ষড়িতি॥ ৭॥

শাকল্য বলিলেন, হে যাজ্ঞবন্ধা ! তুমি যে বড় দেবভার কথা বলিলে, ভাহার বিবরণ কি ? যাজ্ঞবন্ধা বলিলেন, সেই দেবভা ছয়টি অর্থাৎ পূর্ব্বোক্ত আই বস্থ ছইতে চন্দ্র ও নক্ষত্র এই ছই দেবভাকে পরিত্যাগ করিলে অবশিষ্ট হৈ ছয় দেবভা শাকে, ভাহারাই মংকথিত বড় দেবভা; পূর্ব্বোক্ত সেই বস্থ প্রভৃতি ভেত্তিশ দেবভা ইহাদেরই সম্বর্গত; ভাহার অধিকও নহে, ন্যুনও নহে ॥ ৭ ॥

কতমে তে ত্রয়ো দেবা ইতীম এব ত্রয়ো লোকা এয়ু হীমে সর্বেব দেবা ইতি কতমো তো দ্বো দেবাবিত্যুমঞ্চৈব প্রাণশ্চেতি কতমোহধ্যদ্ধ ইতি যোহয়ং পবত ইতি॥৮॥

পুনরপি শাকলা জিজ্ঞাসা করিলেন, আর থে, তিন দেবতার কথা বিলিলে, সে দেবতাত্ত্রর কে কে? উত্তর—ত্রিলোক; এথানে পৃথিবী ও অখি, এই ছই দেবতা মিলিয়া এক দেবতা; মিলিত অস্তরীক্ষ ও বায়ু দিতীয় দেবতা; ছালোক ও আদিত্য একত্রিত তৃতীয় দেবতা নামে অভিহিত হয়। এই দেবতাত্রই যথার্থ। অক্তান্ত দেবতাসকল ইংলাদেরই অস্তর্গন্ত। সেই জ্বন্ত বিলিতেছি, এই তিনটি মাত্র দেবতা, ইহা কতিপয় নৈক্ষণাদীর অভিমত। শাকল্য পুনর্কার জিজ্ঞাসা করিলেন, পুর্বে যে ছই দেবতার কথা বলিয়াছ, সেই ছই দেবতা কে, তাহা নির্দেশ কর? উত্তর—অন্ন ও প্রাণ, এই ছইটিই দেবতা, ইহার অধিক দেবতা নাই। অক্তান্ত দেবতাগণ ইহাদেরই বিস্তারমাত্র। পুনশ্চ জিজ্ঞাসা করিলেন, তুমি যে অধ্যক্তর (সার্দ্ধদেবতা) কথা বলিয়াছ, সেই অধ্যর্দ্ধদেবতা কে? উত্তর,—এই যে অহরহঃ প্রবহ্মান বায়ু, তাহাই প্রেক্তিক অধ্যর্দ্ধ দেবতা, পূর্ব্বোক্ত অধ্যর্দ্ধ দেবতাও ইহারই অন্তর্গত ॥৮॥

তদাহুর্যদয়মেক ইবৈব পবতেহথ কথমধ্যদ্ধ ইতি যদস্মিন্নিদ্দ সর্ববিষধ্যার্শ্বে, তেনাধ্যদ্ধ ইতি কতম একেশ দেব ইতি প্রাণ ইতি স ব্রহ্ম ত্যদিত্যাচক্ষতে ॥ ৯ ॥

তাহাতে কেহ কেহ আপত্তি করেন বে, একই বায়ু দেবতা প্রবহমান বিশ্বা মনে হয়, তবে অধ্যদ্ধ হয় কিরপে ? শুতিই তাহার অভিপ্রায় প্রকাশ করিতেছে; এই অধ্যদ্ধ সাদ্ধ অর্থে নহে, ইহা ঋদিজনক অর্থে প্রযুক্ত অর্থাৎ বেহেছু এই এক বায়ুর সভাতেই এ জগন্মগুলের পৃষ্টি সম্পন্ন হয়, সেই কায়ণে এই বায়ুকে অধ্যদ্ধ বলা হইয়াছে। পুনশ্চ শাকল্য জিজ্ঞাসা করিলেন বে, অফুক্ত সেই এক দেবতা কে? উত্তর—সেই দেবতা প্রাণ। এই প্রাণ্ট সেই ব্রহ্ম; সর্বাদেবমন্ন বিশ্বা ইছাকে সেই মহৎ ব্রহ্ম বলা হইয়া থাকে। তাহা এই পরোক্ষাভিধান্নক "তাৎ" শব্দ ধারা প্রকাশ করা হইল। এইরপে দেবতা-গণের একত্ব ও নানাত্ব পরিভাবিত হইয়া থাকে। অন্ত দেবতার নিবিং

সংখ্যার অন্তর্জাব, গণনাক্রমে তাহাদেরই তেত্তিশ প্রভৃতি সংখ্যার পরিগণনাও পরিশেবে একমাত্র প্রাণেতেই সর্বদেবতার একীভাব (অন্তর্জাব) সম্পাদন করা হইরাছে। পূর্ব্বোক্ত সমস্তই এক প্রাণেরই বিস্তার। এই এক বা অনস্ত কিয়া অবাস্তর তেত্তিশ সংখ্যাবিশিষ্ট দেবতা সমস্তই সেই প্রাণই। তবে বে এক প্রাণ্রেকার বিভিন্ন নাম, রূপ, কর্ম্ম, শুণ ও শক্তি দেখা যায়, তাহা অধিকারিতেদে জানিবে ॥ ৯ ॥

পৃথিব্যেব যস্তায়তনমগ্নিলোক। মনোজ্যোতির্যো বৈ তং পুরুষং বিভাৎ সর্ববিদ্যাত্মনঃ পরায়ণ্ড স বৈ বেদিতা স্থাদ্-যাজ্ঞবন্ধ্য বেদ বা অহং তং পুরুষ্ড সর্বস্থাত্মনঃ পরায়ণ্থ যমাথ য এবায়ড় শারীরঃ পুরুষঃ স এষ বদৈব শাকল্য তম্ম কা দেবতেত্যমৃত্মিতি হোবাচ॥ ১০॥

ক্ষণে পুনশ্চ দেই প্রাণনামক ব্রন্ধেরই অষ্টপ্রকার ভেদ প্রদর্শিত হইতেছে।—পৃথিবী বাঁহার আয়তন অর্থাৎ আশ্রয়, অগ্নি বাঁহার দৃষ্টির সাধন -- চক্ষু অর্থাৎ যিনি অधिরূপ চক্ষুর্বারা দর্শন করেন, মন বাঁহার জ্যোতি: অর্থাৎ বিনি জ্যোতির্মন্ন মনোধারা সঙ্কল-বিকল্লাদি (চিন্তা) কার্য্য সম্পাদন করেন। বিনি এইরূপে প্রাণবন্ধকে মনোজ্যেতীরূপী পৃথিবীশরীরী অগ্নিদৃষ্টি ও মন:-मुद्धबाबी विविधा कार्यन, रिकि एन्ट्रे नेतीरतिक्षत्रमाष्ट्रिमम् अभिवास्त्रिमानी रानविधारक মাতৃজাত ত্বকৃ-মাংস-কৃধিবরূপ ক্ষেত্র ও পিতৃজাত অন্থি-মজ্জা-গুক্তরূপ বীজের প্রধান আশ্রয় এবং ইন্সিয়ের অধিষ্ঠানস্থান বলিয়া জানেন, তিনিই ষধার্থ অভিজ্ঞ এবং তিনিই পণ্ডিত। এখানে এ কথা বলিবার অভিপ্রায় এই त्व, এইक्रेश कानिएक शांतिएगई यथार्थर वहां शिंक शांति । हि राख्यका। आमि कानि, जुमि आमात धरे प्रमुखत आक्षत छेखत मिर्ड পারিবে না; কেবল না জানিয়া শুনিয়া পাণ্ডিত্যাভিমান করিভেছ। এই कथा अवन कतिया गाळवद्या वनितन यः, यनि छायात शृष्टे गाळित्क जानितनहें পণ্ডিত হয়, তাহা হইলে বলিতেছি যে, আমি তোমার সমস্ত উত্তরই অবগত আছি অর্থাৎ তুমি বাহার কথা বলিতেছ, আমি তাহাকে জানি। শাকলা हरेल. वन मिन, तारे शुरुष किका निरम्पत निरमिक ने बाक्क वहा

বলিলেন, হে শাকলা! আমি সেই পুরুষের শ্বরণ কীর্ত্তন করিতেছি, তুমি সাবধানচিত্তে প্রবণ কর;—এই যে শরীর অর্থাৎ মাতৃশরীর হইতে, উৎপন্ন ঘক্মাংসক্ষিররপ কোষত্রমূরণ পার্থিব অংশ, তাহাই তোমার জিজ্ঞাসিত পুরুষ; এই পুরুষের কথাই তুমি জিজ্ঞাসা করিয়াছ; কিন্তু তাহাতেও অক্সবিশেণ বক্তন্য আছে, তৎসম্বন্ধে তুমি আরও প্রশ্ন কর। শাকলা বাজ্ঞবন্ধ্যের এইরূপ পরিহাসবাক্য প্রবণ করিয়া অন্ধূশাহত হন্তীর আয় আর সহু করিতে না পারিয়া ক্রোধসহকারে বলিলেন যে, সেই শারীরদেবতার দেবতা কে? (যাহা হইতে যাহা উৎপন্ন [বর্দ্ধিত] হয়, এই প্রকরণে তাহাই তাহার দেবতা বলিয়া কথিত হইয়াছে)। যাজ্ঞবন্ধ্য বলিলেন যে, অমৃত তাহার দেবতা অর্থাৎ মাতৃশরীর হইতে সূর্পেন রক্তের উৎপাদক যে ভুক্ত অন্নের পরিপাকজ রস, তাহাই এথানে অন্ত নামে কথিত হইয়াছে। কথিত আছে, সেই অন্নরস হইতে যে স্বীরক্ত উৎপন্ন হয়, তাহা পুরুষবীজ-সংবোগে রক্তমন্ম পার্থিব শরীর স্বৃষ্ট করে। অত্পুর অন্ধ-পরিণান রসই এথানে দেবতারূপে নির্দ্ধিত। ১০ ॥

কাম এব যন্তায়তনত হৃদয়ং লোকে। মনো জ্যোতির্যো বৈ তং পুরুষং বিচাৎ সর্ববস্থাত্মনঃ পরায়ণত স বৈ বেদিতা স্থাদ্ যাজ্ঞবল্ক্য বেদ বা অহং তং পুরুষত সর্বব্যাত্মনঃ পরায়ণং যমাত্ম ব এবায়ং কামময়ঃ পুরুষঃ স এষ বদৈব শাকল্য তন্ত্য কা দেবতেতি স্তিয় ইতি হোবাচ॥ ১১॥

ন্ত্রীসংস্ণাভিলাষরণ কাম বাহার শুরীর; জদয় অর্থাৎ বৃদ্ধি বাহার লোক—জানকারণ চক্ষ্য মন বাহার জ্যোতিংকরপ, সর্কভৃতের একমাত্র আশ্রর সেই পুরুষকে যে ব্যক্তি অবগত হইতে পারেন, হে যাজ্ঞবন্ধা! তিনিই বর্থার্থ জ্ঞানী। এই কথা শ্রবণমাত্র যাজ্ঞবন্ধ্য বলিলেন যে, শাকল্য! তৃমি যে বিষয়ে প্রশ্ন করিয়াছ, আনি জাহা জানি, অর্থাৎ সমস্ত শরীর•পার্থিবাংশের পরমাশ্রররপ। সেই কামময় পুরুষকে আমি জানি। হে শাকল্য! যদি তোমার ইচ্ছা হয়, তাহা হইলে তাহাও জিজ্ঞাসা করিতে পার। শাকল্য এই অবজ্ঞাবাক্য শ্রবণ করিয়া পুনশ্চ ক্রোধজ্ঞরে জিজ্ঞাসা করিলেন যে, সেই কামময় পুরুষের অধিষ্ঠাত্রী দেবতা কে? যাজ্ঞবন্ধ্য বলিলেন, স্ত্রী; যেহেতু, স্ত্রী হইতেই কামের উদ্দীপনা হইয়া থাকে; মত্রুব স্ত্রীসকলই কামময় পুরুষের অধিষ্ঠাত্রী দেবতা॥ ১১॥

রূপাণ্যেব যক্ষায়তনং চক্ষুলোকো মনো জ্যোতির্যো বৈ তং পুরুষং বিভাৎ সর্ববিদ্যাত্মনঃ পরায়ণখ দ বৈ বেদিতা দ্যাদ্ যাজ্ঞবন্ধ্য বেদ বা অহং তং পুরুষ পু সর্ববিদ্যাত্মনঃ পরায়ণং যমাথ য এবাদাবাদিত্যে পুরুষঃ দ এষ বদৈব শাকল্য তদ্য কা দেবতেতি সত্যমিতি হোবাচ॥ ১২॥

পুনশ্চ শাকল্য প্রশ্ন করিলেন যে, গুরু-ক্লফাদি রূপ যাহার আয়তন—আশ্রম.
চক্ষ্ যাঁহার লোক—দর্শনক্রিয়া-সম্পাদনের কারণ, মন যাহার জ্যোতিঃস্বরূপ, হে যাজ্ঞবক্ষা! সকল শারীর আন্মার পরমাশ্রম, রেই পুরুষকে যিনি
জানেন, তিনি যথার্থপক্ষে জ্ঞানা। তুনি যদি তাঁহাকে জান, তবে বল, তিনি কে?
যাজ্ঞবল্য বলিলেন যে, হে শাকল্য! তুনি যাহার কথা বলিয়াছ, আমি তাঁহাকে
জানি; এই যে আদিত্যমণ্ডলাধিষ্টিত পুরুষ, তিনিই তোমার জিল্ঞাসিত পুরুষ।
বল, এই সম্বন্ধে আরও তুনি জিল্ঞাসা করিতে পার। যাজ্ঞবক্ষোর উপহাসবাক্য শ্রবণ
করিয়া অমর্ষবদে শাকল্য বলিলেন যে, হে যাজ্ঞবল্ধ্য! দেখি, সেই রূপপ্রকাশক
আদিত্যাধিষ্ঠিত দেবতা কে? যাজ্ঞবন্ধ্য বলিলেন যে, সেই দেবতা সত্য; এথানে
সত্য অর্থে চক্ষ্ণ। কারণ, আধ্যান্থিক চক্ষু হইতেই আধিনৈবত আদিত্যের
অভিব্যক্তি হয়, এ জন্ম চক্ষুই সত্য শক্ষে উক্ত হইরাছে॥ ২২॥

আকশি এব যদ্যায়তনশু শ্রোত্রং লোকো মনো জ্যোতি-র্যো বৈ তং পুরুষং বিভাৎ সর্ববদ্যাত্মনঃ পরায়ণখ দ বৈ বেদিতা স্থাদ্ যাজ্যবন্ধ্য বেদ বা অহং তং পুরুষখ সর্বব্যাত্মনঃ পরায়ণং যমাথ য এবায়খ শ্রোত্রঃ প্রাতিশ্রুৎকঃ পুরুষঃ স এষ বদৈব শাকল্য তম্ম কা দেবতেতি দিশ ইতি হোবাচ॥ ১৩.॥

আকাশ বাঁহার আয়তন (শরীর), কর্ণ বাঁহার লোক (জ্ঞানকারণ), মন বাহার জ্যোতিঃ, সমস্ত শারীর (আত্মা) অংশবিশেষের আশ্রয় সেই পুরুষকে থিনি জানেন, তিনি থেথার্থ জ্ঞানসম্পন্ন; তুমি যদি বলিতে পার, তবে বল তিনি কে? যাজ্ঞবন্ধ্য বলিলেন যে, হে শাক্ষা! আমি জানি,— এই পুরুষই প্রাতিশ্রংক, অর্থাৎ প্রত্যেক শক্ষশ্রবণকালেই প্রকৃটিত হুইয়া থাকে, এ জন্ম তাহাকে প্রাতিশ্রুৎক বলা হইয়া থাকে। শাকলা। এ সম্বন্ধে আরও জিজ্ঞান্ত আছে, জিজ্ঞানা করিতেই হইবে। এই কথা এবণ করিয়া ক্রোধসহকারে শাকলা পুনর্কার পূর্ববং জিজ্ঞাসা করিলেন, হে বাজ্ঞবন্ধা! তোমাকে বলিতে হইবে, সেই দেবতার অধিষ্ঠাতী দেবতা কে গ যাজ্ঞবন্ধ্য বলিলেন যে, এই প্রাতিশৃৎক পুরুষের অধিষ্ঠান্ত্রী দেবতা—দিক: নেহেতু, দিক্সমূহ হইতেই ঐ শোলসম্বনী আধ্যাত্মিক পুরুষ অভিবাক্ত হয়; অতএব দিকুসকলই প্রাতিশ্রুৎকপুরুদ্ধের অধিষ্ঠাত্রী দেবতা ॥ ১৩॥

তম এব বস্থায়তনত হায়েং লোকো মনোজ্যোতির্যো বৈ তং পুরুষং বিস্তাৎ সর্ববস্থাত্মনঃ পরায়ণ্ড স বৈ বেদিতা স্থাদু-যাজ্ঞবল্ক্য বেদ বা অহুং তৎ পুরুষ্ট্র সর্ববস্থাত্মনঃ পরায়ণ্ড যুমান্থ য এবায়ং ছায়াময়ঃ পুরুষঃ স এষ বদৈব শাকল্য তম্ম কা দেবতেতি মৃত্যুরিতি হোবাচ ॥ ১৪ ॥

পুনশ্চ শাকলা বলিলেন, হে যাজ্ঞবন্ধা। নৈশ প্রভৃতি অন্ধকার যাঁহার আয়তন (আশ্রয়), হানম অর্থাৎ বৃদ্ধি ঘাঁহার লোক অর্থাৎ চক্ষু:, মন যাঁহার জ্যোতিঃ দর্শনসাধন--সঙ্গল্প-বিকল্পের কারণ, সমস্ত শারীর আত্মার প্রমাশ্রয় সেই পুরুষকে যিনি জানেন, তিনিই যথার্থ বিশ্বানী যাজ্ঞবন্ধ্য বলিলেন য়ে, হে শাকলা! তুমি গাঁহার কথা বালতেছ, আমি তাঁহাকে জানি; এই বে জীবদেহমধ্যে অজ্ঞানময় পুরুষ, ইহাই সেই দর্কাত্মার পরায়ণ। হে শাকলা। তোমার ইচ্ছা হইলে এ বিষয়ে আরও জিজাসা করিতে পার। শাকলা এই কথা শ্বণ করিয়া কোণভবে জিজ্ঞাসা করিলেন যে, বাজ্ঞবন্ধা! বল দেখি, সেই অজ্ঞাননয় প্রাধের অধিষ্ঠাতী দেবতা কে? বাজ্ঞবন্ধা বলিলেন, মৃত্যু, অর্থাৎ মৃত্যু হইতেই সেই অজ্ঞানময় পুরুষের অভিব্যক্তি॥ ১৪॥

রূপাণ্যের যন্তায়তনং চক্ষুলে কো মনো ভ্যোতির্যো বৈ তং পুরুষ্ণ বিচ্যাৎ সর্ববস্থাত্মনঃ পরায়ণ্ড স বৈ বেদিতা স্থাদ-যাক্তবল্ক। বেদ বা অহৎ পুরুষণ সর্বস্থাতানঃ পরায়ণং যমাত্থ য-এবায়মাদর্শে পুরুষঃ স এষ বদৈব শাকল্য তস্থ কা দেবত্বেত্যস্থরিতি হোবাচ॥ ১৫॥

ইতঃপূর্বে ধাদশ শ্রুতিতে সাধারণরপের বিষয় বর্ণিত হইরাছে; এক্ষণে পুনর্বার যে সকল বিশিষ্ট প্রকাশক রূপ, তাহার বিষয়ই কথিত হইতেছে।—শাকল্য জিজ্ঞাসা করিলেন, প্রকাশক রূপই বাহার আশ্রয়, চক্ষ্ই বাহার লোক (দর্শনসাধন), মন বাহার জ্যোতিঃ, সেই পুরুষকে যিনি জানেন, তিনিই প্রকৃত বিধান্। হে যাজ্ঞবন্ধ্য! তুমি কি তাহাকে জান ? যাজ্ঞবন্ধ্য বলিলেন যে, শাকল্য! তুমি বাহার কথা বলিতেছ, আমি সেই সমস্ত শারীর আ্যার পরমাশ্রয় পুরুষকে বিলক্ষণ জানি। রূপাশ্রয় দেবতার আ্বার বিশেষাশ্রয় প্রতিবিশ্বধার দর্পণ প্রভৃতি। এই যে দর্পণাদিতে প্রতিবিশ্বিত পুরুষ, ইহাই তোমার প্রশের বিষয়ীভূত। কিন্তু ইহাতে আরও জিজ্ঞান্থ আছে, তাহা জিজ্ঞানা করিতেই হইবে। এই কথা শ্রবণ করিয়া শাকল্য প্রেরণার তীত্রতা হেতু জিজ্ঞানা করিলেন, বল দেখি যাজ্ঞবন্ধ্য। এই প্রতিবিশ্ব পুরুষের দেবতা কে ? যাজ্ঞবন্ধ্য বলিলেন—ক্ষম্ন; যেহেতু, অন্ত (প্রাণ) হইতেই প্রতিবিশ্ব পুরুষের আবিজাব হইয়া থাকে; তাহার কারণ, প্রাণের সাহায্যে ঘর্ষণ ঘারা দর্পণাদি নির্মাণ হইলে তাহার প্রতিবিশ্ব প্রফুটিত হয়; অতএব প্রাণই প্রতিবিশ্ব-পুরুষের দেবতা অর্থাৎ প্রবর্ত্তক, এ জন্ত তাহার নাম অন্ত ॥ ১৫ ॥

আপ এব যক্ষায়তনত হৃদয়ং লোকো মনো জ্যোতির্যো বৈ তং পুরুষং বিভাৎ সর্ববিশ্বাত্মনঃ পরায়ণত স বৈ বেদিতা স্থাদ্-যাজ্ঞবল্ক্য:বেদ বা অহং তং পুরুষ্ত সর্ববিশ্বাত্মনঃ পরায়ণং যমাত্ম য এবায়মপ্স্ পুরুষঃ স এষ বদৈব শাকল্য তস্য কা দেবতেতি বরুণ ইতি হোবাচ॥ ১৬॥

শাকল্য প্রশ্ন করিলেন, অপ-(জল) মাত্রই বাঁহার আমতন (আশ্রম), বাপী, কৃপ, তড়াগ প্রভৃতি জলাপ্রে বাঁহার বিশেষরূপে অবস্থান, হৃদয়—বৃদ্ধি বাঁহার লোক (চক্ষ্যান্ত্রপ), মন বাহার জ্যোতিঃ (প্রকাশক), বে ব্যক্তি সেই পুরুষকে জানেন, তিনিই প্রকৃত তত্ত্বদশী। অভিপ্রায় এই, হে বাজ্যবন্ধা। তুমি সেই সর্ব্বান্থার আশ্রয় পুরুষকে জান না; অতএব বুথাই তোমার পাণ্ডিত্যাভি-মান! যাজ্ঞবন্ধ্য বলিলেন যে, হে শাকলা। তুমি যাহার কথা বলিতেছ, আমি সেই পুরুষকে জানি। বল, আর কি বলিতে হইবে? শাকল্য পুনরপি জিজ্ঞাসা করিলেন যে, এই জলাধিষ্ঠিত দেবতা কে বল দেখি যাজ্ঞবন্ধ্য विमालन त्य, जोशांत त्मवजा वक्रम, त्यारुजू, वक्रम श्हेरज्हे आधांश्चिक (শরীরান্তর্বর্ত্তা) জনের উৎপত্তি এবং সমস্ত বাপী প্রভৃতি তাহা হইতেই উৎপর॥ ১৬॥

রেত এব যদ্যায়তনত হৃদয়ং লোকো মনো জ্যোতির্যো বৈ তং পুরুষং বিচ্চাৎ দর্ব্বদ্যাত্মনঃপরায়ণ্ড দ বৈ বেদিতা স্যাদ্-যাজ্ঞবল্ক্য বেদ বা অহং তং পুরুষ্ণ সর্ব্বস্যাত্মনঃ পরায়ণং যমাত্ম য এবায়ং পুত্রময়ঃ পুরুষঃ স এয বদৈব শাক্ল্য তৃস্য কা দেবতেতি প্রজাপতিরিতি হোবাচ॥ ১৭॥

পুনশ্চ শাকলা বলিলেন যে, রেতঃ (৩ক্র) যাহার আয়তন (আশ্রয়), অর্থাৎ (পুত্ররূপে) যিনি রেতকে বিশেষভাবে আশ্রম করিয়া আছেন, (কারণ, পুত্রের অন্তি, মজ্জা ও শুক্র তাহার পিতা হইতেই নিষ্পন্ন), স্বন্ধ যাঁহার লোক (চকু), মন থাঁহার জ্যোতিঃ, তাঁহাকে যে ব্যক্তি জানেন, তিনিই ব্থার্থ বিশ্বান্। (অভিপ্রায় এই, বাজ্ঞবন্ধ্য ! তুমি কি তাঁহাকে জান নাঁ ? তোমার এ অভিমান (কন) ?

যাজ্ঞবন্ধ্য বলিলেন যে, হে শাক্ষা ! আমি তাঁহাকে জানি-এই পুরুষ পুত্র-স্বরূপে বর্ত্তমান। হে শাকলা। এ বিষয়ে আরও বক্তব্য আছে, জিজ্ঞাসা কর। শাকল্য এইরূপ যাজ্ঞবন্ধ্যের উপহাস-বাক্য শ্রবণ করিয়া প্রশচ জিজ্ঞাণা করিলেন, যাজ্ঞবক্ষ্য! ভূমি বল, সেই পুলুময় পুরুষের দেবভাকে? যাজ্ঞবন্ধ্য বলিলেন-প্রজাপতি, অর্থাৎ পিতা, যেহেতু, পিতা হইতে প্রত্যের উৎপত্তি হয়, স্বতরাং পিতাই পুল্লের দেবতা—উৎপাদক ॥ ১৭ ॥

া শাকল্যেতি হোবাচ যাজ্ঞবন্ধ্যন্তান বিদিমে ব্রাহ্মণা অঙ্গা-রাবক্ষয়ণমক্রতা ৩ ইতি ॥ ১৮ ॥

ইহার পূর্ব্বে উক্ত হইয়াছে যে, এক এক দেবতাই দেব, লোক ও পুরুষ, এই তিন তিন ভাগে বিভক্ত হইয়া অবস্থিত; প্রত্যেক দেবতাই এক প্রাণকেই উপাসনা করিবার জন্মই স্বষ্ট বনিয়া নির্দেশ করা ইইয়াছে। এই বিভাগেরও একমাত্র উদ্দেশ্য উপাসকগণের উপাসন-সৌকর্য্য সম্পাদন করা। সম্প্রতি দিগিভাগ দারা পঞ্চ প্রকারে বিভক্ত প্রাণের এক আত্মায়ই অন্তর্গত্ত্ব দেখাইবার জন্ম এই শতির আরম্ভ হইতেছে। অতঃপর যাজ্ঞবন্য শাকলাকে নির্বাক্ দেখিয়া তাহাকে বেন গ্রহাবিষ্টের মত অভিভূত করিবার জন্ম বনিলেন যে, হে শাকলা। এই সভান্থ ব্রাহ্মণগণ নিশ্চয়ই তোমাকে অঙ্গারে দহমান সন্দংশ দারা দের করিয়াছে; ইহা কি তোমার হাদয়ঙ্গম হইতেছে অর্থাৎ সভাসদ্গণের পরামর্শে তুমি যে আমার সহিত্ব বিচারে প্রের্ত্ত হইয়া বার বার আত্মাকর্ত্ব পরাজ্য়বশতঃ অন্তরে দগ্ধ হইতেছ, ইহা বৃথিতে পারিভেছ না ॥১৮॥

যাজ্ঞবক্ষ্যেতি হোবাচ শাকল্যো যদিদং কুরুপঞ্চালানাং ব্রাহ্মণানত্যবাদীঃ কিং ব্রহ্ম বিদ্বানিতি দিশো বেদ সদেবাঃ সপ্রতিষ্ঠা ইতি যদিশো বেখ সদেবাঃ সপ্রতিষ্ঠাঃ ॥১৯॥

শাকল্য প্নশ্চ বলিলেনু যে, হে যাজ্ঞবক্ষা ! তুমি যে এই উপস্থিত কুৰুপঞ্চাল-দেশীয় ব্ৰাহ্মণগণকে বিদ্ৰূপ করিয়া বলিতেছ দে, ইহারা নিজে ভাত হইয়া আমাকে তক্ষপ অগ্নিতে সন্দংশের মত পোড়াইতে চেষ্টা করিতেছেন, তুমি এক্ষবিৎ হইয়া কেন এই সকল ব্ৰাহ্মণগণকে অবজ্ঞা করিতেছ, ইহা তোমার কর্ত্তব্য নহে। এই কথা শ্রবণ করিয়া যাজ্ঞবন্ধ্য বলিলেন, স্থামি এইরূপই ব্রহ্মজ্ঞান লাভ করিয়াছি। শাকল্য জিজ্ঞানা করিলেন, সেই জ্ঞান কি ? যাজ্ঞবন্ধ্য এইরূপ জিজ্ঞানিত হইয়া বলিলেন যে, আমি সমস্ত দিক্বিষয়ে বিজ্ঞান জানি, কেবল দিকের কেন ? দিগবিষ্ঠানী দেবতাস্থ দিগ্রিষয়ে বিজ্ঞান আমার হইয়াছে এবং সেই সকল দিকের আশ্রম্ব দেবতাও আমার অক্ষাত নহে। শাকল্য বলিলেন, তুমি যদি দিক, দিশ্বেল্ডা এবং দিগাগাবদেবতাকে যথাগাই জানিয়া পাক, তাহা হইলে বল ? তোমার পাড়জ্ঞাক বিষয়ে বর্ণনা করিয়া প্রতিক্ষা স্ফল

কিংদেবতোহস্থাং প্রাচ্যাং দিশ্যসীত্যাদিত্যদেবত ইতি
স আদিত্যঃ কম্মিন্ প্রতিষ্ঠিত ইতি চক্ষুষীতি কম্মিন্ চক্ষুঃ
প্রতিষ্ঠিতমিতি রূপেম্বিতি চক্ষুষা হি রূপাণি পশ্যতি কম্মিন্
রূপাণি প্রতিষ্ঠিতানীতি হৃদয় ইতি হোবাচ হৃদয়েন হি
রূপাণি জানাতি হৃদয়ে হেব রূপাণি প্রতিষ্ঠিতানি ভবন্তীত্যেবমেবৈতদমাজ্ঞবন্ধ্য ॥ ২০ ॥

অনন্তর শাকল্য বলিলেন বে, হে বাজ্ঞবন্ধা! তুমি কোনু দেবতারূপে পূর্ব্বাভিমূণে অবৃস্থিতি করিতেছ ? ইহার তাৎপর্য্য এই,—শাকল্য ব্রিয়াছেন বে, এই বাজবুল্ধা হান্যাত্মাকে দিকে পঞ্চরূপে বিভক্ত মনে করে এবং সেই উপাসনার ফলে তাহার আত্মা দিগ্রূপে পরিণত হইয়াছে, অতএব দিগাত্মাকে ধরিয়া সমস্ত জগৎকেই আত্মা মনে করিয়া 'আমি সেই দিগাত্মা,' এইরূপ অভিমান করিয়া আছে। শাকল্য যাজ্ঞবন্ধ্যের প্রতিজ্ঞানুসারে দিগ্দেবতার প্রশ্ন করিয়াছেন. থেহেতু, বাজ্ঞবন্ধাই পূর্বের আমি দিকের আশ্রম জানি, বলিয়া প্রতিজ্ঞা করিয়া-ছেন। তাই জিজ্ঞাসা করিলেন, তুমি পূর্ব্বদিগাত্মা হইয়া কোনু দেবতা আশ্রয় করিয়া আছ, এ বিষয়ে দকল বেদেই কথিত আছে, থিনি যে দেবতার উপাদনা করেন. তিনি সেই দেহেতেই সেই দেবতার সারপ্য লাভ করেন, এ নিমিত্ত শ্রুতিও বলিবেন যে, "দেবো ভূত্বা দেবানপ্যোতি" অর্থাং দেবতা হইয়া দেবতাকে (উপাসনা ছারা) প্রাপ্ত হয়। শাকল্যের জিজ্ঞাসিত থিষয়—পূর্ব্বদিকে দিগ্রপে অবস্থিত তোমার অধিগাত্রী দেবতা কে? অর্থাৎ কোন দেবতার সাহায়ে তুমি প্রাচা দিগ্রূপ প্রাপ্ত হইয়াছ ? বাজ্ঞবন্ধা বলিলেন যে, আমি আদিত্যদেবতারূপে পূর্ব্বদিকে অবস্থিত আছি; স্বতরাং আদিত্যই পূর্ব্বদিকে আমার অধিদেবতা। দেবতা-বিষয়ে প্রশ্ন ও তাহার উত্তর হওয়ার পর আধার-দেবতা সম্বন্ধেও শাকলা জিজ্ঞাসা করিলেন, হে যাজ্ঞবন্ধা! সেই পূর্ব্বদিগণিষ্ঠাতা আদিত্য কোথায় প্রতিষ্ঠিত ? যাজ্ঞবন্ধ্য বলিলেন, চফুতে। কারণ, আধ্যাত্মিক চক্ষু হইতেই অধিদৈৰত সূৰ্য্যের প্ৰকাশ। এই জন্ম মন্ত্ৰ-ব্ৰাহ্মণে আছে—"চন্দ্ৰমা মনসো জাতশ্চকো: হুৰ্য্যো অজায়ত," অৰ্থাৎ চক্ৰ মন হইতে জিন্মিয়াছে এবং স্থ্য চকু হইতে অভিব্যক্ত হইয়াছে। কাৰ্য্য যে কারণে প্রতিষ্ঠিত থাকে, এ কথা সর্ববাদিসক্ষত; স্থতরাং চকুর কার্য্য আদিত্যও স্বকারণ চকুতেই

প্রতিষ্ঠিত রহিরাছে। এই উত্তর অত্যন্ত বুজিবুক্ত। শাকণ্য পুনশ্চ জিজ্ঞাসা করিলেন যে, এই চক্ষু কোথায় প্রতিষ্ঠিত ? যাজ্ঞবন্ধ্য বলিলেন, রূপে। কারণ, রূপমাত্রগ্রাহক চক্ষু রূপস্বরূপ, অর্থাৎ রূপ চক্ষুকে রূপগ্রহণের জন্য প্রেরণ করে, কাজেই রূপস্বরূপে তাহার প্রকাশ, নচেৎ তাহার অন্তিম্ব কোথায় ? ইহাই নিয়ম যে, যে সকর রূপ চক্ষুকে প্রেরণ করে, তাহারাই স্বরূপ-গ্রহণের জন্য চক্ষুকে উৎপন্ন করিরাছে, অত্তএব এই চক্ষুই আদিত্য, পূর্ব্বদিক্ এবং তদাপ্রিত দেবতার সহিত রূপতে অধিষ্ঠিত রহিয়াছে। শাকল্য পুনশ্চ জিজ্ঞাসা করিলেন, এই দিক্প্রভৃতির অধিষ্ঠান রূপসকল কোথায় প্রতিষ্ঠিত ? যাজ্ঞবন্ধ্য বলিলেন, হৃদয়ে দারাই সকল জীব সর্বাপ্রকার রূপের জ্ঞান করে। অত্যুব হৃদয় রূপের জ্ঞানকারক বলিয়াই হৃদয়কে রূপের অধিষ্ঠান বলা হইয়াছে। এখানে হৃদয়শকে বৃদ্ধি ও মন উভয়ই অভিপ্রেত; অত্যুব হিল হইল যে, হৃদয়েতেই রূপ প্রেতিষ্ঠত, আর এই জ্ঞাই সংকাররূপে পরিণত রূপের হৃদয় দারাই স্বরণ হয়। এই সমস্ত কথা শ্রবণ করিয়া শাকল্য বলিলেন, হে যাজ্ঞবন্ধ্য। তৃমি যাহা বলিয়াছ, তাহা বপার্থই॥২০॥

কিংদেবতোহস্থাং দক্ষিণায়াং দিশ্যদীতি যমদেবত ইতি
স যমঃ কন্মিন্ প্রতিষ্ঠিত ইতি যজ্ঞ ইতি কন্মিনু যজ্ঞঃ
প্রতিষ্ঠিত ইতি দক্ষিণায়ামিতি কন্মিনু দক্ষিণা প্রতিষ্ঠিতেতি
শ্রহ্মায়ামিতি যদা যেব শ্রহ্মগ্রেহথ দক্ষিণাং দদাতি শ্রহ্মায়াশ্র্
যেব দক্ষিণা প্রতিষ্ঠিতেতি কন্মিনু শ্রহ্মা প্রতিষ্ঠিতেতি হৃদয়
ইতি হোবাচ হৃদয়েন হি শ্রহ্মাং জানাতি হৃদয়ে যেব শ্রহ্মা
প্রতিষ্ঠিতা ভবতীত্যেবমেবৈতদ্ যাজ্ঞবক্ষ্য ॥ ২১॥

শাকল্য প্নশ্চ যাজ্ঞবন্ধ্যকে প্রশ্ন করিলেন যে, হে যাজ্ঞবন্ধ্য । এই দক্ষিণ দিকে তুমি কোন্ দেবতাকে আশ্রম করিয়া আছ ? যাজ্ঞবন্ধ্য বলিলেন—যম অর্থাৎ আমি দক্ষিণদিক্রপে পরিণত হইলে যম আমাকে ধারণ করিয়া: আছে। প্নর্কার শাকল্য প্রশ্ন করিলেন যে, সেই যম-দেবতার অধিষ্ঠান কি ? অর্থাৎ দক্ষিণদিক্ যেমন যমদেবতাশ্রিত, সেইরুগ ষমদেবতাও কোথায় অধিষ্ঠিত जाएक रम १ थाळववा र्रामालन एव, यम निर्म पिक्यर उर्पाखन कात्र गर्छ অধিষ্ঠিত। যদি বল, যম যজ্ঞের কার্য্য কিরুপে হইতে পারে ?, তাহার উত্তর-যেহেতু, ঋত্বিকৃগণ যে যজ্ঞ নিষ্পাদন করেন, তাহা যঞ্জমান (যজ্ঞকারী ব্যক্তি) দক্ষিণাত্রপ মূল্য দারা পুরোহিত হইতে ক্রম্ম করেন এবং সেই ক্রীত যজ্ঞ ছারাই দক্ষিণ দিক্ ও তদধিদেবতা যমকে জয় করেন; অতএব যম কার্যাত্ব সম্বন্ধে পরম্পরাম্ব যজে অধিষ্ঠিত ও বমাধিষ্ঠিত দক্ষিণ দিক্ও यर्ड प्रान्तिल, हेरा निर्वील रुवेन। भाकना पूर्नफ जिड्डामा कतितन त्य, যাজ্ঞবন্ধা । তুমি যে বজ্ঞের কঁথা বলিয়াছ, সেই যক্ত কোন স্থানে প্রতিষ্ঠিত ? যাজ্ঞবন্ধ্য বলিলেন, যজ্ঞ দক্ষিণায়ু প্রতিষ্ঠিত; বেহেতু, যজমান দক্ষিণা দিয়া ঋত্বিক্কত, যজ্ঞ ক্রম করে। যজ্ঞ দক্ষিণারই কার্যাম্বরূপ। পুনশ্চ শাকল্য বলিলেন, এই দক্ষিণার প্রতিষ্ঠা (অবস্থান) কোথায় ? যাজ্ঞবন্ধ্য শ্রনাতে। শ্রনা অর্থ-দানেছা, ভক্তিসহকৃত আন্তিকাবৃদ্ধি বা বিশাস। যদি ৰল, এই শ্রদ্ধার দক্ষিণার প্রতিষ্ঠা কিরূপে সম্ভব ? ইহার উত্তর— (मर्था योग्न, यथनहे यक्तमान अकावान-मात्मक् इन, उथनहे मिक्का **श्र**मान করিয়া থাকেন, নতুবা অশ্রদ্ধালু হইলে কথনও দক্ষিণা দান করেন না, তবেই বলিতে হইবে, শ্রদাতেই দক্ষিণার প্রতিষ্ঠা। শাকলা পুনশ্চ জিজ্ঞাসা করিলেন যে, বেশ, শ্রদ্ধা কোথায় অবস্থিতি করে? উত্তর—স্থদয়ে। কেন না, স্থদয়ের বৃত্তি বা অবস্থাবিশেষের নাম শ্রনা। এই শ্রনা একমাত্র মনোদারাই প্রতীত হয়; এবং ইহাও নুক্তিনসত—যে যাহাতে থাকে, তাহাতেই তাহার প্রতিষ্ঠা, বৃত্তির অধিকরণে বৃত্তির প্রতিষ্ঠা, স্বতরাং ক্রদমে শ্রদ্ধার প্রতিষ্ঠা। এই কথা শ্রবণ করিয়া শাকলা বলিলেন যে, যাজ্ঞবন্ধ্য। তাহাই সত্য ॥ ২১ ॥

কিংদেবতোহস্যাৎ প্রতীচ্যাৎ দিশ্যসীতি বরুণদেবত ইতি স বরুণঃ কন্মিন্ প্রতিষ্ঠিত ইত্যাপিদৃতি কন্মিদ্বাপঃ প্রতিষ্ঠিতা ইতি রেতদীতি কম্মিন রেতঃ প্রতিষ্ঠিতমিতি হৃদয় ইতি তম্মাদপি প্রতিরূপং জাতমাহু হ্র দয়াদিব স্থপ্তো হৃদয়াদিব নির্দ্মিত ইতি হদয়ে হোব রেতঃ প্রতিষ্ঠিতং ভবতী-**ट्यार्य कार्यक विद्या** ॥ ५२ ॥

शूनवीत मांकना योख्यकारक जिल्लामा कतिरान रा, याख्यका ! जूमि वहे পশ্চিম দিকে কোন দেবতারূপে অধিষ্ঠান করিতেছ অর্থাৎ পশ্চিমদিকের দেবতা কে ? যাজ্ঞবন্ধ্য বলিলেন যে, সেই দিকে আমার অধিদেবতা বরুণ। পুনশ্চ শাকল্য বলিলেন যে, সেই বক্ষণ কোথায় প্রতিষ্ঠিত ? যাজ্ঞবন্ধ্য বলিলেন যে, জলে। कातन, तक्षनाम्त कन स्टेराउरे উৎপन्न स्रेमाह्मन, किया এ एरन अंडिस 'अश' শব্দের অর্থ শ্রদ্ধা, তাহা হইতেই বক্লণের অভিব্যক্তি। এ জন্ম অপর শ্রুতিও বলিয়াছেন যে, "শ্রদ্ধাতো "বরুণমস্থত্তত" অর্থাৎ ঈশ্বর সেই শ্রদ্ধারূপী জল হইতে বরুণের সৃষ্টি করিয়াছেন। পুনর্কার শাকল্য জিজ্ঞাসা করিলেন যে, জলের অবস্থিতি কোথায় ? যাজ্ঞবন্ধ্য বলিলেন যে, বীর্য্যে। কারণ, শ্রুতি বলিয়াছেন যে, "রেতসা হাপ: সৃষ্টা:" অর্থাৎ রেতঃ (বীর্যা) ধারা জল সৃষ্ট হইয়াছে। প্রশ্ন-রেতঃ কোপায় প্রতিষ্ঠিত । উত্তর—হৃদয়ে। কেন না, গুক্র হৃদয়ের কার্য্য-থেহেত. কাম নামে হৃদমের একটি বৃত্তি আছে, যাহাতে হৃদয় হইতে কামুকের রেতঃ খালিত হয়। আর এই কারণেই ঠিক পিতার অমুরূপ পুত্র দেখিলে লোক-সকল বলিয়া থাকে যে, এই পুত্রটি যেন উহার পিতার হাদয় হইতেই নিঃস্ত হুইয়াছে; যেমন স্থবৰ্ণ দাৱা কুণ্ডল নিৰ্ম্মিত হয়, এৱপে এই পুত্ৰটি পিতাৱ হৃদয়ের ছারা যেন নির্মিত হট্যাছে।

অতএব স্থান র বিভাগান, অর্থাৎ স্থানের বেতঃ প্রতিষ্ঠিত থাকে। শাকল্য বলিলেন, হে যাজ্ঞবন্ধ্য! তুমি যাহা বলিয়াছ, তাহা এইরপই ॥ ২২ ॥

কিংদেবতোহস্থামুদীচ্যাং দিশ্যসীতি সোমদেবত ইতি স সোমঃ কম্মিন্ প্রতিষ্ঠিত ইতি দীক্ষায়ামিতি কম্মিন্মু দীক্ষা প্রতিষ্ঠিতেতি সত্য ইতি তম্মাদপি দীক্ষিতমাহুঃ সত্যং বদেতি সত্যে হোব দীক্ষা প্রতিষ্ঠিতেতি কম্মিন্মু সত্যং প্রতিষ্ঠিত-মিতি হুদয়ে ইতি হোবাচ হুদয়েন হি সত্যং জানাতি হৃদয়ে হোব সত্যং প্রতিষ্ঠিতং ভবতীত্যেবমেবৈতদ্যাজ্ঞবক্ষ্য ॥ ২৩ ॥

শাকল্য পুনশ্চ জিজ্ঞাসা করিলেন, যাজ্ঞবন্ধ্য এই উত্তর্নিকে তুমি কোন্ দেবরূপে অধিষ্ঠান করিভেছ ? অর্থাৎ উত্তর্নিকের অধিষ্ঠাতী দেবতা কে? বাজ্ঞবন্ধা বলিলেন--আমি সোমদেবতার আশ্রয়ে আছি। এথানে <u>শোমদেবতা ও দোমলতা এই উভয়কে এক 'গোম' শব্দে</u> লক্ষা করা হইয়াছে। স্নতরাং এখানে সোমশন্দে সেই উভয় অর্থই বুঝিতে হইবে। প্রশ্নসেই সোম কোথার প্রতিষ্ঠিত উত্তর—দীক্ষার; কারণ, যজে ব্রতী ব্যক্তি দীক্ষা গ্রহণ পূর্ব্বক সোমলভা ক্রম্ব করে: এবং সেই ক্রীত মোম ঘারা যজ্ঞ সম্পাদন করিয়া জ্ঞান লাভ করত **ং**সামদেবতাধিষ্ঠিত **উত্তরদিকে** গমন করে; অতএব দীকাই সোমের আশ্রয়। পুনর্কার শাকল্য বাজ্ঞবন্ধ্যকে জিজ্ঞাসা করিলেন নে, সোমের আশ্রয়ীভূত দীক্ষা কোথায় প্রতিষ্ঠিত ? যাজ্ঞবন্ধ্য বলিলেন, দীক্ষা সত্যে প্রতিষ্ঠিত ; বেহেতু, দীক্ষা সত্যের উপর নির্ভর করিয়া অব-স্থিত ও এ জন্ম দীক্ষিত ব্যক্তিকে পুলাকে উপদেশ দিয়া থাকে যে, সত্য কথা नित्त । উদেশু पेर, -- कार्रान-नार्ग दर कार्राह नाम, रेटा व्यवाजिहति कथा, অতএব যে দীক্ষার স্থিতির কারণ সত্যা, সেই সত্যা নষ্ট হইলে তৎকার্য্য দীক্ষাও বিনষ্ট হইতে পারে; সেই জন্মই দীক্ষিত ব্যক্তির প্রতি সত্য বলিবার নিমিত্ত উপদেশ হইয়া থাকে। পুনৰ্ব্বার শাকল্য "সেই সত্য কোথায় প্রতিষ্ঠিত" এই প্রশ্ন করিলে পর যাজ্ঞবন্ধা বলিলেন যে, সেই সতা ছানরেতে প্রতিষ্ঠিত আছে; কারণ, বাহা কিছু সতা, তাহা হদর ধারাই অবগত হওয়া বায় ; অতএব বুঝিতে হইবে যে, হজ্ঞাধিষ্ঠান সত্যের অধিষ্ঠান বা আধার হৃদয়ক্ষেত্র। শাকলা বলিলেন त्य, त्र याख्वतका ! हो।, देश व्यक्तिभरे वत्ते ! ॥ २० ॥

কিংদেবতোহস্থাং ধ্রুবায়াং দিশুদীত্যগ্নিদেবত ইতি সোহগ্নিঃ কন্মিন্ প্রতিষ্ঠিত ইতি বাচীতি কন্মিন্মু বাক্ প্রতিষ্ঠিতেতি হৃদ্য ইতি কন্মিন্মু হৃদয়ং প্রতিষ্ঠিতমিতি॥ ২৪॥

শাকলা কহিলেন যে, যাজ্ঞবকা! এই গ্রুবাধিষ্ঠিত দিকে তুমি কোন্ দেবতারূপে অধিষ্ঠান করিতেছ ? এথানে গ্রুব অর্থে উদ্ধাদিক ; কারণ, সুমেরুপর্কাতের
চতুম্পাথে যে কেহ বাস কক্ষক, সকলের পক্ষেই উদ্ধাদিক অব্যভিচরিতভাবে গ্রুবা
অর্থাৎ যেমন প্রাণিবর্গের পক্ষে পূর্বাদি দিক্সকল অনিয়ত, উদ্ধাদিক এরপ
নহে: যেহেতু, আমরা যাহাকে পূর্বাদিক বলিয়া ব্যবহার করি, আমাদের
পূর্বাদিন বন্তী লোকের পক্ষে তাহাই পশ্চিমদিক হইবে এবং আমরা যাহাকে
উত্তরদিক্ বলি, আমাদের উত্তরদিগ্ বৃত্তী প্রাণিগণ তাহাকেই দক্ষিপদিক্ বলিয়া

ব্যবহার করে, কিন্তু হুমেরুপার্শবর্ত্তী প্রাণিগণের পক্ষে ধ্রুবলোক উর্দ্ধদিক্ ভিন্ন कथनहै अर्थानिक हम ना, धरे कांद्ररण ऐक्रीनिकरक क्षरा अर्थाए मेंगा नाम দেওরা হইয়াছে। শাকলোর প্রান্ন শ্রবণ করিয়া যাজ্ঞবন্ধ্য উত্তর করিলেন বে, श्वामि श्विम (मवजाविष्ठिंक रहेमा अना मिश्र कार्ण वर्खमान ; त्यार्कु, उर्फामितक প্রচরতর প্রকাশ আছে এবং অগ্নি প্রকাশময়, এ জন্ম অগ্নিকে উর্দ্ধ(এব) দিকের অধিদেবতা বলা বায়।

পুনশ্চ শাকলা প্রশ্ন করিজেন, সেই অগ্নি কোথায় প্রতিষ্ঠিত ? যাজ্ঞবন্ধা উত্তর করিলেন, এই অগ্নিদেবতা বাক্যে প্রতিষ্ঠিত আছেন।

প্রশ্ন-সেই বাক্য কোথায় প্রতিষ্ঠিত। উত্তর-হাদরে। ইহার তাৎপর্য্য এই, শাকলা বৃথিয়াছেন-যাজ্ঞবন্ধ্য মনি সর্ক্ষদিকে নিজ হৃদ্য প্রসার করিয়া তাহা ছারা সমস্তদিকেতেই আত্মভাব লাভ করিয়াছেন; স্কুর্তরাং ফুই সকল অধিষ্ঠান ও দিগুদেবতা সহ দিকসমূহ নাম, রূপ ও কর্ম্মে আত্মাভিমানে তন্ময়তা-প্রাপ্ত যাজ্ঞবন্ধ্যের আত্মস্বরূপ; তন্মধ্যে যাহা বস্তুর রূপ, তাহা পূর্ব্বনিকের সহিত যাজ্ঞবন্ধ্যের হৃদয় এবং যাহা কেবল কর্ম্ম বা পুত্রোৎপাদনাত্মক কর্ম্ম কিখা জ্ঞানসহক্ত কর্ম, ইহাই কর্মকল ও অধিদেবতার সহিত যাজ্ঞবন্ধ্যের দক্ষিণ, পশ্চিম ও উত্তরদিক, ইহারা কর্মফলরূপে পরিণত হইয়া যাজ্ঞবল্কোর জনয়কে আশ্রম করিয়া আছে। জগতের বাবতীয় নামই জবদিকের সহিত সমবেত হুইয়া বাক্যের সাহায়ে বাজ্ঞবন্ধ্যের হাদ্য আশ্রয় করিয়া আছে। অধিক কি. এই সমস্ত বিশ্ব—বাহা নাম, বাহা রূপ বা কর্ম, এই সমস্তই হৃদয়—এ জন্ম সর্ব্বময় হৃদয়ের কথা জিজ্ঞাসিত হইল। শাকলা বলিলেন, হে যাজ্ঞবন্ধা। এই হৃদয় কোথার অবস্থিত ? ॥ ২৪ ॥

অহল্লিকেতি হোবাচ যাজ্ঞবক্ষ্যো যত্তৈতদন্যত্তাস্মন্যভাগৈ যদ্ধ্যেতদন্মত্রাম্মৎ স্থাচছ্বানো বৈ তদন্ত্যর্কায়ান্দি বৈনদ্ধি-মথ্রীরন্নিতি॥ ২৫॥

অহল্লিক এইটি শাকলোরই নামান্তরে সংখাধন। যাজ্ঞবন্ধা তাহার উত্তরে कहिरमन, हि अहित । य नमाय धुरे महीरतत रामय-आधा आमारमत राम हरेल द्रकांस अस होत्न हिना यात्र यात्रिया महत्त कव, अर्थार वित आमारम्य एम स्ट्रेट्ट क्रमा आधा अञ्चल यात्र, ठाहा हरेटन धरे नतीत्रक कुकुरत छन्नन करत ; কিম্বা পক্ষিসকল স্ব স্ব চঞ্চু মারা বিমথিত (ছিন্নভিন্ন) করিতে থাকে। এই क्क विन, जामां ज जर्भार धरे (मार्ट्ड क्रम अ छिकिए। यमन क्रम प्राट्ड প্রতিষ্ঠিত, আবার জীবশরীরও সেইরূপ নাম, রূপ ও কর্মমন্ধ, এ জন্য হদমে প্রতিষ্ঠিত বলিতে হইবে ॥ ২৫ ॥

কন্মিন্মু ত্বঞ্চাত্মা চ প্রতিষ্ঠিতো তাই ইতি প্রাণ ইতি ক্ষ্মিন্নু প্রাণঃ প্রতিষ্ঠিত ইত্যপান ইতি ক্ষ্মিন্নপানঃ প্রতিষ্ঠিত ইতি ব্যান ইতি কন্মিশ্নু ব্যানঃ প্রতিষ্ঠিত ইত্যুদান ইতি কিমিন্দানঃ প্রতিষ্ঠিত ইতি স্মান ইতি স এষ নেতি নেত্যাত্মা-২গৃহো ন হি গৃহতেখশীর্য্যো ন হি শীর্য্যতেখসঙ্গো ন হি সজ্জ্যতে-**২সিতো ন ব্যথতে ন রিষ্যত্যেতাক্যন্তাবায়তনাক্য**ে लाका अरही (परा अरही शुक्रमाः म यस्त्रान् शुक्रमाम्निक्र्य প্রত্যুহাত্যক্রামৎ তম্ব্রোপনিষদং পুরুষং পুচছামি তঞ্চেমে ন বিবক্ষ্যদি মূৰ্দ্ধা তে বিপতিষ্যতীতি তত্ম্ব ন মেনে শাকল্য-স্তস্ত হ মূর্দ্ধা বিপপাতাপি হাস্ত পরিমোষিণোহস্থীন্ত**পজ**হ্র -রম্মামানাঃ ॥ ২৬ ॥

শাকল্য বলিলেন, কার্য্যকরণরূপী হৃদয় ও দেহের পরস্পর অবস্থিতি নির্দেশ করিলে; এক্ষণে জিজ্ঞাস্ত হইতেছে যে, এই তুমি অর্থাৎ এই ভৌতিক শরীর এবং তোমার আত্মা (ধনর) এই উভন্ন কোথার প্রতিষ্ঠিত বন ? উত্তর-প্রাণে অর্থাৎ দেহ ও আত্মা এই উভয়ই প্রাণবৃত্তিতে (নিশ্বাসপ্রশ্বাসাদি প্রাণের ক্রিয়াতে) অবস্থিত। কেন না, প্রাণের ক্রিয়া-লোপ হইলেই এই উভয়ও বিলুপ্ত হয়। শাকল্য পুনশ্চ জিজ্ঞাসা করিলেন যে, এই প্রাণ্যুত্তি কোথায় প্রতিষ্ঠিত ? উত্তর—অপানে; কারণ, অপানবৃত্তি যদি স্বীয় জিয়া ছারা প্রাণকে ধরিয়া নারাখিত, তাহা रहेरम প্রাণরুদ্ধি তৎক্ষণাৎই অপগত হইয়া যাইত। প্রশ্ন-এই অপানরুদ্ধি कार्थात्र প্রতিষ্ঠিত ? উত্তর-বাানে, অর্থাৎ বাানের বৃদ্ধিতে। কারণ, বাান বারু विष् भन्नीत्रश्राष्ट्र हहेना आग ७ जानानत्क मध्यल ना करन, जाहा बहेरन जानान বায়ু অধোগামী হইয়া বিনষ্ট হয় ও তাহার পূর্বেই প্রাণ উৎক্রান্ত হয়।

প্রশ্ন-ব্যান কোথায় প্রতিষ্ঠিত ? উত্তর-উদানে। কারণ, উদানবৃত্তিচয় এক একটি কীলের মত, ইহাতেই উক্ত প্রাণাদি বৃত্তিত্তম নিবদ্ধ থাকে : তাহা না হইলে উহারা ছড়াইয়া পড়িত। এ জন্ম উদানবৃত্তিই উহাদের আশ্রয়। প্রশ্ন-এই উদান কোথায় প্রতিষ্ঠিত ? উত্তর--সমানে। কারণ, সমান ছারা সমীকৃত না হইলে কোন বায়ুই স্থিতিলাভ ক্রিতে পারে না। এই সমস্ত কথার তাৎপর্য্য এই— স্থলশরীর, হৃদয় এবং প্রাণাদি বায়ুসকল, কেবল বিজ্ঞানময় (জীবের) ভোগসাধনার্থ ই সত্যভাবে পরম্পর নিয়ম্ত্রিত হইয়া শরীরে অবস্থিতি করিতেছে। আবার এই সমস্তই বাহার ছারা নিয়ন্ত্রিত এবং বাহাতে প্রতিষ্ঠিত, অধিক কি, আকাশ পর্যান্ত সমস্তই মাহাতে ওতপ্রোতভাবে অবস্থান করিতেছে, দেই স্কাধার সাক্ষাং অমুভববে**ত নি**ফুণাধি এন্দের স্বরূপ নিরূপণ করা একণে তাহার স্বরূপ নির্দেশের নিমিত্তই পরবর্তী শ্রুতি সার্বর হইতেছে। অতীত নধুকাণ্ডে "নেতি নেতি" দারা দৈতমাত্রের ব্রহ্মরূপতা নিরাস করিয়া পরিশেষে যাঁহাকে নির্দেশ করা হইয়াছে, এথানে তাঁহাকেই "ন এমঃ" বলিয়া নির্দেশ করা হইমাছে। সেই এই প্রসিদ্ধ আয়ো, গ্রহণ করিবার যোগ্য নহে; বেহেতু, আত্মার কোনরূপ জন্ম পদার্থের ধর্ম (যাহা দারা গ্রহণ করা বায়) নাই; বাহাতে তাঁহাকে গ্রহণ করা যাইবে। বিশেষতঃ যে যে বস্তু ইন্দ্রিয়গ্রাহ্ন, সে সমস্ত বস্তুই যে কোন প্রকারে গ্রহণ ক রিতে পারা যায়, কিন্তু এই আত্মা দেই সকল প্রত্যক্ষ-কারণ গুণবর্জিত: এজন্ত অন্তান্ত বস্তুর ক্রায় ক্রায়তত্ত্ব প্রত্যক্ষগোচর হয় না। আত্মা বেমন অদৃগ্র, দেইরপ অশীর্ঘ্য, কারণ, যে সকল বস্তু সাব্যাব এবং পরম্পর সভ্যবদ্ধভাবে অবস্থিত, (যেমন শরীরাদি), তৎসমুদয়ই শীর্ণ হয় ; কিন্তু এই আত্মা নিরবয়ব ও অসংহত, এ জন্য কখনও শীর্ণ হয় না। এই আত্মা অসক, থেহেতু অমূর্ত্ত; দেখা যায়, যাহার মূর্ত্তি আছে, তাহাই অন্ত বস্ততে সংসক্ত হুইতে পারে, হতরাং মৃত্তিবিহীন আত্মা কোন কালেই কোন বস্তুতে সংক্রাপ্ত হইতে পারে না। সেইরপ এই আন্মা অসিত অুর্থাৎ অবদ্ধ; কারণ, মূর্ত্ত বস্তু-সকলই कान ना कान शान वह रय, किंद्र अपूर्व आया कथनरे वह रहेटल शास ना; অতএব কথন ব্যথিতও হয় না। ব্যথার অভাবেই আত্মা বিনাশ প্রাপ্ত হয় নী। এথানে এইরপ প্রন্ন হইতে পারে যে, যাজবদ্ধা শাকল্যের প্রয়েভারে প্রয়ুত্ত হইয়া শাকল্যের অজ্ঞানিত আত্ম-সর্প নিদেশ করিলেন কেন্ ই ইহার উদ্ধান এই যে, যাজ্ঞবন্ধা শাকল্যের অপরাপর প্রান্ধ প্রথম করিয়া এইই

বিহবল হইমাছিলেন যে, প্রশ্নের পৌর্ব্বাপর্য্য প্রভৃতি কিছুই ভিন্ন করিয়া বলিতে পারেন নাই এবং জিজ্ঞাসিত বা অজিজ্ঞাসিত বিবেচনাও করেন নাই, এ জন্মই এ স্থানে বাজ্ঞবদ্ধা নিজেই শাকল্যোক্ত প্রানের উত্তর দিতে দিতে আত্মতত্ত্ব উল্লেখ করিয়াছেন। অতঃপর পুনশ্চ আখ্যাদ্বিকাচ্চলেই সমস্ত কথা বর্ণিত হইতেছে। –ইতঃপূর্কে যে পৃথিবী প্রভৃতি_ক অষ্টপ্রকার আয়তন (আশ্রম), অগ্নাদি অপ্তথাকার লোক, অমৃতাদি অপ্তথিধ অধিদেবতা এবং শারী-तानि षष्ठे थकात भूक्ष निर्मिष्ठे इहेग्राह्म, त्य वाक्ति इंडानित्यत स्वतंथ—वाद्य ए আন্তরভাব অবগত হইতে পারে এবং অবগত হইয়া আত্মায় আরোপিত উপাধি-সমূদ্য অতিক্রম করিয়া যে উপনিষৎশাস্ত্রমাত্রগম্য শিলায়াদি-উপাধিক-ধর্ম্ম-বিধীন পুরুষ, হে শাকল্য! তুমি বড় বিস্তাভিমানী, অতএব আমি তোমাকে সেই একমাত্র উপনিষংশান্ত্রগম্য পুরুষের বিষয় জিজ্ঞাসা করিতেছি। ভূমি যদি ভোমার বিস্থাবলে সেই উপানিষদমাত্রবোধ্য পুরুষকে বেশ স্পষ্টভাবে বলিতে না পার, তাহা হইলে নিশ্চয় জানিবে যে, (আমার শাপে) তোমার মন্তক পতিত হইবে। যাজ্ঞবন্ধা এইরূপ জিজ্ঞাসা করিলে শাকলা সেই ঔপনিষদ পুরুষ (ব্রহ্ম) কে, কিছুই বুঝিতে পারিলেন না, কেবল অবিবেকীর ভাষ বিমৃচ্ভাবে রহিলেন। তথন শাকলোর শিরঃ কণ্ঠ হইতে ভূমিতে নিপতিত হইল। এইথানে আখ্যামিকা সমাপ্ত হইল। অতঃপর শ্রুতির উক্তি। এইরূপে শাকল্যের শিরংপাত হইলে পর বর্থন শাকল্যের শিশ্যগণ সংস্থারার্থ শাক্ল্যের অস্থিসমূহ গৃহাভিমুথে লইয়া ষাইতেছিল, তথন পথিমধ্যে তম্বরগণ দেই শিষ্য কর্ত্তক নীয়মান শাকল্যের অস্থিসমূদর রক্নাদি মনে করিয়া অপহরণ করিয়া স্ব স্ব গৃহাভিমূপে প্রস্থান করিল: **धरे घटेना शृत्कारे घटियाहि, धरे अक्षीशायीटा शृहिक रहेन, घटेनां**टि याळवटकात সহিত শাকল্যের সমান বায়ুর বুতার্ত্ত-কথন পর্য্যন্ত হইয়াছিল। পরে যাজ্ঞবন্ধ্য শাপ প্রদান করেন যে, তুমি ন্নগরে অর্থাৎ তীর্থ ভিন্ন স্থানে মৃত হইবে, তোমার অন্তি পর্যান্ত গৃহে নীত হইবে না। শাকল্যের সেই ভাবেই মৃত্যু হইয়াছিল। শিষ্যগণ কর্তৃক গৃহাভিমূথে নীয়মান অস্থিদকল ধনরত্ব মনে করিয়া চৌরগণ হরণ করে। এই সকল বুতান্তে এইমাত্র অবগত হওয়া বাম যে, সজ্জনের অবমাননা করিতে নাই, এবং আপনার বিশ্বা-বৃদ্ধি অপেকা অধিক গোরব দেখাইতে নাই; এই আগাামিকা সেই শিষ্টাচার দেখাইবার জন্ত পূর্বে হচিত হইয়াছে, পরস্ক এই গ্রন্থে ব্রহ্মবিভার প্রশংসার क्रम अपनिक इहेन ॥ २७ ॥

অথ হোবাচ ব্রাহ্মণা ভগবন্তো যো বঃ কাময়তে স মা পুচ্ছুত্ব সর্বেব বা মাপুচ্ছত যোবঃ কাময়তে তং বাপুচ্ছামি সর্বান্ বা বঃ পৃচ্ছামীতি তে হ ব্রাহ্মণা ন দধ্যুঃ ॥ ২৭ ॥

ইতঃপূর্বে "নেতি নেত্রি" শ্রুতি দারা অন্ত দৈত পদার্থের ব্রহ্মন্থ প্রতিবাদ করিয়া গাঁহাকে প্ৰদান্তপ নিৰ্দেশ কুৱা হইয়াছে, তাঁহাকে বিধি ঘাৱা তাহার নিৰ্দেশ কৰা কিরপে সমত হইল ? এ জন্ম পুন চ অন্ত আখ্যায়িকার অবতারণা করিয়া ভাহার মীমাংসা করিতেছেন ও যাহা জগতের মূল কারণ, তাহাও নির্দেশ করিতেছেন। এক্ষজ্ঞান-হীন ব্রাহ্মণগণকে পরাস্ত করিয়া ব্রহ্মবিদ যাজ্ঞবন্ধ্যের ষে গো-গ্রহণ করা উচিত হইয়াছে, এই ন্যায়প্রদর্শন করাও আঁখ্যায়িকা বর্ণনের একটি সম্বন্ধ বা উদ্দেশ্য।

অনস্তর 'সভায় উপস্থিত ব্রাহ্মণগণ নির্বাক্ হইলে যাজ্ঞবৃদ্ধ্য সভাস্থ ব্রাহ্মণ-গণকে সম্বোধন করিয়া বলিলেন যে, হে পূজনীয় ব্রাহ্মণগণ ! আপনাদের মধ্যে যদি কেহ ইচ্ছা করেন যে, যাজ্ঞবন্ধ্যকে প্রশ্ন করিব, (ভাল) তিনি আমার নিকট উপস্থিত হইয়া প্রশ্ন করুন; অথবা সকলে সত্যবদ্ধ হইয়া আমাকে প্রশ্ন করুন; অথবা আপনাদের মধ্যে যদি কেহ ইচ্ছা করেন যে, যাক্তবন্ধ্য আমাকে জিজ্ঞাসা করুক, আমি তাঁহাকে জিজ্ঞাসা করিতেছি। অথবা আপনাদের সকলকেই প্রশ্ন করিতেছি। (অপ্রনারা আমার প্রশ্নের উত্তর করুন।) যাজ্ঞবন্ধ্যের এইরূপ দভোক্তি শুনিমাও ব্রাহ্মণগণ কোন প্রত্যুত্তর করিতে সাহসী বা অপ্রসর इरेलन ना। मकरनरे निकाक तरिलन ॥ २१॥

তান্ হৈতিঃ শ্লোকৈঃ পপ্রচছন। যথা রক্ষো বনস্পতি-छरेथव शूक्रसार्म्या। তত्य लामानि श्रानि क्रार्खारशाहिक। বহিঃ। স্বচ এবাস্থ্য রুধিরং প্রস্তান্দি স্বচ উৎপটঃ। তত্মান্তদা তৃপ্পাৎ প্রৈতি রুসো রুক্ষাদিবাহতাৎ।। মাশুসাক্তস্ত্র শকরাণি কিনাট্ড স্নাব-তৎস্থিরম্। অস্থীগ্রস্তরতো দারূণি মঙ্জা মড্জোপমা কুতা। যদ্রক্ষো রক্ণো রোহতি মূলামবতরঃ পুনঃ। মর্ক্তঃ স্বিশা তুনা রক্ণঃ কম্মান্দলাৎ প্ররোহতি ॥ রেভদ ইতি

মা বোচত জীবতস্তৎ প্রজায়তে। ধানারুহ ইব বৈ রুক্ষোহঞ্জসা প্রেত্যসম্ভবঃ ॥ যৎসমূলমার্হেয়ুর ক্ষং ন পুনরাভবেৎ। • মর্ত্ত্যঃ স্বিন্ম ভ্যুনা রুকৃণঃ কম্মান্মূলাৎ প্ররোহতি॥ জাত এব ন জায়তে काश्रावन कनराय भूनः। विकानमानन्तर खुका तार्जिकाजूः পরায়ণম্॥ তিষ্ঠমানস্থ তদ্বিদ ইতি॥ ২৮ ॥

ইতি তৃতীয়াহধ্যায়স্থ নবমত্রাহ্মণম্।

मजान्ह बाम्नगंग निर्साक रहेली गाळवन्त्रा धरे श्रेकारत नकरनत निकछ अन कवित्नन त्य, **এই জগতে পুরুষ এবং বনম্পত্তি—** वृक्क, এই উভন্নই একরপ, ইহা খুব সত্য কথা। কেন না, পুরুষের লোম বনস্পতিরও পত্রস্থানীয়; পুরুষের অকু ও বৃক্ষের বাহ্ বক্ষণ সমান। জীবের অকু হইতে কৃধির নিংহত হয়, বুক্ষেরও বৃক্ হইতে উৎপট (ছালের উপরিতনাংশ) ফুটিত হয়। এইরপে বৃক্ষ ও পুরুষের সমস্ত ধর্মই সমান। পুরুষেরও মাংস আছে. বুক্ষেরও মাংসন্থানীয় শকল আছে; পুরুষেরও নায়ু (শিরা) আছে, বুক্ষেরও কিনাট (শকলের আরও অভ্যন্তরে এক প্রকার কাষ্ট্রদংলগ্ন বন্ধল) আছে। পুক্ষের স্বারুর অভ্যন্তরস্থ, অন্থির মত বুক্ষের কিনাটের নিমন্ত দারু (কাষ্ঠ) আছে। বৃক্ষের মজ্জাই পুরুষের মজ্জার উপমানু। এইরূপে বৃক্ষের ও মহুষ্যের সর্বাংশে সাদৃশ্র আছে—কিন্তু এখানে জিজ্ঞাস্য এই বে, যদি পুরুষ ও বনম্পতি সমানই হইল, তবে বনম্পতির আমূলত ছেদের পর পুন: প্রা হের মত মৃত্যুগ্রস্ত মমুদ্মের পুনর্জ্জবিন হয় না কেন ? অথচ বিচার করিয়া দেখিলে বোধ হয় যে, পুরুষেরও কোন প্রকার প্ররোহ অবশ্রুই পরোক্ষভাবে জন্মে, তাহা আমাদিগের প্রত্যক্ষ হয় না; অতএব তোমাদিগকে জিজ্ঞাসা করি যে, মহায় মৃত্যু কর্ত্বক ছিন্ন ব্রক্ষের মত আক্রান্ত হটরা কোথা হইতে প্রাত্ত্রত হয় ? অর্থাৎ মৃত পুরুষের উৎপত্তি কোথা হইতে ? যদি বল যে, শুক্র হইতে পুরুষ প্ররু হয়, তাহাও বলিতে পার না; কেন ना, जीविक প्रयास्त्रहे सारे उर्शामक कक कात्रा, किन्न गुरुश्रक्ष रहेरक कर्नाहिर अत्या ना। जांत्र अवक कथा, क्वन का (दुक्क इस) इहेर उह दूरकत उरुপछि इत्र ना। शास्त्रामि वीज इरेटिंड अत्नक वृक्ष उरुभन्न इरेन्ना शास्त्र।

(এ স্থানে শ্রুতিস্থ 'ইব' শব্দের কোন অর্থ নাই)। তাহা হইলেই দেখা বায় त्य, तृक्ष इन्तित शत्त माक्नांश्मक्षक मान्युर्वक्राल मृख इहेब्रां श्रुनम्ह वीक्र হইতে প্রাছ্তুত হয়। কিন্তু ধদি বৃক্ষের বীজের সহিত আমূলত উৎপাটন করা যায়, তাহা হইলে আর পুনর্বার প্রান্তুতি হয় না। অতএব তোমাদিগকে জিজাপা করিতেছি, সমগ্র জগতের মূল কি ? অর্থাৎ মর্জ্যগণ (मत्रश्यात) मृजू। केंब्रंक जाकान्त इरेन्ना काथा इरेक्ट अत्रह इन्न তাহার উত্তরে যদি বল'থে, পুরুষ নিয়তই জাত আছে, তাহার আর উৎপত্তি নাই; স্বতরাং তছিবয়ে আর প্রশ্নই বা কি ? কেন না, যে বস্তু জন্মে নাই--কিন্তু জন্মিৰে, তাহার প্রাহর্ভাব দম্বন্ধেই প্রশ্ন করা ঘাইতে পারে, অত্যের সম্বন্ধে নহে। উত্তর-তাহাও বলিতে পার না; কারণ, পুরুষ মৃত্যুর পরও জন্মলাভ করে, ইহা অবশ্র স্বীকার্য্য। তাহা না হইলে কত কার্য্যের বৈষ্ণা ও অকৃত কর্ম্মের ফলোনয় নামক এইটি দোষ উপস্থিত হইতে পারে। অধীৎ পুরুষ এ জীবনে এরপ অনেক সং ও অসং কর্ম করে, তে সকল কর্মের ফল ইহলোকে ভোগ হয় না বা হইতে পাবে না, পরলোকে হয়; কিন্তু পুরুষের মৃত্যুর পর জনান্তর না মানিলে দেই সকল স্বকৃত কর্ম্মের ফলভোগ জন্মিতে পারিল না, পরত্ত পুরুষের জন্মনাত্রেই অকারণে তথছংখাদি ভোগ করিতে ছইল; ইহা একটি ৰুক্তিশান্তে মহানু দোষ। এই হেডুই তোমাদিগকে জিজ্ঞানা করিতেছি বে, কে মৃতবাক্তিকে পুনরুৎপন্ন করে। এই প্রশ্নের পর সেই সমস্ত সভাস্থ ব্রাহ্মণ জিলোসিত জগতের মূলকারণ—বাহা হইতে জীব প্রর্ফ হয়, তাহা জানিতে পারিলেন না; অতথ্য উপস্থিত বান্ধণমণ্ডলীর পরাজনে ৰাজ্ঞবদ্ধাই অভিশন্ন বন্ধজ্ঞ বলিয়া প্রমাণিত হইলেন; স্তরাং বিচারে তিনি জয়ী হইলেন এবং অপরাপর সকলেই পরাস্ত হইল, অধিকন্ত বন্ধজ্ঞের মধ্যে প্রধান বলিয়া বাজ্ঞবন্ধাই সেই সমস্ত গোধন গ্রহণ করিলেন। এইরপে এইথানেই আখ্যাদ্বিকা সমাপ্ত হইল। সম্প্রতি বাহা জগতের মূল কারণ, যে শব্দ দারা **(मर्टे** कंगरकांत्रण अन्न माक्नारकार्य निर्मिष्टे इत्र धवर योख्यका आन्नुगणरक যে বিষয়ের প্রশ্ন করিয়াছিলেন, প্রতি নিজমুখেই সেই সমস্ত প্রশ্নের তব নির্দেশ করিতেছেন। শ্রুতি বলিয়াছেন যে, সেই কারণ-বিজ্ঞান; অর্থাৎ বিশিষ্ট জ্ঞানস্বরূপ; সেই জ্ঞানই আবার জ্ঞানন্দস্বরূপ, ঐ জ্ঞানন্দ ব্যাভ বিষয়জানের ভাষ হৃথে জড়িত নছে; কেবল বিগুজ্বভাব, অনুশম, অন্বাদানত্য অর্থাৎ নিত্য তৃত্তিমর একভাবালর। তিনি কে । উত্তর জান

ও আনন্দমন্ত ব্রহ্ম, বিনি ধনাদিনা তার কর্ম্মকণের প্রদাতা, এজন্ত প্রমণতি অর্থাৎ
বজমানগণ যে ধনাদি দান করেন, তিনি সেই কর্ম্মকলের যোজনা করেন, অতএব
কর্মীর তিনি একমাত্র আশ্রন্ধ। শুধু তাহাই নহে, সর্বপ্রেকার কামনা হইতে
নির্ম্মুক্ত হইয়া, কর্মসন্মাস করিয়া যে প্রুষ যাহাকে জানিবার পর নিক্ম্মভাবে
ভাহাতেই অবস্থান করেন, তিনি ভাঁহারও একমাত্র আশ্রম্মা ২৮॥

এখানে এই উক্তির উপর এইরূপ বিচার করা মাইতেচে যে, প্রুতিতে যে 'আনন্দ' শব্দ প্রবৃক্ত হইয়াছে, তাহা মুণ অর্থেই, প্রসিদ্ধ। অথচ শ্রুতিতে রক্ষের বিশেষণভাবে আনন্দ শব্দের প্রয়োগ দেখিতে পাওয়া যাইতেছে এবং অন্ত শ্রতিতেও "আনন্দো ব্রন্ধতি ব্যক্তানাৎ" অর্থাৎ আনন্দকে ব্রন্ধ বলিয়া জানিয়া-ছিল। "আনন্দং বন্ধণো বিধান" অর্থাৎ বিনি ব্রন্ধের আনন্দরপ জানিয়াছেন। 'বদেধ আননদঃ' অঁথাৎ বেহেতু এই আত্মাই আনন্দরূপী, 'যো বৈ ভূমা তৎস্থম' যিনি পরম নহৎ, তিনি সুথম্বরূপ, 'এমোহস্ত প্রমানন্দঃ' এই আত্মাই ইহার (জীবের) প্রমানন্দমর। ইত্যাদি নানাস্থানে 'আনন্দ' শব্দ একোর বিশেষণ-রূপে প্রবৃক্ত হুইয়াছে, কিন্তু অনুভবসিদ্ধ বৈষ্ট্রিক স্থাথে যথন আনন্দ শব্দ প্রসিদ্ধ, তথন বৈষয়িক আনন্দের মত বদি ব্রহ্মানন্দও অমুভূতির বিষয় হয়, তাহা হইলেই ব্রন্ধের বিশেষণরূপে আনন্দ শব্দের প্রয়োগ যুক্তিসঙ্গত হয়; নচেৎ কোনরূপেই সঞ্চত হইতে পারে না। যদি বল যে, স্বতঃপ্রমাণ শ্রুতিই যথন ব্রশ্বকে সংবেদ্ধ (অসুভূতিগোচর) আনন্দময় বলিয়াছেন, তথন বৈষয়িক আনন্দের স্থায় বন্ধানন্দও অনুভবার্হ, এ কথা স্বীকার করিতেই হইবে; তজ্জন্য আর বিচারের প্রয়োজন কি 🔻 উত্তর-না. এরপ বলা যার না ; কারণ, উক্ত শ্রুতির মত উহার প্রতিকুল শ্রুতিও দেখিতে পাওয়া যায়। সত্য বটে, ব্রন্ধে আনন্দ শব্দ বিশেষণ-রূপে প্রথক হইয়াছে। আবার একৈক্ত্বপক্ষে ব্রন্ধানদামূভবের নিষ্ণেধও শ্রুতি দারা প্রকটিত হইমাছে। যথা শ্রুতি বলিয়াছেন, "যত্র মুখ্য সর্কমান্ত্রেবাভূৎ তৎ কেন বং পণ্ডেৎ"—ইত্যাদি। অর্থাৎ যে সময়ে এই মুমুকুর মিকটে সমস্ত জগৎই আত্ম-স্বৰূপে প্ৰতিভাত হয়, সে সময়ে কে কাহা ছাৱা কি উপায়ে, কাহাকে ণেথিবে ? কে কাছাকে কাছা দারা জানিবে ? যাহাতে অন্য কিছু দর্শন করে না, অন্ত কিছু জানে না, তাহাই বন্ধ। জীব প্রাক্ত আত্মার সহিত মিলিত হইরা বাহ কি আন্তর কিছুই জানিতে পারে না অর্থাৎ তখন আর অবৈভভাব ব্যতীত দৈতের প্রতীতিই হয় না, তবেই অহতাব্য ও অহতব উভয়ের ভেদ কোণায় ? ইত্যাদি রাশি রাশি শ্রুতি আছে, বাঁহারা বন্ধানন্দের অজ্ঞেয়ত প্রতিপাদন করিতেছেন;

হুতরাং বিচার ব্যতিরেকে এরপ বিরুদ্ধ শ্রুতি সকলের মীমাসা হওয়া অসম্ভব। অতএব বিচারবিক্তম বাক্যার্থসমূহের বিরোধ-মীমাংসার জন্য নিভান্ত প্রয়ো-জনীয়। বিশেষত: মুক্তিসম্বন্ধেও যথন নানা দর্শনকারের নানা মত দেখিতে পাওয়া यात्र, ज्थन विठात य निजास स्वावश्वक, देश वनार वाहना । मुक्तिनयस्त माःथावानी ও বৈশেষিকগণ বলেন,যে, মুক্তিতে অর্থাৎ মোক্ষাবস্থায় এমন কোন স্থেই থাকে ना, याजा ज्यञ्च वरवांगा इरेक्ड शारत। मीमारमकार्ग वर्तनन,-- नित्र िनम्र स्थरे মোকে অনুভূত হয়, তাহাত্র সংবেদ্য, অপরকে বুঝাইবার জন্য নহে ; স্বতরাং বিচারের খথেষ্ট অবদর আছে। এরপ অবস্থায় কি বুক্তিবৃক্ত ? কোন পক্ষ আ अमिनीय १ मत्न हम, त्मांत्क जानन नत्नत छेत्त्वश्रह वर "ककर कौज़न রমমাণ:" অর্থাৎ হাস্ত করেন, ক্রীড়া করেন এবং আনন্দ অমুভব করেন, তিনি বদি পিতলোকে গমন করিতে ইচ্ছা করেন—তাহাও সম্পন্ন হয় চিনি সর্কবিং হইরা সমস্ত প্রপঞ্জ প্রভ্যক্ষ করেন, "দর্কান কামান সমগুতে" সমস্ত কাম্য বিষয় ভোগ করেন ; ইত্যাদি শ্রুতি হইতে নোক্ষদশায় যে অনুভবযোগ্য স্থুথ আছে, ভাহা অবগত হওয়া যায় ৷ যদি বল যে, মুক্তিদশায় অবৈতভাবলাভ হইলে আর বিজ্ঞান, বিজ্ঞের ও বিজ্ঞাতার ভেন থাকে না, স্বতরাং জ্ঞাতা ও জ্ঞেরের পার্থকোর অভাবে কোনরপেই সুথজ্ঞান উপপন্ন হয় না। আবার বিজ্ঞান যথন ক্রিয়াবিশেষ, তথন ইহাও কণ্ডা, করণ প্রভৃতি নানা কারকদাপেক্ষ বলিতেই হইবে : তবেই মোকে অবৈতভাব থাকিতে আনন্দের অন্তবক্রিরা সম্ভব কোথায় ? উত্তর— मा, धरे (मांच हरेटल शारत मा ; कातन, चलःश्रमान (वनवाकारे वथन अस्म আনন্দের বিজ্ঞান জানাইতেছেন তথন দে বিষয় ৰুক্তিনঙ্গত হউক আর नाई रुफैक, श्रीकांत कतिराज्दे रहेरत ; आंत हेरां अर्थ्य आमता विविद्याहि रव. विकासन अञ्चल हो ना इंटरन (य, "विकास समित" हे जानि अजित उपारिक इम्र ना । वानी वरनन, जान, वहन-वरन यनि विक्रम व्यर्थ चौकात कतिए इम्र, তাহা হইলে বচন দারা অগ্নির শৈতা ও জলের উষ্ণতা প্রতিপন্ন হউক। বাস্তবিক ভাহা হয় না; কারণ, বাক্যসকল কেবল সিদ্ধবন্তর অভাব জ্ঞাপন করে মাত্র; তম্ভিন্ন কথনই এক বস্তুকে অন্ত বস্তু করিতে পারে না। প্রত্যক্ষের অর্গোচর ञ्चारन अधिक भी उन विनातनहें, कि अशमा तिर्म जनदक छैक विनातनहें जोहा जोहें हहैर्द १ छेखत-अखताबात यथन 'व्यानम' প্রতাক হয়, তথন এ বলিতেই পার না। পূর্ব্বোক্ত "বিজ্ঞানমানলম্" ইত্যাদি শ্রুতিসকল 'অগ্নিঃ নীত' रेजाित वारकात में अजारकत विक्रक कार्य कथनरे श्राकाण कतिराज्य मा।

অন্তরাত্মার তথ যে অনুভূত হয়, ইহা "অহং স্থী" ইত্যাদি অনুবাবদায় দারা সর্বন্ধন প্রসিদ্ধ; স্কুতরাং আত্ম-প্রত্যক্ষপ্রতিপাদক শ্রুতি বিরুদ্ধার্থপ্রকাশক নহে। অতএব ইহাই প্রতিপন্ন হইল যে, ব্রহ্ম আনন্দময় ও বিজ্ঞানম্বরূপ বলিয়া নিজেকে নিজেই প্রত্যক্ষ করেন। আর এইরূপ বাবস্থা করিলেই আত্মার আনন্দ-প্রতি-পাদক পূর্ব্বোক্ত শ্রুতিসকলও সঙ্গত হয়। এই মতের প্রতিবাদকারী বলেন যে, এমত কথনও দক্ত হইতে পারে না। কারণ, কার্যানাত্রই কারণদাপেক, क्कारनत প্রতি ইন্দিয়বৃত্তি অসাধারণ কারণ, এমতাবহায় নির্বাণমোক্ষকালে শরীরের নাশ হেতু জ্ঞানজনক ইক্রিম্বের অভাব ঘটিলে অর্থাৎ শরীরাভাব জ্ঞান-জনক ইন্সিয়েরও অভাব সম্পত্ত হুইলে জ্ঞানসাধন আগ্রানন্দের অনুভব কিরূপে সম্ভব হইতে পারে > শাস্ত্রকারগণ শরীর ও আত্মার আত্যত্তিক সম্বন্ধত্যাগকে নির্বাণ মোক্ষ বলিয়া থাকেন। পক্ষান্তরে, শরীরের অভাবে ইক্রিয়ের সতা আশ্রয়াভাব বশতঃ অসম্ভব। তবে যদি भंदीरतक्तिवानि অভাবেও অञ्चन श्रीकांत कतः छाश इट्रेंटन एनट्किशानि আবিশ্রকতা কি ৽ এ কথার একম-সিদ্ধান্তের অনিবার্যা। কারণ, পরমব্র যদি আননন্দররূপ হন, তবে তিনি নিত্য-विकासरात मर्वामाहे आञ्चादक आसम्बद्धारा अवान कतिरा भारतम, किन्न ভাহা হয় না। আবার সংসারী আত্মা সংসারবিনিমুক্তি হইলেই আনন্দস্বভাব প্রাপ্ত হংতে পারে, নচেৎ নহে; স্থতরাং সংস্থিতীর পক্ষে আনন্দারুত্তর অসম্ভব। মুক্ত আগ্না যে আনন্দ অন্নতৰ করে বলিবে, তাহাও বৃক্তিসঙ্গত হইতেছে না, কেন না, জলাশয়ে ক্ষিপ্ত জলাঞ্জলি যেমন জলে মিশিয়া যায়, এরূপ মৃক্ত আত্মা ব্রন্ধের সহিত মিশিয়া যাইলে কে আনন্দান্তুত্ব করিবে, অর্থাৎ আনন্দান্তুত্বের জনা দে ত আর পৃথক থাকিতে পারে না। তবেই মুক্ত আত্মা আনন্দময়, নিজেকে নিজেই জ্ঞান করে, ইহাতে সাধনাপেকা নাই—ইহা অর্থহীন বাক্য। যদি বল, মুক্তিকালে মুক্ত আত্মা ব্ৰহ্ম হইতে বিভিন্ন থাকিয়া বা অন্তরাত্মাই ব্ৰদানন্দ অনুভব করে, অর্থাৎ "আমিই আনন্দ-স্বরূপ" ইহাই উপলব্ধি करत, हेशहे डेक वारकात मार्थका विनव। डेखत-डाहा हहेरा प्यात स्त्रीव-ব্ৰন্ধের একত্ব কোথায় রহিল ? ৩খু তাহাই নছে, ব্ৰন্ধিকত স্বীকার না করিলে সমস্ত শ্রুতির সিদ্ধান্ত-হানি হয়। এডদভিয় অন্ত কোনও কল্পনা চলিতে পারে না। আর এক কথা, এক যদি সর্বাদাই নিজের আনন্যস্ত্রপ অনুভব करतन, তবে শাস্ত্রে বিজ্ঞান ও অবিজ্ঞানের বিভাগ কলনা হইয়াছে কেন, অর্থাৎ

ব্রহ্ম যদি নিরম্ভর আত্মানন অমুভব করেন, তবে তাহা তাহার স্বভাব-মধ্যেই পরিগণিত করিতে হইবে। তাহা হইলে, আত্মা আনন্দ অনুভব করে ইত্যাদি শব্দ দারা আত্মানলামুভবের বৈশিষ্ট্য করনার প্রয়োজন কি ? অতএব নিরম্ভর বিজ্ঞানের অভাব স্বীকার করিলেই উক্ত কল্পনা সার্থক হয়। যেমন আত্মা নিজেকে ও অপরকে জানে, এইরপ ছলে আত্মানাত্মজান উক্ত কলনার সহায়তা করে। কিন্তু ইছা কথনই অর্থসঙ্গত নহে, যে বাণনিক্ষেপকারী, বাণের প্রতি মন রাথিয়াও কাহার নিরন্তর জ্ঞান ও অজ্ঞান হইতেছে। অর্থাৎ বন্ধরূপী আত্মার একবার আনন্দজ্ঞান হয়, আবার হয় না, এ কথা কথনই নিভা বিজ্ঞানী ব্রহ্মাভির আত্মার দার্থক হয় না। আর যদি বল যে, আত্মা বিচ্ছিল-ভাবে আত্মাকে অমুভব করে, তাহা হইলে খখন আত্মবিজ্ঞান তিরোহিও হয়, **म्या अवकारन** विषया खुरतत खारनाम्य स्ट्रेंटन आञ्चानना बुर्ख्तत नित्रखतर्थत ব্যাঘাত হইল ৷ আরু আজার ঐ বিভিন্ন বিভিন্ন জানের উপপত্তির জন্ম ক্রিয়া-বিশেষ স্বীকার করিতেই হইবে, তাহাতে আত্মার অনিতাত্বই আদিয়া পড়ে। অতএব বলি, "বিজ্ঞানমানদম" ইত্যাদি শ্রুতি কেবল আত্মার আনন্দর্যুপই প্রকাশ করিয়াছেন, কিন্তু সেই আনন্দের অমুভাব্যন্ত কথমই বলেন নাই। ইহাতে পুৰ্কোক্ত "জক্ষন ক্ৰীড়ন" ইত্যাদি শ্ৰুতির অসঞ্চতি হয় নাই; কারণ, 'মুক্তিদশায় क्कानी नर्स्ता बाक छाव थाथ इन' विद्या नर्सकी दित जान स्मेर उँ। हात जान स्म কেবল এই ভাৎপর্যাই প্রকাশ করিয়াছেন অর্থাৎ মুক্ত ব্যক্তির সর্ব্বাক্সভাব জন্মিলে যে কোন যোগী বা দেবের হাগ্যরাগাদি আনন্দে আনন্দাস্থভব তাহার পক্ষে प्रस्त , देहारे प्रकाश जात का जातिक वर्ष, धरे यथायथ आवस्त्रातरे उत्तथ रहेगाए মাত্র। এই সর্ব্বাত্মভাবরূপী মোক্ষের প্রশংসার জন্ম ঐ শ্রুতি উত্তরে বথাষ্থ অবস্থার উল্লেখ করিয়াছেন। এখানে অবশ্য এরপ আশ্বয়া হইতে পারে যে, জ্ঞানী জ্ঞানাবস্তায় সর্ব্বাত্মকভাব প্রাপ্ত হটয়া যেমন যোগী বা দেবের মুথে মুখী হন, তেমন স্থাবরাদি ছঃথেও তিনি ছঃখিত হইতে পারেন। হা।, क्टाबिक इंट्रेंक भारतम वर्षे, किन्न विरवहमा कतिया एमिएक श्रात এই अथक्टायामि জীবের নাম বা রূপের কল্পনাম শরীরেন্দ্রিমান্সর্কে জ্বাত অজ্ঞানকার্য্য বৈ আর কিছুই নহে; হতরাং যে ব্যক্তি আত্মজান ঘারা আমূলতঃ অজ্ঞান বিদূরিত ক্ষ্মিরাছেন, তাঁহার পক্ষে স্থগুঃখাদির অত্তব করা কথনও সম্ভবপর হইতে পারে না। এই মুক্তি অনুসারেই উক্ত আপত্তির পরিহার করা হইয়াছে। ইহার প্রতি-পক্ষ অন্তান্ত ঐতি সকলের মীয়াংসা একপ্রকার পূর্ব্বেই করিয়াছি। অতএব ব্রহ্মানন্দের হজেরত্বপতঃ ব্রহ্মানন্দের অর্ভাব্যত্ব-প্রতিপাদক অন্যান্য প্রতিবাক্য সকলও, "এবোহস্ত পরম আনন্দঃ" ইহার মত নীমাংসিত হইবে। অর্থাৎ আনন্দ ও আত্মার ভেদই বেমন শ্রুতির অভিপ্রেত নহে, ঠিক তেমনই ভেদ-প্রতিপাদকও নহে।

ইতি শ্রীমদ্রুহদারণাকে পঞ্চম অধ্যায় এবং উপনিষদ্ভাগে তৃতীয় অধ্যায় সমাপ্ত। •

উপনিষ্ৎস্থ—চতুর্থোধ্যায়স্থ

প্রথম-ব্রাহ্মণম্

জনকো হ বৈদেহ আসাঞ্চক্রেহথ, হ যাজ্ঞবক্ষ্য আবত্রাজ তথ হোবাচ যাজ্ঞবঙ্ক্ষ্য কিমর্থমচারীঃ পশ্নিচ্ছণুস্তানিতি। উভয়মেব স্মাড়িতি হোবাচ॥ ১॥

পূর্বাধ্যায়ে শারীর প্রভৃতি অষ্টবিধ পুরুষের স্বরূপ নিরূপণ করিয়া পুনশ্চ ছদয়ে তাহাদের উপদংহার প্রদর্শিত হইয়াছে। পুনশ্চ দিগ্ভেলামুদারে ভাহাদিগকে পঞ্চ একারে বিভাগ করিয়া আবার স্বন্ধে তাঁহারই অন্তর্ভাব দেখান হইয়াছে।

অনস্তর হৃদয় এবং শরীরকে পরস্পরসাপেক্ষ বলিরা পরে এই উভরেরও প্রাণাদি পঞ্চবিধ বৃত্তিবিশিষ্ঠ সমাননামক জগন্মর হত্তে উপসংহার করিয়াছেন। পুনশ্চ শরীর-হৃদয়ের হত্তরূপে অবস্থিত জগদায়াকে যে উপনিষং-বোষিত পুক্ষ অতিক্রম করিয়াছেন অর্থাং তাহাদেরও আধার বলিয়া নিদ্দিষ্ট আছেন, তিনিই 'নেতি নেতি' ক্ষতি ঘারা বোধিত হইয়াছেন। 'বিজ্ঞানমানন্দন্' ইত্যাদি ক্ষতি তাঁহাকে সাক্ষাং পুরুষরূপে এবং উপাদান কারণরূপেও নির্দেশ করিয়াছে। এক্ষণে পুনশ্চ সেই পরমপুরুষকেই বাকা প্রভৃতির পরিষ্ঠাত্তী দেবতা ঘারা উপলব্ধি করান আবশ্রক। ইহা দেবাইবার জন্ম এই ব্রাহ্মণের আরম্ভ হইতেছে। আখ্যাদিকাবর্ণনা কেবল ব্রহ্মবিদের আচার প্রদর্শনার্থ জানিবে। কোন এক সময়ে বিদেহাধিপতি জনকরাজ, রাজদর্শনে সমাগত বহু লোককে দর্শন দিবার নিমিত্ত সাধারণের দর্শনযোগ্য স্থানে অবস্থিতি করিয়াছিলেন। সেই সমরে যাজ্ঞবন্ধ্য ঋষি নিজের যোগক্ষেম- * সিদ্ধির নিমিত্ত বা রাজার জ্ঞানেজ্যা দেখিয়া তাহাকে অনুসূহীত করিবার জন্ম সেই স্থানে সমাগত হইয়াছিলেন। মহারাজ জনক বাজ্ঞবন্ধ্যকে পুনঃ সমাগত দেখিয়া যথাবিধি পুঞা করিয়া জিঞ্জালা

[📲] অপ্রাথবিষয়ের লাভকে 'বোগ' ও প্রাথবন্তর রক্ষণকে 'কেম' বলা হয়।

করিয়াছিলেন খে, হে ধাজাবন্ধ। তুমি কি নিমিত এখানে আসিরাছ ? তুমি কি আমার নিকট গো গ্রহণ করিতে আসিরাছ ? না, আমার অতি সন্ধ হকুত্তর প্রশ্ন সকল প্রবণ করিতে চাও ? যাজ্ঞবন্ধ্য বলিলেন বে, হে সমাট্! উভরই অর্থাৎ পশু-গ্রহণ ও আপনার সুস্ক্র প্রশ্নপ্রবণ—এ উভরই আমার আগমনের উদ্দেশ্য।

বৈদিকৰূপে বাজপেয়যাজিগণকে সম্রাট্ বলিয়া সম্বোধন করা হইত। অথবা তিনি সমগ্র ভারতবর্ষের রাজা বলিয়া তাঁহাকে সঁত্রাট্ পব্দে সম্বোধন করা হইয়াছে ॥ > ॥

যতে কশ্চিদত্রবীতচ্ছু ণবামৈত্যত্রবীমে জিল্পা শৈলিনিব থি ব্রেক্ষতি যথা মাতৃমান্ পিতৃমানাচার্য্যবান্ জয়াত্তথা তচ্ছৈলিনির ব্রবীদ্বাথৈ ভ্রম্কেত্যবদতো হি কিং , স্থাদিত্যত্র-বীত্ত, তে তস্থায়তনং প্রতিষ্ঠাং ন মেহত্রবীদিত্যেকপাদা এতং সমাড়িতি স বৈ নো ক্রহি যাজ্ঞবন্ধ্য।

বাগেবায়তনমাকাশঃ প্রতিষ্ঠা প্রজ্ঞেত্যেনত্নপাদীত কা প্রজ্ঞতা বাজ্ঞবন্ধ্য বাগেব সম্রাড়িতি হোবাচ বাচা বৈ সম্রাড়্বন্ধঃ প্রজায়ত ঋথেদো বজুর্বেদঃ দামবেদোহথর্বাঙ্গিরস-ইতিহাসঃ পুরাণং বিচ্যা উপনিষদঃ শ্লোকাঃ দূত্রাণ্যনুব্যাখ্যানানি ব্যাখ্যানানীষ্টণ হুতমাশিতং পায়িতময়ঞ্চ লোকঃ পরশ্চ লোকঃ দর্বাণি চ ভূতানি বাচেব দ্যাট্ প্রজ্ঞায়ন্তে বাথে সম্রাট্ পরমং ব্রহ্ম নৈনং বাগ্ জহাতি সর্বাণ্যনং ভূতান্থভিক্ষরন্তি দেবো ভূত্বা দেবানপ্যেতি য এবং বিদ্বানতত্ত্বপাস্তে। হস্ত্যমভ্যু সহস্রং দদামীতি হোবাচ জনকো বৈদেহঃ স হোবাচ যাজ্ঞ-

ৰাজ্ঞবন্ধ্য বলিলেন, মহারাজ! • আপনি অনেকানেক আচার্য্যের সেবা করিয়াছেন, তর্মধ্যে আপনাকে বে কোন আচার্য্য বাহা উপদেশ করিয়াছেন, সেই কথামাত্র আমি ভানিতে ইচ্ছা করি। রাজা বলিলেন বে, শিলিন-মুক্ত (শৈলিনি) কিছানামক আচার্য্য আমাকে বলিয়াছেন বে, বাগ্ দেবতাই ব্রন্ধ, বিনি শৈশতে মৃত্যান্ অর্থাৎ মাতা কর্ত্তক শাসিত, পিতৃমান্—কৈশোরে পিতা বাঁহাকে শাসন করিয়াছেন, এবং বিনি আচার্য্যবান্—উপনয়নের পর গুরুকুলে আচার্য্য বাঁহাকে সংপথে চালিত করিয়াছেন, এইরপ ত্রিবিধ শুদ্ধিসম্পন্ন মহাত্রভব আচার্য্য বাহা বলেন, তাহার ব্যতিক্রম হইতে পারে না অর্থাৎ তিনি বাহা বলেন, তাহাই সত্য। আচার্য্য জিছাও সেই ত্রিবিধ শুদ্ধিসম্পন্ন: স্থতরাং তাঁহার কথাও ক্থনই মিধ্যা হইবে না।

স্মাচার্য্য জিত্বা স্মানকে বলিয়াছেন যে, ধাগ্দেবতাই ব্রহ্ম। কারণ, যে ব্যক্তি মুক অর্থাৎ বাঁহার বাকৃশক্তি নাই, তাঁহার এহিক ও পারলোঁকিক কোন কাৰ্য্ট দিছ হয় না। বাকৃশক্তি ধারাই সমস্ত দিছ হয়, অতএব বাক্য বন্ধ। ষাজ্ঞবন্ধ্য বলিলেন যে, তাহা বটে ; কিন্তু তোমার আচার্য্য তোমাকে সেই বাক্রপ ব্রন্ধের আয়তন (শরীর) এবং প্রতিষ্ঠা—ভূতভবিশ্বংবর্তমানকালীন আশ্রয় বলিয়াছেন কি ৪ জনক বলিলেন যে, না, এ কথা আমাকে বলেন নাই। এ কথা শুনিরা যাক্তবন্ধ্য বলিলেন যে, যদি তাহাই হয়, তবে এই ব্রহ্ম একপাদ, একপাদ অর্থাৎ অসম্পূর্ণ। ইহার উপাসনাম কোনই দল নাই, অর্থাৎ যাবৎ অন্ত ত্রিপাদ শুক্ত (অবিজ্ঞাত) থাকিবে, তাবৎপর্য্যস্ত তাহার উপাসনা করিলেও ফলসিদ্ধি হইবে না। পরে জনক জিজাসা করিলেন বে, যাক্তবন্ধা! তুমি বধন এ विवास অভিজ্ঞ, তথন অনুগ্রহ করিয়া আমাকে সেই অবশিষ্ট ত্রিপাদের কথা বল। যাজ্ঞবল্ধা বলিলেন যে, বাক্য-এন্দের এই বাগিলিয়ই আয়তন অর্থাৎ শরীর, অন্তিব্যক্ত (অপঞ্চীকৃত) আকাশই তাহার স্বষ্ট স্থিতি-লয়কালীন অধিষ্ঠান, ইহাকে প্রজ্ঞা মনে করিয়া উপাসনা করিবে; কারণ, এই প্রজ্ঞাই ব্রন্ধের চতুর্থ পাদ, অতএব এই ব্রহ্মকে প্রজা ভাবিয়া উপাদনা কর্ম্বব্য। পুনশ্চ জনক বাজ্ঞবন্ধাকে জিজ্ঞানা করিলেন যে, হে যাজ্ঞবন্ধ্য 🕴 তুমি যে প্রজ্ঞার কথা বলিতেছ, তাহার ধর্ম বা প্রক্ততা কি ? ইহার তাৎপর্য্য এই, জিজ্ঞাদিত প্রক্ততা পদার্থটি কি ? প্রস্তার বরূপ, না প্রস্তাজনিত অন্য কিছু ? পরস্ত আরতন ও প্রতিষ্ঠা বেমন ব্ৰহ্ম হইতে পৃথক, সেইরূপ এই প্রজ্ঞতা প্রজ্ঞা হইতে অতিরিক্ত হওয়া সম্ভব ? তথন যাজ্ঞবন্ধ্য বলিলেন ধে, না, ওন্নপ আশকা কর্ত্তব্য নহে, বাকাই প্রজা (জ্ঞানের কারণ)—তদতিরিক্ত নহে। সম্রাট্! এই বাক্ষে কিরুপে প্রজা, তাহাও বলিতেছি, বেহেতু, এই বাক্য ধারাই বন্ধুজন পরিজ্ঞাত হল অর্থাৎ अनुक आमारमत रक्, धरे कथा रिमाल रा रक्क, आमता छाहारक शतिखाछ हरे,

এইরপ ঋথেদাদি চতুর্বেদ, যাগজনিত ধর্মসমূহ, আছতি ও হোমাৎপন্ন ফল, আশিত ও পার্মিত (থান্ত ও পানীয়দানজনিত ধর্ম) ইহলোক, পরলোক এই সমস্ত ভূত ইত্যাদি সমূদার এই বাক্য দারাই পরিজ্ঞাত হওয়া যায়। অতএব, হে সমাট ! এই বাক্ই পরব্রম।

থিনি বাক্যকে ব্রহ্ম জানিয়া উপাদনা করেন, দেই বাক্যব্রহ্মজ্ঞকে বাক্শক্তি কদাপিও ত্যাগ করে না, পরস্ক, সমস্ত ভূতই ইহাকে উপহার দারা পূর্ণ করে। দেবত্ব লাভ করিয়া ইহজন্মে তিনি দেহপাতের পর দেবসাযুদ্ধ্য প্রাপ্ত হন। স্মত্র্যব এইভাবে বাক্যব্রহ্মকে ধ্রানিয়া উপাদনা করিবে।

জনক রাজা যাজ্ঞবন্ধ্যের নিকট এইরূপ জ্ঞান লাভ করিয়া ঐ জ্ঞানের প্রতি-দানস্বরূপ হস্তিভূল্য স্থ্রহৎ বৃধ-সমন্বিত সহস্র গো দান করিতে অঙ্গীকার করিলেন। তথন যাজ্ঞবন্ধ্য বলিলেন যে, আমার পিতা আমাকে উপদেশ দিয়াছেন যে, তুমি শিশুকে কুতার্থ না করিয়া শিশ্যের নিকট হইতে কিঞ্চিন্মাত্রও ধন গ্রহণ করিশে না এবং আমারও সেইরূপ অভিপ্রায় । ২॥

যদেব তে কন্চিদত্রবীক্তচ্ব গ্রামেত্যব্রবীন্ম উদক্ষঃ শৌল্বায়নঃ প্রাণো বৈ ব্রন্ধেতি যথা মাতৃমান্ পিতৃমানাচার্য্যবান্ ক্রয়ান্তথা তচ্ছোল্লায়নোহত্রবীৎ প্রাণো বৈ ব্রন্ধেত্যপ্রণাণতো হি কিল্পাদিত্যব্রবীন্ধ, তে তস্পায়তনং প্রতিষ্ঠাং ন মেহত্রবীদিত্যেকপালা এতং সম্রাড়িতি স বৈ নো ক্রহি যাজ্ঞবল্ক্য। প্রাণ এবায়তনমাকাশঃ প্রতিষ্ঠা প্রিয়মিত্যেনত্নপাদীত কা প্রিয়তা যাজ্ঞবল্ক্য প্রাণ এব সম্রাড়িতি হোবাচ প্রাণস্থা বৈ স্রাট্ কামায়াযাজ্যং যাজয়ত্যগ্রতিস্থাস্থ প্রতিস্হাত্যপি তত্র বধাশক্ষং ভব্তি যাং দিশমেতি প্রাণক্ষৈর সম্রাট্ কামায় প্রাণো বৈ সম্রাট্ শরমং ব্রন্ধ নৈনং প্রাণো জহাতি সর্বাণ্যেনং ভূতাক্যভিক্রন্তি দেবো ভূতা দেবানপ্যতি য এবং বিদ্যানেতত্নপান্তে হন্ত্যমন্ত্র সম্প্রত্রে দেবামিপ্যতি হোবাচ যাজ্ঞবল্ক্যঃ পিতা মেহমন্সত নানমুশিষ্য ক্রমেতেতি॥ ৩॥

বাজবন্ধ্য বলিলেন, সম্রাট্ ! তোমাকে আর কোন আচার্য্য বাহা কিছু বলিরাছেন, তাহাও গুনিতে চাই। জনক বলিলেন, গুলের পুত্র (শৌৰাম্ন) উদক্ষথাবি বলিরাছেন যে, "প্রাণো ব্রন্ধেতি" অর্থাৎ প্রাণবার্ট ব্রন্ধ। ধেমন বাল্যে মাতৃ-শাদিত, তদনস্তর পিতৃশাদিত, তৎপরেও যথোপযুক্ত আচার্য্য-শাদিত वाकि कथन अञ्चर्थावानी हासन ना, त्महें अल छेक विविध-एकिमल्लन आंहार्या স্মামাকে ষাহা বলিয়াছেন, ভাহা মিখা। হইবার নহে। প্রাণই এন্ধ। বাস্তবিক मिथा योत्र, व्यानशैन वाक्तित कोन कोर्याहे मन्नत हहेए भारत ना। वेशिक পারত্রিক কোন বিষয়ই প্রাণহীনের মুলভ নহে। তথন যাজ্ঞবন্ধ্য রাজাকে জিজ্ঞানা করিলেন যে, তাহা সত্য, কিন্তু সেই আচাৰ্য্য তোমাকে উক্ত প্ৰাণ-এম্বের আয়তনাদি বিষয় বলিয়াছেন কি প জনক বলিলেন যে, না, আমাকে তাহা वरनम मारे। जभन शास्त्रवका विनिद्यम स्म, हर मुआहे । এই उर्ध अक्षाम व्यर्थाए একপাদে প্রতিষ্ঠিত, অন্ত ত্রিপাদের জান না হইলে উহার উপাসনাম কল কি দ অর্থাৎ প্রাণ্ডক্ষকে সম্পূর্ণভাবে জানিয়া উপাসনা করা উচিত। জনক বলিলেন, ৰাজ্ঞবন্ধঃ। ভূমি আমাকে এ বিষয় বল্প তথন বাক্তবন্ধ্য বলিলেন, সমাট্। প্রাণ্ট (বায়ু-দেবতাই) উক্ত এন্দের আমতন শরীর, আকাশ ভাঁছার প্রতিষ্ঠা अधिष्ठान, "প্রিম" এইটি উপনিষদ্রহশু নাম তাঁহার উপদনার্থ নির্দিষ্ট হইয়াছে। জনক কহিলেন, হে ধাজ্ঞবন্ধা! তুমি যে প্রাণবন্ধের "প্রিয়" সংজ্ঞা নির্দেশ করিয়াছ, দেই প্রিরতা কি প্রিরবর্গ, না অন্ত কিছু? অর্থাৎ তাহার প্রিরত্বের হেতু কি ? যাজ্ঞবদ্ধা বলিলেন যে, হে সমাট্ ! প্রাণ্ট প্রিরতা, হে সমাট, এই প্রণিরকার জন্ম লোকে অবাজা-বাজন করে, বাহার নিকট হইতে প্রতিগ্রহ করিতে নাই, সেই দকল উগ্র জাতির নিকট হইতেও প্রতিগ্রহ করিতে কুঠিত হয় না। অধিক কি, এই প্রাণের নিমিত্ত লোকে অতিভন্নর দহাভন্তরাদিসমাকীর্ণ দিগ্দিগত্তেও ধার্মান হয়। এই স্কল कार्या প্রাণের প্রিরত্বশতই ঘটিয়া থাকে, অক্তথা নছে; অতএব, ছে সম্রাট। এই প্রাণই পরমঞ্জ। বে ব্যক্তি এইরূপে প্রাণকে প্রিয় জানিয়া প্রাণের উপাসনা করে, প্রাণ ভাহাকে কথনও ত্যাগ করে না; সমস্ত প্রাণী তাহার উপভোগ্য দ্রব্য উপস্থাপিত করে এবং সেই ব্যক্তি ইহলোকে দেবত্ব লাভ করিবা शब्दाबा (प्रवास्त्र) वाश्व हता। अनल्ड विराहाधिशिक क्रिक विराह्म दर, राज्यका ! जामि छा माटक अहे छेनिन्हे विश्वात निक्कत्रीर्थ मुनायक्रने छोमाटक **इन्हि**ज्ना वृद-मम्बिक मध्य शा थानान कविरक्ति। जथन याक्रवस्त वनिराम (द,

আমার পিতা বলিরাছেন বে, কোন শিশুকেই উপদেশ দারা রুতার্থ না করিয়া ধনরত্নাদি কিঞ্চিৎও গ্রহণ করিতে নাই। আমার তাহাই অভিমত॥৩॥

যদেব তে কশ্চিদরবীভচ্ছ ণবামেত্যব্রীন্মে বর্কু কাঁষণ্ঠশ্চক্ষ্ট্রের ব্রহ্মেতি যথা মাত্মান্ পিতৃমানাচার্য্রবান্ ক্রয়াত্তথা
তদ্বাফো হরবীচচক্ষ্ট্রের ব্রহ্মেত্যপশ্যতো হি কিণ্ণু স্থাদিত্যব্রবীন্ত্র
তে তস্থায়তনং প্রতিষ্ঠাং ন মেহরবীদিত্যেকপাদ্ধা এতং সন্ত্রাভিতি স বৈ নে৷ ক্রহি যাজ্ঞবঙ্ক্ষ্য চক্ষুরেবায়তনমাকাশঃ প্রতিষ্ঠা
সত্যমিত্যেনপ্রশাসীত কা সত্যতা যাজ্ঞবঙ্ক্য চক্ষুরের সন্ত্রাড়িতি
হোরাচ চক্ষ্যা বৈ সন্ত্রাই শশ্যভ্যমাত্রক্রাক্ষীরিতি স আহাদ্রাক্ষমিতি তৎ সত্যং ভবতি চক্ষ্ট্রের সন্ত্রাই দেবো ভূত্বা দেবানপ্রোতি য এবং বিদ্বানেনপ্রপাস্তে। হস্ত্যযভণ সহত্রং দদামীতি
হোরাচ জনকো বৈদেহঃ স হোরাচ যাজ্ঞবক্ষ্যঃ পিতা
মেহমন্যত নানস্থাশিষ্য হুরেতেতি ॥ ৪ ॥

পুনরপি যাজ্ঞবন্ধ। বলিলেন যে, হে সমাট্! তোমাকে অস্ত কোন আচার্য্য থাহা বলিয়াছেন, তাহা গুনিব। জনক বলিলেন যে, বৃঞ্চপুল বকু আচার্য্য আমাকে বলিয়াছেন যে, চকুই (চকুরিধিষ্ঠাতা আদিত্য) ব্রহ্ম গৈই বকু আচার্য্যও মাতৃমান্, পিতৃমান্ ও আচার্য্যবানের মত ত্রিবিধ-শুদ্ধিসম্পন্ন, মুত্রাং তাঁহার কথা অস্তথা হইবার নহে। চকুই ব্রহ্ম, ইহার কারণ, যথন দৃষ্টিহীন ব্যক্তির কোন কার্য্যই হইতে পারে না, তথন চকু যথার্থই ব্রহ্ম। এ কথা শুনিয়া বাজ্ঞবন্ধ্য বলিলেন যে, দে কথা যথার্থ বটে, কিন্তু জিজ্ঞাদা করি, সেই আচার্য্য তোমাকে উহার সহিত চকুর কোর আন্তেন ও প্রতিষ্ঠার কথা বলিয়াছেন কি ? জনক বলিলেন যে, না, তাহা বলেন নাই।

राक्षतका वितितन ता, तर महाहें। अहे बन्न अक्लोन, व्यर्था है है। व्यन्नमूर्व विश्वास डिलामनाम कल्लान नरह। बाका अहे कथा अवन कवित्रा वितितन त्य,

(इ याक्षरहा, जूमि व्यामारक जाहा तन। ज्यन याक्षरहा तनितन रा. চকুই তাঁহার (আদিত্যের) আয়তন, (শরীর) আকাশ অধিষ্ঠান, "পতা" তাহার উপনিষং (রহস্ত নাম)। অতএব তাহাকে সত্য ভাবিয়া উপাসনা করিবে। পুনশ্চ রাজা বলিলেন যে, হে যাজ্ঞবন্ধ্য । এই ব্রন্ধের সত্যতা কি ৷ অৰ্থাৎ ইহাকে মতা নামে অভিহিত কৰা হয় কেন ৷ যাজ্ঞবন্ধ্য বলিলেন যে, ছে সমাট ! চকুই জীহার সত্যতা, কারণ, কর্ণ ছারা শ্রুত বিষয়ও কদাচিৎ মিখ্যা হয়, কিন্তু চকুনু है বস্তু কৰাচ মিখ্যা হয় না-সত্যই হয়। এই জন্ম লোক-ব্যবহারেও দেখা যায় বে, যদি কোন সন্দিগ্ধ বিষয়ে সাক্ষীকে জিজ্ঞাসা করা হয় যে. তমি কি হস্তা দেখিরাছ ? তহত্তরে দে বদি বলে যে, "হাা, আমি দেখিরাছি", তাহা হইলে তাহাই সভ্যরূপে পরিগৃহীত হয়। আর অপরে যদি বলে, আমি হস্তীর কথা গুনিরাছি, তবে তাহা মিথ্যাও হইতে পারে। অতিএব হে সমাট । চকুই পরমবন্ধ। যে ব্যক্তি এইরূপ বিজ্ঞানসহকারে চকুর নের উপাসনা করেন, চকু কণাচিংও তাঁহাকে ত্যাগ করে না, সমস্ত ভূতবর্গই তাঁহার ভোগা বস্তু উপনন্ধি করে। তিনি ইহজনে দেবত্ব লাভ করিয়া পরস্তুনেও দেবশরীরে মিলিত হন। এই কথা শুনিয়া জনক বলিলেন যে, হে যাজ্ঞবন্ধ্য ৷ আমি তোমাকে হস্তিতুল্য পরিপুষ্ঠ বৃষ-সমন্বিত গো-সহস্র দান করিতেছি; তুমি গ্রহণ কর। তথন যাজ্ঞবন্ধ্য বলিলেন যে, না,---আমার পিতা বলিয়াছেন যে, কোন শিষ্যকে ত্ত্তুজ্ঞানোপদেশ ছারা ক্তার্থ না করিয়া যৎকিঞ্চিং অর্থও গ্রহণ করিতে নাই। আমিও তাহা যথার্থ মনে করি॥ ৪॥

যদেব তে কশ্চিদত্রবীক্তচ্ছ গ্রামেত্যত্রবীমে গর্দভীবিপীতে৷ ভারদাজঃ শ্রোত্রং বৈ ব্রক্ষেতি যথা মাতৃমান্ পিতৃমানাচার্য্যবান্ জয়াত্তথা তদ্তারদ্বাজোহত্রবীচ্ছোত্রং বৈ ত্রন্মেত্যশৃপুতো হি কিও স্থাদিতি অব্রবীভূতে তস্থায়তনং প্রতিষ্ঠাং ন মেহব্রনীদি-ত্যেকপাৰা এতৎ সম্রাড়িতি স বৈ নো ক্রহি যাজ্ঞবন্ধ্য শ্রোত্র-মেবায়তনমাকাশঃ প্রতিষ্ঠাহনন্ত ইত্যেনত্নপাসীত। কাহনন্ততা যাজ্ঞবন্ধ্য দিশ এব সআড়িতি হোবাচ তন্মাৰৈ সআড়পি যাং কাক দিশং গছতি নৈবাকা অন্তং গছতানন্ত৷ হি দিশো

দিশো বৈ সমাট্ শ্রোজত শ্রোজং বৈ সমাট্ পরমং ব্রহ্ম নৈনত শ্রোজং জহাতি সর্বাণ্যনং ভূতান্যভিক্ষরন্তি দেবো ভূত্বা দেবান-প্যেতি য এবং বিদ্বানেতত্বপাস্তে। হস্ত্যযভত সহস্রং দদামীতি হোবাচ জনকো বৈদেহঃ সহোবাচ যাজ্ঞবক্ষ্যঃ পিতা মেহমন্মত নানস্থািষ্য হরেতেতি ॥ ৫॥

যাজ্ঞবন্ধ্য পুনশ্চ জিজ্ঞাসা করিলেন যে, হে রাজন্! তোমার অন্ত আচার্য্য তোমাকে যাহা বলিয়াছেন, তাহা শুনিতে চাই। রাজা বলিলেন যে, ভরম্বাজ-বংশসম্ভূত গৰ্দভীবিপীত নামক আচাৰ্য্য আমাকে বলিয়াছেন যে, শ্ৰোত্ৰই ব্ৰহ্ম। দিক্ই শ্রবণেজিয়ের অধিষ্ঠাত্রী দেবতা। অতি শৈশবে মাতৃশাসিত, তদনম্ভর পিতৃ-শাসিত ও তৎপরে উপযুক্ত আচার্য্যান্ত্রশাসিত ব্যক্তি যেমন সত্য বৈ নিথা বলে না, তেমন অপুমার আচার্য্য গর্ফভীবিপীতও প্রলাপবাক্য বলেন নাই। विश्विषठः শ্रांख बन्ध, ध विषय मन्त्रक नारे। कार्य, भ्रांखरीन वाकित কোন কার্য্যই সম্পন্ন হয় না। তথন যাজ্ঞবন্ধা জিজ্ঞাসা করিলেন যে, হে ক্লাজন! তোমার আচার্য্য থাহা বলিয়াছেন, তাহা সত্যু, কিন্তু সেই শ্রোত্রক্ষের भाष्ठनामि विनेत्रोत्ह्न कि? जनक विनित्तन एवं, नां, छोटा भागातक বলেন নাই। যাজ্ঞবন্ধ্য বলিলেন যে, হে সমাট়্া তোমার আচার্য্যকথিত এই শ্রোত্র-ব্রহ্ম একপাদ অর্থাৎ অসম্পূর্ণ, অন্ত ত্রিপাদের জ্ঞান না থাকিলে ইহার উপাসনাম ফল হয় না। এই কথা শ্রবণ করিয়া জনক বলিলেন যে, যাজ্ঞবন্ধা, पृभि व्योगोरक मिटे विवस्त्रत उपलिए जांछ। योख्यवेदा विनालन न्य, ट्यांबरे ইহার আয়তন, এবং আকাশই তাহার প্রতিষ্ঠা, 'অনন্ত' তাহার উপনিষদ নাম। অতএব, 'অনন্ত' বোধে তীহার উপাদনা করিবে। রাজা বলিলেন বে, হে যাজ্ঞবন্ধা! শ্রোত্রের এ অনস্তত্ত কিরূপ ? যাজ্ঞবন্ধ্য বলিলেন যে, হে সমাট্। धरे षिक्मभूटरे त्यांत्वत व्यानखात्रम ; कात्रन, शूर्वामि य कान मिटक গমন করা যার, কিছুতেই তাহার অন্ত পাওয়া যার না। অতএব দিক্ সকল অনন্ত, ইহা বুক্তিবুক্ত। আর দিকের আনন্তাই দিগ্রুন্তি শ্রোত্তের আনস্তা; এই অনস্তরপী শ্রোত্রই পরবন্ধ। যে ব্যক্তি তাদৃশ বিজ্ঞান লাভ করিয়া এই শোত্রকার উপাদনা করেন, লোত্ত কথনও তাঁহাকে ভ্যাগ করে না: অর্থাৎ তিনি চিরকাল স্থাবশক্তিসম্পন্ন থাকেন। ভূতসকল তাঁহার কল্প ভোগ্য বস্তু উপস্থিত করে এবং তিনিও দেবতাব প্রাপ্ত হইয়া অস্তে দেবদাৰ্থ্য লাভ করেন। রালা এই কথা প্রবদাত্ত বলিলেন যে, হে যাজ্ঞবন্ধা! আমি তোমাকে হস্তিতুল্য সূর্হৎ ব্য-সময়িত সহস্র গো দান করিতে অঙ্গীকার করিতেছি। যাজ্ঞবন্ধ্য বলিলেন যে, সম্রাট্! আমার পিতা আমাকে উপদেশ দিমাছেন যে, শিষ্যকে সত্পদেশ ধারা কৃতার্থ না করিয়া কথুনও তাহার নিকট হইতে যৎসামাল ধনাদিও গ্রহণ করিবে না। ইহা আমারও সম্পূর্ণ অভিমত॥ ৫॥

যদেব তে কন্চিদত্রবীভচ্ছ ণবামৈত্য ব্রবীন্মে সত্যকামো জাবালো মনো বৈ ব্রন্ধেতি যথা মাতৃমান্ পিতৃমানাচার্য্যবান্ ক্রয়াত্তথা তজ্জাবালোহবীন্মনো বৈ ব্রন্ধেত্যমনসো কিলু স্থাদিত্য-ব্রবীভূতে তস্থায়তনং প্রতিষ্ঠাং ন মেহব্রবীদিত্যেকপাদ্ধা এতৎ সম্রাড়িতি স বৈ নো ক্রহি যাজ্ঞবক্ষ্য মন এবায়তনমাকাশঃ প্রতিষ্ঠাহনন্দ ইত্যেনছপাসীত কানন্দতা যাজ্ঞবক্ষ্য মন এব সম্রাড়িতি হোবাল মনসা বৈ সম্রাট্ ক্রিয়মভিহার্য্যতে তস্থাং প্রতিরূপঃ পুলো জায়তে স আনন্দো মনো বৈ সম্রাট্ পরমং ব্রন্ধ নৈনং মনো জহাতি সর্বাণ্যেনং ভূতান্থভিক্ষরন্তি দেবো ভূত্বা দেবারুপ্যেতি য এবং বিদ্বানেতত্বপান্তে হস্ত্যমভ্দ সহত্রং দদামীতি হোবাল জনকো বৈদেহঃ স হোবাল যাজ্ঞবক্ষ্যঃ পিতা মেহমন্যত নানমুশিষ্য হয়েত্তেতি॥ ৬॥

যাজ্ঞবন্ধ্য পুনশ্চ বলিলেন যে, মহারাজ, তোমার আর কোন গুরু বাহা কিছু বলিরাছেন, আমি তাহা গুনিতে ইচ্ছা করি। জনক বলিলেন, হাা, জবালার পুত্র সত্যকাম নামক আচার্য্য আমাকে বলিরাছেন যে, মনই (মনের দেবতান) ব্রক্ষ এবং ইহা অবক্সই সত্য; কারণ, মাতৃমান্, পিতৃমান্ ও আচার্য্যামুশাসিত ব্যক্তির মত তিনিও ত্রিবিধ-ভদ্ধিসম্পার। স্বতরাং তিনি যে মনকে ব্রক্ষ বলিরাছেন, ইহা কথনও মিগা হইবার নহে। বিশেষতঃ যথন দেখা বার, মন-হীন মহুব্যের কোন কার্যাই সম্পন্ন হয় না; অত্রব মনই ব্রক্ষ। এ কথা ত্রিরা বাজ্ঞবন্ধ্য বলিকেন বে, তাহা বিক, কিছু আচার্য্য তোমাকে সেই ব্রক্ষের আর্ভন ও প্রতিষ্ঠার

কথা বলিয়াছেন কি ? রাজা বলিলেন যে, না,—তাহা আমাকে তিনি বলেন नारे। ज्यन राख्यका रिलटनन त्य, त्र मञाहे। देशा अक्यानमाज अर्था देश ধারাও একাংশমাত্র জ্ঞাত হওয়া যায়; ইহার উপাসনায় সম্পূর্ণ ফলের প্রত্যাশা অসম্ভব। রাজা এই কথা গুনিয়া বলিলেন বে, হে যাজ্ঞবন্ধ্য! তুমিই আমাকে তাঁহার অবশিষ্ট ত্রিপাদের কথা বল। তথন যাজ্ঞবন্ধ্য বলিলেন যে, মনই এই কথিত ব্রন্ধের শরীর, আকাশই ইহার প্রতিষ্ঠা—আশ্রয়। চক্র মনের দেবতা, "আনন্দ" মনে করিয়া ইহার উপাসনা করিবে। রাজা জিজ্ঞাসী করিলেন যে, হে যাজ্ঞ-वद्या। देशात आनमा कि अर्थीए आनमा मुख्का किन ? याख्ववद्या वितान एर. (इ मधारें। यनई हेटांत व्यानक्यः कात्रन, यन बांताई खी-मखान-नानमात्र खीत প্রার্থনা করিয়া থাকে এবং তাহার ফলে সেই স্ত্রীতে কামনার অমুরূপ পুত্র উৎপন্ন হইয়া থাকে; সেই আনন্দমন্ন পুত্র যে মন দারা নিপাদিত হয়, সেই মন य जाननाञ्चक हरेरन, हेशां जात मन्मर कि ? जाज्यन मनरे वंसा। य नाकि মনকে যথোক্ত জবগত হইয়া উপাসনা করেন, মন তাঁহাকে কথনই ত্যাগ করে না, তিনি চিরকাল মনস্বী থাকেন এবং সমস্ত ভূতবর্গ তাঁহার ভোগের সহায়তা করে; তিনি ঐহিক দেবভাবের পর পরলোকে দেবসাযুজ্য লাভ করেন। রাজা পূর্বের ক্রায় এ-বারেও হস্তিতুল্য বুধ-সমধিত দহস্র গো দিবার প্রস্তাব করিলে যাজ্ঞবন্ধ্য বলিলেন যে, না সম্রাট্! পিতা আমাকে বলিয়াছেন, কোন ব্যক্তিয়ে জ্ঞানোপদেশ দারা ক্তার্থ না করিয়া ভাহার নিকট হইতে কোন প্রকার ধনরত্বাদি গ্রহণ করিবে না, আমিও ইহা দং-পরামর্শ মনে করি॥ ৬॥

যদেব তে কশ্চিদত্রবীক্তচ্ছ্ শ্বামেত্যন্ত্রবীন্মে বিদশ্ধঃ শাকল্যো হাদ্যং বৈ ব্রহ্মেতি যথা নাত্মান্ পিতৃমানাচার্য্যবান্ ক্রয়াত্তথা তচ্ছাকল্যোহন্তবীদ্ধ্ দয়ং বৈ ব্রহ্মেত্যহৃদয়স্য হি কিও স্যাদিত্য-ব্রবীন্ত্র তে তস্যায়তনং প্রতিষ্ঠাং ন মেহব্রবীদিত্যেকপাদ্ধা এতৎ সম্রাড়িতি স বৈ নো ক্রহি যাজ্ঞবক্ষ্য হৃদয়মেবায়তনমাকাশঃ প্রতিষ্ঠা স্থিতিরিত্যেনহুপাদীত কা স্থিততা যাজ্ঞবক্ষ্য হৃদয়মেব সম্রাড়িতি হোবাচ হৃদয়ং বৈ সম্রাট্ সর্বেষাং ভূতানামায়তনও হৃদয়ং সম্রাট্ স্বেষ্যাই স্বাট্ স্বেষ্যং ভূতানাং প্রতিষ্ঠা হৃদয়ে ছেব স্মাট

দর্বাণি ভূতানি প্রতিভাতনি ভবন্তি হৃদয়ং বৈ সন্তাট পরমং ব্রহ্ম নৈন্দ হৃদয়ং জহাতি দর্বাণ্যেনং ভূতান্যভিক্ষরন্তি দেবে। ভূতা দেবানপ্যেতি য এবং বিদ্যানেতত্বপাস্তে হস্ত্যমভ্দ সহস্রং দদামীতি হোবাচ জনকো বৈদেহঃ স হোবাচ যাজ্ঞবন্ধ্যঃ পিতা মেহমন্তত নানসুশিষ্য হরেতেতি ॥ ৭ ॥

ইতি বৃহদারণ্যকে চতুর্থোহধ্যায়স্থ প্রথমং ব্রাহ্মণম্।

পুনুষ্ট বাজ্ঞবন্ধ্য ঋষি জনককে বলিগেন যে, তোমার অস্ত কোন গুরু ভোমাকে যে উপদেশ দিয়াছেন, আমি তাহা শ্রবণ করিতে ইচ্ছা করি। রাজা, ক্ষজ্জবন্ধ্যের এবংবিধ ভাব দেখিয়া বলিলেন, আমাকে শকল-পুত্র (শাকল্য) বিদগ্ধ-নামা আচার্য্য বলিয়াছেন যে, হুনুমুই ব্রহ্ম। মাজা, পিতা ও আচার্যাণাসিত ব্যক্তির লাৰ তিবিধ-ক্ষিদুম্পন্ন আমাৰ আচাৰ্য্য যাহা বলিয়াছেন, তাহা অভ্ৰান্ত। কাৰণ, যথন হৃদয় না থাকিলে কোন কাৰ্য্যই হইতে পাৱে না, তথন যে এই হৃদয় ব্ৰহ্ম, ইহাতে আর সন্দেহ কি ? যাজ্ঞবন্ধা জিজ্ঞাসা করিলেন যে, বেশ, কিন্তু আচার্য্য ভোমাকে মেই ব্রন্ধের আয়তন ও প্রতিষ্ঠাদির উপদেশ দিয়াছেন কি ? রাজা বলি-लम य, ना, जांदा स्नामादक वर्लन नारे। उथन याळवळा विल्लन य, रह मसाहे! ইহা একপাদমাত। ইহার উপাদনা নির্থক। অনন্তর জনক বলিলেন যে, যাজ্ঞ-वका । তুমি আমাকে সেই সকল বিবরণ বল ? याळवका विनाम या, अनब्र अरे ব্রন্ধের আন্বতন, আকাশ তাহার প্রতিষ্ঠা অর্থাৎ অবস্থিতির স্থান; এবং "স্থিতি"-স্বরূপ ভাবিষা তাহার উপাসনা করিবে। রাজা জিজ্ঞাসা করিলেন যে, হে বাজ্ঞবন্ধ্য, ইহার স্বিত্তা কি ? যাজ্ঞবন্ধ্য বলিলেন যে, হে সম্রাট্ ! হৃদমই তাঁহার স্বিত্তা ; কারণ, হাদ্রই সর্বাভূতের আয়তন এবং হাদ্রের উপর সর্বাভূত প্রতিষ্ঠিত। কেন না, সমস্ত ভূতই নাম,রূপ বা কর্মস্বরূপ—ভাষ্টারা হৃদয়কে আশ্রম করিয়াই স্থিতি नांछ करत, देश देख:शूर्व्स भाकनाजाञ्चाण भूमत्र প্রতিষ্ঠিত বলিয়া নির্দেশ করিয়াছি; সেই জন্ম হৃদরেই সর্বভূত প্রতিষ্ঠিত থাকে। তাই বলিতেছি স্মাট্! क्रमग्रे तका। आत अकाशिक क्रमस्त्र अधिकाजी स्वका कामिता स वाकि **धर्दे अनम्बद्धारक वर्थावधाराल अवगठ रहेशा छेलामना करत्रन, अनम कथनरे छारा**क জাগি করে না. এবং অভাভ সমস্ত ভূতই তাঁহার উপহার অর্পণ করে।

তিনি ইহজীবনে দেবশরীর লাভ করিয়া অন্তে দেবসাৰ্জ্য লাভ করেন। জনক রাজা এই কথা শ্রবণ করিয়া পুনশ্চ বলিলেন যে, আমি তোমাকে হস্তিতুল্য ব্য-সমন্থিত সহস্র গো দান করিতেছি, তুমি গ্রহণ কর। তথন যাজ্ঞবক্ষ্য বলিলেন যে, না,—তাহা হইবে না; কারণ, পিতা আমাকে বলিয়া দিয়াছেন যে, কাহাকেও তত্ত্বজ্ঞানে জ্ঞানী না করিয়া স্বর্থ গ্রহণ করিছেত নাই এবং আমিও ইহা শিরোধার্য্য মনে করি॥ ৭॥

ইতি क्रीमत्त्र्श्तांत्रशास्कां भिष्यास्त हरूर्थ अन्तरास्त्र अथम बान्तर भमारा

উপনিষৎস্ক—চতুর্থোহধ্যায়স্ত

দিতীয়-ব্ৰাক্ষণমূ

জনকো হ বৈদেহং কৃষ্ঠাতুপাবদর্শমুবাচ নমস্তেহস্ত যাজ্ঞ-বন্ধ্যামু মা শাধীতি দ হোবাচ যথা বৈ সমাড্মহান্তমধ্ব্যা নমেষ্যন্ রথং বা নাবং বা সমাদদীতৈবমেবৈতাভিক্লপনিষ্টিঃ সমাহিতা-স্থাহস্তেবং রন্দারক আঢ়াঃ সম্ধীতবেদ উক্তোপনিষ্থক ইতো বিমৃচ্যমানঃ ক গমিষ্যদীতি নাহং তদ্ভগবন্ধেদ যত্র গৃথিষ্যামীত্যথ বৈ তেহথং তদ্বক্ষ্যামি যত্র গমিষ্যদীতি ত্রবীতু ভগবানিতি ॥১॥

বিদেহাধিপতি জনক দেথিলেন যে, তাঁহার পরিজ্ঞাত নিথিল সপ্তণ ব্রন্ধই যাজ্ঞবন্ধ্যের পরিজ্ঞাত। তথন জনকরাঞ্জ নিজের আচার্য্য জিমানত্ব পরিত্যাগ করিয়া স্বীয় ক্র্চাসন পরিত্যাগ পূর্ব্বক উপিত হইরা যাজ্ঞবন্ধ্যের সমীপে যাইলেন অর্থাৎ তাঁহার চরণতত্ত্বে নিপতিত হইলেন এবং বলিলেন যে, হে যাজ্ঞবন্ধ্য ! আমি তোমাকে নমস্কার করি: তুমি আমায় শিক্ষা দাও। ঐতিস্থ ইতি শব্দ জনকের বাক্যের সমাপ্তিবোধক। অনন্ত্রুর যাজ্ঞবন্ধ্য বলিলেন যে, হে রাজন্! লোকিক ব্যবহারে দেখা যার, যেমন কোন লোক অতি দ্রদেশে যাইতে প্রবৃত্ত হইরা স্থলপথে যাইবার জন্ম রথ এবং জলপথে বাইতে তহুপযোগী নোকা প্রভৃতি অবলম্বন করে, তুমিও সেইরূপ আবশ্রকমত ব্যবহারভেদে বিভিন্নরূপী এই সকল সম্ভণ বল্পের তথামের উপাসনা থারা সমাহিত্তিত্ত হইরাছ; কেবল উপনিষদ্-বিদ্যায় সমাধি নহে, সাধারণের পূজ্য এবং আচ্যাও হইরাছ, দারিদ্র্য তোমাকে অভিভৃত করে নাই; তুমি বেদ অধ্যয়ন করিয়াছ এবং আচার্য্যগণের নিকট উপনিবদের উপদেশ শ্রবণ করিয়াছ। কিন্তু তুমি এইরূপ মহাভৃতিসম্পন্ন হইয়াও ভরের মধ্যেই অবস্থান করিতেছ অর্থাৎ যুত্যুভর হইতে পরিত্রাণ পাও নাই; কারণ, পরমাত্মজান বিনা জীব কথন সাংসারিক ভূম হইতে বিনিশ্ব ক্র

হইতে পারে না; স্তরাং তুমিও যত দিন পর্যান্ত পরমান্ত জ্ঞানে বঞ্চিত থাকিবে, তৃত্ত দিন পর্যান্ত অক্কৃতার্থ রহিবে। স্মাটি, জিঞাসা করি, তৃমি এই দেহত্যাগের পর এই সকল রথ ও নৌকাস্থানীয় উপনিষৎ থারা সমাহিত হইয়াঁ কোথা যাইবে? কি বস্তু প্রাপ্ত হইয়াছ সত্য, কিন্তু তাহাতে চিরনির্বাণের আশা কোথায়? জনকরাজ এই কথা শ্রবণ করিয়া বলিলেন যে, হে পূজ্যপাদ! আমি কোথায় যে যাইব, তাহা জানি না। যাজ্ঞবল্ক্য বলিলেন যে, বেথানে যাইলে তুমি কৃতার্থ হইবে, তাহা তুমি যদি নাজান, তাহা হইলে আমিই তোমাকে সেই বিষয় উপদেশ করিব। এই কথা শুনিবামাত্র জনক বলিলেন যে, ভগবন্! আপনি বদি আমার উপর প্রদন্ম হইয়া থাকেনি, তাহা হইলে আমায় বলুন। যাক্ষবক্য বলিলেন, শ্রবণ করি॥ ১ ॥

ইন্ধো স্থ বৈ নামৈষ যোহয়ং দক্ষিণেহক্ষন্ পুরুষস্তং বা এতমিশ্বাদ সন্তমিন্দ্র ইত্যাচক্ষ্যত পরোক্ষেণেব পরোক্ষপ্রিয়া ইব হি দেবাঃ প্রত্যক্ষিষঃ॥ ২॥

বিশ্ব, তৈজ্ঞস ও প্রাজ্ঞের স্বরূপ বর্ণনক্রমে ত্রীয় পরমত্রন্ধের স্বরূপ নির্দেশের নিমিত্ত প্রথমতঃ বিশ্বপুরুষের বিষয় অমুবর্ণিত হইতেছে। যাজ্ঞবন্ধ্য বলিলেন, মহারাজ ! চক্ষু-ত্রন্ধকে ইন্ধ নামে উপাসনা করিবে; যাহাকে পূর্বে আদিত্যান্তর্গত প্রের্ব বলিয়া নির্দেশ করা হইয়াছে এবং যিনি দক্ষিণ চক্ষুতে বিশেষরূপে অবস্থিত, তাঁহার নাম সত্য। তিনিই দীপ্তিগুণসম্পন্ন বলিয়া যথার্থ ইন্ধ নামে অভিহিত হন। প্রত্যক্ষতঃ এই ইন্ধনামা ব্রন্ধকেই প্রোক্ষভাবে সর্বেশ্বরন্ধিম ইন্দ্র নামে অভিহিত করিয়া থাকেন। কারণ, দেবতাগণ যেন প্রোক্ষভাবই ভালবাসেন, এবং প্রত্যক্ষভাবকে বেষ করিয়া থাকেন অর্থাৎ প্রত্যক্ষভাবে নামগ্রহণ তাঁহাদের অসন্ত্যোষকর। সেই জন্ম ঋষিগণ ইন্ধুকে ইন্ধনামে অভিহিত করেন। মহারাজ, তুমি এই কথিত বৈশ্বানর আত্মসম্পন্ধ। ২॥

অথৈত্বামেহক্ষণি পুরুষরূপমেষাস্থ পত্নী বিরাট্ ত্যোরেষ সভস্তাবো য এয়োহস্তর্হ দর আকাশোহথৈনয়োরেতদন্ধং য এয়োহস্তর্হ দয়ে লোহিতপিণ্ডোইথেনয়োরেত্থ প্রাবরণং যদেতদন্তহ দিয়ে জালকমিবাথৈ যোরেষ। স্থতিঃ সঞ্চরণী থৈষা হৃদয়াদূর্দ্ধা নাড় চুচ্চরতি যথা কেশঃ সহস্রধা ভিন্ন এবমস্থৈতা হিতা নাম নাড্যোহন্তহ্ল দিয়ে প্রতিষ্ঠিত। ভবন্ত্যেতাভির্বা এতদাস্রবদাস্রবৃত্তি, তন্মাদেষ প্রবিবিক্রীহারতর ইবৈব ভব-ত্যমাচ্ছারীরাদাত্মনঃ ॥ ৩॥

আর এই বাম অক্ষিতে যে পুরুষকার দেখা দায়, ইহা সেই বৈশ্বানরের পত্নী, অর্থাৎ তুমি যে বৈশ্বানর আত্মাকে সম্প্রাপ্ত হইরাছ, তিনি সেই ইন্দ্র ও ভোগকর্ত্তা বামাক্ষিন্থিত বিরাট্, বামাক্ষিন্থিত পুরুষ তাঁহার পত্নী (ভোগ্লা) বৈশানরের ভোগ্য বলিয়া বিরাট-অন্নস্বরূপ। এই ভোগ্যভোক্তরপ মিথুন (জ্বীপুরুবদম্ম) স্বপ্নাবস্থায় একভাব ধারণ করিয়া তৈজন সংজ্ঞা প্রাপ্ত হয়। একণে জিজ্ঞান্য হই-তেছে নে, স্বপ্নকালে তাহাদের একতা কিরুপে হয় ? উত্তর-ইন্দ্র ও ইন্দ্রাণী সম্বন্ধে এইরূপ সংস্কাব অবগত হওয়া যায়। যাহাতে উভয়ে মিলিত হইয়া একত্র পরম্পর স্তব করে, তাহাই সেই ইন্দ্র ও ইন্দ্রানীর সংস্তাব। এখানে সেই সংস্তাব কি ৷ তাহা কথিত হইতেছে—এই স্নয়াখ্য মাংস্পিণ্ডের অভ্যন্তরস্থিত যে আকাশ, তাহাই দেই উভরের সংস্তাব। স্নরাভান্তরস্থিত যে রক্তপিও, তাহাই সেই মিথুনের স্থিতিতেও অল। তাৎপর্য্য এই—সাধারণত: জীবের ভুক্ত অল ফুল ও रुक छूट जार्ग निज्ञ रुव ; यादा एनजाग-जादा मनकर् व्यरधानामी इब, धनः যাহা স্বন্ধভাগ, তাহাও আবার লঠরাগ্নি দারা পরিপক হইয়া দিখা পরিণত হয়, বধা-মধাম ও স্বা: তমধো বাহা মধাম রস, তাহা স্বা ও স্থূনের অন্তরানবন্তী রুধিরাদিপরম্পরায় এই পাঞ্ডোতিক শরীরের পুষ্টিসাধন করে এবং যাহা অতি স্কু রস, তাহাই জীব-জনমে মিথুনাকারে অবস্থিত নিঙ্গান্ধা ইন্দ্রের শোণিতপিও, ইহাকেই কেহ কেহ তৈজন নামে অভিহিত করেন। এই শোণিতপিওই স্ক্র হক্ষ নাড়ীর ভিতরে প্রবিষ্ট হইরা হ্রায়াভান্তরে মিথুনাকারে অবস্থিত সেই ইন্দ্র ও ইন্দ্রাণীর অবস্থিতির কারণ হয়; এই নিমিত্তই পণ্ডিতগণ এই শোণিতপিওকে रेख उरेखांगीत पत्र बनिया निर्दिश कवित्राहिन।

আব এক কথা, মন্যাগণ বেমন ভোজনানস্তরও শমনাদিকালে আবরণ দারা গাত্র আবৃত করিয়া থাকে, সেইরূপ এই ইক্স ও ইক্রাণীর সহস্কেও শ্রুতি সাদৃশ্র দেখাইতেছেন। এই সদয়াভ্যস্তরে জালের স্তায় অনেকান্ত্রে নাড়ী-ছিল্ল আছে,

তাহাই ইক্স ও ইক্সাণীর আবরণ-বস্তু। আর ফ্রনমন্তান হইতে যে নাড়ী উর্দ্বযুগ হইমা উলাত হইমাছে, সেই সঞ্চরণী নাড়ীই উক্ত ইন্দ্র ও ইন্দ্রাণীর স্বপ্লাবস্থা হইডে জাগরিতাবস্থায় উপনীত হইবার পথ। অতঃপর উর্দ্ধুথ নাড়ীর পরিমাণ কথিত হইতেছে—জগতে যেমন একটি কেশকে সহস্র ভাগে বিভক্ত করিলে অত্যন্ত স্কন্ধ হঁইয়া থাকে, সেইরূপ এই দেহেঁর সম্বন্ধে হিতকারী বলিয়া হিতা নামে হক্ষ হক্ষ নাজী সকল বর্ত্তমান: সেই সকল হিতা নাড়ী দ্বন্ধ্যধ্যস্থ মাংস্থত্তে অনুস্যুত चाहि, এবং अमग्र इटेटिंटे উদ্ভ इटेग्रा छोटाता कम्य-दिमादत ग्रांत्र (महित চতুর্দিকে ছড়াইয়া পড়িয়াছে। তুক্ত অন্নের রস সমূদর এই সমস্ত অতিস্কানাডীর দাহায্যেই সর্বত গমনাগমন করে; যেহেতু, এই স্থূলণরীর অন্ন দারা বৃদ্ধিত হয়, এই জন্ম বলিতে হয় যে, সেই বৈধানর দেবতার স্থাপরীর ঐ মাল্যাকার নাডা-প্রবাহিত অন্ন দারী পরিপুট হইয়া বর্ত্তমান থাকে। পরস্ত এই দেবতার লিঙ্গশরীর ফুল অন্ন ছারাই পরিপুষ্ঠ জানিবে; কেন না, বদিচ স্থুল অন্ন স্থলশুরীরেরই পরিপোষক, অতএব স্থূন; তথাপিও মূত্রপুরীয়াদি স্থূনতমাংশ অপেক্ষা লিঙ্গ-শরীরের পরিপোষক অন্নরস হল্ম, ইহা বিচার করিয়া দেখিলেই জানা যায়। অতএব স্থলশরীরের পোষক খাল্প স্ক্রশরীরের পোষক খাল্প হইতে পুথক করিয়া লইতেই হইবে। লিঙ্গশরীরের আহার আরও ফুলাতর জানিবে। অতএব প্রবিবিক্তাহার (স্ক্রাহার) দেহপিও হইতে নিঙ্গণরীর যে আরও প্রবিক্তাহার, ইহা স্থির। একণে সুল্পরীরাভিমানী বৈশানর আত্মা হইতে লিঙ্গাভিমানী তৈজন আত্মা যে কুলালের বারা পরিপুষ্ট হয়, ইহাই দিদ্ধান্ত হইল॥৩॥

তস্ম প্রাচী দিক্প্রাঞ্চঃ প্রাণাঃ দক্ষিণা দিগ্ দক্ষিণে প্রাণাঃ প্রতীচী দিক্ প্রত্যঞ্চঃ প্রাণা, উদীচী দিগুদঞ্চঃ প্রাণাঃ উদ্ধা দিগৃদ্ধাঃ প্রাণা অবাচী দিগবাঞ্চঃ প্রাণাঃ সর্বা দিশঃ সর্বে প্রাণাঃ স এব নেতি নেত্যাত্মাহগৃহো ন হি গৃহ্ততেহশীর্য্যো ন হি শীর্য্যতেহসঙ্গো ন হি সজ্যত্ত্হসিতো ন ব্যথতে ন রিষ্যত্যভয়ং বৈ জনক প্রাপ্তোহসীতি হোবাচ যাজ্ঞবন্ধ্যঃ। স হোবাচ জনকো বৈদেহোহভয়ন্ত্বাগচ্ছতাদ যাজ্ঞবন্ধ্য যো নো ভগবন্ধভয়ং বেদয়সে নমস্তেহন্ত্রিমে বিদেহা অয়মহমন্মীতি॥ ৪॥

ইতি রহদারণ্যকে চতুর্থোহধ্যায়ে দিতীয়ং ত্রাহ্মণম।

সেই এই হাদরাত্মা তৈজসপুরুষ বথন স্ক্ষ প্রাণকর্ত্ক বিশ্বত হয়, তথন তাহাকে প্রকৃতপক্ষে প্রাণই বলা যায়। যে জন এই তত্ত অবগত হইয়া ক্রমে বৈশ্বানর ইইতে হাদরাত্মক তৈজসভাব প্রাপ্ত হয় ও ক্রমে হাদরপ্রকৃপ তৈজস হইতে প্রাণাত্মাকে প্রাপ্ত হয়, তাহার পূর্ব্ধিক্ পূর্ব্বগত প্রাণ, দক্ষিণ দিক্ দক্ষিণ-গামী প্রাণ, পশ্চিমদিক্ প্রত্যক্দিগ্ বর্ত্তী প্রাণ এবং উত্তর দিক্ উত্তরভাগত্ব প্রাণ, উদ্ধিক্ উদ্ধগত প্রাণ, অধোদিক্ অবাক্ (অধঃ) প্রাণ। অধিক কি, সমস্ত দিকই সমষ্টিভূত প্রাণ। উপাসক এইরূপ জ্ঞানসহকারে উপাসনা দারা ক্রমে সর্ব্বময় প্রাণকে আয়ভাবে প্রাপ্ত হন, অর্থাৎ সর্ব্বময় প্রাণ্ণই আয়াভিমান করেন।

এইরূপ সর্বভূতাত্মক প্রাণকে ক্রমে প্রত্যগাত্মার সহিত অভিন্নরূপে পর্য্যবসিত করিয়া পরে যিনি এটারও এটা, সেই তুরীর্ম আত্মাকে 'নেতি নেতি'রূপে সমস্ত প্রপঞ্চের বাধ করিয়া অবশেষে অবশিশুমানস্বরূপে প্রাপ্ত হন। জ্ঞানী ব্যক্তি পুর্ব্বোক্তক্রমে পূর্ব্ব প্রীরাদির (বিশ্ব, বৈশ্বানর, তৈজ্ঞস) উপর আস্মাভিমান ত্যাগ করিয়া যে তুরীয় ব্রহ্মকে আত্মরূপে প্রাপ্ত হন, তিনি অগৃহ্ণ ; যেহেতু,ইহাকে গ্রহণ করা যায় না; অশীর্ঘ্য, কারণ, তিনি কালধর্মে শীর্ণ হন না; অসঙ্গ, কারণ, কোথারও সক্ত (সংক্রামিত) হন না ; অবদ্ধ—তিনি ব্যথিত হন না। যাজ্ঞবন্ধ্য বলিলেন বে, হে জনক। তুমি জনমরণাদিভরশূত আত্মাকে প্রাপ্ত হইয়াছ। একণে, ৰাজ্ঞবন্ধ্য সেই স্থান নির্দ্ধেশ করিলেন, যাহা পুর্ব্বে তিনি জনককে বলিবেন বলিয়া প্রতিজ্ঞা করিয়াছেন অর্থাৎ যে স্থানে মৃত্যুর পর যাইরে, তাহা বলিলেন। তথন জনক বলিলেন যে, হে,প্রুক্ষা! আপনি যথন শরীরাদি উপাধির অভিমান ত্যাগ করাইয়া আমাকে অভয় ত্রন্ধ লাভ করাইয়াছেন, ইহার কলে অভয় ত্রন্ধ আপনাকেও অনুসরণ করুক। বথন আপুনি আমায় সাক্ষাৎ আত্মদান করিয়া-ছেন, তথন আপনি বলুন, এই ভবছক্ত বিভার মূল্যস্বরূপ আর কি দিব ? তবে जाननारक नमस्रोत। जाक जनिव धेर ममस्य नित्तरताका जाननात रुपैक, আপনি যথেচ্ছরপে ইহা ভোগ করুন। আর আমিও আপনার দাসরপে **क्रिक्रिन बहिन ; धेर बाक्षा ध्वर धेर मागरक फ्रांशनाव अधीन कक्रन ॥ ८ ॥**

े देखि खीमन्त्रनात्रनारकां भिनयान हरूर्य अशास विजीय खांचा नमारा ।

উপনিষৎস্থ— চতুর্থাহধ্যায়স্ত

তৃতীয়-ব্ৰান্সণম্,

জনকত্ত হ বৈদেহৎ যাজ্জবজ্ঞো জগাম স মেনে ন বিদয় ইত্যাথ হ যাজ্জনকশ্চ বৈদেহো যাজ্জবল্ধাশ্চাগ্নিহোত্তে সমুদাতে তব্মৈ হ যাজ্জবল্ক্যো বরং দদৌ স হ কামপ্রশ্নমেব বত্তে তত্ত হাব্মৈ দদৌ তত্ত্ব সম্মাড়েব পূর্ববং পপ্রচছ ॥ ১॥

পুর্বের উক্ত হুইয়াছে যে, যাজ্ঞবন্ধ্য জনকের নিকট গমন করিয়াছেন, ইহার সহিত এই ব্রাহ্মণের সম্বন্ধ কথিত হইতেছে। সাক্ষাৎ অপরোক্ষ অনুভূতিস্বরূপ বিজ্ঞানময় আত্মাই পরব্রন্ধ, তিনিই দর্ববাস্তরবর্ত্তী, ইহা "এতঘাতীত আর দ্রষ্টা নাই, শ্রোতা নাই" ইত্যাদি শ্রুতি দারা প্রতিপন্ন হইমাছে। সেই দর্বান্তর আত্মাই জীবশরীরে প্রবিষ্ট হইয়া কথনাদি ক্রিয়া দারা প্রাণাদি হইতে স্বতম্বরূপে অমুমান-গম্য হয়। ইহা মধুকাণ্ডে অক্লাতশক্ত-সংবাদে প্রাণাদির কর্ত্ত-ভোকৃত প্রভৃতির প্রত্যাধ্যান ধারা নির্ণীত হইলেও পুনশ্চ ঔষস্ত্য প্রশ্নে প্রাণ চেষ্টাদিরপ হেডু উপস্থাস করিয়া সাধারণভাবে প্রাণাদিকর্ত্তরূপে 'যঃ প্রাণেন প্রাণিতি' ইত্যাদি अञ्चिषाता याहात अञ्चल अवधातिक हरेब्राह, भरत विलयकार शिनि अष्टात्रक দ্রপ্তা ইত্যাদি বাক্যে যাঁহাকে অনুপ্রশক্তিসম্পন্ন বলিয়া অবগত হওয়া বায়, তাঁহার সম্বন্ধে সংসারভোগও কেবল উপাধিসম্বন্ধ বশতঃ বৈ আর কিছুই নহে; যেমন ভ্ৰমবশতঃ দৰ্পে রজ্জান হয়, উষর (মকু) ভূমিতে জলজান হয়, শুক্তিকায় রজতত্রম হয় এবং আকাশেতে নীলিমাবৃদ্ধি হয়, তেমন সেই আত্মাতেও অবিছা-বশতঃই সংসার আরোপিত হইয়া থাকে। নচেৎ সভাবতঃ আত্মার কোন बन्नमुजू প্রভৃতি নাই, তাহা হইতে ইহাই প্রতিপন্ন হইমাছে যে, আত্মা নিরুপাধি ও নিরুপাথ্য 'নেতি নেতি'রূপে নিষেধ ধারা নির্দেখ্যযোগ্য; তিনি সাক্ষাৎ অমৃত্তির বিষয়; তিনিই সর্বাস্তর্বতী অক্ষর অন্তর্যামী ব্রহ্ম, উপনিষদ-বাক্যের লক্ষ্য-সেই প্রেশাস্ত পুরুষ বিজ্ঞান ও আনন্দস্তরূপ এন। পরে সেই

বন্ধই ইক্সংজ্ঞায় অভিহিত হইয়া প্রথমতঃ স্থূল শরীরে স্ক্রবিষয়োপভোক্তা, প্রবিবিক্তাহার,পরে হৃদ্দাভ্যন্তরে মুস্ক্মরূপে বিষয়োপভোক্তা প্রবিবিক্তাহারতর বলিয়া নির্দিষ্ট হইয়াছেন। অনস্তর তাহা হইতেও উত্তম জগতের আত্মা প্রাণো-পাধির কথা বলা হইয়াছে। পরিশেষে জ্ঞানবলে রুজু প্রভৃতি অধিষ্ঠানে দর্পাদি ভ্রমলয়ের মত জগদাত্মা পাপোপাধিরও বিদরবিধান করিয়া 'নেতি নেতি' বাক্য षात्रा निर्मिष्ठ সাক্ষাৎ সর্বাস্তর তুরীয় এক বোধিত হইয়াছেন এবং জনকের সেই তুরীয় ত্রক্ষজ্ঞান বা অভয়প্রাপ্তির কথা পূর্ব্বাধ্যায়ে দেখান হইয়াছে। এই অধ্যানেও যাজ্ঞবন্ধ্য প্রসঙ্গক্রমে জাগ্রৎ, স্বপ্ন, স্বয়ুপ্তি ও তুরীদাবস্থার ইন্ধপ্রবিবিক্তা-হার প্রাণব্যহের ও 'নেতি নেতি' দারা ব্রহ্মের সক্তেপত: পরিচয় দিয়াছেন। এক্ষণে জাগ্রত অবস্থা ও স্বপ্নাবস্থা প্রভৃতি উত্থাপন করিয়া মহাতর্কে সেই ব্রহের यक्रभ विष्ठुं छार का भन कता आवश्रक, अध्यक्षश्री क्रि क्रारें उरेरव धवः প্রতিকৃল মত ও আশকা সমুদয় নিরাকরণ করিয়া আত্মার অন্তিম, দেহাদি হইতে পার্থক্য, বিশুদ্ধস্বরূপন্ব, স্বপ্রকাশন্ব, নিত্তাশক্তিমন্ব, নিরতিশন্ন স্থানন্দস্বভাব ও অবৈতভাব প্রদর্শন কর্ম্বব্য ; এই জন্ম এই ব্রাহ্মণ আরম্ভ ইতেছে। বিস্পাদান ও বিষ্ণা-গ্রহণের নিয়ম দেখাইবার জন্ম এই আধ্যায়িকার অবতারণা হইয়াছে, বিশেষতঃ ব্রন্ধবিস্থার প্রশংসাও যে এই অধ্যারের অন্ততম উদ্দেশ্য, তাহা বরদান প্রভৃতি হইতে স্বচিত হইরাছে।

একদা যাজ্ঞবক্য নামক (পুর্ব্বোক্ত) ঋষি বিদেহাধিপতি জনকের সমীপে গিয়াছিলেন। গমনকালে তিনি এইরপ মনে মনে চিন্তা করিয়াছিলেন বে, আমি রাজাকে নিজের যোগ-ক্ষেমের বিষয়—প্রয়োজন কিছুই বলিব না, কিন্তু এইরপ মনে মনে সক্ষর করিয়াও জনকের জিজ্ঞাসিত সমস্ত প্রশ্নেরই উত্তর দিয়াছিলেন। তাঁহার এই সক্ষরের অন্তথাকরণের হেতু কি,তাহা দেখাইবার জন্ত শতি আখ্যায়িকার অবতারণা করিতেছেন।—পুরাকালে এফ সময় অয়িহোত্র সম্পর্কে জনক ও বাজ্ঞবন্ধ্যের সহযোগ হয়। তাহাতে যাজ্ঞবন্ধ্য ঋষি জনকের অমিহোত্র যাগস্মন্ধে সবিশেষ জ্ঞান দর্শন করিয়া পরিতৃষ্টমন্ধে জনক রাজাকে বর প্রদান করিতে প্রতিশত হইয়াছিলেন। জনকও কামপ্রশ্ন, অর্থাৎ বলেছ কামনা সিন্ধিরপ বর প্রাথনা করেন। যাজ্ঞবন্ধ্যও তাঁহাকে সেই বয়ই প্রদান করেন। একলে সেই বয়দানের প্রভাবে রাজা যাজ্ঞবন্ধ্যকে শক্তিশালী জানিয়া তাহাকে কোন বিষয়ের ব্যাখ্যায় অনিজ্ঞ্ক, এ কন্ত মৌনিভাবে অবস্থিত দেখিয়াও সমঃ প্রথমে জিজ্ঞানা করিলেন। প্রশ্ন হইতে পারে, যাজ্ঞবন্ধ্য সেই আরিছাত্র মৃক্ত প্রথমে জিজ্ঞানা করিলেন। প্রশ্ন হইতে পারে, যাজ্ঞবন্ধ্য সেই আরিছাত্র মৃক্ত প্রশ্নেকই জনককে

বন্ধবিষ্ণার উপদেশ দিলেন না কেন ? কিন্তু এরপ শহার কোনই কারণ নাই; যেহেতু, এই বন্ধজ্ঞান কর্মবিষ্ণা হইতে অত্যস্ত ভিন্ন জাতীর, পরস্তু, কর্মের সহিত বিক্লন্ধত বটে; কারণ, এই বন্ধবিদ্ধা কর্মনিরপেক্ষা – স্বতন্ত্রা, অর্থাৎ কর্মের স্থায় কোনরূপ পৃথক্ সাধনের অপেক্ষা করে না; অর্থচ প্রথম পরমপ্রযার্থ – মোক্ষের সাধিকা; স্কতরাং অনোচিত্রবশতঃ সেধানে উহার উপদ্বোধন নাই॥ ১॥

যাজ্ঞবন্ধ্য কিংজ্যোতিরয়ং পুরুষ ইত্যাদিত্যজ্যোতিঃ সম্রাড়িতি হোবাচ। আদিত্যেনৈব জ্যোতিয়াই২স্তে পল্যয়তে কর্ম কুরুতে বিপল্যেতীত্যেবুমেবৈতদ্যাজ্ঞবন্ধ্য॥ ২ ॥

জনক রাজা যাজ্ঞবন্ধাকে সন্মুখীন করিবার নিমিত্ত ডাকিলেন, যাজ্ঞবন্ধ্য ! এই পুরুষ কোন জ্যোতিঃসম্পন্ন ? অর্থাৎ যে জ্যোতির্থারা নিরস্তর, ব্যবহার সম্পাদন করিয়া থাকে ৷ সেই জ্যোতিঃ কি ৷ এথানে এই পুরুষ শব্দে भंतीरतन्त्रियशंत्री, रुख्नभामि আकात्रविभिष्ठे भूक्षरकरे नक्षा कता रहेगाएए। প্রশ্নের মর্ম্ম এই—হন্তপদাদি স্বীয় অবয়বাতিরিক্ত কোন জ্যোতির্ঘারা কি এই পুক্র কার্য্য করিয়া থাকে, না স্বীয় অবয়বসমষ্টির অন্তঃপাতী কোনরূপ জ্যোতিছারা লৌকিক ব্যবহার সম্পাদন করে? যদি বল, এরপ জিজ্ঞাসার প্রোজন কি? পুরুষ অতিরিক্ত জ্যোতিছ বিট হউক, বা অনতিরিক জ্যোতিখারাই হউক, কোন না কোন শক্তি খারা ব্যবহার সম্পাদন করিয়া থাকে, ইহাতে প্রশ্নের অবকাশ কোথার ? উত্তর—হা, আছে। যদি অতিরিক্ত জ্যোতি ধারা জ্যোতি:-কার্য্যসমূহ নির্বাহ করাই—আত্মার সভাব নির্ণীত হয়, তাহা হইলে প্রত্যক্ষকার্য্যের মও পরোক্ষকার্য্যেও জ্যোতিঃসম্বন্ধ অনুমান করিতে পারি অর্থাৎ যাহা জ্যে।তিঃকার্য্য বলিয়া দৃষ্টিগোচর নহে, তাহাও দৃষ্টামু-দারে অমুমান করিতে পারি যে, পুরুষব্যতিরিক্ত জ্যোতির্থারাই জ্যোতিংকার্য্য-সমূহ নির্মাহ হইয়া থাকে। আর, বদি অব্যতিরিক্ত (প্রস্তর্গ) জ্যোতি-र्वातारे लोकिक कार्याममूर निर्कार कत्रा युष्ठाव रुव, ठारा रहेल रेहां छ ক্রনা ক্রিতে পারা যায় যে, যাহা অপ্রত্যক্ষ জ্যোতিঃস্থানেও জ্যোতির কার্য্য দর্শন করিয়া অনতিরিক্ত জ্যোতির কার্য্য অনুমান করিতে পারি। আর যদি জ্যোতিঃ-কার্যা সম্পাদন-বিষয়ে ব্যতিরিক্ত বা অব্যতিরিক্ত জ্যোতির क्लान मित्रम थार्क, जाहा इहेरन पृष्ठ-कार्यात छात्र अपृष्ठ-कार्याप অনিরম হইতে পারে, ইত্যাদি বিবিধ শক্ষান্বিত হইয়া জনক রাজা যাজ্ঞবন্ধ্যকে জিজ্ঞানা করিলেন যে, এই পুরুষ কিরপ জ্যোতির বার্য্য-সমূহ সম্পাদন করে? অবশ্রই এথানে এরপ আশক্ষা হইতে পারে যে, যদি জনকের এতই অনুমান করিবার নিপুণতা থাকে, তাহা হইলে আর এই কথা যাজ্ঞবন্ধ্যের নিকট জিজ্ঞানা করার প্রান্ত্রোক্তন কি? নিভেই ইহার মীমাংসা করিয়া একতর পক্ষ অবলম্বন করিলেন না কেন? উত্তর—হাা, তাহা সত্য; তথাপি এরপ হর্ষোধ স্থলের হেতৃ-সাধ্য ভাব অতি সক্ষ বা হক্তের্য; স্তর্যাং তাহার ব্যাপ্তিসম্বন্ধও অতি হক্তের্য, এরপ স্থলে সমবেত বহু পণ্ডিতের পক্ষেও যাহা অতি হক্তের্য — অমীমাংস্ত, তাহা একের পক্ষে আর কথা কি? ইহা স্বতঃই মনে হয়। এই জন্ম হরহ বিষয়ের নির্দারণ করিতে হইলে পণ্ডিত-সভার আহ্বান করা হইয়া থাকে এবং যে-সে পুরুষ দারাও ইহার নির্ণয় হয় না,—বিশিষ্ট গুণসম্পন্ন পুরুষের প্রান্তন্দ, এই নিমিত্তই উক্ত হইয়াছে যে, "দশাবরা পরিষৎ, এরো বৈকো বেতি" * অর্থাৎ সাধারণ ধর্মপরীক্ষক দশ জন্ দারা পরিষৎ-কার্য্য সম্পন্ন হয়, বিশিষ্টগুণসম্পন্ন তিন জন দ্বারাও সভার কার্য্য হইতে পারে, তদপেকা অধিক গুণশালী এক জন সভ্যন্ত ধর্মনিরপণে সমর্থ।

অতথব রাজার স্বতঃ অনুমানাদিতে কৌশল বা দক্ষতা সত্ত্বেও প্রশ্ন করা অসমত হয় নাই। কারণ, ব্যক্তিভেদে বিজ্ঞান-কৌশলের তারতম্য অবশ্রুই আছে। অথবা শ্রুতি স্বয়্বই গল্পপ্রসালে অনুমানের পথ ধরিরা পুরুষভেদে মতভেদ আমাদিগকে বৃঝাইতে প্রবৃত্ত, ইহার এরপ উদ্দেশ্যও বলা যায়। সে যাহা হউক, প্রকৃত্ত কথা এই—যাজ্ঞবন্ধ্য জনকের মনোগত ভাব বৃঝিতে পারিয়া জনককে হন্তপদাদি হইতে অতিরিক্ত আত্ম-জ্যোতির বিষম ব্ঝাইবার নিমিন্ত লোক-প্রসিদ্ধি অনুসারে ব্যতিরিক্ত জ্যোতির লক্ষণ সকলের উপস্থাস করিতে লাগিলেন। যাজ্ঞবন্ধ্য বলিলেন যে, হে সম্রাট্ ! আদিত্য নামে একটি প্রসিদ্ধ জ্যোতিঃ আছে। এই পুরুষ আদিত্যরূপী জ্যোতিঃসাহায্যে সমস্ত জ্যোতিঃ-কার্য্য নির্কাহ করিয়া থাকেন। কারণ, এই জীব নিজের হন্ত-পদাদি সকল অবয়ব হইতে স্বতন্ত্ব অথচ চাকুষ প্রত্যক্ষের সহকারী এই আদিত্যরূপ জ্যোতিঃসাহায্যে

^{* &}quot;ধর্মেণাধিপতো বৈজ্ঞ বেলঃ সপরিবৃংহণঃ। তে শিষ্টা রাহ্মণা জ্ঞোঃ ক্রতি-প্রত্যক্ষ-হেতবঃ। দশাবরা বা পরিবদ্ যং ধর্মং পরিচকতে। ত্রাবরা বাণি বৃদ্ধহাতং ন ভূরো বিচারয়েৎ।" ইহার মর্ম্ম এই;—বাঁহারা ধর্মণাত্রোক্ত বিধামুগারে সকল বেদ অধ্য-মন করিরাছেন, ক্রতির তাৎপর্যুবাহী সেই সকল বাহ্মণাই শিষ্ট; তাদুশ শিষ্ট দশ জন, তিন কন বা ক্ষতঃ এক জন বারা পরিপূর্ণ সভা বাহা বাহা ছির করিবে, তাহাই সিছাছঃ

উপবেশন করে, ক্ষেত্র, অরণ্য প্রভৃতি নানা স্থানে পর্যাটন করে এবং তত্তংস্থানে যাইয়া নিজ নিজ কর্ম্ম করে, পুনশ্চ প্রত্যাবৃত্ত হয়। স্বতরাং স্পষ্টই দেখা বায়, হস্তপদাদি হইতে সম্পূর্ণ বিভিন্ন এই জ্যোতির বিহালি অত্যন্ত পার্থক্য দেখাইবার জন্তই আনেকগুলি কার্য্য প্রদর্শিত হইল এবং দেই ব্যতিরিক্ত বাহ্য, জ্যোতির অমুমাপক হেতু-সমূহের কার্য্যগত ব্যভিচার নাই, ইহা দেখাইবার নিমিত্ত অনেক বাহ্য জ্যোতির উল্লেখ করা হইয়াছে। জনক এই সমস্ত কথা শ্রবণ করিয়া বলিলেন বে, হে বাজ্ঞবক্ষ্য! তুমি যাহা বলিয়াছ, তাহা এইরপই॥২॥

অন্তমিত আদিতো যাজ্ঞবন্ধ্য কিংজ্যোতিরেবায়ং পুরুষ ইতি চন্দ্রমা এবাস্থ জ্যোতির্ভবতীতি চন্দ্রমদৈবায়ং জ্যোতিষাহ-হন্তে পল্যয়তে কর্ম কুরুতে বিপল্যেতীত্যেবর্মেবৈতদ্যাজ্ঞ-বল্ধ্য॥ ৩॥ '

জনক পুনশ্চ জিজ্ঞাসা করিলেন যে, হে যাজ্ঞবন্ধ্য ! ভবছক্ত আদিত্য-জ্যোতিঃ
অন্তমিত হইলে এই পুরুষ কোন্ জ্যোতিছ বি কার্য্য সম্পাদন করেন ? যাজ্ঞবন্ধ্য
বলিলেন যে, আদিত্য অন্তমিত হইলে চক্রমাই পুরুষের ব্যবহারসাহায্যে জ্যোতিঃস্কর্মণে পরিগৃহীত হন্ধ, অর্থাৎ পুরুষ এই জ্যোতিঃসাহায্যেই স্থিতি, উপবেশন,
পর্যাটন, কর্ম্ম-সম্পাদন এবং প্রত্যাগমন প্রভৃতি করিশা থাকেন। রাজা
যাজ্ঞবন্ধ্যকে বলিলেন যে, হাা, ইহা এই রকমই বটে॥ ৩॥

অন্তমিত আদিত্যে যাজ্ঞবন্ধ্য চন্দ্রমশুস্তমিতে কিংজ্যোতি-রেবায়ং পুরুষ ইত্যমিরেবাস্থ জ্যোতির্ভবতীত্যমিনৈবায়ং জ্যোতিষাহহস্তে পল্যয়তে কর্ম কুরুতে বিপল্যেতীত্যেবমেবৈ-তদ্যাজ্ঞবন্ধ্য ॥ ৪ ॥

রাজা পুনশ্চ জিজ্ঞাসা করিলেন যে, হে যাজ্ঞবন্ধা । এই আদিতা ও চক্রমা এই ফেই জ্যোতিঃ অন্তমিত হইলে পুরুষ কোন্ জ্যোতিঃসম্পন্ন হর ? যাজ্ঞবন্ধা বিলিনে যে, ইহারা অন্তমিত হইলে অন্নিই তাহার জ্যোতিঃ-কার্য্য সম্পাদন করিয়া থাকেন। তথুন পুরুষ এই অগ্নি-জ্যোতির সাহায্যে স্থিতি, উপবেশন,

নানা স্থানে পর্যাচন, কর্ম্মাচরণ এবং প্রত্যাগমন প্রভৃতি কর্ম করিয়া থাকে। জনক যাজ্ঞবক্ষ্যের কথা প্রবণ করিয়া বলিলেন যে, হে যাজ্ঞবন্ধ্য । তুমি যাহা বলিয়াছ, তাহা ঠিকু॥ ৪॥

অন্তমিত আদিত্যে যাজ্ঞবন্ধ্য চক্রমিশ্রন্তমিতে শান্তেংগ্রো কিংজ্যোতিরেবায়ং পুরুষ ইতি বাগেবাস্থা জ্যোতির্ভব-তীতি বাচৈবায়ং জ্যোতিষাহহন্তে পল্যয়তে কর্ম কুরুতে বিপাল্যেতীতি তন্মাদ্রৈ সমাড়পি যত্ত্ব স্বঃ পাণিম বিনিজ্ঞায়-তেহথ যত্র বাগুচ্চরত্যুপৈব তেত্র স্বেতীত্যেবমেবৈতদ্যাজ্ঞ-বন্ধ্য ॥ ৫॥

জনক জিজ্ঞাসা করিলেন যে, ছে যাজ্ঞবন্ধা। যথন এই আদিতা, চন্দ্র এবং অগ্নি এই ত্রিবিধ জ্যোতিই বিলয়প্রাপ্ত হয়, তথন পুরুষ কোন জ্যোতিঃসাহায়ে কার্য্য সম্পাদন করে 🔻 যাজ্ঞবন্ধ্য বলিলেন যে, তথন বাকাই পুরুষের জ্যোতিঃ-কার্য্য-সম্পাদক হয়; তথন পুরুষ বাক্যক্রপ জ্যোতিছারাই অবস্থান করে, গমন করে, অক্তান্ত কার্য্য করে এবং প্রত্যাবর্ত্তন করে; কারণ, যে সময়ে নিজ হস্ত পর্যান্ত দৃষ্টিগোচর হয় না, তথনও উদ্বোধক বাক্য অর্থাৎ শব্দ ছারা তাহা প্রতীত হয়। তাৎপর্য্য এই—শব্দ দারা প্রবেশক্রিয়ের উদ্দীপনা হয়, প্রোত্রেক্রিয় উদ্দীপিত হইলে মনে বিবেচনাশক্তির উত্তেজনা হয়; সকল লোক এই মনের সাহায়েই বাহ সমস্ত চেষ্টা করে। এই জন্ম শ্রুতি বলিয়াছেন যে, "মনসা ছেব পশ্ততি, মনসা শুণোতি", মনের দারাই দেখে, মনের দারাই শুনে ইত্যাদি। এখানে জিজ্ঞান্ত হইতে পারে যে, বাক্যের ওমন কি সাধারণ ধর্ম আছে-যাহাতে তাহাকে জ্যোতিঃশ্বরূপ বলা যাইতে পারে ? পরস্ক, বিচার করিয়া দেখিতে গেলে বাকোর জ্যোতিষ্ট (জ্যোতিঃ-স্বরূপত্ব) নিতান্ত অংসিত্ব। এই আশঙ্কা অপনন্ধনের নিমিত্ত শ্রুতি বলিতেছেন যে, যেতেজু, পুরুষ এই বাকারপ জ্যোতির অমুগ্রহ লাভ করিয়া সমস্ত বাবহার নিশাদন করে, সেই **रिकृ वारकात्र (ज्ञानिः चत्रभव अधिमिक्ष नर्द्ध। किन्नर्भ १ रमश्र, यथन वर्षाकारम** व्यक्षकांत-निविष् क्रवनकारन निग्निश्च शर्याख श्रीबर ममाध्वत्र व्हेश्न यात्र, পরা প্রকার স্মোডি:ও বিলুপ্ত হয়, এখন কি, নিজের হস্তও স্পষ্টভাবে জাত হয় না, তথন বাহু সর্ববিধ জ্যোতির অভাবে সকল প্রকার লৌকিক ব্যবহার বিল্পু হওয়াই সম্ভব। কিন্তু স্বীকার করিতে হইবে যে, তথনও, এমন কোন একটি জ্যোতিঃ থাকে—যাহার দারা তৎকালে সমস্ত ব্যবহার সম্পন্ন হয়। তাহা বাক্-জ্যোতিঃ; কেন না, যেখানে শব্দ উচ্চারিত হয়, অর্থাৎ যেখানে কুকুরে শব্দ করে, কিন্তা গর্জত কোন চীৎকার করে, পুরুষ সেই স্থানেই উপস্থিত হয়, তথন শব্দ দারাই শ্রোত্র এবং মনের দৃঢ্ভাবে মিলন হইয়া থাকে। কাজেই ব্রিতে হইবে যে, বাক্যই জ্যোতির কার্য্যকারী ও তাদৃশ শক্তিপ্রাপ্ত। তথু শব্দ নহে, গন্ধাদি দারা প্রাণেক্রিয়াদি অমুগৃহীত হইলেও লৌকিক কার্য্য সমৃদ্য সম্পন্ন হইয়া থাকে: অত্রব শব্দের ফায় গন্ধ প্রভৃতিকেও জ্যোতিঃশ্বরূপে গ্রহণ করিবে। স্তরাং গন্ধাদি দারাও এই কার্য্যকরণসভ্যাত-ক্ষশী আত্মার উপকার হইয়া থাকে, ইহা নির্দারিত হইল। জনক এই সকল ক্ষা শ্রবণ করিয়া বলিলেন যে, ইয়া, যাজ্ঞবন্ধা। তুমি যাহা বলিয়াছ, তাহা এইকশ্বী॥ ৫॥

অন্তমিত আদিত্যে যাজ্ঞবন্ধ্য চন্দ্রমশুন্তমিতে শান্তে২গ্নো শান্তায়াং বাচি কিংজ্যোতিরেবায়ং পুরুষ ইত্যাম্বৈবাশু জ্যোতির্ভবতীত্যাত্মনৈবায়ং জ্যোতিষাহহন্তে পল্যয়তে কর্ম্ম কুরুতে বিপল্যেতীতি॥ ৬॥

জনক পুনর্কার জিজ্ঞানা করিলেন বে, হে যাজ্ঞবন্ধ্য! আদিতা, চন্দ্র, অগ্নি, এমন কি, কথিত শব্দজ্যোতিঃ ও ইক্রিরের অন্থগাহক (শক্তিবর্দ্ধক) গন্ধ প্রভৃতি জ্যোতিঃও প্রশমিত হইলে তথন পুরুষের সমস্ত চেষ্টা লোপ পাইতে পারে; তথন কোন জ্যোতির্বারা বাহু চেষ্টা সম্পাদিত হন ও প্রশ্নের অভিপ্রার এই—জাগ্রৎ-কালে স্থভাবতঃই বহিন্দু থে প্রবৃত্ত পুরুষের চক্ষরাদি ইক্রির সকল বথন আদিত্য প্রভৃতি জ্যোতিঃপদার্থের অন্থগ্রহ লাভ করে, তথনই পরিকৃত্ব আলোকের সাহায্যে প্রক্রের সর্বপ্রকার ব্যবহার সম্প্রহভাবে সম্পন্ন হয়। তাহা হইলেই দেখা যাইতেছে বে, লাগ্রহকালে পুরুষ যে কোন কার্য্য করে, ততাবংই দেহেক্রিরাদি-ব্যতিরিক্ত বাহু কোন না কোন জ্যোতির সাহায্যেই করিরা থাকে; অত্র্যব আমরা বিবে-চনা করিতে পারি বে, জাগ্রহ, স্বর্গ ও স্বর্য্যকালে যথন সমস্ত বাহুজ্যোতিঃ

विनुश इब, तार्रे कात्मध शूक्रस्वत म्लर्शक्षित्राणि-वाजितिक क्याजिक विराह ब्याजित कार्या इरेबा थाकि। प्रथा यात्र, अक्षकात्म वसूनर्गन, जाहात महिज বিচ্ছেদ এবং অন্তান্ত দেশে গমনাগমন প্রভৃতি প্রত্যক্ষ হয়, তাহাও জ্যোতি:কার্য্য। আর হুবুপ্ত ব্যক্তিরও হুবুপ্তিভঙ্গের পর 'আমি হুথে নিজিত ছিলাম, কিছুই জানিতে পারি নাই' এইরপ অরণ হইরা থাকে। "অরণমাত্রই অর্ভুতিসাপেক, অভএব অবশ্রই স্বীকার করিতে হইবে যে, স্বমৃপ্তিকালীন কোন জ্যোভিঃ না থাকিলে মুথ ও অজ্ঞানের অন্মভূতি হইতে পারে না। অতএব অবশ্র তৎকালীন অমুভূতি জ্যোতিবিশেষের কার্য্য। একণে জিজ্ঞাসা হইতেছে যে, শব্দও (গন্ধানি) প্রশমিত হইলে পর পুরুষের সেই জ্যোতিঃ কি ? অর্থাৎ শ্বপ্ন ও মুমুপ্তিকালে কোন জ্বোতির কার্য্য সভ্যটিত হয় ? উত্তর— সেই সমরে (স্থপ্ন ও স্বৃপ্তিসময়ে) আত্মাই পুরুষের জ্যোতিঃস্থানীয় হয়। ঐ জ্যোতি: দেহেন্দ্রিয়াদি অবয়বব্যতিরিক্ত অথচ আদিত্যাদি জ্যোতির স্থায় দেহেক্সিয়াদি সমুদায়ের প্রকাশক। তিনি বাছ অক্যান্ত জ্যোতির ভাষ অন্য কোন জ্যোতিছ বি প্রকাশ্ব নহেন—স্বন্ধং প্রকাশমান। এথানে অন্তঃস্থ জ্যোতিঃই আত্মশব্দে অভিহিত হইমাছে; স্বতরাং মানিতে হইবে, সেই অবাহ্ন জ্যোতিঃ **(मरहिमानि इंटें। अथक्, जिनिर्दे आजा। अथारन रेहां वृद्धिं इंटें।** य, गाहाता (मरहित्तमानि इटेर्ड चित्रिक चथे एसरित्तमानित चयुधाहक (প্রকাশক) আদিত্যাদি জ্যোতিঃ, ভাঁহারা চকুরাদি ইন্দ্রির দারা প্রত্যক্ষীকৃত হন, কিন্তু এই আত্মজ্যোতিঃ কথনও চক্ষুরাদি ধারা প্রত্যক্ষীকৃত হয় না এবং আদি-ত্যাদি জ্যোতিঃ প্রশমিত ইইলেও এই জ্যোতির কার্য্য নিবৃত্ত হয় না। যেহেতু, সেই সময়ে পুরুষ এই আছা-জ্যোতির্ছারাই উপবেশন করে, ইভস্তত: গমন করে, নানাবিধ কর্ম করে এবং গত-প্রত্যাগত হয়। অতএব অন্তর্মন্তী যে আত্মা নামে একটি জ্যোতিঃ আছে, ইহা অবশ্রই স্বীকার করিতে হইবে। আরও এক কণা, **धरे कथिक स्त्राज्ञिनमार्थि ज्यामिकामि स्त्रा**क्तिः हरेएक चन्न नक्तनम्लाम अ অভৌতিক (পঞ্চতুত হইতে অনুৎপন্ন)। কারণ, তাহা স্ব্যাদি জ্যোতির স্থায় ভৌতিক হইলে অবশ্ৰই চকুরাদি বারা গৃহীত হইত। কিন্ত यथन গৃহীত হয় ना, তথন ভৌতিক নহে।

এক্ষণে পূর্ব্বোক্ত বিষয়ের সন্দেহ-নিবারণের জন্ম শ্রুতি নিজেই শক্ষা উত্থাপন করিতেছেন। প্রথমতঃ আপত্তি হইতেছে, পূর্বের যে আদিত্যাদি ব্যতিরিক্ত আক্তর জ্যোতির কথা বলা হইয়াছে, তাহা অসৎ কথা। কারণ, সজাতীয় বস্তুই অপর সজাতীয় বস্তুর উপকার করিয়া থাকে, কথনই বিজ্ঞাতীয় বস্তু বিজ্ঞাতীয় বস্তুর উপকার করে না। অতএব আদিত্যাদি জ্যোতিঃ হইতে পৃথক্ ধর্মাক্রাস্ত কোনও আস্তুর জ্যোতিঃ প্রকাশকার্য্য নির্বাহ করে, এ কথা কথনও র্জিযুক্ত হইতে পারে না। যথন দেখিতেছি যে, ভৌতিক আদিত্যাদি জ্যোতিঃই তৎসজাতীয় (ভৌতিক) কার্য্য-করণাত্মক শরীরের উপকার করিয়া থাকে, তথন অদৃষ্ট বিষয়ের করনার অপেক্যা দৃষ্টামুসারে অমুমান করাই উচিত। আর যদিই না কি আদিত্যাদির ভায় কার্য্যকরণ (দেহেল্রিয়াদি,) সমুদ্র হইতে পৃথক্ আন্তর কোন জ্যোতিঃই দেহেল্রিয়াদির,প্রকাশকরপে মানিতে হয়, তথাপি দেহেল্রিয়াদি সক্তাতের সমানজাতীয় বস্তু বলিয়া স্বীকার করা হউক; কেন না, সেই জ্যোতিঃ আদিত্যাদির ভায় দেহেল্রিয়ের প্রকাশকরপ উপকারসাধন করে।

আর বে বলা হইয়াছে, আন্তর জ্যোতিঃ অন্তর্মতী ও প্রত্যক্ষের অগোচর বলিয়া আদিত্যাদি বাহা জ্যোতিঃ হইতে বিলক্ষণ ও অভৌতিক হইবে. এ অনুমানও ব্যঙ্চার-দোষগ্রস্ত, সদমুমান নহে। কারণ, তাহা হইলে চক্ষুরাদি জ্যোতিও অপ্রত্যক্ষর ও অন্তর্গতত্ব হেতু আদিত্যাদি হইতে বিশক্ষণ ও অভৌতিক হইয়া পড়ে। বস্তুতঃ তাহা নহে, এই ব্যক্তিচারদোষগুষ্ট হেতু ধারা অনুমানের নিৰ্দ্দোষত্ব কোথায় ? অতএব দেহেন্দ্ৰিয়াদিব্যতিরিক্ত বিলক্ষণ (অলৌকিক) একটা আত্মজ্যোতি: আছে : ইহা কল্পনামাত। আর এক কথা, যথন দেখিতে পাই যে, তোমার কথিত জ্যোতির কার্যাও এই দেহেক্সিয়াদির দত্তাতেই হয়, নচেৎ হয় না, তথন তোমার কথিত আত্মজ্যোতিকেও শরীর-ধর্ম বলিয়াও অমু-মান করা যাইতে পারে। বিশেষতঃ তুমি (বেদান্তী) যে সামান্যতোদ্ধ নামক অমুমান * সাহায্যে আদিত্যাদিবাতিরিক্ত ও কার্য্যকরণ (দেহেক্সির) সুমষ্টি হইতে শ্বতন্ত্র এক জ্বোতিঃ শিশ্ব করিছেছ্, সেই দামান্যতোদৃষ্ট অমুমান অব্যভিচারী নহে, তবেই ব্যক্তিচারী সামান্যভোগ্ন অনুমান ধারা অনুমেন বিষয় স্থির হুইতেও পারে, এবং না হইতেও পারে, স্বতরাং তাহার প্রমাণ কোথার? আর এইরূপ অন্নমান কথনই প্রত্যক্ষের বাধ্য করিতে পারে না। দেখ, এই দৃশ্যমান ইন্দ্রিয়াদি-পরিব্যাপ্ত এই সুলদেহই বে দর্শন, শ্রবণ, মনন ও বিজ্ঞানাদি কার্য্য করিয়া

^{*} অসুমান সাধারণতঃ ত্রিবিধ; —পূর্বেবৎ, শেববং এবং সামান্তভোদৃষ্ট। তন্ধায় কার্ব্য কার্য কার্ব্য কার্ব্য কার্ব্য কার্ব্য কার্ব্য কার্ব্য কার্ব কার্ব কার্য কার্ব্য কার্ব্য কার্ব্য কার্ব্য কার্ব কার্ব কার্ব কার্ব্য কার্য কার্ব্য কার্ব্য কার্ব কার্য কার্ব কার্ব কার্ব কার্ব কার্ব কার্য কার্ব কার্য কার্ব কার্য কার্য কার্ব কার্ব কার্য কার্ব কার্ব কার্ব কার্য কার্ব কার্ব কা

থাকে, ইহা প্রত্যক্ষসিদ্ধ, স্বতরাং এই প্রত্যক্ষ প্রমাণের বিকৃদ্ধে এতদতিরিক্ত জ্বোতির অনুমান কথনই প্রমাণসিদ্ধ নহে। বদিই নাকি দেহাতিরিক্ত আন্তর कान ब्यांजिः र्यांतित नाम वर्षे तारहत म्यानाति कियात कात्रण रम, रुकेक, তাহাকে আত্মা বলিব না, সে একটি বহিজে টাতির মতই দেহাদির উপকারক আন্তর জ্যোতি:। অতএব সাকাৎসম্বন্ধে যে দুৰ্শন-প্রবাদি ক্রিয়া সম্পাদন করিতেছে, সেই (প্রত্যক্ষ) আত্মা, তাহা শরীরেন্দ্রিরসমষ্টিম্বরূপ। এতদতিরিক্ত আত্মা কথঞিং অনুমানগ্রাত্ম হইলেও প্রত্যক্ষ বিরুদ্ধ বলিয়া কখনই স্বীকৃত হইতে পারে না। অবশ্র ইহার উপর এইরূপ স্মাপত্তি হইতে পারে যে, যদি पर्मनापि-किमात कर्छ। धरे मुनापररे आणा हत्र, जाहा हरेल धरे एएटक्रभ আত্মার (মুস্থাবস্থাতেও) কথনও কোন বিষয়ে জ্ঞান হয় এবং কথনও জ্ঞান হর না কেন ? বরং দেহরূপী আত্মা ধখন অবিকলভাবে বর্তুমান আছে, ज्यन मर्कनारे ममञादन कान रुखा उठिछ, किन्द्र जारा ना रहेवात कातन कि १ जाहात উত্তরে বলিব य, ना,--ইश দোষাবহ নহে, ইशाই **ভা**হার সভাব, ইহাতে অন্য কোন কারণ নাই। সর্বজন-প্রত্যক্ষই তাহার হেতু; অর্থাৎ বাহা সর্বজনের প্রত্যক্ষসিদ্ধ, তাহাতে এ-টা কেন হয়, এবং এ-টা কেন হয় না, ঐ প্রশ্নের অবকাশ কোপায়? দেখ, খন্তোতের আলোক কথন প্রকাশ পায় এবং কখন প্রকাশ পায় না, ইহাতে বলিতে পার যে, কেন ঐরপ হয় ? এ স্থলে যেমন কোন কারণ অনুমান করা হয় না, ঐরূপ দেহাত্মার সামরিক জ্ঞান ও অজ্ঞান প্রত্যক্ষসিদ্ধ বলিরাই "কেন হয় ?" এ কথা বলিবার আর অবসর নাই। আর কোন একটা বিশেষ ধর্ম না থাকিলেও বদি সামানা ধর্ম-মাত্র গ্রহণ করিয়া অনুমান করিতে হয়, তাহা হইলে যে কোন একটি সামান্য ধর্ম গ্রহণ করিয়া সকল স্থানেই সর্কবিষয়ের অমুমান করা বাইতে পারে। কিন্তু তাহাতে কতি আছে। বস্তু কথনই তাহার বভাব ত্যাগ করে না, শত অমুমান করিলেও বস্তু কথনই স্বীয় ধর্ম পরিত্যাগ করিবে না। অধির উষ্ণতা ও জনের শীতনতা শ্বভাব ব্যতীত অক্স কোন কারণদাপেক্ষ নহে। অনুমান দারা সে স্বভাব চ্যুত হয় না। যদি বল যে, প্রাণিগণের ধর্মাধর্মবশতঃই এইরূপ বস্তুগ্ত देवनक्षा परिष्रा थारक । ना,--जाहा अ विवाद भाव ना । कावन, जाहा हरेरन अन्यश्च-त्नाद्वत अमेकि हम, अर्थाए आगीत क्वानाकान विन आगीत अमेहे-आर्लक हम, उद्द (गई अनुहें निकार कान ना कान कर्म-नालक, म-अ আবার কারণান্তরসাপেক ইত্যাদিরপে অনবন্ধা আসিয়া পড়ে। অওচ এই

অনবস্থাদোষ তার্কিক-সম্প্রদায়ের অসম্মত; অতএব বস্তুর স্বভাবসিদ্ধ শক্তি অপলাপ করিবার নহে, ইহা স্থির হইল। সম্প্রতি বৈদান্তিক্গণ তাহার প্রতি-वार वर्णन तथ, ना, त्राट्टिक्सममष्टि व्याचा इट्टेंटि शादा ना, कांत्रण, त्रिशी यात्र, স্বথ্নে ও স্থৃতিকালে লোক পূর্ব্ব-দৃষ্ট বস্তুরই পুনর্দর্শন করে; কিন্তু যাহারা স্বভাবের প্রাধান্যান্ত্রপারে দেহেরই দর্শনাদি ক্রিয়া বীকার করে, তাহাদের মতে ব্বপ্নে পূর্ব-দৃষ্টের পুনর্বার দর্শন (চক্ষরাদির নিমীলন বর্শতঃ) কথনই উৎপন্ন হইতে পারে না। দেখ, অন্ধ ব্যক্তিও যথন স্বপ্ন দেখে, তথন সে চক্ষুলান অবস্থায় চকুৰ বিবা বাহা থাতা প্ৰত্যক্ষ কবিষাছিল, চকু: নষ্ট হইলে অন্ধাৰন্থায়ও স্বপ্নেতে তাহাই দেখে; किन्छ व्यमृष्टेशूर्क, नाक्षीभामिष्टिक वस्र कथन । দেখে না; অতএব ইহাই প্রতিপন্ন হইতেছে বেঁ, যে স্বপ্লাবস্থান্ন পূর্ব্ব-দৃষ্ট বস্তু দর্শন করে, চকুর অবস্থিতিকালে দে-ই ঐ দকল বস্তু প্রত্যক্ষ করিয়াছিল, কিন্তু তাহা দেহ नरह, किन्न (पहरक जुड़े। विवास जात जारकत अक्षमर्थन मन्नवित्र हम ना। दकन না, যাহা বারা প্রত্যক্ষ হইরাছিল, তাহা বিলুপ্ত হইরাছে। অথচ জগতে ইহা লোকমুখে প্রসিদ্ধ আছে, আমি পুর্বে হিমালয়ের শৃঙ্গ চক্ষে দেখিয়াছি, একণে ষপ্নে দেখিলাম, এ উক্তি উদ্ধৃত-চক্ষু অন্ধের মুখেও গুনিতে পাওয়া বায়। অতএব চক্ উদ্বত না হইলেও যে স্বপ্নদর্শনের কর্তা, দেই আত্মা, দেহ নহে, ইহা বুঝিতে পারা যায়। স্বপ্নের ন্যায় স্মরণের কালেও দেহকে আত্মা এবং দর্শনাদির কর্ত্তা বলিলে বড়,বিরোধ উপস্থিত হয়। কারণ, স্মরণের পক্ষেও এই निषय (य, ८४ ८४ वर्ष भृत्वि नर्मन करत, भरत्व छन-हे स्मर्टे वर्ष्वत यादन করে। স্মৃতি ও অনুভূতির একই কর্ত্তা। যথন এইরূপ নিম্নম সিদ্ধ হইল, তথন চক্ষ্ মৃদ্রিত করিয়াও শারণ করিতে পূর্ব্বদৃষ্ট বস্তুই প্রত্যক্ষের মত দর্শন করে; অতএব দেহাত্ম-বাদীর পক্ষে চকু থাকিতে যাহা দেখা গিয়াছে, অন্ধাবস্থায় আর দে বিষয়ের স্মরণ হইতে পারে না। • কারণ, যে চক্ষু দর্শন করিয়াছিল, দর্শনকর্জার সেই চকু আর একণে নাই; স্বতরাং শ্বরণ করে কে? এইরপ চকু মৃদ্রিত পাকিলেও স্মরণে যে রূপ দৃষ্টিগোচর করে, সেই ব্যক্তিই অনিমীলিত চক্ষু অবস্থায়ও करभव मही विनिष्ठ इहेरव। चाठवाव हेरा बाबा कानिए इहेरव रा, वह চকু কথনও দ্রষ্টা নহে, এইরপে সম্পূর্ণ দেহই কোন কার্য্যের কর্তা নহে। आवल धक कथा, यनि त्मरूरे कर्छा रूरेल, जारा रहेत्न मुजानरक অবশ্রট দর্শনাদি কার্য্য সম্পাদন করিতে পারিত; অতএব ধাহার मलाब (मरहत किया, हम अवः याहात व्यमलाम (मरहत किया हत ना,

তাহাই দর্শনাদি সমস্ত ক্রিয়ার কর্তা; কিন্তু দেহ কথনই নহে, ইহা সিদ্ধান্তিত হইল।

यिन वेन या, हक्तानि हेलिय-मगुहरे नर्गनानि क्रियोप कर्छा ? छाहा । वेनिए পার না, কারণ, তাহা হইলে "যে আমি রথ দেখিরাছি, সেই আমিই একণে স্পর্ণ করিতেছি" এইরপ্রশাকিক প্রত্যভিজ্ঞা কখনও উৎপন্ন হইতে পারে না। কেন না. পূর্বে দর্শনের কর্ত্তা চক্ষু, স্পর্শের কর্ত্তা ত্বক হইতে ভিন্ন; স্নতরাং "যে আমি দেখিয়াছিলাম, দেই অধমিই স্পর্শ করিতেছি," এইরূপ আস্থার অভিন্নজ্ঞান এক (ইন্দ্রির) আত্মা ব্যতীত সম্ভব কোথার ? সম্পচ চক্ষু এবং ত্বক যে পরস্পর ভিন্ন, ইহা সর্বান্তন-প্রসিদ্ধ। এই ভব্নে যদি মনকেই দর্শনাদি ক্রিয়ার কর্ত্তা বলিতে চাও, তাহাও বলিতে পার না। কেন না,--রপ-রসাদি ভোগ্য পদার্থ সকল যেমন বিষয়-(দৃশ্য) শ্রেণীভূকে খলিয়া আত্মা হৈতৈ পারে না, মনও তেমনই বিষয়-শ্ৰেণীভূক বলিয়া আত্মা হইতে পারে না, অর্থাৎ মনও আস্থার এক প্রকার দৃশ্য ; অভএব আস্থা দর্শনাদি ক্রিয়ার কর্তা হুইবে কিরূপে ? অতএব অগত্যাই আদিতা প্রভৃতি জ্বোতির ন্যায় দেহাদি হইতে পূথক অভ্যন্তরন্থ একটি জ্যোতিঃ স্বীকার করিতে হইবে। আর যে পূর্বের বলা হইরাছে, আন্তর জ্যোতি:ও দেহেন্দ্রির-সমষ্টির সজাতীয় হওরাই উচিত, অর্থাৎ যেমন দেহেক্সিরাদির উপকারক আদিত্যাদি জ্যোতি: উহার সমানজাতীয়, **महिक्रा (महिक्रा**मित উপকারক আন্তর জ্যোতিঃও উহার সজাতীয় হইবে। যেহেত, উপকারকমাত্রই উপক্রিয়মাণ বস্তুর সজাতীয় হইয়া থাকে। ইহা ष्यि ठुष्ट कथा; कात्रन, উপकार्यााभकात्रक अत्रभ कान वाधा-धता नित्रम নাই বে, সজাতীয় বস্তু বারাই সজাতীয় বস্তুর উপকার হয়, বিজাতীয় বারা रुष्ठ ना. जांश रुटेल (नथ, পार्थिव कांध बांता वा भार्थिव ममानकाजीय छन. উলপ প্রভৃতি দারা বিজ্ঞাতীয় অগ্নির উৎপত্তি হয় কেন ? ইহা দারা এমন কোন অনুমান করা চলে না বে, তাহার সমানজাতীয় ছারাই অগ্নির উপকার (উৎপত্তি) ঘটিবে, অন্ত বারা নছে; তাহা হইলে তেজের বিজাতীয় জল বারা বৈছ্যতিক অগ্নির উপকার হয় কেন ? এবং জঠিরাগ্নিরও পরিপোষণ হয় কেন? অতথ্য সজাতীয় পদার্থ ছারাই যে সজাতীয় পদার্থের উপকার হর, এমন কোন নিরম নাই, কলাচিৎ মহয়গণের সঞ্চাতীয় মারাও উপকার হয়, ক্লাচিৎ বিজ্ঞাতীয় স্থাবর প্লার্থ ধারাও উপকার হইয়া থাকে। অতএব रेश वित्र रहेग स, प्राटक्तित मकाकीत आविकाति स्कारिक बाता छेशकांत्रमान

কোনরপেই সজাতীর বস্তব্যের উপকার্ণ্যোপকারকভাব কল্পনার প্রতি হেতু হইতে পারে না। আরও যে তুমি বলিয়াছ যে, আদিত্য প্রভৃতি দেহের উপকারক জ্যোতিঃ-সন্হের মত যথন চকু প্রভৃতি ইন্দ্রির লারা অর্ণ্ডাত্তহতু দেহাতিরিক জ্যোতির অন্তম্ভ এবং অপরাপর জ্যোতিঃপদার্থ হইতে ভিন্নরপ্র সাধন করিতে পারে না, তাহার কারণ ঐ হেতু; , চক্ষুরাদি ইন্দ্রিয়ান্তর্ভাবে ব্যভিচারী, এ কথাও কথামাত্র; কারণ, সেই অদৃগ্রত্ব হৈতু অংশে 'চক্ষুরাদি ভিন্ন' বিশেষণ দিলেই আর ঐ হেতুর ব্যভিচার দোষের আগ্রন্ধা থাকে না।

আর যে শরীরোপকারক জ্যোতিকে শরীরের তুলাধর্মী বলিয়া আপত্তি করা হইয়াছে, ভাহাও সঙ্গত নহে; কারণ, ভাহা 'আদিত্যাদি জ্যোতির স্থায় শরীরেক্রিয়নমটি হইতে আন্তর জ্যোতিঃ বিভিন্ন' এই পূর্বেনিক্ত অনুমানের বিরুদ্ধ অর্থাৎ যদি আন্তর জ্যোতিকে দেহধর্ম বলা যায়, তবে গ অনুমানই তাহার বিরোধী: বিশেষতঃ জ্যোতিকে দেহধর্ম বলিলে তদ্ভাবভাবিত্ব অর্থাৎ দেহের সত্তায় তাহার পত্তা এবং অসন্তায় অসন্তা স্বীকার করিতে হয়, বস্তুতঃ ভাহা হয় না; কেন না, মৃত্যুর পর দেহ থাকিতেও জ্যোতির সতা বিলুপ্ত হয়। অতএব ঐ উক্তি কথামাত্র। আর বদি তোমার মনে তাদুশ অমুমান প্রমাণমধ্যেই গণ্য না হয়, তাহা হইলে অহরহঃ ক্রিয়মান পান-ভোজনাদি ক্রিয়াও বিলপ্ত হইরা পড়ে। কারণ, কোন সময়ে ভোজন দারা কুধানিবৃত্তি হইতে দেখিয়া लारकत मरन क्रम भावना वा वाशि वक्षमून रहेशा भारक रा, ভाकनकाशांहि কুধা-নিবারক এবং জলপান-কার্যাট পিপাসা নিবারক ইত্যাদি, অতএব এই সামান্ততোদৃষ্ট অনুমানের বলে যথনই কুধা পান বা পিপাসা হয়, তথনই ভোজন ও পান করিতে প্রবৃত্তি হয়; কিন্তু যদি সামান্ততোদুর্গ্ধ অমুমান প্রমাণই না বল, তাহা হইলে কদাপি তোমার মতে কুধা হইলে ভোজনাদিতে প্রভৃত্তি না হউক, অথচ বৃত্তুকু ও পিপামুমাত্তকেই উপযুক্ত ভোজনে ও জলপানে প্রবৃত্ত হইতে (मथा यात्र.।

আর যে এই দেহকেই দর্শনাদি-ক্রিয়াকর্তা বলা হইয়াছে, তাহা ইতঃপূর্কেই শ্বপ্ন
ও শ্বতির ব্যাপারে দেহ হইতে দ্রষ্টার পৃথক্ত-প্রদর্শন দারাই থণ্ডিত হইয়াছে
এবং ইহা দারাই সেই অতিরিক্ত জ্যোতির অনাত্মত্মকাও নিরাক্ত করা হইল।
থত্যোতালোকের কদাচিৎ প্রকাশ ও কদাচিৎ অপ্রকাশকে দৃষ্টান্ত করিয়া
দেহাত্মবাদীর জ্ঞানের কদাচিৎ ভাবিত্ব বন্ধস্থভাব বলিয়া রক্ষা করা অজ্ঞতাপ্রকাশ ভির অস্ত কিছু নহে; কারণ, থক্তোতের পক্ষাদি অবয়বের সঙ্কোচ ও

বিকাশ দারাই আলোকের প্রকাশ এবং অপ্রকাশ হইয়া থাকে; কিন্তু তাহা তাহার স্বভাব বলিয়া কথনই গ্রাহ্ম হইতে পারে না। আর যে বলা হইয়াছে, ধর্মাধর্মের অবশু ফলদানশক্তি স্বভাবসিদ্ধ স্বীকার করিতে হইবে, বেশ, এ কথা স্বীকার করিতে হইলে তোমার সিদ্ধান্তহানি হইয়া পড়ে, অর্থাৎ ধর্মাদির স্বভাবরূপহেভূকে অপেকা করিয়া ফলদান-সামর্থ্য স্বাকার করিলে এখানেই তোমার কথিত অন্ধ্রন্থানায়ের নির্ভি হইল। অতএব, অবশ্রহ একটি দেহাতিরিক্ত জ্যোতি: আছে এবং তাহাই আল্লা, ইহাই সিদ্ধান্ত হইল॥ ৬॥

কত্রম আত্মেতি যোহয়ং বিজ্ঞানময়ঃ প্রাণেষু হৃদ্যস্তজ্যে গ্রিঙ্গ পুরুষঃ।

স সমানঃ সন্ধ ভৌ লোকাবনুসঞ্চরতি ধ্যায়তীব লেলায়-তীব।

স হি স্বপ্নো ভূত্বেমং লোকমতিক্রামতি মৃত্যো রূপাণি॥৭॥

বনিও পূর্বাঞ্চিতে দেহেন্দ্রিয়াদিব্যতিরিক্ত জ্যোতির (আত্মার) অন্তিত্ব
প্রতিপাদিত হইরাছে, তথানি "সমানজাতীয় পদার্থই সমানজাতীয় পদার্থর
উপকার করে" এই ভ্রম বশতঃ সেই ব্যতিরিক্ত জ্যোতিটি হয় ত ইন্দ্রিয়েরই অক্সতম
কেই হইবে বা তদ্ভিন্ন কেই হইবে, এই স্বাভাবিক অবিবেক বশতই পূনশ্চ
নিজের অভিমতব্যতিরিক্ত রক্ষের বিষয় স্বস্পান্তরূপে বৃথিবার নিমিত্ত জনক
বাজ্ঞবন্ধাকে জিজ্ঞাসা করিলেন যে, "কতম ইত্তি" অর্থাৎ ইনি কোন্টি?
জনকের এইরূপ ভ্রান্তি হইতেই পারে; কেন না, এই বিষয় যথন অতিশয়
হজ্ঞের, তথন বে ইহাতে ভ্রম হইবে, তাহাতে আর সন্দেহ কি? জনক
বলিলেন, যদিও দেহাদিব্যতিরিক্ত আত্মা প্রমাণিত হইয়াছে সত্য, তথাপি
মনে হয়, ইন্দ্রিয়গণই দর্শনস্পর্শনাদি ক্রিয়া করে, অতএব কর্তা বলিয়া প্রতীতি
হয়, বাস্তবিক বিবেকে আত্মার সন্ধান পাওয়া যায় না, এ জক্টই পূনশ্চ
ক্রিজ্ঞাসা করিতেছি বে, "কতম আত্মেতি," অর্থাৎ তুমি আত্ম-ক্রোতিঃ
বলিয়া বাহাকে নির্দেশ করিয়াছ, তাহা দেহ, ইন্সিয়, প্রাণ ও মন, ইহাদের
কোন্টি? অথবা তুমি যে আত্মাকে বিজ্ঞানমন্ন বিল্যা নির্দেশ করিয়াছ,

সে কে ? অর্থাৎ আমাদের নিকট সকল ইন্দ্রিয়ই বিজ্ঞানময় বলিয়া প্রতীত হয়: অতএব ইহাদের মধ্যে তোমার অভিপ্রেত আগ্না কোন্টি? ধেমন, লোকে वर्त. डिलेश्विठ बाक्स्मण्डनीत मर्या नकरनर राज्यी. किस र्रेशामत मर्या ষড়স্বিদ কে গ দেইরূপ এখানেও বিশেষ প্রশ্ন করা হুইর্গছে ; উভন্ন প্রশ্নের প্রভেদ এই, প্রথম ব্যাখ্যার জিজ্ঞাসার বিষয় "কতম আত্ম" অর্থাৎ আত্মা কে? এইমাত্র, এবং "যোহরং বিজ্ঞানমরং" যিনি বিজ্ঞানমর, (তিনিই আত্মা), ইহা উত্তরবাক্য। विजीय वार्शिशालक "প্রাণেয়" অর্থাৎ ইন্দ্রিয়গণের মধ্যে তিনি কে ? অথবা "কতমঃ" হইতে "দম্মন্ত জ্যোতিঃ-পুক্ষঃ" এই পর্যান্ত সমস্তই প্রশ্নবাক্য। ইহার মর্ম এইরপ - এই যে ফ্রন্মাভান্তরবর্ত্তী বিজ্ঞানময় জ্যোতিঃপুরুষ নামে বলিয়াছ, সে কে ? কিন্তু এই পক্ষে ইহার মধ্যে "বোহন্নং" বিজ্ঞানময় জ্যোতিঃ-পুরুষ এই শন্দ হইতে দেই অর্থ ই বুঝিতে হইবে, যাহা ইতঃপূর্ব্বেও প্রসিদ্ধ আছে। "কতম আয়েতি" এইখানকার "ইতি" শক্টি প্রশ্নবাক্যের পরিসুমাপ্তির নিমিত্ত প্রবৃক্ত হইয়াছে, কারণ, অতিদূরবর্ত্তীর সহিত যোজনা অপেকা ইহাই সঙ্গত; অতএব "কতম আত্মেতি" এই পর্যান্তই প্রশ্নবাক্য, এবং "বোহমং" ইত্যাদি সমস্ত প্রতিবচনমধ্যে পরিগণিত হইল। "যোহমং" বলিয়া ইন্ম শব্দ ছারা আত্মার প্রতাক্ষত নির্দেশ করা হইয়াছে। বিজ্ঞানময়-শব্দের অর্থ—তিনি সর্বজ্ঞতা-নিবন্ধন বিজ্ঞানপ্রায় অর্থাৎ বৃদ্ধি-বিজ্ঞানরূপ উপাধির সহিত সম্বন্ধজনিত অবিবেকবশতः বিজ্ঞানময়, ফুলতঃ প্রায় বৃদ্ধির সদৃশ বলিয়াই অনুভূত হয়। বিশেষতঃ যেমন চক্র ও ফুর্য্যের সহিত মিলন ব্যতীত কথন্ও স্বতন্ত্বভাবে রাহুর দর্শন হয় না, দেইরূপ বৃদ্ধি-বিজ্ঞানের সম্বন্ধ ব্যতীত আত্মারও উপলব্ধি হয় না: কারণ, গাঢ় অন্ধকারের মধ্যে অগ্রবন্তী প্রদীপের মত বৃদ্ধিও পুরুষের সমস্ত বিষয় প্রকাশ করিয়া দেয়। এ জন্ত অন্তত্ত প্রতিও বলিয়াছেন যেঁ,"মনসা ছেব পঞ্চতি, মনসা ফেব শুণোতি" অর্থাৎ আত্মা মন-বারাই দর্শন করে এবং মনের সাহাষ্যেই শ্রবণ করে, ইত্যাদি। অতএব অন্ধকারে পুরোবর্তী প্রদীপের আলোকৰুক বস্তুর আৰু বৃদ্ধির আলোক যাহাতে পতিত হয়, সেই বিষয়সমূদ্যই প্রতীতিগোচর হয়, অক্স নহে; মুতরাং জ্ঞানোংপত্তিবিবয়ে বৃদ্ধিই প্রধান, অক্তান্ত ইন্তিরগণ কেবল তাহার ধারমাত্র।

এই জন্তই সেই বৃদ্ধি-উপাধিসম্পন্ন পূরুষ "বিজ্ঞানময়" এই বিশেষণে নির্দিষ্ট হইয়া থাকেন। বাহারা বলেন যে, পরমাত্মবিজ্ঞানের বিকারই বিজ্ঞানময় শক্ষের মর্থ অর্থাৎ বিজ্ঞানই পুশ্বমাত্মা, এবং তদংশভূত জীব—বিজ্ঞানময়, ভাঁহাদের

এই ব্যাখ্যা শ্রুতিসঙ্গত নহে; কারণ, বখন "বিজ্ঞানময়ো মনোময়ঃ" ইত্যাদি স্থলে বিকার জিল অন্তবিধ অর্থ লক্ষিত হইতেছে, তথন বৃদ্ধিই বাদিগণের বিজ্ঞান—পরমান্ত্রার বিকার, এই অর্থ করা কথনই শ্রুত্যসুমোদিত হইতে পারে না। কেন না, শাস্ত্রীয় কথার বর্দি কোন এক স্থামে সন্দেহ হয়, তাহা হইলে অপর হলে বাহা নিশ্চিতভাহব প্রযুক্ত হইয়াছে, সেই অর্থ ধরিয়াই সন্দেহ ভঞ্জন করা মীমাংসকগণের অন্থমোদিত পথ। গুধু তাহাই নহে, ইতঃপরেও যে স্থলে আত্মাকে "সবীঃ বলিয়া নির্দেশ করা হইয়াছে, সেখানেও ধী—অর্থ বৃদ্ধি; তৎসহিত এই অর্থই ধরা হইয়াছে।

"मधीः" मन बाता श्रकातास्वत्व विद्धानमग्रहे वना हहेग्राष्ट्र। जात श्रथात्न "হত্তমতে গাডিঃ" এই নির্দেশ ধারা বিজ্ঞানমীয়ত্ব শব্দের প্রচুর বিজ্ঞানসম্পন্ন অর্থই ৰুক্তিৰুক্ত মনে হয়। শ্রুতিত্ব "প্রাণেরু" এই সপ্তমী বিভক্তি প্রাণ হইতে আত্মার পার্থকা প্রদর্শনের নিমিত্ত, যেমন "রক্ষেষ্ পাষাণাঃ" বলিলে রক্ষের সমীপবর্ত্তী পাষাণ, পাষাণ বৃক্ষ হইতে বিভিন্ন, ইহা অর্থাধান প্রতীতি হয়, তেমন এথানেও আত্মার সহিত প্রাণাদির বিভিন্নতা অর্থ ই বুঝিতে হইবে। কারণ,ইন্দ্রিয়াদির সহিত আত্মার পার্থক্যবিষয়ে সাধারণতঃ সন্দেহ হইয়া থাকে, সেই সন্দেহ-নিবারণের নিমিত্তই শ্রুতি সপ্তমী বিভক্তি নির্দেশ করিয়া বলিয়াছেন যে, 'প্রাণেযু' অর্থাৎ আত্মাপ্রাপ্রাণ হইতে ব্যতিরিক্ত বা ভিন্ন। আর ইহাও এক নিয়ম যে, যে বস্ত गोहोत्तव मत्था थोत्क, त्म बन्ध उरममूनम इहेट्छ शुश्क हहेटवहे ; त्यमन शायांन-সমহের মধ্যে বৃক্ষ। আত্মাও হৃদরে থাকে, স্বতরাং তাহা হইতে পূথক। यদি বল, দেই আত্মা প্রাণম্বরূপ না হয় না হউক, কিন্তু প্রাণে স্থিত আত্মার প্রাণের (ইন্সিরের) সজাতীয় বৃদ্ধি হইতে বাধা কি ? এই আশকার পরিহার নিমিত শ্রুতি বলিয়াছেন "ব্যস্তমঃ।" ইহার তাৎপর্য্য এই—হদ অর্থ পুণ্ডরীকাকার এক খণ্ড মাংস, বৃদ্ধি সেই মাংসথতে অবৃদ্ধিতি করে বৃদিয়া উপচারবৃশত: "জ্ব" নামে ক্থিত হয়; স্কুতরাং এথানে "হৃদি" হৃদয়ে অর্থাৎ বৃদ্ধিতে আত্মার বর্ত্তমানতা আর "অন্তঃ" শব্দ প্ররোগের বারা আত্মার বৃদ্ধিবৃত্তির সহিত পার্থক্য এই উভয়ই প্রদর্শন করা হইল। সর্ববস্তু-প্রকাশক বলিয়া "জ্যোতি:" আত্মা নামে অভিহিত হয়। সেই সর্কাবভাসক আত্মজ্যোতিঃসাহায়ে ব্যবহার-কালে পুরুষ ইতত্ততঃ গমন করে, কর্ম করে। এই দেছেজিরসমষ্টিও সেই আত্মজ্যোতির সভার সচেতনের ভার প্রতীর্মান হর, বেমন,— আদিজ্যালোকের মধ্যবন্তী ঘটপটাদি श्रेकांगमान इस जुनः त्यमन

পরীক্ষার্থ ছথে নিক্ষিপ্ত মরকতমণি সমস্ত ছথকে সীয়ছায়াবিশিষ্ট করে, তজপ এই আত্ম-জ্যোতিঃ হানর বা বৃদ্ধি অপেক্ষাও অতি স্ক্রম্ম ও সর্বাস্তরবর্ত্তিছ নিবন্ধন হানরাভ্যস্তরে থাকিয়াও হানরাদি দেহেন্দ্রিয় পর্যান্ত সমস্ত পরীরকে সভ্যবদ্ধ করিয়া পরক্ষারাস্থন্ধে আত্মতেজে তেজ্বী করিয়া থাকেন; তন্মধ্যে বৃদ্ধি স্বভাবতঃ নির্মাণ এবং আত্মার অব্যবধানে অবস্থিত; এই জ্লু আার্জ্যাতির অনুরূপ জ্যোতিঃ প্রাপ্ত হয়, এই নিমিত্তই জ্ঞানিগণেরও সেই বৃদ্ধিতে প্রথমতঃ আত্মাভিমান হইয়া থাকে। তদনস্তর আত্মার কিঞ্চিৎ দ্রবর্ত্তী বৃদ্ধির সমিহিত মনেতে বৃদ্ধিন সম্পর্করশতঃ আত্মজ্যাতির প্রতিভাস পতিত হয়, তাহার পরে মনের সংযোগবশতঃ ইন্দ্রিরে, তদনস্তর ইন্দ্রিরের সম্পর্কে শরীরে পর্যান্ত আত্মজ্যাতিঃ প্রতিফলিত হয়; এইরূপে ক্রমে ক্রমে সমস্ত দেহেন্দ্রিয়াদিকেই আত্মা স্বীয় চৈত্রস্বরূপ জ্যোতিছারা প্রকাশিত করিয়া থাকে। এই নিমিত্রই সমস্ত লোকের দেহেন্দ্রিয়-সমষ্টিতে এবং ইন্দ্রিয়াদিবৃত্তিতে অনিয়তভাবে .বিবেকাহুসারে আত্মাভিমান জন্মে। এই কথাই শ্রীমন্ত্রগতিতে ভগবানও বলিয়াছেন যে,—

"যথা প্রকাশরত্যেকঃ ক্রংসংলোকমিমং রবিঃ। ক্ষেত্রংক্ষেত্রী তথা ক্রংসং প্রকাশরতি ভারত।"

অর্থাৎ হে ভরতবংশাবতংস! (অর্জ্ন!) থেমন এক সুর্য্যই সমস্ত সংসারকে প্রকাশিত করিয়া পাকেন, তেমন এক ক্ষেত্রীও (আত্মাও) সমস্ত ক্ষেত্র (শরীর)প্রকাশিত করেন।.

আরও বলিয়াছেন যে, "বলাদিত্যগতং তেজো জগদ্ভাসমুতেংখিলন্।" কথাৎ যে আদিত্যের তেজং এই সমস্ত জগং প্রকাশিত করে, সেই তেজংও আমারই জানিবে ইত্যাদি। কঠশ্রুতিতে বলিয়াছেন যে, তিনি নিত্য, বস্তুসকলেরও নিত্য এবং চেতনেরও চেতন, অর্থাৎ তাঁহার নিত্যত্ব সম্পর্কেই অপরাপর বস্ত নিত্য হয় এবং তাঁহার চৈতন্তবলেই অপরাপর বস্ত সকল সচেতন হয়। তিনি দীপ্তি পাইলেই সকলে দীপ্তি পায় এবং তাঁহার প্রকাশেই এই সমস্ত জগং প্রকাশিত হয়। মন্ত্রেও দেখিতে পাওয়া যায় য়ে, স্ব্য্য বাহার তেজে তেজন্বী হইয়া প্রকাশ পাইতেছেন ইত্যাদি। প্র্বোক্ত নানাকারণেই প্রতিপন্ন হয় য়ে, এই আত্মাই সেই হৃদয়াভ্য-স্তর্ব্ব জ্যোতিং। তিনি আকাশের মত সর্বব্যাপী * পূর্ণ, এ কারণ তাঁহাকে

* এখাৰে বধাকণাঞ্চ দৃষ্টাগুপ্ৰদৰ্শনাৰ্থ আকাশের উল্লখ ইইরাছে মত্র। নচেং আকাশ পরিচিছ্ন, কিন্ত আন্ধা অসীৰ ও অনন্ত, হতরাং আকাশ কথনই আন্ধার বধার্থ উপনান হইতে গারে না, তবে আকাশ অপেকা বড় কিছু দেখা যায় না, এ লগু লগত্যা তাহাকে দৃষ্টাপ্ত করা ঘটনাডে।

পুরুষ বলা হয়। আর এই আত্মার জ্যোতিঃ নিরতিশ্র, অর্থাৎ ইহা অপেকা অধিক বা ইহার সমকক্ষও কোন জ্যোতিই নাই; কারণ, তিনি সকলের প্রকাশক, অখচ নিজে কোন বস্ত দারাই প্রকাশিত হন না। যাজ্ঞবন্ধ্য বলিলেন, হে জনক ! তমি "কতম আত্মা" বলিয়া বাঁছার কথা জিজ্ঞানা করিয়াছিলে, তিনিই সেই এই স্বপ্রকাশ জ্যোভিশ্বর প্রক্ষ। বাহারা সমস্ত ইন্দ্রিস্গণের প্রকাশ-শক্তির সাহায্য करत्रन. त्मरे मकन जानिजा প্রভৃতি-বাহ জ্যোতি: সমুদর অন্তমিত হইলে হৃদ্যাভ্যস্তরস্থিত আত্ম-পুরুষ' বৃদ্ধি ধারা ইন্দ্রিয়গণের সাহায্য করেন, এ কথা পুর্কে উক্ত হুইয়াছে। অধিক কি, যে সময়ে বাহা ইদ্রিয়গণের অমুগ্রাহক আদিত্যাদি জ্যোতিঃপদার্থের অভাব হয় না, দে সময়েও আদিত্যাদি জ্যোতির পরার্থছ * (পর-প্রকাশতা) নিবন্ধন এবং এই শরীরেরও অচৈতক্সবশতঃ কোন প্রয়োজন তাছার নিজম্ব হওয়া অসম্ভব বলিয়া অবশ্রুই বলিতে হইবে বে, আত্মানামে শ্বতম একটি স্বার্থ জ্যোতিঃ আছে, অর্থাৎ উছারই স্বার্থসিদ্ধির জন্ম সূর্য্য-চল্রাদি তেজঃ-কার্য্য করেন, তাঁহারই অমুগ্রহের অভাবে এই দেহেন্দ্রিয়সমষ্টি কথনও কোন প্রকার ব্যবহার সম্পাদন করিতে পারে না : অর্থাৎ তাঁহারই অমুগ্রহে অমুগ্রীত হট্মাই সকলে সর্বদা সর্বপ্রকার ব্যবহার সম্পাদন করিয়া থাকে। এ জন্ত অন্ত শ্রুতিও বলিবাছেন যে—এই যে জনম (বৃদ্ধি) ও মন, তাহারাও সেই আত্মার জ্ঞানের সাধন। আরও দেখা যায়, জীবের বে কিছু লৌকিক ব্যবহার, তৎ-সমন্তই অভিমানের কার্যা। অভিমান বা অহঙ্কার বৃদ্ধির ধর্মা। পূর্বেধ যে মরকতমণির দৃষ্টান্ত • উক্ত হইরাছে, তদ্মুদারে এই অভিমানের প্রতি হেতু অবগত হইতে হইবে, অর্থাৎ বৃদ্ধিন্ত আত্মার প্রতিচ্ছারা কার্য্য করে, এ কথা श्रास्ट वना श्रेषा छ।

যদিও এ কথা সত্য যে, আত্মজ্যোতিমারাই সমস্ত লোকিক ব্যবহার
নিশার হর, তথাপি জাগরণকালে আত্মজ্যাতিঃকে পৃথক্ভাবে দেখাইতে পারা
বার মা; এ জন্ম বন্ধকালের অনুসরণ করিতে হইল াকেন না, জাগ্রতকালে আত্মক্যোতিঃ সমস্ত ইক্সিয়ের অগোচর এবং তৎকালে বৃদ্ধি প্রভৃতি শরীর পর্যান্ত কার্যান্ত কর্মসমষ্টির কার্যাকলাপ এমন সন্ধলভাবে উৎপন্ন হর, এ জন্ম মুল্লা (ভূণ) ইইতে

^{*} ইয়ার তাৎপথা—জগতে যত প্রকার সজ্বাত অর্থাৎ অবরর বারা গঠিত—মূর্জিমান পদার্থ আছে, তৎসমন্তই পরাধ অর্থাৎ পরের উপকাটে তাহাদের উদ্দেশ্ত; বেমন গৃহ একটি সংঘাত (মূর্জিমান্) প্রার্থ; তাহার নিজের কোনই আর্থ নাই—কেবল প্রের কার্যামিন্দিই তাহার আহোক্ষন, তেহন সেইেক্সিন্দ্র-সংঘাত এই গরীরও প্রার্থ, ভাহার নিজের কোনই প্রয়োজন নাই। সেই পর কে ?—আকা।

ঈ্ষীকার (গর্ভপত্রের) মত পূথক করিয়া দেখান অসম্ভব হইয়া উঠে, তাই যাজ্ঞবন্ধ্য স্বপ্নাবস্থার আত্মজ্যোতিটি পূথক করিয়া দেখাইবার নিমিত্ত উপক্রম করিলেন। वाळवदा वितालन,---श्वरः ज्ञािकि:-श्वत्रण त्रष्टे चावाहे क्रम व व्यर्था वृद्धित সহিত সমান হইরা ইহলোকে ও পরলোকে বিচরণ করেন। এ স্থলে বৃদ্ধিই পুর্বেষ প্রস্তাবিত ও আত্মার সমিহিও, এ জন্ম তাহার সাম্য গৃহীত্র হইল। সমান বলিলেই কোনরপ সাদৃত্য অপেকিত হয়; বৃদ্ধি ও আত্মার সেই সাদৃত্য কি ? উত্তর— অৰ ও মহিষের জান আত্মা ও বৃদ্ধির পৃথক্রপে, অনুপলি রি; অর্থাৎ অম্ব ও মহিব বেমন স্বতম্ব হুইটি বস্তু রেলিয়া প্রতীত হয়, আত্মা ও বৃদ্ধি সেরূপ হয় না, এই অপ্রতীতিই সাদৃশ্য। বৃদ্ধি প্রকাশ্রা এবং আত্ম-**জ্যোতিঃ** প্রকাশক, এই প্রকাশ্য-প্রকাশকের বৈ পৃথক্তাবে অমুপলিন, ঐক্যপ্রতীতি, ভাহাই এথানে উভয়গত সাদৃশ্য বলিয়া বুঝিতে হইবে, প্রকাশ্ত প্রকাশকের যে এইরূপ অনুপুণন্ধি, তাহা সর্বাজন-প্রসিদ্ধ। কারণ, প্রকাশক পদার্থটি অত্যন্ত বিশুদ্ধ; মুতরাং দে সহজেই প্রকাশ্র পদার্থের সহিত মিলিত হইয়া যায়। যেমন, আলোক রক্তবর্ণ বস্তু প্রকাশ করিতে ঘাইয়া निर्वाह तुक्कवर्ग इहेबा পড়ে। अथवा, यमन इतिक, नील किःवा लाहिक वष्ट প্রকাশ করত আলোকও সেই সেই আকারে প্রতিভাসিত হয়, তেমন আয়ু-জ্যোতিঃও বৃদ্ধিকে প্রকাশিত করিতে যাইয়া বৃদ্ধির আকার প্রাপ্ত হয়, পরে নিজের সহিত মিলিত বৃদ্ধি দারা সমস্ত শরীরকে প্রকাশিত করে, ইহা মরকতমণির দৃষ্টাস্ত দারা পূর্ব্বেই উক্ত হইয়াছে। অতএব, আত্মা বুদ্ধির সমান, ইহা সিদ্ধান্তিত হইল। শুধু তাহাই নহে, বুদ্ধিও বস্তুপ্রকাশ করিতে যাইয়া বস্তুর আকার প্রাপ্ত হয়। স্তরাং আত্মা সেই বুদ্ধি-সাদৃশ্য বশতঃ অন্তান্ত বস্তর সাদৃশ্যও লাভ করিয়া সর্বনম হন। এই নিমিত্ত পরেও প্রতি তাহাকে 'সর্বনম্ন' বলিবেন। সেই হেতু বে কিছু হইতেই মুঞ্জা হইতে ঈ্ষমীকার মত পুথক করিয়া আত্মার জ্যোভিংসক্রপ দর্শন করান যায় না। এই নিমিত্তই জাগতিক নাম ও রূপের সর্বব্যাপার আত্মায় আব্যোপিত করিয়া এবং দেই আত্মজ্যোতির ধর্মসকলও জগতে আবোপিত করিয়া, পুনশ্চ নাম ও রূপ আত্মজ্যোতিতে অধ্যারোপিত করিয়া সকল জীবই বার বার মোহে অভিভূত হয়। মোহবশে কথন বলে যে, এই আত্মা, কথন বা না,—এ আত্মা নহে – আত্মা—এইরপ, আবার, না—আত্মা এরপ নহে; আত্মা কর্ত্তা, আবার, না-কর্তা নহে। একবার বলে, আত্মা ওছ, আবার আত্মা অভদ্ধ; अकरात वरण, आश्वा द्रव, आवाद ना-आश्वा वक्ष नरह ; अकरात वरण, आश्वा

অবস্থিত, আবার বলে, না—আত্মা গত, চঞ্চল; পুনশ্চ বলে যে, না—আত্মা আগত, কখন বা বলে বে, আত্মা আছে; কখনও বলে, না—আত্মা নাই, ইত্যাদি নানারকমের কল্পনা ধারা সমস্ত লোকই পুন:পুন: বিমুগ্ধ হইয়া থাকে। যেহেতু, অবভাদক আত্মা অবভান্তাকার প্রাপ্ত হয়, এই হেতুই আত্মা বৃদ্ধির দমান বলিয়া প্রতিপন্ন। ইহজনে জহুহুন্দ্রিরাদি-সঞ্চাতের সম্বন্ধ ত্যাগ ও পরলোকে তাহার উপাদান এইরূপ ক্রমে অনন্ত-ধারামুদারে উভয়-লোকে অর্থাৎ ইহলোকে ও পরলোকে সঞ্চরণ করে। তাৎপর্য্য এই যে, বৃদ্ধির সহিত একীভাব বা সাদৃখ্য-প্রাপ্তিই আত্মার ইহলোক ও পরলোক গমনের প্রতি হেতু; নচেৎ ইহা আত্মার শাভাবিক ধর্ম নহে; এবং নামরূপাত্মক উপাধির সহিত সাদৃশ্রও কেবল ভ্রাম্ভি-জনিত বৈ আর কিছুই নহে। তাই আখা বুদ্ধির সমান হইয়া উভয় লোকে नक्षत्र करत, रेश य প্রত্যক্ষ-भिष्क, ক্রমে তাহাই প্রদর্শিত হইতেছে। বেহেতু, আত্মা "ধ্যায়তীব" যেন ধ্যান (চিম্ভা)ই করিতেছে, অর্থাৎ আত্মা বুদ্ধি-দর্পণে প্রতিফলিত স্বীয়টেতভাষরপ জ্যোতিছারা ধ্যানক্রিয়াবতী বৃদ্ধিকে প্রকাশ করিতে যাইয়া নিজেই বৃদ্ধির সমান হইয়া 'যেন ধ্যানই করে' বলিয়া প্রতীত হয়। এই হেতু আত্মার চিন্তার অভাব থাকিলেও সাধারণেরই 'আত্মা বেন চিন্তাই করিতেছে', ইত্যাকার ভ্রম হইয়া থাকে। আবার সেই আত্মা "লেলায়তীব" অর্থাৎ আত্মা যেন খুব চলিতেছে। বাস্তবিক, বুদ্ধি প্রভৃতি ইন্দ্রিগণ ও প্রাণাদি বায়ুসকল চঞ্চল হইলে তংগ্ৰকশিক এবং তৎসদৃশ আত্মাও যেন চঞ্চলই মনে হয়; অথচ বাস্তবিক-পক্ষে আত্মার কোন প্রকার ক্রিয়া নাই। অবশ্রুই এ কথা জিজ্ঞাসিত হইতে পারে যে, আত্মার বৃদ্ধাদি-সাদুগুজনিত ভ্রান্তিই আত্মার উভয় লোকে সঞ্চরণের প্রতি হেতু; নচেৎ স্বভাবতঃ নহে; ইহা কিরুপে অবগত হওয়া বাইবে ? অধুনা সেই হেতু প্রদর্শিত হইতেছে বে, আত্মা খেহেতু বৃদ্ধির সদৃশ, এই জন্ম সেই বৃদ্ধি यथम य त त क्र शां श हम, ये व्याचा । यन तरि क्र शांश हरेबाह मत हम। যে সময়ে এই বুদ্ধি স্বপ্ন অর্থাৎ নিদ্রা-বৃত্তি লাভ করে, সে সময়ে আত্মাও স্বপ্ন-বৃত্তি লাভ করিয়া থাকে এবং বৃদ্ধি যে সময়ে কাগরিত থাকিতে ইচ্ছা করে তথন আত্মাও জাগরিত হইয়া থাকে; এই নিমিত্তই শ্রুতি বলিয়াছেন যে, 'ৰপ্নো ভূষা' শ্বপ্ন হইরা অর্থাৎ আত্মা বৃদ্ধির স্বপ্নবৃত্তিকে প্রকাশিত করত স্বরুংই স্বপ্নবৃত্তির স্মাকার প্রাপ্ত হইরা জাগরণদশার দৌকিক ও শাস্ত্রীর ব্যবহারে অধিক্লত এই লোক —দেহেক্সিমাত্মক শরীরকে অভিক্রম করে, অর্থাৎ স্বপ্লদশাম জাগ্রৎকালীন লৌকিক ব্যবহারসমূলার অতিক্রম করেন; বেহেতু, আত্মা নির্লিপ্ত শীর আত্ম-জ্যোতির্ছ রি

ষশ্মদানী বৃদ্ধিবৃত্তি প্রকাশ করতঃ অবস্থান করেন, সেই হেড় তিনি সরং জ্যোতির্মান। এই আত্মা স্বভাবতঃ ক্রিয়াকারকাদি-পরিশ্যু—বিশুদ্ধ হইলেও ইহলোক ও পরলোকগমনাদি ব্যবহারভ্রমের নিদান—বৃদ্ধির সহিত ঐক্য প্রাপ্ত হন, এ কথা স্বীকার করিতে বাধ্য হইতে হয়। আঁর বে মৃত্যু—কর্মা ও অবিষ্ঠা প্রভৃতি, কার্য্যকরণসমষ্টিই তাহার স্বাভাবিক রূপ; এলুপ্রতিরিক্ত আর তাহার স্বাভাবিক কোনও রূপ নাই। অতএব আত্মা স্বপ্রকালে ক্রিয়া ও ক্রিয়াক্রাপ্রতির সমস্ত মৃত্যুর রূপও অতিক্রম করেন।

এই স্থানে বৌদ্ধ বাদী এইরূপ আপত্তি করেন যে, বৃদ্ধি ব্যতীত বৃদ্ধির প্রকাশক ও তত্ত্বল্য আর্জ্যোতিঃ নামে কেহ নাই; যেহেতু, কি প্রত্যক্ষ, কি অমুমান, কোন প্রমাণ দারাই তাহার উপলি হর না। বেমন, এককালে ফুইটি সমান বৃদ্ধির্ত্তির উপলি হর না বলিরা দিতীয় আর একটি বৃদ্ধি স্বীকৃত নহে, ইহাও তদ্ধে। তবে যে প্রকাশ্র ও প্রকাশকের পরম্পর ভেদ-সত্ত্বেও প্রভেদের অমুপলি বশতঃ ঘট ও আলোকের সাদৃশ্র স্বীকৃত হর, তাহা হয় হউক, দে স্থলে ঘট হইতে আলোকের স্বতন্ত্রভাবে উপলব্ধিই সাদৃশ্রবোধের কারণ, পরম্পর সংশ্লিষ্ট ছইটি বস্তব সাদৃশ্র যে স্থলেই প্রতীত হউক, সর্ব্বেই বিভিন্নরূপে প্রতীয়মান ফুইটির সাদৃশ্র হইয়া থাকে। কিন্তু এ স্থলে আত্মজ্যাতিতে বৃদ্ধির সাদৃশ্র কোথার গ্রাণির মত বৃদ্ধির প্রকাশক আন্তর জ্যোতিঃ নামে কেহ প্রত্যক্ষ বা অনুমান দারা অবধারিত থাকিত, তবে বৃদ্ধি ও আত্মার সাদৃশ্র-কল্পনা সম্ভব হইত গ

বরং বৃদ্ধিরই চৈতন্তাবভাসকরপে চিদাকারা ও বিষয়াকারা হুইটি বৃত্তি দেখিতে পাওয়া যায়। অতএব প্রত্যক্ষ ও অমুমানের অবিষয় বলিরা বৃদ্ধির প্রকাশক অতিরিক্ত আত্মজ্যাতিঃ নামে কোন বস্তু কোনরপেই প্রতিপাদিত হুইতে পারে না। আর বে দৃষ্টান্তস্বরূপে পরম্পর বিভিন্ন অবভাস্ত ও অবভাসক ঘটাদি ও আলোকের সাদৃশ্য উক্ত হুইয়াছে, তাহাও (আমরা) কোন অভ্যুপগমবাদে বলিয়াছি মাত্র, কিন্তু সেথানে বটাদি অবভাস্ত ও তাহার অবভাসক পদার্থ ভিন্ন নহে; বাস্তবিকপক্ষে প্রকাশস্বরূপ আলোক সালোক হুইয়া প্রতিক্ষণে ভিন্ন ভিন্ন (নৃতন নৃতন) রূপে উৎপন্ন হুইয়া পাকে। ইহা ক্ষণিক বিজ্ঞানবাদীর মত। কেবল বিজ্ঞানই আলোকসম্বিত ঘটাদি বন্ধ আকারে প্রকাশিত হুইতে পাকে, স্বতরাং তৎপক্ষে বিজ্ঞানাতিরিক্ত বাহ্ন বন্ধর অভাববশতঃ অতীব হুর্গভা এই মতে এই রূপে ক্রমে এক বিজ্ঞানেরই গ্রাহ্ন ও

প্রাহকাকারতারূপ মালিন্ত করনা করিয়া প্রশ্চ তাহারই বিশুদ্ধি পরিকল্পিত হয়; যে বিজ্ঞান প্রাহ্ম-প্রাহকাকার হইতে বিনিশ্ম ক্র, তাহা স্বচ্ছ ও প্রতিক্ষণে উৎপত্তি-ধ্বংসনীল।

অাবার কোন বৌদ্ধ সম্প্রদায় (শৃক্তবাদিগণ) ভাহারও শাস্তি অর্থাৎ উচ্ছেদের ইচ্ছা করেন, সুষ্ট্ বিজ্ঞান গ্রাহ-গ্রাহকভাব হইতে বিনিম্মৃক্ত হইলে শুক্তমাত্রাবশিষ্ট থাকে, ইহাই মাধামিকগণের অভিমত। এই সমস্ত কল্পনাই বৃদ্ধি বা বিজ্ঞানের প্রকাশক স্বতম্ব আত্মজ্ঞোতির অপলাপকর বিধার বেদ-বিহিত শ্রেমন্তর পথের সম্পূর্ণ প্রতিকূল। এখন ক্রমে সেই মত সকল খণ্ডন করা বাইতেছে: তন্মধ্যে বাহারা বাছবস্তুর সভা স্বীকার করেন, প্রথমতঃ তাহাদের মত প্রত্যাথ্যান করা হইতেছে। ঘটাদি বিষয় সকল বেছেতু আলোক ব্যতীত নিজের প্রকাশক নহে, অভএব তাহারা স্বপ্রকাশক (আত্মা) নহে, বদি ৰপ্ৰকাশক হইত, তাহা হইনে অন্ধকারন্তিত ঘটও নিজের প্ৰকাশক হইত ; কিন্তু তাহা হয় না; কেবল প্রদীপালোকের দংগোগ হইলেই নিয়মিতভাবে প্রকাশ পাইয়া থাকে, তথন "সালোক ঘট" এই মাত্র প্রতীতি হয়। অতএব পরস্পর সংশ্লিষ্ট ঘট ও আলোক যে একই বস্তু, তাহা বলিতে পার না। আরও এক কারণ, भूनःभूनः व्यागारकत मःयाग ७ विद्याग वातारे घटि कान ना कान देवनिष्ठा লক্ষিত হয়: স্কুতরাং রজ্জ্ব ও ঘটে যেমন পার্থক্য সর্কবাদিসন্মত, আলোক এবং ষটেও তেমনই পার্থক্য বিজ্ঞমান। যদি পার্থক্যই হইল, তাহা হইলে দেই পৃথক্ বস্তুই তাহার অবভাসকরপে প্রতিপন্ন হইন। বিশেষতঃ কথনই সে নিকে নিজেকে প্রকাশিত করিতে পারে না। যদি বল, কেন প্রদীপ নিজেই নিজের প্রকাশক, ইহা দর্বজনপরিষ্ট ; কারণ, কেহই কণনই বটাদির মত প্রদীপের প্রকাশের নিমিত অপর প্রকাশকের আশ্রন্ধ গ্রহণ করে না: অতএব স্বীকার করিতে হইবে বে, প্রদীপ স্বপ্রকাশক ও অত্যের প্রকাশক। উত্তর—না, পূর্বোক্ত অবভাভখাংশে ঘটাদির সহিত তাহার কোন বৈলক্ষণা নাই; যদিও প্রদীপ স্বাত্ত-প্রকাশক, নিজে প্রকাশস্বরূপ বিধায় অপরের প্রকাশক সত্যা, তথাপি ঘটাদির ক্রায় তাহাও স্বতম্ব চৈতলের অবভান্ত : অত এব চৈতলাকভাদাম নিয়মের বাভিচার नारे। यमि मर्वाबारे बारे निषम, यमि जारारे स्प्र, जरा युद्धिक व्यवश्रारे वाजितिक क्यां जिथे को अवलामा । अवल ७ कथा विनात शांत त्य, विश्वेषि शर्मार्थ सक्त তৈত্য প্রকাশ হইলেও বেমন বপ্রকাশের জন্ত পূথক প্রদীপাদি আলোকের অপেকা करत. अमोन भारत जात जान जालाहिकत जरनका करत मा ; जाउधन आमीन অক্টের (চৈতক্তের) প্রকাশ্র হইলেও দে অফুনিরপেক—স্বপ্রকাশক। উত্তর—না. এ কথা বলিতে পার না: স্বতঃ পরতঃ লইরা প্রকাশ্রতার কোন প্রভেদ নাই: কেবল চৈতন্ত্ৰপ্ৰকাশ্ৰছই ধৰ্ত্তবা, অৰ্থাৎ যেমন ঘট পদাৰ্থটি চৈতন্ত্ৰ দাৱা অবৈভাস্য, তেমন প্রাণীপও যে চৈতন্য বারা অবভাষ্য, ইহাতে আর কোনও বিশেষ নাই। তাহা হইলেই স্বতন্ত্র প্রকাশকের আবশুকতা দাঁড়াইল। আর প্রদীপ নিজেকেও श्रकान करत এवः यहां विविधसत्रत्व श्रकान करत, धरे य कथा वना रहेबाएह, তাহাও খুব সৎ কথা নছে; যেহেতু, প্রদীপ যথন নিজেকে প্রকাশ করে না. বল (मिथ, তथन कि इम्र ? आंभता ब्रामि, अमीरशंत सांखांतिक ता असांखांतिक रकान প্রভেদই তথন উপলব্ধি হয় না। বাস্তবিক, সেই বস্তকেই অবভাস্য বলা যায়. ষাহার প্রকাশকের সহযোগে ও বিরোগে কোনরূপ পার্থকা উপলব্ধ হয়, কিন্ধ প্রদীপকে নিজের সমিহিত অসমিহিত কল্পনা করিবার কোনই উপায় নাই। जरवरे यनि मामनिक कानन्त्रण भार्थका ना थाक, जारा स्टेटन अनील निक्क्क প্রকাশ করে, 'এ কথা মিথা। বলা হইয়াছে। আর যদি টেডন্যপ্রকাশ্রত্ব বল, তাহা হইলে সে পক্ষে ঘট ও প্রদীপ উভয়ই সমান-কিছুই বিশেষ নাই। অতএব বিজ্ঞানের স্বপ্রকাশ্রতা স্বপ্রকশক্ত (নিজেই নিজের প্রকাশক ও প্রকাশ্ব) এ বিষয়ে প্রদীপ বর্থেষ্ট দৃষ্টান্ত নহে। আর বিজ্ঞানের চৈতন্যপ্রকাশ্বতা বাছ ঘটাদি বস্তুর সমান। এথানে এ কথা জিজ্ঞাস্য হইতে পারে যে, বিজ্ঞান বদি চৈতন্যপ্রকাশ্র হয়, তাহা হইলে কোন্ বিজ্ঞান চৈতন্য-প্রকাশ্র ? অর্থাৎ অন্ত দারা প্রকাশ্ত বিজ্ঞানই গ্রাছ বিজ্ঞান, না গ্রাহকবিজ্ঞান প্রকাশ্ত কিংবা অন্ত-বন্ধ-প্রকাশক বিজ্ঞানই প্রকাশ্র ? এই সন্দেহস্থলে কল্পনা করিতে হইলে দুষ্টান্ম্যারে কল্পনা করাই উচিত, কিন্তু তদ্বিপরীত কল্পনা কথনই উচিত নহে, इंशरे यि में में इस, जारा रहेंगि प्रथा यात्र, त्यमन वाश्वकारण्य अमीशांपि পদার্থকে নিজ ভিন্ন প্রকাশক ক্ষাত্ম-জ্যোতির প্রকাশ্য দেখা গিয়াছে, একুপ বিজ্ঞান প্রধার্থ টি বেহেডু চৈতক্ত-গ্রাহ্ন, অতএব তাহা প্রকাশক হইলেও প্রদীপের ভাষ বতন্ত জ্যোতিছ বিষ্ট প্রকাশ্ত, এরপ কলনাই বুক্তিযুক্ত; কিন্তু প্রপ্রকাশক্ষকল্পনা কথনও বুলিনহ নহে। আর বিনি সেই প্রতন্ত্র বিজ্ঞানের প্রকাশক, তিনিই বিজ্ঞান হইতে আভান্তর জ্যোতির্ময় আত্মা।

ইহাতে বলিতে পার যে, বিজ্ঞান যদি অন্য কোনও গ্রাহক ধারা গৃহীত হয়, তাহা হইলে সেই গ্রাহকও অপর গ্রাহক ধারা গৃহীত হইবে এবং দে-ও জন্য ধারা ইন্ডান্থি প্রকারে অনবস্থাদোধ উপস্থিত হইতে পারে ৪ উত্তর—তাহা হর না, এ ছলে বৃক্তি অনুসারে নিজের প্রকাশ্রম্থ ধর্ম জন্য প্রকাশকের সদ্ভাবের অনুমাণক বলিয়া নিশীত হইরাছে মাত্র, কিন্তু প্রকৃতপক্ষেতাহা গ্রাহক্ষের কি গ্রাহকান্তরসদ্ভাবের প্রতি ঐকান্তিক হৈতু নহে। ইহার তাৎপর্য্য এই—যাহা গ্রাহকীয়ক উভররপী, তাহারই জ্বন্য গ্রাহকান্তর থাকা সম্ভব এবং যাহা নিজ্ঞই গ্রাহক, কদাচ গ্রাহ্থ নহে, তাহার গ্রাহকান্তরও নাই; জ্বতএব সেখানে জনবস্থাদোষের প্রসঙ্গ নাই। যদি বল, বিজ্ঞান যদি স্বভিন্ন জ্যোতিঃপদার্থের প্রকাশ্র হর, তাহা হইলে সেই জ্যোতিঃ নিশ্চমই কোন করণের সাহায্যে প্রকাশক হইবে, এ জন্য একটি করণের জ্বসন্থান আবশ্রুক, সেই করণ যাহার দ্বারা বে কারণের সাহায্যে প্রকাশিত, আবার সেই করণেরও নির্দেশ করা কর্ত্ব্য। এইরূপে পূন্দ্র এই জনবস্থাদোর উপস্থিত হইবে। উত্তর—না, এটি সার্ক্ষণিক নিম্ন নহে। যেখানে এক বস্তু জপর বস্তু দারা জ্ঞাত হয়, সেখানে যে গ্রাহ্থ ও গ্রাহক ভিন্ন জন্য একটি করণের স্থিতি অপেক্ষণীয় হইতে পারে, ঐরপ ঐকান্তিক নিম্ন করা যাইতে পারে না। যেহেতু, এই নির্মমের ব্যভিচার দেখা যায়।

দেখ, ঘট পট ইহারা নিজ ভিন্ন আত্মা কর্তুক পরিজ্ঞাত হয়, এখানে গ্রাহ (ঘটাদি) ও গ্রাহক (আত্মা) হইতে বিভিন্ন প্রদীপাদি আলোক পদার্থই করণ অর্থাৎ প্রকাশের প্রধান সাধন, কিন্তু এই প্রদীপাদি আলোক কথনও ঘটাংশ কিয়া চকুর অংশও নতে; যদিও প্রদীপ ঘটের ক্সায় চকুগ্রাহ্ন বটে, তথাপি চকু প্রদীপ ব্যতীত আর রাহু কোন জ্যোতিকে করণরূপে অপেক্ষা করে না। **অতএব ইহা কথনই নিম্ন হইতে পারে না যে, যেথানে যেথানে কোন বস্তু অপর** कर्कृक व्यकाश रहेरन, मिथारम मिहेथारमहे युक्त कवन धाकिरवहे थाकिरव; মতরাং বিজ্ঞানের স্বতন্ত্র পদার্থ-গ্রাহাত্ব হুইলেও করণান্তরের অপেকা বশতঃ অনবস্থাদোৰ ঘটতে পারে না এবং গ্রাহককে অবলম্বন করিয়াও ঐ দোষের ষ্পাশকা করা উচিত নহে। অতএব বিজ্ঞানাতিরিক্ত যে আত্মজ্যোতিঃ আছে, তাহা স্থির হইল। এখানে বৌদ্ধ বাদী আপত্তি করেন যে, বিজ্ঞান बाजीज वर्षे वा अमीशांनि कान वाश्यमार्थ है नाहे, खह्छू मिथिए भाहें ख, যে বন্ধ ৰাহাকে ত্যাগ কৰিয়া কথনই উপলব্ধ হয় না, সেই বন্ধ তাহাই (ঘটপটাণি বিজ্ঞানব্যতিরেকে ষতন্ত্র আকারে অহত্তত হয় না, অতএব ষ্টপ্টাদি বিজ্ঞানস্বরূপ) যেমন স্বপ্নকালীন অমুভূত ষ্টপ্টাদি স্বপ্ন-জ্ঞান गाणील क्यां किहूरे अणिश्र हत्र मा, त्म मक्न क्यां क्यिविकान विवाद

প্রতীত হয়, সেইরূপ জাগরণকালেও প্রতীত ঘটপ্রদীপাদি পদার্থ সকল জাগ্রৎ জ্ঞান ব্যতীত অমুভত হয় না; স্তরাং সে সকলই জাগ্রৎকালীন বিজ্ঞানস্বরূপই— व्यक्तिक नहि। व्यक्तव विश्वनीभाषि कान वाक्ष्मार्थ है व्यक्तः मेर नहि, সমস্তই এক বিজ্ঞানমাত্র। তাঁহাদের এরপ প্রতিপর্ম করিবার উদ্দেশ্র এই বে, পূর্বে যে বিচারে সিদ্ধান্ত ইইয়াছে, বিজ্ঞানও স্বতন ক্ল্যোতির্থারা অবভান্ত, মুতরাং বিজ্ঞান বাতিরিক্ত জ্যোতিঃ অবশ্রই স্বীকার্যা, এ কপা মিথ্যা, যেহেতু, সমস্ত বস্তর বিজ্ঞানময়ত্ব স্বীকার করিলে আর কিছুই দুটান্ত হইতে পারে না। উত্তর-না, এ কণা হইতেই পারে না; বেহেতু, বিজ্ঞানের পর প্রকাশ্রত বিষয়ে ममञ्ज विद्धानमञ्ज विल्लाल अंकिवादि वां श्रे भार्यित व्यत्रीकांत कतित्व हिन्दि ना । কারণ, কিছু কিছু বাহ্য বস্তু তুমিও স্বীকার করিয়াছ, একেবারে বাহ্য বিষয়ের ष्मश्राम पुरिष्ठ मान ना। यहि वन, ष्मारि वाञ्च क्रांप একেবারেই স্বীকার করি मा, তাহাও কথনই হইতে পারে না। কারণ, "विজ্ঞান" "ঘট" ও "প্রদীপ" এই সকল পূথক পূথক শব্দ ও অর্থের প্রবেশগের উপায় কি ? তোমার ঐ সকল বিভিন্ন শব্দ ও অর্থের প্রয়োগবশতঃ বিজ্ঞান ভিন্ন যে কোন একটা বাহ্য পদার্থ অবশ্রুই অভাপগম করিতে হইবে। আর যদিই বিজ্ঞানাভিরিক্ত পদার্থ স্বীকার না कर, जाहा इरेटन विकास, यह, पह रेजामि मनखनिव पर्याप (वकार्यवाधक) শব্দ বলিয়া পরিগণিত হইয়া পড়ে। ৩ ধু তাহাই নহে, বিজ্ঞানাতিরিক্ত বাহ্ন বস্তুর महाव ना मानित्न कार्या এवः, कात्रत्वत्व अक्ष चीकात कतित्व हम, जाहा इहेत्न বিভিন্নভাব সাধ্য-সাধনের উপদেশক শাস্ত্র সকল সর্বাথা অনর্থক হইরা পড়ে: অথবা দেই দকল শাস্ত্রের প্রণেতার মৃঢ়তা স্বীকার করিতে হয়। আরও এক कथा, वानी, প্রতিবাদী ও তাহাদের বাদ (তর্ক) এবং দোষপ্রদর্শনকেই আমি বিজ্ঞানাতিরিক বন্ধ বলিয়া শ্বীকার করি, অথচ তুমি বিজ্ঞানাতিরিক প্রতিবাদী नारे, এ कथा रिनाट भार ना, छारा रहेटन काराटक भना किए कतियात सना এত উদ্বোগ ? যদি প্রতিবাদী ভোমার নিজ বিজ্ঞানস্বরূপ হয়, তবে তাহার নিরাক্রণীয়তা কোথায় ? প্রতিবাদী কি নিজ আত্মা হইতে পারে ? কেহ কি নিজ মত থগুন করে ? এমত অবস্থায় লৌকিক ব্যবহার সমুদয়ের লোপাপতি হয়। প্রতিবাদী প্রভৃতি স্বপ্রকাশ্ব, ইহাও স্বীকার করিতে পার না; কেন না, স্বতম্ব আত্ম ছারা তাহারা জ্ঞাত না হইলে তাহার মতগওনের জনা আড়মর সম্ভব হয়, না। অতএব প্রতিবাদীর সভার মত জাগ্রংকালীন স্থন্যান্য বাছ বস্তুর में प्राप्त का प्राप्त । वाहा श्री का अप का अप का निवस्त का का का का मार्थ है की का का

ইছাই স্থলত দৃষ্টান্ত। বিজ্ঞানবাদীর জ্ঞানধারা ও বিতীয়াদি বিজ্ঞান বিজ্ঞানাতি-রিক্ত বন্ধর দৃষ্টান্তরণে উরেথ করা যাইতে পাবে। এই জ্ঞান বলি, বিজ্ঞানবাদীরও বিজ্ঞানাতিরিক্ত একটি পৃথক্ জ্যোতিঃ অস্বীকার করিবার উপায় নাই। যদি বন্ধ যে, স্বর্গে বিজ্ঞানাতিরিক্ত বন্ধর অসন্তার হেড়ু উক্ত সিদ্ধান্ত বৃক্তিযুক্ত নহে ? উত্তর্ভ্ব তাহা বলিতে পার না; কারণ, অভাব হইতেও বিজ্ঞানাতিরিক্ত ভাবের সিদ্ধি হইরা থাকে, তুমিও স্বপ্নকালীন ঘটাদি বিজ্ঞানের ভারত্ব অস্থাকার করিয়াছ।

ইহা অঞ্চীকার করিয়াই একণে বিজ্ঞান।তিবিক্ত ঘটাদিবিবরের অভাব প্রতিপন্ন করিতেছ। তোমার নিজের উক্তিই পূর্বাপর অসামগ্রস্তপূর্ণ। যদি তুমি বিজ্ঞান-বিষয় সেই ঘটাদি পদার্থ সকলকে অভাব কিয়া ভাবস্থরপ বল, উভর মতেই ঘটাদি বিজ্ঞানকে ভাব বলিয়া শীকার করিতেই হইবে, তাহার বার্থক যুক্তির অভাবে কথনই তাহার নিয়াকরণ করা ঘাইতে পারে না। এই সমস্ত উক্তি-প্রত্যুক্তি দারা সর্বাশ্বরাদেরও এক প্রকার প্রত্যোখ্যান করা হইল। মীমাংসকগণ বলেন, আত্মার জ্ঞান বা অক্তব করিতে হইলে "আমি" এইরূপেই জ্ঞান হয়; স্তরাং ভাহা অহ্মাকারেই প্রাহ্ম, এই উক্তি দারা ভাহাও থণ্ডিত হইল; কারণ, এক আত্মারই গ্রাহ্মগ্রহকভাব পূর্বেই নিরস্ত হইরাছে।

পূর্বেক থিত হইরাছে বে, আলোক-সম্বর্জনাতেই নৃতন নৃতন ঘট উৎপন্ন হয়, তাহাও মুক্তি নহে; কারণ, আলোকসংযোগে এক ঘট বতবারই দেখা বান, সকল সনরেই "সেই এই ঘট" বলিয়া এক ঘটেরই প্রতীতি হয়। যদি আলোক স্পর্শমাত্র এক ঘটই নৃতন নৃতন জন্ম ধারণ করিত, তাহা হইলে কলাপি "তাহা এই" এরপ প্রত্যভিজ্ঞা হইত না।

যদি বল বে, ছেদনের পর প্রকৃত কেশনথাদির জ্ঞান সাদৃগ্রবশতঃ ঐরপ প্রতাভিজ্ঞা হর, * বন্ধতঃ তাহা বিভিন্ন ব্যক্তি, তাহাও বলিতে পার না; তাহার প্রথম কারণ এই বে, সেই কেশনথাদি পদার্থও ক্ষণিক নহে—বাহা দারা ভোমার ক্ষণিকত্ববাদের অন্তর্কুল দৃষ্টান্ত সমর্থিত হুইবে। দিতীয় কারণ—ক্ষাতিগত তুলাতাই উহাদের একত্বপ্রতীতি জ্মাইয়া থাকে, অর্থাৎ ছিল্ল অন্তর্চ প্নকৃদ্গত কেশনথাদিতে কেশন্ত ও নথজ্ঞাপ একজাতিবশতঃ "সেই কেশ, সেই নথ" এই প্রত্যাভিজ্ঞা হইয়া থাকে, উহা ভ্রান্তি নহে। আর এ কথাও স্ত্যা, দৃশ্রমান

[#] এত।তিজ্ঞা-শ্ৰেষ্ কথনও বাহার প্রতাক হর্যাছিল, পরে ভাষারই বাদি প্রভাক বারা শ্রন হয়, তবে ভাষাকে প্রভাজ্ঞা বলে।

ছিন্ন প্রার্ড নথ-কেশাদিতে যে "তাহাই এই" এইরূপ প্রত্যান্তিক্তা হর, তাহা कथनहें क्लन्नथानि वास्कि-निवन्तन नहिः, आडि-निवन्तन मधा यात्र, দীর্ঘকাল পরে যদি তুল্য পরিমাণের কেশনথাদি পরিদৃষ্ট হয়, তাহা হইলে धर मकन क्लानशामि शृक्षकानीन क्ला-नथामित मन्न, धरे छानमाख स्त्र, किस 'দেই এই', এরপ প্রত্যক্তিপ্র হয় না। অথচ ঘটাদি প্রদার্থে "ভাছাই এই" ইত্যাকার জ্ঞান উৎপন্ন হয়; অতথ্যব কেশনথাদি কখনই উহার সমকক দুষ্টাস্ত इरेटि शादि ना। विल्विक:, श्रेकुक-श्रमांग बाता "त्मरे-धरे" धरे **अक्तिका**ल জারমান বস্তকে অনুমান বারা পৃথক্ (ভিন্ন) করা কথনও বৃক্তিসঙ্গত হয় না। বেহেড়, প্রত্যক্ষ-বিরুদ্ধ স্থলে প্রবৃক্ত হেড় সকল হেড়াভাস নামে প্রথিত হয় এবং জ্ঞানের ক্ষণিক্তবিধায় সাদৃশ্র-প্রতীতিরও অমুপপত্তি হইয়া যায়। কারণ, তোমার মতে জ্ঞান ক্ষণিক এবং এক ব্যক্তিরই কোন বস্তু দর্শনের প্র অক্ত বন্ধ দর্শনে "ইছা তাহার মত" এইরপ যে জ্ঞান জন্মে, তাহার নাম সাদৃশ্র-জান, ইহা সর্বাদিসম্মত, কিন্তু ক্ষণিক বিজ্ঞানবাদীর পক্ষে সে সাদুগুজ্ঞান সম্ভবে না; যেহেতু, যে ব্যক্তি একটি বস্তু নিরীক্ষণ করিয়াছে, তাহারই তৎ-गुन ज्यात्र रखत नर्गत्मत्र अत मत्न छिनित इटेट्य त्य, 'हेटा छेटात मन्न', किस পরক্ষণে পূর্ব্বদ্রষ্ঠার অর্থাৎ ক্ষণিকবিজ্ঞানবাদীর মতে পরক্ষণে একবস্তদর্শীর অন্ত বন্ধ দর্শনের নিমিত্ত বিতীয়ক্ষণে বর্ত্তমানতার অভাবে সংশয় করিবে কে ৪ বেছেত, একবার কোন বস্তু দর্শন ক্রিলেই ক্ষণিকবিজ্ঞান বিনষ্ট হইরা বায়। স্কুতরাং ভাহার সহিত তুলনা করিবে কে? 'ভেনেদং সদৃশন্' ইছা তাহার সমান; रेंशांत नाम नामुख्यकात्र, जनात्वा 'एजन' मारे, रेंशा शूर्वमृत्ते वस्तत स्तर्न-'रेम्म्' শব্দে 'এই' বর্ত্তমানতার প্রতীতি। এথন 'তেন' বলিয়া পূর্ব্বদৃষ্ট বস্তুর শ্বরণ করিয়া। यिन 'हेनम्' এहे वर्छमानछात्र ब्यान शर्याखे विकास अवदान करत, उरवह मान्ध-श्रीिंठि मञ्जब, जाहा श्रीकांत कतिरम क्रिनिकविकानवामरे नष्टे हत्र। यनि वन (य, "তেন" জ্ঞানমাত্রই শ্বরণ, কিন্তু "ইদং" এই পদোপন্থিত বর্তমানকালীন শতন্ত্র জান পৃশ্চাং উদিত হয়। তাহা হতুলেও সাদৃশু-প্রত্যয়ের কোন উপায় হইতে शांत ना ; रारह्णू, क्रानिकविकानवानीत मरू प्रानक शनार्थनर्नी धक वास्त्रित অভাব রহিয়াছে অর্থাৎ সাদৃশ্বজ্ঞান জ্মিতে হইলে বিভিন্ন হুইটি বস্তুর বিভিন্ন-কালীন জ্ঞান, তাহাদের সাধর্ম্মজ্ঞান ও দেই সাধর্ম্মের অহতব পূর্বে থাকা व्यक्तिक हम । किन्नु कार्ण कर्म स्वान नहे इन्त्रीम स्वानमपुरस्त प्रक्रियन षमस्य । ष्यानात्रं मृत्यान मा घिएलक मानुस्रकात्म्य उत्तर रहे मा,

বিভিন্নকালে ঘটিলে ক্ষণিকবিজ্ঞানবাদীর পূর্ব্ব-বন্ধর দ্রষ্টার অন্তিম্ব কোথার বে, ঐ সাদৃগুজ্ঞান করিবে? অতএব ক্ষণিকবিজ্ঞানবাদীর পক্ষে সাদৃগুজ্ঞান অসম্ভব।

আরও এক কথা, দ্রন্থী বন্তর দর্শনমাত্রেই যথন বিজ্ঞান কর প্রাপ্ত হয়, তথন "ইহা দেখিতেছি, উহা দেখিরাছি" ইত্যাদি ব্যবহার ও হইতে পারে না। যেহেত্, দর্শনকারীর বিজ্ঞান এ শব্দব্যবহারকাল পর্যান্ত অবস্থান করে না। অবস্থিতি শ্বীকার করিলেই ক্ষণিকবিজ্ঞানাত্মবাদের হানি হইল। আর যদি বল যে, যে বিজ্ঞান দর্শন করে নাই, তাহারই এরপ ব্যপদেশ ও সাদৃশুপ্রত্যের হয়, তাহাও বলিতে পার না; কারণ, তাহাও ঠিক্ জন্মান্ধ ব্যক্তির রূপবিশেষনির্দেশ ও তিথিয়ক সাদৃশুবোধের স্থায় নির্মৃত্তিক নহে কি? বিশেষতঃ—সর্বজ্ঞে (বৃদ্ধদেবের) ব্যক্তির শান্তপ্রশান্দি কার্য্যও অন্ধপরম্পরা বলিয়া প্রতিপর হইয়া পড়ে। এই অন্ধপরম্পরা কি কোন বিচার-চতুর ব্যক্তির অভীষ্ট ও এতিজিয় এই ক্ষণভঙ্গবাদে বা ক্ষণিকবাদে যে ক্রতনাশ ও অন্ধতাগ্রাগমরূপ দোষ বর্ত্তমান, তাহাও স্প্রসিদ্ধ। ক্রতনাশ অর্থেয়াহা করা হইয়াছে, তাহার কল (স্থতঃখাদি) ভোগ না হওয়া, প্রভ্যুত অন্ধত অর্থাৎ যাহা কদাপি করা হয় নাই, তাহার ফনভোগ করা; শান্তকারগণ এই দোষধ্বকে অতি শুক্তর দোষ বিদিয়া মনে করেন।

যদি বল বে, দৃষ্টব্যবহাবের অর্থাৎ ইহা দেখির ছি, এইরূপ উক্তির প্রতি হেতু আর কিছুই নহে; কেবল পূর্ব্বাপরক্ষণে স্থায়ী শৃঞ্জলবৎ একটি জ্ঞানের ধারা বা প্রবাহ, এবং এই প্রত্যরপ্রবাহের ফলেই "অমুক তাহার সদৃশ" এই সাদৃশ্য জ্ঞান সমুৎপর হয়। উত্তর—না, এ কথাও হইতে পারে না; যেহেতু, বর্ত্তমান ও অতীত এই হইটি কাল অত্যন্ত বিভিন্ন; অতিএক শৃঞ্জলাব্যবস্থানীয় বর্ত্তমান জ্ঞান এক এবং অতীত প্রত্যর অহ্য; এই উত্তর প্রত্যায়ই বিভিন্ন ক্ষণে অবস্থিত, যদি সেই উত্তর প্রত্যায়ই বিভিন্ন ক্ষণে অবস্থিত, যদি সেই উত্তর প্রতীতিগ্রাহ্ণ বিষয়ের শৃঞ্জলাবন্ধ একটি জ্ঞান স্বীকার কর, তাহা হইলে এক জ্ঞানের উত্তরক্ষণস্থায়িত্তনিবন্ধন প্রশ্ব ক্র্যাদ্যানি হইতে পারে। বিশেষতঃ ক্রাদিশকে বদি বিজ্ঞানাত্তিরিক্ত আত্মা না থাকে, তবে 'আমি তুমি' এইরূপ জ্ঞান বাদিশক প্রতীতির অন্ত্রপথতি হেতু সমস্ত লৌকিক ব্যবহার লুগুই হইবার উপক্রম হয়। আর সমস্তই যদি স্বসংবেক্ত বিজ্ঞানমাত্র হয় এবং বিজ্ঞান যদি মাত্র নিম্মিলবৃদ্ধিপ্রকাশ-স্থভাবসম্পন্ন বিশ্বা স্বীকৃত হয়, তবে

তৎসমত্তের প্রত্যক্ষদর্শী অপর কোন বিতীয় ব্যক্তি বাস্তবিক না থাকায় **ষ্মনিতাত্ব, হ:খহীনত্ব ও অনাত্মত্ব প্রভৃতি তোমার মত্যিদ্ধ অনেক কল্পনা কিছুই** উৎপন্ন হয় না। আর এ কথাও বলিতে পার না যে, দাড়িমাদি ফল থেমন ভিন্ন ভিন্ন অংশে বিভিন্ন বৰ্ণবিশিষ্ট, বিজ্ঞান ওজপ অনিতাভাদিবিক্তম অনেকাংশবিশিষ্ট হইবে; কারণ, বিজ্ঞান বস্তুটি স্বচ্ছপ্রকাশস্বভাব; স্তুরাং স্বচ্ছ প্রদীপাদি ষেমন বিক্রম অনেকাংশবিশিষ্ট হইতে পারে না, এইরূপ স্বচ্ছযুভাব বিজ্ঞানও অনিতাম, ত্বংথিত্ব প্রভৃতি অনেকাংশবিশিষ্ট হইতে পারে না ৷ , বিশেষতঃ অনিত্য ছঃগাদিকে বিজ্ঞানাংশ বলিয়া মানিলে অফুভাব্য নিবন্ধন একের অফুভাব্য-অফুভাবত্ব বিরোধ হেতু বলিয়া অবগ্রন্থ অমুভাব্যরূপে বিজ্ঞান।তিরিক্ত অনিতা হুঃথাদি স্বীকার করিতে হয়। পক্ষাস্তরে, বিজ্ঞানকে অনিত্য গ্রংথাদিস্বরূপ স্বীকার করিলে সেই হঃখাদির বিষোগে বিজ্ঞানের বিভদ্ধিকল্পনা বুক্তিবক্ত কোথার ? কারণ, ম্বগত মল-পরিহারই বিশুদ্ধিশন্ধবাচ্য; এ বিষয়ে মলিন দর্পণ প্রভৃতিই দৃষ্টান্ত। অর্থাৎ বিজ্ঞানকৈ অনিত্য হঃশুরূপী স্বীকার করিলে অনিত্য হঃগই তাহার স্বভাব বলিতে হয়, তাহা হইলে শাস্ত্রোদ্দিষ্ট বিজ্ঞানের বিশুদ্ধিরপতা থাকে কোথায় ৪ অর্থাৎ হঃখাদি দোষাপনম্বনকে যদি বিশুদ্ধি বলা হয়, অথচ হঃখ বিজ্ঞানের স্বভাব হয়, তবে শ্বভাবের অপরিহার্যাভা নিবন্ধন দে বিগুদ্ধি সম্ভব কি ? শ্বভাব হইতে কণনও কাহার বিশ্বোগ কেহ দেখিয়াছে কি ? উঞ্চত্ব বা প্রকাশস্বভাবসম্পন্ন অগ্নি কথনও স্বীয় উষ্ণতা বা প্রকাশস্বভাব যে পরিত্যাগ করিয়াছে, ইহা কথনও দৃষ্টি-গোচর হয় নাই। তবে যে পুশোর রক্তত্ব প্রভৃতি গুণের দ্রবাবিশেষের সংযোগ বশতঃ বিশ্বোজন দেখা বায়, সেইখানে সেই সকল রক্তর প্রভৃতির সংযোগজন্তর অনুমান করিতে হইবে—স্বাভাবিকত্ব কথনই নহে। বীজের দ্রবাবিশেষের ভাবনাবলে পুষ্প ও ফলাদির গুণান্তর উৎপন্ন হয়, ইহা , অদৃষ্টচর নহে। অতএব স্বভাবের হুরপনেরত্বস্তঃ মলিন বিজ্ঞানের বিশ্বদ্ধিকল্পনা কল্পনামাত। তাহার পর তোমাদের মতে বিজ্ঞানেরই বিষয়ী ও বিষয়াকারে প্রকাশ পাওয়া ধে বিজ্ঞান-মূল বলিয়া কলিত হুয়, তাহাও বিজ্ঞানাতিরিক বন্ধর অভাবে অন্য সংসর্গ ব্যতীত ঘটতে পারে কি ? অবিক্রমান (অভাবভূত) পদার্থের দহিত বিদ্যুমানের সম্বন্ধ কোথার সম্ভব ? আবার অন্য সংসর্গের অভাবে বস্তুর ৰথামৰ দৃষ্ঠপূৰ্ণই ভাহার অভাব বা অক্তিম ধর্ম বলিয়া মানিতে হয়; হুতরাং অগ্নির উষ্ণতা এবং সুর্যোর প্রভার মত বিজ্ঞানেরও ঐ স্বাভাবিক ধর্মের সহিত বিচ্ছেৰ জ্বিতে পালে না। এমত অবস্থাৰ অন সম্পর্কবশতঃ বিজ্ঞানের মালিনা,

পুনশ্চ তাহার বিশুদ্ধিকল্পনা অন্ধকল্পনার ন্যায় অপ্রমাণ বলিব ? আর বে সেই विकारनंत्रहे निर्वाशिक (युन्छः উচ্ছেদকে) भन्नमभूत्रवार्थ विका कन्नना कन्ना হর, তাহাও নির্বাণফলের আশ্রমের অভাবে হাস্যাম্পদ। এ কথা কেহই बीकात्र करत ना त्व, कणेकिविक वाक्तित्र मद्दा इहेल त्रहे कणेक-त्वधक्रमिछ इःथ-নিবৃত্তিফলের আশ্রম সেই ব্যক্তি হয় ? অভএব কটকবিছের মত বিজ্ঞান-क्रभी नमंद्र शुक्ररवे निकीं ने वा উচ্ছেদ हहेरन अवेह क्रम्टाका वा करने आश्रेष ना शोकिरन रमेरे উচ্ছেদের a (निर्स्तार्भित) शुक्रवार्थका कन्नना मर्सरेष्ट्र मिशा। কারণ, তোমাকেই প্রশ্ন করি, এই বিজ্ঞাননির্বাণের পুরুষার্থতাপক্ষে তুমি প্ৰবাৰ্থ কাহাকে বল ? পুৰুষ শব্দে বাহাকে বুঝার, সেই সত্ত্ব (প্ৰাণী) आया वा विकास्त्र वर्थ इंडेनिकि यींन भूक्ष्यार्थनस्वाहा इत. उत्व সেই প্রুষের (বিজ্ঞানের) নির্মাণ ঘটলে কাছার অর্থ—'পুরুষার্থ' **হ**ইবে ? কিন্তু বাঁহার মতে অনেকবস্তদর্শী বিজ্ঞানব্যতিরিক্ত আত্মা আছে, তাঁহার মতে প্রত্যক্ষ স্বরণের বিষয়ীভূত তৃঃথনিদানের সহিত সংযোগ-বিয়োগাদি দমন্তই সম্ভবপর হইতে পারে এবং বস্তবিশেষের সংযোগ ও বিয়োগজনিত কালুষ্য এবং তাহার বিদ্বোগে বিশুদ্ধি সর্মথাই সঙ্গত হইতে পারে। বিজ্ঞানবাদপক্ষে এ সব কিছুই উৎপন্ন হয় না। সর্ব্বপঞ্চবাদীর পক্ষ সর্ব্বপ্রমাণ-विक्रफ विका डाहात थएन अमावश्रकत्वात्य পतिछाक हरेग ॥ १ ॥

দ বা অয়ং পুরুষে। জায়মানঃ শরীরমভিসম্পত্তমানঃ পাপাজিঃ সম্প্রজ্ঞাতে স উৎক্রোমন্ মিয়মাণঃ পাপানো বিজ-হাতি॥ ৮॥

প্রসক্ষপ্রাপ্ত পরপক্ষ থপুন করিয়া সম্প্রতি শুতির ব্যাখ্যামুসারে পরশ্রতির তাংপর্য্য বর্ণনা করা হইতেছে। যেমন ইহলোকে এক দেহেই স্বপ্নাবস্থায় উপনীত হইরা জীব মৃত্যুস্বরূপ—কার্য্যকরণ (দেহেজ্রিয়-সমষ্টি) অভিক্রম করত স্বপ্নাবস্থার আত্ম-কেয়াতিতে অবস্থান করে, এইরূপ সেই এই প্রস্তাবিত পুরুষ জন্মপ্রহণ করত অর্থাৎ শরীরে আত্মাভিমান পোষণ করত পাপাক্রাস্ত হইরা অর্থাৎ দেহেজিরসমন্ত প্রাপ্ত হইরা আত্মা পাপ প্রণোদিত ধর্ম্ম ও অধর্মের সমবারিকারণ দেহেজিরসমন্ত প্রাপ্ত হর, আবার সেই পুরুষই ধর্মন উৎক্রাস্ত অর্থাৎ ভাবী শরীরাস্তরে গমন করিবার জন্ত মৃত্যুদ্ধার উপস্থিত হয়, প্র

সমমে সেই সংস্পৃত্ত পাপরপী দেহেজিরাদিবিষ্ক্ত হন অর্থাৎ সেই দেহেজিররপী পাপ পরিভাগে করেন।

এই একই পুরুষ এক দেহে বিশ্বমান থাকিরাই যেমন স্বপ্ন ও জাগরণ নামক বিভিন্ন হুইটি অবস্থার বৃদ্ধির সাম্যপ্রীপ্ত হুইনা পাগরলী পরীরে-ক্রিস্টাতের গ্রহণ ও তাগি করত নিরত সঞ্চরণ করে, সেই প্রকার সেই এই পুরুষ নির্মাণাবিধি (সংসারবিম্ক্তি না হওরা পর্যান্ত) ইহলোক ও পরশোক অর্থাৎ জন্ম ও মরণ শারা দেহেন্দ্রির গ্রহণ ও ত্যাগরপকার্য্য প্রাপ্ত হুইরা অনবন্ধত ভ্রমণ করে। অতএব ইহা শ্বারা ইহাও প্রতিপন্ন হুইল বে, দেহেন্দ্রির-সমষ্ট্রিরপ পাপ হুইতে আত্মজ্যোতি নামে স্বভন্ন এক বস্তু আছে, তাহাই দেহেন্দ্রিরের সংযোগ ও বিশ্বোগকার্য্য শ্বারা জন্ম-মৃত্যুধারা লাভ করে। আত্মজ্যাতিঃ কথনই দেহেন্দ্রিরধর্ম নহে, তাহা হুইলে তাহার সহিত দেহের একবার সংযোগ ও পরক্ষণে বিরোগ কথনই হুইত না॥ ৮॥

তস্থা বা এতস্থা পুরুষস্থা দ্বে এব স্থানে ভবত ইদঞ্চ পার-লোকস্থানঞ্চ সন্ধাং তৃতীয়ণ্ড স্বপ্নস্থানং তিমিন্ সন্ধ্যে স্থানে তিষ্ঠান্নতে উভে স্থানে পশ্যতীদঞ্চ পারলোকস্থানঞ্চ। অথ বথাক্রমোহয়ং পারলোকস্থানে ভবতি তমাক্রমমাক্রম্যোভ্য়ান্ পাপান আনন্দা ওশ্চ পশ্যতি।

স যত্র প্রস্থপিত্যস্থ লোকস্থ সর্ববাবতো মাত্রামুপাদায় স্বয়ং বিহত্য স্বয়ং নির্মায় স্বেন ভার্সা স্বেন জ্যোতিষা প্রস্থপিত্যত্তায়ং পুরুষঃ স্বয়ংজ্যোতির্ভবতিন। ৯॥

কোন কোনও বাদী পরশ্বেক সম্বন্ধ আপত্তি করেন যে, জন্ম ও মৃত্যুপ্রবাহে পতিত হইরা জীব যে স্থানে স্বপ্ন-জাগরণের মত সঞ্চরণ করিবে, সেই ইহলোক ও পরলোক বলিরা এই পুরুবের স্বতন্ত্র গন্তব্যস্থান কিছু নাই, তবে স্থপ্ন ও জাগরণ অবস্থা প্রত্যক্ষ দারা গৃহীত হর, স্বতরাং সে সম্বন্ধে কোন সন্দেহ থাকিতে পারে না। কিন্তু জন্ম-মরণ-স্থান ইহলোক ও পরলোক কোন প্রমাণ দারাই জ্ঞাত হয় না, অক্তঞ্জে এই স্থপ্ন ও জ্ঞাগরণই ইহলোক ও পরলোক পদবাচ্য।

ভাহার উত্তরে বলা যার যে, এ উক্তির উদ্দেশ্ত পুরুবের গুইটিই গস্তব্য স্থান, কিন্তু তৃতীয় বা চতুর্থ স্থান নাই। সেই ছই স্থান কি কি শু-এক এই প্রতিপন্ন অর্থাৎ বর্ত্তমান জন্ম, বাহা শরীরেক্সিয়ে বিষয়ামুভবসমবিতরূপে প্রতক্ষে করা गारेटिक धनः विजीव- नैतलाकजान, गारा मिटकियानि निर्माणित व्यक्त करें विश्व विष्य विश्व এইরপ নিষম করা সঙ্গত হর কিরুপে 🤊 উত্তর—না, তাহা স্বতন্ত্র স্থান নহে। जरद कि ?— ठाटा मुका, चर्याए हेटलाक ও প্রলোকের मिक अख्रुतानवर्खिनी অবস্থা। তাহাই তৃতীয় স্বপ্নস্থান। অবশ্য ইচাকে ধরিয়া অবস্থার ত্রিবিধ্ন আশকা হইতে পারে। পরস্ত স্বিস্থানের উভয়াংশত হেতু 'দে এর স্থানে' বলিয়া ছইটিমাত্র স্থানের অবধারণ করা অসমত হয় নাই। এথানে প্রশ্ন হইতে পারে যে, যে পরলোকস্থানকে ধরিয়া স্বপ্নস্থান সন্ধ্য হইবে, সেই পরলোকের অন্তিমে প্রমাণ কি? তাহার উত্তর এই—য়েহেতু পুরুষ দেই সন্ধি-বন্ত্রী স্বপ্নস্থানে অবস্থিত হুইয়া এই উভয় লোক ক্ষেবলোকন করে, এই জন্ত স্বীকার করিতে হইবে, পরলোক আত্মার অন্তত্তর লক্ষ্য। সেই উভয় কি কি পু এই স্থান (বর্ত্তমান জন্ম) ও পরলোক-স্থান। অতএব স্বপ্ন ও জাগরিত ব্যতিরিক্তও উভয় লোক আছে, পুরুষ বৃদ্ধির সমান হইয়া জন্মবর্ণ-ধারামুসারে সেই উভন্ন লোকে সঞ্চরণ করে, ইহা প্রতিপন্ন হইল। একৰে পুরুষ স্বপ্নাবস্থায় উপনীত হইয়া কাহাকে আশ্রম করিয়া ও কি প্রকারে উভয় লোক দর্শন करत, उৎमभूतम् উक इहेराउहा, अवन करा।

প্রথমতঃ কিরপে দর্শন করে অর্থাৎ কি কি দাধনসম্পন্ন হইরা পরলোকে গমন করে, সেই বিবরণ কথিত হইতেছে। এই পুরুষ গস্তব্য পরলোকে যাইবার নিমিত্ত যথাক্রম * অর্থাৎ যেরপ আশ্রম্বান্ হয়,—পরলোক-প্রাপ্তির উপান্নভূত যাদৃশ বিভা, কর্ম ও পূর্ব্ব-প্রজ্ঞা (সংস্কার) দাবা দুক্ত হয়, তথন অন্ক্রাবস্থাপন্ন বীজের মত জীবকে পরলোকে লইরা বাইবার জন্ম উন্তত্ত সেই বিভা, কর্ম ও সংস্কাররপ্রী আক্রমকে আশ্রম করিরা জীবুও ধর্মাধর্ম্বের পরিণামস্বরূপ উভয় লোক নিরীক্ষণ করিতে থাকে। ধর্মাধর্মের পরিণাম বিচিত্র, এজন্ম বছরচন প্রাক্ত হইলে। ভাছার অর্থ উভয় প্রকার, সেই উভন্ন প্রকার কি কি ? ভাছা ক্ষিত হইতেছে—ভাছা পাপ অর্থাৎ পাপদক। কারণ, সাক্ষাৎসহদ্ধে পাপের

শাক্রম—লাক্রণ করা যার বাহা বারা, ভাছার নাম আক্রম, অর্থাৎ আপ্রর ।
বাদুশ (বেরুপ) আক্রম ইহার, তাহা ব্যাক্রম, অর্থাৎ বেরুপ আঞ্রর (অরল্যা) আপ্রিত বরু।

দর্শন সম্ভব নহে; এজন্ত পাপ অর্থে পাপের ফল বলিতে হইবে এবং নানাবিধ আনন্দ অর্থাৎ ধর্মকন অ্থনমূলর। জনাত্তরে অনুভূত বিষয়ের বাসনামর এই উভর পাপ ও আনন এবং আগানা জন্ম-ভাবী যে সমস্ত কুল্ল কুল্ল ধর্মাধর্ম-দল, পুৰুষ তাহাও দেই সন্ধিদশায় ধর্মাধর্ম-প্রভাবেই হউক কিছা কোন দেবতার অনুগ্রহেই হউর্ঝ, দর্শন করিয়া থাকে। যুদি বল, কি উপারে यदम भन्नत्माक जावी भाभ ও जानन पर्नन कत्ना मखत ? जाहा वना हहेराउदह, বৈহেতু, ইহজনো অনুভবের অযোগ্য বিষয়সকরও স্বপ্নে দৃষ্টিপথে পতিত হর; আর এ কথাও বলিতে পার না যে, স্বপ্ন একটি অনমুভূতপূর্ব্ব বস্ত প্রত্যক্ষের অবস্থা। কেন না, প্রায়ই দেখিতে পাওয়া যায় বে, জাগ্রৎ অবস্থায় যাহা যাহা অনুভব করা যায়, স্বপ্লাবস্থায় তৎসমস্তেরই স্মৃতি হইয়[,] থাকে মাত্র, অতএব স্বপ্ন এবং জাগরিত স্থান বাতীতও উভয় লোক আছে, ইহা প্রতিপন্ন ट्रेन। जानका ट्रेटिट्ह त. शूर्व्स रा कथित ट्रेनाह, এই कार्या-कन्न-সজ্বাতাতিমানী জীব শহিশ্বগতে স্থিত আদিত্যাদি সমস্ত জ্যোতিঃ অন্তমিত হইলে স্বতম্ব আত্মজ্যোতির্ধারা লৌকিক ন্যবহার সম্পাদন করে, সেই অবস্থাই অসম্ভব, কারণ, আদিত্যাদি জ্যোতির অস্তগমন বা অভাবই হইতে পারে না:---বে অবস্থায় বিবিক্ত-(অসঙ্কীর্ণ) ভাবে এই আত্মজ্যোতিঃ উপলব্ধ হইবে, এবং ঘাহার সহিত এই শরীরেজিরসমষ্টি নিতা মিলিতভাবে উপলব্ধ হইতে পারে। অতএব বাহ্য-জ্যোতির অভাবকাল কথনই স্বীকার করিতে পারি না। এ কারণ আত্মজ্যোতির কথা যাহা বলা হইয়াছে, তাহা অসংকল্প, বাহজ্যোতির সম্পূৰ্ণ সম্পূৰ্কশুম্ভাবে জ্যোতীরূপী আত্মা কেহ নাই। যদি কুত্রাপি বাহ্ন-জ্যোতি:-সম্পর্কণুক্তভাবে আত্ম-জ্যোতির উপলব্ধি হইত, তাহা হইলে ভবং-ক্ৰিত উভয় লোকদৰ্শনাদি সমন্ত মানিতে পারিতাম। এই আশস্কার পরিহারের জন্ম শ্রুতি বন্ধং বলিকেছেন—দেই প্রস্তাবিত আত্মা যে সময়ে প্রস্নুপ্ত অর্থাৎ প্রকৃষ্টরূপে নিদ্রা অনুভব করে, তখন সে কি আগ্রয় করিয়া কিরুপে ত্বর থাকে ? অথাৎ কিরণে সেই সন্ধাস্থান প্রাপ্ত হয় ? এতহনুরে বলিতেছেন (ब, अहे (ब পরিদুর্ভ্তমান সর্বাবৎ * অর্থাৎ সর্বব্যবহারপালনকারী বিষয়ামুভব-गःबुक म्हिन्यममि, देशावरे धकाःन आकर्षण शृक्षक नरेवा अर्थाए वर्धमान

শ সর্বাবৎ — যে বন্ধ সর্ব্ধশ্রকার বাবহার অব—পালন করে, ভাষা সর্বাবৎ—
অর্থাৎ বিষয়াসুজনসংখুক এই কার্বাক গণনমন্তরাণী ইত্লোক ইত্বা অয়য়য়-প্রকরণে বিশেবরাপে
ব্যাখ্যাত হইয়াছে। অথবা সর্ব্ধ — তুত ভোতিক মাত্র সমূরর বে সময় বিস্তমান গাকে
(সল্বের প্রধান ভারণ)

ইত্রাহার নাম সর্বাব্ধ আর্থাৎ ইত্লোক।

জনসভুত বাসনা-বাসিত হুইরা অর্থই দেহপাত করত অর্থাৎ দেহকে জ্ঞানহীন (অচেত্ৰ) করত ও পুনঃ নেছের নির্মাণ পূর্বক যে অবস্থায় স্বরংজ্যোতির্মন-चक्रां वर्षमान शांदकन, जाशहे स्पृथि। এ इतन निष्ठ तन्हरिनात्मत अंजि निष्ठ आबादक कात्रण वना इरेश এर উদ্দেশ্যে—বেহেতু, জাগরিত দশারই দৈহিক বাবহার নিপাদনের জন্ম আনিত্যানি জ্যোতিঃ চকুরাদি ইন্তিরের অমুগ্রহ করিয়া श्रांदिन. धवः तम्हे तम्ह-वावहात्र आधात धर्माधर्म-करना शरकारणत निमिछ। व्याक्षात कर्त्यानतम इटेलारे अपरे तिरह भर्याभर्य-फलाजातात वितास वरि. जाहा আত্মার কর্ম-নিবৃত্তি-জনিত; হতরাং আত্মা ফলত: এই দেহের বিহস্তা বলিয়া অভিহিত হইয়াছেন। নিজেই মায়াময় শবীরের মত বাসনাময় স্বপ্রদেহ নিস্মাণ করিয়া পাকেন, এই নির্মাণ আত্মার কর্মাপেঞ্চিত। এই জন্ত স্বপ্নদেহকে পুরুষকৃত वना इट्रेन। जाहात भन्न औरिविषश्रश्रहणक्रभ स्रोत मौश्रि व्यर्थाए मर्व्यवामनामन অন্তঃকরণরত্তি প্রকাশ করত স্বযুপ্ত হন। যেহেতু, সে সময়ে জ্বান্ত্রার সেই निक्य (छा) मौथि विषयाकात्व मनस्य वामनाविशिष्ट हरेबा श्रकार भाव, त्मरे হেতু সে সময়ে উহা স্বয়ংভা বা স্বপ্রকাশ বলিয়া কথিত হয়, সেই বিষয়াকার স্বীয়তা এবং তৎপ্রকাশক নির্নিপ্ত স্বাভাবিক নিতাসিদ্ধজ্ঞানম্বরূপ জ্যোতি:-প্রভাবে, বাসনাময় প্রকাশকেও প্রকাশ করত প্রকৃষ্টরূপে স্বপ্নলাভ করেন। এই অবস্থাই সেই আন্মজ্যোতির নিদ্রা বা অযুপ্তি বলিয়া উক্ত হইয়াছে। এই অবস্থান্ন সেই পুরুষ নিজে দেই বাহু জ্যোতির সম্পর্কশুক্ত বিশুদ্ধ জ্যোতীরূপে প্রকাশ পায়।

আপত্তি হইতে পারে যে, আয়া যদি জাগরিত অবস্থারই মাত্রা (বিষয় সম্দর) গ্রহণ করে, তাহা হইলে তৎসম্পর্ক থাকিতে পুরুষ সে সময়ে শ্বয়ণজ্যাতিঃ হর কিরপে? উত্তর—এই আপত্তি হইতে পারে না। কারণ, সেই শ্বপ্লাবস্থার যে মাত্রা (বিষয়) গ্রহণ করে, ভাহা বিষয়বাসনাময়; অর্থাৎ প্রকাশস্বরূপ প্রকাশ্তন-প্রকাশকের ভেদ বশতই সে সময়ে পুরুষকে শ্বয়ণজ্যাতীরূপে প্রকাশন করান যাইতে পারে; নচেৎ প্রস্কৃত্তিকালের স্থায় অন্য কোন কালেই বিষয়সম্পর্ক থাকিতে তাহাকে উপলব্ধি করা যায় না। যে সময়ে সেই ভাঃ অর্থাৎ বাসনাময়ী দীপ্তি বিষয়রূপে উপলব্ধিনিষয় হয়, সে সয়য়ে কোষ-নিয়্ম্র অসির নাায় সমস্ত সংম্পর্শরহিত চক্ষঃ প্রভৃতি কার্যাকরণ সম্লয় হইতে পৃথপ্ত্ত, অব্যবহিত্তানশক্তিসম্পন্ন প্রুষ শ্বয় প্রেণানানশ্বভাবে জ্ঞাত হয়; সেই হেত্ই বলা হইয়াছে, এই সয়য়ে সেই পুরুষ শ্বয়ংক্যোতিঃ হয় য় ৯ য়

ন তত্র রথা ন রথযোগা ন পস্থানো ভবস্তাথ রথান্ রথযোগান্ পথঃ স্জতে ন তত্রানন্দা মুদঃ প্রমুদো ভবস্তা-থানন্দান্ মুদঃ প্রমুদঃ স্ক্জতে ন তত্র বেশান্তাঃ পুষ্করিণ্যঃ স্রবস্তাে ভবস্তাথ রেশান্তান্ পুষ্করিণী স্রবন্তা স্ক্জতে দ হি কর্তা ॥ ১০ ॥

বাদিগণ আত্মার স্বপ্নে সমুজ্যোতিভাব সম্বন্ধে এইরূপ আশ্বন্ধা করেন যে, এই স্বপ্নস্ত পুরুষ স্বয়ংজ্যোতি কিরুপে হন ? যেহেতু, জাগরণ অবস্থার ন্যায় স্বপাবস্থায়ও গ্রাহ্গ্রাহ্কাদি সমস্ত বাবহার পরিনৃষ্ট হয়, এবং চকুরাদি ইন্তিরের **অন্তগ্রাহক আদিতাঁ** প্রভৃতি জ্যোতিঃ সমস্তই জাগরণের মত বিষ্ণমান থাকে। তবে জাগরণ অপেকা স্বপ্নের "এখানে এই পুরুষ স্বয়ংজ্যোতিঃ হন"বলিয়া বৈশিষ্ট্য কি আছে? ইহার উত্তরে ভাষ্যকার বলেন যে, স্বপ্নদর্শনের জাগরণ অপেক্ষা যথেষ্ট বৈলক্ষণ্য আছে, তাহা এই যে, জাগরণ অবস্থায় আন্ম-জ্যোতিঃ ইন্দ্রিয়, বুদ্ধি, মন ও আলোক প্রভৃতির সহিত শত শত ব্যাপারে জড়িত থাকেন, কিন্তু এই স্বপ্নে ইন্দ্রিমের ক্রিমার অভাবে এবং ইন্দ্রিয়ামুগ্রাহক আদিত্যাদি বাছ আলোকাভাব বশতঃ আত্মাবিবিক্ত অর্থাৎ কেবল শুদ্ধ অবস্থায় অবস্থিত থাকে। এই হেতু স্বপ্লাবস্থা জাগরণ-অবস্থা হইতে সম্পূর্ণ পৃথক্। যদি বল, জাগরণ-অবস্থায় যে যে বিষয় যে যে ভাবে অন্নভূত হয়, স্বপ্নেও সেই সেই বিষয় সেই সেই ভাবেই উপলব্ধ হয়, তবে কিব্নপে ইন্দ্রিয়াভাব বলিব এবং তাহার অভাব বশতঃ অবস্থার বৈলক্ষণ্য স্বাকার क्रिव १ উত্তর—হ্যা, শুন। সেই স্বপ্নে দর্শনযোগ্য বিষয় অর্থাৎ রথাদি নাই, वर्षां अर्था वर्षां वर्षां अर्थानि नार्के और वर्ष-गम्यानी प्रथा नार्वे ; अर्थ **দেখিতে পাওরা যার যে, স্বগ্নে পুরুষ রথ, অখাদি এবং রথোপযোগী পথ সমস্তই স্বরং** স্ষষ্টি করে। রথাদি নিশ্বাণের উপকরণ কাষ্টাদির অভাবে কিরপে তাহা স্বষ্টি হয় ? ভাহার উত্তর—পুর্বেই উক্ত হইয়াছে যে, "আত্মজ্যাতিঃ সর্বোপকরণ-সম্পন্ন এই জাগরণ-অবস্থার মাতা (সংস্কার) নিগ্রহণ করিয়া এবং শরীরকে শ্বয়ং ব্যাহত किता श्रमक श्रमः निमानशूर्वक" देखानि । देशात चारतमा पर य, पर श्रमध्य অন্তঃকরণবৃত্তিই বাসনাময়া। যৎকালে অন্তঃকরণবৃত্তি পূর্ব্বদৃষ্ট র্থাদিসংস্কারে সংস্কৃতা रहेशा উপणन्तित्र कार्यन व्याख्न स्नीयकर्त्या जानिक रश्न, उथनहे तरहे त्रशानि-वागना দুক্তরণে সমূপে অবস্থান করে, তাহাই স্বয়ে দৃষ্টিগোচর হয়। "মুদ্ধ নির্মায়" এই

বাক্য দারা সেই ভাবই প্রতিপাদিত হইরাছে এবং রথাদি সমস্ত সৃষ্টি করে, ইত্যাদিও তাহারই বিস্তারমাত্র। বাস্তবিকপক্ষে বাসনা ব্যতীত সেই স্বপ্নকালে চক্ষুরাদি ইন্দ্রির, করণানুগ্রাহক স্থ্যাদিতেজঃ এবং তৎপ্রকাশ্র রথাদি বিষয় কিছুই থাকে না : কেবলমাত্র বাসনা (সংখ্যার) নিজের উপলব্ধির কারণ প্রাক্তন জীব কর্মচালিত হইয়া অন্ত:করণকে আ<u>শে</u>র করত দৃষ্টিপথে উদ্যাত হয়⁶। সেই সময়ে যে নিতাসিদ্ধ জ্ঞানশক্তিসম্পন্ন জ্যোতির ছারা উহা প্রকাশ পান, এথানে সেই আত্মজ্যোতিই কোষনির্দ্ধ,ক্ত অসির ন্যাঞ্চ শ্বরংজ্যোতিঃশ্বরূপে প্রকাশ পার, বলা হইরাছে। শেখানে যেমন গমনোপকরণ রথাদি থাকে না. তেমনই আনন্দ (স্থবিশেষ), মুদ-পুঞাদিলাভ-নিমিত্ত হর্ষ এবং প্রমুদ অর্থাৎ প্রকৃষ্ট পুঞাদিলাভন্ধনিত হর্ষ-বিশেষ, ইহার কিছুই থাকে না; অথচ তংকালে সেই আত্মজ্যোতিঃ আনন্দ প্রভৃতি সমস্তই সৃষ্টি করে। ঐরপ তৎকালে বেশান্ত-কুদ্র কুদ্র জলাশয়, পুষরিণী-তড়াগদকল, প্রস্রবস্তী-নদী দকল ইহাদের কিছুই থাকে না, অথচ বাসনামর বেশান্ত প্রভৃতি সকলই আত্মজ্যোতিঃ স্বষ্ট করে, তাহাঁ স্বষ্টি করিবার কারণ,—তিনি (আত্মা) কর্তা। তাঁহার কর্ত্ত কিরপে ্ তাহাও ক্থিত হইতেছে।—বেহেতু, সেই স্বপ্নে র্ণাদি সংস্কার্মশ্বী চিত্তবৃত্তির যে বিকাশ হয়, তাহার কারণ জীবের পূর্বাক্বত কর্মা ধর্মাধর্ম, এ কথা পূর্বোও উক্ত হইমাছে: এই ভাবেই সেথানে আত্মার কর্তৃত্ব ; নতুবা সাক্ষাৎসম্বন্ধে আত্মার কোন ক্রিয়া হইতে পারে না; যেহেতু, তথন কোনরূপই ক্রিষার সাধনসামগ্রী হস্তপদাদি नारें। अथह तम ममछ कातक रुखनानि ना शाकित्व किया रहेत्छ भारत ना ; কিন্ত বে জাগরণদশাৰ উহারা থাকে, সেই জাগরণকালে আত্মজ্যোতির বি সচেতন দেহেন্দ্রিরসমষ্টিই রথাদি-বাসনা স্থাষ্ট করে ও সেই সকল সংস্কার ष्यञ्चः कत्र नेमार्था अवश्विष्ठ इरेबा त्य अक्षकार्य देखि उर्शामन करन, त्यरे मध्यारतत्र কারণ কর্ম আত্মা হইতেই উৎপন্ন, একন্ত তৎকালে পরস্পরায় আত্মাকে কন্তা वना रहेबाहा। व विषय উপজ্যোক वाकाल श्रमान, खा- "आंश्रीमवाद्यः জ্যোতিষাতে" অর্থাৎ এই পুরুষ আত্ম-জ্যোতিছ বিবাই জাগ্রহকালীন ব্যবহারাদি সমত কর্ম করে। কিন্তু, ভাহাতেও চৈত্তাতা-কোতির চেত্নাস্কাদন বাতীত সাক্ষাৎসম্বন্ধে কর্ড্র নাই। যিনি চৈত্তময় আত্মজ্যোতির্বারা অন্তঃকরণকে সচেতন করত গেছেল্রিরের চৈত্তা সম্পাদন করেন, তাঁহা ছারাই প্রকাশিত হইয়া দেহেন্দ্রির কর্মে ব্যাপত থাকে, তথার আত্মার কর্ড্র উপচারমাত্র—বাস্তবিক नरह। धरे कछ वना इरेबाटक, दान वांक्षुष्टिए यदन इत-ए छिनि कर्प वारापुक

আছেন, তিনি ধ্যান করিতেছেন, সেই কথাই তাঁহার কর্ত্ব উত্তি হারা হেতৃভাবে প্রকাশিত হইল॥ ১০॥

তদেতে শ্লোকা ভবস্তি—সংগন শারারমভিপ্রহত্যাস্থওঃ স্থানভিচাকণীতি। শুক্রমাদায় পুনরেতি হ'ল্ড হিরথয়ঃ পুরুষ-একহন্দঃ॥ ১১॥

এই পূর্ব্বোক্ত বিষয়ে বক্ষ্যমাণ মন্ত্র সকল প্রযুক্ত হইয়া থাকে। বথা—তিনি স্বপ্নভাব গ্রহণ করত শরীরকে নিশ্চেট করেন অথচ স্বয়ং অন্থপ্ত অর্থাৎ অনুথ্য-জ্ঞানশক্তিসম্পন্ন থাকিয়া (পুরুষ) স্থপ্ত অর্থাৎ বাসনারপে উদ্ভূত ও অন্তঃকরণ-বৃত্তি আশ্রম করিয়া অবস্থিত সেই বাহ্য ও আধ্যাত্মিক সমস্ত বিষয়রাশিকে স্বীয় নিত্যসিদ্ধজ্ঞানশক্তি হারা দর্শন করেন, অর্থাৎ প্রকাশিত করেন। তিনি হিন্নগ্রম বস্তুর স্থান্ন ভাস্বর প্রভামর হৈতন্তক্ষ্যোতিঃসম্পন্ন এবং একহংস অর্থাৎ তিনি একাকীই জাগ্রৎ, স্বপ্ন এবং ইহলোক ও পরলোকাদিতে গমন করেন, আবার শুক্র অর্থাৎ (শুদ্ধ জ্যোতির্মন্ন) ইন্দ্রিয়বৃত্তি সকল অবলম্বন করিয়া পুনশ্রচ কর্ম্ম সম্পাদন করিবার জন্ম জাগ্রদ্দশার উপস্থিত হন ॥ ১১॥

প্রাণেন রক্ষমবরং কুলায়ং বহিন্ধুলায়াদম্তশ্চরিত্ব। দ ঈরতেহমূতো যত্র কামত হিরপায়ঃ পুরুষ একহত্ত্সঃ॥ ১২॥

সেই পুরুষ প্রাণ, অপান, বাান, উদান ও সমান এই পঞ্চর্ভিসুম্পন্ন প্রাণ ধারা অতি নিরুষ্ঠ, অনেক অশুচি-মল্যুলাদি-পূর্ণ *; স্বতরাং বীজৎস কুলাম্বরূপ দরীরকে পরিপালন করে অর্থাৎ জ্যোতিঃপূর্ণ রাখে; তাহা না হইলেই মৃত-ভ্রম হয়। কিন্তু নিজে ঐ দরীর-কুলাম্বের বহিদ্দেশে বিচরণ করিয়া স্বপ্ন দর্শন করে। যদিও দরীরমধ্যে গাকিষাই জীব অধ্বিদ্দান করে, ইহা ইন্তি সিদ্ধ, তথাপি দ্রীরস্থ আকাশের স্থান্ন ভাহাতে সম্বন্ধ নাই বলিয়া বহিদ্দেশে বিচরণ ভাহার,— এই কথা

 [&]quot;প্রামাধীলাওপ্টভারি:ভালারিধ াদপি। কার্যাধেরশৌচ্ছাৎ পাওতা হত্চিং বিহঃ।"
অর্থাৎ পাতিত্যন বক্ষামান-কাঃবে শঙারকে অভাচ বলেন, যথ:—শঙ্কীলার উৎপত্তিত্ব — অতি
কর্মধা করার। বীক্ত-ভক্ত-শোণিত; উপট্ভ- গারক — অতি প্রভৃতি; নিংভাশ---মলকুলাদিলার, নিধ্ন- রক্টইভানি।

উক্ত হইরাছে। সেই অনুত অর্থাৎ মরণধর্মবিহীন আত্মা কামনামূলারে সর্বত্তে গমন করে। ইহার তাৎপর্যা এই,—যে বে কাম্য-বিষয়ে পরিভৃত্তিলাভের জন্ত পুরুষের মনোবৃত্তি দকল উদ্ভূত হয়, স্বপ্নে বাসনারূপে উদ্ভূত সেই দেই কাম্য-বিষয়েই তিনি গমন করেন ॥ ১২॥

স্বপ্নান্ত উচ্চাব্চমীয়মানো রূপাণি দেবঃ কুরুতে বহুনি। উত্তেব স্ত্রীভিঃ সহু মোদমানো জক্ষত্নতেবাপি ভয়ানি পশ্যন্॥ ১৩॥

আবেও বলিতেছি,—ছাতিমান্ পুরুষ স্বপ্লান্তে—স্বপ্লদশার উচ্চোবচ—উচ্চ—দেবাদিভাব এবং অবচ—নিক্নষ্ট—তিহাগাদি অবস্থা প্রাপ্ত হইয়া, অসংখ্যের রূপ ধারণ করে; মনে হয়, যেন কথনও স্ত্রীগণের সৃহিত আমোদই করিতেছে, কথনও বা বয়গুগণের সহিত যেন হাসিতে থাকে, কথনও বা ভাষণ হিংস্রজন্ম সিংহব্যাঘ্রাদিই যেন দশন করিতেছে॥ ১৩॥

আরামমস্ম পশুন্তি ন তং পশুন্তি কন্চনেতি তন্নায়তং বোধয়েদিত্যাহুঃ। ছুর্ভিষজ্যত হাস্মৈ, ভবতি যমেষ ন প্রতিপন্ততে। অথো খন্নাহুর্জাগরিতদেশ এবাস্থেষ ইতি যানি হোব জাগ্রৎ পশুন্তি তানি স্থপ্ত ইতি। অত্যায়ং পুরুষঃ স্বয়ংজ্যোতির্ভবতি সোহহং তথ্যবতে সহস্রং দদাম্যত উর্জ্ণং বিমোক্ষায় জহীতি॥ ১৪॥

সমস্ত লোকই এই আত্মার আরমণ অর্থাৎ জাগ্রৎকালীন অকুভব ইইতে উৎপন্ন সংস্থারমন্ধ ক্রীড়নক ভোগের সাধন—গ্রাম, নগর, স্ত্রী ও অন্ধ প্রভৃতি সকলই দর্শন করে, অথচ ভাঁহাকে কেহই দেখিতে পান্ন না। প্রতি অজ্ঞানী লোকের প্রতি আক্ষেপ করিয়া বলিতেছেন যে, আছো! কি গ্রংথের বিষয়, জীব কি হতভাগ্য! যিনি এত বিশুদ্ধরশে এত দৃষ্টির সন্মুখীন, তথাপি তাঁহাকে লোকে দেখিতে পান্ন না। সেই আত্মাকে কেহই দুর্থন করিতে চাহে না,

স্বপ্নকালেই শুদ্ধ বৃদ্ধ মুক্তমভাব স্বয়ং জ্যোতির্ময় আত্মা প্রকাশ পার, ইহা প্রতি-পাদনই এই #ভির অভিপ্রায়। সেই স্কুপ্ত আত্মাকে হঠাৎ প্রবোধিত করিবে না, ইহা সাধারণ লোকেও বলিয়া থাকে। স্বপ্নে যে আত্ম-জ্যোতিঃ নি:সম্পর্কভাবে থাকেন, তাহাও লোক-প্রসিদ্ধ। কেন না, স্থপ্ত আত্মাকে সহসা বলপূর্বাক প্রবোধিত করিতে নিষেধ আছে। চিকিংসকগণও এইরুগ্র বলিয়া থাকেন ধে, স্বথে নিদ্রিত ব্যক্তিকে অসময়ে জাগাইবে না। নিশ্চয় তাঁহারা বুঝেন যে, তৎ-কালে আত্মা জাগুদেহ হইতে ইন্দিম বারা নির্গত হুইয়া বহির্দেশে থাকে, তাহা না হইলে নিজার ব্যাঘাত করিজে নিষেধ করিবেন কেন ? তাঁহারা বুঝিয়াছেন য়ে, নিদ্রার ব্যাবাতে অনেক দোষ আছে। দোষ এই বে, এই পুরুষ সহসা অত্যস্ত সম্বোধনাদি ৰারা প্রবোধ্যমান হইলে বহির্গমনের তার সেই ইক্রিয়গণকে সহসা প্রাপ্ত হন্ত্র না। তাই বলিয়াছেন মে, "ছর্ভিষজ্যং হাম্মে" ইত্যাদি। অর্থাৎ আত্মা যে ইব্রিম-মারদেশ হইতে শুক্র (বৃত্তি) আদান করিয়া নির্গত হইম্নাছে, যদি সেই ইক্রিয়-ছারদেশ পুন:প্রাপ্ত না হয়, কিম্বা বিপর্যায়ক্রমে ইক্রিয়ছারে প্রবেশ করে, অর্থাৎ অয়পাভাবে ইক্রিন্নের গ্রাহ্ম বিষয় উপলব্ধ করিতে প্রয়াস পায়,ভবে তল্লিমিত্ত অন্ধত্ব-বধিরত্বাদি দোষ উপস্থিত হইলে ভাহার অধিষ্ঠিত শরীরের চিকিৎদা অতি ত্বঃসাধ্য হর। অতএব লোকপ্রদিদ্ধিবশতঃও স্বপ্নে আত্মার স্বরংজ্যোতির্ম্মরত প্রতীত হইতেছে। বিশেষতঃ জীব স্বপ্লাবস্থা প্রাপ্ত হইয়া মৃত্যুর রূপদকল অতিক্রম করে; কাজেই আত্মা স্বপ্নে স্বরংজ্যোতির্ম্মর হয়। এ বিষয়ে অপরে বলিয়াছেন যে. আত্মার এই স্বপ্ন ও জাগরিত স্থান একই, ইহলোক ও পরলোক, সন্ধ্য বা স্বপ্নাবস্থা হইতে পৃথক্ একটা স্থান নহে, তবে তাহা কি ? ইহলোকই—জাগরিতাবস্থা। তাহাতেই বা কি ? তাহাও বলিতেছি, শ্রবণ কর, ইহার উদ্দেশ্য কণিত হইতেছে। যদি স্বপ্ন জাগরিত দেশ বলিয়াই স্থির হুইল, তাহা হুইলে এই আখ্রা দে সময়েও দেহেন্দ্রিশ্বন্যষ্টির অভিমান হইতে বিচ্তুত হয় না; প্রত্যুত তৎসমস্তের অভিমানেই আবন্ধ; সুতরাং দে সময়ে আত্মা বিশুদ্ধ জ্যোতিঃশ্বভাব নহে; আত্মার এই স্বয়ংজ্যোতিঃস্বভাব অস্বীকার করিবারু জন্মই কোন কোন বাদী স্বপ্লকেও জাগরিত দেশ বলিয়া সিদ্ধান্ত করেন। তাঁহারা এ বিষয়ে (স্বপ্লের জাগরিতাবস্থাপক্ষে) এইরূপ হেতুর উপস্থানও করেন যে, যেহেতু, দাধারণ লোকে স্বাগরণ অবস্থায় যে সমস্ত হন্তী প্রভৃতি পদার্থ দর্শন করে, স্থপ্ত হইশ্বাও তৎসমন্তই দর্শন করে, ইত্যাদি। কিন্তু তাঁহাদের এই মত সঙ্গত নহে ; কারণ, যে সমন্ত সমস্ত ইন্দ্রির উপরত (নিক্রিয়) **ब्हेबा शांक, हेक्किबन्न जिलवं ब्हेरनहें की व चन्न मन्मर्गन करब।** कार्क्ड विनिष्ठ

হইবে দে, সে সময়ে আল্ল-জ্যোতিঃ ব্যতিরেকে আর অন্ত জ্যোতিঃর সভাবনা নাই। এই জন্তই পূর্বে শুতি বলিয়াছেন, "ন তত্র রখা রথবোগাঃ" অর্থাৎ रमशास तथ मारे अवः तथरमाग—अशामि । मारे, रेजामि । सारे राजुरे विनाउ रुष त्व, यश्चकात्म भूक्षम सबर्रे ज्याजिः सङ्घाव रुष ; यश्च-मृष्टोख बाता रेहारे अमन्ति হইয়াছে এবং আত্মা যে কংকালে মৃত্যুর রূপ অতিক্রম করে, তাহাও কথিত হই-রাছে। একই আয়া ইহলোক ও পরলোকগত শরীর হইতে বিভিন্ন অথচ ম্থাক্রমে ইহলোকে ও পরলোকে জাতাং অবস্থা ও স্বপ্লাবস্থায় সঞ্চরণ করে: সেই সম্বস্ত স্থানে এক আত্মাই ক্রমে গমনাগমন করে বলিয়া আত্মার নিতাত্ব যাজ্ঞবন্ধ্য প্রতি-পাদন করিলেন ৷ এই স্বরংজ্যোতি আত্মার স্বরূপ প্রতিপাদন করায় জনক রাজা বিষ্কালাভের প্রতিদানের স্বরূপ সহস্র গো দান করিতে প্রতিশ্রুত হইলেন। তাৎ-পর্যা এই যে, আমি আপনার নিকট এইরূপ জ্ঞানলাভ করিলাম, এ জন্য আপ-নাকে সহস্র গো দান করিতেছি, কিন্তু বিমোক্ষ (নির্মাণ)ই আমার অভিপ্রেত কাম-প্রশ্ন। স্বীকার করি, যাহা যাহা বলিয়াছেন, সে সমূদরও মোঁক্ষের উপযোগী বিধার উক্ত উপদেশ দকলও অভিনবিত প্রশ্নের একদেশ: অতএব আমি আপনাকে অনুনয় করিতেছি বে, সমস্ত কাম-প্রশ্ন-শ্রবণে যাহাতে মুক্তি লাভ করিতে পারি, অতঃপর সেই মোক্ষনাভের নিমিত্ত উপদেশ করুন. অর্থাৎ ষাহা দারা সংসার হইতে মুক্ত হইতে পারি, তাহা বলুন। মুক্তির একাংশ নির্ণয় হওরার জনক এই সহস্র গোলানে প্রতিশ্রত হইরাছিলেন ॥ ১৪ ॥

স বা এষ এ চন্মিন্ সম্প্রদানে রক্বা চরিকা দৃক্টের পুণাঞ্চ পাপক পুনঃ প্রতিভাষ- প্রতিবোভাহহদ্রবিত স্বপ্রায়ের স্যত্ত্র কিঞ্চিং পশ্ম ত্যনম্বাগ চন্তেন ভব্ত্যসঙ্গো হ্যং বন্ধন ইতে-বমেবৈ ত্রমাজ্যবন্ধা। সোহহং ভগবতে সহস্রং দদাম্যত উর্দ্ধি বিমোক্ষায়ের ক্রহীতি॥ ১৫॥

ইতঃপূর্বে "আম্বনৈবারং জ্যোতিবাংহত্তে" বনিরা বে আত্মজ্যোতির প্রভাব করা হইরাছিল, তাহাই স্থপাবস্থা ধরিরা "অত্রারং পুরুষঃ স্বরংজ্যোতির্ভবতি" এই বাক্য ধারা প্রত্যক্ষতঃ প্রতিপাদিত হইরাছে। কিন্তু আশ্বরণ হইতেছে বে, জীব স্থপাবস্থা প্রাপ্ত হইরা ইহলোক, মৃত্যুর রূপ প্রাকৃতি অভিক্রম করে, এই উক্তি সমীচীন মনে হর না; কারণ, আত্মা স্বথে কেবল মৃত্যুর রূপই অতিক্রম করে, কিন্তু সাক্ষাং মৃত্যুকে অতিক্রম করিতে পারে না; বেহেতু, ইহা প্রত্যক্ষসিদ্ধ বে, স্বপ্নে আত্মা শরীর ও ইন্দ্রির হইতে দ্রে অবস্থিত হইরাও হর্ষশোকাদি হইতে অব্যাহতি পার না। অত্তএব নিশ্চমই মানিতে হইবে যে, স্বপ্নদশার প্রুষ মৃত্যু অতিক্রম করে না, ফেছেতু, তৎকালে আত্মার কর্মারপী মৃত্যুর কার্য্য হর্ষভ্রমাদি লক্ষিত হয়। আর যদি বল বে, প্রুষ শ্বভাবতই মৃত্যুর সহিত সম্বন্ধ, তাহা হইলে আর আত্মার মোক্রের সম্ভাবনা কি ? কেন না, কেইই কথন স্বীয় স্বভাব পরিত্যাগ করে না, কিন্তু যদি মৃত্যু তাহার স্বভাব না হয়, তাহা হইলেই মৃত্যু হইতে প্রুষ্কের মৃত্তিও সম্ভব হইতে পারে। এই জন্য মৃত্যু যে স্বাভাবিক ধর্ম নহে, তৎপ্রদর্শনার্থ অভংগর 'মৃত্যির উপার বলুন' এইরূপে জনক কর্ত্বক পৃষ্ট হইয়া যাজ্ঞবন্ধ্য জিজ্ঞাদিত বিষয় প্রদর্শনের নিমিত্ত বিশিত প্রত্য হইলেন।

যাজ্ঞবন্ধ্য বলিলেন যে, ইনিই সেই পূর্ব্ধ-প্রস্তাবিত স্বয়ংজ্যোতিঃ-স্বরূপ পুরুষ — থিনি বংগ প্রদর্শিত হইয়াছেন। এই সম্প্রসাদে অর্থাৎ সম্যুক্তরূপে প্রসন্ধতার ,মাধার স্বৃত্তিকালে আত্মা সম্পূর্ণ শান্তিলাভ করে; কারণ, জাগ্রৎকালীন দেছে-ব্রিম্ব-সম্পর্কে শত শত ক্রিমার আকুলতা-জনিত মালিত ত্যাগ করিয়া অর্থাৎ उৎসমস্ত হইতে निमुक्त হইরা স্বপ্রদশার অরমাতার প্রসর হয়, কিন্তু এই স্বযুগু দশার সম্পূর্ণরূপে প্রসন্ন হয়, এই কারণে স্কুম্ব অবস্থাকে সম্প্রসাদ বলা হইয়াছে। ইহার পরে শ্রুতি বলিয়াছেন, "তীর্ণো হি তদা সর্কান শোকানু ভবতি।" অর্থাৎ সেই সময়ে (সুৰ্প্তিতে) আত্মা সমস্ত শোক হইতে উত্তীৰ্ণ হয়, 'স্বিলাস একই আত্মা দৰ্শন করিয়া থাকে' ইত্যাদি বাক্য পারা সুষ্পিত্ত আত্মার বিষয় বর্ণিত হইবে। একণে, সুবুপ্ত অবস্থার থাকিরা আআ কিরপে সম্প্রসর হয়, তাহাই বৰ্ণিত হইতেছে। স্বপাৰস্থা হইতে সুষ্ঠি অবস্থান প্ৰবেশেচ্ছু আত্মা স্বপ্নাবস্থান্ন নানাবিধ রতি (আনন্দ) অমুভব করিন্না অর্থাৎ মিত্র ও আত্মীন-জনের দর্শনাদি ছারা ভৃপ্তি লাভ করিয়া পরে বছপ্রকারে বিচরণ করত পরিশ্রান্ত হন। তৎকালে আত্মা ঐ সকল বন্ধজনের সহিত বিহার প্রভৃতি কার্যা মাত্র প্রত্যক্ষ করে, বাস্তব ক্রিয়া নাই, অহতুতি হইতেই আন্মার প্রান্তি উৎপন্ন हम। एथु जाहाहे नाह, आंखा जलकाल भूगा (भूगुमन) उ भाभ (भाभकन) मकन वर्गन करत, किन्दु माक्नारमधरक श्रवः भूगा ७ भाभकर्णात्र श्राहत्व करत् ना. इंडब्रां: उरकानीन भूगीभाभ बाजा मः क्हें इब ना, त वाकि भूगा ७ भाभक्रतक

ক্রিবার অনুষ্ঠান করে, সেই ব্যক্তিই ঐ পূণ্য-পাপে লিপ্ত হয়, কেবল জ্ঞানমাত্রে কেছই তত্বারা লিপ্ত হয় না, অতএব স্বপ্লাবস্থা প্রাপ্ত হইয়া কেবল যে মৃত্যুর রূপ অতিক্রম করে, তাহা নহে, সাক্ষাৎ মৃত্যুকেও অতিক্রম করে। অতএব আর মৃত্যকে আত্মার স্বাভাবিক ধর্ম বলিয়া আশহা করিতে পার না। মৃত্যু বদি আত্মার স্বভাবই হইত তবে স্বপ্নেও সে আত্মার অক্সদরণ করিত ; কিন্তু তাহা কথনও করে না। কর্ম যদি আত্মার স্বভাব হইত, তাহা হইলে কথনই তাহা হইতে মুক্তি হইতে পারিত মা। অতএব স্বপ্নে ক্রিয়ার অভাববশতঃ কর্ণ আত্মার স্বাভাবিক ধর্ম নহে রলিতে হইবে। স্নতরাং মৃত্যুরূপ পুণাপাপ হইতে আত্মার মোক্ষ হওয়া অসম্ভব নহে। যদি বল, স্বপ্নে না হউক, জাগরণ অবস্থায় কর্ম আখার স্বভাবই বলিব ? উত্তর—না. তাহাঁও উপাধিকত, বাস্তব নহে। কেবল বৃদ্ধির সাদৃশ্রবশতই যেন ধানি করে, বেন চঞ্চল বলিয়া প্রতীত হয়, এ কথা পূৰ্ব্বেই "ধ্যায়তীৰ লেলায়তীৰ" এই বাক্যে প্ৰতিপাদিত হুইয়াছে। অত্এৰ সর্বতোভাবে মৃত্যুরূপ অতিক্রম করে বলিয়া মৃত্যুঁকে আত্মার স্বাভাবিক ধর্ম আশকা করিবার কিয়া মুক্তিলাভের অসম্ভাবনা ভাবিবার কারণ নাই। পূর্ব্বোক্ত সম্প্রদাদে বিচরণ অর্থাৎ বিচরণ-ফল পরিশ্রম অন্তুড্ব করিয়া, সম্প্রদাদ অফুভবের পর পুনর্কার প্রতিষ্ঠায়ে অর্থাৎ যেরূপে স্বগ্ন হইতে মুষ্প্তি অবস্থায় গমন করে, তাহার বিপরীতক্রমে সুষ্প্তি হইতে স্থপদশায় আগমন করে। এইরূপে প্রতিযোনি অর্থাৎ ফ্রান্তানে স্বপ্রস্থান হইতে সুষ্ঠি প্রাপ্ত হয়, পরে তাহা হইতে পুনর্জার স্বপ্নোদেশ্রে ব্রথানিয়মে প্রত্যাবর্তন করে।

বদিচ আশক্ষা হইতে পারে যে, আত্মা ব্রপ্নে পূণ্য ও পাপ কিছুই করে না;
অথচ কেবল তাহার ফলই ভোগ করে, ইহা কিরপে জানা বাইবে ? পকাস্তরে
বলা যার, বরং জাগরণ অবস্থায় যেরপ করে করে, বপ্নেও ঠিক তেমনই
কর্মা করে; উভরের কোন প্রভেদই দেখা যার না। ইহার উত্তরে শ্রুতি বলেন
যে, আত্মা ব্রপ্নাবস্থার যাহা কিছু পূণ্য-পাপের কল — পূজলাভ, নরকাদি দর্শন
করে বা কোন কর্মা করে, আত্মা সেই সুমন্ত ব্রপ্ন দৃষ্ট বা রুত পূণ্য ও পাপে
বস্তুত: সম্বন্ধ হয় না। ব্রপ্নাবস্থার আত্মা যদি যথার্থই কোনরূপ কর্মা করিত,
তাহা হইলে অবস্তুই তত্তৎকর্ম্মে সংস্কৃত্ত হইত এবং ব্রপ্নভঙ্গের পরও সেই সকল
পূণ্য-পাপ আত্মার অনুগামী হইত অর্থাৎ জাগ্রদ্দার ভাহা প্রভ্রেক্ষ করিত,
কিন্তু ব্রপ্নকৃত কর্মা যে কাহারও জাগ্রদ্দার অনুসরণ করে, তাহা ইহলোকে
কোশারও কাহারও হইরাছে বলিয়া প্রসিদ্ধি নাই। কৈ, কেহই ব্রপ্নকৃত অপরাধ

খারা আপনাকে অপরাধী মনে করে না এবং তাহার স্বপ্নন্ত অপরাধ শ্রবণে কেছ তাহাকে নিলা বা পরিহাদও করে না। অতএব আত্মা অগ্রহত অপরাধ থারা কথনই সংস্ঠ হয় না, ইহা ঠিকই। এই জন্ম বলা হইয়াছে বে, স্বংগ আয়া বেন কিছু করিতেছে বলিয়া প্রতীতি হয় মাত্র; বস্তুতঃ সেথানে কোন ক্রিয়াই नारे, এবং পূর্বেও "উত্তেব স্ত্রীভিঃ সহ মোদমানঃ" অর্থাৎ যেন স্ত্রীগণের मश्चि आत्माम कविराज्छ, रेजामि आक्ष छक रंरैबाछ । स्राव वस्नावाख স্বপ্ন-বুত্তান্ত বলিবার সময় স্বাপ্নবৃত্তান্তের অসত্যতা জ্ঞাপনার্থ "ইব" (যেন) শব্দ প্রয়োগ করিয়া থাকেন অথাং "আজ স্বপ্নে দেখিলাম, হস্তা সকল যেন দলবন্ধ हरेबा अधारिक हरेटकटह" हेजानि विज्ञा शास्त्रन; हेश बाता अक्षनेनी आंखांत्र কর্ত্ব নাই, ইহা প্রতিপন্ন হুইল। স্মান্ত্রার কর্ত্ব না থাকিবার কারণ এই,---মূর্ত্ত বা পরিজিছন'দেহে ক্রিয়ের সহিত মূর্ত্ত পদার্থের যে সংক্ষেষ, তাহাই সর্বর্জ ক্রিরার হেতুরূপে দৃষ্ট হয়, কিন্তু কথনও মৃত্তিহীন পদার্থের ক্রিয়া জ্ঞানগোচর হয় না। আমাদের আলোচ্য আল্লা মৃতিহান; মৃতরাং অসঙ্গ; আর বেহেতু অসন্ধ, এই জন্মই স্বপ্নদৃষ্ট পাপও পুশা পদার্থের সহিত নিশু হয় না। স্বতএব কোন-क्रार्थि यात्र व्याञ्चात कर्ड्य माधन कर्ता यात्र ना। (कन ना, कर्ड्य एन्टरिक्ट स्तर সম্পর্কবশতঃই জন্মে, অন্তথা নহে; অথচ সেই সংশ্লেষ বা সম্পর্ক অসঙ্গ অমুর্ভ আশ্বার পক্ষে একবারে অসম্ভব; অতএব এই প্রুষ অকর্তা ও অবিনশ্বর, ইহা প্রতিপন্ন হইল। জনক এই কথা প্রবণ করিয়া বলিলেন যে, হে পূজা যাজ্ঞবন্ধা। আপনি বাহা বলিয়াছেন, তাহা এইরপই বটে। আপনার অনুগ্রহে আমি জ্ঞানলাভ করিয়া চরিতার্থ হইয়াছি, আপনাকে বহস গো দান করিতেছি। আপনি অতঃপর মোক্ষ সম্বন্ধেই উপদেশ কঞ্ন। কারণ, কর্মবিচার বা षाचात कर्षतम्भकंगुज्ञा सार्क्य धकाःग माज अवर्गिंड रहेग्राह्म, जाश জানিবার আবশুকতা নাই, একণে মোকের বর্ণনাই হউক॥ ১৫ ॥

স বা এম এতস্মিন স্বধে রত্বা চরিত্বা দুটেন্টুর পুণ্যঞ পাপঞ্চ পুনঃ প্রতিভাষ্ প্রতিষোভাহহদ্রবতি বুদ্ধান্তায়ৈব। দ যত্ত্ৰ কিঞ্চিৎ পশাত্যনম্বাগতন্ত্তন ভবত্যদক্ষে হয়ং পুৰুষ ইত্যেবমেবৈতদযাজ্ঞবক্ষ্য। সোহহং ভগবতে সহস্রং দদামতে উৰ্দ্ধং বিমোক্ষাট্ৰয়ৰ ক্ৰহীতি॥ ১৬॥

পুর্বোক্ত শ্রুতিতে "অসঙ্গো হয়ং পুরুষঃ" বলিয়া আত্মার অকর্ছরের প্রতি অসঙ্গর হেতু নির্দিষ্ট হইয়াছে।

আরি এ কথাও উক্ত হইরাছে যে, পুরুষ প্রাক্তন কর্মবশে যেখানে যাইতে কামনা করে, দেখানেই যার; এই কাম ও আসক্তি একই পদার্থ, স্কুরাং কামনারূপ আসক্তি বিভ্যান থাকার "অসঙ্গো হরং পুরুষং" বলিয়া যে অসঙ্গতা আয়ার অকর্ত্তের হেতুরপে উপক্তন্ত হইরাছে, তাহা অসির। বাস্তবিক হেতুর অসিদ্ধি নাই, তাই এই আশক্ষার সমাধানার্থ শ্রুতি যাজ্ঞবন্ধ্যান্থ বলিলেন, মহারাজ! আয়া অসঙ্গই; দেখ, সম্প্রদাদ (হ্রমুপ্তি) হইতে প্রত্যাগত সেই পুরুষ স্বা্থকালে ইচ্ছান্ত্র্যারে রতি (আনন্দ) অন্তব করিয়া ও বিচরণ করিয়া এবং পুণা ও পাপস্করপ পুত্র ও নরকাদি দশন করত ব্রুষ্টি অর্থাৎ নিজ জাগরিত স্থানে স্বা্থ হইতে শ্রুম্থির মত গমনের বিপরীত-ক্রমে প্রত্যাগমন করে। এই জন্ম আয়াকে অসঙ্গ বলিতে হর; কারণ, যদি সম্প্রে কামনাবান্ পুরুষ যথার্থই পুণা-পাপে সংস্কৃত্ত হইত, তবে জ্বাগরিতাবস্থায় প্রত্যাগত হইয়া অবশ্রুই সেই আসঙ্গ সমুংপন্ন পুণা-পাপ দ্বারা লিপ্ত হইত॥ ১৬॥

স বা এষ এত স্মিন্ বুদ্ধান্তে রক্ব। চরিত্ব। দৃটেট্রব পুণ্যঞ্চ পাপঞ্চ পুনঃ প্রতিভায়ং প্রতিযোভাইইদ্রবতি স্বপ্রান্তা-যৈব ॥ ১৭॥

একণে পূর্বোক্ত স্থাকালীন অবস্থাকে দৃষ্টান্ত করিয়া জাগারণদশায়ও আত্মার নির্লিপ্ততা প্রদর্শন করিতেছেন।—আত্মা স্থাকালে বেরূপ অসক্ত্ম বিধায় জাগ্র-দশার প্রত্যাগত হইয়াও স্থাকালীন পূণ্যপাপরাপ্ত দোষ ধারা লিপ্ত হয় না, হয়প জাগারণকালেও বস্তু-সঙ্গ-জনিত দোষ ধারা স্পৃষ্ট হয় না, ইহাই এই ব্রাহ্মণে বর্ণিত হইতেছে।—সেই আত্মা এই জাগারণদশায় ইচ্ছামুসারে নানাবিধ প্রীতি অক্তব করিয়া ও বিচরণ করিয়া এবং পূণ্য ও পাপ কেবলমাত্র দশনকরিয়া, কিন্তু নিজে তাহাতে লিপ্ত না হইয়া, প্রশ্চ স্থানাবছালাভের জন্ত বিপরীতক্রমে ধ্যান্থানে সমাগত হয়। গুরু তাহাই নহে, সেই জাগরণ অবস্থার যাহা কিছু দশন করে, তন্ধারা লিপ্তও হয় না, যেহেতু, এই পুরুষ (আত্মা) অসক্ষ। জিল্লাসা হইতে পারে যে, আত্মা জাগ্রন্দশার প্রশ্নে ও পাপ দর্শন করে

মাত্র, ভোগ করে না, ইহা সম্ভব কি ? কারণ, বাস্তবিক দে সময় পুণা-পাপ আচরণ করে, এবং ভাহার ফল ও স্থ-তঃগ ভোগ করে দেখা যায়। উত্তর-না, সে সময় অক্তান্ত ইব্রিয় ও হস্তপদাদি কারকরাশির চৈত্রতিধায়ক বিধায় **দাস্মাকে কর্ত্তা বলিয়া ব্যবহার করা হইয়া** থাকে দাত্র; অর্থাৎ য়েহেতু, এই দেহেন্দ্রিরসমষ্টি আত্ম জ্যোতিছবিরা সচেতন হইয়া লৌকিক ব্যবহার নিস্পাদন করে, দেই কারণেই আত্মাতে কর্তৃত্বধর্ম আরোপিত হয় মাত্র; নচেৎ তাহার বাস্তব কর্ত্ত নাই। এ জন্তই পূর্বের্ন "ধ্যায়তীব লেলায়তীব" বলিয়া আত্মার वृक्तिक्रण डेणांविक्रच कर्ड्च निर्किष्ठे इहेबाएह धरा धरात्म "मृदेहेन পাপঞ্চ পুণাঞ্চ" অর্থাৎ পুণা ও পাপমাত্র দর্শন করিয়া, অহুষ্ঠান করিয়া নহে বণিয়া পারমার্থিক কর্তৃত্ব নিষিদ্ধ হইয়াছে। অতএব পূর্ব্বাপর বিরোধও আশক্ষনীয় নহে। এ কথা ভগবান বেদব্যাসও বলিয়াছেন যে, "অনাদিড়া-রিগুর্ণস্থাৎ পরমাত্মান্ত্রমব্যর:। শরীরস্তোহপি কোত্তের ন করোতি ন লিপ্যতে।" অর্থাৎ হে কোন্তেম ! (অর্জুন !) ধেহেতু, পরনায়া অনাদি ও নিও ণ : অতএব তিনি অবায়, অর্থাৎ উৎপত্তিশীল দগুণ বস্তুর স্থায় কালবশে গুণরাশির বুদ্ধি ও ঞ্জাসবশতঃ তাঁহার ব্যয়-(বিকার) সম্ভাবনা, নচেৎ বান্তব বিকার নাই, এই জন্ম তিনি অব্যয়। আর এই অনাদিত্ব ও নির্গুণ্ড নিমিত্তই আ্থা শরীরে বর্তমান থাকিয়াও দৈহিক ক্রিয়ার কর্তা হন না; কারণ, ঐ ক্রিয়া গুণের সম্ভব আবার নহে, পরকৃত কর্মে অপরের জাবদ্ধতা অসম্ভব, এই জন্ম বলা হইল যে, তিনি তৎসমন্ত দারা লিপ্তও হন না।

পূর্বে যেমন মোকৈকদেশ কর্মবিবেক প্রদর্শনমাত্র সহস্র গোদান উক্ত হইয়াছে, এথানেও তেমনই মোকৈকদেশ কাম-বিবেক প্রদর্শিত হওয়ায় সহস্র গোদান প্রতিশ্রত হইল। আর, "ন'বা এতিমিন্ স্বপ্নে" ও "ন বা এতিমিন্ বৃদ্ধান্তে" এই শ্রুতিষর মারা আহার নির্নিপ্ততাই প্রতিপাদিত হইয়াছে। যেহেতৃ, স্বপ্নান্ত ও সম্প্রদাদ অর্থাৎ স্বপ্ন ও স্বর্প্তি-গত আহ্বা জাগরণ অবস্থায় ক্বত কোন কর্ম মারাই নিপ্ত হয় না; যেহেতু, তৎকালে জাগ্রৎ কার্য চৌর্যাদি কিছুই অন্ত্রিত হয় না স্বতরাংই আহ্বা তিন অবস্থায়ই অসক্ষ এবং এই অসক্ষ হেতুই অমৃত অর্থাৎ জাগ্রৎ, স্বপ্ন ও স্বর্থিকালীন ধর্ম হইতে বিলক্ষণ। আহ্বা পূর্ববিৎ বিপরীভক্রমে স্বপ্নান্ত অর্থাৎ সম্প্রদাদের জন্ম ধাবিত হয়। এথানে শ্রুতিম্ব 'স্বান্ত্র' শব্দের অর্থ 'স্বৃন্তি'ই বৃন্ধিতে হইবে; কারণ, বছস্থলে স্বপ্ন শব্দ স্বপ্নকালীন দর্শনস্তি অর্থে প্রযুক্ত হইয়াছে, অন্ত শক্ষ বৈশিষ্টাবোধক, স্তরাং সম্পাদার্থ এই বে— স্বপ্নকালীন দর্শনবৃত্তিসম্পন্ন স্বৃধি অবস্থা লাভের জন্ত আত্মা স্বপ্ন হইতে স্বৃধিতে গমন করে। অতঃপর 'এতসা অস্তান্ধ ধাবতীতি' ইত্যাদি শ্রুতিতেও অস্তর্শক স্বৃধি অর্থে প্রবৃক্ত হইবে। যদি বল যে, আত্মা রমণ ও বিচরণের পর স্বপ্ন ও জন্তাং এই তুই স্থানে উপস্থিত হয়, এই তুই স্থানে স্বপ্ন অর্থে অস্তর্শকের প্রের্মাণ দর্শনে কয়না করা যায় বে, 'স্বপ্নান্তানৈব' ইত্যাদি স্থান্ত দর্শনবৃত্তিই স্বপ্নদর্শন অর্থে বক্তব্য, ইহাই শ্রুতির ভাৎপর্য্য বলিব উত্তর—তথাপি কোন দোব নাই; কেন না, আত্মার অসক্ষতা-প্রতিপাদনই আমাদের উদ্দেশ্য, আত্মার সেই অসক্ষত্র স্বভাবসিদ্ধ; কারণ, জাগরণকালে পুণ্য-পাপদর্শন ও আনন্দান্ত্রত্ব করত স্বপ্নান্তে উপস্থিত হইরা জাগ্রৎকালীন কোন দোবে বিপ্ত হন না, ইহা শ্রুতি প্রতিপাদন করিক্ষাছেন ॥ ২৭ ॥

তদ্যথা মহামৎস্য উত্তে কুলে অনুসঞ্চরতি পূর্ব্বাঞ্চা-পরকৈবমেবায়ং পুরুষ এতাবুভাবন্তাবন্তুসঞ্চরতি স্বপ্নান্তঞ্চ বুদ্ধান্তঞ্চ॥ ১৮॥

এতাবংবাক্যে ইহাই স্থির হইল যে, পুক্ষ স্বশ্বংজ্যোতিঃস্বভাব, দেহেজিরসমষ্টি হইতে স্বতন্ত্র এবং দেহেজিরনিপান্ত কামনা ও কর্মা হইতে স্থান্ত্র স্বাহিত;—যেহেতু, তিনি অসঙ্গ। আত্মার এই অসঙ্গন্ধও "স বা এষ এতস্মিন্ সম্পাদাদে" ইত্যাদি শ্রুতিত্রর বারা প্রতিপাদিত হইমাছে।

সে বিষয়ে আপতি হইতেছে যে, আত্মার এই অসক্ষত্ব কি প্রকারে সন্তব ? তাহার উত্তরে বলিতেছেন,—"বেহেতু, জাগরিত অবস্থা হইতে স্বপ্ন, স্বপ্ন হইতে স্বপ্ন প্রকার জাগরণ হইতে অপর স্বপ্ন এইরূপ বল-স্বৃত্তি-ক্রমে, আত্মা অনবরত সক্ষরণ করেন, অত্রব স্থানতার হইতে আত্মার পার্থক্য এবং আত্মার অসক্ষত্ত সাহিত হইরাছে। ইতঃপুর্বেও "রপ্রো ভ্রেমং লোকমতিকামতি" বলিয়া স্থপাবস্থার আত্মার মৃত্যুর রূপ হইতে পরিত্রাণ উপক্রম হইরা পরে বিস্তারিতরূপে প্রতিপাদিত হইরাছে; এক্ষণে কেবল তাহার দৃষ্টান্তগ্রেশন অবশিষ্ট, তাহাই দেখাইবার জন্ম এতি উপক্রম করিতেছেন যে,—বেমন নদী-স্রোতে অবিচলিত মহামৎশ্র বারি-প্রবাহ প্রতিহত্ত করিঃ। নদীর পুর্বাপর উভয়ক্লে সক্ষরণতাবে সক্ষরণ করিলেও তার্যার্ভী স্রোভাবেগের পরবল হর না, প্রক্রপ্ত ঠিক্ এইরূপই স্বপ্নান্ত

(স্বপ্ন) ও বৃদ্ধান্ত (জাগরণ) এই ত্বই অবস্থায় সঞ্চরণ করে। এই দৃষ্টান্তপ্রদর্শনের ফল,—দেহেন্দ্রিয়-প্রযোজক কাম ও কর্ম এবং মৃত্যুরূপী দেহেন্দ্রিয়-সমূদ্র ইহার। আস্ম-ধর্ম নহে এবং এই আস্মা এই সমূদ্রের বিধর্মী—বিপরীত স্থভাবসম্পন্ন, এই জ্ঞানের উৎপাদন। ইহাও পরে বিস্তৃতরূপে প্রতিপাদিত হইবে॥ ১৮॥

তদ্যথা সিমাকাশে স্থোনো বা স্থানো বা বিপরিপত্য প্রান্তঃ সংহতঃ পক্ষো সংলয়া য়ৈব প্রিয়ত এবমেবায়ং পুরুষ-এতস্মা অন্তায় ধাবতি যত্ত্ব স্থাপ্তোন কঞ্চন কামং কাময়তে ন কঞ্চন স্বপ্তং পশ্যতি॥ ১৯॥

পরবর্ত্তী বাক্য উত্থাপনের জন্ম পূর্ব্বাপর শ্রুতির সম্বতি প্রদর্শিত হইতেছে। পূর্বেজাগ্রং, স্বপ্ন ও সৃষ্থিরূপ স্থানত্রে ক্রম-সঞ্চরণ থারা দেহেক্রিরব্যতিরিক্ত স্বয়ংজ্যোতিঃস্বরূপ আত্মাকে কাম ও কর্মের সহিত অসম্পূক্ত বলিয়া দেখান হুইয়াছে এবং আত্মার স্বাভাবিক সংসারধর্মসম্বন্ধ নাই, দেহেজিরাদি উপাধি-সম্বন্ধই তাহার সংসারগমনাগমনের কারণ, সংসারিত্ব প্রভৃতি ধর্ম সকলও অবিদ্যা-কলিত; অর্থাৎ অবিতা ধারাই নিঃদক্ষ আত্মায় সংসারধর্ম আবোপিত হয়, ইহাই পর্বেক্তি প্রবন্ধের তাংগ্র্যা দেখান হইমাছে। তন্মধা জাগ্রৎ, স্বপ্ন ও মুষ্থি, এই স্থানতারের স্থান্ত ইতন্ততঃ বিশিশুভাবে আলোচিত হইয়াছে. কিন্তু একত্র সংগ্রহ করিয়া দেখান হয় নাই। যেহেতু, আত্মা জাগরণকালে দেহেন্দ্রিররপী মৃত্যুর সহিত সংস্ঠ বলিয়া প্রতীত হয়, অবিছাই ঐ সংস্র্ দর্শন করাইরা থাকে। আবার অবিদ্যা হারা স্বপ্নেও মৃত্যু বিনিম্মুক্ত হুইলেও কামনা-(সংস্কার) সংশুক্তভাবে উপলব্ধ হয়, কিন্তু স্বয়ৃপ্তিতে অবিভাবিবজ্ঞিত হইয়া প্রকাশ পার; হতরাং সুধৃপ্তিতে আত্মা সমাক্ প্রসন্ন ও অসক্ষরণে প্রতীত হয়। এই সমুদ্র বাকোর এক অর্থে উপসংহার করিলে বুঝা যার যে, আত্মা নিত্যগুদ্ধ, বৃদ্ধ ও মুক্তস্বভাবসম্পন্ন। এএই একবাকাতা বা বাক্যোপসংহারের ফল-আত্মার নিতাওদ্ধ-বৃদ্ধ-মুক্তকভাব-প্রাপ্তি একত সন্ধলন করিয়া দেখান হয় নাই। একণে, তাহা দেখাইবার নিমিত্ত এই ব্রাহ্মণ আরম হইল। আত্মা পাপসম্পর্ক-রহিত ও নির্ভন্নরপ। অবৃত্তিকালে আত্মার এই স্বরণপ্রাপ্তি ঘটে, ইহাও পরে বলা হইবে। আত্মার উক্তপ্রকার অতিচ্চল (অকাম) পাপসম্পর্কর্হিত অভ্য-স্বরূপ সুষ্থি অবস্থা সম্পান হয়, ইহাই প্রাতির যদি অভিপ্রেত হয়, তাহা হইলে

দেই রূপ বেরূপে হানরকম করা যাইতে পারে, তাহা অবশুই বক্তব্য, দৃষ্টান্ত वाजित्याक छोटा পরি पूर्व दम ना, এ अन्न डेक विषय मुही स अमर्निक स्टेरकहर —এই ভৌতিক আকাশমণ্ডলে শ্রেন কিংবা স্থপর্ণ পক্ষী * বেমন যথেচ্ছ পরিভ্রমণ করত প্রাস্ত অর্থাৎ অনবরত পতনোৎপতনকর্ম দারা কাতর হইয়া পক্ষার প্রদারিত করিত্ব সমাক বসতিস্থান—নীড়াভিমুখে ধাবমান হয়, ঠিক তদ্রপ এই পুরুষও (আত্মাও) অন্ত (সুষ্থি) লাভের জন্ম অর্থাৎ সুষ্থিকালে ত্তরপারতানের জন্ম উপস্থিতি হয়। একণে অন্ত শব্দে যাহা বক্তব্য, তাহাই বিশেষ করিতেছেন যে, অত্তে—হুবুপ্তিতে হুপ্ত জীব কোনরূপ কামনাই করে না ও কোনরপ স্বপ্ন দেখে না। কিছুই দেখে না ও কামনা করে না, এ কথায় সামাজভাবে কামনা ও স্বপ্নদর্শনের প্রতিষেধ ছারা জাগুরুণ ও স্বপ্নাবস্থায় যাবতীয় ক্রিয়াদির প্রত্যাথ্যান করা হইল। জীব জাগ্রং অবস্থায় থাহা কিছু দর্শন করে, তাহাও স্বল্ল, এই অভিপ্রায়ে শ্রুতি "ন কঞ্চন স্বল্প: পশ্রতি" তথন কোন ক্ষপ্ন দেখে না বলিয়া কেবল স্থপের প্রতিষেধ করিয়াছেন। প্রত্যন্তরেও আছে ে বে, "তক্ত এর আবস্থাঃ, এর: অপা:।" অর্থাৎ তাঁহার তিনটি স্থান ও তিনটি ৰশ্ন। শ্ৰুতি ইহা দাৱা তাঁহার এতদতিরিক্ত অবস্থার অভাবই জানাইয়াছেন। প্রদর্শিত দৃষ্টাস্তে বেরূপ উৎপতন ও অবনমনজনিত প্রম-শান্তির নিমিত্ত পক্ষীর শীয় নীড়ে আশ্রয়গ্রহণ কথিত হইল, ঐরুণ জাগ্রৎ ও স্বপ্ন অবস্থার দেহেন্দ্রিয়াদির স্থিত সম্পর্কবশত: ক্রিয়াফলনিচরের সহিত সংস্কু আত্মার পক্ষীর মত প্রান্তি হর এবং দেই শ্রম দ্রীকরণার্থ আত্মা নিজ নীড়ম্বরূপ সমস্ত সাংসারিক ধর্মবর্জিত, সর্কবিধক্রিয়া, কারক ও ফলপ্রয়াস্থীন স্ব-স্থরপে প্রবেশ করে, অর্গাৎ নিংসঙ্গ নিরভিমান আনন্দময় সভাবে অবস্থান কুরে 🗈 ১৯ ॥

ত। বা অন্যৈতা হিতা নাম নাড্যো যথা কেশঃ
সহস্রধা ভিন্নস্তাবতাহণিদ্ধা তিষ্ঠন্তি শুক্রস্য নীলস্য পিঙ্গলস্য
হরিতস্য লোহিতস্য পূর্ণাঃ। অথ যত্তৈনং ত্বস্তীব জিনস্তীব
হস্তীব বিচ্ছায়য়তি গর্তমিব পত্তি যদেব জাগ্রস্তয়ং
পশ্যতি তদত্রাবিগুয়া মন্যতেহথ যত্র দেব ইব রাজেবাহমেবেদ্
শর্কোহস্মীতি মন্যতে সোহস্য পরমো লোকঃ॥ ২০॥

[·] अः ८७म-- वृह्यकात्र धवर श्राह्मदश्यान् भंगी । अर्थन- महादश्यान् व्यवे मूखकात्र नगी ।

যদি বাস্তবিক সর্বসংসারধর্ম-রাহিত্যই আত্মার শ্বভাব হয় এবং অপর উপাধির জন্তই সামরিক সংসারিক ধর্মে লিপ্ততা আসে, ভরে আব্দ্রট বলিতে হইবে, বাহার জন্ম আত্মার এই উপাধিসম্পর্ক ঘটে, তাহার নাম অবিস্থা ৷ কিছ তাহাতে প্ৰশ্ন হইতেছে যে, সেই অবিদ্ধা কি স্বাভাবিকী ? না কামনা ও कर्यानित छात्र जागहकी--- रेनियिखिकी ? यनि याज्ञानिकी इत्र, ज्यर्थाए শ্বভাবরূপে আত্মার সহযোগিনী হয়, তবে অবিদ্যা হইতে আত্মার মোক্ষ হইতে পারে না; আর অস্বাভাবিকী হইলে মোক উপপন্নতম্ম সত্য, কিন্তু সেই অবিস্থা কোণা হইতে আসিল, কি প্রকারে আত্মার সহিত মিলিত হইল, ইহারও নির্ণয় করা আবশ্যক। পক্ষান্তরে, ইহাও বিচার্য্য যে, কেন অবিস্থা আত্মধর্ম নছে ? একণে এই আপত্তি সমাধানের জন্ত অর্থাৎ সমস্ত অনর্থের একমাত্র মূল দেই অবিজ্ঞার এই সকল তথাবধারণার্থ পরবর্তিনী কণ্ডিকা (শ্রুতাংশ) আরম্ভ হুইতেছে। সেই হস্ত-মন্তক-পদাদিবিশিষ্ট শারীর পুরুষের শরীরমধ্যে এই "হিতা" নামক নাড়ী সমুদ্ধ সহস্রভাগে বিভক্ত কেশের অতি হক্ষতম পরিমাণে अवश्विष्ठि करत थवः थे नाष्ट्रीममुनम् अक्ष. नीम, शिश्रम, इतिष्ठ ७ माहिष्ठवर्ग রদ ছারা পরিপূর্ব। নাড়ীগত রদের যে সুমন্ত বিভিন্ন বর্ণ উক্ত হইরাছে, ভাষা বাত-পিত্ত-শ্লেমার প্রস্পর বিষম মিশ্রণবিশেষ হইতেই নানাবিচিত্রভাবে পরিণত হয়। এক একটি কেশাগ্রকে দহস্র ভাগে বিভক্ত করিলে পরিমাণ উৎপর হয়, সেই মকল কুদ্রাতিকুত্তম পরিমাণশালিনী গুরুপীভাদি-तमवाहिनी मर्खनतीत्रवािशिनी राज राज नाष्ट्रीय उपतहे, मर्शनम व्यवस्ववािष्ट লিঙ্গশরীর বর্ত্তমান আছে। আর ঐ লিঙ্গশরীরকে আশ্রয় করিয়াই জীবের উত্তমাধম যোনিতে পরিভ্রমশাধীন নানাবিধ সংসারধর্মাত্মভূতি হইতে উৎপন্ন সর্কবিধ বাসনা অবস্থান করে, প্রাক্তন বাসনার আশ্রন্ধ সেই নিঞ্চ-শারীর অতি স্বর্গবহেতু ফটিকমণিতুলা স্বচ্ছ, এবং পুর্ব্বোক্ত নাড়ীগত রসকে আশ্রয় করিয়া থাকে বলিয়া প্রাক্তন ধর্মাধর্মের ফলে সমুভত বৃত্তিবিশেষবিশিষ্ট হয় এবং প্রী-রখাদি আকারবিশেষে সেই লিক্ষরীর বাসনারাশি ছারা প্রকাশ পার। ইতার ফলে ধথন সেই বাসনার বশে অবিস্থা বা ভ্রান্তি সমূখিত হয় যে, কোন শক্তগণ কিংবা অন্ত ভয়রগণ আসিয়া আমাকে বেন বধই করিভেছে; শ্রুতি ভাচাই বলিতেছেন যে, এই স্বপ্নদর্শীকে যেন বধই করিতেছে, যেন বশ করিতেছে। অধচ বস্তুতঃ কেহ বৰও করে না এবং বশীভূতও করে না, কেবল অবিস্থা वा विधाकात्मत मःक्षितिम जम इत्र माछ। जावात, सन लएस, इन्होंह

বেন তাহার পশ্চাৎ ধাবিত হইতেছে, কিমা বেন জীৰ্ণ কুপাদিতে নিজে পতিত হইশাছে, অথচ "কাহারও সহিত কাহার সম্বন্ধ নাই।" ঠিক সেইরূপই মিথা वामना छेरलम बहेमा थारक। किन्न धहे वामना इःथमामिनी विविध शास्त्रन অধর্ম হইতে উৎপন্ন অন্তঃকর্মণের বৃদ্ধিকে আশ্রম করিয়া বর্ত্তমান, মুতরাং অত্যন্ত নিক্ট। অধিক কি, জীব জাগ্রংসময়ে হন্তী প্রভৃতি বে সমস্ত বিভীষিকা দর্শন করে, এই স্বপ্নাবস্থায় তৎসমস্ত বস্তু বাস্তবভাবে অনুসরণ না করিলেও কেবল জাগ্রৎকাশীন অবিভাবশতঃ বা মিথাজানজন্ত সংখ্যারাধীন হন্তী প্রভৃতি আকারে जीकि উर्शामन करत। अर्थाए कीव मिणा उर्शत अविष्ठा-वामनाम जाराहे দেখে: কিন্তু বেখানে অবিস্থা অত্যন্ত্রমাত্রায় অবস্থিত এবং বিদ্যা উৎকৃষ্ট্রপে বর্ত্তমান,—স্মবশ্র এখানে এ কথাও বলা স্ফাবশ্রক যে, সেই বিভা কিংবিষ্ট্রিণী এবং কিংস্কুপা হইলে উৎক্লন্তা হয় ৭ তাহা বলিতেছেন, যে সময় জীব যেন নিজে দেবতাৰভাব প্ৰাপ্ত হয়, অৰ্থাৎ জাগ্ৰৎকালে যথন দেবতা-বিষয়ে বিভা জ্ঞান) উৎপন্ন হয়, তংকালসমুৎপন্ন বাসনাবশতঃ স্বপ্নেও আপনাকে দেবতা বলিয়া মনে করে, তাহাই উৎকৃষ্ট বাদনার পরিণাম। এই কারণেই শ্রুতিও বলিতেছেন যে, যেন দেবতাই, যেন রাজাই অর্থাৎ জাগ্রংকালীন আত্মা রাজভাবনায় ভাবিত হইয়া সেই সংস্কারে স্বপ্লেতেও আপনাকে যেন রাজ্যস্থ- অভিষিক্ত বলিয়াই মনে করে: ইহার একনাত্র কারণও সেই বাসনা। এইরূপে ক্ষাণপ্রাল্লা অবিদ্যা হইতে বে বিন্যার উৎপত্তি হয়, তাহা সর্বাত্মবিষয়িণী। তুথন সেই সর্বাত্মভাবভাবিত অন্তঃকরণে সপ্লেও জীব আত্মাকে "সামিই সব" বলিয়া জ্ঞান করে। ইহার বে সেই দৰ্কাশ্বভাব, ভাহাই প্রম লোক এবং দেই আত্মভাবই স্বাভাবিক। আর সর্বাত্মভাবোদয়ের পূর্বে শতধা ভিন্ন কেশাগ্রবং কুল আত্মাকে যে "আমি সেই নহি" বলিয়া ভিন্নভাবে মনে করে, সেই অবস্থায় সেই অবিস্থা যে সকল স্থাবরান্ত বস্তুনিচর অনাত্মভাবে উপস্থাপিত করে, তাহারাই অপরম— কুড। সেই সকল ব্যবহারিক পদার্থ অপেক্ষা এই সর্বাত্মভাবই সম্পূর্ণ वाक ও অভাতরহীন, ভাহাকেই পরম লোক বলা বাইতে পারে। ভবেই পুর্ব্বোক্ত অবিভা ফীণপ্রায়া হইলে এবং বিভাও সম্পর্ণরূপে উৎকর্ম লাভ कवित्न त नर्वाग्रजान डेनिड व्य, डाहाई त्यात्मद चक्रभ, देश निकास ষ্ট্র। যেমন স্থাবভার যে আত্মার সমাজোতিঃসর্প প্রতাক্ষােচর হয়, कारा नर्जाञ्चलान्नित्रकू विश्वाकन উপলব रूप, धरेक्वश विश्वा ভिরোহিত হইলে ও অবিষ্ধা প্রকর্ষনাভ করিলে অবিষ্ধা-ফল দক্ষও প্রত্যক্ষ হয়, ভাহাই

"प्रष्ठीव किनडीव" रेजामि अञ्चल अमर्गिक रहेग्राह । अञ्चल मुर्खाश्राचा বিশ্বার ফল ও পরিচ্ছয়াত্মভাব অবিশ্বার ফল দিদ্ধ হইল। বিশ্বদ্ধ বিশ্বা-প্রভাবে সাথা সর্বাত্মভাব প্রাপ্ত হয়; এবং অবিভাপ্রভাবে সর্বাত্মা হইয়াও অনক্ষান্তাৰ প্রাপ্ত হয়। এই অসক্ষান্তাজ্ঞানের বলেই জীব নিজেকে অপর হইতে বিভিন্ন মনে করে, এবং বাহা হইতে পুথকু মনে করে, তাহার সহিত বিবাদও উপস্থিত হয়; আর বিবাদ ঘটে বলিয়াই স্বাপ্নে হত হয়, পরাঞ্জিত হয় ও ধাবিত হর; এই সমস্তই অঘটনঘটনপটীরদী অবিভার প্রভাব-সম্ভূত-অস্ক্ৰিয়ত জ্ঞানের ফল । আরু যথন সমপ্তে আত্মতাব পোষণ করে, তথন আর কাহার সহিত পুথকু হইবে ? আবার পার্থক্য না মনে করিলে বিরোধ কেন ঘটবে ? বিরোধ নাই বলিয়াই বধ-বন্ধন ভন্ন কিছুই প্রাপ্ত হয় না। অর্থাৎ বিরোধ না থাকিলে কে কাহাকে হত্যা করিবে, জয় করিবে বা কে কাহাকে বিদাৰিত করিবে ? অতএব ইহাই অবিস্থার তম্ব (স্বরূপ) বুলা হইতেছে যে, বাস্তবিক আত্মী সর্ক্ষমর হইলেও ভাহাকে অসর্ক-(পরিচ্ছিন্ন) ভাবে বুঝাইয়া দেয়, আত্মা ভিন্ন অন্ত বস্তু বাস্তববং না হইলেও তাহাকে সক্ৰণে উপস্থাপিত করে, এবং আত্মাকে অসর্বভাবে ভাবিত করে, তাহার পর সেই সকল বিবন্ধে আত্মার অবিরত কামনা উদ্ভূত করে। পরে সেই কামনাবশে কাম্যবস্ত হইতে আত্মা পুথকু হইয়া যায়। ক্রমশঃ সেই কামনাবশতঃ আত্মা ক্রিয়া অবলমন করে, তদনস্তর তাহার ফল স্বথ-ফুথের অস্মতর প্রাপ্ত হয়। এ কথা পর্বের উক্ত হইয়াছে এবং পরেও বলিবেন যে, "যত্র হি বৈতমিব ভূবতি, তদিতর ইতরং পশুতি" ইত্যাদি, অর্থাৎ যে আত্মান্ন থৈতের স্থায় প্রকাশ পার, যেন এক অপরকে দর্শন করে, শ্রবণ করে ইত্যাদি। ইহাই অবিয়ার ধরুপ ও কার্য্য প্রদর্শিত হইল এবং অবিস্থার বৈপরীঅভাবে বিস্থার কার্য্য মুর্কান্মভাব, ইহ'ভি একপ্রকার সাধারণভাবে প্রদর্শিত হইরাছে । সেই অবিদ্যা আত্মার রাভাবিক ধর্ম নহে; सारकु, विमान अज्ञानत्त्र अविना कींग क्ट्रेंट शांक अवः विमा बाता नर्वा याजाव দৃঢ়তা প্রাপ্ত হইলেই রক্ষ্নিশ্চমে, রক্ষুর উপর সর্পজ্ঞানের মত (ভ্রমবং) ष्मश्रक ष्मतिम्। ष्मामृत्रकः प्रतः निवृता रमः। त्यरे कथारे शृत्वं उक रहेन्नाए हा, "বত্ৰ ব্ৰন্থ সৰ্বামাই ব্যবাভূৎ, তথ কেন কং প্ৰভেৎ" ইত্যাদি। অৰ্থাৎ ব্যন এই জ্ঞানীর পক্ষে সমস্তই আত্মা হয়, তথন আর কে কাহাতে দেখিবে ? ইত্যাদি। অত এব কোননতেই অবিধা আয়ার সভাবিক ধর্ম হইতে পারে না। যদি তাহাই হইড, তবেংএই স্নাভাবিক ধর্মের কদাপি আমূলত: উদ্ভেদ হইত না।

বেমন সুর্য্যের স্বাভাবিক ধর্ম প্রকাশ ও উষ্ণতা কদাপি সূর্য্য হইতে বিচ্ছিন্ন হইরা থাকিতে পারে না, সেইরূপ আস্মার স্বাভাবিক ধর্ম অবিদ্যারও শতবিদ্যাবলে উচ্ছেদ অসম্ভব। অতএব তাহা স্বাভাবিক নহে বলিয়াই সেই জীবের মোক্ষ সম্ভবপর হইতেছে॥ ২০॥ °

তদ্বা অস্তৈতদীতিচ্ছন্দা অপহতপাপ্যাহতয় প্র রপম্। তদ্যথা প্রিয়য়া স্ত্রিয়া সম্পরিষ্ধকোন বাহাং কিঞ্চন বেদ নান্তরমেব-মেবায়ং পুরুষঃ প্রাজ্ঞেনাল্মনা সম্পরিষ্ধকোন বাহাং কিঞ্চন বেদ নান্তরম্। তদ্বা অস্তৈতদাপ্তকামমাল্মকামম রূপ্য শোকান্তরম্॥ ২১॥

সম্প্রতি বিদ্যা-ফল-সরপ ও ক্রিবাকারকাদি-ফলসম্পর্কহীন গৈ সর্ব্বান্মভাব, তাহাই মোক্ষ, ইহা বলা হইতেছে; বে অবস্থায় অবিদ্যা, কামনা, কর্ম প্রভৃতি কিছুই থাকে না। ইহা পূৰ্কেও বৰ্ণিত হইয়াছে বে, "বেথানে হুগু আত্মা কোন কাম্য বস্তু কামনা করে না, এবং কোন স্বপ্নও দর্শন করে না," তাহাই এ আত্মার পরম অবস্থা। সেই অবস্থা কি ? সর্ব্বাত্মভাব, অর্থাৎ সর্ব্বত্ত আত্ম-দৃষ্টি, তাহাই পূর্বের পরম লোক বলিয়া অভিহিত হইয়াছে। আত্মার এইরূপ অতিজ্ঞনা অর্থাৎ ছল অর্থ-কামনা, যে,ক্রণে ছল —কামনার ম্পর্ণ নাই, তাহা অভিচ্ছলা—নিকাম क्रथ। (यपिछ शांत्रखाां पिष्टरना वांठी "इन्तम्" भक्टे लाटक अनिक, किंद्र हेरा कामनावाठी खतांख, उथांशि त्य 'অভिচ্ছनाः' এই इन्तर् नम अनुक इहेग्राहर, তাহা বৈদিক প্রয়োগের ধর্ম। আর অকারাস্ত "ছন্দ" শব্দ একটি আছে, তাহা নিতাম্ভ অপ্রদিদ্ধ নহে; খথা ৰচ্ছন, পরচ্ছন প্রভৃতি, আর অপহতপাপ, অর্থাৎ ধর্মাধর্মের সহিত অসম্পর্ক, ইহাই আত্মার चक्रण। পां भारमव व्यर्थ भर्म ३ व्यन्त, हेश भूर्र्स ७ केंक्र हरेबाह्र हर, পাপাডি: সংস্জাতে "পাপানো বিজহাতি।" অর্থাৎ পাপ বারা সংপ্ত হয়, পাপকে পরিত্যাগ করে। তাহা হইলেই আত্মার ধর্মাধর্মরাহিত্যও একটি রূপ। अभिन्न, अज्यनात्मक जात अकृषि क्रभ वर्तमान। (संदर्जू, ज्यमावर अविष्ठात कार्या, এ कुछ शूर्व्स । वना इरेबाए एग, "अविश्वत्रा छत्रः मग्रूर्छ।" अर्थाए कीर व्यविष्ठा-(जल्लाम) तनठारे मत्न ७४ करत। जल्ली वृश्वित् हरेरव त,

"অভয়ং" এই কথা বলায় অবিদ্যার ভয়রূপ কার্য্যের প্রতিষেধ দারা তৎকারণ অবিষ্মারও প্রতিষেধ আত্মায় করা হইল অর্থাৎ অভয় বলিতে আত্মা অবিষ্ফা-বর্জিত, ইহা অভিহিত হইল।

এই যে বিষ্ণার ফলরপে সর্বাত্ম-ভাবকে নির্দেশ করা হইরাছে, ইহাই অভিছন্দা, অপহত-পাপ শও অভয়। থেহেতু, এইরূপ সর্বাস্থানার-ধর্মবর্জিত, অভএব অভয়রপী। এ কথা অতীত পূর্ব ব্রাহ্মণ-সমাপ্তির অবসরেই "অভয়ং বৈ জনক প্রাপ্তোহসি" ইত্যাদি আগ্রম ধরিয়া শ্রুতি সবিশেষ বলিয়াছেন।

একণে এখানে ঐতিপ্রদর্শিত অভয়রপ শত্যুর্থজ্ঞানের দৃঢ়তা স্থাপনের জন্ম তর্ক দারা প্রপঞ্চিত হইতেছে মাত্র। * এই আত্মা প্রয়ং চৈত্রজাতীঃসভাবসম্পন্ন, স্বীয় হৈততাল্যোতিছ বিধা সমস্ত বস্তু প্রকাশিত করে। আত্মা যে চৈততাম্বরণ, তাহা "দ যত্ত্ৰ কিঞ্চিৎ পশ্ৰতি, রমতে, চরতি, জানাতি চ" ইত্যাদি বাক্য দারা বিস্তৃত্যাপে প্রতিপাদিত হইমাছে; অতএব বৃক্তি অনুসারেও আত্মার নিত্য-চৈতগ্রন্ধ্যেরিরপ দিদ্ধ হইল। এখানে অবশ্র এরপ আপত্তি হইতে পারে বে, বদি এই সুষুপ্তি অবস্থায়ও আত্মা অবিনাশী চৈতভারপী হইয়া খীয় শুদ্ধ বৃদ্ধ মুক্তবন্ধপেই বর্ত্তমান পাকে, তবে এই হয়ুপ্ত আত্মা এ সময়ও "এই আমি" বলিয়া নিজেকে এবং বহিৰ্জ্জগতে "এই ভূতগণ" "এই ইন্দ্ৰিয়াগণ" বলিয়া ভতেন্দ্রিয়বর্গকে জাগ্রং ও স্বপ্লাবস্থার স্থায় জানিতে পারে না কেন ? উত্তর তাহার কারণ বলিতেছি, শুন। একছই এই অজ্ঞানের হেতু। তাহা কিরূপে সম্ভব, তাহা বলিতেছি। লৌকিক পদার্থের দৃষ্টান্ত ব্যতীত এই সমন্ত অনৌকিক পদার্থ প্রত্যক্ষবোধগম্য হয় না, এ জন্ম লৌকিক দৃষ্টান্ত প্রদর্শিত হইতেছে। যেমন এই সংসারে কামুক ব্যক্তিকে নিজ প্রিয়তমা কামরসে মত হইয়া সমাক্রপে আলিঙ্গন করিলে, নে বাছিরে কিংবা (অন্তরে) আমি স্থী বা হঃথী ইত্যাদি ভেদজ্ঞান করিতে পারে না, কিন্তু প্রিয়তমার সহিত বিৰুক্ত অবস্থায় বাহ্ ও আন্তরিক সমস্তই জানিতে পারে, কেবল তাদুশ আলিঙ্গনের অব্যবহিত পরেই প্রিয়তনার সহিত একীভাবপ্রাপ্তি হেতু কিছুই জানিতে পারে ना। উক্ত पृष्टीस राज्ञभ, ठिक राहेज्ञभ वह व्यस्ताचा यथन कृटबस्टित्त मःमर्रा পজিত হয়, তথন বস্ততঃ দৈদ্ধবথণ্ডের মত পূথক্ পাকিয়াও জনাদিতে প্রতিফলিত চন্দ্রাদি প্রতিবিশ্বের ক্লাম এই কার্য্যকরণরূপী দেহে প্রবিষ্ট হায়া অভিন্ন আত্মা বছরণে প্রতান্দান হয়। সেই ক্ষেত্রভ (জীব) প্রেষ

স্বাভাবিক পরজ্যোতির (পর্যায়া) সহিত সমাক্রণে পরিষক্ত অর্থাৎ নিরস্তরভাবে একীভাব প্রাপ্ত হইয়া বাছ-বিষয়ে "ইহা অমূক" ইত্যাদি এবং আন্তরিক বিষয়েও "আমি স্থী হঃখী" ইত্যাদি প্রকার কিছুই জ্ঞান করে না। এখন বুঝিলে, ভোমার জিজাসিত আত্মার স্বাভাবিক চৈত্যুজ্যোতির্ময়তা সবেও এ অবস্থায় কেনু পৃথক্ জ্ঞান হয় না ? ভাষার হেতু আমি পূর্বেই বলিয়াছি যে, গাঢ় সমানিঙ্গিত জ্ঞাপুক্ষের ভাষ ক্ষেত্রজেরও স্বীয় জ্যোতির সহিত কেবল একছ বা একীভাবপ্রাপ্তি মাত্র। এ কথা ছারাই বুঝিতে হইবে যে, বিশেষ বিশেষ বিজ্ঞানের প্রতি হেতু-কেবল নানাত্ব্দি; সেই নানাত্বের প্রতি অর্থাৎ আত্মায় ভেদবুদ্ধির প্রতিও হেতু--- আত্ম-ভিন্ন-বস্তুর কল্পনাকারিণী অবিদ্যা। ধর্মন এই অবিষ্ঠা হইতে আত্মা পৃথক্ ইইয়া পড়ে, তথনই তাহার সমস্ত বস্তুর সহিত একীভাব সম্পন্ন হর, তাহার ফলে জ্ঞান-জ্ঞেমাদি বিভাগ লুপ্ত হইলে আর কিরপে বিশেষ বিশেষ বিজ্ঞান—আত্মভিন জ্ঞান প্রাত্তুত হটবে? আর স্বভাবসিদ্ধ স্বরূপগত আত্মটেততে কামনাই বা কিরুপে সন্তুত হইবে 🔈 থেহেতু, এই সর্বাক্ত একীভাবই আত্মার প্রকৃত রূপ, অতএব সেই স্বয়ংগ্যোতিঃ-স্বভাব আত্মার এই রূপ আপ্রকাম বা পূর্ণ; কারণ, সমস্ত বস্তুই ঘথন এই আত্মার অন্তর্ত, তথন এমন কোন বস্তু নাই—যাহা ইহার মধ্যে নিহিত নহে, যাহা ছারা পূর্ণতার ব্যাঘাত ঘটিছে। স্কুতরাং তাঁহার রূপ আপ্রকাম। ষাহার নিকট কাম্য পদার্থসমূদ্য আত্মভিন্ন বোধে পুথক্ অবস্থিত অর্থাৎ যাহার সকল বস্তুতে একাশ্মভাবোধ হয় নাই, ভাহারই সেই বস্তু অনন থাকে, মুতরাং অনাত্মকামতা তাহার ধরপ। যেমন জাগরণ অবস্থায় "দেবদত্ত াজ্ঞদত্ত" প্রভৃতি রূপ বিভিন্ন বলিয়া একে অপরের কাম্য হর, কিন্তু এই পুরুষ कान अवार्थ इटेट विखल नट्ट, वार्टी डीटांत कामा दहेरत, अञ्चद उथन পুরুষ আপ্তকাম। এখানে এরপ শঙ্কা হইতে পারে বে, আত্মা কি অক্সান্ত পদার্থ হইতে বিভক্ত হইবার নহে ? অর্থাৎ অক্সান্ত পদার্থ হইতে অপুথক্তাব কি আত্মার স্বতঃসিদ্ধ ? অথবা আত্মাই সেই স্মুক্তান্ত বস্তুর স্বরূপ ? এই শক্ষা নিবারণের নিষিত্ত বলিরাছেন যে, "নাক্রনন্তাাত্মন:" অর্থাৎ আত্মার অভিরিক্ত कान अमार्थ-हे नाहे। किन नाहे ? त्यरहरू, आजा आज काम, अर्थाए धक्नाक আত্মাই বাহার কান্য-প্রার্থনীয়, দেই আত্মকাম তাহার স্বরূপ। জাত্রথ ও ৰশ্পবস্থাতে বে সমস্ত বস্ত যেন পৃথক্ বলিয়াই কামা হইয়া থাকে, ভাহারাও তাহার আত্মহি ত্রুতিরিক নহে। তেদকরনাকারিশী অবিভার অভাবে সেই সময়ে আগুকামই তাহার শ্বরণ নির্দাবিত হইয়াছে। সেই জ্লুই আগ্র-জ্যোতির অকাম একটি রূপ অগাৎ বাস্তবিক আগ্র-ভিন্ন কাম্য বস্তুর অভাবে কামনাহীন। পুনশ্চ, সেই রূপ তাহার শোকান্তর, অর্থাৎ শোকশৃত্য, কোনরূপ শোকই তাহাতে নাই, অগবা এরূপ শোকের মধ্যবঁতী অর্থাৎ তাহার আদ্যন্তে শোকসম্বন্ধ বর্ত্তমান, কিন্তু নধ্যবঁতী এই অবস্থার কেরুল শোকসম্পর্ক নাই। যাহা হউক, সর্ক্ একারেই আগ্রাব স্বরূপ শোকহীন, ইহা সিদ্ধ হইল। ২১॥

জত্র পিতাহপিতা ভবতি মাতাহ্যাতা লোক। অলোকাঃ দেবা অদেবাঃ বেদা অবেদাঃ॥

অত্র স্থেনোহস্তেনো উবতি জ্র-হাইজ্রণহা চাণ্ডালো-ইচাণ্ডালঃ পৌক্ষসোহপৌক্ষসঃ গ্রমণোইগ্রমণস্তাপদোহতাপ-মোহনস্বাগতঃ পুণ্যেনানস্বাগতং পাথেন তীর্ণো হি তদা সক্ষাপ্তোকান্ হৃদয়স্থ ভবতি॥ ২২॥

প্রস্তাবিত আগ্রার সহিত কাম-কর্মাদির সম্পর্ক হইতে পারে, এই আশস্কার নিবৃত্তির জন্ম পূর্বের বলা হইয়াছে থে, আত্মা অবিদ্যা ও কাম-কর্মাদি সর্ব্বসংসার-পর্ম-বিনিপু ক্তি-স্বয়ংজ্যোতির্মার। তাহার কারণ, আত্মা অসক ও কামকর্মানি আগন্তক। তাহার উপর আশকা হইতেছে বে আত্মার স্বাভাবিক চৈতলুসত্ত্বও গাঢ়গনালিপিত জ্ঞী-পুরুবের ভার একীভাব-প্রাপ্তি বশতই ত্যুপ্তাবভার আত্মা নিজ জ্যোতির্মন্তরূপ অন্তব করিতে পারে না, ইহা পুর্বে নির্ণীত হইয়াছে। তৎপ্রসঙ্গে ইহাও বলা হইরাছে যে, কামকর্মাদির ন্যায় স্বরংজ্যোতিশ্বরত্বও আত্মার স্বভাব নহে, বেহেতু, সম্প্রদাদ-(মুখুপ্তি) কালে তাহার উপলব্ধি হয় না; এই जानका निवादर्गत निमित्र जी-शूक्तरयत मुठाउँ बाता स्थान इरेब्राइ ए. प्रमुख-কালে সাত্মজ্যোতিঃ বিভ্যান থাকিলেও তাহা ধীয় প্রমাত্মজ্যোতির সহিত একীভাব প্রাপ্তি হেতু অমূভূত হয় না; কিন্তু কামকর্মাদির স্থায় আগন্তুকত হেত নতে, প্রসঙ্গজমে ইহার নির্বাচন করিয়া একণে যাহা প্রকৃত, তাহারই প্রস্তাবনা করিতেছেন। এই প্রবন্ধ ইহাই বক্তব্য হইতেছে বে, আত্মার অরপ অবিদ্ধা, কাম ও কর্মাদি-বিনিমু ক, ইহা সুষ্ঠি অবস্থায় প্রতাক্ষরণে গৃহীত হয়। সর্ক-সম্বদ্ধাতীত আত্মার সেই রূপই মুখার্থ বিদয়া দলিত হইয়াছে। যেহেত, এই সুষ্ঠি আবস্থার আত্মার অপ্রত-পাপ, অতিজ্ঞা (গতকাম) ও অভয়সম্পন্ন রূপ, সেই

হৈতু এই সময়ে পিতা প্ৰেয় জনক নহে। অভিপ্ৰায় এই-জননক্ৰিয়ার কৰ্তৃত্ব-নিবন্ধন পুত্রের প্রতি তাঁহার পিতৃত্ব, স্বৃত্তিকালে সেই কর্ম দারা আত্মা সম্বন্ধ रम ना, **धरे ब**क्च तना हरेबाছে य, প্রত সম্বন্ধের নিমিন্তীভূত জিয়া— अनक्ष হইতে বিনিম্ম কৈ হওয়ায় "পিতাও অপিতা হন। এইরূপ সেই কালে পুত্রও অপুত্র হয়, কেন না উভয়েরই সম্বন্ধ কর্মাণীন, এ সময়ে সেই কর্মরানি উভয়েই অতিক্রম করিয়া থাকে। এ বিষয়ে আত্মার ধর্মাধর্মবিমুক্তিরূপ কারণ পুর্বেই উক্ত হইয়াছে; স্বত্রাং তথন পুত্রও পুত্র নহে; এই প্রকার মাতাও মাতা নহেন। যাহা কর্ম দারা জিত ও জেতব্য, তংকালে কর্মের সম্পর্কাভাবে সেই লোক সকলও আর লোক (ভোগ্য) থাকে না, ঐ একই কারণে কর্মারাধ্য দেবতাগণও অদেবতা অর্থাৎ দেবতা (আরীধ্য) হন না, কর্মের সাধ্যসাধকত্ব সম্বন্ধের বোধক অর্থাৎ কোন্টি কর্ত্তব্য ও কোন্টি কর্ত্তব্য কার্যোর নির্ব্বাহক উপার, এই উভরের বিভাকক সেই অধীত এবং অধ্যেতব্যু মন্ত্র ও ব্রাহ্মণাত্মক বেদ সকলও অবেদ হইমা পড়ে, অর্থাৎ অধীত ও অধ্যেতব্য বেদ সকল কেবল কর্মের জন্মই পুরুষের সহিত সম্বন্ধ হইয়া থাকে, কিন্তু সেই সমগ্র কর্ম অভিক্রম-কারীর নিকট তৎকালে বেদেরও কোন আবশ্রকতা থাকে না, তাই শ্রুতি विविद्राष्ट्रिम (य, धेर ममरत्र (यन मकने अदिन इत्र । आत शुक्तम (य मिरे ममरत्र কেবল গুডকর্ম্মের সম্বন্ধই অতিক্রম করে, তাহা নহে, তথন সমস্ত অগুড অর্থাৎ অত্যন্ত নুশংস কর্ম্মের সহিতও আত্মার সমন্ধ থাকে না, শ্রুতি এই গুঢ় ভাবই প্রকাশ করিয়া বলিভেছেন যে, এই সময়ে গ্রাহ্মণ-স্থবর্ণাপহারী মহাপাতকী ব্যক্তি সেই খোরতর স্তেমাপবাদের কারণীভূত পাপকর্ম হইতেও মুক্ত হয়, এ স্থলে ক্রণঘাতীর সহিত পঠিত 'ষ্টেন' শব্দ স্মবর্ণাপহারী অর্থে প্রবৃক্ত জানিবে। সেইরূপ জনহা অর্থাৎ ব্রাহ্মণ-গর্ভ-ঘাতক ব্যক্তি অর্জ্রণহা হয়, এবং চণ্ডালও অচণ্ডাল रम । u नमम (र तकवन रेरकनाकृष्ठ कर्य रहेएछरे कीव मुक्त रम, uमम नार, কিন্তু অত্যন্ত নিকৃষ্ট জাতি-প্রাপক সহজাত কর্ম হইতেও বিনিমুক্ত হয়। ইহা বলিবার উদ্দেশ্য, শৃদ্রের ঔর্গে ব্রাহ্মণীর পর্যে উৎপন্ন যে সন্তান, তাহার নাম চণ্ডাল; সেই চণ্ডালও প্রাক্তন অধমজাতি-প্রাপক কর্মের সহিত অসম্বন্ধ বিধার আচণ্ডাল হইরা থাকে। এরপ শূদ্র কর্ত্তক ক্ষত্রিয়াতে উৎপাদিত সম্ভান পুছসও অপুছস হয়। আর বে কর্মবলে জীব পরিব্রাট (শ্রমণ) বোনিপ্রাপ্ত হর, সুষ্ঠি অবস্থায় সেই শ্রমণরপ কর্মের সহিতও সম্বন্ধ থাকে না। শ্রুতি তাই বলিয়াছেন যে, প্রমণ্ড অপ্রমণ হয়। এইপ্রকার তাপস্ত (বানপ্রস্থ)

অতাপদ হন। এখানে অকান্ত সমস্ত বর্ণাশ্রমের পরিগ্রহার্থ কেবল পরি-ব্রজ্যা ও বানপ্রস্তের কথা বলা হইয়াছে। আর অধিক কি ?--সেই মুষ্প্তি-সময়ে শাস্ত্র-বিহিত পুণাকর্ম এবং শাস্ত্র-নিবিদ্ধের আচরণ ও বিহিতের অকরণজনিত পাপকর্মে আত্মা লিপ্ত হয় না; (এখানে 'অনযাগনুন' শক্টি আত্মার পূর্ব্বোক্ত অভয়রপের বিশেষণ, এ জন্তু, ক্লীবলিঙ্গ বুক্তভাবে প্রবুক্ত হইয়াছে) কেন যে পাপপুণো আত্মা লিপ্ত হয় না, তাহার কারণ, দে দম্যে দমস্ত শোক অর্থাৎ কামনা অতিক্রম করে। এগানে শোক অর্থে ইপ্ট-বিষয়ে প্রার্থনা বা অভিলাষ, দেই অভিলাষই ইষ্ট-বস্তু-বিষোগে শোকরণে পরিণত হয়, বেহৈত, অভিন্ধিত বস্তু বিষ্কু বা অপ্রাপ্ত হইলে, পুরুষ তাহার গুণ সকল চিন্তা করত অন্ত:সন্তাপে তাপিত হয়•; অতএব শোক, রতি ও কাম, এ সমস্তই একপর্যায়ভুক্ত শব্দ। এথানে যে শোকের অর্থ কাম, তাহার প্রতি ইহাও একটি হেড় বে, পূর্বের কথিত হইম্বাছে, পুরুষ এ সময়ে সর্বাকামনাতীত হন। "ন কঞ্চন কাম: কাময়তে" তৎকালে কোন কামনাই থাকে না, স্নতরা: "অতিচ্ছন্দা"স্বরূপ হয়। ইত্যাদি। স্নতরাং তংপ্রকরণের অন্তর্গত এই শোক শব্দ কামনাবাচক হওয়াই উচিত। আর কামনাকেই কর্মের কারণরূপে পরে বলিবেন যে, "স যথাকামো ভবতি তৎক্রতুর্ভবতি", অর্থাৎ পুরুষ যেরূপ কামনা করে, তদমুদ্ধপই কর্ম আচরিত হয়। অতএব, সুবৃপ্তিকালে পুরুষ যে সর্বপ্রকার কামনাতীত বিধায় পুণ্য-পাপাদি ছারা আক্রান্ত হয় না, ইহা ৰুক্তিৰ্ক্তই বলা হইশ্বাছে। শ্রুতিম্ব হৃদ্ধ শব্দের অর্থ পুণ্ডরীক-(পদা) তুলা মাংস-পণ্ড, তাহাতে অবস্থিত বে অন্তঃকরণ-বৃদ্ধি, তাহাকেই হৃদয় বলিয়া জানিবে; বেমন মঞ্চন্থিত বাক্তি শব্দ করিলে লোকে বলে, মঞ্চ ডাকিতেছে; এরপ হৃদয়াপ্রিত বৃদ্ধির कार्या (शोकरक (कांग) ও अमरमूर्व कार्या वर्ता इहेन। ध विश्वास "कांग. সংকল্প ও বিচিকিৎসা (সন্দেহ), প্রভৃতি বুত্তি সকল মনের ধর্ম," এই শ্রুতিই প্রমাণ। পরেও বলিবেন যে, "কামা যেহস্ত হাদি প্রিতাঃ" অর্থাৎ ইহার হাদরা-শ্রিত যে সকল কাম, ইত্যাদি। যদি বল যে, কাম যদি সদয়াশ্রিতই হয়, তবে आत "क्षम्य " (नाकाः" रेजानिकाल क्षम्यत काम, এ कथा वनिवास श्रामम কি
 তাহার উত্তর-কাম বা শোকসমূহ আত্মাশ্রিত অর্থাৎ আত্মার ধর্ম, এইরপ ভ্রান্তির অপনোদনই ভাহার উদেখ। সেই জ্বর্য "হদি প্রিতা:" বাক্যে ज्ञान नम अनुक इरेबाहा। अकरा अक्रु कथा स्टेराउए - स्युशिकारन আত্মা হ্রদয়-(বৃদ্ধি) রূপ অন্তঃকরণ-সম্পর্ক অতিক্রম করে, হুতরাং তদাশ্রিত

कारमंत्र मुल्लकं इटेंटिं विमुक्त इत्र, हेटो वनारे वोहना। य ममन्त्र वोषिशन বলেন যে, প্টপাক-তৈলন্থ পূজাদির গন্ধ যেমন পূজা-বিম্নোগেও বিনষ্ট হয় না-তৈলাশ্রিতই থাকে, দেই প্রকার হৃদয়াশ্রিত কামরাশি এবং বাসনা-(সংস্কার) বাশিও হদমের সহিত আত্মার বিয়োগকালেও হদরসম্বদ্ধ আত্মাকে আশ্রম করিয়া थारक रेड्यामि—। किन्न डांशामत मण्ड य श्रुरकीक "कामः मःकन्नः" रेज्यामि "মন এব সর্বাং" "হাদয়ে ছেব রূপাণি" অর্থাৎ রূপ সকল হাদয়েরই থাকে এবং "হাদয়শু শোকাঃ" হাদয়ের শোকসমূহ ইত্যাদি শ্রুতিবাক্য সকল অনুর্থক হুইয়াপড়ে, তাহা তাহারা দেখেন না। যদি বল যে, জামরুপ ইন্দ্রিয় ছারা নিষ্পাত বলিয়া কাম ও বাসনা প্রভৃতিকে হৃদয়াশ্রিত বুলা হইয়া থাকে, বস্তুতঃ ঐ স্কল ধর্ম আত্মারই অভিপ্রেত, হৃদয়ের নহে। উত্তর-তাহাও বলিতে পার না, কারণ, তাহা যদি হইত. তবে কাম, সম্বন্ধ প্রভৃতি 'স্কিশ্রিতাঃ' সদ্যাশ্রিত বলিয়া কথনই বিশেষ করা হইত না। অর্থাৎ সদয় কেবল করণ হইলে আশ্রম্বরূপ না হইলে অধিকরণবোধক উক্তির সামঞ্জন্ত থাকে না। বিশেষতঃ, যথন আত্ম-শুদ্ধি প্রতি-পাদন করাই শ্রুতির প্রকৃত অভিপ্রায়, তথন কামাদিকে স্বরাশ্রিত বলা ৰুক্তিৰুক্তই হইয়াছে। তাহা না হইলে, (আত্ম-শুদ্ধির নিমিত্ত না বলিলে, তোমার পক্ষেও) "ধ্যায়তীৰ দেলায়তীৰ" ইত্যাদি শ্রুতিরও অন্তর্মপ অর্থ কল্পনা করিতে হয়, তাহা অসম্ভব। পুনশ্চ যদি বল যে, "কামা যেহন্ত হৃদি শ্রিতা:।" এই শ্লোকোক্ত "হাদি" বিশেষণের প্রয়োগ হেতু হাদয়াশ্রিত ও আত্মাশ্রিত এই উভয় কামনারই প্রতীতি হয়, নচেৎ 'যে সকল ছদয়াশ্রিত কাম' এই কথা বলিলে অন্ত কামও যে আছে, তাহার ইন্দিত হইবে কেন ? উত্তর—তাহা নহে; অন্স কাম অর্থে আত্মাশ্রিত না ধরিয়া হৃদয়ের অনাশ্রিত কামকেই লক্ষ্য করা হইয়াছে। সে কাম কি ? তাহাও বলিতেছি, যে সকল কাম অভাপি হৃদয়রাজ্যে বাস करत नारे वा बाबाता काम बरेट मित्रा निवाह, देशता किरहे क्रमप्राध्यिक নতে, স্তরাং দে সকলের আর নিবৃত্তি কি ? পরস্ত, যে সকল কামাদি হাদরে श्रक्त इरेश वर्षमान विवास कविराज्य स्वृशिकात जारावा व नष्टे हरेश যায়। তথাপিও যদি "হৃদি" বিশেষণের আনর্থক্যের আশকা কর অর্থাৎ-बडींड ६ बनागड काम यहःहै निवृद्ध बाह्म, काट्यहे छाहा गृहींड ना हहेंग्रा ধ্বদ্বাশ্রিত কামানিই ছদি শব্দের প্রয়োগ বাতীতও গৃহীত হুইবে, তবে তাহার व्यासांश (कम ? ध कथा यनि वल, उत्व विल, विल्यंश विमां छ डांश अवशंख ছওয়া যায় সত্যু, কিন্তু বর্ত্তমান কাম নিবারণে অভিশয় বন্ধপ্রপর্নার্থই

"হৃদি" বিশেষণ প্রদত্ত হইমাছে। নচেৎ (শাল্লে একপ উপদেশ না থাকিলে) তোমার পক্ষে অশ্রুত অনভিপ্রেত কামাদির কল্পনা ও আত্মাশ্রিতত্ব অবধারণ করা হয়। "ন কঞ্চন কাম্যাং কাময়তে।" এই শ্রুতির আলোচনায় অবগত হওয়া যায় যে, আত্মা কোন কাষ্য বস্তু কামনা ক্লুৱে না, তবেই কামনার প্রদক্তির অভাবে প্রতিষেধের অসঙ্গতিবোধে অবখ্টই আত্মার কামনা ষে बीकार्या. अधिरे जारात माक्का मिटलह ? उँखत-नी, वै मांबल रहेटल शास না, কারণ, "দধীঃ স্বপ্নো ভূষা" এই শ্রুতিতে আব্মার অন্ত নিমিত্ত (বৃদ্ধির সহিত অভেদাভিমান হেতু) কামনার প্রদক্তি হয়, তাহার নিবারণের জন্ম পর্ব্বোক্ত প্রতিষেধ দক্ষত বিশেষতঃ শ্রুতান্তরে আত্মাকে নিঃদক্ষ অর্থাৎ দক্ষ-কামনার্ছিত ৰলা হইয়াছে। একণে আত্মা যদি, সভাবতই কামনার আশ্রয় হইত, তাহা হইলে তাহাকে অদঙ্গ বলিয়া শ্রুতি কখনই প্রতিপাদন করিত না আর কাম এবং দক্ষ যে একই পদার্থ,—ভাহাও পুর্বের প্রদর্শিত হুইয়াছে। পুনরপে যদি বল যে, "আত্ম-কামঃ" এই শ্রুতি ছারা আত্মার নিজ বিষয়ে কামনা অবগত হওয়া যায়, স্নতরাং তাহা দারাই কাম যে আত্মাশ্রিত, ইহা প্রতিপন্ন হয়। উত্তর –না, এ প্রতীতি হইতে পারে না, ঐ শ্রুতির প্রকৃত অভিপ্রায় বা অর্থ-অাত্মা বাতীত কামাদির অভাব। কিন্তু আত্মা বিষয়ে কামনার সন্তাব প্রতিপাদন তাহার উদ্দেশ্র। যদিও বৈশেষিকাদি শান্তীয় বৃক্তি দারা আত্মার কামাশ্রম্ব সিদ্ধ হয়, তাহাও "হুদি শ্রিছাঃ" এই স্পষ্ট শ্রুতির বিরোধে কথনই প্রমাণরূপে গৃহীত হইতে পারে না; কারণ, শুতির সহিত বিরোধ উপস্থিত হইলে, যুক্তি বা ভাষ "আভাস" কি অপ্রকৃত উৎসদৃশ বলিয়া গণ্য হয়। বিশেবতঃ ঐ যুক্তির আশ্রয় করিলে আত্মার স্বয়ংজ্যোতিঃ-স্বরূপ বাধিত হয়। কারণ, স্বপ্নে কামাদি বৃত্তি, প্রকল একমাত্র (আত্ম) জানাকারে পরিণত, পৃথক্রপে অবস্থিত নহে, এই হেতু আক্সার স্বয়ংজ্যোতিঃস্বভাব প্রতিপন্ন হইয়াছিল, কিন্তু দেই কামাদি যদি আত্মাতে সমবেত হয়, তবে চকুর অভ্যন্তরগত বিশেষ গুণের মত তাহাদিগকে শুদ্ধ চৈতন্যমাজাবলম্বী বলা ষাইতে পারে না অর্থাৎ তাহার আঁার দৃশ্রত উপপন্ন হর না। কারণ, দৃশ্র ও দ্রষ্টা পৃথক্ বস্তু-এক নংগ; এই বৃক্তিতে দ্রষ্টার প্ররপপ্রকাশ সমর্থিত হইয়াছে। কিন্তু কামাদি আত্ম-সমবেত হইলে তাহাও বাধিত হয়; এবং অস্তান্ত সকল শাস্তার্থও বিরুদ্ধ হয়। এ কথা গত চতুর্থ (তৃতীয়) অধ্যারে বিস্তৃতক্রণে বলিয়াছি-অতি যত্ন সহকারে আত্মার কামাদি-বাসনার প্রতিবাদ করিতে

হইবে, নচেৎ পরমান্ত্রার দহিত জীবের একত্বরূপ শান্ত্রার্থ মিখ্যা হইরা পড়ে।
আর ফোন বৈশেষিক ও নৈয়ায়িকগণ আত্মার ইচ্ছাদি গুণ স্বীকার করার
উপনিষৎশাস্ত্রের সহিত একমত হইতে পারে না, দেইরূপ আত্মার
কামাদি কর্মাও উপনিষৎশাস্ত্রের অভিপ্রোত অর্থের প্রতিকূলতা হেতু
অনাদরণীয়॥ ২২॥

যদৈ তন্ন পশাতি শশুন্ বৈ তন্ন পশাতি ন হি দ্রুই দু ফৌর্বি-পরিলোপো বিহাতে হবিনাশিরাও। ন তু তদ্বিতীয়মস্তি ততো-হম্মদ্বিভক্তং যথ পশ্যেও॥ ২৩॥ .

গত শ্রুতিতে উক্ত হইয়াছে যে, জীব যথন প্রযুপ্তিদশার উপস্থিত হয়, তথন পরিষক্ত স্ত্রী-পুরুষের ক্লায় একত্ব ঘটে বলিয়াই জীব আনন্দাভিরিক্ত কিছুই অমুভব করে না; এবং নানা বৃক্তি দারা প্রতিপন্ন হইয়াছে যে, আত্মা স্বপ্রকাশ। একণে প্রশ্ন হইতেছে যে, আত্মার সেই স্বয়ংজ্যোতিঃসভাব কি ? যদি চৈতল্পরূপ হয়, তবে তাহা বৃহ্নির উঞ্চত্তের মত অত্যাজ্য বলিতে হইবে; অর্থাৎ প্রমান্মার সহিত আত্মার ঐক্য বলিলেও নিজের চৈতন্যস্বভাব কিরূপে ত্যাগ করিবে ? এবং কেন-ই বা সে তৎসমন্ত জানিতে পারিবে না ? যদি নিশ্চরই নিজ স্বাভাবিক চৈতন্য (প্রকাশ) ত্যাগ না করে, তবে স্তব্যুপ্তিদশাম কিছু দেখিতেই বা পায় না কেন ? অতএব চৈতন্য (প্রকাশ) আত্মার স্বভাব, অথচ স্বর্থাবস্থায় কিছুই कानित्व शादि नां, (अक्षकांन) हेश तक्ष्टे अन्नव कथा। छेखत—नां – किछूहे अनञ्जि इत्र नारे, के छेडव डावरे मञ्जब हरेटड शादत ; कातन, नना रहेबाटह, স্বুপ্তাবস্থাতে জীব কিছু দেখে (জানে) না, ইহার অর্থ—দে সময়ে দেখিয়াও দেখে না। তুমি দে বুঝিয়াছ, তৎকালে আত্মা কোন কিছুই দেখে না, তাহা वृश्वित मा; कांत्रण, तम ममरम् आया जहीरे थारक। यनि वन, स्युशिकारन আত্মা দেখে না বলিয়াই আমরা জানি। থেহেতু, সে সময়ে চকুঃ, কিংবা मन, (कान कत्रन-(हेन्द्रिक) हे प्रनिक्तिकात्र नागुड बारक ना। हकू, कर्न প্রভৃতি ইন্দ্রিরণ ক্রিয়ার ব্যাপৃত থাকিলেই দর্শন-শ্রবণাদির ব্যবহার হইয়া থাকে। ধথন তৎকানে চকুরাদি ইন্দ্রিয় ক্রিরায় ব্যাপ্ত থাকে না দেখিতেছি, ज्यम विनिष्ठिहे हहेरव या, आधा लिए हो ना। छेउत-ना ना, छाहा । जूनि ভুন বুঝিয়াছ। তবে কি ? তৎকানে আত্মা দুটাই থাকে। কিন্তাল ? বেহেতু,

দ্রষ্টার (দৃষ্টিকর্তার) দৃষ্টি কথনও লুপ্ত হর না, যেমন অগ্নির উঞ্চতা অগ্নির জীবনকাল পর্যান্ত স্থায়ী, তেমন এই আত্মা অবিনাশী, স্নতরাং তাঁহার দৃষ্টি-শক্তিও অবিনাশিনী—এষ্টা আত্মার চির-সহচরী। আপাততঃ মনে হয় বটে, ইহা অতি বিরুদ্ধ কথা বলা হইতেছে যে, দৃষ্টি ঐঁটার ধর্মা, অব্যাচ তাহা বিলুপ্ত হয় না; দেখিতে পাওয়া যাৱ, দৃষ্টি-ক্রিয়া দ্রষ্টা কর্তৃক নিষ্পাদিত হয়, এবং দৃষ্টি করে বলিয়াই আত্মাকে দ্রপ্তা বলা বায়। সূতরাং দ্রপ্তীকৃত দৃষ্টি বিলুপ্ত হয় না, সনাতন-ভাবে থাকে; এ কথা বলাই যাইতে পারে না। থদি বল যে, তাহা আমাদের বিবক্ষিত নহে, কিন্তু তাহার দৃষ্টি বিলুগু হয় না, এই শ্রুতির উক্তি প্রামাণ্যে অবিনাশিত্বই সাধিত হইতেছে। তাহার উপর যদি বল যে, ইহা হইতে পারে না, শাস্ত্রীয় বচুন বস্তস্বভাবের জ্ঞাপক মাত্র। পরস্ত বৃক্তি-তর্কে অবগত দৃষ্টিবিলোপ ফুত্রিম কতকগুলি বচন ছারা অন্তণাভূত করিতেই পার না। থেহেতু, বচন দকল বস্তুর যথাতথ্যের জ্ঞাপকমাত্র। উত্তর-না, এই দোষ হইতে পারে না, যেহৈতু, আদিত্যাদির প্রকাশের স্থার আত্মার দর্শনকর্ত্বও সম্ভবপর, অর্থাৎ যেমন আদিতাাদি জ্যোতিঃপদার্থ দকন নিতাপ্রকাশশীল হইয়াও স্বাভাবিক সনাতন প্রকাশ ছারাই অপর সমস্ত পদার্থ প্রকাশিত করে, অর্থাৎ যদি প্রকৃতপক্ষে প্রকাশশীল না হইত, তবে কথনই আদিত্যাদি প্রকাশকবর্গ প্রকাশক নামে খ্যাত হইতেন না; কিন্তু স্থ্যাদি জ্যোতিঃপদার্থ সকল নিতাসিদ্ধ প্রকাশ হারাই প্রকাশক হন। তেমন, এই আত্মাও অপরিনুপ্তস্বভাব নিত্য দৃষ্টিশক্তি দারাই দ্রন্থী নামে অভিহিত হয়। এই কারণে ক্লাত্মার দ্রন্থীত গৌণও স্বীকার করিতে পার না। উক্ত মুক্তিতে তাহার মুখ্যদ্রষ্ট ত্বৰ অবগত হওয়া যায়। যদি এই আত্মার অন্যপ্রকার অর্থাৎ ক্রিয়াঘটিত (যৌগিক) দ্রষ্ট্র থাকিত, তাহা হইলে এই দ্রষ্ট ত্বের গৌণবাশঙ্কা হইতে পারিত, কিন্তু আত্মার অভ্য প্রকার দর্শন কোথারও দেখিতে পাওয়া যায় না। অতএব আত্মার স্বাভাবিক (অক্তজিম) দ্রষ্টু ছবীকৃত হইল, এবং তরিবন্ধনই আদিত্যাদি জ্যোতির্মণ্ডলের প্রকাশশক্তির মত সেই অকৃতিফ দ্রষ্টার দৃষ্টি বিলুপ্ত হয় না বলা হইরাছে। অতএব এ কথার আর কোন আপত্তিই হইতে পারে না। অতঃপর যদি আশ্বা কর যে, অনিভা (বর্ত্তমান) ক্রিয়াগোগেই ভূচ্ প্রভাষাত্ত শব্দের প্রয়োগ হইয়া থাকে, বথা – ছেতা, ভেত্তা প্রভৃতি। অতএব ত্রন্থা এই স্থলেও ত্ত প্রত্যন্ন থাকার সামরিক ক্রিরাসম্বর্ধ প্রতীতি হইবে; অর্থাৎ खेडा मः छाइ आजार्व अविनानिनो हुक्नकित পतिशरो। उत्तनना, अमन

কোন নিম্ন নাই যে, কৃত্তিম ক্রিয়াস্থলেই তৃচ্ প্রত্যয়ান্ত শব্দের প্রয়োগ হইবে, পরম্ভ স্বভাব-সিদ্ধ "প্রকাশয়িতা" প্রভৃতি স্থলেও তৃচ্প্রত্যয়াস্ত শব্দ ব্যবস্থত হইতে দেখা যায়। যদি বল যে, অন্যান্য প্রকাশক পদার্থে উক্ত কল্পনা সম্ভব। আত্মতে সেই প্রকার প্রকারান্তর কল্পনা সম্ভবপর নহে, স্থতরাং যৌগিকার্থই ধর্ত্তব্য অর্থাৎ দ্রম্ভ্র উপচারিক, বাস্তব नाह, देशहे विनव। उज्जान-ना,- व जानित हरेट नात ना; কারণ, দৃষ্টির অলোপ সম্বন্ধে স্বয়ং এতিই প্রমাণ। আমি (সময়ে) দেখিতেছি, এবং (সময়ে) দেখিতেছি না, এই ধিবিধ অমুভববশতঃ আত্মার দৃষ্টিলোপ স্বীকার্য্য, এ কথাও বুক্তি-তর্কের অভীত, কেন না, দুর্শনাদি কার্য্যমাত্রই চকুরাদি ইন্দ্রিয়-ব্যাপারসাপেক অর্থাৎ ইন্দ্রিয়ের ব্যাপারগত বৈলক্ষণা হইতেই প্রকাপ দর্শন ও অদর্শন ঘটে। বখন দেখিতেছি, স্বপ্নকালে চকুন্দ্রন্য বাক্তিরও আত্ম-দৃষ্টির লোপ হয় না, অতএব অবশ্রুই স্বীকার করিতে হইবে যে, আত্মার ঐ দৃষ্টি ইক্রিয়ক্কত নহে, স্বাভাবিক: মৃতরাং আত্মার দর্শনশক্তি কথনই বিলুপ্ত হর না, ইহা সত্য। এই জনাই আত্মা স্বয়ুপ্ত অবস্থায়ও সেই স্বয়ংজ্যোতিঃসভাব অপরিলুপ্ত দৃক্শক্তি ছারা দর্শন করে ৷ তবে যে "ন পঞ্চি," আত্মা দেখে না, এই শ্রুতি তাহার বিপরীত অর্থ প্রকাশ করে, তাহার অভিপ্রায় অন্যরূপ যাহা বিতীয় বা পুথক্, দ্রন্তার বাহা দুগু। বিশেষ বিশেষ জ্ঞানের প্রতি কারণ অন্ত:করণ, চকু ও রূপ পূর্ব্বে তাহাই কেবল অবিদ্যা কর্তৃক আত্মা হইতে পতন্তভাবে বোধিত ছিঁল। কিন্তু তাহাও এই সময়ে আত্মার দহিত একীভূত বা বিলীন হইয়া গিয়াছে। পরিচ্ছিত্র দ্রষ্টা জীবের বিশেষ বিশেষ জ্ঞান সম্ং-পাদন করিবার নিমিন্তই চকু প্রভৃতি ইক্তিম আত্মা হইতে পৃথক পৃথক ভাবে অবস্থিতি করে।

কিন্তু এই আত্মা এ সময়ে সর্কাত্মক স্বীয় আত্মার সহিত প্রিয়াপরিষক্ত পুরুষের স্তান্ন একীভাব প্রাপ্ত হইন্না আছে, তংকালে তাহার বিশেষ দর্শনের সহান্ন ইন্দ্রিরগণও আর পৃথক্রপে অবস্থিত নাই,—এবং দৃশু বিষরবাশি আর দৃশুরূপে প্রতীত হর না, এই নিমিত্তই আর বিশেষ বিশেষ জ্ঞান হর না। বিশেষ জ্ঞান मुक्त रेखिइ रहेर्ट्र म्यूड्ठ रह - आञ्चा रहेर्ट नर्र, रक्तन अविश्वात असारित আত্ম-কৃত বলিয়াই প্রতীয়মান হর, এই অবিভাক্ত ভ্রান্তিই আত্মার দৃষ্টিলোপের নামান্তর ॥ ২৩ ॥

যদৈ তন্ধ জিন্ত্ৰতি জিন্ত্ৰন্ বৈ তন্ধ জিন্ত্ৰতি ন হি প্ৰাতৃ-প্ৰাতেৰ্বিপাৰিলোপে। বিন্ততেহবিনাশিত্বা ন তৃ তদ্ধিতীয়মন্তি ততোহস্তদ্বিভক্তং যজ্জিত্ৰেৎ ॥ ২৪ ॥

দেই সৃষ্ঠিসময়ে পুরুষ যে আত্মাণ করে না, তাহা আত্মাণকারী হইয়াও ত্মাণও করে না। বেহেডু, ত্মাতার (আত্মার) ত্মাণ বিল্পু হয় না; কারণ, তাহা অবিনাশী। তবে বে ত্মাণ-জ্ঞান হয় না, তাহার কারণ আর কিছুই নহে—তৎকালে কেবল সমস্ত বস্তুর অভাব। অর্থাৎ অবৈতদিদ্ধি ঐ সময়ে এমন কিছুই থাকে না, আত্মা বাহার ত্রাণ করিবে।। ২৪।।

যদৈ তর রসয়তে রসয়ন্ বৈ তর রসয়তে ন হি রসয়িতৃ-রসয়তের্বিপরিলোপ। বিভাতে হবিনাশিত্বা র তু তদ্বিতীয়মন্তি ততো হন্যদিভক্তং যদ্রসয়ে ॥ ২৫॥

দেই সময়ে পুরুষ যে রস গ্রহণ করে না, তাহাও ঠিক, রস গ্রহণ করিয়াই করে না, তবে যে রস গ্রহণ করে না বলিয়া প্রতীতি হয়, তাহার কারণও পূর্ববং বিষয় ও ইক্রিয়ের অভাব, পরন্ত রসমিতার রসাম্বাদন বিল্পু হয় না; কারণ, তাহা নিত্য ॥ ২৫ ॥

যদৈ তন্ন বদতি বৃদৃদ্ধ বৈ তন্ন বদতি ন হি বক্ত, বিক্তেবি-পরিলোপো বিঅতে হবিনাশিস্থা ন্ন তু তদ্দিতীয়মস্তি ততো-হ্যাৰিভক্তং যদদেশ ॥ ২৬ ॥

এ সময়ে সেই আত্মা বে কোন কথা বলে না, তাহাও বক্তা হইয়াও বলে না. বেছেছ, বক্তার বচন বিলুপ্ত হয় না; কাবন, তাহা বিনাশনীল নহে, ভবে বে বলে না বলিয়া প্রতীতি হয়, তাহার কাবণ এই—সেই সময়ে প্রক্রাতিরিক্ত বস্তুর সন্তা নাই যাহা বলা যাইতে পারে ॥ ২৬॥ যদৈ তন্ন শৃণোতি শৃণুন্ বৈ তন্ন শৃণোতি ন হি শ্রোতুঃ শ্রুতের্বিপরিলোপো বিভাতেহবিনাশিস্থান তু তদ্বিতীয়মস্তি ততোহন্যদ্বিভক্তং যক্ষুণুয়াৎ॥ ২৭॥

সেইরপ আয়া তৎকালে যে শ্রবণ করে না, তাহাঁও শ্রবণশক্তি-সম্পন্ন হইয়াও শ্রবণ করে না, থেহেতু, আয়ার শ্রবণশক্তি অপরিস্থা; পরস্ক স্বয়ৃপ্তিকালে বৈতাভাবে বাহু শব্দ শ্রুত হয় না; কারণ, তৎকালে সন্ত শ্রোতব্য এক আয়ায় পর্যাবসিত হইয়া যায়, তদতিরিক্ত এমন কোন বিতীয় বস্তু থাকে না, যাহা শ্রবণ করিবে॥২৭॥

যদৈ তন্ধ সন্থতে মধানো বৈ তন্ধ সন্থতে ন হি মস্তর্শ্বতে-বিপরিলোপো বিভাতে হবিনাশিত্ব। ন তু তদ্বিতীয়মৃত্তি ততো-হন্দবিভক্তং যদাবীত ॥ ২৮ ॥

তথন যে আত্মা কোনও মনন (চিন্তা) করে না, তাহা মননকারী হুইয়াও মনন করে না, আত্মার অবিনাশিনী মননশক্তির লোপহেতু যে মনন করে না, তাহা নহে; কেবল সে দশার সমস্তই বিলুপ্ত হয়, কাজেই চিন্তানীয় দিতীয় বিষয় না থাকায় চিন্তা করে না॥ ২৮॥

যদৈ তন্ন স্পৃশতি স্পৃশন্ বৈ তন্ন স্পৃশতি ন হি স্প্রাষ্ট্রঃ
স্পৃষ্টের্বিপরিলোপে। বিগুতেহবিনাশিস্থান্ন তু তদ্ধিতীয়মন্তি
ততোহন্যদিভক্তং যথ স্পৃশেৎ॥ ২৯॥

যদৈ তন্ন বিজ্ঞানতি বিজ্ঞানদৈ তন্ন বিজ্ঞানতি ন হি বিজ্ঞাতু-বিজ্ঞাতের্বিপরিলোপে। বিগুতেহবিনাশিত্বান্ন তু তদ্বিতীয়নন্তি ততোহস্তদ্বিভক্তং যদ্বিজ্ঞানীয়াৎ ॥ ৩০ ॥

এইরূপ সেই সুষ্থিকালে পুরুষ যে স্পর্ণ করে না, এবং বিশেষ বিজ্ঞান করে না, তাহাও স্পর্ণ এবং বিজ্ঞানশক্তি-সম্পন্ন থাকিয়াও করেণনা। নতুবা শ্রেষ্টার ম্পর্শশিক্তি (জ্ঞান) ও বিজ্ঞানশক্তির অভাব হেতু নহে; কারণ, তাঁহার স্পর্শ-শক্তি ও বিজ্ঞানশক্তি সনাতনী, তথাপি স্পর্ণ না হওয়ার এবং বিশেষ জ্ঞান না পাকিবার কারণ এই যে. সে সময়ে এমন কিছু বিতীয় বস্তু থাকে না, এবং এমন কোন ইক্রিয়ও থাকে না খে, তথারা তাহাদের স্পর্শ ও বিজ্ঞান সম্পন্ন হইবে।

মনন ও বিজ্ঞান মন ও বৃদ্ধির কার্যা। যদিও ইহারা বাহু চকুরাদি ইন্দ্রিয়াপেক্ষ, সভরাং চাকুষাদি জ্ঞানের প্রতিষেধ দারাই মনন-বিজ্ঞানের প্রতিষেধ সম্পন্ন হয়, আর পুথক উল্লেখ আবগ্রহু হয় না। তথাপি এমন কতকগুলি আভ্যন্তর মনন ৩ বিজ্ঞান আছে, বাহারা চকুরাদি বাহেন্দ্রির-নিরপেক অতীত বা ভাণী প্রভৃতি বস্তুবিষয়ক, ভাহাদের প্রতিষেধ করিবার জন্তই वज्राजात्व देशांत्रत जेटल्लश स्टेशांट्या अकरण এই ममख विश्वतत जेशत अकिं প্রশ্ন হইতেছে যে, এক অধিরই উঞ্চত্ব, প্রকাশ ও জননাদির স্থায় উক্ত দৃষ্টি প্রভৃতিও কি আবার স্বভাবতঃই ভিন্ন ভিন্ন ধর্মে ১ অথবা অভিন্ন ধর্মেরই অন্তর্নপ উপাধিজনিত বিভিন্ন ভাব ? এই প্রশোত্তরে কেহ কেহ বলেন যে, বেমন গো-পদার্থ দ্রব্যরূপে এক. কিন্তু তাহাদের সাম্বা-শৃন্ধ-লাম্ব লাদি ধর্ম পরম্পর বিভিন্ন, তেমন স্বভাবতঃ এক আত্মারই একত্ব ও নানাত্ব। অতএব স্থল পদার্থের একত্ব ও নানাত্বের মত নিরবয়ব অমূর্ত্ত পদার্থেরও একত্ব এবং নানাত্ব অনুমান করিয়া লইতে হইবে: বথন উক্ত নিয়মের কোপাও ব্যতিক্রম শক্ষিত হয় না, তথন আত্মার পক্ষেত্ত দর্শন প্রভৃতি ধর্ম্মের পরম্পর বিভিন্নতা এবং আত্মরূপে একত্ব অবশ্রুই স্বীকার্যা! উত্তর-না, এ মত ভাল নহে। কারণ, "বদৈ" रेजािन अञ्चित्राका नर्गन প্রভৃতি धर्मात (छन-প্রদর্শক নহে। ইহার তাৎপর্য্য व्यनाक्रथ। यनि व्रथ्नकांभ व्याबाद्यां जिः टेड्ड व्यवक्रथरे इरेटन, उटन स्युश्चि দশায় তাহার জ্ঞান থাকে না কেন্দ্র অতএব বল, বখন সুষ্থিদশায় জ্ঞান থাকে না. তথন আত্মজ্যোতিঃ প্রতন্যস্তরূপ, এ কথাও মিথ্যা। এই আশক্ষা निवात्रात्र जन्न "यदेव उर" हेजांनि वाका उथानिज इहेमाइ ।

য়দি চৈতন্তের অবিনাশিত্ব প্রতিপাদন করাই এই বাকোর মুখ্য উদ্দেশ্য হয়, তবে দর্শনাদির ভেদনিরূপণ কেন? এই আশক্ষার বলিয়াছেন বে, জাগ্রং ও ব্যপ্তকালে আত্মার স্বাভাবিক চৈতন্যজ্যোতিঃ চকুঃ প্রভৃতি নানাবিধ উপাধিযোগে যে দৃষ্ঠ বা শ্রুত প্রভৃতি শব্দ দারা দর্শন, শ্রবণাদি ব্যবহার লাভ করিয়া প্রকাশিত হয়। স্ব্রিকালে ঐ সমস্ত ভিন্ন ভিন্ন উপাধি-ব্যাপার নিক্ত হওবীয় তাহা (চৈতন্যজ্যোতিঃ) আর উপলব্ধ হয় না।

किंख उरकारन के का अविकासमान ना इंदेरन अरकारन रा विश्वमान থাকে, ইহাই এ স্থলে অনুবাদস্বরূপে উক্ত হুইরাছে। অতএব সেই স্থলে যে দর্শনাদি ধর্মের ভেদকল্পনা করা হয়, তাহাও শ্রুতার্থের অনভিজ্ঞতা-নিবন্ধন, অন্তথা নহে ; বেহেতু, "প্রজ্ঞান বন" "শ্রুতি ও "বিজ্ঞানমানলং ব্রদ্ধ" ইত্যাদি শতি এ-পক্ষে মহান্ বিপক্ষ। লোকে বলিয়াও থাকে যে, চকু বারা রূপ জানে, শ্রোত বারা শক্ষ অবগত হয়, এবং জিহবা বারা অরাদি রস্ অনুভব করিয়া থাকে ইত্যাদি। মুভরাং সকল গুলেই দৃষ্টি প্রভৃতি বিজ্ঞান অর্থে পর্যাবসিত হয়। বিশেষতঃ, এ বিধয়ে আরও উত্তম দুষ্ঠান্ত আছে।—বেমন স্বভাবস্থাত স্ফটিক কেবল হরিত-নীল-লোহিতাদি উপাধি-সংযোগে সেই সেই আকার নারণ করে. বস্ততঃ তাহার উপাধি ব্যতাত হরিত-নীল্'লোহিতাদি বিভিন্ন ধর্ম কল্লনা করা বাইতে পারে না, সেইরূপ চকুঃ প্রভৃতি উপাধিসম্পর্ক বাতীত প্রজ্ঞানময় আগ্র-জ্যোতির দুষ্ট্যাদি বিভিন্ন শক্তি কথনই উপপন্ন হইতে পারে না। অপিচ, নেমন আদিল্যাদি জ্যোতিঃ হরিত-পীত-নাল-লোহিতাদি বিভিন্ন প্রকাশ্র বস্তুভেদে বিভাগবোগে না হইমাও প্রকাশ করিতে ঘাইমা বিভিন্ন আকার প্রাপ্ত হয়, আয়জোতিও দেইরূপ দনন্ত জনং এবং চকুঃ প্রভৃতি ইক্সিয়নণকে প্রকাশ করিতে যাইয়া তদাকার ধারণ করে। এ কথা পুর্নেরও উক্ত হইয়াছে যে, "আত্মনিশায়ং জেলতিয়ান্তে" ইত্যাদি। তবে যে নিরবয়ব भनार्थ अत्नकाकात शातन करत, ध विषय कान पृष्ठी छ नाई विनाद. তাহাও বলিতে পারে না। কারণ, নিরবন্ধব আকাশের উপাধিভেদে ভিন্ন ভিন্ন ধর্ম উপলব্ধ হয়, এবং নিরবয়ব পরমাণু প্রভৃতিরও গন্ধ-রসাদি অনেক গুণ স্বীকার করা হয়, তাহাও বিচার-পূর্ধক নিরূপণ করিলে বুঝা যায়, উহা পরোপাধি-জনিত বলিতেই হইবে, অন্তথা নহে। প্রথমতঃ দেগ, আকাশের বে সর্বলতত্ত্ব ধর্ম, তাহাও স্বাভাবিক নহে, কিন্তু কেবল সমস্ত•উপাধি-সম্পর্ক বশতঃ সর্ক্ষবস্তুতে স্বীয় সতা বিভামান থাকাৰ আকাশকে দৰ্মগত বলিয়া ব্যবহার করা হইয়া থাকে : নচেৎ আকাশ স্বভাবতঃ কোথায়ও গমনও করে না এবং কোন স্থান হইতে অগিতও হয় না। কারণ, গমনক্রিয়া একস্তানস্থিত বস্তু। স্থানাস্তরে সংযোগের হেতু; কিন্তু ভাষা নির্বিশেষ অর্থাৎ ক্রিয়াক্তত বিশেষ ধর্ম-বিহীন বস্তুর পক্ষে দম্ভবপর হইতে পারে না, এবং অপরাপর ধর্মঘটিত প্রভেদও আকাশে থাকিতে পারে না ঠিক পরমাণ প্রভৃতির অবস্থা এইরপ ; দেখ,—পার্থিব পরমাণ্ অৰ্থে গঢ়ে গৰুবতী পৃথিৰীৰ গৰুমৰ প্ৰম হুল অবৰুব, ৫ গৰুমৰ পাথিৰ প্ৰমাণ্

আর পৃথিবী উভর একই; কাষেই সেই গন্ধাস্থ্যক প্র্যাণুতে আবার গন্ধযোগ কর্মনা করা যাইতে পারে না। যদি বল যে, সেই গন্ধাস্থ্যক প্র্যাণু রসাপ্থ্যক হইতে বাধা কি? উত্তর—না, পার্থিব প্র্যাণুতে যে রসাদি গুণ থাকে, তাহা জলাদির সমন্ধ জনিত বিধায় উপাধিক, তব্যতীত বাভাবিক নহে। অত্থব নির্বন্ধব বস্তুর নানাবিধ ধর্মসহন্ধে কোন দৃষ্টাস্তুই নাই। ইহা দ্বারাই প্র্যান্থ্যত দর্শন ও প্রাণশক্তি প্রভৃতির চক্ষ্ও রূপ এবং খাণ ও গন্ধাদিরপে যে ভিন্ন ভিন্ন প্রিণাম কর্মনা, তাহা নিরস্ত হইল॥ ২৯-৩০॥

যত্র বাহয়দিব স্থান্তত্ত্রাম্যোহয়ৎ প্রাদম্যোহয়জ্জিত্ত্রেদয়ো-হয়দ্রময়েদয়ে হয়দ্বদেশয়ে হয়চছ্ পুরাদম্যোহয়ন্দ্রীতায়ে হয়ৎ স্পুশেদয়োহয়দ্বিজানীয়াৎ ॥ ৩১॥

পূর্ম শতিতে উক্ত হইয়াছে যে, জাগ্রং ও স্বপ্নের ক্রায় স্বয়ুপ্তিতে আন্মার বিশেষ বিজ্ঞান জ্ঞানা। কারণ, যাহা জ্ঞেয়, তাহাই আ্যা হইতে বৈত বলিয়া বিবেচিত হই । পাকে। যথন সমুখ্যিকালে হৈত অজ্ঞেয়তা বশতঃ আত্ম ংইতে বিভিন্ন নহে, তখন ভৎকালে একদাত্র আত্মজ্ঞান ব্যতীত অস্ত কোন বিষয়ের জ্ঞান থাকিতে পারে না। একণে ইহাতে আশক্ষা হইতেছে যে,— যদি ইহার (আখার) উহাই (বিশেষ বিজ্ঞানাভাব) স্বভাব হয়, তবে জাগরণাদিকালে উহার সেই স্বভাব পরিত্যক্ত হয় কেন ? আর যদি বিশেষ विकानरे जारात श्रजात रहेशा थात्क, ज्या अधुश्चिर्जरे वा विरम्स विकान হর না কেন ? তাহার উত্তরে বলিতেছি, আস্নার বিশেষ ভিজানাভাবই মভাব, তবে যে জাগ্রং বা মধ্যে বিশেষ বিজ্ঞান হয়, তাহা বাস্তব নহে। কারণ, জাগরণ ও বপ্রদর্শায় অবিছা আত্মভিন্ন ৰস্ত দকল বেন পৃথকরূপে উপস্থাপিত করে, তথন জীব দুখা, হইতে যেন আত্মাকে দিতীয় ব্যক্তি মনে করে এবং তাহার দলে অবিছা (উপস্থাপিত) কল্লিত পদার্থ হইতে বস্ততঃ আত্মভিন বস্তু না থাকিলেও আপনাকে অত্যেরপুথক বস্তু মনে করিয়া এবং অবিভা প্রত্যুপস্থাপিত বস্তু হইতে আয়ার প্রভেদ না থাকিলেও যেন विस्मित्र प्रमान करत व्यर्थाए स्मन व्याचा क्षणीन प्रमान क तरिष्ठा, अहेक्र আত্রাণ করে, আর্থাদন করে, মনন (চিম্তা) করে, ম্পর্ণ করে এবং

বিজ্ঞান করে, সর্ব্বেই যেন দিতীয় ব্যক্তি অপরকে জ্ঞান করে; কিন্তু বস্তুতঃ এক আত্মা সর্বব্যাপী, এ কথা পূর্ব্বেও "দ্বন্তীব" ইত্যাদি শ্রুতিতে অভিহিত হুইয়ার্ছে॥ ৩১॥

সলিল একো দ্রুফী হ দৈতে। ভবত্যের ব্রহ্মালোকঃ স্ত্রাড়িতি হৈনমনুশশাস ষাজ্ঞবক্ষ্য এষাস্থা পরমা গতিরেষাস্থা পরমা সম্পদেষোহস্থা পরমো লোক এষোহস্থা পরম আনন্দ এতক্ষৈ-বানন্দস্যাম্থানি ভূতানি মাত্রামুপজীবন্তি॥ ৩২॥

কিন্তু যথন সুষ্ঠিদশায় নানাবিধ বন্তর উপস্থাপিকা দেই অবিভা নির্ভ ২য়, যে অবিস্থা বিষয়কে আত্মা হইতে পূথক করিয়া দেখাইয়াছে, সেই তথন অবিদ্যার বিলয় হেতু আর কোনরপ বিতীয় বস্তু থাকে না; স্তরাং কে কিসের ছার। কাছাকে দর্শন করিবে 💡 আদ্রাণ করিবে 🤊 কিংবা চিস্তা করিবে 🤊 অভএব সে সময় জীবাত্মা কেবল অভ্যস্তরে স্বপ্রকাশ বীয় চৈতল্পময় আত্মার সহিত মিলিত হইয়া সম্যুক্রপে প্রশাস্ত ও পূর্ণকাম হয় ও আত্মরতিতে মগ্ন থাকে। বুদ্ৰুদাদি সলিল বেমন সলিলে মিশিয়া এক অথও নিৰ্মাণভাবে পরিণত হয়, এরপ স্বন্ধপে মিলিত হইরা অথওতা লাভ করে। কেন না, এই সুৰুপ্তিকালে হৈতদর্শনের অভাবে, অবিদ্যা প্রশমিত থাকে, এ জন্ম আত্মা তৎকালে এক বা অতিতীয়ভাবে উপনীত হয় এবং আত্মজ্যোতীরূপিণী জ্ঞানশক্তির অবিলোপ হেছু নিত্য দ্রষ্ট্রভাবে বিরাজ করে। তথন আত্মা দ্রষ্টব্য দিতীয় বস্তুর অভাব হেছু অবৈত, মরণধর্মনাহিত্য হেতু অমৃত ও সর্বাপ্রকার ভন্নবহিত বলিয়া অভন্ন শ্বরূপ লাভ করে। এই আত্মাই বন্ধলোক অর্থাৎ বন্ধশ্বরূপ। এই স্বৃষ্ঠিকালে সর্বপ্রকার দেহেন্দ্রিয়াদি উপাধিসম্বন্ধ হইতে উপরত হইরা মীয় আত্মজোতিঃ-শ্বরূপে অবস্থিত থাকে। মহর্ষি যাজ্ঞবন্ধ্য এই পর্যান্ত বনিয়া জনককে সম্রাট নামে সংখাধন করত অঞ্পাসন বা উপদেশ করিয়াছিলেন, (এই অংশ প্রতির উক্তি)। একণে কি উপদেশ দিয়াছিলেন ? তাহাই কথিত হইতেছে। ইহাই এই বিজ্ঞান আত্মার উৎকৃষ্ট গতি এবং এতদতিবিক্ত অবিদ্যাক্ত বে একাদি তথ পর্যাস্ত দেহাদিধারণরপ জীবের গতি, সে সমস্ত অতি কৃত্র; বেহেতু, তৎসমস্তই অবিস্থাক্ষিত। কর্ম ও বিস্থা-সাধ্য দেবতাদি গতির মধ্যে ইহাই প্রমা—উত্তমা

গতি, ধাহা দর্কাত্ম-ভাব, অর্থাৎ দর্কত্ত আত্মদর্শন, বেধানে অন্ত কিছু দর্শন করে না, শ্রবণ করে না কিম্বা কিছু জানে না, ইহাই সর্ক্ষবিধ বিভৃত্তির মধ্যে প্রমা বিভূতি, যেহেতু, তাহাই আত্মার স্বাভাবিকী অবস্থা। আর যাহা কিছু বিভূতি আছে, তংসমন্তই কৃত্রিম, অভএব অসার। আবার ইহাই আত্মার পরম লোক, কেন না, বাহা কিছু দেঝাদি লোক জীবের কর্ম্মের পরিণামরূপে উপস্থিত रुव, म ममुनबरे प्रथहःशामिशूर्व; प्रख्ताः रेश जालका जालकरे। বভাব-সিদ্ধ বিধায় এই এশ্ব-লোক কোন কর্ম ছারাই পরিচ্ছিন্ন হয় না; কারণ, বাহা কৃত্রিম, তাহাই কুর্মাধারা পরিচ্ছিন, কিন্তু ইহা স্বাভাবিক; हेरात পরিচেছদ অর্থাৎ দেশকালাদি সীমা নাই। এই জন্ম ইহাই জীবের পরম লোক। ইহাই জীবের পর্ম আনন্দ; এতদ্বির শক্ষ-স্পর্ণাদি বিষয়ের সহিত ইন্দ্রিসম্বন্ধ-জনিত বে সমস্ত আনন্দ, তদপেকা এই আনন্দই পরম; যেহেতু, ইহা নিত্য। ছান্দোগ্য শ্ৰুতিও বলিয়াছেন যে, "যো বৈ ভূমা, তৎ সুধম্।" অর্থাৎ ধাহা ভূমা-পদ্ম মহৎ, তাহাই পরম স্থমন্ত। আর জীব যে অবস্থান্ত অন্ত কিছু দর্শন করে, প্রবণ করে বা জানে, দে স্কুণ কুদ্র অর্থাৎ নথর ও অল-তাহা মুখ্য আনন্দ নহে। কিন্তু ব্ৰহ্মানন্দ ইহার সম্পূর্ণ বিপরীত। স্কুতরাং ইহা পরম आंतन्त्रमा । এ अन्न कहानामत्री अविन्नावर्ष कीव य विश्वतिक्र-नम्भक्काल আনন্দ-লেশ অনুভব করে, তাহা ব্রদানন্দেরই অংশ, অতএব ব্রদানন্দ সকল चानत्मत উপजीवा व्यर्थाৎ व्यविधा के भवगानम हहेत्व य मकंत जीवतक आनन-अःग इहेट्ड विश्वित्र कतिश्रा तियः, अत्र हहेट्ड चडत्र ভारांशन स्महे সকল জীব সেই অংশটুকুই নিজ ইন্দ্রিয়াদির বিষয়সম্পর্ক দারা উপভোগ कतियां श्रीत्क ॥ ७२ ॥

স যে। মনুষ্যাণাত,রাদ্ধঃ সমুদ্ধো ভবত্যন্যেষামধিপতিঃ
সর্বৈর্দ্মানুষ্যকৈর্ভোগৈঃ সম্পন্নতমঃ স মনুষ্যাণাং পরম আনন্দঃ।
অথ-যে শতং মনুষ্যাণামানন্দাঃ স একঃ পিতৃণাং জিতলোকানামানন্দঃ। অথ যে শতং পিতৃণাং জিতলোকানামানন্দাঃ স
একো গন্ধর্বলোক আনন্দঃ। অথ যে শতং গদ্ধর্বলোক আনন্দাঃ
স একঃ কর্মাদেবানামানন্দাঃ স এক আজানদেবানামানন্দাঃ
অথ যে শতং কর্মাদেবানামানন্দাঃ স এক আজানদেবানামানন্দাঃ

যশ্চ শোত্রিয়েহরজিনোহকামহতঃ। অথ যে শতমাজানদেবানামানদাঃ স একঃ প্রজাসতিলোক আনন্দো যশ্চ
শ্রোহিরোহরজিনোহকামহতোহথ যে শতং প্রজাসতিলোক
আনদাঃ স একো ব্রহ্মলোক আনন্দো যণ্চ প্রোত্রিয়োহরজিনোহকামহতোহিথৈর এব পর্ম আনন্দ এম ব্রহ্মলোকঃ
সমাড়িতি হোবাচ যাজ্যবন্ধাঃ। সোহহং ভগবতে সহস্রহ
দনাম্যত উর্দ্ধং বিমোক্ষায়ের ব্রহীত্যক্রতংহ যাজ্যবন্ধ্যো বিভয়াঞ্চকার মেধারী রাজা সর্ব্বেভ্যাে, মাহন্তেভ্য উদরোহসীদিতি॥ ৩৩॥

अकरन रा প्रयानस्कृत ज्ञान तका हहेर्ड महस्र प्रशिष्ठ कोर्यत उपकारा, राहे সাননাংশের মূলীভূত প্রমানন্দের স্বরূপ স্মবগত করাইবার জন্ত শতি विज्ञाहरून, रामन थन्न वास देश के देशका निवास कार्या कर्या ঐরপ থণ্ড থণ্ড বিষয়ান দ স্বারা মুগীভূত ব্রহ্মানদের অনুমান করিতে হইবে। নেই অনুমানের প্রকার এই—মনুষ্ঠগণের মধ্যে বে ব্যক্তি রাদ্ধ **অর্থাং** অবিকলাঙ্গ এবং ভোগবিলাদের বিবিধ উপকরণ-সপ্রায়, অধিকত্ত অন্তান্ত দজাভায় ব্যক্তি-গণের মধ্যে স্বাধীন অধিপতি, কিন্তু মণ্ডলেশ্বর নহে, তবে যত প্রকার মনুবেয়র ভোগোপকরণ থাকিতে পারে, সেই সমস্ত ভোগদামগ্রী ঘারা বিশেবরূপে পরিপূর্ণ। এথানে "মাত্রকভোগ" এই মাত্রক্তক শব্দের উল্লেগ দারা দৈবভোগের কথা পরিত্যক্ত হইয়াছে। দেখা বাহা, দেই বাঁক্তিই মন্তব্যের মধ্যে পরম আমনদ অপাৎ আনন্দালী। ধদিও এই বাকোতে আনক ও আনন্দান্ ব্যক্তির আনন্দের সঙ্গে অভিনরপে নিশিষ্ট হওমার বুঝিতে হইবে যে, সেই উভর্মই धक-छित्र न हर । शहरानि (जद धहे गाडा (अर्ग) मकनहे निवह (श्राष्ट्र) ও বিষয়ী (গ্রাহক) আকারে জগতে বিস্ত। এ কণা যে অবস্থায় পুণক-রূপে ননে হয় ইত্যাদি শুতি দারা ক্ষিত হইয়াছে, অতএব "স প্রম্ আনন । বিশ্বা আনন্দ ও আনন্দবানের অভেদ-নিদেশ অগঞ্জ হয় নাই। এ বিধরে 'ৰুণিষ্ঠিরাদি তুল্যো রাজা' ইত্যাদি বাকাই উদাহরণ। একণে সর্বাত্তো মহয়গণের আনন্দ আরম্ভ করিয়া উত্তরোত্তর শতগুণে বুদ্ধিপ্রাপ্ত আনন্দ্রসূত্রের বিচার দ্বারা প্রমানন্দের অনুমান করিবার পর ভাহার স্বরূপ অবগতির জন্ম বলিতেছেন যে, বাহাতে আরু কোন ভারতমা নাই, ভাহাই পুরুষক্র, তথাতীত আনন্দমাত্রই উতরোত্তর তারতমাশালী। মনুযাগণের মধ্যে আনন্দ প্রতানসিদ্ধ তাহা হইতে আরম্ভ করিয়া উত্তরোভূর শত্তপ্রশক্রমে বন্ধিত পরমা-নন্দের অনুমান করতঃ যে স্থানে আনন্দের বিভাগনিঞ্জি হয়, তাহা অনুভব কর ইতেছেন। সেই প্রমান্ত জনশং শতগুণে বন্ধিত হট্যা যেগানে চরম-দীমাম উপনীত হয়, এগানে দশন, এবণ ও মননৈর অভাবে গণনাও নিবুত্ত হয়, তাহা নিরূপণ করিবার জ্না বলিতেছেন, সঞ্ট। মন্ত্রাগণের মধ্যে গাঁহারা শান্ত্রনিহিত শ্রান্ধাদি কর্ম দারা পিতৃগণকে পরিতৃষ্ট করত পরে পিতৃলোকে গমন করিয়াছেন, সেই সকল পিতৃলোকজ্ঞী পিতৃগণের সম্বন্ধে মনুষ্যাগণের আনন্দ অপেকাশত ৩০ পরিমাণে ব্রিত এক আনন্দ উপস্থিত হয়। আবার সেই শতগুপিত আনন্দ গন্ধৰ্কলোকের এক আনন্দ বলিয়া গুলুত হয়। যাঁহারা অগ্নিহোত্রাদি বৈদিক কর্মপ্রভাবে দেবত্ব লাভ করিয়াছেন, সেই সকল কর্মাদেবের এক আনন্দ গন্ধবের শত আনন্দের সনান। গাঁহারা 'আঞ্চান' অর্থাৎ সৃষ্টিকাল হুইতেই দেবতা, দেই সকল আজান দেবতা বা অকৃত্রিম দেবতার কর্মাদেবের শতগুপিত আনন্দে এক আনন্দ উৎপন্ন হয়। আবার যিনি শ্রোত্রিয়—অধীতবেদ ও অবুজিন অর্থাৎ শাস্ত্রোক্ত কর্মকারী, মুতরাং নিম্পাপ এবং অকামহত অর্থাৎ কামনা থারা পীডিত নতে—নিম্প্র—আজান দেবের অধন্তন বত প্রকার লোক উক্ত হইয়াছে, তৎসমন্ত বিষয়ে লোভ বা অভিলামশুতা, এবছত সাধুর আমনদ ও আজান দেবের শতগুণিত আনন্দ একরণ। "ফ্চ" এই "চ" শব্দ নির্দেশ হেতৃ অবগত হওয়া যায় যে, সেই সকল দাধুর শতগুণিত আনন্দ প্রজাপতিলোকে অর্থাৎ বিরাট্শরীরে এক আনন্দ বলিয়া গৃহীত হয়। ঐ আনন্দ বিরাট সম্বন্ধে বিশেষ বিজ্ঞানবান শ্রোত্তিষ (বেদজ্ঞ), নিষ্পাপ বিরাট-উপাসক ভোগ করেন, মুতরাং তাহা পূর্বোক্ত দাধু পুরুষের শতগুণ আনন্দের তুল্য। পুনশ্চ, ইহার শত-গুণিত, আনন্দ হিরণগের্ভাত্মক ব্রহ্মকোকে এক আনন্দ বলিয়া গৃহীত হয়। সেই মানৰ হিরণাগর্ভের উপাদক শোতিয়, নিস্পাপ, নিস্পৃহ ব্যক্তির আননের দুমান। ইতঃপরে গণিত সংখ্যানিবৃত্তি—দে আনন্দের কোনরূপ সংখ্যা বা গণনা নাই। राज्यतका विनातन, मुआहे। देशहे अवस व्यानम विनेत्री निर्मिष्टे इंदेशहा । समुद्धाव জলবিন্দুর স্থার বন্ধলোকাদিগত আনন্দ ইছার মাত্রা অর্থাৎ কণামাত্র: এবং এই ভাবে শতগুণক্রমে বৃদ্ধি প্রাপ্ত আনন্দস্ত দেখানে একত প্রাপ্ত হয়, অর্থাৎ এক হইরা যায়, আর পৃথক্ থাকে না, যাহা শ্রোতিমগণের মাত্র অন্তভূতির বিষয়, তাহাই সুম্প্রদাদরপ পরম আনন্দ। এ অবস্থায় আদিলে যোগী আর কিছু দর্শন করে না। অতএব ইহাই ভূমা, —মহান্; ভূমা বলিয়াই অমৃত অ্থাৎ অবিনশ্বর; ভূমা ভিন্ন সমত আনন্দই বিনাশনীল।

পূর্নোক বিশেষণক্রয়র মধ্যে শ্রোতিয়ত্ব ও অবৃত্তিনত্ব বিশেষণক্র সমানার্থক, কিন্তু অকামহতত্বরূপ বিশেষ-ধর্মটি শতগুণ আনন্দের বৃদ্ধি-হেতু। যেমন অগ্নি-হোত্রাদি কর্ম দকল দেবত্বপ্রাপ্তি বিষয়ে সাধন, এইরূপ এই স্থানে উক্ত শ্রোত্রি-মন্ত্র, অবুজ্নির ও অকাম-হতত্বই পুর্বোক্ত সেই মেই আনন্দ-বিশেষের প্রাপ্তি-বিষয়ে সাধনরূপে অভিহিত হইল। তন্মধ্যে শ্রোতিয়ত্ব ও অবুজিনজনামক অবস্থান্ত্র নিম নিম তারেও দমান, কাজেই উহার পরবাত্ত-আনন্দ বিষয়ে উহারা দাধন বা উপায় বলিয়া অভিহিত হয় না, কেবল নিম্পৃহতা ধর্ম্মই বৈরাগ্যের উংক্র্যাপক্ষ অনুসারে আনন্দ-তারতমাের প্রতি সাধন বলিয়া নিদ্ধারিত হইতেছে অর্থাৎ যে জাতীয় স্পৃহত্যাগ, যে প্রকার বৈরাগ্য সম্পাদন করিবে, সেই পরিমাণে আনন্দ-লাভের কারণ হইবে, সর্ব্ধবিষয়-বৈরাগ্যের কারণীভূত সর্ব্ধবিষয়ে নিস্পৃহতাই মাত্র ভূমান-ৰূপ্রাপ্তির হেতু। ফলতঃ দেই প্রমানন্দ একমাত্র সর্কবিষয়ে कुकाहीन व्यतीकरतम बक्कतिरानतहे एकात्रा, हेबा काना यात्र। ध विषरत्र राजनतात्र विविद्यार्ट्सन (व,---"वक्क कांग-खनः (लाटक वक्क निवाः महर खनम्। जुक्कांककः স্থুপজৈতে নাৰ্হতঃ যোড়নীং কলাম ॥" ইহার তাৎপর্য এই — বাহা কামোপভোগ-জনিত ত্বৰ বলিয়া প্ৰেদিক, আৰু স্বৰ্গাৰ মহুং ত্বৰ, এ উভন্নই বৈৰাগ্য-ছবেৰ ষোড়ৰ ভাগের এক ভাগেরও সমান নহে। একণে পুনশ্চ শ্রভির ব্যাখ্যা হইতেছে।--বাজ্ঞবন্ধ্য বলিলেন বে, হে সম্রাট্। ইহাই সেই ব্রহ্মণোক। তথন সমাট বলিলেন, ভগবন ! আপনি এই প্রকারে আমাকে অনুশাসিত করিলেন, এজনা আমি আপনাকে দহত্র গো দান ও করিতেছি। অতঃপর মুক্তির कथारे बलून। এ भव कथा शूर्स्स व्याध्यां रहेशाहा अनक वाक्रवस्त्रारक মুক্তির উপদেশ করিতে বলিলে বাজ্ঞবন্ধা ভীত হইমাছিলেন, সে ভয়ের কারণ শ্রুতি বয়ং নির্দেশ করিতেছেন। বাজ্ঞবদ্ধা যে বলিবার সামর্থ্যাভাবে ভীত रहेब। हिलान, कि:वा अलान वगानः जोज रहेबा हिलान, जारा नट, जट कि? मा, वाळवका मरन कतिशाहिरमन, विज्ञान ताला প্রত্যেক প্রশ্ন-নির্ণয়ের অব-शास्त्र क्रमा आमारक व्यावक क्रियाहिन। जोश्रामा वरे स-व्यामि विस्मान कार्थ (य (य श्रासांखर निर्णय कवित्रा विन्यांष्टि, उरममखरे (तांखा) माक-श्रासंत

একদেশ বলিয়া গ্রহণ করত পুনঃপুনঃ আনাকে মোক্ষার্থ প্রশ্ন করিতেছেন, এবং আনার সমস্ত বিজ্ঞান (পুর্ব্বোক্ত) ভোগপ্রশ্নছলে গ্রহণ করিতে (জানিতে) ইচ্ছা করিয়াছেন অর্থাৎ কোন উত্তরই প্রকৃত মোক্ষ প্রশ্নের উত্তর বলিয়া গ্রহণ করেন নাই, কেবলই আমার বিজ্ঞানের সীমা দেখিতেছেন। ইহাই ভাঁহার ভয়ের কারণ॥ ৩৩॥ •

স বা এষ এতস্মিন্ স্বপ্নান্তে রত্বা চরিত্বা দৃক্ট্রৈব পুণ্যঞ্চ পাপঞ্চ পুনঃ প্রতিন্যায়ং প্রতিযোন্যাহহদ্রবতি বুদ্ধান্তায়েব ॥ ৩৪ ॥

সম্প্রতি ভাষ্যকার পরশ্রতির অবতারণার নিমিত্ত পূর্ব্বোক্ত বিষয় বর্ণনা করিতেছেন-পূর্বে বন্ধংজ্যোতিঃকভাব বিজ্ঞানময় আত্মা প্রদর্শিত হইমাছে, এবং স্থপ্ন ও জাগারণ অবস্থায় গমনাগমন-ক্রমে তাহার কার্য্য-করণ (দেহেন্দ্রিয়াদি) হইতে বিভিন্নতা ও মহামৎস্তের দৃষ্টান্ত প্রদর্শন দারা অসপত্ত প্রদর্শিত হইয়াছে। পুনশ্চ স্বপ্নেই "ঘুঁন্তীব" ইত্যাদি শ্রুতি ধারা অবিষ্ণাকার্য্য সকলও নির্দিষ্ট হইয়াছে। অবিস্থার ধাহা তত্ত—অতদ্ধ্যাধ্যারোপণ-–(যাহাতে নাই, তাহাতে তাহার আরোপ) কর্ত্ত এবং অনাত্ম-ধর্ম (অবিলা আত্মার ধর্ম নহে) তাহা নির্দ্ধারিত হইয়াছে। সেইরূপ বিস্থা-কার্য্য সর্ব্বান্থ-ভাবও স্থাৰতায় "দৰ্কোহ্হমন্ত্ৰি" 'আমিই সমস্ত' এই দাক্ষাৎ অনুভূতি দাৱা প্ৰমাণিত হইয়াছে। তন্মধ্যে সর্বান্মভার যে আত্মান্ন স্বন্নপ, উহা সুষ্ঠিকালে অবিভা, কামনা ও কর্ম প্রভৃতি সর্ক্ষবিধ সাংসারিক ধর্ম-সম্পর্কাভাবের পরিচয়ে জ্ঞাত হয়। তাহার পর "বন্ধ:জ্যোতি:বন্ধপ আত্মা" ইত্যাদি, "ইহাই পরম আনন্দ, ইহা বিদ্যার বিষয়, ইহাই সেই প্রম সম্প্রদাদ ও স্থথের প্রাকাষ্ঠা", ইত্যন্ত গ্রন্থ দারা তাহা ব্যাথ্যাতও হইরাছে। ইতঃপুর্বের্ণ যে কিছু উক্ত হইরাছে, তৎসমন্তই মোক ও বন্ধনের দৃষ্টান্তমধ্যে পরিগণনীর। দেই বন্ধ এবং মোক্ষও হেতুসহকারে বিস্তারিতরূপে যে নির্দিষ্ট হইয়াছে, তাহা অবিদ্যার কার্য্য, অপরাপর বিষয়সমূহ এই মোক্ষ ও বন্ধের দৃষ্টাস্তমধ্যে পরিগণিত। হতরাং তাহার উপমেষ স্থলাভিষিক্ত সেই কামপ্রশ্নের বিষয়ীভূত বন্ধ-মোক্ষ হেতুসহকারে অবশ্<u>র</u> প্রতিপাদ্য। তাহার মীমাংগাও আপনাকে করিতে হইবে; এই অভিপ্রায়ে জনক राख्यन्द्रारक विनवात जना भूनः भूनः जजूरतात्र कतिरलन, जाउःभद्र जाभनि মুক্তির কথাই বলুন। তত্ত্তরে বাজ্ঞবন্ধ্য বলিলেন, স্বরংক্যোতিশার এক আত্মাই नमीत উভরকূল-সঞ্চারী মহামৎক্ষের ভার বল ও জাগনণ অবস্থায় সঞ্চরণ করে,

এ কথা বলিষাছি। এই আত্মা যেরপ মৃত্যুরূপী—দেহেক্সিয়াদি ত্যাগ ও গ্রহণ করত মহামংখ্যের ভারে স্বপ্ন ও জাগরণসময়ে গমনাগমন করে, সেইরূপ জনা এবং মৃত্যুদশারও সেই সমত মৃত্যুদ্ধপের সহিতই সংস্কুত ও বিষ্কুত হয়, ইহাই তাহার ক্রমিক ইহলোক ওণ্পরলোকে সঞ্চরণ অর্থাং এই উভয় লোকে যে সঞ্চরণ হয়, স্বপ্ন ও জাগরণাবস্থার সঞ্চরণই তাহার দুষ্টাস্করণে বর্ণিত হইয়াছে, অতএব এক্ষণে ঐ সঞ্চরণ এবং তাহার কারণ বিস্তৃত্রূপে বর্ণনীয়, তন্নিমিত্ত এই শ্রুতির আরম্ভ। পুরের (স বা এয় এতিমান ইত্যাদি বাক্যে) এই আত্মাকে জাগ্রং-স্বপ্নক্রমে সম্প্রদাদ অর্থাৎ সুষ্ঠি অবস্থাতে মোনীত করা হইয়াছে, অতএব সম্প্রদাদ অবস্থাটি মোকের দৃষ্টাস্তত্তরপ। পুনশ্চ, মোকস্থানীয় সম্প্রদাদ অবস্থা হইতে আত্মাকে চ্যুত করিয়া যে জাঁগ্রন্ধশার আনীত করা যায়, তাহাই সংসারপদবাচ্য, সেই সাংসারিক ব্যবহার প্রদর্শন এখনও করা হয় নাই, তাহাই এক্ষণে কর্ত্তর। ইহাই পূর্ব্বশ্রুতির সহিত পরশ্রুতির সম্বন্ধ বা সঙ্গতি। জাগ্রং-স্বপ্ন-অবস্থা হইতে স্বৃথি অবস্থা ক্রমে সম্যক্ প্রসন্ধ, এই আত্মা সেই সম্প্রদাদ-স্বৃধ্তিতে অবস্থিতি করিয়া পুনশ্চ তাহা হইতে স্বল্পাত্র প্রচাত হইয়া স্থমাবস্থা প্রাপ্ত হয়, এবং তাহাতে রমণ ও বিচরণ করিয়া পুনরণি পূর্কবং জাগ্রৎ অবস্থার জন্তই প্রধাবিত হয়॥ ৩৪॥

তদ্বথাইনঃ স্থানাহিতমূৎসর্জ্জন্যায়াদেবমেবায়ণ্ড শারীর আত্মা প্রাক্তেনাত্মনাস্থারার উৎসর্জ্জন্ যাতি যতৈতদুর্দ্ধাচ্ছু সনী ভবতি॥ ৩৫॥

এখন হইতে আত্মার সংসারদশা বর্ণিত হইতেছে। এই আত্মা যেমন স্থানিত হইতে জাগ্রৎ অবস্থা প্রাপ্ত হয়, দেইরূপ ইহলোকে দেহ ত্যাগ করত দেহান্তর গ্রহণ করিবে। এ বিবরে দৌকিক দৃষ্টান্ত এই যে, যেমন কোন একথানি শকট উত্তমরূপে সজ্জিত হইরা অর্থাৎ ভাও-উদ্থলমূবলাদি বন্ধ-নিচর দ্বারা পরিপূর্ণ হইরা শব্দ করত শকটচালকের প্রেরণার গম্ম করে, তক্রপ এই সুলশরীরাভিমানী আত্মাও লিক্ষণরীর বারণপূর্কক জাগ্রৎ-স্থা সদৃশ পাপ-সংসর্গ ও পাপ-বিশ্বোগ স্বরূপ জন্ম ও মরণ দারা ইহলোক ও পরলোকে গমনাগমন করে এবং তাহার দেহত্যাগের সঙ্গে সক্ষেই প্রাণবার প্রভৃতি উৎক্রান্ত হর। সেই জীব জ্ঞানমর, স্বপ্রকাশ-জ্যোভিশ্বর পর্মাত্মা কর্ত্বক অধিষ্ঠিত অর্থাৎ প্রকৃশিত হইয়া, কাতর শব্দ করিতে করিতে ইহলোকে ও পরলোকে গমনাগমন করে। এ ক্থা পূর্বেও

উक्त रहेबाह्य (य. के भावीत जाजा चीव जाबाजािक: माहारमा विकि करत उ গমন করে। প্রদর্শিত দৃষ্ঠান্ত শক্ট হইতে এইমাত্র বিশেষ যে, চৈতভামর আত্মাই জ্যোতির্বারা প্রকাশ্র প্রাণপ্রধান স্কর্ণরীর হুল্পরীর হুইতে উৎক্রাস্ত হুইলে পর সেই শিক্ষাভিমানী আত্মাও যেন গমনই করে বলিয়া প্রভাত হয়: বস্তুত: আত্মার গমন বা আগগমন হয় না, সেই কারণ উপাধির গমনাগমনে ভাছার গ্রমনাগ্রমন স্বীকার করিতে হয়। এই জন্ম অন্ত প্রতিও বলিয়াছেন, কে উংক্রমণ করিলে আমি উংক্রমণ করিব। ইতঃপুর্বের "ধারতীব লেলামতীব" ইত্যাদি শ্রুতি দারা ইহা ম্পট্টরূপে প্রতিপাদিত হইমাছে। আলার গ্রনাগ্যন যে স্বতঃই নাই, ইছা স্ক্রিক্ত। এই জ্লুই ব্লিকেন যে. শকট-চালকের মত জ্ঞানময় আত্মা কঁকুক অধিষ্ঠিত শরীর গমন করিলে যেন গমনই করা বায়। বাস্তবিক যদি শরীর ও প্রাক্ত আত্মার ঐক্য স্বীকার করা যায়, তাহা হটুলে শ্রুতি কথনই শকটের দুষ্টান্তে আফ্লার শরীরন্ত্যাগ-(দেহান্তরে গমন) কালে শব্দজিয়ার পরিচয় প্রদর্শন করিতেন না : অতএব শরীর ও আত্মা এক নহে। এই জন্তই বলিতে হইবে বে, লিঙ্গ বা স্ক্রাশরীর-রূপ উপাধিধারী আত্মা মরণদময়ে মর্মগ্রন্থি সকল ছিন্ন-বিচ্ছিন্ন হইতে পাকিলে ছংসহ তঃথ-বেদনায় বাধিত হুইয়া কাতর শক্ত করত দেহতাগি করে। নতুবা শরীরের স্থিতিকালে আত্মার গমনোক্তি কথনই সঙ্গত হইতে পারে না। অতঃপর কোন সমরে আত্মার এই আর্তনাদ ও দেহতাগে হয়, তাহা কথিত হইতেছে। যে সমরে ইহার এই উদ্ধাস হয়। যদিও এই সর্বজন-প্রবিজ্ঞাত উদ্ধাসের অভিনয় করিয়া প্রদর্শনের আবিশ্রকতা দেখি না, তথাপি সংসারে অধিকতর বৈরাগা উৎপাদনের জনা উল্লিখিত হইল। তাৎপর্যা এই অহো! এই সংসার কি ভরানক ক্লেশকর। যেহেত, প্রাণের উৎক্রমণকালে (মৃত্যুসময়ে) মর্শাস্থান দক্ষ কর্ত্তিত হইতে আরম্ভ হইলে গ্রংথ্যদ্রণায় অধীর হইয়া পুরুষের কর্ত্তবাকর্ত্তবা নির্দ্ধারণের উপায় নির্ব্বাচন করিবারও অরণশক্তি থাকে না। * পরস্ক তথন চিত্ত পরাধীন থাকে, ক্লতরাং তাদৃশ কোনরপ ধর্মাদিহিতসাধনের क्टिशिव मिमर्था शांक ना। **च्छ** এव हर की वर्गन। এই ভन्नानक मृज्यस्त्रनी यह कर

^{*} ইতার তাৎপর্যা নম্বোর শ্বতিশক্তিব। তৎকারণ সংকার যাতনাভোগামুসারে নই হইরা থাকে। দেখা, এক ব্যক্তি যদি ক্রমায়রে ছুই বংসর পীড়া-রেশ ভোগ করে, তবে নিশ্চমই তাহার প্রাভাৱে সংকার সকল যথাসন্তব লোপ পার; ইয়ার কারণ আর কিছুই নহে—কেবল ছুংখ। এই মুক্তই মুর্ণকালে শ্বতিলোপ হর বলা হইরাছে। কারণ, এ সংসারে যত যাতনা আহছে, তক্সধ্যে মূল-যাতনা স্ক্রিশেকা প্রবল।

না আসে, তাবৎকালমধ্যে পুরুষার্থনিদ্ধির উপারামুগ্রানে তৎপর হও, এইরূপে লোকোপকারিশী শ্রুতি করুণা করিয়া জীবগণকে সাবধান করিতেছেন। ৩৫।।

স যত্রায়মণিমানুং ন্যেতি জর্য়া বোপতপতা বাণিমানং নিগচ্ছতি তদ্যথাত্রং বোতুস্বরং বা পিপ্পলং বা বন্ধনাৎ প্রমূচ্যত এবমেবায়ং পুরুষ এভ্যোহঙ্গেভ্যঃ সংপ্রমূচ্য পুনঃ প্রতিন্যায়ং প্রতিযোন্যাইইদ্রবৃতি-প্রাণায়ৈব ॥ ৩৬ ॥

, अकरन अरे कीरनत छेर्कशांन रकान् कारन ? कि कातरन ? कि अकारत ? এবং কোনু বস্তুসিদ্ধির উদ্দেশ্রে সম্পন্ন হয়, এই সমন্ত বিষয় বলিত হইতেছে।— य नमत्र **এ**ই জীবের হ**ন্ত-**মন্তক-পদাদিবিশিষ্ট পিও অর্থাৎ তুলদেহ জ্রা वनकः व्यनिमा श्रीश्र इत्र, व्यर्थाए यदः পরিপক ফলের ন্যার ক্রমে জীর্ণ হইয়া ক্লুতা প্রাপ্ত হয়, কিংবা সন্তাপকর জ্বাদি রোগ দারা ক্রীণতা লাভ করে, তথনই উদ্ধাস আরম্ভ হর; কারণ, জরাদি রোগ ছারা সম্ভপামান ব্যক্তি অঠরাধির বৈৰম্য বশতঃ ভুক্ত অল্ল-পানাদি জীর্ণ করিতে পারে না: তাহার ফলে অন্নরম আর দেহকে পরিপুষ্ট করিতে না পারার ক্রমশঃ হল-দেহ রুশতা লাভ করিতে থাকে। এই কথাই মূলে "উপতপতা বেতাণিমান: নিগছতি" বাক্য দারা প্রতিপাদিত হইয়াছে। এই দেহ খণন পূর্ব্বোক্ত জরাদি কারণে অত্যন্ত কুণতা লাভ করে, সে সময় উর্দ্ধোঞ্চাসী হয়, এবং তংকালে পাতিশন্ধ ভারাক্রান্ত শকটের মত শব্দ করিতে করিতে পর**লো**কে গমন করে। সেই দকল বার্দ্ধক্যের প্রকোপ, জরাদি রোগমন্ত্রণা এবং রুশত্বপ্রাপ্তি, **এই দকল অনর্থ শরীরধারী জীবের অবগুঞ্জাবী। শরীরধারণ করিলে ইহাদিগের** इन्छ इहेट मुक्कि পाहेवात छेपाम नाहे। हेहा क्रानिल लाटकत प्रटह देवतांगा উদিত ছইতে পারে, এই নিমিত শ্রুতি এই সমস্ত দৈহিক দোষ দেখাইয়াছেন অর্থাৎ প্রতি বলিভেছেন, যদি এই সকল বন্ধ্রা হইতে অব্যাহতি পাইতে,চাও, ভবে জীবের বাছাতে আর সুলশরীর ধারণ করিতে না হয়, তাছারই উপায় क्रवन्यन कता कर्तना। जाहात करण नेतीरत ममला नष्टे हरेरण नेतनीय करहेत মত নিজ শরীবের কেশও অন্তত্ত হর না। জীব যে সময় আর্তনাদ করিতে ক্রিতে গমন করে, তথন কি প্রকারে এই স্থলপরীর পরিত্যাগ করে? একণে সে বিষয়ে দৃষ্টাপ্ত প্রদর্শিত হইতেছে।—যেমন আফ্রনল বা উত্থর্জন, কিংবা পিপুল ফল বৃদ্ধ হইতে বার্ প্রভৃতি নানা কারণে চ্তে হয়, এইরপ জীবও শরীরসদপক তাগি করে। মরণের অনিয়ত নিমিত্ত হচনা করাই এথানে বহু দৃষ্টান্ত উল্লেখর উল্লেখ্য। ইহার তাৎপর্যা এই বে, সকলের মরণকাল এক নহে, এবং সকলের মরণের নিমিত্তও এক প্রকার নহে - অনস্ত । এ দৃষ্টান্ত প্রদর্শনিও কেবল জীবের দেহের উপর বৈরাগোদেরের জ্ঞা। অহো, অনিয়ত অনস্ত কারণে জীব প্রতিনিয়তই মৃত্যুমুথে পতিত হইতেছে, ইহাই শ্রুতি বলিতেছেন। পুর্বেশিক আমকল নেমন বার প্রভৃতির তাড়নার বন্ধন অর্থাৎ বন্ধনকারণ রস, কিমা বন্ধনের স্থান বৃদ্ধ (বোটা) হইতে চাত হয়, এই প্রকারই স্ক্ল-শরীরধারী জীব এই সকল চক্ষঃ প্রভৃতি দেহাবয়ব হইতে সম্পূর্ণ নিঃশেষভাবে ('কিয়ু সৃষ্ঠির, স্তায় প্রাপত্তি সহকারে নহে) প্রাণবার্র সঙ্গেই সমস্ত ইন্দ্রিয়গণকে উপসংহার করিয়া প্রকার স্বন্ধ ও জাগরণে গমনের মত জ্ঞান ও নিজকর্ম্মবশে যেরপ বোনিতে গ্রমন সন্তব্য বেণ হইতে স্থাগ্যন করে।

এখানে "পূনং"—শব্দ থাকার প্রতিপন্ন হইতেছে বে, জীব ইতঃপূর্ব্বেও স্বপ্নজাগরণাদি অবস্থার স্থায় অনেকবার এক দেহ পরিত্যাগ করিয়া দেহাস্তর প্রাপ্ত
ইইরাছে। একণে জিজাস্থ ইইতেছে বে. জীব কিসের নিমিত্ত প্রতিযোনিতে গমন
করে

করে

উত্তর—প্রাণ অর্থাৎ প্রাণ্যাহের অভিব্যক্তির নিমিত্ত। জীব চিনিয়া বাইবার
কালে প্রাণের সহিতই গমন করে, স্তরাং "প্রাণায়ৈব" ইহার অর্থ কেবল প্রাণের
নিমিত্তই ইহা নহে; কারণ, উহা বার্থ বিশেষণ, এ জন্ম ভাষাকার প্রাণ শব্দের অর্থ
প্রাণম্থাহের বিশেষভাবে অভিব্যক্তি করিয়াছেন। এই প্রাণ-বাহ লাভের জনাই
এক দেহ হইতে অপর দেহে বাওয়া ঘটে, এবং দেই প্রাণবৃহে দ্বারাই কর্ম্মকলভোগরূপ প্রশ্লেন সিদ্ধ হয়, কিয় কেবল প্রাণের অন্তিম্বতই ইইয়াছে॥ ৩৬॥
উক্ত অভিপ্রারে "প্রাণবৃহ্ধ" এই বিশেষণ প্রদান বৃক্তিম্বতই ইইয়াছে॥ ৩৬॥

তদ্যথা রাজানমায়ান্তমুগ্রাঃ প্রত্যেনসঃ সূতগ্রামণ্যোহরৈঃ পানেরাবসথৈঃ প্রতিকল্পন্তেহয়মায়াত্যয়মাগচ্ছতীত্যেবস্থ হৈবং-বিদ্য সর্বাণি ভূতানি প্রতিকল্পন্ত ইদং ব্রহ্মায়াতীদমা-গচ্ছতীতি॥ ৩৭॥

উক্ত বিষয়ে আপত্তি এই যে, এই দেহ পরিত্যাগ করিয়া গমনকালে জীবের দেহাস্তরগ্রহণে কোন স্বাধীন ক্ষমতাই থাকিতে পারে না, যেহেতু, তথন তাহার

কাৰ্য্য-নিৰ্কাহক দেহে শ্ৰিৰাদির সহিত সকল সম্পৰ্কই বিলুপ্ত হইয়া যায়, এবং নেমন রাজার ভূত্যগণ রাজার নিমিত্ত গৃহাদি নিশ্বাণ করিয়া রাখে, তেমন এই পুক্ষের ভূত্যস্থানীৰ এমন কেহই নাই যে, তাহার নিমিত্ত একটি বাসোপযোগী পরীর নির্মাণ করিয়া আগমন প্রতীক্ষার বদিয়া থাকিবে। এরূপ অবস্থার জীবের অন্ত भन्नीत्रशत्रव इन कि अकारतः ? উত্তর — ठाहा ७ कथि ठ छ्टेर्डिट । क्रोत এই मृश्रमान সমক্ত জ্বগংকে নিজ নিজ কর্ম-ফলোপভোগের সাধনরূপে গ্রহণ করে। এই জীব স্বীর কর্মানলভোগের জন্ম এক দেহ ছাড়িয়া অন্ত দেহ পাইতে চেষ্টা করে। অতএব আমরা বলি, জগংই বন্ধ জীবের স্বীন্ন কর্মবন্দে তাহার উপশুক্ত ভোগের উপক্রণ সজ্জিত করিয়া আগমনের অপেক্ষা করে। এ জন্ম ঞতিও বলিয়াছেন যে, "পুরুষ বর্ত্তমান দেহ ত্যাগ করিয়া কর্মনির্মিত লোকে গমন করে। এই কথাই পুন•চ দৃষ্টাস্ত হারা স্পরীকৃত হইতেছে।— যেমন স্বপ্ন হইতে জাগরণ-ভানে গমনেচছু জীবের পক্ষে পূর্বাক্ত শরীরই আশ্রমণীয়, তেমন দেহত্যাগের পরও পূর্বাকর্ম-কৃত দেহই আশ্রমীর হর। ইহা আশ্রমীর হর যেরপে, তাহা লোকপ্রসিদ্ধ দৃষ্টান্ত ছারা দেখাইতেছেন যে,—বেমন রাজ্যাভিষিক রাজা নিজ রাষ্ট্রে আসিতেছেন জানিলে উগ্র নামক জাতিবিশেব, অথবা জ্বকর্ম-নিরত ব্যক্তি স্কল, প্রত্যেনদ অর্থাৎ প্রত্যেক পাপ-কর্মকারী—তন্তরাদির দণ্ডাদি কার্য্যে নিৰ্ক্ত ৰাক্তি, স্ত—(বর্ণসন্ধর জাতিবিশেষ) গ্রামের নেতৃগণ ইহারা পুর্ব হইতেই বিৰিধ ভক্ষা ভোজা – অয়াদি, নানাবিধ পানীয় – মন্তাদির আয়োজন ও সক্ষিত প্রাসাদ নির্মাণ করিয়া "রাজা এই আসিলেন, এই আসিতেছেন" এই ভাবে প্রতীক্ষা করিতে থাকে, এবম্বিধ অর্থাং এইরূপ কর্ম্ম-ফুনভোক্তা সংস্থারীর জন্ত শরীর-নির্ম্বাতা পৃথিব্যাদি ভূত সকল এবং ইক্তিরামুগ্রাহক আদিত্যাদি দেবতাগণ তাহার পুর্বাসঞ্জিত কর্মা কর্তৃক প্রেরিত হইরা কর্মাকলভোগের সাধন ভক্ষ্য, ভোজ্য, পেয়, গৃহ প্রভৃতি প্রস্তুত করিয়া "এই আমাদিগের কর্ত্তা ও ভোকা এক আসিতেছেন," এই ভাবে জীবের প্রতীকার অবস্থিতি করে॥ ৩৭॥

তদ্যথা রাজানং প্রযিযাসন্তমুগ্রাঃ প্রত্যেনসঃ সূতগ্রামণ্যোছ-ভিসমায়স্ত্যেবমেবেমমাত্মানমন্তকালে সর্ব্বে প্রাণা অভিসমায়ন্তি যত্রৈতদুর্ক্ষাচ্ছ্যাসী ভবতি॥ ৩৮॥

॥ ইতি তৃতীয়ং ব্রাহ্মণমু ॥

এফণে প্রশ্ন হইতেছে যে, সেই জীব যথন শরীর ত্যাগ করিতে ইচ্ছা করে, ভথন কে কে তাহার সঙ্গে গমন করে? এবং বাহারা গমন করে, তাহারা কি জীবের কর্ম-প্রেরিভ হইরা যায়? অথবা জীবের কর্ম্মবশতঃ পারলোকিক শরীরের উৎপাদক পঞ্চভতের স্থায় নিজেই গমন করে? এই প্রশ্ন নির্ণয়ের নিমিন্ত দৃষ্টান্ত প্রদর্শিত হইতেছে।—যেমন সমারোহসহকারে যাত্রাকরণেনেচ্ছু রাজার অভিমুখে প্রেরিভ উগ্র গ্রামণি, প্রত্যেন্স প্রভৃতি রাজার আজাবাহিবর্গ বিনা আজায় কেবল তাহার আগমন জানিবামাত্রই একত্রীভূত হইরা প্রেরাণ করে, এইরপ মরণসময়ে যথন উদ্ধান হইতে থাকে, তথন বাক্ প্রভৃতি সমস্ত ইক্রিয়ই ভোজা ও কন্ত্রী আয়ার অভিমুখে স্বয়ই উপস্থিত হয়। ইহার তাৎপর্য্য এই ক্রীব প্রারন্ধভাগের অবসানে দেহপিও ত্যাগ করে, অনন্তর ভদমুগত ইক্রিয়গণও উৎক্রান্ত হয়, এবং প্রাপ্তবা দেহেও আবার সেই সকল ইক্রিয়াদিতেই উপস্থিত হয়, তজ্জন্ত আর জীবের কোন প্রকার প্রশ্নাস পাইতে হয় নগা। ৩৮।

ইতি চতুর্থাধারে তৃতীয় ব্রাহ্মণ সমাগু।

উপনিষৎস্স—চতুর্গাহধ্যায়স্থ

চতুর্থ-ব্রাহ্মণম্.

স যত্রায়মাত্মাহবলাঁই স্থেত্য সম্মোহমিব স্থেত্য থৈনমেতে প্রাণা অভিসমায়ন্তি স এতাস্তেজোমাত্রাঃ সমভ্যাদদানে। হৃদয়-মেবাশ্বক্রামতি স যত্রৈষ চাক্ষ্মঃ পুরুষঃ পরাঙ্পর্যাবর্ত্তে-হথারূপজ্ঞো ভবতি ॥ ১ ॥

অব্যবহিত পূর্ব-রাশ্বন ইইতে জীবের সংসারদশার বর্ণনা আরম্ভ ইইরাছে। ভাহাতে বলা হইরাছে বে, এই জীব সমস্ত অঙ্গ হইতে সম্যক্রণে বিমৃক্ত হইয়া গমন করে। সেই বে অঙ্গ হইতে বিয়োগ, তাহা কোনু কালে ? কি প্রকারে হয় ? ভাহা বলা হয় নাই, এই জন্ম এখন বিস্তৃত্তরূপে জীবের সংসারগতি বর্ণনা আবিশ্রক, এই জন্য এই ব্রাহ্মণ আরক হইতেছে।—সেই পূর্ব-প্রস্তাবিত আয়া যে সময় অবলা অর্থাৎ তুর্বলভাকেই অমুভব করে, এবং তজন্য যেন সম্মোহ অর্থাৎ সমাক্ शृक्छ। वित्वहनामिकित वित्नाभ नांछ करतः । এ अत्न (मङ्गठ छर्नेनछ। रिके আত্মার তুর্বলতা করনা করা হইরাছে, কারণ, অমূর্ত্ত আত্মার পক্ষে স্বাভাবিক ছবলতা পুৰই অসম্ভব। আৰু বাজবিক পক্ষে এই নিতা চৈত্তামর জ্যোতিঃ-শ্বরূপ আত্মার স্বভাবতঃ কি সম্মোহ কি আঁসন্মোহ কিছুই থাকিতে পারে না, এই জন্ম—অর্থাৎ আত্মসন্মোহের এই অবাস্তব্য জ্ঞাপনের নিমিত্তই শ্রুতি "ইব" শব্দের প্রয়োগ করিয়াছেন। কেবণ শান্তানভিজ্ঞ প্রাক্কত লোকই মরণকালে ইন্দ্রিসমূহের বিষয়গ্রহণে অদামর্থ্য দেখিয়া আত্মারই ব্যাকুল্ডা मत्न करत, धनः नित्रां धारक त्य, "अरह, ध नाक्ति त्याह श्रांश हहेबाहि যেন আছের হইরা বহিরাছে।" তাহা বাতব নহে। কিয়া উক্ত শ্রুতির অন্য जादभग्य- खनमा, मत्याह, धरे উक्तम ऋताहे "हेन" नात्मत त्यांश कतिराज हहेरन ; जरवहे ध शाक्तत वार्थ- पूर्वनागांहे त्वन थाश इह, धवर मालाहरे त्वन थाश হয়। বেহেডু, অবলা ও সম্মোহ, উভয় ধর্মই আমার নিজম্ব নহে—

অন্ত উপাধি সম্পর্কে প্রাপ্ত এবং উভয় ক্রিয়ার একই কর্ত্তা নির্দ্ধিই ; মুভরাং উভয় স্থলেই ইব শদের যোগ অসঞ্চত হয় নাই। অতঃপর এই বাগাদি ইন্তিয়নিচয় এই প্রয়াণোশ্বপ আলার অভিমূপে স্বাগ্ত হয়। তথনই এই শ্রীরাভিমানী জীবাস্থার সমস্ত অঙ্গ হইতে বিচ্ছিন্নভাব হইতে প্লাকে। কি প্রকারে অঙ্গ-প্রমোচন দেহ হইতে বিচ্ছেদ্রহয় এবং কি প্রকারেই বা তাহারা আত্মাভিমুথে প্রসাণ করে, এখন তাহাই কথিত হইতেছে।—দেই আত্মা এই তেজের অংশ অর্থাৎ রূপাদির প্রকাশক তৈল্প চকুরাদি ইন্দ্রিয়গণকে সম্যুক প্রকারে—শ্রীরের পৃহিত চির-নিঃসম্পর্কভাবে বা নির্লিপ্তভাবে আদান করত স্বয়াভিমুথে ধাবিত হয়। এথানে স্বপ্লাবস্থার সহিত পার্থকা দেগাইবার জন্ম শ্রুতি 'সমভাাদদানঃ' শক্তে "সম" বিশেষণটি প্রয়োগ করিয়াছেন, কেন না, যদিও স্বপ্নে ইল্রিয়গণের বিষয় হইতে উপসংহার আছে, কিছু নিলিপ্তভাবে নহে অর্থাৎ পুনশ্চ তাহাদের স্বপাবসানে উহার সম্পর্ক থাকার নির্লিপ্তভাবের বাধা ঘটে। এ বিষয়ে বক্ষামাণ "সেই সময়ে. বাক্ ও চকুঃ প্রভৃতি গৃহীত হয়," এবং সর্বানংস্কারাধার এই লোকের অংশ ममुमग्र ज्यानान कत्रक हेजानि अन्तिहे अभाग। शृटक्तांक शृखदीक मन्न জনমেই গমন করে, ইহার তাৎপর্য্য এই যে, বুদ্ধাদিকত আত্মার বিকেপ-নিবুত্তি হুইলে পর ধদয়ে একমাত্র বিজ্ঞান অভিব্যক্ত হয়, নচেৎ স্বভাবত: তাহার চলন, বিক্ষেপ ও উপসংহারাদি কোন বিকারই নাই। ইহা "ধ্যায়তীব লেলামতীৰ" ইত্যাদি স্থলে উক্ত হইমাছে। কেবল বৃদ্ধি প্রভৃতি উপাধি দারাই সমস্ত বিকার উৎপন্ন হইয়া আত্মায় আরোপিত হর মাত্র। দে বাহা হউক, কোন নময়ে দেই আত্মা তেজের মাত্রা (অংশ) আদান করে? অতংপর তাহা কথিত হইতেছে, যথন (ওক্রের) চাকুষ স্থাাংশ জীবের কর্ম-প্রেরিত হইয়া তাহার জীবদ্দশা পর্য্যস্ত চক্সর অমুগ্রহ—দর্শনকার্য্য সম্পাদন করিয়া (মরণ-कारन) हक्त अञ्च हरेरा निवृद्ध इम्र ७ भरत मिर श्रीम तभ-आफिडारक পুনশ্চ প্রাপ্ত হয়। ইহা শ্রুতান্তরে উক্ত আছে যে, (মরণ) সময়ে পুরুষের বাক্ ইক্রিম্ন অগ্নিকে, প্রাণসমূহ বায়ুকে এবং চকুরিক্রিম্ন আদিত্যকে প্রাপ্ত হয়, ইত্যাদি। আবার পুনর্ববার দেহগ্রহণকালে সেই সেই চকুর্ণোলোকের আশ্রম शहन करत कथीर रामन क्य जर जागतन-एता रेकियत्छित नम ७ धाराध হইমা থাকে, এইরপ একবার দেহসম্পর্ক ত্যাগ ও পরে গ্রহণ করে, তথনই আত্মা তেজের অংশ উপসংহার করে জানিবে।

এই কথা শ্রুতিই বলিতেছেন—চক্ষুন্থিত পুরুষ যে কালে সকল রূপদর্শন হইতে পরাব্যুথ হয়, সেই কালে আত্মাও অরূপজ্ঞ হয়, অর্থাৎ তথন তাহার রূপজ্ঞান-থাকে না, এবং স্বপ্লাবস্থার মত মেই সময়েও আত্মা চক্ষু:প্রভৃতি তেজের মাত্রা—অংশ সকল সম্যক্ প্রুকারে গ্রহণ করে॥ >॥

একীভবতি ন পশ্যতীত্যাহুরেকীভবতি ন জিছ্রতীত্যাহুরেকীভবতি ন রসয়ত ইত্যাহুরেকীভবতি ন বদতীত্যাহুরেকীভবতি ন শৃণোতীত্যাহুরেকীভবতি ন মনুত ইত্যাহুরেকীভব্তি ন স্পৃশতীত্যাহুরেকীভবতি ন বিজ্ञানাতীত্যাহুস্তম্ম
হৈতস্ম হৃদয়স্থাগ্রং প্রচ্যোততে তেন প্রচ্যোত্তেনৈষ সান্ধা
নিক্রামতি।

চক্ষুষ্টো বা মূর্দ্ধে। বাহন্মেভ্যো বা শরীরদেশেভ্যস্তমুৎ-ক্রামন্তং প্রাণোহনুৎক্রামতি প্রাণমন্ৎক্রামন্তং দর্বে প্রাণা অনৃৎক্রামন্তি দবিজ্ঞানো ভবতি দবিজ্ঞানমেবাশ্ববক্রামতি তং বিগ্যাকর্মণী দমন্বারভেতে পূর্বপ্রজ্ঞা চ ॥ ২ ॥

গণন চক্ষু: প্রভৃতি ইল্রিয়গণ বীয় (সক্ষ অংশ) লিঙ্গণরীরের সহিত একাকার ধারণ করে, তথন সমীপবর্ত্তা লোকসকল বলিয়া থাকে বে, এই ব্যক্তি দেখিতে পাইতেছে না। এইরপ ডাণাধিষ্ঠাত্রী দেবতা স্বকার্য্য গন্ধগ্রহণ হইতে নির্ত্ত হইলে—ডাপেন্ত্রিয় নিজ (সক্ষ অংশ) লিঙ্গণরীরের সহিত মিলিয়া ঘাইলে তথনও লোক বলিয়া থাকে যে, "এই ব্যক্তি দ্রাণ করিতেছে না।" আর বসনাধিষ্ঠাত্রী দেবতা চক্র অথবা বরণ নিজ কার্য্য রসগ্রহণ হইতে নির্ত্ত হইলে লোকে বলিয়া থাকে যে, "লোকটি রস গ্রহণ করিতেছে না।" এই প্রকারে বাক্, কর্ণ, মন, ত্বক্ প্রভৃতি ইন্তিম্বগুণ স্ব স্ব কার্য্য হইতে বিরত হইলে লোকে বলিয়া থাকে, এই ব্যক্তি আর বলিতেছে না, শ্রবণ করিতেছে না, মনন করিতেছে না, লগ্দ করিতেছে না, এবং বিশেষ বিজ্ঞান করিতেছে না, ইত্যাদি। অর্থাৎ ঐ সমস্ত ঐক্রিয়িক ক্রিয়া লোপ দেখিয়া মনে হয়, সেই সকল ইন্ত্রিয়াধিষ্ঠাত্রী দেবতার লিজপরীরে বিলয় ও চক্রাদি ইল্রিয়-নিচরের হদরে একীভাব হইয়াছে। সেই সমস্ত ইন্ত্রিয় য়্লম্বে উপসংস্কৃত হইলে শ্রীয়মধ্যে যে

ব্যাপার হয়, অভ:পর তাহা কথিত হইতেছে।—দেই সময়ে পূর্কোক্ত হৃদয়ের व्यर्था९ क्षमप्रक्रिट्छत वा व्याकारनेत व्यक्ष-नाड़ीमूथ वा निर्शमनदात यक्ष-কালের মত তেজোংশগ্রহণহেতু নিজ আত্ম-জ্যোতির্ছারা প্রস্তোতিত হয়, এবং শেই প্রস্তোত্যান স্বরাগ্র বারা বিস্পরীরধারী এই বিজ্ঞান্ময় আত্মা নির্গত হয়। এ কথা আথর্কণোপনিষদেও কথিত আছে, বধা—"কন্মিন মহমুৎক্রাস্ত উৎক্রাস্তো ভবিষ্যামি, কন্মিন বা প্রতিষ্ঠিতে প্রতিষ্ঠাস্যামি।" ইছার তাৎপর্য্য — কে প্রতিষ্ঠিত (দেহে অবস্থিত) পাকিলে—আমি প্রতিষ্ঠিত থাকিব ৮ এবং কে উৎক্রান্ত (বহির্গত) হইলে আমিও উৎক্রান্ত হুইব ? ইহা প্রাণের উক্তি। এই অনির্দিষ্ট বিষয়কে নির্দিষ্ট করিবার নিমিত্ত তিনি "প্রাণ" সৃষ্টি করিশোন, रेठानि। मिर् भनवमार्यारे व्याच-रेठठकाकाठिः मर्वनार विस्थिकार्य अভिবाक थारक, धवः धे अमन्त्रथमान निक्रमतीत्रक्रभ उंशाधि मार्शासाई अन्न, মরণ, গমন ও আগমনাদি সমস্ত বিকার বা সাংসারিক ব্রবহার আত্মতে আরোপিত হয়। বৃদ্ধাদি খাদশপ্রকার ইন্দ্রিরও * দেই লিঙ্গদেহাত্মক; তাহাই জগতের ফুল্র ও রক্ষক বলিয়া জগতের জীবন, স্থাবর জন্স সকলেরই তাহাই অন্তরাত্মা। সেই স্মোত্মান হদয়াগ্র প্রকাশের সাহায্যে আত্মা নির্গত হয়। निक्षमणकारन कोन পথে निक्षमण करत ? **अक्षरण जाराहै** कथि**ज रहेराजरह**।— যদি আদিত্য-লোকপ্রাপ্তির অমুকৃণ জ্ঞান বা কর্ম্ম সঞ্চিত থাকে, তবে চকুম্ম রা নিৰ্গত হয়। যদি বন্ধ-লোকপ্ৰাপ্তির উপযুক্ত জ্ঞান বা কর্ম কাছারও সঞ্চিত থাকে, তবে ব্রহ্মরন্ধ্রভেদ করিয়া সে নিজ্ঞান্ত হয়, এইরূপ জীবের কর্ম ও জ্ঞান-সঞ্চামুদারে অকাত শ্রীবাবম্ব হারাও নিক্রমণ হইতে পারে। সেই বিজ্ঞানময় আত্মা বে সময় পরলোকে প্রস্থানের নিমিত্ত উংক্রমণ করিতে প্রস্তুত হয়, व्यर्थाए भवरतारक यादेवांत कना यथन कुछ कर्यासूमारत व्यक्तिताय उनिक रुव, যে সময় রাজার সর্বাধিকারী মন্ত্রীর স্থায় আত্মার সর্বাধিকারী প্রাণ**ও আত্মার** পশ্চাৎ পশ্চা২ উৎক্রমণ করে. এবং সেই প্রাণকে উৎক্রাপ্ত দেখিয়া বাগাদি সমস্ত ইক্সিও তাহার পশ্চাৎ পশ্চাৎ উৎক্রান্ত হয়। এখানে পশ্চাৎ (অরু) শন্তি উংক্রমণকারীদিগের প্রধান ব্যক্তির অনুসারে অনুগমনের কথনাভিপ্রায়েই প্রযুক্ত হইয়াছে, কিন্তু দলবন্ধ মহায়াদির স্থায় এথানে ক্রমিক গমন শ্রুতির অভিপ্রেত নছে। কারণ, দেশ, কাল এবং ক্রিয়াকৃত কোন বিশেষ না

^{*} বাদশ প্রকার করে। এই—বৃদ্ধি, মন, চকুং, কর্ণ, জিহনা, নাসিকা, তক্ (এই পাঁচটি জানেন্দ্রিয়) ও বাক্, হত্ত, পদ, মুক্তবার ও নগৰার (এই পাঁচটি কর্মেন্দ্রিয় ।)

থাকায় প্রাণাদির গমনে পৌর্বাপর্য্য-শকা হইতে পারে না। স্বপাবস্থার মত দেই সময়েও এই আত্মা স্বকৃত কর্মানুসারে বিশেষ জ্ঞান (সংকাররূপ) প্রাপ্ত হয় সতা, কিন্তু তথন তাহার স্বাধীনতা কিছুই থাকে না। তথন বিশেষ বিজ্ঞানে জীবের স্বাধীনতা থাঁকিলে সমন্ত জীবই ক্লতার্থ হইতে পারিত, কিন্তু সেই ভয়ানক মৃত্যুসমন্তে আর নিজের প্রভূতা থাকে না। অতএব ব্যাসদেবও বলিয়াছেন যে, "সদা তভাব-ভাবিতঃ।" সক্ষণা সেই সেই ভাবনায় ভাবিত शांकिया हेजां मि। हेशांत 'ठा९भगां--कीर गांवड्कीरन ए ममन्ड कर्म करत, তন্মধ্যে যে যে কর্ম্মে সাতিশন্ন যত্ন, আসক্তি ও প্রাগাড় অমুরাগ স্থাপন করে, মৃত্যুকাল উপস্থিত হইলে ঘোরতর মৃত্যুয়াতনায় অক্সান্ত সমস্কার লুপ্ত হুইলে পর কেবল দৃঢ়তর আসক্তিবশে অন্তুতি সেই কর্ম সকলের সংস্কার তাহার হাদরপটে প্রতিফলিত বা উদ্বুদ্ধ হয়। ক্বত কর্ম্মের সংস্কার তৎকালে উদ্বুদ্ধ হইয়া ধে অস্তঃকরণের বৃত্তি বিশেষ আশ্রয় করিয়া থাকে, তাহার ধারাই সমস্ত লোক সে সময় সবিজ্ঞান বাজ্ঞানবান্হয়। আমার জীব সেই সবিজ্ঞানভাবেই গভবা স্থানে গমন করে। অভিপ্রায় এই-মৃত্যুকালে বিশেষ বিশেষ বাসনাময় বিজ্ঞান অভিব্যক্ত হইয়া তাহার সন্মধে যে স্থান দে । ইয়া দেয়, সে সেই স্থানেই গমন করে। এই জনাই দেই ভন্তর প্রধান-সময়ে স্বাধীনতালাভের নিমিত্ত পর্বোক-ভীক ব্যক্তিগণের পক্ষে পুর্ব্ব হইতেই চিত্ত-বৃত্তি-নিরোধরূপ যোগধর্মের পুনঃ পুনঃ अञ्भीनन, आञ्चानाञ्चविरवरकत् अञ्चान ७ त्य त्कान-श्रकारतः विरमेगकाल श्र्वा-সঞ্চরার্থ যত্ন হওরা উচিত এবং সর্বশান্তও যত্ন-সহকারে ইছাই প্রতিপাদন করিতেছেন যে, জীব হন্ধার্য্য হইতে নিবৃত্ত হউক। কারণ, যথন সে সময়ে কোন সদম্ভান সম্পাদন করা একেবারেই অসম্ভব, তথন পূর্বানঞ্চত কর্ম দারা জ্বীব চালিত হয়, তাহার আর কোন প্রকার স্বাতপ্তা থাকে না অর্থাৎ জীব ইচ্ছা করিয়া স্কাতি লাভ করিতে পার্বেনা বা হুর্গতিতে পতিত হয় না, কর্মাই তাহাকে বথাবথ অবস্থায় পাতিত করে। শ্রুতি বলিয়াছেন-পুণাকর্ম ছারা পুণালোক এবং পাপকর্ম ছারা পাপলোক (নরকাদি) হয়। এই সকল অনর্থের হন্ত হইতে পরিত্রাণের উপায় দেখাইবার জনাই সমন্ত উপনিষৎ-শাখা বন্ধপরিকর। সেই উপনিবং-বিহিত উপারের অনুষ্ঠান বাতীত এ সমস্ত অনর্থের অত্যন্ত উপশ্ন বা নিবৃত্তির পক্ষে আর বিতীয় উপায় নাই।

षाज्यव मुक्तिकामी वाक्तिमाधिर यह उपनिषश-निर्किष्ठ उपामान्नष्टारन मर्स्तर्था सन्दर्भत हरेरव, रेहारे यह श्रवहर्मन वक्तवा। रेज्यपूर्व्स कथित हरेनाए स्थ

মুখুর্ জীব বিবিধ ভারাক্রান্ত শকটের নাার আর্হনাদ করিতে করিতে গমন করে। কিন্তু জিজ্ঞান্ত হইতেছে যে, যাত্রী শকটচালকের যেমন পথে বিশ্রামস্থান বা শকটা-রুঢ় দ্রব্যসম্ভার আছে, সেইরূপ প্রলোকে গ্রনার্থ প্রস্থিত এই জীবের পক্ষে পথে उक्कीय वस्त्र कि धवः भवत्नारिक गृहेश कि छक्षन वनित्व ? আत काहात श्रांता তাহার লৌকিক দেহ নির্দািত হইবে ? ইহার উত্তর,—আ্রা পরলোকে প্রস্থান করিতে উদাত হইলে পূর্বকৃত বিহিত ও নিষিদ্ধ কিদা অবিহিত ও অনিষিদ্ধ থে কোন সর্ব্যপ্রকার বিদ্যা (জ্ঞান) ভাহার অন্তুসর্থ করে। ৩%, তাহাই নহে, এইরপ-বিহিত, প্রতিষিদ্ধ এব: অবিহিত ও অপ্রতিষিদ্ধ সর্ক্ষপ্রকার কর্মা, এবং পূর্ব্ধ প্রক্রা অর্থাৎ পূর্ব্বামুভূত-বস্তু-বিষয়ক সংস্কার ইহারাই আত্মার অনুসরণ করে। তাৎপর্যা এই-ইহারাই পরলোকগত আত্মার ভোগা বা অবশ্রপা হয়। करा भूरकांक विश्विनिषदांनि विना। कि, छाटाই कथि**छ हरेरछह**। বৰ্ণা--দেহ আত্মা প্ৰভৃতি অধ্যাত্মবিষয়ক বিদ্যা বিহিত বিদ্যা নামে খ্যাত, এইরপ নগ্ন-প্রী-দর্শনাদি বিদ্যা প্রতিবিদ্ধা, ঘটপটাদি লৌকিক বস্তু-বিষয়ক জ্ঞান বা বিদ্যা অবিহিতা অর্থাৎ ইহার জন্য জার বিধি নাই। পথি-পতিত তৃণাদি-বিষয়ক বিদ্যা (জ্ঞান) অপ্রতিষিদ্ধা। বিহিত অবিহিতাদি কর্মা; মথা---যাগ-যক্তাদি কর্মা বিহিত, একহত্যাদি কর্মা প্রতিষিদ্ধ, অধাতুকালে স্ত্রী-সংসর্গ প্রভৃতি কর্ম অবিহিত, নেত্র-লোমের বিক্ষেপাদি কর্ম অপ্রতিষিদ্ধ। পূর্বপ্রজা বলিতে প্রাক্তন কর্মের ফলভোগ হইতে মনোমধো যে বাসনা বা সংকার জ্ঞা, তাহা বুঝার। উহা অনুষ্টজনিত জাবের কর্মের বা ক্লভোগে আরপ্ত বিষয়ে সহায় হয়, অতএব বাসনাও বে জীবের অনুসরণ করে, ইছা অবশুই স্বীকার করিতে হইবে। নচেং এই বাসনা ব্যতীত কেহও কথন কোথাও কোনরপ কর্মা বা ক্যাকল ভোগ করিতে সমর্থ হয় না: দেখা যায়, বেঁ বিষয়টি লোকের অভ্যক্ত নহে, সে বিষয়ে কথনই ইন্দ্রিরের কৌশন আদে'না। কিন্তু পূর্ব্বান্থভব-জনিত সংস্কারের বশে ইন্দ্রিগণের ঐহিক অভ্যাস বাতিরেকেও কর্মসম্পাদনে যথেষ্ট কৌশল বা পটুতা হইয়া- থাকে। দেখাও যায় যে, কোন কোন ব্যক্তির কোন কোন কারুকার্য্য বা চিত্রাদি কর্মে এছিক অভ্যাস বাতীতও আজ্মসিদ্ধ অভিকৃতি ও নিপুণ্তা আসে। আবার কাহারও অতি সহজ-সাধ্য কর্মে অকৌশন লক্ষিত হয়। কর্মের মত বিষয়োপভোগেও এরপ স্বভাবত: কাহারও পটুতা অর্থাৎ অভিকৃতি ও অনোর অপটুতা বা অনাস্তি দেখিতে পাওয়া যায়। যেমন দেখ-কোন এক ব্যক্তি যে বিষয়ভোগে অভিশয় আগ্রহাধিত, অপর ব্যক্তি আবার সেই বিষয়েই

বিরক্ত, সভরাং এই সমস্তই জনাস্তরীণ সংস্কারের উদ্ভব ও অনুস্তবের ফল ভিন্ন আর কিছুই নছে। অভএব বৃথিতে হইবে বে, পূর্বপ্রজা বা সংস্কার বাতীত কোন কর্ম বা কোন কর্মফলভোগ —কিছুতেই পূক্ষের প্রবৃত্তি ইইতে পারে না। অভএব পূর্ব্বাক্ত —বিদ্যা, কর্ম ও পূর্বপ্রজা এই তিনটি শকট ন্থিত সম্ভারস্থানীর পরলোকসমনের পথে ভক্য। বেহেত্, পারলোকিক দেহাস্তরপ্রাপ্তি এবং পারলোকিক ফলোপভোগের পকে বিদ্যা, কর্ম ও পূর্বপ্রজাই একমাত্র সহাম, অভএব প্রভাকে মন্ত্রেরই, একাগ্র-চিত্তে শুভ বিদ্যা ও সৎকর্ম প্রভৃতিরই অনুষ্ঠান করা উচিত। কারণ, তাহা হইলেই তাহার ইচ্ছানুরূপ উত্তমদেহলাভ ও উৎকৃষ্ট উপভোগ্যের উপভোগ হইতে পারে। অভিপ্রান্থ এই যে, মৃত্যুকালে জীবের পারলোকিক সলগতি ও উপ্তম ভোগলাভের একমাত্র অবলম্বন স্বাধীনতালাভ। সেই স্বাধীনতা লাভ করিতে হইলে পূর্ব ইইতে সৎকর্ম্ম-জনিত উত্তম সংস্কারের ও উৎকৃষ্ট জ্ঞানের প্রয়োজন, ইহাই এই প্রকরণের উপদেশ ॥ ২ ॥

তদ্যথা তৃণজলায়ুকা তৃণস্থান্তং গত্বাহন্তমাক্রমমাক্রম্যাত্মান-মুপস্ত্রেরত্যেবমেবায়মাত্মেদ্^{ত্} শরীরং নিহত্যাহবিভাৎ গময়িত্বা-হন্তমাক্রমমাক্রম্যাত্মানমুপস্ত্রতি॥ ৩॥

অতংপর জিজ্ঞান্ত হইতেছে, এই প্রকারে বিদ্যাকশাদি-সম্ভার (পুঁটুলি)
লইয়া যথন জীব পরশোকে প্রস্থান করে, তথন কি বৃক্ষারত পক্ষীর বৃক্ষান্তর
আশ্রের মত পূর্বনেহ পরিত্যাগ করিয়া দেহান্তরপ্রাপ্তি হয় ? অথবা আতিবাহিক * নামক অন্ত একটি দেহ ধারণ করিয়া তাহার সাহাধ্যে জীব যে দেশে
ও বোনিতে কর্মকল ভোগ করিবে, ঠিক সেই দেশে ও ঘোনিতে নীত হয় ? কিংবা
জীব ইহলোকে থাকিয়াই সর্ব্বগত ইন্তিয়াদি করণবর্গের বৃত্তি ভোগ করে ? অথবা
আত্মা শরীরে থাকিবার সময়ে তাহার সম্কৃতিত ইন্তিয়সকল মৃত্যুর পর বট ভয়
হইলে তন্মধ্যুত্ব প্রদীপ-প্রকাশের ন্যায় সর্ব্বতোভাবে বিভৃতি লাভ করে ও প্রশা
দেহান্তর্মনাত হইলে তন্মধ্যে সম্কৃতিত হয় ? অপিচ, বৈশেষিক সিদ্ধান্তাম্বসারে
কেবলই একমাত্র মন দেহান্তরপ্রান্তির স্থানে গমন করে ? অথবা বেদান্তশান্তে

^{*} আতিবাহিক দেই—অকুঠাকুনিগরিনিত। সূত্যকালে এই দেহ মুখ্রুর সাক্ষাৎ উপস্থিত চইয়া অভায়রে প্রবিষ্ট জীবকে বছন করিয়া ইংলোক অতিক্রম করিষ্ট প্রকোকে নতৈ করে। এ জনা ইহার নাম আতিবাহিক।

এতদতিবিক্ত কোন প্রকার কল্লনা আছে গ এই সমস্ত প্রশ্নের উত্তরার্থ বলা হইতেছে।—"এতে সর্ব্ব এব সমা: সর্ক্ষেছনস্তা:," অর্থাৎ সেই এই করণবর্গ — সমস্তই পরম্পর সমান এবং সমস্তই অনস্ত, (অপরিচ্ছিন্ন)। এই শ্রুতি অনুসারে জানা যাইতেছে বে, সমস্ত করণই সর্কমর, বিশেষতঃ স্বর্কাত্মক প্রাণবান্তর আশ্ররে थांकियां रेक्तियम्कन त्य मर्काञ्चाक रहेदन, हेरा खडःमित्र।, छदन त्य जाधााच्चिक (লিঙ্গদেহ) ও আধিভৌতিক (সুলদেহ) দেহমধ্যে উহারা সন্ধৃচিত হয়, তাহা প্রাণিগণের কর্মা, জ্ঞান এবং সংস্কার। অভএব স্বভাবতঃ সর্বরগত প্রাণ (ইক্রিয়বর্গ) অনন্ত হইলেও কেবল প্রাণিগণের কর্মা, জ্ঞান ও বাসনার বশেই দেহান্তর গৃহীত হইলে তন্মধ্যে সম্কৃতিত ও বিকাশিত হয়। এ জন্ম পূৰ্বে উক্তও আছে যে, এই প্রাণ প্ল,ষি (কুড প্রাণিবিশেষ), মনীক ও নাগের (হন্তী) সমান। অধিক কি, এই ত্রিলোকেরই সঁমান, দুল্লমান যে কোন বস্তুরই সমান। প্রাণের ব্যাপকত্ব পক্ষে নিম্নলিখিত শ্রুতিবাক্যও অনুকৃত্ত প্রমাণ, বথা—"স নো হৈতাননস্তামুণাতে।" অর্থাৎ—হে ব্যক্তি এই অনম্ভ (ব্যাপক) প্রাণ সকলের উপাসনা করে—এবং "তং যথা যথোপাসতে" প্রাণিগণ তাহাকে যে যে ভাবে উপাসনা করে। ইত্যাদি। তন্মধ্যে বিশেষ এই যে, পূর্বপ্রজ্ঞানামী বাসনা, বিষ্ণা ও কর্মের অধীনে বর্ত্তমান লদ্মনধ্যে জনুকার মত অবিচিছনভাবে থাকিয়া স্বপ্লাবস্থার আয় দেহাস্তর উৎপাদন করে, এবং দেহান্তর নিশ্বিত হইলে পর আশ্রিত পূর্বদেহ পরিত্যাগ করে। শ্রুতি জীবের দেহান্তর গমনে দৃষ্টান্ত প্রদর্শন করিতেছেন।—ধেমন তৃণ-জনুকা (ক্লোঁক) একটি ভূণের প্রাস্তভাগে গমন করিয়া আক্রমণযোগ্য অস্ত একটি इन चाक्रियन करत ७ পरि चाश्रमात् शृर्ख-चित्रय मकत (भव चित्रयहरत उँश-সংজ্ঞত বা সন্ধৃচিত করে, এই প্রকার প্রস্তাবিত সেই সংসারী আত্মা—এই পূর্ব-গৃহীত শরীরকে নিদ্রাভিলাধী ব্যক্তির মত অচেতনভাবে ফেলিয়া—জড় করিয়া জলোকার তৃণাস্তরগ্রহণের মত স্বীয় প্রসারিত বাসনার সাহায্যে সন্মুথে উপস্থিত শরীরাস্তর গ্রহণ করে ও আত্মার উপসংহার করে অর্থাৎ পূর্ব্যদেহ ভ্যাগ করিয়া অভিনৰ দেছে আত্ম-ভাব ছোপন করে। স্বপ্নে বেমন বর্ত্তমান দেছ সত্তেই বাসনা শরীরান্তর (স্বাপ্লেছ) নির্মাণ করে, ও আত্মা তাহাতেই আত্মাভি-मान (भाषन करत, महेक्रभ कर्म त्नेड: द्वारब-अक्रमानि य क्लान आवज्रमान দেহমধ্যে প্রবিষ্ট হয়। সেই শন্নীরে ইক্তিয়গণও প্রাক্তন কর্মবশে ব ব রভি अववयन कतिया भवन्भव मध्य अर्थार मिनिङ इत्र । स्मरे स्थारन (भवन्याम) कुन-कून-बुखिकामन धौकति बाक (कुन) नतीत्र शिक हम। धेर धाकारन

দেহ সমুৎপর হইলে অগ্নি, বায় প্রভৃতি দেবতাগণ বাগাদি ইন্দ্রিয়ের অমুগ্রহার্থ তত্তৎ ইন্দ্রিয়ভান পরিগ্রহ করে। এই হইল দেহান্তর আরম্ভের প্রকার ॥ ৩॥

তদ্যথা পেশকারী পেশসো মাত্রামুপাদায়াশুন্নবতরং কল্যাণতরভ্ রূপস্তমুত এবমেবায়মান্মেদভ্ শরীরং নিহত্যাহবিদ্যাৎ গণয়িষ্বাহন্মনবতরং কল্যাণতরভ্ রূপৎ কুরুতে পিত্রং বা গান্ধর্বাং বা দৈবং বা প্রাক্তাপত্যং বা ব্রাক্ষাং বাহন্মেষাং বা ভূতানাম ॥৪॥

পুর্ব্বেক্তি দেহারন্ত সম্বন্ধে জিজ্ঞান্ত হইতে পারে যে, সেই দেহারন্তসময়ে আন্থা—নিত্যদিদ্ধ দৈহিক পার্গিবাদি উপাদান-(সামগ্রী) সমূহ ব্যুর্থার বিমন্দিত করিয়া অন্ত দেহ আরম্ভ করে? অথবা নৃতন নৃতন উপাদান সকল পুনঃ পুনঃ গ্রহণ করে? শুভি দৃষ্টান্ত ধারা তাহার মীমাংসা করিতেছেন,—বেমন পেশস্বারী (সুবর্ণকার) সেই এক স্থবর্ণেরই মাত্রা (অংশ) ছিয়বিচ্ছিয় করিয়া গ্রহণ করত নৃতন নৃতন রচনার পরিপাটা অন্ত্যারে পূর্ব্রেচিত হইতে অভিনব স্কলর স্কল্য বন্ধ নির্দ্রাণ করে, এইরপই সর্বাদা প্রাপ্ত—নিত্যসিদ্ধ পৃথিব্যাদি আকাশ পর্যন্ত পঞ্চত্ত, বাহা রক্ষের রূপহানির্দ্রণ প্রসঞ্চে চতুর্থ অধ্যায়ে ব্যাখ্যাত হইয়াছে, স্থবন্দ্রানীয় সেই ভূত সকলকেই পুনঃপুনঃ বিমন্দ্রত (চুর্ণ-বিচুর্ণ) করিয়া নবতর ও স্কল্যকর ভিন্ন ভিন্ন আরুতিবিশিষ্ট—দেবলোকোপ্যোগী (দৈব), পিতৃলোকোপ্যোগী (পিত্রা), মন্ত্র্য-লোকোপ্যোগী, গন্ধর্কলোকোপ্যোগী ও বন্ধ-লোকোপ্যোগী কিংবা নিজ কর্ম্ম ও জ্ঞানান্ত্রসারে অপরাপর ভূতগণের উপভোগোপ্যোগী কিংবা নিজ কর্ম্ম ও জ্ঞানান্ত্রসারে অপরাপর ভূতগণের উপভোগোপ্যোগী অপর দেহ নির্ম্বাণ করে ॥ ৪ ॥

ন বা অয়মাক্সা ব্রহ্ম বিজ্ঞানময়ে। মনোময়ঃ প্রাণময়শচকুর্ম্ময়ঃ শ্রোত্রময়ঃ পৃথিবীময় আপোময়ো বায়ুময় আকাশময়ভেজোময়ো২তেজোময়ঃ কামময়োহকামময়ঃ ক্রোধময়োহকোধময়ো ধর্মন ময়োহধর্মময়ঃ সর্ক্রময়ন্তালয়দেতদিদক্ষয়োহদোময় ইতি যথাকারী যথাচারী তথা ভবতি সাধুকারী সাধুর্ভবতি পাপকারী পাপো ভবতি পুণ্যঃ পুণ্যেন কর্মণা ভবতি পাপঃ পাপেন। অথে। থল্পাছঃ কামময় এবায়ং পুরুষ ইতি স যথাকামো ভবতি তং-ক্রভুর্ভবতি যৎক্রভুর্ভবতি তৎ কর্ম কুরুতে যৎ কর্ম কুরুতে তদভিসম্পলতে ॥ ৫॥

পরলোকে প্রস্থানোম্বত এই জীবের যে সকল উপাধি সংসারবন্ধন নামে অভিহিত, বাহাদিগের সহিত সম্পর্কে সংস্কুক জীব তুনায় অর্থাৎ উপাধির সহিত অভিনন্ত্রপে প্রতীয়মান হয়, সেই সমস্ত বন্ধন এথানে একতা করিয়া প্রদর্শিত হইতেছে। সেই এই আত্মা- যিনি সংসারী হইয়া আবদ্ধ আছেন, তিনি বৃদ্ধই। প্রকৃতপ্রস্তাবে অশ্নায়া প্রভৃতি ধর্মাতীত হইলেও বুদ্ধিরূপ উপাধি সম্পর্কে বিজ্ঞানময় বলিয়া প্রতীত হয়। "কতম আত্মা বোহয়ং বিজ্ঞানময়: প্রাণের।" আত্মাত্মা কোন্টি ? না যিনি ইক্তিরগণের মধ্যে বিশেষ বিজ্ঞানমর বলিয়া প্রতীত হন, তিনিই আত্মা। আত্মাতে বিজ্ঞান-ধর্ম প্রচুরপরিমাণে লক্ষিত হয় বলিয়া चाचारक विकासमा वना रहेगा शांक, हेजानि ब्लाजिब कित विच्छकरण ব্যাপ্যাত হইরাছে। বিজ্ঞানময় অর্থে প্রায়ই বৃদ্ধির সদৃশ, যেহেতু, আত্মাকে বিজ্ঞানধর্মী বলিয়া মনে হয়, সে জন্য তাহার 'বিজ্ঞানময়' সংজ্ঞা 🖫 'ধ্যায়তীব লেলামতীব' ইত্যাদি শ্রুতি ইহারই অমুমোদন করিয়াছেন <u>এইরূপ সেই আত্মাই</u> মনের সন্নিকৃতি হওরার মনোমর,--পঞ্বুত্তি-সম্পন্ন প্রাণের সম্পর্ক বশতঃ প্রাণমর, য়ে জন্য শ্বয়ং চেতন ও বাহার সাহায়ে যেন গতিনীল বলিয়া প্রতীয়মান হয়। রূপ-দর্শনকালে চকুঃদম্পর্ক বশতঃ চকুন্দ্র, এবং শব্দ-শ্রবণকালে ভাহাতে আসক্ত হয় বলিয়া শ্রোত্তময়; এইরূপু এখন যে যে ইন্দ্রিরের ব্যাপার (ক্রিয়া) উদ্ভত হয়, তথন সেই সেই ইন্দ্রিয়-সম্পর্ক বশত: "ততন্ময়" হয়; আবার, বৃদ্ধি ও প্রাণের সাহায্যে চকু প্রভৃতি করণমন্ব (ইক্রিম্বমন্ন) হইয়া শরীরের উৎপাদক পৃথিব্যাদি ভূতমন্ত হইন্না থাকে। তন্মধ্যে পার্থিব মহয়াদি শরীরোৎপত্তিতে পৃথিবী অর্থাৎ পার্থিকময়, বরুণাদি লোকে আপ্য-(জনীয়-)শরীবারত্তে আপোময়, বাষবীর শরীবারত্তে বায়ুমর, আকাশশরীরারত্তে আকাশমর, এবং তৈজন দেব-শরীর নির্শ্বিত করিলে তেজোমর সংজ্ঞা লাভ করে। এতদতিরিক্ত পশু প্রভৃতির শরীর এবং নরক-নিবাদী প্রেতাদির শরীর সকল অতেকোময়; এই সমস্ত नतीत्रक नका कतिया ऋष्टाकां भव विना निर्मिष्ठ स्टेमाहि। धेरे श्रेकात आया

দেহেন্দ্রির-সমষ্টিময় হইবার পর ভাষী প্রাপ্তব্য কোন বস্তু দর্শন করত "ইছা আমি পাইয়াছি, অমুক আমার প্রাপ্তবা" ইত্যাদি বিবিধ অবাস্তব অভিনাষ (काমনা) বশতঃ কামমন্ব সংজ্ঞা লাভ করে। পুনশ্চ, সেই কামা বিষয়ে দোষ দর্শন করিয়া তাৰিবরে অভিলাধ বা কামসমূহ ত্যাগ করিলে বথন চিত্ত প্রসন্ন, অনাবিল ও শাস্ত হয়, দেই অবস্থায় আত্মা অকামময় নাম প্রাপ্ত হয়। আবার দেই কামই ষ্থন কোন প্রকার বিল্ল ধারা ব্যাহত হইয়া ক্রোধরূপে পরিপ্ত হয়, তথন আত্মা ক্রোধনর হইরা থাকেন। প্রনণ্ড কোন উপারে দেই ক্রোধের উপশমে চিত্ত শান্ত ও নিরাকুল হইলে সেই চিত্তাভিনানী আত্মা-অক্রোধী বলিয়া পরিচিত হয়। 'এইরুপ কাম ও ক্রোধ এবং অকাম ও অক্রোধের সম্পর্কে তন্ম হইয়া পুরুষ ধর্মময় ও অধর্মনত নামও প্রাপ্ত হইয়া থাকে। কেন না, কামনা ব্যতীত ধর্মের উৎপত্তি ও ক্রোধ ব্যতিরেকে অধর্মের উদ্ভব সম্ভব নহে। এ বিষয়ে স্বতি বলিমাছেন যে, "বদ যদ্ধি কুকুতে কর্ম তত্তৎ কামস্ত চেষ্টিতম," অর্থাৎ জীব যে কিছু কর্ম করে, তৎসমন্তই কামনার বশে করিয়া থাকে। ^{*}যদি পুর্কোক প্রকারে জীব ধর্মময় ও অধর্মময় হইল, তবে দে দর্মমন্বও হইল। থেহেতু, জগতে যাহা কিছু ব্যাক্কত অভিব্যক্ত কার্য্য, সেই সমস্তই ধর্মাধর্মের পরিণাম। সেই কার্য্যমূহের উপর আত্মাভিমান বা মমতা থারা জীব তন্মতা লাভ করে; অধিক কি, ইহাও পুরুষের চিরপ্রসিদ্ধ যে, এই প্রতাক্ষ পরিদুখ্যমান জগৎ কাগ্যের সহিত সম্পর্ক বৃশতঃ ইদক্ষর। আর সেই জন্মই পুরুষ পরোক্ষ বিষয়াভিমানে 'আদোমর' সংজ্ঞা ধারাও সংজ্ঞিত হয়। অদুস্পদের অর্থ েরোক্ষ বন্ধ, কার্যা দেখিয়া ভাহা নিদিষ্ট হয়, কেন না,—অন্তঃকরণগত ভাবনা (সংস্কার) অনস্ত, স্তরাং কথনই তৎসমন্ত বিশেষরূপে নির্দিষ্ট হইতে পারে না কেবল তত্তৎক্ষণের কার্য্য দারা জানা যার যে, "ইহার জনরের ভাব এই, উহার স্থানরের ভাব এই।" অতএব প্রতীয়মান কার্য্য হারা "ইনন্দম্ম" এবং পরোক অন্তঃকরণস্থ কার্য্যের অভিমানে পুক্ষকে অদোনৰ বলিয়া ব্যবহার করা হইয়া থাকে। সংক্ষেপতঃ এই বলিলেই নথেষ্ট শে, আত্মা বেরপ কর্ম করিতে বা আচরণ করিতে অভ্যন্ত, ঠিক্ তুদ্ধপ অবস্থাপন্ন হ'ন অর্থাৎ কর্মাও আচরণামুসারে ভাহার স্বরূপপ্রাপ্তি ঘটে। এধানে করণ ও আচরণের পার্থক্য এই—শাস্ত্রীয় বিধি বা নিষেধ দারা যে ক্রিরা নিমন্ত্রিত, তাহাই করণ নামে অভিহিত, আর অনিয়ত ক্রিমার নাম আচরণ। मदकर्यकांत्री वाकि माधु हम, रेहा बाना अंडि भृत्कीक 'मधाकांत्री' वाकित्वरे ৰিষেষণ করিয়া বলিলেন; "এইরূপ পাপকারী পাপী হয়", ইহাও পূর্ব্বোক্ত াষ্ণাচারী"র বিশেষণ। আশকা হইতে পারে যে, যথন এই সাধু ও অসাধু কর্মে দ্বীৰ তৎপর থাকিবে, তথনই ম্থাকারী ইত্যাদির বিষয় জানিতে হইবে, অত্যন্ত তৎপরতার নামই ত্রায়ত্ব। নচেৎ সাম্যাক কর্ম্মাতেই ত্রায়তা হয় না বেহেতু, "বৰ্থাকারী" ইত্যাদি স্থলে তাচ্ছীল্য অৰ্থাৎ "তাহাই স্বভাৰ (প্ৰাকৃতি) যাহার," এই অর্থে ইন প্রত্যন্ধ হইয়াছে। এই আশ্বল **স্পনোদনের জন্ম** প্রা বলিতেছেন যে, পুণ্যকর্ম ছারা পুণাবান এবং পাপকর্ম ছারা পাপী হয়, ভাষা হইলেই দেখা বাইতেছে, পুণা বা পাপকর্মের অনুষ্ঠানমাত্তেই জীব ভ্রমতা লাভ ক্রিতে পারে। তাহাতে আর হাচ্ছীল্যের অপেকা নাই, তবে যে স্থলে তৎপরতা शांदक, उशांत्र व्यक्तित्र उत्तरव अकांन शहित्त, हेराहे भूत हेरा वित्नुष। उनाक्षा काम-(क्रांशां क्रिकेन अशुकर्यों । अशुक्यां प्रश्लीन आशांक नर्वनायः প্রাধির কারণ এবং দংগারের একমাত্র হেতু। এইরূপ এক দেহ হইতে আত্মা যে দেহান্তরে সঞ্চরণ করে, তাহার প্রতিও উক্ত পূণ্য ও অপুণা কর্মের অনুষ্ঠান কারণ জানিবে। যেহেত্, ধর্মাধর্ম ফলভোগের নিমিত্তই আত্মা কর্মবর্শে नाना प्रद क्षेत्रण करत । अञ्चन शाल-शुगार औरनत बना-मृज्यादात कात्रण, আর শাস্ত্রোক্ত বিধি বা নিষেধ এই পুণা।পুণোই সংসারী জীবকে সংঘত করিবলি জ্ঞাই প্রযুক্ত, সূত্রাং তথিষয়েই শাস্ত্রের দাফল্য। ইহার উপরেও বন্ধ-মোক্ষ-তৰ্জানে নিপুণ অন্তাক্ত পণ্ডিতগণ বলেন বে, হাা, সভা বটে, কাৰ-ক্ৰোধাদি-वर्ष अबूधिक भूगाभूगाहे और्वत मनीवश्रात्वत कातन, किन्न आमना विन, त्राह्य পুরুষ কামনা-প্রেরিত হইরাই সেই পুণাাপুণা-কর্মানুষ্ঠান বারা পরিপুষ্ঠ থাকে এবং এই কাম পরিতাক্ত হইলে জীরের কত-কর্ম সকল বিশ্বমান থাকিয়াও আর পूना या भारभन्न अमक हत्र मा, किया मिक्क भूनाभूगा काममा-विशेष शुक्र रात अर्थ-कृ: व का छे । व के का न व का महि मा न व का कातन। এ कथा आंधर्सन अंडिएड डिक स्टेमाएह, "कामीन यः कामबटड मश्रे-मामः यक्यां कि । यह उत्र उत्र ।" जादनया धरे - ्य वाकि कि विकासिक वादि कार्याः विका भक्न काममा करत्रः, ता निक क्यांकरन काममासूनारत सिष्ट सिर्ट (क्यामुक्तभ) द्वारन क्वाबारन करता । धरे क्वाबार श्रृत्यक (क्वाब) खेनानक: এक काममार विभिन्न, अन्न कान्न थाकिरमञ्ज्ञाहा मन्त्रारतन मुश्रकान्न नरही এ জক্ত "জন্তুময়" না বলিয়া "কামমন্ত এব" অধাৎ এক কামন্ত্ৰই, এইরূপে अि अवधाने कतिशार्टका । तिहे काममन जीव वामन कामना बाना रिनान কাসময় হয়, অভাপের "তৎক্রভূ" অর্থাত তৎকশ্বাই হইসা থাকে। ভাৎপর্য এই—জীবের যে বিষয়ে কামনা হৃদয়ে উদিত হইরা বাহত অলমাত্রায় অভিবাক্ত হর, পরে সেই বিষয়ে ঐ কামনা কোন বাধা-বিল্প প্রাহ্মনা করিয়া পরিস্ফৃট হইরা (কর্মের) অধাবদায়ে পরিপত হইতে থাকে। কারণ, তাহার পরক্ষণেই বেরপ অধাবদায়সম্পন্ন হর্ম তাহার ফলসিদ্ধির জন্ত নিজের দাধ্যামুদারে সেইরপ কর্মই সম্পন্ন করে এবং যে কর্ম করে, তাহার ফলও সেইরূপ প্রাপ্ত হয়। অভএব উপসংহারে বক্তবা এই যে,—জীবের তন্মরতা ও সংসারপ্রাপ্তির প্রতি কামনাই একমাত্র কারণ। ৫॥

ুতদেষ শ্লোকো ভবতি তদেব সক্তঃ সহ কর্মণৈতি লিঙ্গং মনো যত্ত্ব নিষক্তমশু। প্রাপ্যান্তং কর্মণস্তশু, যৎকিঞ্চেহ করোত্যয়ম্। তন্মাল্লোকাৎ পুনরেত্যন্মৈ লোকায় কর্মণ ইতি সু কাময়মানোহথাকাময়মানো যোহকামো নিষ্কাম . আপ্রকাম আত্মকামঃ ন তন্ম প্রাণা উৎক্রামন্তি ত্রন্মৈব সন্ ত্রন্মা-প্রতি॥ ৬॥

এই বিষয়ে এইরূপ শ্লোক অর্থাৎ মন্ত্রও শুনিতে পাওয়া যায় যেকোন কাম্যবিষয়ে অভিলাষী হইলে ক্তকর্মের সৃহিত সেই ফল প্রাপ্ত হয়।
ইহার তাৎপর্য্য এই—ক্লীব যে কর্মফলে আসক্ত ও আক্রপ্ত হইয়া কর্ম করিয়াছিল,
সেই কর্ম অর্থাৎ কর্ম-বাসনাবিশিপ্ত হইয়া পরজন্ম সেই ফলই প্রাপ্ত হয়। সেই
ফল কি, তাহাও কথিত হইতেছে। এই সংসারী জীবের লিক অর্থাৎ মন যাহাতে
নিষক্ত অর্থাৎ বিষয়্মাধ্র্য্য বৃঝিয়া অধ্যবসার্য সহকারে অভিলান্ত, কর্মাচরণ থারা
জীব সেই ফলই প্রাপ্ত হয়। ভাষ্যকার যে লিকের অর্থ মন বলিয়াছেন, তাহার
কারণ, লিক অর্থাৎ সক্মপরীর মন:প্রধান, এই জন্য লিক বলা হইয়াছে কিয়া
বাহা থারা লিকিত অর্থাৎ আত্মা অবগত হয়, ত্বাহাই লিক, এই লিকশন্তের বােলিক
প্রকৃতিপ্রতাম্বটিত অর্থ ধরিয়াও আত্মাবগতির কারণরূপে মনকেই পাওয়া
বায়। অত্যব সেই মনের আসক্তি বশতই প্রস্থের কর্মে প্রবৃত্তি ও কর্ম্ম থারা
সেই কাম্যক্ষর্প্রাপ্তি গটে, ইহা সিদ্ধ হইল। ইহা থারা। ইহাও ছির হইল যে,
গ্রক্ষাত্র কামই সংসারের প্রধান মূল; তবেই যিনি উৎসয়-কাম অর্থাৎ বাঁহার
কামনাবৃত্তি নিবৃত্ত হইয়াছে, সেই ব্রক্ষক্র ব্যক্তির কর্ম্ম সর্কল বিক্সমান থাকিয়াও

বন্ধার স্থার কল-প্রদব-দামর্থ্যতীন হইয়া থাকে। এ জন্ম অন্য শ্রুতিও বলিয়াছেন त, "यिनि পূर्वकाम এবং आञ्चलकार्नी, लांहात नमल काम উद्धल हरेनामां अन्त বিলীন হর", ইত্যাদি। শুধু তাহাই নহে, সেই কামনাবান ব্যক্তি কর্মের অস্তে व्यर्थाः क्षीत रेरुलाटक करनत প্रज्यानाम गारा कि इ कैम् मन्नामन करत, रारे मकन কর্মফলের ভোগান্তে পর্লোক হইতে পুনশ্চ ইহলোকে কর্ম্মাধনের জন্ত প্রত্যাপত হয়। কারণ, ইহলোক কর্মময়, স্বতরাং প্রাক্তন কর্মসংস্কারবণে ঐ ব্যক্তি কর্ম ছাড়িরা থাকিতে পারে না। কর্ম করিবার জন্ম, পুনশ্চ ভাহাকে ইহলোকে আদিতে হয়; আবার কর্ম করিয়া ফলভোগের জন্ম পরলোকে গমন করে। তবেই দেখা যায় যে, কামনাবান ব্যক্তি এইরূপ সংসারচক্রে পড়িয়া মুক্তিপথ হইতে বছদ্রে পভিত হয়। কিন্ত যিনি নিজাম দাধক, তাঁহাকে পুনশ্চ জন্ম বা মুত্রাবন্ত্রণা ভোগ করিতে হয় না। তাৎপর্য্য এই যে, সংসার-চক্রে পড়িয়া গমনা-গমনধারা যাহা উক্ত হইল, ইহা ফলাসক্তের পক্ষেই; কারণ, কামনাহীন ব্যক্তির ক্রিয়াই অসম্ভর্ব; কাজেই গমনাগমনও তাঁহার ক্রন্ধ। কি উপায়ে সেই অকাময়মান হর অর্থাৎ জীবের নিকামতা আদে ? তাহাই একণে বিবৃত হইতেছে।—বিনি নিষ্কাম অর্থাৎ কামনা দকল গাঁহার নিকট হইতে দুরীভূত হইম্বাছে, তিনি অকাম. ঠাহার ধর্ম-অকামতা। আর ধিনি আপ্রকাম অর্থাৎ কাম্য সকল বস্তুই করারত্ত করিয়াছেন, তিনি আপ্রকাম; তাঁহারই সেই কাম দকল দুরীভূত হয়। **अकर** कि श्रकारत कामानमूह व्याश ता कतात्रत हत, जाहा निर्मिष्ठ हहेरजह । বেহেত, তাঁহারা আত্মকাম, এই জন্ম তাঁহাদের অন্ত কোন, কাম অবশিষ্ঠ খাকে ना, जाशीर खीव वाष्टात जाकर्षां अफ़िया क्रिमेंकत कार्य अवुछ इहेर्रत, अक्रभ কোনও বস্তু তাঁহাদের কামা নাই। তাহার কারণ, বখন একমাত্র আত্মাই তাঁহাদের কাম্য; স্বতরাং অন্ত কোন বস্তুই কাম্য থাকিতে পারে না: বাস্তবিক, কি বাহ্ন, কি আন্তর সমস্ত বিহীদ একমাত্র পূর্ণ আনন্দময় জ্ঞান-রূপী আত্মাই বাহার সমস্ত, বাহার বর্গে কি অধোভবনে কিংবা পার্বে আত্মাতিরিক্ত কিছুই नाहे, वाहात ममछहे आध्यक्तभ इहेबा वाब, मिट छानीत कामनात विषय कि थाकिएक शाद्य ? अकि विवाहिन एवं, "वश्च मर्समादेशवाकुर, उर दकन किः প্রেখং ?" অর্থাৎ এ সমন্তই বাঁহার আত্মমন্ন হইনা যান-কিছুই পৃথক পাকে ना. तरे नमत्र क किरनत बाता कि त्रिश्द ? कि छनित्त, कि मनन कतित्त, বিজ্ঞাতব্য বিষয় বা কি আছে? এই প্রকার বিজ্ঞান করিয়া কোন কাম্য कामना कविरव ? निम्न हैहें एक विकीय वस्त्र अजीज इहेरन अविराय कामना इ अवाह

श्राकाविक, किन्नु खानीत शक्त रा विठीम तक्ष नाहे, वाखविक रा कामा तक्ष কামনাবান হইতে বিভিন্ন হয়, তাহা আর আত্মজানকালে থাকে না। তবেই द्वित হटेन. विनि आञ्चकामी, जिनि आश्वकाय--जिनिट निकाम. अकाम ও अकामप्रमान : ईखताः अकामप्रमान वाक्तिरे विमुक्त रन. रेश বাহা কামা, তাহা আত্মা হইতে • বিভিন্ন, কিন্তু বাহার সবই আত্মভাবে প্রতিভাত হর, তাহার অনাত্মা কাম্য আারা ভিন্ন বস্তু কামনার • বিষয় অথচ 'সমস্তই আারাম্বরূপ হইরা যার' এই উভর কথনও সঙ্গত হর না। সর্বান্ত্রদর্শীর কাম্য নাই বলিয়া কর্মাও নাই। যে দকল পশুত প্রতাবাদ-পরিহারার্থ ব্রহ্মবিদেরও कर्त्यंत कर्खराठा कक्षना करतन, निन्द्रप्रदे ठीहारनत आञ्चा नर्समझ हम না, নতুবা প্রত্যবায়-(পাপ)-কে আলাতিরিক্ত পরিহরণীয় বিষয় বলিয়া মনে করিবেন কেন 😢 আমরা বলি যে, থিনি নিত্যই অশনায়াদি সাংসারিক সর্বধর্মাতীত প্রত্যবার-সম্পর্করহিতভাবে আস্থাকে জানিরাছেন, তিনিই প্রকৃত বন্ধবিদ, (বন্ধজ্ঞ); যিনি নিতাই আত্মাকে অশ্নারা-পিপাদাদি-ধর্ম-রহিতভাবে প্রতাক্ষ করিতেছেন এবং জগতে আত্মার পরিতাজ্য বা উপাদের-রূপে কোন পৃথক বস্তুই দেখিতে পান না, কর্ম কথনই তাঁহাকে স্পর্ণ করিতে পারে না : কিন্তু যে ব্যক্তি প্রকৃতপক্ষে ব্রম্বজ্ঞ নহে, তাহার পক্ষেই প্রত্যবাহ নিৰারণের নিমিত্ত কর্ম্ম কর্ত্তবারূপে উপস্থিত হয়। অতএব উভশ্ব পঞ্চে व्यात कान अविवास नारे। এই जना वना स्टेटिंट एत, व्यकामस्थान भूक्षेत्र কামাভাব-হেতুই আর জন্মগ্রহণ করে না, পরস্ত বিমৃক্ত হর্ম সুস্টেই व्यकामनमान भूकरवत कर्ष्यत व्यकार्त भत्रताक्ष्यम न्याहरू इत व्यक्षर পরবোকে উপভোগ্য কর্মফলের অভাবে (কর্মান্তাববশৃতঃ) কোন গ্রামন-কারণ সভ্যটিত হয় না, কাজেই বাক্ প্রভৃতি ইন্তিম্পর্ণত আন দেহ হইতে উৎক্রাক্ত হয় না। সেই আপ্ত-কাম বিদানও আপ্তকামৰ হৈছু এই জীবং অবস্থায়ই। প্রশাসকপ হন। । তা দুলি তা পের্বলু ভারের ও উদ্ধার পার্কার ক্রায়

দর্বাথা ব্রের থক্প কি, তাহার দৃষ্টাস্থরপে প্রশ্নোপাদকের এই
পেহেই দর্বাথান্তান প্রদর্শিত হইল। প্রতি বিক্রাছেন্ট প্রশাস্থান্তান করিব। সম্রাতি অকামনামন ইত্যাদি
নাম্যা থারা তাহার নাই ভিক অর্থাৎ উপত্যের বিষয় দক্ষণ উল্যান্তেই
ইইতেছে। ত্যাধ্যে প্রমানতঃ ভিজ্ঞান্য কে এবছুত নেই জ্ঞানী বিন্নালে শ্বক

হয় ? ভাহার উত্তর, - যে ব্যক্তি অ্যুপ্তি অবস্থাপরের ভার নির্কিশেষ অহৈত এবং দৰ্মদা প্রকাশমান চৈতক্তজ্যোতিশ্বয় আত্মাকে দর্শন করে, त्मंशे व्यकामग्रमान—निकाम व्यक्तित कर्षां छात्व शत्रां कामग्रमान दकान কারণ্ট (কর্মফলাদি) উৎপন্ন হন না: স্নতরীং তাঁহার বাগাদি ইক্রিম-সকল উৎক্রাপ্ত হয় না ৷ কিন্তু সেই বিশান বদিও দেহধারীর মতই লক্ষিত হন, তথাপি তিনি দেহাভিমানী নহেন,— এই জীবদশাৰ তিনি বয়ং এক হইয়াও ব্রহ্ম প্রাপ্ত হন। থেহেতু, তাঁহার অব্রহ্মহ-জ্ঞাপক বা সর্ব্বয়র ব্রহ্মত্বের পরিচ্ছেদক কামনা সকল বর্ত্তমান থাকে না। এই জন্মই এই দেহেই স্বয়ং ব্রদ্ধ হইমাও অবিভা ধারা তিরোহিত ব্রদ্ধাররণ পুনঃ প্রাপ্ত হন;, আর দেহপাতের অ্পেক্ষা থাকে না[®] কারণ, বন্ধত্ত ব্যক্তির মরণের পর যে ভাবান্তরপ্রাপ্তি, তাহা প্রকৃতপক্ষে জীবদশা হইতে স্বতন্ত্র অবস্থা নহে। রক্ষাত্র প্রাপ্ত হয়, এ কথার উদ্দেশ্য এই বে,---রক্ষাক্ত ব্যক্তির আমার দেহাস্তরধারণ হয় না, এইমাত্র। যদি হাস্তবিক দেহাত্তর বা ভাবাস্তরপ্রাপ্তি মোক-ম্বরূপ হইত, তাহা হইলে সমস্ত উপনিষদের নির্ব্বাচিত আত্মৈকা নামক মোক্ষরত্বে বাধা পড়ে এবং কথিত মোক্ষ জ্ঞানজনিত না হইয়া বরং কর্ম-জনিত হইয়া উঠে। অথচ এরপ করনা কথনও কোন শ্রুতির অভিমত হইতে পারে না। ওধু তাহাই নহে, আবার মোক নিতা না হইয়া অনিত্যতা-দোষগ্রন্তই হয়। কেন না, যাহা ক্রিয়ানিম্পাদ্য, তাহা নিতা, ইহা কথনও দৃষ্ট বা শ্রুত হয় নাই। মোক ধেনিতা, তাহা "এষ নিতাো মহিমা" অর্থাৎ এই (মোক) আত্মার নিত্য মহিমা, এই মন্ত্র হইতে প্রমাণিত হয়। বাহার বাহা অক্ত্রিম স্বভাব, তাহাই নিত্য, ভদ্জির অন্ত কাহাকেও নিভা বলিয়া কর্না করা উচিত নহে; অতএব অগ্নির উঞ্জবং মোকও যদি আত্মার স্বভাবদিদ্ধ হয়, তাহা হইলে সেই স্বভাবকৈ পুৰুষপ্ৰযত্নসাধ্য বলিতে পার না। স্বভাব কথনও ক্রিমাসাধ্য হয় না অর্থাৎ অগ্নির স্বাভাবিক উক্তম্ব বা প্রকাশ ব্যাপার-বিশেষের অপেকা করে না; কার্ম, অগ্নির প্রকাশ স্বাভাবিক, অথচ পুরুষপ্রথম্ব-माधा, देश अजीव विक्रम कथा। यनि वन (य, एरमन अतनि-(अधा ९भानक कार्छ) মিহিত অমি স্বাভাবিক অবস্থায় নয়ন-গোচর না হইলেও ধর্ষণাদি ব্যাপার-बनिष्ठ अञ्चलत्मत श्रव छेक्ष्य । अकामानि धर्म महकारत माधात्ररात मत्रनाताहत হইরা থাকে, অথচ ক্রিরাজনিত এই উক্তম্ব ও প্রকাশ অমির স্বাভাবিক ধর্মমধ্যে পৰিগণিত হয়, সেইরপ আত্মার যোক স্বাভাবিক হইলেও কর্মদাধ্য হইতে

পারে। উত্তর—না, তাহাও হইতে পারে না , কারণ, অগ্নির উষ্ণত্ব ও প্রকাশ-শ্বশের অভিব্যক্তি অগ্নিকে অপেকা করে না ; প্রজ্ঞলন হইতেই ভাহাদের অভি-ব্যক্তি; এই প্রকাশ ও দাহিকাশক্তি অমুভৃতি বিষয়ে মিঞ্ ব্যবধাননাশের পর অভিব্যক্তিকে অপেকা করেন অভিপ্রায় এই—কাষ্ট্রমধ্যে নিহিত বহির উষ্ণত্ব ও প্রকাশ বিদামান থাকিয়াও কেবল কাষ্টাদি ব্যবধান বশতঃ চকুর গোচর হইতে शारत ना. शत्र वाशात वा कियाधीन (मह वाधायक शतार्थ नहे इहेटलहे সাধারণের প্রতীতি-গোচর হয়। তবে যে প্রজ্ঞলনব্যাপার হুইতে অগ্নির উঞ্জা ও প্রকাশ উদ্ভত ইত্যাদি প্রকার সাধারণের প্রতীতি হয়, তাহা ভ্রমমাত্র। অপ্লিচ, যদি উষ্ণত্ব ও প্রকাশ অধির স্বাভাবিক ধর্ম না হয়, তবে অধির বাহা স্বাভাবিক ধর্ম, আমরা তাহারই উদাহরণ পরে করিব। বস্তুমাতেরই যে স্বাভাবিক ধর্ম নাই, এমন কথা হইতে পারে না। তবেঁই, যাহা অগ্নির স্বাভাবিক ধর্ম বলিয়া সর্বসাধারণের অফুমোদিত, তাহাই আমার মোক मध्यक्ष पृष्टीच हरेरत। आत यनि वन (१, निशक्-(निकन) जल्दत ग्राप्त মোক্ষও বন্ধননিবৃত্তিবিশেষ: স্বতরাং অভাবপদার্থমধ্যে পরিগণিত, এবং এই काबरगरे পণ্ডিতগণ বন্ধন-भवः मत्क ताक तिल्या निर्फाण कविया शास्कन। উত্তর-তাহা হইলে মোক্ষকে "একমেবাধিতীয়মিতাাদি" শ্রুতি একবাকো প্রমান্তার সহিত একীভাব স্থাকার করিতেন না. অভিন্তা অভাব পদার্থ নতে। আর যথন বদ্ধ পুরুষ পরমাত্মা হইতে পতর নহে, তথন কাহার বন্ধন-ধ্বংসকে নিগড়;ধ্বংসের মত মোক্ষ বলিবে : পরমান্তার অভিরিক্ত যে কোন পদার্থই নাই, তাহা ইতঃপূর্বে বিভারিতরূপে প্রতিপাদন করিয়াছি। অতএব অবিদ্যার নিবৃত্তিই মোক্ষ-রূপে ব্যবহৃত, ইহাই দিছান্ত। বেহেওঁ, পুর্বে বলা হইরাছে যে, যেমন রজ্জু প্রভৃতিতি ভ্রম-কল্লিড সর্পজ্ঞান নিবৃত্ত হইলে তৎসঙ্গে সর্পাদিও তিরোহিত হয়, মোক্ষও সেইরপ্প। বাঁছারা বলেন যে, মোক্ষদশায় শাংগারিক বিজ্ঞান হইতে শ্বতন্ত্র বিজ্ঞান ও বৈষয়িক আনন্দ হইতে শ্বতন্ত্র বন্ধানন্দ অভিব্যক্ত হয়, তাঁহাদিগের বলা উচিত যে, "অভিব্যক্তি" শব্দের প্রকৃত অর্থ कि ? यनि अञ्चादा वश्च नकरनत आवत्नध्यः महे अভिवाकि नास्त्र अर्थ इत्र, তবে তাঁহাদিগকে জিজাসা করি, বিদ্যমান বিষয় সকলই कি অভিব্যক্ত হয় ? अथेवा अविमामान विषय मकन ? यमि विमामानरे इस, छाडा हहेतन, वाहाव (মুক্ত পুৰুবের) সহদ্ধে ভাহা (মুক্তি) অভিবাক্ত, ভাহাও ভাহার আত্মভূত বা **पश्चित्रहें ; অভ**এব তাহা আর জ্ঞানের অগোচর বা ব্যবধান পাকিতে পারে না,

স্বভরাং অভিব্যক্তির (ব্যবধানের অপগম হইতে) অপেক্ষাও থাকিতে পারে না। কুক কীবের তাহা নিত্য অভিব্যক্ত, অতএব সেই জ্ঞান-মুখাদি মুক্তের নিকট নৃতন জ্বভিব্যক্ত হয়, এ কথা বলাই বুথা, যেহেতু তাহা নিতাই সিদ্ধ। স্থার যদিবল त्य. कथन कथन छेहा अछिताख्न हत्र, मर्खना नरहार छात्र आमदा तनित, উপলব্ধির ব্যবধান হেতু বা 'জ্ঞানাভাব হেতু তাহা আত্মস্বরূপ নহে। তবেই বল যে, সেই অভিবাক্তি বিষয়ে অত কোন কারণের সাহায্যের প্রয়োজন, স্বভরাং च जित्रक माधना छत्र- मार्शक हरेग मा कि ? यनि •विकास 'अ चित्रक्तिक একাশ্রম বলা যাম, তবে ব্যবধানের অভাবে হয় সর্বদাই অভিব্যক্তি, না হয় অনভিব্যক্তি, এক পক্ষ মানিতে হয়; তুডিয় অভিব্যক্তি ও অনভিব্যক্তির মাঞ্লা-মাঝি কোন বস্তু-কল্পনা প্রমাণদিদ্ধ হইতে পারে না। বিশেষতঃ একস্থানস্থিত ও এক বস্তুর স্থরপ-ভূত ধর্ম সকলের পরম্পর বিষয়-বিষয়িভাব বা গ্রাহ্য-গ্রাহ্যকর্মও অসম্ভব। তাহার পর বিজ্ঞান ও সুথাভিব্যক্তি পূর্ব্ব অবস্থায় বে দংসারী হইয়া পরে অভিব্যক্তির পরকালে মুক্ত- দেই ব্যক্তি নিশ্চয়ই নিত্যাভিব্যক্ত জানস্বরূপ পরমান্দা হইতে সম্পূর্ণ পূথক বলিতেই হইবে। কারণ, উষণ্ড ও শীতলত্বের মত ভাছাদের পার্থকা অনেক। আর যদি পরমাত্মার বিভিন্নতা করনা কর, তাহা হইলে বেদোক্ত সিদ্ধান্ত একেবারেই পরিত্যক্ত হয়। আর যদি বা মোকও সাংসারিক অবস্থার স্থারই সাধারণ অবস্থা হইলে, অর্থাৎ উভর অবস্থার কোন আত্মার কোনরূপ বৈশিষ্টা না থাকিলে মোকের নিমিত্ত যত্ন করা বার্থ হয়: धावः भारकाशास्त्रक भारतक दकान गार्थका बादक ना। े छेखर वना वाह. বাস্তবিক আশ্বা নিতা একরূপী, এ জন্ম তাহার মৃক্ত বা অমৃক্ত বলিয়া কোন বৈশিষ্ট্য দাই সতা, কিন্তু অবিদ্বা ও তজ্জনিত আরোপিত ক্লেশ হইতে অব্যাহতিলাভ, ইহা स्मान-श्रद्धान श्रीकाद्वत धकमाज कन। नाजहे तमहे श्रवाद्वत भरवत व्याविकातक. ছতনাং তাহার বৈফল্য কোথার ? মদি বল বে, অবিদ্যাবানের অবিষ্ণানিবৃত্তি ও অমিবৃত্তির জন্ত আত্মাতে বৈশিষ্ট্য অবশুভাবী। তবে মোকে আত্মগত বিশেষহ ध पांव इव ना ; कांत्रण, हेटां छ विश्वांत कजना । मारे दक्त विलिए ? বেষন রক্তে পূর্ণ, মক্তুমিতে বল ও শুক্তিকার রক্ত ও আকাশে নীলিমা क्रिक गांब, आश्वाति विरम्पय जेत्रल क्रिक : वाष्ट्रव नरह—व क्या शृर्विष्ट আমৰা বৰিষাছি। তথাপি বৰি বৰু বে, যেমন স্থন্থ ব্যক্তিরও আগন্তক তিমির स्रोरभन गढाव । अ जानढाव वगळः मर्नन-विचात कर्ज्य । अ व्यक्त्वका देशकान पटि, आधात्र छक्त सनिगात कर्ड्य ७ सक्ड्र शतिका देवनक्रण हन

না কেন ? উত্তর-এ কথাও বলিতে পার না: কারণ, "ধায়তীব লেলায়তীব" এই শ্রুতি নিজেই আত্মার সমস্ত কার্য্য উৎপ্রেক্ষিত বলিয়া আত্মায় স্বাভাবিক অবিদ্যা-কর্তৃত্বের প্রতিবাদ করিয়াছেন। আত্মার যে শ্বভাবতঃ অবিদ্যাকর্তৃত্ব নাই, তাহার প্রতি ইহাও একটি কারণ যে, দেখা যায়, বছতর ব্যাপার-সম্পর্ক হইতেই ত্রমের উৎপত্তি, এ কারণ আত্মগত অবিদ্যাকে বাভাবিক ধর্ম বলা যায় না। থেছেত, অবৈত নির্লিপ্ত আত্মার কর্ম সম্ভবে না, তবেই আত্মার অবিদ্যাকর্তৃত্ব কোপার ? আর অবিদ্যা-ভ্রম যখন আয়-জ্ঞানের বিষর, তথন এই অবিদ্যা-ভ্রমে আজ্মন্ত্রত্ব রক্ষা করিবার জন্তও অবিদ্যা আত্মান্ত্রিত হইতে পারে না। অর্থাৎ মুখ্য আত্মা বথন স্পষ্টতঃ দেখিতেছে যে, সাংসারিক সকল কার্য্যই ভ্রান্তিকত ঘটপটাদির স্থায় অবিভাল্রম একটি স্বতম্ত্র বস্তু, তথন সেই আত্মা ঐ ল্রমে পড়িতে পারে কি ? কথনই না। যদি বল, কেন "আমি জানিতেছি না এবং মুগ্ধ (মোহ-প্রাপ্ত) হইয়াছি," ইত্যাদি প্রতীতিই আত্মার ভ্রমের পরিচায়ক? না, ইহা অতি অসৎ কথা। বেহেতু, তাহারও (অবিদ্যা বিষয়ে) বিবেক-জ্ঞান আছে। বে ব্যক্তি বাহাকে পৃথক্রপে জানিতে পারে, তাহাতে সে কথনও ভ্রাস্ত হয় না, যে বস্তুকে স্বতন্ত্র বোধে গ্রহণ করে, তাহাতেই সে অভিন্নভাবে ভ্রাস্ত হয়, ইহা বড়ই বিক্লদ্ধ কথা। তবে যে বলিতেছ, "আমি কিছুই জানি না এবং বিমোহিত হইরাছি, এই প্রতীতিই তাহার প্রতিপক্ষে সাক্ষী, তাহার সমাধান অন্তরূপ कानित्व, रथा 'न जात्न मृत्याश्त्रीजि मुख्याज' पहे वात्का (मथिरजिह, मर्क একটি দর্শনক্রিয়া আছে, তাহার বিষয় অর্থাৎ কর্ম-অজ্ঞান ও মুগ্ধতা, দেই কর্ম-श्वत्रभ मर्गन ७ कर्ड्यक्रभ मर्गन-- উভय्र निम्ठब्रहे এक महर, जत्वहे (मथ, विदक्तमाँकि বে দৃশ্রবিষয়ক অজ্ঞান ও মোহ জ্ঞানের বিষয়ীভূত হয়, তাহারাই একবার কর্ম हरेश क ईश्वत अ छात्मत विराध रहेए भारत मा। जात यनि वन, जे ज्यान মোহ উভয়ই কর্ত্বরূপ জানের বিশেষণ, তবে किজাসা করি, তাহারা কিরুপে पृति—खान क्रियात त्याशा—कर्ष इहेरत ? जारभर्य धहे—याहा कर्म, जाहा ক্রিয়ার ব্যাপ্য অর্থাৎ ক্রিয়াশ্রিত, ব্যাপ্য ও ব্যাপক পরস্পর বিভিন্ন; মুভরাং যে व्याभा, त्मरे अन्न बाजा व्याभा रम, कनाठ निक बाजा श्रमः व्याभा रम ना। छत्वरे तन, धरे व्यवसाब व्यक्षान । मुक्का किकाल कर्ड-यक्षल छानित वित्यम स्टेटन १ আর ইহাও সুক্তিসমত হইতে পারে না বে, অজ্ঞানের পর্মণ-পরিজ্ঞাতা বিবেকী শ্রক্ষ নিজের অজ্ঞানকে শরীরগত কশতাদির মত জ্ঞাতার পৃথক্রপে অভ্তাব্য-क्रार्थ अञ्चल कतिवाल अब्बानत्क (क्लांत) ध्या (विरम्पर्भ) क्रार्थ शहर

করিবে ? কিন্তু যদি বল যে, সকলেই স্থথ, হুঃথ, ইচ্ছা, প্রায়ন্ত্র প্রভৃতিকে আয়ার ধর্ম বলিয়া গ্রহণ করে, তথাপি বলিব যে, স্বথ-ছঃথাদির সহিত গ্রহীতার পার্থক্য স্বীকৃত্ই আছে। যদি বল, স্মামি তোমার কথার ভাব বুঝিতেছি না, षामि मुद्र, रेहारे षामात ष्रकृषाता ष्रकान। উত্তর-তাহা তুমি हरेलে পার, থেহেতু, তুমি আত্মা সম্বন্ধে এইুরূপ তত্ত্বদর্শী, মুগ্ধ; কিন্তু যিনি বিজ্ঞ অমুগ্ধ, জাহাকেই আমরা বলিতেছি,—আত্মা সর্বাদা জ্ঞানময় ডাই স্বরূপ; মুগ্নতা ভাঁহার ধর্ম নয়। এ বিষয়ে ভগবান্ বেদব্যাসও বলিয়াছেন, "ইচ্ছাদি ক্লংমং ক্ষেত্ৰং ক্ষেত্ৰী প্রকাশয়তি।" ক্ষেত্রী—আত্মা ইচ্ছা-কামাদিরপ সমস্ত ক্ষেত্রকে প্রকাশিত করে। তথা "সমং সর্কের্ ভূতের তিষ্ঠতঃ পরমেধরণ্। বিনশুৎস্বপ্যবিনশুস্তং যঃ পশ্রতি দ পশ্রতি।" অর্থাৎ দিনি সর্বভৃতে সমভাবে অবস্থিত এবং দর্কভৃত বিনষ্ট 'হইলেও যিনি অবিনাশী, তাঁহাকে (পরমেশ্বরকে) যে দর্শন করে, সেই যথার্থ জন্তা। ইত্যাদি বাক্য শত শত স্থানে উক্ত আছে। অভএব, অবশ্রই স্বীকার করিতে হইবে যে, কি জ্ঞান, কি অজ্ঞান এবং কি বন্ধ, কি মোক্ষ, কিছু ছারাই আত্মার স্বরূপতঃ কোন বৈলক্ষণ্য হয় না। যেহেতু, শ্রুতি আত্মাকে সর্বাদা সর্বাপ্রকারে সমান-একরদ-- আনন্দরূপী বলিয়া স্বীকার করিয়া থাকেন। কিন্তু ঘাঁহারা অন্তভাবে আত্মতত্ত্ব কল্পনা করেন অর্থাৎ আত্মার বন্ধন ও জ্ঞানাজ্ঞানকত বিশেষ ধর্ম করনা করেন এবং বন্ধ-মোকপ্রতিপাদক শাস্ত্রদকলকেও অর্থবাদ অর্থাৎ আত্ম-তডের প্রশংসা-বাক্য বলিয়া উপপাদন করেন, তাঁহাদের কথা আর কি বলিব, বোধ হয়, এরপ করনা-কুশল মহান্মারা আকাশে উড্ডীয়মান পক্ষীর পাদও দর্শন করিতে পারেন এবং আকাশকে মৃষ্টি দারা গ্রহণ করিতে কি চর্ম্মের মত বেষ্টন করিতেও তাঁহার। উৎসাহী হন। আমরা কিন্তু ওরূপ করিতে কদাপি সমর্থ হই না। আমরা জানি, সেই আত্মা সর্বাদা সমান একভাবাপন, অদিতীয়, অবিকৃত, নিত্য, অন্তর, অমর, অমৃত্যুয়, অভয়াত্মক এক্সই-चामिरे एनरे बन्न, जांदा दहेरा भुषक निह। रेजानिक्र ममख दनारखत সিদ্ধান্ত বলিরা স্বীকার করি। অতএব উপসংহারে বলা আবশুক যে, "বশ্বাপোতি," অর্থাৎ জীব বন্ধবন্ধপ প্রাপ্ত হব, ইহা ঔপচারিক কথা বৈ कथनरे ताखितिक कथा नाट, क्विन अख्यान तथा विश्वीष्ठिक भीतिव एक्रमधम विष्क्रित कतिवात निमिन्नहे धहे "उमालाडि" उमाचनलेथाशित कर्षा फेक रहेशारह ॥ ७ ॥

তদেষ শ্লোকো ভবতি যদা সর্বে প্রমুচ্যন্তে কামা যেহস্থ হাদি প্রিতাঃ। অথ মর্ত্ত্যোহমুতো ভবত্যত্র ব্রহ্ম সমশুত ইতি। তদযথাহিনির যুনী বল্মীকে মৃতা প্রত্যন্তা শ্রীতৈবমে-বেদ্ধে শরীর্চ্চ শেতে অথায়মশরীরোহমুতঃ প্রাণো ব্রক্ষেব তেজ এব দোহহং ভগবতে সহস্রং দদামীতি হোবাচ জনকো বৈদেহঃ॥৭॥

ইতঃপূর্কে বল্ল ও জাগরণ অবস্থাবন্ধে আন্মার গতি সম্বন্ধে দৃষ্টাস্ত দেখাইয়া জীবের সাংসারিক গতি নিরূপিত হইয়াছে "এবং তংগ্রসঙ্গে সংসারপ্রাপ্তির কারণ অবিভা, কর্ম ও অপরা বিভা-তাহাও বর্ণিত হইমাছে। বে সঁকল দেহেক্রিমাদি-রপ উপাধির অভিমানে আত্মা সাংসারিক মুথ-তঃথ ভোগ করে, সে সমুদ্র বর্থাবধ ক্রতিভ হুইয়াছে, সেই সকল কার্য্যকারণরূপ উপাধিসমূহের ধর্ম ও অধর্মই সাক্ষাৎ कातन, हेहा शृद्धभक्षकाल উল্লেখ कतिया भरत এक कामनारकहे जकरनत मून বলিয়া সিদ্ধান্ত করা হইরাছে, এই বিষয়টি বেমন ব্রাহ্মণ ছারা নিরূপিত, ঐরুপ মন্ত্রও তাহার প্রকাশক। অর্থাৎ মন্ত্রও এইরূপে জীবের বন্ধস্বরূপ ও সংসারবন্ধনের কারণ নিরূপণ করিয়া উপসংহারে কামনাবান ব্যক্তি আবদ্ধ হয়' এ কথার দ্বারা প্রকরণ শেষ করা হইরাছে। অতঃপর নিদাম ব্যক্তির মোক-ভাব বে সর্বাময়তালাভ, তাহা সুবুপ্তি দৃষ্টান্ত ছারা সমর্থিত করিয়া মোকের কারণরপে আত্মনাভেচ্ছাধীন আপ্রকামতা প্রদর্শন করিয়াছেন। সেই জাত্ম-কামতা ও তাহার কার্য্য আপ্রকামতা, যথন আত্মজান इस मा, थ जना उक्षविभारे मुक्कित कांत्रभवाल निकांतिक हरेबाए। स्विक পূর্বে এক কামনাই সংগারের কারণরণে নির্ণীত আছে, ভথাপি মোক কারণ বন্ধবিভার বিপরীত ধর্মাবলম্বী অবিভাই যে বন্ধের কারণ, ও কথাও ফলতঃ वना हरेग। धरे बाद्धार सामन्यक्रम ७ स्मात्क्वक कावन कथिक हरेबाइह नजा, किन्न ভাহা मानापिक पिक्रक्षमण्ड **क**ड़िङ ও मःশदिङ्गाद वर्छमान, ভाহाর দুরীকরণার্থ **धरे मन छैहिबिक इंहेट्टर्ड-। वयन धरे वानीत कारत कर अहिक वानीत लोकिक** कामनागबृद बाहाजा धरे शूक्रवत तृत्रिक जालब कतिबारे जातह, उरम्भूत कीन दत्र अवीर रथन देशविर वाक्ति जानाकामनात्र मई बाकिया जलान नमस्य कामनात्र क्लांक्षणि (मन, उपन विषयकामना प्रयःह शतिशृष्टित प्रकार विशेष एक)

अख्यान विवान शूक्त कीवर अवशाहरे अग्रुख वा मूक हम, अवीर धरे वर्दमान শরীরে বিশ্বমান থাকিয়াই ত্রন্ধভাব ভোগ করে—বিমৃক্তি লাভ করে। ইহা ছারা প্রতিপন্ন হইল বে, কাম্যমাত্রই অনাম্ববিষয়ক ও অবিম্বামূলক, তাহার काम नारे, अविश्वारे गुजूा, अञ्जाः अविश्वात विनात्न वाकी अगुङ्क श्रीश रत्र। चात धरे नेतीरत थाकियुंहे मुख्डिकां है में, ध कथा बाता दूवा बाहरिकहा বে, মোক্ষ কথনই দেশান্তরে গমনাপেক্ষী নহে। সেই জন্মই বিধান্ পুরুবের প্রাণ্সমূদ্য আর উৎক্রান্ত না হইয়া যুধাভাবে অবস্থিত পাকিয়াই স্থ-কারণ-প্রধ্যে বিলীন হইয়া যায়; কেবল নামমাত অবশিষ্ঠ থাকে; এ কথা পূর্ব্বেও উক্ত হইরাছে। সম্প্রতি বিজ্ঞান্ত হইতেছে যে, প্রাণমমূহ अतः अरे रमश्लिख य-कातरण विनीन हरेरन अत विषान् श्रूक्य अथारनरे विम्क स्त এবং সর্কাত্মা হইয়াও প্রকার পূর্কবৎ দেহধারণরপ সংসার প্রাপ্ত হর না কেন ? দৃষ্টান্ত ছারা এ বিষয়ের সমাধান করা হইতেছে। .দেখা বার, বেমন অহির (সর্পের) নিব রনী — নির্মোক (থোলস) জীর্ণ হইলে সর্পের স্মাবাসভূমি वनीकांमिए अनाजाङात अर्थाए हेहा आभात नरह वा आमि नहि, वह छात्न, পরিত্যক্ত হইয়া পতিত থাকে, ঠিক এইরপই দর্পস্থানীয় মুক্ত-পুরুষ কর্তৃক অনাত্ম-ভাবে পরিত্যক্ত শরীরও মৃতবং শরান থাকে। কিন্তু সর্বাত্মভাবপ্রাপ্ত ও সর্প-স্থানীয় সেই মুক্তপুরুষ সর্পের স্থার দেহে বর্তমান থাকিয়াও অশরীর অর্থাৎপুর্বারৎ (অজ্ঞান অবস্থার স্থার) শ্রীরাভিমানী হন না। তাহার কারণ এই,—পূর্বের জীব ক্ষেবল কামকশ্বাদির বাধ্যতাবশতঃ শরীরাভিমানী ও তারিবন্ধন মরণ-ধর্মী হইয়া-ছিলেন, সম্প্রতি তাঁহার সেই কাম চলিয়া গিয়াছে, হতরাং ভিনি অশ্রীর, चाउलाव जिमि अमूछ ७ ल्यांग, व्यर्गाए श्रद्धांचा ; ल्यांग कीवनशांबर्गंद कांत्रन বলিয়া এবং "প্রাণক প্রাণম," এই 'পর-ক্রতিতে 'প্রাণের প্রাণ' বলিয়া উল্লেখ थाकात्र धवर चाम्रजक "धानवक्रमः हि सोमा मनः," हेलाहि अलिए मन धान-বন্ধনে আবন্ধ এইরপ নির্দেশ হেডু: আর এই প্রকরণের তাৎপর্য্য-পর্য্যালোচমা-वात्रक काना वात त्व, धवारन थान नक श्रवमाचात्र वाठक, धवर हेराहे वक्क भवमात्रा। तम बनितन भगरामितक वृत्यात्र, धरे जानका निवृश्वित क्ष ভাষাকার বিশেষ ব্রিয়া জিজাসা করত প্রতির অভিপ্রায় প্রকাশ করিতেন্দেন ता किर ७१ ° वर्षार तारे तम ति । छेउन- तारे तमाखमरे पार्शर विकान-त्यां किहे, त जामात्यां किर्मादी जनका मिछ जनर मटाजनकारन निभिन জ্যোতির কার্য্য সম্পাদন-পূর্বক অবিচ্যুত অবস্থায় বর্তমান বহিরাছে, ইহা নেই

তেজ। ইতঃপূর্বে যাজ্ঞবন্ধ্য প্রসন্ধন বিশ্বে রাজা জনককে মোক্ষণাভোপবােগী বে কাম-প্রশন্ধপ অর্থাৎ ইচ্ছানুসারে প্রশাধিকাররপ বর প্রদান করিরাছিলেন, জনক-যাজ্ঞবন্ধ্য-সংবাদাকারে সেই বন্ধ মোক্ষ ও তত্পান্ধসমূহ প্রতি—হেতু সহকারে দৃষ্টাক্ত ও দাষ্ট ভিক্তসমন্তরে সবিস্তারে নির্ণাত করিয়া মুক্তিকামী জীবগণকে সংসারপারের উপায় প্রদর্শন করিলেন।

একণে শ্রুতি নিজেই জনকের বিচ্চা-নিক্ররার্থ—ঝণ পরিশোধার্থ জনকের মুখে এই বাক্য বলিতেছেন,—কিরূপ ? বিদেহাধিপতি জনক বলিলেন,—ভগবন্! (বাজ্ঞবন্ধ্য !) আমি আপমার এই প্রকার উপদেশে মুক্তির পথ পাইলাম; স্মত্তব্র এই ব্রন্ধ-বিস্থার প্রতিদানস্বরূপ সহস্র গো দান করিতেছি॥ १॥

তদেতে শ্লোকা ভবস্তাণুঃ পদ্মা বিততঃ পুরাণো মাথ স্পৃষ্টো-২মুবিত্তো যয়ৈব্য তেন ধীরা অপি যন্তি ব্রহ্মবিদঃ স্বর্গৎ লোকমিত উদ্ধা বিমুক্তাঃ ॥ ৮ ॥

এখন ঞ্চিজান্ত হইতে পারে যে, এই প্রকারে মোক্ষ-পদার্থ নিরূপিত হইবার পরও বিদেহ-রাজ জনক রাজ্য এবং আত্মা পর্যান্তও কেন যাজ্ঞবন্ধ্যের উদ্দেশে অর্পণ করিলেন না ? পূর্বে মোক্ষ-পদার্থের একদেশমাত্র নিরূপণেও বথন সহস্র গো দান করিয়াছেন, তথন তাঁহার পক্ষে সম্পূর্ণ মোক্ষ্-পদার্থ প্রবণের পর রাজ্য ও আত্মার দান থুবই ট্রপর্ক । ইহা না হইয়া পুনশ্চ সহস্র গো-দানের প্রভাব किन ? धरे थि द्वांखर कह कह वालन या, अक्षांबा छव-विकान-अवरागी श्रूक রাজা জনক একবার বাহ্মণাকারে শ্রুত বিষয়ও পুনর্জার লোক বা मजाकारत अवर्गत निमिख छिएसक इदेशांडिंगिन, धेर निमिखरे रेक्टा गरचल অর্পণ করেন, তিনি মনে • করিয়াছেন—যাজ্ঞবদ্ধা হইতে আরও স্বীয় অভিপ্রেত বিষয় প্রবণ করিয়া শেবে মধাসর্মন্থ সমর্পণ করিব। किंद्ध विन অগ্রেই সর্ববি দান করি, তবে এই যাজবন্ধ্য আমাকে প্রবণ বিষয়ে निवृञ्जां ज्ञित्र भरन कविशा इश्व छ आत स्मार्क्ना भरतम् अधिकम् विश्व ना পারেন, এই ভরে রাজা আপনার প্রবর্ণেছা জ্ঞাপনের নিমিত কেবল সহস্র গো-मान क्रिएडे अधिक्ष हरेलन ; किंद डांशिंगित धरे क्रमा अमरश्रूकरात्र क्रम-नाम में जमान, रेशां उ किन लगमाज नारे। विलयकः पक्षमागक्ना अनिन कानमर्टि अक्रेश हन मध्य हरेरि शास मा, याशास जाशास अधिक नाम

উদ্দেশ্য কল্পনা করিলেন। আর যথন মোক সম্বন্ধে বক্তব্য শেষ কল্পনা করিলে উপপত্তি হয়, তথন তাহা ত্যাগ করা কথনই উচিত নহে। বক্তব্য শেষ এই যে, মোকপদার্থ উক্ত হইলেও আব্যক্তানের সাধন ও আব্যক্তানের অঙ্গ-স্বরূপ সর্বকামনা-পরিত্যাগস্বরূপ সন্ত্যাস, এই মোক্ষের অঙ্গ বা সাধন অস্তাপি বলা इब नाहे-जाहा व्यवश्रहे वकता, धरे क्छ मान नमस्य डेकि व्यवस्था। এই অসম্পূর্ণভার পরিপুরণের জন্ম জনক যাজ্ঞবন্ধাকে বলিলেন যে, আপনাকে সহস্র গো দান করিব। নচেৎ জনকের লোক্যাত্র প্রবশেচ্ছায় এরপ কুটিল কলনা অত্যন্ত অন্যায়। যেখানে অন্য উপায় নাই, সেইখানেই অগত্যা পুনকৃক্ত বিষয়ের কল্পনা করা হয়; কিন্তু বেখানে গতি আছে, সেখানে 💁 কল্পনা অতীব অসঙ্গত। यদি বল যে, সর্মাসস্ততির জনাই এইরূপ বলা হইসাছে, অর্থাৎ "সন্ন্যাস" এত উপাদেয় যে, ন্যায়বান রাজা অবৈধ ছল গ্রহণ করিয়াও তাহা खनरा नानामिछ। धरेक्रण कन्नना । मण्ड रा हरेर्ड भारत' ना, छाहा भूर्स्वछ বলিয়াছি। আপত্তি হইতে পারে যে, যদি সম্পূর্ণ মোক্ষ বিষয়টি গুনিবার জন্য রাজা এরপ প্রতিশ্রতি করিতেন, তবে পূর্ব্বপূর্বে বারের ন্যায় এবারেও নিশ্চিত রাজা "অত উদ্ধ: বিমোক্ষাধ্যৈব ক্রহি," ইহার পর আমাকে মুক্তির উপায়ই বলুন—এইরপ বাক্য প্রয়োগ করিতেন ? উত্তর—না, এ আপত্তি দোষাবহ নহে। কারণ, আত্ম-জ্ঞান যেমন মোক্ষের প্রতি নিয়ত কারণ, কিন্তু সন্ন্যাস ঠিক তাদৃশ নিম্নত .কারণ নহে। পরস্ত সন্ম্যাস প্রতিপত্তি কর্ম্মের মত বা জ্ঞানাঙ্গ উপাসনার মত পাক্ষিক কারণ মাত্র, যেহেতু স্বৃত্তি ব্লিয়াছেন, "সন্ন্যাসেন তমুং ত্যক্তেং" সম্যাস-গ্রহণ-পূর্ব্বক তমু ত্যাগ করিবে, মনে হয়, শ্রুতি স্পষ্টতঃই সন্ন্যাদের কর্তব্যতা বা অনুষ্ঠেমতা প্রমাণিত করিতেছেন, হতরাং সন্ন্যাদের সাধনতা পক্ষে 'বিমোক্ষার ত্রহি' ইত্যাদি প্রশ্ন সঙ্গত হইতে পারে না। যেহেতু, এ সন্ন্যাস মোক্ষের সাধনভূত আঁত্মজ্ঞানের পরিপকতা-সম্পাদক, কাজেই মোক্ষের সাধন कि ? এ जिल्लामा अ मन्नाम शक्क मन्न इरेटि शादि ना। योक स कथा, একণে আত্ম-কাম ব্রহ্মবিদের যে মোক হয়, এই ময় ও বান্ধণ-নিরূপিত বিষয়ের বিশ্বত তাৎপর্য্য-প্রতিপাদক শ্লোক সকল কথিত হইতেছে। এই পথ অর্থাৎ শোক্ষণথ অণু অর্থাৎ অভিত্তের বিধার হক্ষ অথচ বিভত বিস্তীর্ণ। অথবা বিতত পাঠ ছানে বিতর পাঠ থাকিলে, বিশেষরূপে সংসার-তরণের হেতু এবং অতি পুরাণ অর্থাৎ অনাধি অতি-প্রকাশিত বিধার চিরন্তন-নিতা, কিঙ আধুনিক তার্কিকগণের বৃদ্ধিপ্রত্ত কুষ্টি ও কুমার্গের ভাম ন্তন নছে। তথু ভাহাই নহে, এই পথ আমাকে স্পর্ল করিবাছে, অর্থাৎ আমি (মন্ত্রন্তা ধবি)
ভাহা লাভ করিবাছি; কেন না, যে বাহাকে লাভ করে, সে ভাহাকে স্পর্ণ
করে বলিবা মনে হর, অভএব এই ব্রন্ধ-বিভারণ পথ আমা কর্তৃক লব
হওরার 'আমাকে স্পর্শ করিবাছে' বলিভেছি। কেবল লাভ নহে, আমি ইহাকে
অন্তবেদনও করিবাছি, লাভ হইতে অন্তবেদনের বৈশিষ্ট্য এই যে, লাভ জ্ঞামসক্ষমার, কিন্তু ইহা অধিগম। কেবল লাভ করিবাছি, এমত নহে—আমি
ভাহাকে অন্তবেদন—অন্তব্যবসায়েও ব্যিবাছি। যেমন ভোজন বলিলে
ভোজনের শেষ—ভৃপ্তি হওবা পর্যান্ত ব্যাব, জেমন বিভার পরিপাক অর্থাৎ
চরমদ্বান্ত্রি বা সাজাৎকার অন্তবেদন শব্দের প্রতিপান্ত।

এ কথাৰ এক্লপ আশঙ্কা হইতে পারে যে, এই মন্ত্রদর্শীই (যাজ্ঞবন্ধা) কি **क्वित अक्षितियां क्रम शांश हरेशां इन ?—अञ क्रिंट शांन नारे ए, "आशां** কর্তকট এই মোক্ষণথ লব্ধ (অমুবিস্ত) হইয়াছে" বলিয়া তিনি প্রতিজ্ঞা করিতেছেন ? উত্তর—ইহা দোষের কথা কি ? এই বন্ধবিভার পরমোৎকৃষ্ট ফল আত্মদাক্ষিক অর্থাৎ একমাত্র আত্মার অনুভূতির বিষয় হইলেই সর্বোৎকট হর, এইরপে ব্রন্ধবিষ্ঠার স্তৃতি করাই এখানে প্রধান উদ্দেশ্ত। ইহার তাৎপর্য্য এই—আন্তৰ জ্ঞান আত্মপ্রতীতিগম্য হইলে এই প্রকার ক্লতার্থতা-সম্পাদনের কারণ হয়। স্থতরাং ইহা হইতে আর কি পরম বস্ত হইতে পারে? এই প্রকারে বন্ধবিভার স্তৃতি করাই হইয়াছে এবং এই স্তৃতিই এ স্থানে ल्यांन উष्मण, उडिन हेश वक्तवा नाह त्य, अग्र त्वान वक्तक वाकि ব্রশ্ববিষ্ণার ফল পান নাই। যেহেতু, "তদেয়া যো দেবানান্," এথানে বে যে বলিরা অন্যান্য ব্রমজ্ঞগণের কথা বলা হইরাছে। এখানে শতিও এই কথাই বলিতেছেন যে, প্রজাবান অন্যান্য বন্ধবিদ্যাণও এই বন্ধবিছা-পথে জীবদশারই বিমুক্ত হইয়া পশ্চাৎ দেহপাতের পর ব্রন্ধ-বিদ্যার ফলস্বরূপ वर्गलाक व्यर्थाए योक आश्र हरेबा थारकम । अधि वर्गलाक नम সাধারণতঃ স্কুরলোকের বাচক হইলেও এথানে মোক্ষপ্রকরণে পঠিত হওরার (योटकर दर्शशक n b n

তি সঞ্জু ক্রম্ত নীলমাতঃ পিঙ্গলত হরিতং লোহিতক এর পদা বিদ্ধান হামুবিতঃ। তেনৈতি বন্ধবিৎপুণীক্তিকসশ্চনাকা

দেই মোক্ষদাধনপথে মুমুক্ষ্গণের নানাবিধ মতভেদ আছে। তাহা কি প্রকার, যথা—কোন কোন মুকু বলেন যে, তাহা (পথ) শুক্ল অর্থাৎ শুক্ত নিশ্বন। অপরে বলেন-নীল। অন্যে বলেন-পিঙ্গল অর্থাৎ অগ্নি-শিথার তুল্য। অপরা-পরেরাও যাহার যেরূপ জ্ঞান তদমুদারে হরিত, লোখিত প্রভৃতি রূপ বর্ণনা করিয়া থাকেন। যাহাই হউক, এই দকল মোক্ষণথ শ্লেমাদি রসপ্পরিপূর্ণ স্বযুমাদি নাড়ী ভিন্ন অন্য কিছুই নহে। ইহাদিগকেই "শুক্ল, নীল, পিঙ্গল" ইত্যাদি নানা বৰ্ণ-বিশিষ্ট বলা হইরাছে। অথবা "এষ শুক্ল এব নীল" ইত্যাদি অন্য শ্রুতি দেখিয়া বাদিগণ মোক্ষপথকে এইরূপ বর্ণব্লিশিষ্ট আদিত্যরূপে কল্পনা করেন। বাস্তবিকপক্ষে कानगार्त डेक एकानि वर्णंत्र धकास अमस्य रहत धरे कथित कहानि भर्थ नकब रा প্রক্লত ব্রন্ধবিদ্যা-পথ হইতে পথক, এ বিষয়ে সন্দেহই নাই। যদি বল, অধৈত্যার্গ শুকু অর্থাৎ শুদ্ধরূপ, এইরূপ অর্থ করিলে দামঞ্জন্য রক্ষা হয়। তাহাতে বাধা কি १ উত্তর—না, তাহা হয় না। কারণ, এ স্থলে গুরু শব্দ নীল-পীতাদি শব্দের সহিত একত্র পঠিত আঁছে, অর্থাৎ যদিও শুক্র-শব্দের শুদ্ধ অর্থ ধরিয়া আছৈত-পথের পক্ষে কথঞিং সঙ্গতি করা যায়, তথাপি যথন হরিত-পীতাদি বর্ণ-(রঙ) বাচক শব্দ সকল উহার সঙ্গে পঠিত, অথচ তাহাদের অর্থান্তর হওরাও অসম্ভব, তথন শুক্লপাৰ যে শুল্লবৰ্ণবাচক, ইহা অবশ্ৰই স্বীকাৰ্য্য। যোগিগণ যে সকল শুক্লাদি পথকে মোক্ষ-পথ বলিয়া থাকেন, ভাহারাও প্রকৃত মোক্ষ-পথ নহে: বিচার করিরা দেখিলে জানা ধার যে, উহারা সাংসারিক পথই; কারণ, "চক্ষু হইতে ৰা মন্তক হইতে কিখা অক্সান্ত শরীরাবয়ব হইতে নির্গত ক্র" ইত্যাদি শ্রুতিতে সংসারগতিতেই শারীর অঙ্গ হইতে উৎক্রমণ উক্ত থাকায় ঐ সমস্ত পথ ব্রহ্মলোকাদি-প্রাপক বাতীত মোকপ্রাপ্তির উপায় নহে। অতএব ইহাই মোক্ষমার্গ, ঘাছাতে জ্ঞানিগণের আত্মকামনার অভাভ কমিনার চরিতার্থতা বশতঃ আরু বিষয়কামনা উদিত হয় লা, পরস্ত সর্কবিধ কামনার ক্ষম হইলে পর সংসারে পুনরাগ্যনেরই অভাব ৰটে; অতএব চকুৰাদি কাৰ্য্যকরণসমষ্টির ইহ-জগতে যে প্রদীপনির্বাশের मंड हित्रविनन, देशारे कान-পथ वदः व्येर भवर नर्स-कामजानी अत्रमाण्यक्रभी आक्रम কর্ত্তক অমুবিত বা অমুভূত। অগ্ন বন্ধবিৎ পুরুষও সেই পথে গমন করিয়া बारकम । शूर्त्स कविछ हरेब्राट्स, त्मरे उन्न-विमानिशय जन्नान उन्मविए शबन করে। কিন্তু কিরাপ ব্রহ্মবিৎ সেই পথে গমন করে, তাহা বলা হয় নাই, ক্রেলে ভাষা বলা হইতেছে। যিনি পূর্বজনো প্রথমতঃ পূণাকণ্ম করিয়া পরে পূত্র, বিস্ত প্রভৃতি কামনা ত্যাগ করিয়া পরমাত্মতেকে আত্ম-সংযোজন পুর্কক

(দেহত্যাগাম্ভে) ইহ-জগতে তৈজস আত্মস্বরূপ প্রাপ্ত হইরাছেন, তাদৃশ ব্ৰহ্মবিৎ ব্যক্তিই ঐ পথ দাবা ব্ৰহ্মপ্ৰাপ্ত হন। কিন্তু এখানে 'পূণ্যক্তৎ' শব্দে জ্ঞান ও কর্মের সম্চেয়কারী অর্থাৎ পুণ্যকর্ম ও জ্ঞানের মুগপৎ अब्छोनकाती वाकि अजिध्धित नहि । कावन, ठारा रहेल श्रुकाशत विद्राध হয়, এ কথা পূর্বেই বুলা হইয়াছে; বিশেষতঃ স্মৃতিশান্তও যথন বলিয়াছেন (व, "अश्रुणा-श्रुणा) श्रवा यः श्रवर्ण विष्याः। श्रीकाः मन्नामित्वा याखिः তবৈ মোকাজনে নম:।" স্বর্থাৎ সমস্ত পাপ, পুণোর উপশম হইলে পুনর্জ রভয় হইতে নিমুক্ত শান্ত সন্নাসিগণ গাঁহাকে প্রাপ্ত হন, সেই মোক্ষরপীকে নমস্থার ইত্যাদি। পুনশ্চ মুক্তিপথে যথন "ত্যুক্ত ধর্ম্মধর্মার্ক" অর্থাৎ ধর্ম অধ্রম উভরই ত্যাগ কর ইত্যাদি উপদেশ আছে এবং "নিরাশিবমনারম্ভং নির্মন্তারমস্ত্রতিম্। অকীণা ক্ষীপকর্মাণা তা দেবা ব্রাহ্মণা বিহু:।" অধাৎ বিনি অপ্রাপ্ত বস্তুর প্রাপ্তিবিষয়ে নিস্পৃহ ও তরিমিত্ত চেষ্টাশৃন্ত, যিনি নমশ্বার ও স্তুতির অতীত, বিনি অনিধিদ্ধকর্মা অথ১ ঘাঁহার কর্ম সমুদর সমাপ্ত হইয়াছে, এতাদশ গুণসম্পন্ন ব্যক্তিকেই দেবতারা রামণ অর্থাৎ ব্রহ্মজ্ঞ বলিয়া থাকেন। গুধু ইহাই নতে, "নৈ তাদশং ব্ৰাহ্মণ্ডান্তি বিভং যথৈকতা সমতা সত্যতা চ।" ব্ৰাহ্মণের ইহার মত বিত্ত (অর্থ) আর নাই, যেমন সর্বভূতে একাশ্মবোধ, সমদর্শিতা, সতাপরায়ণতা, সংসভাব, স্থায় পক্ষে স্থিতি, দণ্ডগ্রহণ, সরলতা ও সর্বারম্ভ-পরিত্যাগ প্রধান সম্পৎ। অধিক কি, এথানে স্বয়ং শ্রুতিও উপদেশ করিবেন যে, "এৰ নিতো মহিমা ক্লান্সণ্যা"; ত্ৰন্ধবিদের ইহাই স্থির মাহাত্মা যে, তিনি কর্ম দারা উপচয় বা অপচয় প্রাপ্ত হন না।

এই প্রকার কর্মাভাবের প্রতি নানাবিধ হেত্বাদ বলিয়া পরিশেদে "তমাদ্ রাহ্মণঃ শাস্তো দান্তঃ" অর্থাৎ 'সেই কারণে রাহ্মণ শাস্ত ও দাস্ত হইয়া, ইত্যাদি বাক্য দারা রহ্মজের সর্বজ্ঞিয়া হইডে বিরামের উপদেশ দিয়াছেন। স্নতরাং পুণাকর্ম ও জানের সমুচ্চয়কারী বাক্তি বে ব্রহ্মবিৎ শব্দের বোধ্য নহে, এ বিষয়ে উলিখিত শৃতিবাকাই, বথেষ্ট প্রমাণ। অতএব "পুণারুৎ" শব্দের যেরপ অর্থ আমরা করিয়াছি (যিনি পূর্বজ্ঞরে অশেষ পুণারুদ্ধানের পর সর্ববিধ কামনা বর্জন করিয়া পরমাত্মজ্যোতিতে স্বীয় আত্মা সংযোজিত করিয়াছেন, তিনিই পুণারুৎ), তাহাই উত্তম। অথবা 'খো ব্রহ্মবিৎ' ইত্যাদি প্রত্যংশের অক্ত উদ্দেশ্য—বিনি ব্রহ্মবিৎ, সেই পথে ব্রহ্ম প্রাপ্ত হন, তিনিই পুণারুৎ এবং তৈক্ষদ, এইরণে ব্রহ্মজ্ঞের স্কৃতি করা হইয়াছে। কারণ,

পুণাকারী ও তৈজস যোগী ব্যক্তির যে মহা-সৌভাগ্য, তাহা জগতে সংসারে বিলক্ষণ প্রসিদ্ধ আছে, সেই জন্ত ব্রদ্ধজ্ঞের প্রশংসার্থ এইরূপ স্তুতি করা হইষাছে মাতা। ১॥

অন্ধং তমঃ প্রবিশন্তি যেহবিলামুপাসতে ততো ভূয় ইব তে তমো য উ বিপ্রয়াথ রতাঃ ॥ ১০ ॥

যাহারা ত্রন্ধবিস্থা ত্যাগ করিয়া ফলসাধন ও অনুষ্ঠানাত্মক অবিদ্যার উপাদনা করে অর্থাৎ বৈদিক কর্ম্মে নিরত থাকে, তাহারা সংসারভোগের কারণ অজ্ঞানাত্মক অন্বত্তমে প্রবিষ্ট হয় অর্থাৎ কদাচ আত্মদর্শন করিতে পারে না, এবং তাহা অপেকাও বহুতর-গাঢ়তর তমোরাশিতে তাহারা প্রবেশ করে, বাহারা বিদ্যারপিণী অথচ অবিদ্যাময় কর্মপ্রতিপাদিকা ত্র্যী-(বেদ) রূপা বিদ্যাতে সম্পূর্ণভাবে রত থাকে অর্থাৎ বিধি ও নিষেধকেই বেদের একমাত্র উদ্দেশ্য মনে করে, স্বতন্ত্র উপনিষদ (ব্রহ্মজ্ঞান) প্রাপ্য বেদের প্রতিপাদ্য বস্তু যে আছে, তাহা জানে না 🛚 ১০ 🖟

অনন্দা নাম তে লোকা অন্ধেন তম্সাহহরুতাঃ তাখস্তে প্রেত্যাভিগচ্ছন্ত্যবিভাৎসোহবুধে। জনাঃ॥ ১১॥

যদি বল, তাহারা যদি ত্রন্ধের অদর্শন অর্থাৎ গাঢ় তমোরাশিতে প্রবেশ করে, ভাহাতে ক্ষতি কি ? তাহা বলা হইডেছে—অনন্দ অর্থাৎ নিরানন্দ বা অস্থ্য নামে বে সকল লোক (স্থান) আছে, সেই সকল স্থানই ঐ অদর্শনরূপ অন্ধকারে আবৃত অর্থাৎ কেবল অজ্ঞানত্রপ অন্ধকারে পরিপূর্ণ, স্থাথের লেশমাত্র তাহাতে নাই। যাহারা অবিধান, ভাহারাই এই অনন্দ নামক লোকে গমন করে। একণে জিজ্ঞাস্য इरेटिट त, अविदान् काशामिंगटक वटन ? याशाबा माधाबनछः अल्डानी, তাহারাই কি সেই অনন্দ নামক লোকে গমন করে ? না অন্ত কেহ ? উত্তর-जादा नरह। य कान वन्नविषयक नरह, सारे कान कानी ना स्रेरणरे जारारक व्यविदान वर्गा इत्, नरह९ क्वल भाजकान कानरे नरह। এर कन्न अंति বলিতেছেন-- বাহারা "অবুধঃ" (তাহারাই গমন করে), এখানে অবুধ শব্দের

অর্থও আত্মতত্ত্তানরহিত অর্থাৎ বাহারা আত্ম-তত্ত্বসাক্ষাৎ করিতে অকম, সেই সকল প্রাকৃত ও কেবল জনমরণশীল ব্যক্তিগণই সেই অনন্দ লোকে গমন করে॥ ১১॥

আত্মানং চেদ্রিজানীয়াদয়মন্মীতি পূরুষ:। কিমিচ্ছন্ কস্থ কামায় শরীরমন্ম সংস্করেও॥ ১২॥

সহ্র লোকের মধ্যে যদি এক ব্যক্তিও সর্বপ্রাণীর অন্তর্যামী এবং অপনায়াদি স্ক্রীবিধ সংসারধর্মনজ্জিত দ্বৎপদ্মস্থ আত্মাকে অর্থাৎ প্রমান্মাকে বিশেষরূপে জানিতে পারে—তবে সে কোন ভুচ্ছ কাম্যবস্তুর কামনাই পড়িয়া শরীরের অনুগত হইয়া ক্ষীণস্বরূপ ভ্রষ্ট হইবে ? ইহা বারা আত্মজানের তুর্লভত্ব প্রদর্শিত হইল। একণে কিরপে তাঁহাকে জানিতে হইবে ? তাহা ক্থিত হইতেছে। এই হৃদয়স্থ স্পীবায়া পরমান্মা হইতে অভিন্ন, সকল প্রাণীর প্রতীতির যিনি একমাত্র দাক্ষী এবং "নেতি নেতি" শ্রুতি হারা বাঁহাকে একমাত্র পরিশিষ্ট-(অবৈত) ভাবে লক্ষিত করা হইমাছে। বিশেষতঃ যাহা হইতে অভিবিক্ত দ্রষ্টা শ্রোতা মনন (চিন্তা) কর্তা ও বিজ্ঞাতা নাই, আমিই সেই; সর্পাভৃতে ষ্ঠিত, নিতা গুদ্ধ, বৃদ্ধ ও মৃক্ত-স্বরূপ, এই প্রকারে যে আত্মাকে জানে, সে কি क्ल हैक्का कतिया व्यर्थाए छोटा इहेट बाजितिक कलमावह यथन व्यमए, जथन কোন ফল ইচ্ছা করত এবং আত্মার বাতিরিক্ত কাহারই বা কামনায় অর্থাৎ ৰ্থন আত্মা এক অহৈত, তথন কাহার কামনায় এবং যথন তাহার আত্মা সর্ব-মনতা লাভ করিয়াছে, তথন কাম্য দিতীর বস্তুর অভাবে অর্থাৎ তথাতীত অন্ত বাস্তব কামা বস্তুর অস্ত্রায় কামনাও (ইচ্চা) চুইতেই পারে না। অতএব সে কি ইচ্ছা করত ও কিসেরই বা কামনায় শরীরোপাধিজনিত ছাথে ছাথী হইবে ? এবং শরীরের তাপে দে কেন তাপিত হইবে ? বেহেত, অনামদর্শী ব্যক্তিরই তদতিরিক্ত বস্তবিশেষে এইরূপ কামনা হইতে পারে যে, আমার ইহা হউক, পুজের এটি হউক, ভাষাার উহা হউক ইত্যাদি। আর এইরূপ বিবিধ বাসনা বশতঃ পুন: পুনঃ জন্মরণাদি পরম্পরায় পতিত হইয়া শরীরগত ছঃখের অনুসারে শরীরাঝাভি-मानो भी व इ:थ अञ्चन करत ; किंद्ध विनि मर्सव आञ्चानम्मी, जाहात भरक थे कृ:बट्डान : व्यमस्य ॥ >२ ॥

যস্তানুবিতঃ প্রতিবৃদ্ধ আত্মাহস্মিন্ সন্দেহে গছনে প্রবিষ্টঃ। স বিশ্বরুৎ স হি সর্বস্থি কর্তা, তম্তা লোকঃ স তু লোক এব ॥ ১৩ ॥

সম্প্রতি সর্বাত্মনশীর পক্ষৈ যে কেবল উক্ত ছঃথাইভব ও পুলাদি কামনা অসম্ভব, তাহা নহে, পরস্ক কৃতার্থতালাভও ঘটে, একণে তাহাই বর্ণিত হইতেছে। যে ব্রন্ধজ্ঞের মোক্ষপদ লব্ধ হইয়াছে, অর্থাৎ বিনি জ্ঞান-প্রভাবে অজ্ঞান-নিদ্রা হইতে প্রতিখোধ লাভ কিয়া বক্ষ্যমাণ প্রকারে আত্মতব্দাক্ষাৎকার করিয়াছেন, তিনি বিশ্বকন্তা হন। সেই প্রকার এই যে ক্ষামি পরম বন্ধা এইনপ্রে অন্তর্গত জীবাত্মাকে পরমাত্মার সহিত অভিয়ভাবে যিনি অবগত আছেন, যিনি ব্রিয়াছেন, এই অনেক অনর্থসক্ষল অতএব বিষম ও শত সহস্র বিজ্ঞান এবং বিবেকের শক্রমন্ধ শরীরমধ্যে পরমাত্মা প্রবিষ্ঠ আছেন, তাঁহাকে যিনি বিবেকসাহাব্যে লাভ করিয়াছেন, তিনিই বিশ্ব-কৃৎ অর্থাৎ বিশ্বের কর্তা।

আশিক্ষা হইতে পারে, সেই পুরুষের বাস্তবিক কি কোন প্রকার বিশ্বকর্তৃত্ব আছে? না বিশ্বরুৎ তাঁহার একটি নাম মাত্র? এই আশক্ষার উত্তরে বলিতেছেন যে, যেহেতু তিনি সর্বজগতের কর্ত্তা, সেই জক্মই বিশ্বরুৎ, তাহাও নহে—পরস্ক সমস্ত লোকই তাঁহার। তবে কি অক্স লোক ভিন্ন এবং তিনিও ভিন্ন? এই আশক্ষার উত্তরে বলিতেছেন যে, না, তাহাও নহে। তিনি নিজেই লোক অর্থাৎ আত্মা, সকলই তাঁহার আত্মা এবং তিনিও সকলের আত্মা। এই যে আত্মা ব্রহ্মবিদের নিকট প্রতিবৃদ্ধ হইয়া সাক্ষাৎক্ষত প্রতিবৃদ্ধই যে আত্মা অন্তর্গন্ধল গহন দেহে প্রবিষ্ঠ থাকিয়া সাংসারিক অশনায়াদি-বিশিষ্ঠ ও ম্থ-তৃঃধ-ভোগে নিরত, বাস্তবিক তিনি তাহা হইতে অত্তাত, নির্লিপ্ত, পর্মাত্মরূপী; যেহেতু তিনি বিশ্বের কর্ত্তা সকলের আত্মা। মুমুক্ষুগণ "আমিই এক অন্বিতীয় পরমাত্মস্বরূপ" এইরূপ মনে মনে ধারণা করিবেন ॥ ১৩॥

ইহৈব সন্তোহ্থ বিষয়ন্তবয়ং ন চেদবেদির্মাহতী বিনষ্টিঃ। য এতদ্বিগুরমূতান্তে ভবস্তাথেতরে তঃখনেবাপি যন্তি॥ ১৪॥

आंत এই অনেক অনর্থময় দেহে বিদামান থাকিয়াও এবং অজ্ঞানরূপ দীর্ঘ-নিদ্ৰাৰ বিমোহিত হইয়াও কোন প্ৰকাৱে—অতি কষ্টে দেই এক ব্ৰহ্ম তত্ত্ আমরা জানিতে পারিয়াছি। অহো। আমরা কুতকুতার্থ হইরাছি। আমাদের এত কটের মধ্যে এইটুকু আশ্বাসের স্থান যে, আমরা ব্রহ্ম জানিতে পারিয়াছি। (ইহা আত্মার রূতার্থতাজ্ঞাপক, সন্দেহ নাই।) , আর যদি আমরা তাহা (প্রকৃত ব্রহ্ম) না জানিতাম, তাহা হইলে কি হইত ? না, আমরা 'অবেদিঃ' অর্থাৎ অক্ত থাকিতাম, আরু তাহা হইলে আমাদের জন্মমরণাদিরপ অনস্ত পরিমাণে বিনষ্টি অর্থাৎ বিনাশ হইত। অহো! আমরা সেই মহৎ বিনাশ-ভয় চইতে বিমুক্ত হইয়াছি ৷ যেহেতু ব্ৰহ্মকে কথঞিৎ জানিতে পারিয়াছি, এবং আমরা বেমন ব্রহ্ম পরিজ্ঞাত হইয়া মহং 'বিনাশভয় হইতে বিমৃক্ত হইয়াছি, তেমন অপর যে কেহও সেই ব্রশ্ন পরিজ্ঞাত হয়, তাহারাও সেই জানবলে অমৃত হইমা থাকে: এবং ধাহারা এই প্রকারে ব্রদ্ধ জানিতে পারে নাই, তাহারা বন্ধজ্ঞ হইতে ভিন্ন অর্থাৎ অবন্ধবিং। পুনশ্চ তাহারা জন্মগরণাদি ছঃথ-প্রবাহই প্রাপ্ত হয়। অবিধানগণ কথনই সেই ছঃথপ্রবাহ হইতে উত্তীর্ণ হইতে পারে না, পরস্তু অনাত্মাকে আত্মবোধ করিয়া অনবরত হঃথ্যাতনাই ভোগ করিতে থাকে॥ ১৪॥

যদৈতমনুপশ্যত্যাত্মানং দেবমঞ্জদা। ঈষানং ভূতভবস্থা ন ততো বিজ্ঞুগ্পতে ॥ ১৫ ॥

মুক্ ব্যক্তি যদি কথনও পূর্ব্ব-স্থক্ষতিবলে পরম কাঞ্চণিক কোন আচার্য্যের দর্শন পায় ও তাঁহার অন্তথহ প্রাপ্ত হইয়া এই কথিত প্রকারে আত্মাকে সাক্ষাৎ করে; কি ভাবে সাক্ষাৎকার করে দ না, তিনি দেব — অর্থাৎ স্বপ্রকাশ প্রাণিগণের কর্মান্মরূপ সর্ব্বফণের দাতা ও বর্তমান ভূত-ভব্যের নিরস্তা, অর্থাৎ কালত্রয়ের প্রেরক, তথন সেই আত্মৈকদর্শী আর তাঁহার নিকট হইতে আত্মগোপন করিতে ইচ্ছা করে না, কেন না; আত্মভেদদর্শী ব্যক্তিমাত্রই স্থাবের নিকট আত্মগোপন করিতে চেষ্টা করে, কিন্তু এই ব্রক্তৈবদর্শীর ভয় কোথায় দ এই জন্ত সে তৎকালে আত্মজ্ঞপা করে না। বিশেষতঃ, বথন জ্যোতির্ম্ম সর্ব্ব-স্থানীকে (দেব স্থানানকে) নিজের আত্মস্করণে অবলোকন করে, সেই সমন কাহাকে নিন্দাও করে না। যে হেতু সে তথন সকলকেই আত্মভাবে দেখে; স্বভরাং উদ্ধ জ্ঞান-সম্পন্ন মহাপুরুষ কাহাকে নিন্দাং করিবে হ ॥ ১৫॥

যম্মাদর্কাক্ সম্বৎসরোহহোভিঃ পরিবর্ত্ততে। তদ্দেবা জ্যোতিষাং জ্যোতিরায়ুর্হোপাদতেহমূতম ॥ ১৬ ॥

আরও এক কথা, উৎপত্তিশীল বস্তুনিচয়ের সীমানির্দেশক সেই সম্বংসর কাল যে ঈশান হইতে নিমবর্ত্তী; কারণ, ঈশান হইতে বিভিন্ন পদার্থে তাহার আধিপত্য, সেই একটি কাল মাত্র সম্বংসর যাঁহাকে (ঈশানকে) স্পর্শ করিতে না পারিয়া আর্কাচীন (নিমন্তরে) ভাবে অহোরাত্রাদি স্বীয় অবয়ব দ্বারা পরিবর্ত্তিত হইতেছে। দেবগণ তাঁহাকেই জ্যোতিঃসমূহের জ্যোতিঃ বলিয়া থাকেন; কেন না, আদিত্যাদি জ্যোতির্মপ্তল তাঁহারই জ্যোতিতে জ্যোতিয় ন্ হইয়া জগতের প্রকাশক। স্বতরাং জ্যোতির্মপ্তল তাঁহারই জ্যোতিতে জ্যোতিয় ন্ হইয়া জগতের প্রকাশক। স্বতরাং জ্যোতির্মপ্তল তাঁহারই অ্যাতিতে জ্যোতিয় ন্ হইয়া জগতের প্রকাশক। স্বতরাং জ্যোতির্মপ্তল বলিয়া উপাসনা করিয়া থাকেন। অন্ত সমন্ত জ্যোতিরই বিনাশ আছে, কিন্তু এই পরমান্তর্যাতিঃ অবিনশ্বর। দেবগণ আয়ুঃস্বরূপ্নে সেই জ্যোতির উপাসনার ফলে চিরায়ঃ অর্থাৎ অমৃতত্ব লাভ করিয়াছেন। অতএব দীর্ঘ আয়ুঃ বাঁহার প্রার্থনীয়, তাঁহার পক্ষে এই ব্রহ্মকে আয়ুগুর্ণবিশিষ্টরূপেই উপাসনা করা উচিত ॥ ১৬॥

যন্মিন্ পঞ্চ পঞ্জনা আকাশশ্চ প্রতিষ্ঠিতঃ। তমেব মন্ত আত্মানং বিদ্বান্ ব্রহ্মামৃতোহমৃতম্॥ ১৭॥

গন্ধর্ম, পিতৃপুরুষ, দেব, অমুর ও রাক্ষ্য এই পঞ্চ জন কিংবা ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্ব, শুদ্র ও নিষাদ এই পঞ্চ বর্ণ এবং অব্যাক্ত আকাশ থাহাতে প্রতিষ্ঠিত আছে। যে আকাশে সমস্ত হত্র (বাষু) ওতপ্রোতভাবে প্রতিষ্ঠিত ও "হে গাগি! এই অক্ষরে ভূতাকাশ প্রতিষ্ঠিত," ইত্যাদি প্রকারে গাগার নিকট এই হুদ্ধ আকাশের কথাই পূর্বেষ্ট উক্ত হইয়াছে, আমি সেই এই আত্মাকে অমুতব্রহ্ম বিনিয়া মনে করি, তদ্ভিন্ন আমি আত্মাকে অম্বত্রহ্ম বিনিয়া মনে করি, তদ্ভিন্ন আমি আত্মাকে অম্বত্রহ্ম ক্রিয়া অমৃত, অবিনশ্বর, জ্ঞানমন্ত্রহ্ম, কেবল অবিভাবশে অজ্ঞান ও মরণধর্মী হইয়াছিলান, একণে আমার সে অবিভা ধ্বংস প্রাপ্ত হইয়াছে, আমি অমৃত—আমি জ্ঞানমন্য—নিজস্বরূপপ্রাপ্ত ॥ ১৭॥

প্রাণস্থ প্রাণম্ভ চকুষশ্চকুরত শোত্রস্থ শোত্রং মনসো যে মনো বিছঃ। তে নিচিক্যুত্র ক্ষপুরাণমগ্রাম্॥ ১৮॥ আর থেহেতু প্রাণ বে শাসপ্রধানাদি ক্রিয়া করে, তাহাও তাহার আত্মত্ত চৈত্ত জ্যোতির স্পর্লে প্রকাশিত হইয়া থাকে, নচেং নহে। অতএব, সেই আত্মা প্রাণেরও প্রাণ,—চক্ষুরও চক্ষু—প্রোত্রেরও শ্রোত্র। কেন না, প্রাণের মত চক্ষু ব্রহ্মশক্তি দারা অধিষ্ঠিত হুইয়া আত্মলাভ করত দর্শনক্রিয়া সম্পন্ন করে, শ্রোত্র আত্মজ্যাতির সাহাথ্যে শ্রবণক্রিয়া নিস্পাদন করিয়া থাকে; বেশি কি, সেই ব্রহ্মশক্তি দারা অধিষ্ঠিত হুইলেই চক্ষ্রাদি ইন্দ্রিয়গণের দর্শনাদি ক্রিয়া করিবার সামর্থ্য হয়, নচেং সেই চৈত্রন্যাত্ম-জ্যোতির অমুগ্রহ ব্যতীত কাষ্ট-লোট্রাদির স্থায় তাহারা অচল অবস্থায় পতিত থাকে। খাহারা জানেন যে, তিনি মনেরও মন, অমুর্ত্ত আত্মাকে চক্ষ্রাদি ইন্দ্রিয় দ্বারা উপদক্ষি করা যায় না; আত্মন্ত্রাতিসম্পর্ক ব্যতিরেকে তাহাদের ক্রিয়া অসম্ভব, অতএব এই চক্ষ্রাদি ইন্দ্রিয়ের ব্যাপার পথিয়া খাহারা প্রত্যাত্মার অন্তিত্ব অমুমিত করেন, ভাঁহারাই ক্রিমের ব্যাপার পথিয়া খাহারা প্রত্যাত্মার অন্তিত্ব অমুমিত করেন, ভাঁহারাই জানেন যে, সেই ব্রহ্ম; পুরাণ—চিরস্তন, এবং অগ্রা, স্প্রত্তির আদিতেও স্থিত, "তদ্যদাত্মবিদা বিহুং" খাহারা সেই আত্মাকে জানেন, তাঁহারাই বিজ্ঞ, এ কথা অথক্ববেদেও উক্ত হইয়াছে ॥ ১৮ ॥

মনদৈবাকুদ্রক্তব্যং নেহ নানান্তি কিঞ্চন। মৃত্যোঃ স মৃত্যুমাপ্লোতি য ইহ নানেব পশ্চতি॥ ১৯॥

সম্প্রতি পূর্ব্বোক্ত ব্রহ্মদর্শনের সাধন বা উপার অভিহিত হইতেছে। প্রমার্থ-জ্ঞান দারা যে মনের মালিন্ত দূর হইরাছে, একমাত্র সেই সংস্কৃত মন দারাই আচার্য্যের উপদেশ অন্থসারে আত্মাকে দর্শন করিবে, সেই ক্রপ্তব্য ব্রহ্মতে কোন প্রকার নানাত্ব অর্থাৎ ভেদ নাই। যথন কোনক্রপ বাস্তব নানাত্বই নাই, তথন আত্মার অন্তব্যমান নানাত্ব একমাত্র অবিলা দারাই অধ্যারোপিত বলিয়া ব্রিত্তে হইবে। সেই ব্যক্তি মৃত্যুর পরও দারুণ মৃত্যু প্রাপ্ত হয়, যে এই আত্মাকে নানাভাবের স্কার্যই দেখে। তাৎপর্য্য এই যে, অবিদ্যা দারা আরোপ ব্যতিরেকে বাস্তবিক পক্ষে আত্মাতে কোন প্রকারই বৈত্তাব নাই॥ >>॥

এক ধৈবানুদ্র উব্যমেতদপ্রমেয়ং ধ্রুবম্। বিরক্তঃ পর-আকাশাদজ আত্মা মহানু ধ্রুবঃ॥ ।।।

যথন বাস্তবিক পক্ষে আত্মান্ত কোন ভেদই নাই, অতএব একধা অর্থাৎ এক প্রকারেই দর্শন করিবে। জানিবে যে, তিনি ঘনবিজ্ঞানময়, আননৈদকরস ও আকাশবং দর্কব্যাপী। কারণ, এই ব্রদ্ধ অপ্রমেয় অর্থাৎ দর্কবিধ প্রমাণের আগোচর, তাহার কারণ, আত্মা এক— সর্কবস্তুর সহিত্ত একীভত। বথন অক্স দারাই অন্ত প্রমাণিত হইয়া থাকে, তথন আত্মা দিতায়ের অজাবে প্রমেয় হইবে কি প্রকারে ? পুনশ্চ তিনি ঞ্ব অর্থাৎ কৃটস্থ—অবিচলিত স্থির। এজন্য তাঁহাকে নিত্য বলিয়া জানিবে। আপতি হইতে খারে যে, ত্রন্ধ যদি অপ্রমেয় অর্থাৎ দর্ববিধ প্রমাণের অবিষয় হয়, তবে জ্ঞাত হইতেছে বলা হয় কিরূপে ? ইহা অতীৰ বিৰুদ্ধ কথা; কেন না, "জ্ঞায়তে" বলিয়া যাঁহাকে প্ৰমাণ দ্বারা বিষ্ট্রীকৃত (জ্ঞাত) বলা হইল, আবার অপ্রমেষ বিলয়া জাঁহারই নিষেধ করা হইতে পারে কিরূপে ও উত্তর-না, ইহা দোষাবহ নহে, কারণ, অপ্রমেয় শব্দের তাৎপর্য্য অক্ত-রূপ---আগম-প্রমাণ ভিন্ন অন্য প্রমাণ বেমন অন্য বস্তুর স্বরূপ প্রকাশ করে, দেইরূপ আত্মার বর্গে প্রকাশ করে না, ইহাই তাহার অর্থ, অর্থাৎ অন্যান্য নৌকিক বস্তু যেমন অভ্ৰান্ত শাস্ত্ৰোপদেশ ব্যতীতই নৌকিক প্ৰমাণ দ্বারা পরীক্ষিত বা জ্ঞাত হয়, এই আত্মতৰ দেইরূপ শাস্তাতিরিক্ত প্রমাণ দারা পরিজ্ঞাত হয় না, বিশেষত: সর্বাত্মভাব নিপান হইলে আর ভেদজান থাকে না, স্বতরাং তথন কে কাহার দারা কাহাকে দেখিবে 🤉 "কেন কং পশ্রেৎ" ইত্যাদি আগম-বাক্য আত্মার প্রমাণ-প্রমেম্বর বাণপারের প্রতিষেধ করিয়াই স্বরূপ অবগত করে। কিন্তু কথনও অভিধান-অভিধেরাদিরপ বাকাধর্ম অবলম্বন করিয়া পারে না। একমাত্র আগম আত্মার স্বরূপ-প্রকাশক হইলেও উক্ত বৃক্তিতে তাঁহার স্বরূপ প্রকাশ, অর্থাৎ বাচ্য-বাচক সম্বন্ধ দারা আত্মবস্ত প্রতিপাদন করা তাহার শক্তির অতীত। এই জন্তই প্রতিপাদক ব্যক্তি আগম দারাও স্বর্গ-মুমের প্রভৃতি স্থুন পদার্থের ন্যায় "এই সে" বলিয়া আত্মস্বরূপ প্রতিপাদন করিতে পারে না। যেহেতু, আত্মতত্ব ও প্রতি-পাদকের সেই আত্মা ছাই-ই অভিন্ন বরূপ ্ প্রকৃত প্রতিপায় ও প্রতিপাদকের ম্বরপণ্ডেদ না থাকিলে কথনই প্রতিপাদন সম্ভব হইতে পারে না; অথচ এথানে প্রতিপাদ্য বিষয়টি প্রতিপাদ্যিতারই আত্মতত বা অভিন্ন। এথানে এরূপও শহা হইতে পারে যে, তাহা হইলে পরমেশরের আগমন্দনিত জ্ঞান হয় কিরুপে ? এই আশহা নিবারণার্থ ভাষাকার বলিতেছেন যে, সেই আত্ম-বিষয়ক জ্ঞান অর্থে দেহাত্মবোধ-নিবৃত্তি পূর্ব্বক জীবাত্মার পরমাত্মভাবে নিষ্ঠা অর্থাৎ জীব পরমাত্মা ভিন্ন **অন্য কিছুই নহে, ই**হার পোষণ, আর জীব যে আআহিইতে বিভিন্ন দেহাদিতে

ष्पाण-जाव (भावन करत-जारा जम, जारात निवृत्तिविधानरे रेरात जेला ; ইহাই আগমজনিত জ্ঞান বলিয়া অভিহিত হইয়াছে। সাক্ষাৎসম্বন্ধে তাহাতে এই আত্মভাবস্থাপন জ্ঞানের উদ্দেশ্ত নহে। কারণ, তাহাতে এই আত্মভাব निछामित-रेश अमुर्छंत्र वा विरधन्न स्टेट शास्त्र ना, अथा निछामित्र स्टेरन्ड অবিষ্ণাবস্থায় অসিদ্ধের ন্যায় প্রতীয়মান হয় মাত্র। অভএব অবাস্তব অনাত্ম-বিষয়ক জ্ঞানাভাগ * নিবৃত্তি ব্যতীত এথানে জ্ঞানোপদেশ দারা ভাঁহাতে আত্মভাব বিহিত হইতেছে না। দেহেন্দ্রিয়াদিতে সংজাত—আত্ম-ভ্রম নিবৃত্ত হইলে পর স্বীয় আত্ম-গত যে, স্বাভাবিক আত্মভাব, তাহাই কেবল ক্রিত হয়, এই জন্ম তথন আত্মা জ্ঞাত হয় বলিয়া প্রকাশ করা যায়। যদি বল, শাল্লীয় জ্ঞান ধারাই যদি আত্মা ব্যাপ্ত বা বিষয়ীভূত হয়, তবে তাহার অপ্রমেশ্বত্ব অর্থাৎ অমাজ্ঞানের অব্যাপ্যত্ব বা অবিষয়ী-ভূতত্ব উক্তি মিখ্যা; এই আশ্রা অনুনক, যেহেতু, আত্মা স্বভাবত: অপ্রমেয় এবং আগম ভিন্ন অভ কোন প্রকার প্রমাণ দারা প্রমিত বা বিষয়ীকৃত হয় না, এই জন্ম প্রমেয়; অতএব এই অপ্রমেরত্ব ও প্রমেরত্ব, উভয় কণাই অবিকৃদ্ধ। সেই "আত্মা বিরজঃ." র্জঃ অর্থে ধর্মাধ্যক্রপ চিত্তের মল, তদ্রহিত এবং "পর" অর্থাৎ সমস্ত বস্ত হইতে ব্যতিরিক্ত, অথবা অব্যাহত দর্মব্যাপী হল্ম আকাশ অপেকাও হৃদ্ধতর, কিংবা অধিক ব্যাপক। পুনশ্চ, সেই আত্মা "অজ" অর্থাৎ তাঁহার জন্ম-মরণের প্রতিষেধ হেতু তিনি জন্মরহিত। এথানে আত্মার কেবল এক জন্ম প্রতিষেধ দারাই জরা, বৃদ্ধি, মরণ প্রভৃতি সমস্ত জীব-ধর্ম এবং অক্সান্য বিকার-নিচয়ও প্রতিষিদ্ধ हरेन, रकन ना, कवारे मर्किविकास्त्रत अक्साज मृन, यारात कवा नारे, जारात পক্ষে অন্ত বিকারও নাই। পুনশ্চ তিনি "মহান্"—সর্বপ্রকার মহৎ বস্ত অপেক্ষাও অত্যধিক পরিমাণশালী, এবং "গ্রুব" অর্থাৎ অবিনাশী-স্থির ॥ ২০ ॥

তমেব দীরে। বিজ্ঞায় প্রজ্ঞাং কুবর্বীত ব্রাহ্মণঃ। নামুধ্যায়াদহ্পুনান বাচে। বিগ্লাপন্থ হি তদিতি॥ ২১॥

তত্ত্ব-জিজ্ঞান্ন ধীর ব্যক্তিগণ শান্ত ও আচার্য্যের উপদেশ অনুসারে সেই এই আত্মানে বিজ্ঞাত হইয়া প্রজ্ঞা অর্থাৎ শান্ত ও আচার্য্যনির্দিষ্ট বিষয়ে এই ভাবে

^{*} শাহা বেরপ বস্তু নছে, তাহার যে সেই প্রকারের জান, অণচ আপাততঃ ঘাহা ববার্থ বলিয়া মনে হয়, তাহার নাম জানাভান।

মনন করিবে—যাহাতে সর্কপ্রকার প্রশ্নের সমাধান হয়। এইরূপ প্রজ্ঞা লাভ করিতে হইলে তাহার সাধন সন্নাস, শম, দম, উপরতি, তিতিক্ষা ও সমাধির অফুঠান কর্ত্তবা। কিন্তু বহু পরিমাণে শন্দের অফুঠান বা চিন্তা করিবে না। অর্থাৎ যে সকল শন্দ কেবল আত্মার একড্প্রতিপ্যাদনে বদ্ধপরিকর, কেবল তাহাদেরই গবেষণা করিবে, তদ্ভিন্ন অন্ত শন্দের আলোচনা দারা আত্মহৈত-সন্দেহের অবকাশ দেওয়া কোনরূপেই উচিত নহে। প্রতিও এখানে বহু শন্দেহের অবকাশ দেওয়া কোনরূপেই উচিত নহে। প্রতিও এখানে বহু শন্দে বহুবচন নির্দেশ করিয়া চিন্তার নিষেধ করায় কেবলমাত্র আত্মার একজ্প্রতিপাদক ও বরুপজ্ঞাপক শন্দ্রসকল চিন্তা করিতে অফুমতি করিয়াছেন। এজন্য আথর্কণ প্রতিও বলিয়াছেন যে, "ওন্ ইত্যেব ধ্যায়তাত্মানন্দ, অন্যাবাচো বিম্প্রথ।" তাংপর্যা এই—হেশ মুমুক্ষুগণ! এক ওন্ধারের নধ্যেই আত্মার স্বরূপ ধ্যান (চিন্তা) কর এবং অন্য বাক্য সকল পরিত্যাগ কর" ইত্যাদি—বহু শন্দ চিন্তার প্রতিষ্কার উদ্দেশ্য এই যে, বিভিন্ন শন্দ সকল কেবল বাগিলিয়ের বিল্লাপন অর্থাৎ বিশেষরূপে গ্লানিকর—শ্রমকারক হন্ন মাত্র। তাহাতে ইইসিদ্ধি হওয়া দূরে থাক, প্রকৃত বস্তর হানিই হইয়া থাকে ॥ ২১॥

দ বা এষ মহানজ আত্মা যোহয়ং বিজ্ঞানময়ঃ প্রাণেয়, য এষোহন্তর্হ দয় আকাশস্তম্মিঞ্চেতে,সর্বক্স বশী সর্ববিস্থানঃ সর্ববি-স্থাধিপতিঃ স ন সাধুনা কর্ম্মণা ভৄয়ায়ো এবাসাধূনা কনীয়ান্। এষ সর্বেশ্বর এষ ভূতাধিপতিরেষ ভূতপাল এষ সেতৃবিধরণ এষাং লোকানামসম্ভেদায়। তমেতং বেদাসুবচনেন প্রাহ্মণা বিবিদিষন্তি যজ্ঞেন দানেন তপসাহনাশকেনৈতমেব বিদিয়া মুনির্ভবতি। এতমেব প্রবাজিনো লোকমিচ্ছন্তঃ প্রব্রজন্তি। এতদ্ধ স্ম বৈ তৎপূর্ব্বে বিদ্যালয়ং প্রজাং ন কাময়ন্তে কিং প্রজ্ঞা করিষ্যামো যেয়াং নোহয়মালাহয়ং লোক ইতি। তে হ স্ম পুরুত্তরণায়ান্ট লোকৈষণায়ান্ট ব্যুত্থায়াথ ভিক্ষাচর্য্যং চরন্তি। যা হেবে পুরুত্তরণা সা বিত্তরণা যা বিত্তরণা সা লোকেষণোভে হেতে এষণে এব ভবতঃ। স এষ নেতি নেত্যাল্মাহগুছো ন হি গৃহতেহশীর্ষ্যো ন হি শীর্ষ্যতেহশঙ্কো ন হি সজ্যতেহসিতো ন ব্যথতে ন রিষ্যত্যেতমু হৈবৈতে ন তরত ইত্যতঃ পাপমকরবমিত্যতঃ কল্যাণমকরবমিতি; উভে উ হৈবৈষ এতে তরতি, নৈনং কৃতাকৃতে তপতঃ॥ ২২॥

পূর্বেষ মন্ত্র ও ব্রাহ্মণ দারা বন্ধ,মোক্ষ এবং তৎকারণ (অবিদ্যা ও বিদ্যা) বিস্তৃত-ভাবে অভিহিত হইরার্ছে, পুনশ্চ মোক্ষের স্বরূপও বিষ্ঠারিতরূপে বিবৃত হইরাছে। এক্ষণে এই আত্মতত্ত্বনিরূপণে বে সকল বেদ যে ভাবে উপযোগী হয়, তাহা নিরূপণ করা আবশ্রক, তরিমিত্ত এই কণ্ডিকা। (অংশবিশেষ) আরম্ভ হইতেছে। উক্ত আত্মজ্ঞান ও তাহার ফল যে ভাবে এই প্রপাঠকে বিহিত হইয়াছে, দেই পকলই এই স্থানে হেতৃবাদের সহিত, পুনশ্চ অত্নবাদ করিয়া তাহাতেই কাম্যভাগ-বজ্জিত বেদসমূহের যে উপযোগিতা আছে, ইহাই এতিপন করিবার জন্য প্রক্রোক্ত আত্ম-তত্ত্বেরই 'স বা এষ' ইত্যাদি বাক্যের ধারা পুনশ্চ অনুবাদ कता रहेन। 'मः" जिनि अथीर याहात कथा शृदर्भ वना हहेन्नाह, 'जिनि' শব্দে তাঁহাকেই ধরিতে হইবে। ইনি কে ? শ্রুতি বলিতেছেন যে, "য এষ বিজ্ঞানময় ইতি" অর্থাৎ পুর্বের বিজ্ঞানময় বলিয়া গাঁহাকে অভিহিত ক:1 हरेबाहि, वंशात मः" गर्क ठाँशांकरे वृत्रित। उशां शि व्यवाविक शृत्सीक বিরাট্ পুরুষের গ্রহণ বা প্রতীতি হইতে পারে, এই নিমিত্ত বৈ" শব্দ দারা অতি পূর্বেষাক্ত বিষয়েরই সারণ করাইয়া দিতেছেন যে, এখানে তাহারই গ্রহণ। কিন্ত ইব্রিয়াদি বহু বিজ্ঞানময় আছে, তন্মধ্যে ইনি কে ? এই সংশয়-নিবৃত্তির নিমিত্তই প্রাণের মধ্যে যিনি বিজ্ঞানমন্ত, তাহাই এখানে আয়া; এই পূর্ব্বোক্ত কথার পুনকল্পেথ করা হইল। জনকের ইনি কে ?' এই প্রশারভেই এ কথা "বেছিয়ং বিজ্ঞানমন্ত: প্রাণেষ্" ইত্যাদি বাক্য দারা শুষ্ঠিতঃ প্রতিপাদিত হইয়াছে ; ইহার তাৎপর্য এই-- বাংসং বিজ্ঞানময়:" ইত্যাদি বাক্য দারা সেই স্বয়ংজ্যোতিঃ আত্মা প্রতিপাদিত হইয়াছে, কাম কর্ম অবিছা যে আত্মার ধর্ম নহে, ইহা প্রতিপাদন করিয়া ইলিয়াদিসমূহ হইতে আত্মাকে পৃথক্ করা হইয়াছে; স্তরাং এই আত্মা প্রমাত্মা ভিন্ন অন্ত কেহ নহেন, এই প্রমাত্মভাবও প্রতিপাদিত হইয়াছে। 'এব সং' এ কথার দেই মহান অজ আত্মাকেই লক্ষ্য করা হইয়াছে, প্নশ্চ 'বিজ্ঞান-मनः প্রাণের্' এই বাক্যের ধেরপ ব্যাখ্যা পুর্বেকরা হইয়াছে, এথানেও দেইরপ ব্যাপা জানিবে। এই সদয়-পদ্মের মধ্যে স্থিত যে বৃদ্ধি-বিজ্ঞানের আশ্রয় আকাশ, সেই আকাশে সেই আত্মা বুদ্ধিবিজ্ঞানবিশিষ্ট হইয়া শয়ান অর্থাৎ অবস্থিত

থাকেন। অথবা স্বৰ্ধিকালে হৃদয়-মধ্যে যে আকাশ অৰ্থাৎ নিৰুপাধিক বিজ্ঞানস্বজ্ঞাব প্ৰমাত্মা প্ৰকাশ পায়, সেই স্ব-স্বৰূপ আকাশনামক প্ৰমাত্মাতে জীবাত্মা
শয়ন কৰেন; এই কথা চতুৰ্থ শ্ৰুতিতে "কৈষ তদাহভূৎ" এই প্ৰশ্নের প্ৰভূতির
প্ৰদানাবসরে বর্ণিত হইনাছে। সেই আত্মাই ব্রহ্মা ইন্দ্র প্রভৃতি দেবগণের বনী
(বশ্যতাসম্পাদক) অর্থাৎ সম্ত্র দেবতাই ইহার অধীনতার অবস্থান করেন।

পূর্বেও বলা হইয়াছে যে, এই "অক্ষর পুরুষের (পরমেশ্বরের) শাসনে"— ইত্যাদি। সেই আত্মা যে কেবল সকলের প্রভু, এইমাত্র নহে, পরস্ত তিনি ঈশান অর্থাৎ ব্রহ্মা ও ইন্দ্রাদিরও শাসনকারী। এই প্রভূষ বা শাসন কথন কথনও জাতিগত হইয়া থাকে, যেমন তুর্বল শিশু-রাজপুত্রও সমধিক-বলশালী বয়স্থ ভূত্যগণের প্রতি শাসন বা ক্ষমতা প্রকাশ করে, কিন্তু আত্মার পক্ষে দেইরূপ জাতিগত শাসন বা আধিপত্য নহে, এই অভিপ্রায়ে পুনশ্চ বলিতেছেন যে, তিনি সকলের অধিপতি অর্থাৎ স্ব-শক্তি থারা পালনকারী স্বাধীন পতি (প্রভূ), কিন্তু, রাজপুত্রের স্থায় অমাত্য প্রভৃতি ভৃত্যের পরিচালিত নহে। উক্ত তিনটি বিশেষণই পরস্পরের প্রতি পরস্পর হেতু, অর্থাৎ এই পরম ব্রহ্ম যেহেতু সকলের অধিপতি, অতএব সকলের ঈশান এবং যেহেতু সকলের ঈশান (শাসক), সেই অভ সকলের বখ্যতাসম্পাদক। দেখা যায়, যে ব্যক্তি যাহার শক্তিসাহায়ে। পালনকার্য্য করে, তিনিই তাহার নিমন্তা বা প্রভূ। বেশী কথা কি, সেই এই দ্দ্রান্তর্কর্ত্তী জ্যোতিশ্বর বিজ্ঞানময় পুরুষ শাস্ত্রবিহিত উত্তম কর্ম ছারাও ভূমা অর্থাৎ মহত্ব প্রাপ্ত হন না, এবং শাস্ত্রপ্রতিষিদ্ধ কর্ম্ম হারা লঘুত্বও প্রাপ্ত হন না, অর্থাৎ পুণাকর্ম ধারা নিতাসিদ্ধ আত্মার এমন কোন অবস্থার পরিবর্ত্তন হয় না, যাহাতে সে মহান্ শব্দবাচ্য হইবে, আবার হীন কর্ম্মের ছারাও সেই আত্মার বরপগত কোন বিপর্যায়ই থটে না, বাহা ধারা ভাঁহাকে হীন বলা চলিবে। यनि वन य, ताका, बाकानिए अधिशनशृक्षक शाननानि कर्म করত পরের প্রতি অম্প্রাহ করিলে ধর্ম্মগংৰুক্ত হন ও পরপীড়ন করিলে অধর্মভাগী হন দেখা যায়, তবে আত্মার পক্ষে দে নিয়মের বাতিক্রম কেন ? উত্তর—এই আত্মা সর্বেশর অর্থাৎ শক্তিবলে কর্ম্মেরও উপর স্বীয় অসামান্ত সামর্থ্য প্রকাশ করিতে পারেন, এই হেতুই কশ্মসকল তাঁহার উপর আধিপত্য করিতে পারে না। আরও এক কথা, এই আত্মাই ভূতাধিপতি অর্থাৎ ব্রন্ধাদি-স্তম্ব পর্য্যস্ত সমস্ত ভূতের অধিপতি এবং সমস্ত জগতের সেতু। সেই সেতু কি, তাহা বিশ্লেষণ कतिशा (मथारेटाउट्यून, जिनिरे वर्षायमानिधार्यत विरमवर्थकारत वावसा कतिशा

সমন্ত ভ্বন ধারণ করিতেছেন। এই পৃথিব্যাদি ব্রন্ধলোকান্ত সমন্ত জগতের অসন্তেদ অর্থাৎ স্থিতিরক্ষাই তাঁহার ধারণ-কার্য্য। যদি পরমেশ্বর এই লোকরেমকে দেতৃবৎ যথাবথভাবে ধারণ না করিতেন, তাহা হইলে জলাশয়ের সেতৃ
(বাঁধ) ভয় হইলে যেমন জল্বালি পরস্পর সন্ধীর্ণ অর্থাৎ মিশ্রিত হইয়া দিগন্ত
প্রাবিত করে, সেইরূপ সমন্ত লোকই পরস্পর সন্ধীর্ণ—উচ্ছুজ্জভাবাপর হইয়া
অচিরাৎ ধ্বংদের মূথে অগ্রসর হইত। একে অপরের কর্ম্মক্ল ভোগ করিত এবং
কর্ত্তাও স্বকৃত কর্মের ফলভোগে বঞ্চিত হইত, ইত্যাদি বহু অনর্থ ঘটিত।
অত্তব দেই জগতের মর্যাদারক্ষার দেতৃরূপী পরমেশ্বর ইনিই সেই
সমাজ্যাতিঃ আত্মা। বিনি এইরূপ আত্মত্ত্ব জানিতে পারেন, তিনি দেইরূপ
বিশিষ্ক-সিম্পাদি গুলস্পান হন। এইরূপে ব্রন্ধবিত্যার ফল নির্দ্দিন্ত হইল। "কিং
জ্যোতিরয়ং পুরুষঃ" ইত্যাদি ষ্ঠ প্রপাঠকে এই ব্রন্ধবিত্যাই কথিত হইলে।
দেই স্বলে পূর্ব্বোক্ত ফলসম্পর এই ব্রন্ধবিত্যাতেই কাম্যকর্মের সম্পর্করহিত
সমগ্র কর্ম্মকাণ্ড ব্রন্ধবিত্যার আনুক্ল্যে বিনিম্কুক হইবে। ব্রন্ধবিত্যার
উপযোগিত্বরূপে কাম্যকর্ম্ম ভিন্ন কর্ম্মনাত্রের বিনিয়োগ (সন্থম) কিরূপে সন্তব্য,
তাহা কথিত হইতেছে।

সেই উপনিষৎ-প্রতিপাদিত পুরুষকে স্থীগণ বেদায়ুবচন অর্থাৎ নিত্য বিধি-বোধিত বা নিতা পাঠ্যরূপে নির্দিষ্ট মন্ত্র ও বান্ধণের অধ্যয়ন দারা জানিবার কামনা করেন। সেই ব্রক্ষজিজ্ঞান্থ কে? শুক্তি বলিতেছেন-- "ব্রাহ্মণাঃ" অর্থাৎ ব্রাহ্মণগণ। ভাষ্যকার বলেন—এথানে যদিও কেবল ব্রাহ্মণ শব্দ প্রবৃত্ত ইইরাছে, তথাপি যথন ব্রাহ্মণাদি বর্ণব্রেরই তুল্য অধিকার, তথন ক্ষত্রিয় এবং বৈশ্রপ্ত ঐ ব্রক্ষজিজ্ঞান্ত্রধ্যে গণ্য জানিবে। অথবা একমাত্র ব্রহ্মণগণই কর্ম্মণাঞ্জীয় মন্ত্র-ব্রাহ্মণাত্মক বেদাগায়ন ধারা ব্রহ্মজিজ্ঞান্ত্রহন। এ স্থলে বিচাধ্য বিষয় এই যে,—যাহারা ব্যাধ্যা করেন যে, ব্রাহ্মণাদি ত্রিবর্ণ মন্ত্রপ্ত ব্রাহ্মণর দারা প্রকাশিত ব্রহ্মকে জানিতে ইচ্ছা করেন, তাহাদের মতে কেবল বেদের আরণ্যক আন্দাত্ত ক্যানাত্র বেদাল্যকন ব্রিহ্মণান্তির হৈতে পারে, বেহেতু, কর্ম্মনাণ্ড দারা কথনই পর্মাত্মার স্বরূপ প্রকাশিত (প্রতিপাদিত) হয় না, তাহার কারণ শ্রুতিই বিশেষজ্ঞাবে বিলয়ছেন—"তম্বোপনিষদ পুরুষং পৃচ্ছামি" অর্থাৎ আমি সেই উপনিষদ (উপনিষৎ-প্রকাশিত) পুরুষকে জিজ্ঞাসা করি ইত্যাদি। অথচ শ্রুতি বেদায়ুবচনেন' এই সাধারণ কণায় সমস্ত্র বেদকেই ব্রাইতেছেন। মুত্রাং থক জারণাক ভাগমাত্র

কলাচ গ্রহণীয় হইতে পারে না। যদি বল, তোমার ব্যাথ্যাতেও (কর্মকাণ্ডোক্ত মন্ত্রাহ্মণাত্মক বেদামুবচনমতেও) উপনিবদ অংশ পরিত্যক্ত হওয়ায় এই একদেশত্যাগ ও গ্রহণরূপ দোষ তুলাই রহিল। উত্তর—তাহা নহে। যদিও দিতীয় ব্যাখ্যার পক্ষে এই দোষ হইবেও হইতে পারে, কিন্তু প্রথমকথিত বাাখ্যার আর এরপ দোষ অটেই না, কেন না, যথন বেরাফুবচন শব্দ ছারা নিত্য স্বাধ্যামবিধি (বেদাধারনবিধি) বিহিত হুইরাছে, তথন উপনিষদ্ভাগও তথারা গৃহীতই হুইয়াছে, বেদানুব্যুন শব্দের অর্প্রেকদেশ কোনক্রমেই পরিত্যুক্ত হয় নাই। আর যথন যজ্ঞদান প্রভৃতি কর্মানুষ্ঠানের উপক্রমে বেদানুবচন শব্দের উল্লেখ করিয়াছেন, তথন বেদানুবচন শব্দ অবশ্রুই উপক্রেমান্ত্রোধে যজ্ঞাদি কর্ম্ম সকলের বোধক হইবে। কেন না, কর্মট লোকের নিত্যস্বাধ্যায়া-ধারন। অবশ্র আশক্ষা হইতে পারে—নিত্যস্বাধ্যারাত্মক কর্মসমূহ ভারা আত্মজানেচছার সম্ভাবনা কি ্ কেন না. উপনিধদের ভাষ কর্মসমূহ বা তৎপ্রতিপাদক শাস্ত্রসকল কথন ও আন্ত্র-তত্ত্বপ্রকাশে সমর্থ হয় না। উত্তর-ইহা দোষাবহ নহে, বেহেতু, উক্ত কর্ম সমুদয় চিত্তগুদ্ধির হেতু। দেখ, বিহিত কর্মামুষ্ঠান দারা চিত্ত বিশুদ্ধ হইলেই দেই বিশুদ্ধাত্মা পুরুষ উপনিষৎশাস্ত্রপ্রতি-পাদিত আত্মাকে নির্কাবে অবগত হইতে সমর্থ হয়। এ কথা অথর্কবেদেও উক্ত হইরাছে, যথা-(কর্ম ছারা) চিত্ত বিশুদ্ধ হইলে তাহার পর ধ্যান করত সেই নিক্ষল পুরুষ (প্রমাত্মাকে) দেখিতে পার। স্থতিশাক্তও বলিতেছেন যে, "জ্ঞানমুং-পদ্যতে পুংসাং ক্ষয়াৎ পাপত কর্মণঃ।" অর্থাৎ নিতাক্মানুষ্ঠান ঘারা পাপক্ষর সাধিত হইলে তৎপরে পুরুষের এক্ষ্তান উৎপন্ন হয়, ইত্যাদি। যদি বল य, कर्य-मःयूज-िह वाक्तिवरे छेशनियम आञ्चलान উৎপन्न स्टेरिक शांत्र, কিন্তু নিত্যকর্ম সমুদর যে চিত্তের সংস্কারক, এ বিষয়ে প্রমাণ কি ? উত্তর – হা. প্রমাণ আছে, শ্রুতি-শ্রুতিই এ বিষয়ে মথেষ্ট প্রমাণ। শ্রুতি বলিতেছেন, "মে ব্যক্তি জানে যে, আমার এই অঙ্গ এই কর্ম দারা সংষ্কৃত বা পবিত্রীকৃত হইতেছে এবং এই কন্ম দারা এই অঙ্গ উপন্ধক্ততা লাভ করিতেছে, সেই ব্যক্তিই আত্মবাজী" ইত্যাদি। স্বৃতিশাস্ত্রসমুদায়ও অষ্টচডারিংশং সংস্কারকথনের প্রস্তাবে নিত্য-কর্মসমূহকেও চিত্তসংশ্বারক বলিয়া নির্দেশ করিয়াছেন। ভগবদগীতাতেও উক্ত रुरेग्राट्ड (य, "यटका नानः उपटेन्डव পावनानि मनीविशाम।" अर्थाए यक, मान, তপভা, এই मकनरे मनीियशालं পবিত্রতাসম্পাদক। "मर्ट्सशालंड বজ্ঞবিদো বজ্ঞকারিতকল্বা:।" "বাঁহারা বজ্ঞ ছারা ক্ষীণপাপ হইরাছেন, তাঁহারা

সকলেই বজ্ঞবিং'' ইত্যাদি। এই ব্রাহ্মণের অন্তর্গত ক্রতিতে বে "যজ্ঞেন" শব্দ श्रांता यकारक बक्तकारनत कात्रण वला स्टेशाएस, रम यक किल-मन्द्रीतक ज्ञवा-यक छ জ্ঞান্যজ্ঞ ব্যতীত আর কিছুই নহে; কেন না, যজ্ঞানুষ্ঠান ধারা চিত্ত সংস্কৃত হইলে বিশুদ্ধ সম্বাভাগের উদয় হয় ও পরে অবাধে জ্ঞানোৎপত্তি ঘটিতে পারে, এই: অভিপ্রায়ে শ্রুতি "বজেন বিবিদিষন্তি" বলিষা বজ্ঞকে জ্ঞানোৎপত্তির কারণক্রপে নির্দেশ করিয়াছেন। এইরূপ বিধান্গণ দান ধারাও বন্ধ জানিতে চেষ্টা করেন; যেহেতু, দানও পাপক্ষরের হেতু ও ধর্মবৃদ্ধির কারণ, এ জন্ম চিন্তসংস্কার জন্মাইয়া পরম্পরায় এক্ষজানের কারণ হয়। আবার তপস্থাকেও তাঁহারা ব্রহ্মজ্ঞানের অন্তত্তম গাধন বলেন। যদিও তপঃশব্দে সাধারণতঃ ক্রছ্র-চান্দ্রামণাদি সমস্ত তপভাই ব্রহ্মজানের কারণ হইয়া পড়ে, কিন্তু বাস্তবিক তাহা উদ্দেশ্য নহে, এই জন্ম অনাশক শব্দ বারা অর্থাৎ কামনার অদেবারপ বিশেষণ স্বারা সেই তপ্রভাকে শ্রুতি বিশেষ করিয়াছেন। "অনাশক" অর্থে কামোপভোগনিবৃত্তিমাত্র, কিন্তু ভোজননিবৃত্তি অর্থ নহে; তাহা হইবে ভোজননিবৃত্তিতে সাধকের আত্মজ্ঞান হওয়া দুরের কথা, মৃত্যুই অগ্রে হইয়া পড়ে। অতএব এধানে বেদাত্বচন, যজ্ঞ, দান ও তপঃ শব্দ ঘারা সমস্ত নিতাকৰ্মই লক্ষিত হইতেছে। এইরূপে কামগন্ধশৃত্ত সমস্ত নিতাকৰ্মই আত্মজান জন্মাইয়া পরম্পরায় মুক্তির সাধনতা লাভ করে। তাহা হইলেই বুঝা গেল বে, সাক্ষাৎ ও পরম্পরা বে কোনও সম্বন্ধে মুক্তির কারণতা ধরিষা কর্মকাণ্ডের সহিত জ্ঞানকাণ্ডের এক-বাকাতা আছে এবং ইহাও সিদ্ধান্ত हरेन त, याथाक-मुक्ति अभूमात अरे निक्रिशित आञ्चात सानित्नरे योगिक অর্থামুসারে মুনি অর্থাৎ আয়েতত্ত্ব-চিন্তাবশতঃ যোগী সংজ্ঞা লাভ করিতে পারে। এই কথাই স্পষ্ঠতঃ বলিতেছেন যে, "এতমেব বিদিয়া মুনির্ভ্বতি নান্যম।" অর্থাৎ এই আত্মাকেই অবগত হইলে মুনি হয়; কিছু অন্য কিছু বিদিত হইয়া নহে। यদি বল, কেন, অন্যবিষয়ক জ্ঞান মারাও ত মুনি হওয়া যায় ? তবে কি जना नित्रम कता रहेरलहा (य, पहे ज्याचाकानई मुक्तित कातन, जना जान नरहे ? উত্তর—অন্য-বিষয়ক জ্ঞান ঘারাও মুনি হওয়া যার বটে, কিছ অন্য জ্ঞানে বে কেবল মুনিই হইবে, তাহার স্থিরতা নাই, পরস্ক কর্মীও হয়, কিন্তু উপনিষৎ-প্রতিপাদিত এই পুরুষকে বিদিত হুইলে কেবল মুনিই হয়, কখনও কর্মা হর না। অতএব "এতমেন" এই বাক্য দারা মুনিত্লাছের অসাধারণ কারণ निर्फ़न कतिवात अग्रहे अवधातन कता हहेताह, कानिए हहेरव। विरम्बङ

ইহাও বুক্তিদিদ্ধান্ত, এই আত্মতত্ব বিদিত হইলে "কেন কং পশ্ৰেৎ" ইত্যাদি শ্রুতিবোধিত সর্ববিধ ক্রিমার অসম্ভব হেতু পরিশেষে জ্ঞানীর পক্ষে একমাত্র মনন ভিন্ন আর কিছু হইতেই পারে না। ব্রশ্বজ্ঞানের আরও মাধুধ্য -- প্রত্তীয়তা এই যে, এই আত্মলোঁকের প্রত্যাশায় প্রিতগণ প্রব্রজন গ্রহণ করেন অর্থাং সমস্ত কর্মা পরিত্যাগ করিয়া সন্ন্যাস গ্রহণ করেন। এখানে "এতমে " অর্থাৎ দর্বকর্ম্ম-দর্যাদের কারণরপে একমাত্র আত্মলোকের কামনাকেই এব-শব ঘারা নির্দারণ করায় পুত্র-বিতাদি বাছ-লোকাভিলাযী वाक्लिमिर्श्व मन्नारम अधिकांत्र मार्टे, रेटारे एिछ रहेन्नारह ; हेरा ध्वरे बुक्किक्क যে, কাশীবাসী ব্যক্তি গঙ্গাধার (হরিধার) প্রাপ্ত হইবার অভিলাষে কথনও প্রবাভিম্থে প্রহান করে না। অতএব পিতৃলোক, দেবলোক, মুখ্যুলোক এই ত্রিবিধ বাহালোকার্থিগণের পক্ষে পুত্র, কর্মা ও অপরব্রহ্ম-বিষ্ণাই একমাত্র সাধন বা উপায়। এই জন্ম শ্রুতিও বলিয়াছেন যে, "পুজেপায়: লোকো জয়ো নাত্মেন কর্মণা" অর্থাৎ এই বহিলোক একমাত্র পুত্র দারাই জেতব্য, কিন্তু অন্ত কর্ম দারা নহে ইত্যাদি। কাজেই যাহারা সেই বাছলোকার্থী, তাহাদের পক্ষে পুঞাদি সাধন পরিত্যাগ পূর্বক কথনই পারিবাজ্য (সন্ন্যাস) গ্রহণ করা বৃত্তিবৃত্ত নহে; যেহেড, পরিব্রাজ্য দারা তাহা দিদ্ধ হইতে পারে না। তাহা হইলে ফলত: ইহাই অবধারিত হইল যে, আত্মলোকেচ্ছু ব্যক্তিগণই প্রব্রজ্যা গ্রহণ করেন, প্রবজাই তাঁহাদের অভাইসিদ্ধির কারণ। আত্মলোকপ্রাপ্তি অর্থে আর কিছুই নহে, কেবল অবিদ্যানিবৃত্তি সাধিত হইলে জ্ঞানখন ^{*}আনন্দম**র স্ব-স্থরূপে** অবস্থান মাত্র। অতএব বেমন আত্মলোকের অ-সাধক বিধায় পুত্রাদিকেই বাহলোকের মুখ্যদাধন বলা হয়, দেইক্লপ কেহ যদি আত্মলোক পাইতে ইচ্ছা করে, তবে তাহার পক্ষে সর্ব্বপ্রকার ক্রিয়া হইতে উপরম বা নিবৃত্তিই প্রধানতম সাধন। পুত্রাদি হইতে আত্মলোকসিদ্ধি অত্যন্ত অসম্ভব, এ জন্ম বন্ধজানে উহাদিগকে অমুকুল না বলিরা বিরুদ্ধই বলা হটরাছে। স্নতরাং আত্মলোকপ্রার্থ-গণ প্রব্রজ্যাই করিয়া পাকেন, দর্ববিধ ক্রিয়া হইতে অবশুই নিবৃত্ত হন, কদাচ ক্রিমার্ছান করেন না: কেন না, বাহ্ন-লোকাভিলাধীর পক্ষে যেমন পুত্র-বিস্তাদি দাধন সমুদ্দ নিম্নমিত্রপে আছে, দেইরপ আবালোকার্থী বন্ধজ্ঞের পক্ষেত্ সর্বকামনানিবৃত্তি বা পারিব্রজ্য নিম্নমিতরপে বিহিতই হইতেছে। কেন যে আ বালোকপ্রার্থিগণের •সন্ন্যাসগ্রহণ কর্ত্তব্য, তত্তিন অন্ত উপায় অবলঘনীয় নহে, সম্প্রতি সেই বিষয়ে অর্থবাদরূপে হেতু প্রদর্শিত হইতেছে। মুমুকুগণের

পারিবজ্যের কারণ এই বে, (যেহেতু) পূর্ববর্তা বিধান—আত্মতভ্রম পণ্ডিতগণ প্রজা কামনা করেন নাই: অপরাপর (সগুণ) ব্রশ্ব-বিস্থার (উপাসনার) কামনা করেন নাই। এ স্থলে শ্রুতি 'প্রজা' পুর্ব্বোক্ত ত্রিবিধ লোকের পাধক-পুত্র, বিত্ত (কর্ম) ও অপরা বিদ্যাকেই লক্ষা করিয়াছেন, অর্থাৎ তাঁহারা পুত্র, বিত্তঃ ও লোকত্রয়সাধক কর্ম্বের ष्वसूक्षीन करत्रन नारे। यनि वल (य, ष्रशता विमा) (ष्राताधना) वालिस्तरक ব্যন ব্যুত্থান (কর্মবির্তি) হয় না, তথন ব্যুত্থানের অন্নুরোধে অব্শুই বলিতে इटेर्ट ए. डांहाता चार्थ चारता विमान चात्राधमा कतिशाहित्नन। डेखत-ना, এ অলপত্তি হইতে পারে না; কারণ, ব্রন্ধজ্ঞের সম্বন্ধে অপবাদ শাস্তই অপরা विमात প্রতিবাদী অর্থাৎ "অন্ধ তং পরাদাৎ, যোহন্তত আত্মনো অন্ধ বেদ, সর্কং তং পরাদাং" ইত্যাদি। অর্থাৎ ত্রদ্ধ তাহাকে পরাস্ত বা বঞ্চিত করেন,যে অনায়ায় আাত্মদর্শন করে, সকলই তাহাকে পরাভূত করে, যে আত্মভিল্লে আত্মদর্শন করে, ইত্যাদি। এই অ-পরব্রহ্মদর্শনকেও শ্রুতি নিন্দা করিতেছে। কেন নাঁ, অ-পরব্রহ্মও সমত্ত জগৎপদার্থেরই অন্তর্গত। বিশেষত: যথন "যত্র নাজৎ পশুতি নাজৎ শূণোতি" অর্থাৎ ষেত্রন্ধজ্ঞানে অন্ত কোন দর্শনই নাই, অন্ত কোনই শ্রুত হয় না ইত্যাদি শ্রুতিও অক্ত দর্শনের প্রতিবাদক, আর তিনি অপূর্ব্ধ—নিষ্কারণ, অনপর— অকার্য্য, অনস্তর ও অবাহ্য (বাহান্তরশুরু) ইত্যাদি শ্রুতি ব্রন্ধের কার্য্যকারণ বাহ্য অভ্যন্তর সকল क्कारनबरे श्रीठिनांप कविराज्यक्रन धवर "रमरे मगराय कि क्राराटक प्रियाद क क्रानित" ইত্যাদি ছারা বথন আত্ম-ভিলের অলীকত্বই প্রতিপাদিত হইমাছে, তথন ৰুক্তি ও ভর্কামুদারে বৃঝিতে হইবে যে, একমাত্র আত্ম-দর্শন ব্যতীত ব্যুখানের প্রতি অন্ত কোন কারণ অপেক্ষিত নহে। অতঃপর প্রব্রাঞ্জিদিগের কামনা পরিত্যাগে অভিপ্রায় কি, তাহা বলিতেছেন—সেই পূর্বতন বিষদ্গণ মনে করিয়াছিলেন যে, আমরা প্রজা-পুত্ররূপ সাধন থারা কি আঁতীষ্ট সিদ্ধ করিব › প্রজা কেবল বাছলোকত্তমের সাধন, ইহা তাঁহারা নিশ্চিতভাবে মনে कतिशाहित्नन, त्मरे वाश्रताकवा यामात्मत याचा रहेत्व १५०० नार, সমস্তই আমাদিগের আত্মস্বরূপ এবং আমরাও সমস্তের আত্মন্তরপ। মুতরাং আত্মা বলিয়া অর্থাৎ আত্মা হইতে অনতিরিক্ত বলিয়াই আর প্রাপ্তীচ্ছার বিষয়ীভূত নহে। কেন না, আত্মার আত্মত খত:দিছ, তাহা কোন সাধন ধারা উৎপত্তি, প্রাপ্তি, বিকার ও সংস্কার এই চতুইর কিন্তার मत्म कान कियातरे गांधा नत्र, व्यर्थां व्यापावन कान वानि कर्डक

কোনরপ দাধন (উপায়) बाরা উৎপাদ্য আপ্য, বিকার্য্য কিংবা সংস্কার্য্য * হইতে পারে না। যদিও আত্মহাজীদিগের আত্মসংস্কারার্থ কর্ম আছে, কিন্তু তাহাও কেবল কার্য্যকরণরূপী—শরীরেক্রিয়ে আমাদর্শনের জ্ঞ। কেন না, এই আমার অঙ্গ এই কর্ম প্রারা সংস্কৃত হইল, এইরংপ অঙ্গের সহিত আত্মার অঙ্গাঞ্জি ভাব শ্রুত হয়। কিন্তু এক্মাত্র নিরন্তর বিজ্ঞানখন আন-দরসময় আত্মদর্শীর পক্ষে অঙ্গাঞ্চিভাবরূপ ভেদদর্শন কি দেহাদি-সংস্কার কোন মতেই সম্ভবে না, এই জনাই তাঁহারা মনে করিরাছিলেন, আমরা প্রজাদি ভোগ-সাধন্ ধারা কি করিব ? আত্মজানীদিগের এই জ্ঞান অসমত নহে, প্রত্যুত সম্পূর্ণ উপযোগী। আর অবিধান পুরুষগণেরই বাছলোক-क्रण क्ल श्रक्षांनिमाधन बाता निष्क कर्ती छेठिछ इत्र-विधातनत नरह, त्कन ना, यिनि জন প্রকৃত দেখিরাছেন, তিনি আর জনত্রমে মরীচিকার ধাবিত হইবেন কেন? অর্থাৎ বথন তিনি দেখিতেছেন যে, ইহাতে জলবিন্দুও নাই, কেবলমাত্র উষর ভূমি ধৃ ধৃ করিতৈছে, ইহা দেখিয়াও কি তাহাতে জল পাইবার আশায় আর চেষ্টা হইতে পারে, যে তাহা জানে, তাহার পক্ষে তাহা অসম্ভব। এইরপ পরমার্থ আত্মদর্শী আমাদেরও মূর্গ লোকের প্রবৃত্তিগোচর মরীচিকাবৎ অসৎ-সম বিষয়ে প্রবৃত্তি হওয়া ৰুক্তিৰুক্ত নহে; এই মনে করিয়াই তাঁহারা তাহা হইতে নিবৃত্ত হইয়াছিলেন। শ্রুতি নিজেও এই কণাই বলিতেছেন যে—পরমার্থ-দর্শী আমাদের সম্বন্ধে অশনায়া-পিপাসাদি সমস্ত সংসারধর্মবর্জিত এবং মুগ বা তঃথ, ভাল বা মন্দ ক্রিয়া দারা অবিকার্যা এই আত্মনোকই অভিপ্রেত ফল (তাহাদের পক্ষে প্রজা, বিত্ত, অপরাবিদ্বায় প্রয়োজন কি?) বাস্তবিক যে আত্মা সাধ্যসাধনাদি সর্ব্বপ্রকার সংসারধর্মবর্জ্জিত, সেই অসাধনীয় আত্মার পক্ষে কোন প্রকার সাধনামুসন্ধানই বুথা; কেন না, যাহা সাধ্য, তাহার সিদ্ধির निमिखहे .माधना (यवर्ण व्यावश्चक इहेब्रा थारक। व्यमाधा वखत माधना समझान করিতে হইলে তাহা বাস্তবিক জলভ্রমে স্থলে সম্ভরণ করা হয়, কিয়া শৃত্যপথে

^{*} ইহার তাৎ পরা এই—কর্মাত্রই চারি ভাগে বিভক্ত; — উৎপান্ত, আগা, বিকার্য ও সংখার্যা। তথাগে কর্ত্তা সাধনপ্ররোগ বারা বাহার অভিনব উৎপাদন করে, তাহা উৎপান্ত, যেমন ঘট, পট প্রভৃতি। আর ক্রিয়াবিশেব বারা যে অপ্রাপ্ত বস্তবিংশবের প্রাপ্তি, তাহা আগা, বেমন গমন ক্রিয়ার পর্বত ও গ্রাম প্রভৃতি কর্ম এবং ক্রিয়া বারা যে কর্মের বরুপের উত্তেহপূর্বক গুণান্তর উৎপন্ন হর, ত হা বিকার্যা, যেমন কাঠ দক্ষ হইরা ভন্ম হয়। ক্রিয়া বারা বেগানে ক্লোনরূপ ভণাত্তিশন্ন উৎপন্ন হর, তাহা সংখার্যা, বেমন সানাদি-লোভিত দেহাদি।

শকুনির পদ অম্বেরণের মত হইয়া থাকে। অতএব ব্রাহ্মণগণ এই আত্মাকে বিদিত हरेंग्रा প্রভ্যাই করিবে-কদাচ কোন কর্মায়ন্তান করিবে না। যেহেতু, প্রাচীন বিধান বান্ধণগণ প্রকামনা না করিয়া এবং অবিধান প্রুষ্থের কার্য্য বলিয়া সাধ্য-गांधनामि वात्रकांत्र मकन निन्दी कत्रज कि श्राह्मका. कि विराज्जका, कि लारका সমস্ত কামনা হইতেই নিবৃত্ত হইয়া ভিক্ষাচর্য্যা (প্রবন্ধ্যা গ্রহণ) করিতেন, এ কথা পূর্বেই ব্যাপ্যাত হইরাছে। এই জন্মই আত্মলোকেচ্ছু ব্যক্তি দকল প্রবন্ধা করিবেন, ইহাই বিহিত হইল। এখানে "প্রব্রজন্তি" ইহা "প্রব্রেজয়:" এই বিধি অৰ্থে প্ৰযুক্ত, ইহা অৰ্থবাদ নহে; কেন না, "প্ৰব্ৰজম্ভি" এইটি যদি বিধি না হইয়া অর্থবাদ হইত, তাহা হইলে কথনও ইহাতে জীবকৈ আরুষ্ট করিবার জন্ম পুদ্রাদি-লোকের প্রশংসা প্রকুক হইত না। এমন কর্থনও হয় না বে, প্রবৃত্তিমার্গের প্রশংসা पात्रा निवृत्तिमार्श कीव আकृष्ठे इटेगाहि। অথচ দেখিতেছি वर्ष, প্রজ্যার অর্থ-বাদরণে "এতদ্ব শ্ব" ইত্যাদি পরবর্ত্তী বাক্য প্রবর্ত্তিত হইমাছে। যদি প্রব্রহ্যাবোধক योग अर्थवानरे ठरेल, जरव धरे 'धलक य' रेलामि अर्थवान निवर्धक रहेल, कम ना, व्यर्थनाम व्यन । निकारक मुख् कतियात इन्छ व्यश्त व्यर्थनामरक व्यर्शका करत ना । भवत थेडकाविका विश्वित्वाधक इहेटलहे निष्ट्या मृह्य कतिवात अग्र वर्णवान (এতদ্ব শ্ব) অপেকা করিতে পারে। বুক্তি এই যে, যেহেতু "পূর্ব্বতন বিদান্গণও প্রজাদি কর্ম হইতে ব্যুখিত (নিবৃত্ত) হইয়া প্রবন্ধা (সন্ধ্যাস) আচরণ করিয়াছেন, অতএব ইদানীস্তন বিদান্গণও এই প্রব্রজ্যা আচরণ করিবে" এই বিধিবোধ হেডু যথন 'প্রেজন্তি' শক্তে 'প্রেজেয়ু:' স্বরূপ বলিতেই হুইবে, তথন আর তাহা লোক-্ **স্ততিপর হইতে পারে না। বিজ্ঞানের সমানক ইত্বভা**ে প্রব্রজ্যার উল্লেখহেতুও উহা অর্থবাদ নতে, ইহা পুর্বেই ংশিয়াছি। বিশেষতঃ বেদামুণ্ডন প্রভৃতির সহপঠিত বলিরাও স্ততিপর হইতে পারে না; অভিপ্রায় এই যে, যেমন আত্মজানের माधनकर्ण विविच त्रनाञ्चवनन প্রভৃতির वर्षार्थकः है। अर्धवाहक नाहे, তেমন সেই বেদাতুবচনের সহিত একত্র আত্মলোক-প্রাপ্তির সাধনরূপে পঠিত প্রবস্থারও অর্থবাদত্বকরনা বুক্তিসহ নহে। আরও একু কথা-মদি প্রভাা লোকস্কতিপরই हरेरन, जरन श्रवसाति अ श्रवानि माधरनत विकित कन जैशनिष्ठे हरेरन रकन ? राग, "धरे जाज-लाक कान नित्रा" रेश विन्ना जनाना कन स्टेट जाजारक शुथक कतिया निर्फन कतियाहन । 'शूल बाबारे धरे लाक स्वल्या, अना कर्यबाता नरह' . अहे वटन द्यमन शृथक् एन निर्मिष्ठ इरेग्नाए, किया द्यमन कर्य पात्रा शिकृतना के सब ंबिटर रेजानि विভिन्न कन উপनिष्ट रुरेनाहरू, उक्कन श्रवका। कन (मुक्ति) कुछन्न

নির্দিষ্ট আছে। আর এ কথাও বলিতে পার না যে, প্রবজ্যা বাক্যান্তরবোধিত বলিয়া বিধিপর নহে, অর্থবাদস্করপ, কেন না, ইহাও প্রধানের মত অর্থবাদ-সাপেক অপ্রাপ্তপ্রাপক বিধি। অতএব এই প্রব্রজ্যাকে অর্থবাদ বলা ভ্রান্তির কার্য্য। আর অনুষ্ঠের পারিব্রাল্য ধারা ইহার স্ত্রতি উপপন্ন হইতে পারে না, কেন না. যদি পারিব্রাজ্যধর্মটি অনুষ্ঠেম হইয়াও অনোর স্ততি-পর হয়, তাহা হইলে অনুষ্ঠের 'দর্শ-পূর্ণমাসাদি' যাগও অব্যের স্তুতি-পার হইতে পারে, বুক্তি উভয় স্থানেই সমান। আর এতদ্ভিত্ন অন্ত কোন স্থলেই এই প্রব্রজ্যার কর্ত্তব্যতা অবগত হওয়া যায় নাই-বাহাতে এই স্থলে প্রত্ত্তী বাকাট স্ততিপর হইতে পারিবে। পক্ষান্তরে, অন্ত কোঁন স্থলে মাত্র যদি পারিব্রাজ্যের বিধি কল্পনা করা হয়, তথনও বলিতে হইবে যে. এথানেই তাহা মুখ্য এবং অন্তত তাহা ₹ইবার নছে; यদি হয়, তবে দে গৌণ—অর্থাৎ মুধ্য নছে। পুনশ্চ, यদি অনধিকৃত প্রকরণেও পারিত্রাজ্যের বিধান কলিত হয়, তবে বলিব, সে কলে বুকাদি হইতে অবতরণাদি কর্মাও বিহিত হইয়াছে; কারণ, কর্তব্যভাজানাভাব উভর পক্ষে তুলাই। অতএব এই পারিব্রাজ্যবাক্যে অর্থবাদের লেশমাত্রও কল্পনা করিও ना । खात यनि नल, यनि धहै जाशालांकरे ठाँशनित्वत धकमां के शिणा रम, তবে তাহার প্রাপ্তিয়াধন কর্ম্মের অনুষ্ঠান হয় না কেন ? পারিব্রাজ্যে প্রয়ো-ङ्ग कि १ উত্তর - এই আগ্র-লোক কোন প্রকার কর্মের সহিতই সম্বদ্ধ নহে, বিশান্গণ দে আত্মাকে ইচ্ছা করিয়া প্রব্রুৱা করিবে, সেই আত্মা কি সাধনরূপে, কি ফলরূপে. অধিক কি,পূর্ব্বোক্ত উৎপাত্মাদি প্রকার-চতুষ্টরের মধ্যে কোন প্রকার কর্ম্মের সহিত্ই সম্বন্ধ হয় না। কেন না, এই আত্মা 'নেতি নেতি' প্রভৃতি ঐতি দায়া অগ্রাফাদি-স্বরূপসম্পন্ন ও নির্বিশেষরূপে নির্দিষ্ট। যেহেত, উক্ত প্রকার কর্ম ফল ও কর্মসাধনের সহিত সম্পর্কহীন এবং সর্কবিধ সংসার-ধর্মবর্জিত, বিশেষতঃ অস্থুলছাদি-ধর্মবিশিষ্ট, অজ, অজর, অমত, অমর, অভয়, ঘনীভৃত নৈশ্ববথণ্ডের স্থায় এক-ৰসময়, স্বয়ংজ্যোতিঃ বা স্বপ্রকাশ, অন্বিতীয়, পূর্ব্বাপরহীন এবং অনস্তর ও অবাহা, ইহা শাস্ত্র ও বৃক্তি ছারা সিদ্ধান্তিত হইয়াছে, আর थे **बन**क-याक्रवका-मःवारि मार्ट बक्रवक्र विर्मयक्रिश निर्कातिक हरेग्राह, অতএব এই প্রকার আত্মাকে আত্মরূপে জানিলে আর কর্মানুষ্ঠান সম্ভব হয় না। কেন না, চকুমান পুরুষ দিবাভাগে পথ চলিতে বাইয়া আর আন্ধের ভার কথনও কৃপে কিংবা কণ্টকে নিপতিত হয় না। যথন দেগিতেছি, সমস্ত কৰ্মাফলই বিস্থাফৰের অন্তর্ভু ত, তথন কর্মসাধ্য সমস্ত ফণ্ট বিশ্বানের অষত্বস্থলত, ভবে আর

কোন্ বিখান্ পুরুষ কি নিমিত্ত অষক্ষহনত সেই কর্মনাতের নিমিত্ত রুথা কট্ট স্বীকার করিবেন। প্রবাদ আছে যে, "অর্কে (অকে) চেন্মধু বিন্দেত কিমর্থং পর্ব্বতং **बस्बर। रे**ष्टेक्नार्थक मल्लारकी का विषान् गन्नमानदार।" यनि व्यक्-वृत्करे किया গৃহকোণেই মধু প্রাপ্ত হওয়া ুযায়, তাহা হইলে আর সেই মধুর নিমিত তুর্গম পর্বতে যাইতে হইবে কেন ? ব্রদ্ধজ্ঞানীর অভীইসিদ্ধি করতলগত যথন দেখিতেছি, তথন তাহার (সিদ্ধু বস্তর) লাভের জ্ঞা কোন্বিছান্পুরুষ কর্মানুষ্ঠানকে অস্বীকার করিয়া থাকে ? সমস্ত কর্মফল যে বিভাফলের অন্তর্ত, তাহা ভগবদগীতাতেও উক্ত হইমার্ছে,—"সর্ব্বং কশ্মাথিলং পার্থ জ্ঞানে পরিদমাপ্যতে।" হে পার্থ—অর্জুন! এক জানেই সমস্ত কর্ম চরিতার্থ হয়। অধিক কি, এই উপনিষদেও বলিয়াছেন যে. অহাস্থ ব্যক্তি একমাত্র ব্রদ্ধজানীর লভ্য প্রমানন্দের অংশমাত্র পাইয়া আনন্দময় হইয়া আছে। অত্তব ব্ৰহ্মজ্ঞের কশ্বানুষ্ঠান অত্যন্ত অসম্ভব। এক্ষণে উপসংহারে বক্তব্য এই যে,যেহেতু এই আত্মজ্ঞ ব্যক্তি সর্ব্বপ্রকার এষণা (প্রাবিস্তাদি) হটতে নিবুত্ত হইয়া নিজেকে "নেতি নেতি"-রূপে সূর্ববিধ বৈত নিষেধের অবধিভাবে অবস্থিত সেই এক আত্মরূপেই প্রাপ্ত হয় এবং সেই চিদ্-ধনানন্দময়স্বরূপে অবস্থান করে, দেই হেতু এই বিশেষজ্ঞ ও আত্মস্বরূপে অবস্থিত বিশানকে যে এই হুইটি বক্ষ্যমাণ বিষয় আক্রমণ করে না, ইহা খুবই যুক্তিযুক্ত। শেই ছটি বিষয় কি কি ? তাহাই শ্রুতি জানাইতেছেন যে, আমি ক্লেশময় শরীর-शात्रांति अरमाज्ञत अञि পाशकर्य कतिमाहि, हेश भूवहे खकार्ग इहेमारह, এই পাপকর্মের ফলে আমাকে নরকে বাস করিতে হইবে। এই যে অফুতাপ অর্থাৎ কর্মান্ত্র্ভানের পর কষ্টময়দশার যে বিভীষিকামর পরিতাপ, তাহা সেই ব্ৰক্ষজানীৰ হৰ না অৰ্থাৎ যিনি সমস্ত দৈত হইতে বিমুক্ত আত্মাকে যথাৰ্থ আয়ুক্রপে জানিয়া আয়ুস্তক্রপ প্রাপ্ত হইষ্ণাছেন, তাঁহাকে এই পরিতাপ আর ভোগ করিতে হয় না। কেবল ইছাই নছে, ক্মী গেমন ফলভোগের কামনা বশতঃ ৰজ্জদানাদি কর্ম্ম করিয়া মনে করে যে, "আমি ৰজ্জদানাদি স্থকর্ম করিয়াছি, নিশ্চরই ইহার ফলে জ্মান্তরে পরম স্থভাগ করিব," এই আনন্দ তাহাকে উৎকুল্ল করে, সেইকুণ ব্রহ্মজ্ঞানীকে তাহা স্পর্ণ করিতে পারে না, অর্থাৎ জনাস্তরীণ এবং ইছ-জনাকৃত কোন কর্মাই তাঁহার অপূর্ব্ব অর্থাৎ পুণাপাপ উৎপাদন করিতে পারে না, স্নতরাং তাঁহাকে তাহার ফলভোগও করিতে হয় না। এতদ্ভিদ্ন নিত্যকর্মায়ন্তান ও তাহার অকরণ এই কৃতাকৃত কর্মও ইহাকে উপতাপিত করিতে পারে না, পরস্ক যিনি অনাত্মঞ্জ, তাঁহাকে এই ক্বত (নিত্য কর্মান্স্টান) কর্ম স্থ-ফল দান করিয়া ক্ষীণ হইলে উপতাপিত করে এবং নিত্যকর্মের অন্তুষ্ঠাননিমিত প্রত্যুবায় ছঃধন্ধণে তাঁহাকে পীড়িত করে। এক্ষবিদের পক্ষে ঐ ক্বতাকৃত কর্ম্মের ফলভোগ না হইবার কারণ—দেই ব্রহ্মজ্ঞ পুরুষ আাত্মবিভারণ অগ্নি বারা সমস্ত কর্মরাশিকে ভশীভূত করিয়া থাকে। এঞ্জন্ত গীতায়ও শ্রীভগবান্ বলিরাছেন যে, "যথৈধাংসি সমিদ্ধোহয়ির্জন্মপাৎ কুরুতেহর্জুন! জ্ঞানাথিঃ সর্ব্ধকর্মাণি ভত্মপাৎ কুরুতে তথা " হে অর্জুন! যেমন প্রদীপ্ত অগ্নি কান্ধরাশিকে ভক্ষীভূত করে, দেইরপ জ্ঞানাগ্নি সমস্ত কর্ম্মরাশিকে ভত্মাভূত বা ফলদানে অক্ষম করিয়া ফেলে। व ममख कर्यकरन धरे त्रह जातक हरेबाएह, त्कवन त्रहे मकन त्रहातुलक প্রারন্ধ পাপ-পুণাই ভোগ ধারা ক্ষর পাধ্য হয়। সতএব ন্তির হইল যে, ব্রহ্মবিৎ পুরুষের কোন কর্মান্ত্রন নাই॥ ২২ ॥

তদৈত্বভাতুকেমেধ নিত্যো মহিমা আহ্মণস্থ ন বৰ্দ্ধতে কৰ্মণা নে। কনীয়ানু। তাস্ত্ৰৈব স্থাৎ পদবিত্তং বিদিস্বা ন লিপ্যতে কর্মণা পাপকেনেতি তস্মাদেবংবিচ্ছান্তো দান্ত উপরতস্তিতিক্ষুঃ সমাহিতো ভূত্বাহহলুয়েবাত্মানং পশ্যতি দৰ্বমাত্মানং পশ্যতি ; নৈনং পাপ্যা তরতি সর্ববং পাপ্যানং তরতি নৈনং পাপ্যা তপতি সর্ব্বং পাপ্যানং তপতি বিপাপো বিরজোহবিচিকিৎসো ত্রাহ্মণো ভবত্যেষ ব্রহ্মলোকঃ সম্রাড়েনং প্রাপিতোইদীতি হোবাচ যাজ্ঞবল্ক্যঃ। সোহহৎ ভগরতে বিদেহান্ দদামি মাঞ্চাপি সহ দাস্থায়েতি॥২৩ণা

এই ব্রান্ধণোক্ত বিষয়ট ঋক্ স্মুর্থাৎ মন্ত্রও প্রকাশ করিয়াছেন। এই "নেভি নেতি" শ্রুতাক্তস্বরূপ মহিমা নিতা, এতদ্ভিন যাহা কিছু মহিমা আছে, তৎসমূদায়ই কন্মকৃত, এ জগু অনিত্য। যিনি দর্কবিধ এষণা (পুত্রবিন্তাদি) পরিত্যাগ করিমাছেন, দেই ব্রন্ধবিদের এই "নেতি নেতি" শ্রুত্যক্ত-শ্বরূপ মহিমা স্বাভাবিক, স্বতরাং নিত্য। বন্ধবিদের এই 'নেতি নেতি' শ্রভাক্তর্ত্বপ মহিমা কেন বাভাবিক ৷ কেন নিতা ! শ্রুতি তাহার

কারণ বলিতেছেন-দেখা যায়, সকলেই ফুকর্ম করিয়া তাহার ফলে স্ফীতভারপ বিকার প্রাপ্ত হয়, আর অশুভ কর্ম্ম বারা অপচয়রূপ করে, কিন্তু এই ব্রহ্মজ্ঞ পুরুষ সনুষ্ঠিত ওজকর্ম দারাও বৃদ্ধিরূপ বিকারপ্রাপ্ত হন না, এবং পাপকর্ম বারাও কনীয়ান অর্থাৎ হাসরপ ক্ষয়ত লাভ করেন না---তিনি সর্বাবস্থায়ই দম থাকেন। জীবজগতে সর্ববিধ বিকারই ঐ উপচয় ও অপচরের অন্তর্ভ ত, হুতরাং দে সমুদ্রের প্রতিষেধ দারাই অন্তান্ত সমস্ত বিকার প্রতিবিদ্ধ হইল। অতএব বিকারহীনতা নিবন্ধনই এই মহিমা নিতা। অন্তএব দেই মহিমারই পদবিং হইবে, পদ অর্থে জ্ঞের মহিমার স্বরূপ, তাহার অভিক্লকৈ পদবিৎ বলে। অতঃপর তাঁহার স্বরূপ—(পদ) জ্ঞানে ফল কি? তাহাও কণিত হইতেছে— সেই নিতামহিমাকে বিদিত হইলে ধর্মাধর্ম কোন পাপেই লিপ্ত হইতে হয় না। বিহানের নিকট ধর্মাধর্ম উভয়ই পাপশ্রেণীতে (ক্লেশদামকর্মপে) পরিগণিত। যেহেতু, ব্রহ্মজ্ঞের এই 'নেতি নেতি' ইত্যাদি দারা বোধিত মহিমা কোন কর্মসংযুক্ত নহে, সেই হেড় তিনি আঁত্মসহিমা कानिया गांस व्यर्थार ममस्य वार्का क्षियदानिया इहेर विवाध हरेया थारकन, शरत দাস্ত অর্থাৎ অন্তঃকরণ-গত তৃঞাবৃত্তি হইতে নিবৃত্ত হঁইয়া উপরত অর্থাৎ সমস্ত কামনা হইতে বিনিম্ম্ ক্ত হন ও কর্মসন্ন্যাস গ্রহণ করেন; অতঃপর ত্রথ ছংথ-পীত-গ্রীমাদি বন্দ সহিত্রু এবং সমাহিত অর্থাৎ ইন্দ্রিয় ও অস্তঃকরণের চাঞ্ল্যের নিবৃত্তিপূর্ব্বক একাগ্যচিত্র হইরা এই দেহেন্দ্রিয়সমষ্টির মধ্যেই যিনি অন্তর্গামিরূপে বর্ত্তর্গান, নেই প্রত্যগান্ত্রাকে—চেতনকে দর্শন করেন। পূর্ব্বেও এই সাধনচতুষ্টম লাভের পর ব্রন্ধনশনে অধিকার 'বাল্যঞ্চ পাণ্ডিড্যঞ্চ নির্কিন্য' ই সানি স্মৃতিতে প্রস্তিভাবে প্রকাশিত হইনাছে। এখানে এরণ আশকা হইতে পারে যে, তবে কি তাঁহারা এই দেহমাত্র-পরিমিত আ্মাইচতন্তকেই নিরীক্ষণ করেন ? তলিরাসার্থ বলিতেছেন যে, না, তাহাঁ নহে, কিন্তু সমস্তই আত্মকপে দর্শন করেন, এমন ি, কেশাগ্রমাত্রও আত্মব্যতিরিক্ত নহে, এইরপই জানেন। পরিশেষে দেই আত্মদননের (চিন্তার) ফর্লে জাগ্রৎ, স্বপ্ন ও প্রযুপ্তি নামক অবস্থাত্তর অতিক্রম করিয়া মুনি তুরীয়ভাবে উপনীত হন। এই প্রকারে আত্মন্ত্রিক পুণাপাসকপ পাপা আক্রমণ করিতে পারে ন:; বর: এই ব্রহ্মক্ত পুরুষই উক্ত সমস্ত পাপকে আত্মভাবে প্রাপ্ত হইছা অতিক্রম করেন। সেইরূপ কতাকত-স্বরূপ পূণা-পাপও ইইফনপ্রাপ্তি ও প্রত্যবায় উঃপাদন দারা ইহাকে উপতাপিত করিতে পাছে না, তিনি স্বয়ংই পাপকে তাপিত করেন। কারণ, ব্রশ্বক

পুরুষ সর্ব্ধবস্তুতে আত্মদর্শনরূপ বহিং দারা তৎসমস্তই ভক্ষীভূত করিয়া ফেলেন। অতএব এরপ জ্ঞানবান্ পুরুষ বিপাপ অর্থাৎ ধর্মাধর্মাদিপাপরহিত, বিরজ: অর্থাৎ রজোধর্মা—কামনারহিত, অবিচিকিৎস—সন্দেহশূল হইরা 'আমিই দর্কময় পরব্রহ্ম' এইরপ অবিচলিত বিখাদে প্রকৃত ত্রাহ্মণ হন। বস্ততঃ এই অবস্থায় উপস্থিত আহ্মণই প্রাকৃত আহ্মণ; তৎপূর্বে তাহার আহ্মণত গৌণ। যাজ্ঞবন্ধা জনককে সধােধন করিয়া বলিলেন, হে সমাট্। তুমি এই পূৰ্ন্দোক অগ্লেষ প্ৰাপ্ত হইয়াছ, অৰ্থাৎ "নেতি নেতি" দাৱা পরিশেষে প্রাপ্ত যে অভয় ত্রন্ধপদ এই যে সর্বাত্মভাব, ইহাই অকান্ননিক মুখ্য ত্রন্ধলোক, অতংপর তুমি তাহাতে উপনীত হইয়াছ। অনন্তর জনক যাক্রবন্ধ্য ক্তৃকি **এইভাবে বদ্ধভাব প্রাপ্ত হইয়া 'যাজ্ঞবদ্ধাকে বলিলেন, বন্ধন্!** আপনার অনুগ্রহে ব্রন্নভাব প্রাপ্ত হইয়াছি, অতএব ভগবন্! আমি আপনাকে এই সমস্ত বিদেহরাজ্য প্রদান করিতেছি। অধিক কি, সামি হইতে আপ্রমার দাস্যকর্মে নিযুক্ত, আমি আপনাকে এই বিদেহের সহিত আত্ম-সমর্পণ করিলাম। এতাবতা গ্রন্থে সন্ন্যাস ও অঙ্গসমন্থিত ব্রন্ধবিস্তা তাহার ইতি-কর্ত্তব্যতার (পূর্ব্বকর্ত্তব্যেক) সহিত সমাপিত হইল এবং যাহা পরমপ্রুষার্থ মোক্ষ, তাহার নিরূপণ্ও এইথানেই পরিসমাপ্ত হইল। বিশেষতঃ এতাবৎ গ্রন্থ দারা ইহাই উপिक्ट ट्रेंग (व. ट्रेटारे विक्रिनिष्ठी, रेटारे भवमा गि. रेटारे जीरवर निः ध्याप (একমাত্র মঙ্গল) এবং ইহা প্রাপ্ত হইয়াই জীব কত-কৃত্য হইয়া প্রকৃত ব্রাহ্মণ্যলাভ করে। ইহাই সমস্ত বেদের অমুশাসন, স্নতরাং মিধ্যা নছে॥ ২৩ ॥

স বা-এষ মহানজ আত্মাহন্নাদো বস্থদানঃ। বিন্দতে বস্থ য এবং বেদ॥ ২৪॥ ·

সম্প্রতি ব্রহ্মোপাসনার ফল প্রদর্শিত হইতেছে।—অতীত জনক-যাজ্ঞবন্ধ-সংবাদে যাঁহাকে আত্মরূপে বর্ণনা করা হইল, তিনিই মহান্—বিভূ, অজ—জন্মাদি-রহিত, আত্মা—সর্কত্রে অনুস্যুত, অদ্মাদ—সর্কপ্রাণীর অন্তঃস্থিত হইমা সর্কবিধ আন্নের—ভোগ্য বস্তুর ভোক্তা এবং বস্থদান—ধনদাতা হন অর্থাৎ সমস্ত প্রাণীকে নিজ নিজ-কৃত কর্ম্মের ফলৈ যোজিত করেন। যে জন সেই অজ, অন্নাদ ও বস্থদান আত্মাকে অন্ন, ভোগ ও বস্থদানগুণবিশিষ্টরূপে জানে, সে সর্ক্ষ্পৃত্তর আত্মভূত হইমা সর্কবিধ অন্ন—ভোগ্যবন্ধ ভোগ করে এবং বস্থ অর্থাৎ সর্ববিধ কর্মকল লাভ করে। তাঁহার এইরূপ অন্ন-ভোগ ও বম্নদানতা কিছুই বিচিত্র নহে, বেহেতু, তিনি সর্বজীবেরই জীবন—অন্তরাঝা। অথবা ঐ শ্রুতির তাৎপর্য্য অন্তরূপ। মথা—ধাহারা ঐতিক অন্নভোগ ও বম্নলাভ কামনা করেন, তাঁহারা আয়াকে ঐরপ গুণবিশিষ্টরূপে উপাসনা করিবেন। সেই উপাসনাফলে তাঁহারা অন্নাদ হন ও বম্ন লাভ করেন, অর্থাৎ তাঁহাদের ইহলোকে দৃষ্ট অন্নভোক্তম্ব ও সমস্ত গো-অর্থ প্রভৃতি ভোগ্য বস্তর সহিত সম্বন্ধ ঘটে॥ ২৪॥

স বা এষ মহানজ আত্মাহজরোর্থমরোইম্তোহভয়ো ব্রহ্মাভয়ং বৈ ব্রহ্মাভয়ত হি বৈ ব্রহ্ম ভবতি য এবং বেদ ॥ ২৫ ॥

ইতি চতুর্থং ব্রাহ্মণম ।

একণে সমস্ত আরণ্যকের যাহা প্রতিগাদ্য বিষয়, তাহাই প্রকল্প করিয়া এই ব্রাহ্মণাংশে প্রকাশ করিতেছেন। উদ্দেশ্য এই যে, ইহাই সমস্ত আরণ্যকের প্রতিপাদ্য বস্তু। সে কারণ সমস্ত আরণ্যকে কি কি বিষয় উক্ত হইয়াছে, এখানে তৎসমূদ্রই প্রদর্শিত হইতেছে।—

সেই এই মহান্ আত্মা অজর অর্থাৎ কথনও জীর্ণ বা রূপান্তরে পরিণত হয়
না, আর থেহেতু অজর, সেই কারণেই তিনি অমর, অর্থাৎ তাঁহার ধবংস নাই।
দেখা যায়, যে বন্ধর উৎপত্তি ও পরিণাম বা জরা আছে, তাহারই বিনাশ
বা মৃত্যু ঘটে, যেহেতু, এই আত্মা উৎপত্তি ও জরাহীন, কাজেই অবিনাশী,
আর অবিনাশী বলিয়াই তাঁহাকে অমৃত বলিয়া ঘোষণা করা হয়। অমৃত
অর্থে তিনি উৎপত্তি হিতি ও লয় এই তিবিধভাববিকারবর্জিত, আর
এই জয়ই সন্তা, বৃদ্ধি ও পরিণাম ও তৎকৃত কর্ম্ম ও মোহরূপী তিবিধ মৃত্যু কর্তৃক
বিরহিত আত্মাকে বৃশা বায়। থেহেতু, এই আত্মা জয় প্রভৃতি উক্ত তিবিধ
বিকারপরিশৃন্ত, অভএব এই তিবিধ বিকার-কৃত্ত কাম কর্ম্ম মোহ প্রভৃতি মৃত্যু
কর্তৃকও পরিত্যক্ত। আর এই কারণেই তিনি অভয় অর্থাৎ থখন পূর্ব্বোক্ত
সর্বপ্রকার বিকার-বিজ্ঞিত, তখন আর তাহার ভয় কি? ভয়মাত্রই অবিদ্যার
কার্যা; সেই অবিদ্যার কার্য্য ভয়াদির প্রতিবেধও ভাববিকারের প্রতিবেধ দারা
হইয়াছে জানিবে। আত্মা বে অবিদ্যাসম্পর্কহীন, তাহাও এতদারা প্রতিপন্ন
হইল। প্রশ্চ সেই অভয় আত্মাই ত্রশ্ধ অর্থাৎ নিরতিশন্ধ মহান্; ইহা খ্বই

লোকসিদ্ধ বস্তু যে, যিনি অভয়, তিনিই ব্রহ্ম,এই আত্মা অভয়ত্বগুণবিশিষ্ট, স্বতরাং মহান্—ব্ৰহ্ম; ইহা সঙ্গত কথা। যে আত্মাকে অভয় ব্ৰহ্মস্বৰূপ জানে, সে স্বয়ং অভয় ব্রহ্ম ভাব প্রাপ্ত হয়, ইহাই সমস্ত উপনিষদের সংক্ষিপ্ত সারার্থ উক্ত হইল। এই বিষয়টি সমাক্রপে ব্ঝাইবার নিমিত্তই ৢ আত্মাতে উৎপত্তি-স্থিতি-প্রলম্বাদি করনা করা হইমাছে এবং নিঃসঙ্গ আত্মায় ক্রিয়া, কারক ও ক্রিয়াফলের আরোপ হইয়াছে। আর এই সকল আরোপিত ধর্মের ^{*}নেতি নেতি" করিয়া অপনমন-পূর্বক যথার্থ আত্ম-তত্ত প্রদর্শিত হইরাছে। ইহার একটি দৃষ্টাস্ত এই যে, বেমন অজ্ঞ ব্যক্তিকে সংখ্যা জ্ঞাপন করিবার জ্ঞা শিক্ষক এক হইতে পরার্দ্ধ পর্যান্ত রেখা লিখিয়া দেখান "এই এক রেখা, এই দশ রেখা, ইহা শভ, ইহা সহস্র", বস্তুত: ঐ সকল রেণার একটিও সংখ্যাস্বরূপ নহে, কৈবল সংখ্যাসক্রপপ্রদর্শনীই ভাহার অভিপ্রায়, নতুবা বে রেখা সংখ্যাস্বরূপ নহে, তাহার প্রকাশ হইতেই পারে না। কিন্তা যেমন বালককে অকারাদি বর্ণ শিক্ষা দিরার' অভিপ্রায়ে শিক্ষক প্রাদিতে মসীরেগারপ উপায় অবলয়ন করিয়া অকারাদি বর্ণের তত্ত্ব উপদেশ করিয়া থাকেন, কিন্তু বস্তুত: কথনও মসীরেখা বা পত্মাদির বর্ণত্ব নাই, ঠিক সেইরূপ এখানে কেবল ব্রহ্মো-পদেশের সৌকর্য্যার্থই তাঁহার উৎপত্ত্যাদি বিবিধ কল্লিভ উপায় অবলয়ন ছারা এক ব্ৰশ্নই নিব্ৰপিত হইয়াছে। পুনশ্চ, সেই সকল আবোপিত উপায়ের সত্যতা নিরাসের জ্ঞা সমস্ত বৈত উৎপত্যাদি ধর্মের পরিহার করিয়া গুদ্ধ বৃদ্ধ মৃক্তশ্বরূপ আত্ম-তত্ত্বের উপসংহার "নেতি নেতি" শ্রুতি ধারা করা হইয়াছে। অবশেষে কণ্ডিকার সেই উপসংহৃত পরিগুদ্ধ কেবল নির্বিশেষ জ্ঞানমাত প্রদর্শিত इहेल ॥ २० ॥

ইতি বৃহদার**ণ্য**কৈ চতুর্থে চতুর্থ ব্রাহ্মণ।

উপনিষৎস্থ চতুর্থাধ্যায়স্থা

পঞ্ম-ব্রাক্ষণম্

অথ হ যাজ্ঞবন্ধ্যস্ত দ্বে ভার্য্যে বভূবতুর্গৈত্তেয়ী চ কাত্যায়নী চ। তয়োর্ছ নৈত্তেয়ী ব্রহ্মবাদিনী বভূব স্ত্রীপ্রক্তিব তহি কাত্যায়নী, অথ হ যাজ্ঞবন্ধ্যোহত্যদ্রভ্রমূপা-ক্রিষ্যন্॥ ১॥

ইভঃপূর্ব্বে আগম-প্রধান (বাক্যমাত্রজীবী) মধুকাণ্ডে ব্রহ্ম-ভত্ব নির্দারিত হইয়াছে, পুনশ্চ কেবল শান্ত্রনিরূপিত সেই বিষয়ই মুক্তিপ্রধান বাজ্ঞবন্ধীয় কাণ্ডে ৰাদী-প্ৰতিবাদী পক্ষয় অবলম্বনপূৰ্ব্বক বাদানুবাদ দারা (তৰ্ক) বিঠারিত হইয়াছে । প্নরপি ষষ্ঠাধ্যামে শিষ্যাচার্য্য-সংবাদে প্রশ্ন-প্রত্যুত্তররূপে তাহাই বিচারপূর্বক সবিস্তরে উপসংহত হইয়াছে। অনস্তর সম্প্রতি সিন্ধান্তভানীর মৈতেয়ী আমণ আরম হইতেছে। নিগমন স্থায়কে বাক্পটু তার্কিকগণ প্রতিজ্ঞা প্রভৃতি পঞ্চাবয়ব-সম্পন্ন স্তামের পঞ্চম অবশ্বব বলিরা স্বাকার করেন অর্থাৎ বাদী যে প্রতিজ্ঞা করেন, তাহারই হেতু হারা সমর্থনান্তে হেতুসমর্থিতভাবে যে পুনরুল্লেখ, তাহাকেই নিগমন বল্লা হয়। পূর্ব্বপ্রতিজ্ঞাত তর্ক ধারাও বিষয়ের বে হেতৃভাবে পুনর্ব্বার নির্বাচন, তাহাই বাক্যবিৎ পূর্ববাচার্ঘ্যগণও অনুযোদন করিয়াছেন। গৌতম বলিয়াছেন, হেতুপ্রদর্শনের ছলে প্রতিজ্ঞার পুনরুলেখকে নিগমন বলা যায়। অথবা পূর্বের আগমপ্রধান মধুকাও বারা অমৃতত্বলাভের উপায়রূপে আগ্রজ্ঞান সন্মাদের সহিত অভিহিত হইয়াছে, তর্ক ধারাও সন্মাসসহ সেই আত্মজানই দৃদীক্বত হইতে পারে। যাজ্ঞবন্ধীয় কাও যে তর্কপ্রধান, ইহা সহজেই অবগত হওয়া যায়। অতএন ইহাই স্থিরীকৃত হইল যে, শাস্ত্র ও তর্ক ধারা সসন্যাস আত্মজ্ঞানই অমৃতত্ব (মোক) লাভের দাধক। স্তরাং বাঁহারা শান্তবাক্যে শ্রহালু অথচ মোক্ষাভিলাষী, তাঁহারা এই সাধন (আত্মজান)-ই অবলম্বন করিবেন। কেন না, বে সকল বিষয় শাস্ত্ৰ ও ৰুক্তি ছারা অবধারিত, তৎসমুদ্ধই অব্যভিচরিত অগাৎ বর্ণার্থ বরূপ বলিয়া শ্রদ্ধা করিবার বোগ্য। পুর্কে নৈতেয়ী-বাজ্ঞবন্ধ্য-সংবাদে नकन अछि त जादा वाशांज हरेशाह, व ऋति राहेक्य जाद्यम वृक्षित

হইবে। পরস্থাবে দকল শব্দ অব্যাখ্যাত আছে, এথানে তৎসমূদারেরই ব্যাখ্যা করা বইবে। হেতুপ্রদর্শনের পর পূর্ব্বে প্রতিজ্ঞাত আয়ু-জ্ঞানের মুক্তিশাধনতা বিষয়ে দিন্ধান্তের জনা আগমময় মৈত্রেরীরান্ধণ আরম হইতেছে। শুতিস্থ 'হ' শব্দ হারা পূর্ব্ব-নুতান্তের ফ্চনা হইল। মহর্ষি যাজ্ঞবন্ধ্যের তুই ভার্য্যা ছিল্লু, এক জনের নাম মৈত্রেরী, অপরের নাম কাত্যা-মনী। বে সময়ের কথা হইতেছে, তথন তাহাদিগের নধ্যে মৈত্রেরী ব্রহ্মবাদিনী ছিল এবং কাত্যায়নী স্ত্রী-জনমন্ত্র-বৃদ্ধিসম্পরাই ছিল অর্থাৎ গার্হস্থাশ্রমে ষাহা আবশ্যক, তৎসংগ্রহে তৎপরা হইরাছিল। ইত্যবসরে বাজ্ঞবন্ধ্যে পূর্ব্বোক্তি গার্হস্থাশ্রম হইতে আশ্রমান্তর (সন্ত্র্যাণ) গ্রহণে ইচ্ছুক হইয়া—

মৈত্রেঞ্চীতি হোবাচ বাজ্ঞবন্ধ্যঃ প্রজেষ্যন্ বা অরেহ্হমস্মাৎ স্থানাদিস্মি, হস্ত তেহ্নয়া কাত্যায়ন্তাক্তং করবাণীতি ॥ ২ ॥
জ্যেষ্ঠা ভার্যা মৈত্রেমীকে আহ্বান করিয়া বলিলেন থে, হে মৈত্রেমি! আমি
এই গার্হস্যাশ্রম হইতে প্রজ্যা গ্রহণ করিবার মানস করিয়াছি। এ বিষয়ে
ভোমার অভিমত কি ? আর বলি ভূমি ইচ্ছা কর; তবে এই কাত্যায়নীর সহিত্
আমার সম্বন্ধবশতঃ যে ভোমার সম্বন্ধ (সাপত্রা) আছে, তাহা বিচ্ছিয় করি
অর্থাৎ নির্ব্বিবাদের জ্লা পরম্পরকে বিষয় বিভাগ করিয়া দিই ॥ ২ ॥

সা হোবাচ মৈত্রেয়ী যন্ত্র, ম ইয়ং ভাগোঃ সর্ব্বা পৃথিবী বিত্তেন পূর্ণা স্থাৎ, স্থাং শ্বহং তেনামতাহহহো (৩) নেতি, নেতি হোবাচ যাজ্ঞবজ্ঞ্যো যথৈবোপকরণবতাং জীবিতং তথৈব তে জীবিত্থ স্থাদমত্ত্বস্থ তুনাশাস্তি বিতেনেতি॥ ৩॥

যাজ্ঞবদ্ধ্য এইরপে বলিলে পর মৈত্রেরী বলিল যে, ভগবন্! যদি ধনরত্বপূর্ণা এই সসাগরা পৃথিবী করতলগত হয়, তবে ভাহন দ্বারা আমি অমৃতত্ব লাভ করিতে (মৃক্তা হইতে) পারিব কি না ? অর্থাৎ বিভ্রমাধ্য কর্ম দ্বারা মৃক্তিলাভ করা ধার কি না ? তথন যাজ্ঞবন্ধ্য বলিলেন,—না, যেমন বিবিধ ভোগোপকর্ণ থাকিলে মহুযোর গাহস্য জীবনযাত্রা হুখে নির্কাহিত হয়, মেই প্রকারই তোমার গাহস্য হুথে দিন কাটিতে পারে, কিন্তু ধনরত্ব দ্বারা অমৃতত্বশাভের স্মাশাও নাই॥ ৩॥

সা হোবাচ মৈত্রেয়ী যেনাহং নামৃতা স্থাং কিমহং তেন কুর্য্যাম, যদেব ভগবান্বেদ তদেব মে জহীতি॥৪॥

তথন নৈত্রেমী বলিল ষে, আমি বাহা দারা অমৃতা অধাৎ নোক্ষপ্রাপ্ত হইতে পারিব না, তাহা লইয়া আমি কি করিব ? তগবন্। আপনি মৃতিলাভ বিষয়ে ষাহা হুগম পথ বলিয়া জানেন, তাহাই বিশেষ করিয়া বলুন ॥ ৪॥

স হোবাচ যাজ্ঞবঞ্চঃ প্রিয়া বৈ খলু নো ভবতী সতী প্রিয়মর্ধদ্বস্ত তহি ভবত্যেতদ্যাখ্যাখ্যাথি তে, ব্যাচক্ষাণশ্য তু মে নিদিধ্যাসম্বেতি॥ ৫॥

তথন যাজ্ঞবন্ধ্য বলিলেন যে, হে মৈত্তেরি ! তুমি পূর্ব্ব হইতেই আমার প্রীতিভাজন আছ, সম্প্রতি ভুমি আমার প্রিয় বস্তুই নির্দ্ধারিত করিয়াছ। এ জন্ম তোমার উপর বড়ই সম্ভুষ্ট। যদি তুমি মোক্ষোপায় জানিতে ইচ্ছা কর, তবে তোমার নিমিত্ত সেই মোক্ষোপায় ব্যাখ্যান করি ও তুমি আমার কথায় মনোযোগ দাও॥ ৫॥

স হোবাচ ন বা অরে পত্যুঃ কামায় পতিঃ প্রিয়ো ভবত্যাত্মনস্ত কামায় পতিঃ প্রিয়ো ভবতি। ন বা অরে জায়ায়ৈ
কামায় জায়া প্রিয়া ভবত্যাত্মনস্ত কামায় জায়া প্রিয়া ভবত।
ন বা অরে পুলাণাং কামায় পুজাঃ প্রিয়া ভবন্ত্যাত্মনস্ত কামায়
পুজাঃ প্রিয়া ভবন্তি। ন বা অরে বিভ্রুস্ত কামায় বিভং
প্রিয়ম্ভবত্যাত্মনস্ত কামায় বিভং প্রিয়ং ভবতি। ন বা অরে
পশ্নাং কামায় পশবঃ প্রিয়া ভবন্তান্মনস্ত কামায় পশবঃ প্রিয়া
ভবন্তি। ন বা অরে ব্রহ্মণঃ কামায় বহন্দ প্রিয়ং ভবত্যাত্মনস্ত
কামায় ব্রহ্ম প্রিয়ং ভবতি। ন বা অরে ক্ষল্রুস্ত কামায় ক্ষল্রং
প্রিয়ং ভবত্যাত্মনস্ত কামায় ক্ষল্রং প্রিয়ং ভবতি। ন বা অরে
লোকানাং কামায় লোকাঃ প্রিয়া ভবন্ত্যাত্মনস্ত কামায় কোকাঃ

প্রিয়া ভবন্তি। ন বা অরে দেবানাং কামায় দেবাঃ প্রিয়া ভবন্ত্যাত্মনস্ত কামায় দেবাঃ প্রিয়া ভবন্তি। ন বা অরে বেদানাং কামায় বেদাঃ প্রিয়া ভবন্ত্যাত্মনস্ত কামায় বেদাঃ প্রিয়া ভবন্তি। ন বা অরে ভূতানাং কামায় ভূতানি প্রিয়াণি ভবন্ত্যাত্মনস্ত কামায় ভূতানি প্রিয়াণি ভবন্তি। ন বা অরে সর্বক্ষ কামায় সর্বাং প্রিয়ং ভবত্যাত্মনস্ত কামায় সর্বাং প্রিয়ং ভবতি। আত্মা বা অরে দেক্টবাঃ প্রোতবায় মন্তব্যো নিদিধ্যাসিতব্যো মেত্রেয়ি, আত্মনি থল্পরে দুক্টে প্রেণতে মতে বিজ্ঞাত, ইদ্ধ্ সর্বাং বিদিত্মম্॥ ৬॥

যাজ্ঞবন্ধ্য বলিতে লাগিলেন, দেখ মৈত্রেন্নি ! পতির প্রয়োজনে কোন স্ত্রীই পতিকে ভালবাদে না. কেবল স্বার্থসিদ্ধির জন্মই পতি স্ত্রীর প্রিয় হয়। এইরূপ স্ত্রীর বার্থে স্ত্রী কোন পতির প্রিয়া হয় না—কেবল নিজ প্রব্যোজনসিদ্ধির জন্মই প্রিয়া হয়। পুত্রগণের প্রীতির জন্ম পুত্রসকল পিতার প্রিয় হয় না-কিন্তু পুত্র হইতে নিজ প্রয়োজন সিদ্ধ হয়, এই জন্মই পুত্র পিতার প্রিয়। সেইরূপ ধনরত্বের **স্বার্থে** ধনরত্নসকল সকলের প্রিয় হয় না—পরস্ত ধনরত্ন হইতে নিজ উদ্দেশ্ত সিদ্ধ হয়, এ জন্ম ধনরত্ব লোকের প্রিয় এবং পালিত পশুসকলও যে লোকের নিকট আদর পায়, তাহা পশুর নিজ স্বার্থে নহে, প্রভুর স্বার্থে। আরার বান্ধণের স্বার্থে কেহ ব্রাদ্দশকে ভক্তি করে না, নিজ স্বার্থেই ব্রাহ্মণ লোকের ভক্তিভাজন হয়। ক্ষত্রিয়ের প্রীতিসম্পাদনের জন্ম ক্ষত্রিরগণ কাহারও প্রিয় না. কিন্তু আপনার কার্য্যোদ্ধার তাহাদিগের নিকট হইতে সম্পন্ন ধর্ম, এ জন্ত ক্ষত্রিমণণ প্রীতিপাত হইমা পাকে। স্বৰ্গাদি লোকসকলও নিজ সাথে জীবের প্রিয় নহে—কেবল আপনার কামনার নিমিত্তই প্রিয় হয়। দেবগণ্ও দেবগণের প্রীতির নিমিত্ত প্রিয় হন না. কিন্তু কেবল আপনার অভিলায়ুসিদ্ধির জন্মই প্রিয়ু হন! বেদসকলও যে লোকের নিকট আদৃত হয়, তাহা বেদের প্রয়োজনে নহে—কিন্তু তাহা হইতে লোকের অভীষ্টসিদ্ধি হয়, এজন্ত লোকে বেদকে আদর করে। পৃথিব্যাদি ভূতের স্বার্থসিদ্ধির জন্ম তাহারা কাম্য শহে, কিন্তু ভোগের কারণ বলিয়া ভূতসকল প্রিয় হয়। অধিক কি,সকলের (অপরের) কামের নিমিত্তই সকলে প্রিম্ন হয় না,,কেবল আপন আপন কাম-শাধনের নির্মিন্তই সকলে সকলের প্রান্ন হয়। অতএব এই আত্মাই ড্রষ্টব্য-

শাক্ষাৎকারের বিষয়। শ্রোতব্য—অধ্যাত্ম-শাস্ত্র হইতে কিয়া সদ্গুরুর সাহায্যে আত্মবিষয় প্রবণ করা কর্ত্তব্য, তৎপরে গুরুম্থ হইতে প্রভ আত্মা সম্বন্ধে মনন অথাৎ উপস্থিত সন্দেহসকল নিরাসপূর্বক সিদ্ধান্ত স্থির করা উচিত এবং পরিশেষে নিঃসন্দিশ্ব সেই আত্ম-তত্ত্ববিষয়ে ধ্যান করা ব্রহ্মজিজ্ঞাত্মর কর্ত্তব্য হইতেছে। হে মৈজেয়ি! বেহেত্ব এই আত্মা দৃষ্ট হইলে অথাৎ প্রথমতঃ আচার্য্য ও শাস্ত্র হইতে প্রত হইবার পর মৃত্তি ও তর্ক দারা সমং বিচারিত হইলে, অবশেষে বিজ্ঞাত অথাৎ "ইহা এইরপই—অন্তর্কপ নহে" এই প্রকারে নির্দ্ধারিত হইবার পর এই সমস্তর্হ (সমস্ত জগৎই) বিদিত হয়। এখানে এই সমস্ত বিদ্ধিত হয়, এ কথায় বলা হইতেছে যে, বাহ্মকে যাহাকে আত্মা হইতে বিভিন্ন বুলিয়া মনে হয়, তৎসমূদ্মই বুঝিবে। আত্মবিজ্ঞানের প্রভাবে সেই সমস্ত বিজ্ঞাত হয়, কেন না,—এই দৃল্ভমান সমস্ত বিশ্বই আত্মনন্ধ প্রভাবে নাই তদত্তিরিক্ত নহে, কাজেই আত্মাকে জানিলে আর কিছুই অজ্ঞাত থাকে না।। ও।।

ব্রহ্ম তং পরাদাদেয়াই শ্রুত্রাত্মনো ব্রহ্ম বেদ, ক্ষত্রং তং পরাদাদ্ যেই শুক্রাত্মনঃ ক্ষত্রং বেদ, প্রোকান্তং পরা-ভূর্যোই শুক্রাত্মনা লোকান্ বেদ, দেবান্তং পরাভূর্যোই শুক্রাত্মনা দেবান্ বেদ, বেদান্তং পরাভূর্যোই শুক্রাত্মনা ত্রদান্ বেদ, ভূতানি তং পরাভূর্যোই শুক্রাত্মনো ভূতানি বেদ, সর্বাই তং পরাদাদেয়াই শুক্রাত্মনঃ সর্বাই বেদ, ইদং ব্রক্ষেদং ক্ষজ্রমিমে লোকা ইমে দেবা ইমে বেদ। ইমানি সর্বাণি ভূতানীদ্রত্ম সর্বাই যদয়মাত্মা। ৭॥

এখন পূর্ব্বোক্ত ব্রহ্মের সর্ব্বমন্ত বুক্তি প্রদর্শিত হইতেছে। যে ব্যক্তি ব্রাহ্মণ জাতিকে আত্ম-ভিন্নরপে অবগত হয়, ব্রাহ্মণ-জাতি তাহাকে পরাভূত করে, অর্থাৎ মোক্ষে অনধিকারী করে, কেন না, তাহার অপরাধ—সে ব্যক্তি আমাকে (ব্রাহ্মণ জাতিকে) ব্রহ্ম ভিন্ন ভাবে দর্শন করে। এইরূপ যে ব্যক্তি ফল্রিয়কে আত্ম-ভিন্নরপে জানে, ফল্রিয় ভাতি তাহাকে বক্ষা করে না। যে জন আত্ম-ভিন্ন ভাবে লোক সকলকে দর্শন করে, লোক সকল তাহার উপভোগে আসে না। দেবতা সকলকে তাহাকে উপেগা করেন, যে ব্যক্তি দেবতা সকলকে আত্মাতিরিক্ত-

রূপে জ্ঞান করে। বেদ তাহাকে বঞ্চিত করে—যে ব্যক্তি বেদকে আত্মা হইতে স্বতম্ব মনে করিয়াছে। এইরূপ সর্বভূত তাহাকে আত্ময় দেয় না, যে সর্বভূতকে পৃথক্ বলিয়া জ্ঞানে। স্তত্ত্বাং আহ্মণ. ক্ষল্লিয়, সকল লোক, দেবতা-সমূহ, বেদ-প্রপঞ্চ ও ভূত সকল, কিয়া এই দৃশ্মমান সমস্ত জগ্পই সেই এই আত্মা বলিয়া প্রথিত আছে॥ ৭ ॥

স যথ। তুন্দুভেই অমানস্থ ন বাহাগুন্ধাঞ্জু য়াদ্ গ্রহণায় তুন্দুভেস্ত গ্রহণেন তুন্দুভ্যাঘাতস্থ বা শব্দো গৃহীতঃ ॥ ৮ ॥

এ বিষয়ে দৃষ্টান্ত এই—বেমন ফুলুভি (বাল্ডবিশেষ) বাজিতে থাকিলে লোকে আর বাহু অন্তান্ত শব্দ গ্রহণ করিতে পারে না, কিন্তু ফুলুভির বা ফুলুভি আঘাতের জ্ঞানের সঙ্গেই সমস্ত শব্দ মিশ্রিত হইয়া গৃহীত হয়॥ ৮॥

স যথা শন্তান্ত প্রায়মানস্ত ন বাহাঞ্জ্বাঞ্জু গ্রাদ্গ্রহণায়, শন্তান্ত তু গ্রহণেন শন্তাগ্রান্ত বা শব্দো গৃহীতঃ ॥ ১ ॥

কিমা যেমন শৃত্যমুখ বার্-পূর্ণ হইরা বাজিতে থাকিলে লোকের অপরাপর বাহ্য-শব্দ লক্ষ্য করিবার শৃক্তি থাকে না, কেবল শত্যের ও শত্যধনির জ্ঞান হইলেই অপরাপর শব্দ তৎসহ অবিভক্তভাবে গৃহীত হয়॥ ১॥

স যথা বীণায়ৈ বাভ্যমানায়ৈ ন বাছাঞ্জাঞ্জুয়াদ্গ্রহণায় বীণায়ৈ ত গ্রহণেন বীণাবাদফ বা শব্দো গৃহীতঃ॥ ১০॥

অথবা বেমন বাণা বাদিত হইলে লোক আর বাহা শব্দ সমূহ পৃথগ ভাবে গ্রহণ করিতে পারে না,— কিন্তু বাণা বা বীণার শব্দীগ্রহণেই তৎসহ সমস্ত শব্দ গুহীত হয়, সেইরূপ আত্মার জ্ঞানের ঘারাই সমস্ত জ্ঞান সম্পন্ন হয়॥ ১০॥

স যথার্টেধায়েরভ্যাহিতস্থ পথগধ্যা বিনিশ্চরস্তোবং বা অরেহস্থ মহতো ওভুতস্থ নিশ্বসিতমেতদ্ যদুর্থেদে৷ যজুর্বেদঃ সামবেদোহথব্বাঙ্গিরস ইতিহাসঃ পুরাণং বিছা উপনিষদঃ श्लाकाः मृकागानूनाथानानि नाथानानोक्षेप হুতুমাশিতং পাগ্নিতময়ঞ্ লোকঃ প্রশ্চ লোকঃ সর্বাণি চ ভূতান্ত স্থৈবৈতানি সর্বাণি নিশ্বসিতানি॥ ১১॥

মৈত্রেরি ! আরও গুন, বেমন আর্দ্র কাষ্টস্থিত অধি হইতে নানাকৃতি ধূমরাশি পুথক্ পুথক্ হইরা বিনির্গত হয়, সেই প্রকারই এই মহাভূতের (আত্মার) ইহাই নিধানস্বরূপ অর্থাৎ এই মহাভূত হইতেই নিধানের মত ইহারা নির্গত **ब्हेबार्ट्ड** —गाडा जनारक श्रायम, राजुरर्यम, मायरवम, प्रान्नितामृष्टे प्रथर्यरवम, ইতিহাস, পুরাণ, বিভা, উপনিষদ, লোক, হত্ত, অনুব্যাখ্যান, ব্যাখ্যান, ইষ্ট (বাগ), তত (হোম), আ শিত (ভুক্ত), পান্নিত (পীত), ইহলোক, পরলোক, সমস্ত ভূত ক্ষেত্র পদার্থ , নামে প্রথিত। এই সমস্তই সেই মহাভূত পরমেশরের নিশাসম্বরূপ। ইত:পূর্বে চতুর্থ ব্রাহ্মণে অর্থাৎ উপনিষদের দ্বিতীয় অধ্যায়ে শব্দকে नियान त्नाम এक श्रकांत्र त्नांकांनिरकं उत्मात्र नियानकरण निर्भंठ तना হইরাছে; স্বতরাং দে স্থানে আর পৃথক্ উক্ত হয় নাই; কিছু এই প্রকরণটি সমস্ত শাস্ত্রার্থের উপসংহারপ্রকরণ, এজত এ স্থলে সেই উক্তপ্রায় বিষয় সকল ও म्लाष्ट्रार्थ भूषक भूषक्त्रार्थ निर्मिष्ट रहेग ॥ >> ॥

স যথা সর্বাসামপাত সমুদ্র একায়নমেব্র সর্বেষার্থ म्मानीश बर्शकायनरम्य मर्स्विषा भक्षाना नामिरक अकायन-মেবত সর্কেষাত রদানাং জিত্তৈকায়ন্নমেবত সর্কেষাং রূপাণাং চক্ষুরেকায়নমেবত দর্কেষাত শব্দানাত শ্রোজ্ঞানমেবত मर्द्धियोध मकत्रानाः सन अकायनस्य मर्द्धामाः विचानाध समय-(सकायनत्मवर मर्द्ववार कर्मगोर इ.अ.दिकायनत्मवर मर्द्ववा-यान-जानायुभक अकायनस्यव मर्स्वयाः विमर्शागाः भाग्रुत्तकायन-त्मवच मत्रविधामध्यनाः शानात्वकाग्रनत्मवच मत्रविधाः त्वनग्रानाच वार्शकायनम् ॥ ३२ ॥

বাজ্ঞবন্ধ্য আরও বলিলেন, সমূদ্র যেমন সমন্ত জলরা পির এক মাত্র পন্তব্যস্থান—
আধার, প্রগিল্রির যেমন সমন্ত পর্শের এক আশ্রর, জিল্লা বেমন সর্পরসের এক
নিকেতন, নাসিকা যেমন সমন্ত গল্পের একমাত্র স্থান, চক্ষু বেমন সর্পরসের একাধার, শ্রোত্র যেমন নিগিল শব্দের একমাত্র নিল্লার, স্থার বেমন সমন্ত বিশ্বার
এক আরতন, হস্ত যেমন সুর্পকর্ষ্ণের একমাত্র উপাদান, উপস্থ যেমন সকল
আনন্দের প্রধান আশ্রর, পার্ (মল-বার) যেমন সম্ভ মল-ড্যাপের মুধ্য আরতন,
পদন্তর যেমন সমন্ত পথি-গমনের একমাত্র আশ্রর, বাক্য বেমন সমন্ত বেদের
প্রধান আধার, তেমন এই আশ্রেণ্ড সমন্ত ভত্পদার্থের একমাত্র আধার—
সমন্তই তাহাতে অস্তর্ভু ও ॥ ১২ ॥

স যথা সৈদ্ধবদনোহনন্তরোহবাতঃ কৃৎস্নো রস্থন এবৈবং বা অরেহয়মাত্মাহনন্তরোহবাতঃ কৃৎস্নঃ প্রজ্ঞানঘন এবৈতেভ্যো স্থতেভ্যঃ সমুখায় তান্যেবামুবিনশ্যতি ন প্রেত্য সংজ্ঞাহন্তীত্যরে ব্রবীমীতি হোবাচ যাজ্ঞবন্ধ্যঃ ॥ ১৩ ॥

বেষন গনীতৃত সৈন্ধব-থণ্ডের বাহ্ন ও অভ্যন্তরে হাত্র হাস থাকে না, কিছ
সমন্তই একমাত্র লবণরসমন্নভাবে থাকে, মৈত্রেরি ! সেইরপই পরিপূর্ণ বাহাাভ্যন্তরহীন, ঘন-জ্ঞানমন্ন, সেই আত্মাও এই সকল দৃশ্রমান ভূতকে (জড়পলার্থকৈ)
অবলম্বন করিরা আবিভূতি হয় ও পুনর্কার তাহাদের বিলয়ের সঙ্গেই বিলীন হইরা
যার, অর্থাৎ ভূতোৎপত্তির সহিত সেই ব্রন্ধ নানা সংজ্ঞার সংজ্ঞিত হইনা ব্যবহারঅগতে নানা-ভাবে প্রতীত হয়, পরন্ধ ব্রন্ধজ্ঞান হারা বথন সেই ভূতের বিলয় হয়,
তথন আর সেই ব্রন্ধের অবান্তব (কাল্লনিক) নাম থাকে না । তাৎপর্য্য এই, —
আত্মবিত্রা হারা জাগতিকু সমস্ত কার্য্যরালি সম্পূর্ণরূপে বিলীন হইলে সৈন্ধরথণ্ডের
ন্তার অনন্তর (অন্তর-রহিত), অবাহ্ম (বাহ্ম-রহিত), পরিপূর্ণ, প্রজ্ঞান-বন একমাত্র
আত্মা অবন্ধিত থাকে ; কিন্তু তৎপূর্বে ভূতেন্দ্রিয়াছিল, সম্প্রতি বিল্যা হারা
কলতে যে আত্মা বিশেষ বিশেষ সংজ্ঞা লাভ করিয়াছিল, সম্প্রতি বিল্যা হারা
সেই সকল উপাধিবিশিষ্ট আত্মা ও তাহার কারণ-ভূত সংসর্গও নিবর্তিত হইলে
(বেছ-পাতানন্তর) তাহার আর কোন প্রকার উপাধি বা সংজ্ঞা থাকে
না । সৈত্রেরি ! ইহাই আমার ককব্য । বাক্সবন্ধ্য মৈত্রেরীকে এই প্রকার
উপারণ প্রহান করিয়াছিলেন ॥ ১০ ॥

সা হোবাচ মৈত্রেয়াত্ত্রৈব মা ভগবাম্মোহান্তমাপীপিগন্ন বা অহমিমং বিজানামীতি। স হোবাচ ন বা অরেহহং মোহং ব্রবাম্যবিনাশী বা অরেহ্যুমাত্মাহ সুচিছতিধর্ম্মা ॥ ১৪॥

তথন মৈত্রেরী বলিলেন থে, ভগবন্! আপনি যে আত্মাকে (ব্রহ্মকে)
পূর্বে "নিরন্তর" "বিজ্ঞান্থন" বলিরা নির্দ্দেশ করিরাছেন, তাহাকেই পরে
"ন প্রেতা সংজ্ঞান্তি"— "বিলরের পর সংজ্ঞাহীন" বলিলেন, এই কথাতেই
আমাকে মোহমধ্যে ফেলিরাছেন, এই জন্ম আমি ভবছুক্ত উক্তপ্রকার আত্মাকে
ঠিক ব্রিরা উঠিতে পারিতেছি নাণ তথন যাজ্ঞবন্ধ্য বলিলেন যে,
আমি এমন কোন কথা বলি নাই, যাহাতে তোমার মোহ আসিতে
পারে। মৈত্রেরি! এই প্রস্তাবিত আত্মা অবিনাশী; কারণ, বিনাশ
আর্থে বিকার—রূপান্তরপ্রাপ্তি যাহার স্বভাব, তাহাকেই বিশাশী বলা যার;
কিন্তু এই আত্মার কোন প্রকার বিকার নাই, অভএব অবিনাশী এবং
অন্তুক্তিত্তিধর্মা অর্থাৎ যাহার উচ্ছেদ বা ধ্বংস আছে, আত্মা সে স্বভাবসম্পন্ধ
নহে; তাৎপর্য্য এই—দেখা যার, বস্তর ছই প্রকার বিনাশ হন্ধ; এক বিকার,
ছিতীর মূলতঃ উচ্ছেদ। আত্মার পক্ষে সেই উভর্মবিধ বিনাশই সম্ভব নহে॥ ১৪॥

যত্র হি দ্বৈতমিব ভবতি তদিতর ইতরং পশ্যতি, তদিতর ইতরম ভিবরং জিছাতি, তদিতর ইতরখ রসয়তে, তদিতর ইতরম ভিবদিতি, তদিতর ইতরখ শৃণোতি, তদিতর ইতরং মনুতে, তদিতর ইতরখ স্পৃশতি, তদিতর ইতরং বিজ্ঞানাতি। যত্র স্বস্থ সর্বমায়েবাভূত্তং কেন কথ পশ্যেত্তং কেন কথ জিছেত্তং কেন কথ স্বায়তংকেন কমভিবদেত্তং কেন কথ শৃণুয়াৎ তংকেন কথ মন্ত্রীত তৎ কেন কথ স্পৃশাৎ, তৎ কেন কথ বিজ্ঞানীয়াণ, স এম নৈতি নেত্যাত্মাংগৃহো নহি গৃহাতেইশীর্য্যো নহি শীর্ষ্যতেই সঙ্গো নহি ব্যথতে ন রিষ্যাতি বিজ্ঞাতারমরে

কেন বিজ্ঞানীয়াদিত্যুক্তানুশাদনাহিদি মৈত্রেয্যেতাবদরে থল্প-মৃতত্বমিতি হোক্ত্বা যাজ্ঞবক্ষ্যো বিজহার ॥ ১৫ ॥ ইতি চতুর্থে পঞ্চমং ব্রাহ্মণম্।

এই ব্রান্ধণের অর্থ পূর্বের বছবার উক্ত হইমাছে, এ জ্বঁত এ স্থলে আরু কথিত হইল না। অতীত চারি অধ্যারেই নিবৈষ্মাভাবে আত্মা ও পর্মত্রক তুলা বলিয়া নির্দ্ধারিত হইয়াছে এবং তাঁহারই সাক্ষাংকার করিবার বিশেষ বিশেষ উপ।র সকল যদিও ভিন্ন ভিন্নর্রাপে নিরূপিত হই খাছে বটে, কিন্তু সর্ব্বপাই উপের অর্থাৎ উপায়লভা সেই একই আত্মা, যিনি চতুর্থ অধ্যায়ে অর্থাৎ এই উপ-নিষদের দ্বিতীয় অধারে 'নেতি নেতি' ইত্যাদি বাকা দ্বারাও নির্দিষ্ট ইইয়াছেন। পুনশ্চ পঞ্চম (ভৃতীয়) অধ্যায়ে শাকলোর শিরঃপতন পণ করিয়া যে শাকল্য-যাজ্ঞবন্ধ্য-সংবাদ কথিত হইমাছে, তাহাতেও সেই আত্মারই নির্মণন করা হইমাছে। পুনরার পঞ্চম (তৃতীয়) অধ্যায়ের সমাপ্তিকালে যথন পুনশ্চ জনকের সহিত यां खनरकात्र उक्तविषदः कर्णानकथन इत्र, उथात्र वनः वहे सान-उनिमेर সময় সেই ব্রন্ধের কথাই আলোচিত হইয়াছে; শুতরাং সেই প্রপাঠকচতুষ্টরে যে একমাত্র আত্মনিষ্ঠতাই অভিপ্রেত অর্থ—অন্ত কোন ইছার মধ্যে বিবক্ষিত বিষয় নাই, ইছা দেখাইবার নিমিত্ত "নেতি নেতি" বণিগা এই অধ্যান্তের শেষে তাহার উপসংহার করা হইয়াছে। কারণ, শত-সহস্র थकात्त जन्न-निक्रभग कतिरमञ्— ठर्करे वन आत्र भाखरे धत. कान थकारतेरे তত্ত্ব উপলব্ধিগোচর হয় না, কেবল "নেতি নেতি" অর্থাৎ ইহা নহে, ইহা নহে हैजानि প্রতিষেধের অবধিরূপে এক আত্মাই চরম বলিয়া উপলব্ধ হয়—তাউর অন্ত কিছু দারাই তক্ষোপনবি,হয় না; অতএব ইহাই সিদ্ধান্তরূপে বলিতে পারি বে, "নেতি নেতি রূপে আত্ম-স্বরূপজ্ঞান এবং সর্বসন্ন্যাসই এঃ মাত্র মোকলাভের माधन ना উপায়। এই অভিপ্রায়ের উপদংহারকুরণার্থ যাজ্ঞবন্ধ্য বলিলেন যে, "এতাবং" অর্থাৎ এইমাত্রই উপায় যে —নেতি নেতি প্রকারে অন্বয় আত্ম দর্শন। ইহাতে আর অন্ত সহকারিকারণের (কর্মের) আবশুকতা নাই; অমি মৈত্রেমি। তুমি আমাকে यে মাকের উপায় সম্বন্ধে এর করি ছিলে যে, "ভগবন। चार्यान वाहा माक्रमारखत जेशाब वित्रा जार्यन, जाहा चामारक वनून," ভাষা এই পর্যান্তই অর্থাৎ নেতি নেতি বারা সমস্ত বৈতপ্রপঞ্চের প্রতিবেধ করিয়া

পরিশিষ্যমাণ্যরপে যে আত্মদর্শন, তাহাই একমাত্র উপায় জানিও। এতদতিরিক অনোক্ষাধন আর নাই। অতঃপর যাজবন্ধ্য নিজের প্রিরতমা ভার্যাকে এই আত্মজান উপদেশ করিয়া কি করিয়াছিলেন ? শ্রুতি তাহা বলিতেছেন-পুর্কে "প্রবিদিবালমি" 'আমি প্রবজ্যার জন্ম প্রস্তুত' ইহা বলিয়া বে প্রবজ্যার প্রতিজ্ঞা করিরাছিলেন, তাহাই করিলেন অর্থাৎ প্রব্রজ্যা (সন্ন্যাস) গ্রহণ করিরাছিলেন। **धरे उउारक देहा ध्वकृष्टि हेहन ए. महाागरे उन्नविकाँत भविमीमा. जारा धक्र**ण পরিসমাপ্ত হইল। এই পর্যান্তই ব্রহ্ম সম্বন্ধে উপদেশ অর্থাৎ বেদোক্ত অমুশাসন, हैहाँहै পরম निष्ठी, हैहा করিলেই পুরুষকারসম্পাদন চরম হয়।

একণে এই সকল কথার উপর প্রকৃত শান্তার্থ অবধারণের জন্ম বিচার আবক্তক ছইতেছে, কেন না. কতকগুলি শ্রোতবাকা দেখা যায়, যাহারা আপাততঃ পরস্পর বিক্লমভাবে প্রতীয়মান হওরার তত্ত্ব-জিজাহ্বর মনে সংশব্ধ উৎপাদন করে, ব্যা-^{"বাবজ্ঞাবন অগ্নিহোত্ত যাগ করিবে।" "যাবজ্জীবন দর্শ-পূর্ণমাস বাপ করিবে।"} "ইহলোকে কর্ম করিবাই শতবর্ষ জীবিত থাকিতে ইচ্ছা করিবে।" "এই **অগ্নিছোত্র** সত্র (যাগ) ই জরা-মরণনিবারক।" এই সকল বাক্য ছারা একমাত্র পাইস্যাশ্রমের বর্ত্তব্যতা অবগত হওয়া বায়। আবার বতকগুলি বাক্য আছে, যাহারা আশ্রমান্তর-(সন্ত্রাস)বোধক; বথা--"তাঁহাকে (আত্মাকে) বিদিত হইরা এবং এবণাত্তর हरेए वित्रक हरेता थाउला कतिरव।" "आया-लाककामनावरे थाउला केतिरव।" "ব্ৰহ্মচৰ্য্য সমাপ্ত কৰিবা গুছী হইবে, গুছী হইতে বনী অৰ্থাৎ বান প্ৰস্থাবলম্বী হইবা পরে প্রব্রজ্যা গ্রহণ করিবে। অথবা, যদি বৈরাগ্য উৎপন্ন হর, তবে একেবারে ব্রহ্মটর্য্য हरेए अञ्चला शहर क्रिया, किःया गृह हरेए अथवा यानश्रह हरेए अञ्चला खर्ग कर्त्वता ।" कन कथा, यथनरे दिवांगा स्टेट्च, उथनरे श्रवका (मन्नांम) जनवयन করা উচিত। "ছইটি মাত্র পথ পুথকভাবে নির্মাত হইরাছে—এক ক্রিরাপথ, **অপর** সন্ন্যাস; তাহাদের মধ্যে সন্ন্যাসই গরীয়ান।" "কোন কোন স্কাদশী ঋষি কর্ম, সম্ভান, ধন ৰাৱা অমৃতহ লাভ করিতে না পারিয়া একমাত্র ত্যাগ বা সন্মাস ष्मरुवयन कतिबार तारे मुक्तित मस्तान পारेबाएइन," रेजानि। अधु अछि नएर, শ্বতিও এই প্রকার পরস্পর বিরুদ্ধ বিষয় বলিয়াছেন, বধা-- "এদ্মচারীই প্রব্রুদ্ধা গ্রহণ করিবে। বদি ব্রশ্বচর্য্যখনন না হয়, তবে বে আশ্রমে ইচ্ছা বাস করিছে পারে।" কেহ কেহ তাহার সম্বন্ধে ইচ্ছাধীন আশ্রম গ্রহণ করিবার ব্যবস্থা দেন। স্বৃতি আরও বলেন যে, "ত্রন্ধচর্য্যাশ্রমে বেদাধ্যমনের পর পাইস্থে <u> लिखुश्कर्यं बगरमाहनार्थ श्वार्लाकां मि लाएकत देख्ना कतित्व ७ वर्षाविधि</u>

শারি আধানপূর্বাক বজ্ঞানুষ্ঠান করত অতঃপর বনে প্রাংশ করিয়া মূনিব্রত গ্রহণ্ট্র-করিতে ইচ্ছা করিবে।" "ব্রাহ্মণ সর্ক্ষমদক্ষিণাযুক্ত প্রাজ্ঞাপত্য নামক ইষ্টি সমাপন পূর্বাক আত্মায় সেই বজ্ঞায়ি আরোপণ করি। গৃহ হইতেই প্রব্রজ্ঞা গ্রহণ করিবেন," ইত্যাদি। তাহা হইলেই দেখা ঘাইতেটো যে, এইরূপ সন্ন্যাসের বিকল্প, বর্ধাক্রমে আশ্রম গ্রহণ ও ইচ্ছানুসারে আশ্রমে প্রবেশের প্রকাশক শত শত শ্রুতি ও স্থতিবাকা বর্ত্তমান—যাহারা পরস্পর বিরুদ্ধমতের প্রকাশক। স্বতরাং ঐ সকল শাল্লার্থবিৎ বিঘানের আচারও পরস্পর বিরুদ্ধ এবং বাহারা ঐ সকল শাল্লার্থ-বাখ্যাতা পণ্ডিত, তাঁহারা বছবিৎ হইলেও তাঁহাদের মতের অনৈক্য লক্ষিত হন্ন। তবেই এইরূপ ছরুহ বিষয়ে মন্দর্দ্ধি মানবগণ কথনই যথার্থ শাল্লার্থ ধরিষ্কা লইতে পারে না। কিন্তু বাহারা শাল্প ও তর্কে পরিপ্রক্রন্দ্ধি বিচক্ষণ, কেবল তাঁহারাই ঐ সকল পরস্পর বিরুদ্ধ বাক্যের বিষয় বিভাগ করিয়া মীমাংসা করিতে সমর্থ হন। অতএব আমরা (ভাষ্যকার) ঐ বাক্যসকলের বিষয়-বিভাগ প্রদর্শনের নিমিত্ত বৃদ্ধির নিপুণ্ডা অনুসারে বিচার করিব।

প্রথমত: যথন দেখা হাইতেছে বে, "হাবজ্জীবন অগ্নিহোত্ত হাগ করিবে" ইত্যাদি শ্রুতির কর্ম প্রতিপাদন ব্যতীত অক্সপ্রকার অর্থ অসম্ভব, তথন ক্রিয়াপ্রতি-পাদনই শতাহার মুখ্য অর্থ ধরা হউক ; কেন না, মন্ত্রে আছে যে "তং যজ্ঞপাত্রৈ-দহিন্তি" অর্থাৎ দেই ব্যক্তির ষজ্ঞীয় ক্রকক্রবাদি পাত্র অঙ্গে রাথিয়া দাহ করিবে। **उत्वरं क्षांक इरेटक की**वनान्त ममत्र शर्यान्त कर्षारे क्षांक रहेटल । आवात्र श्रद्धांक অবিহোত বাক্যে জরা-মরণাতিক্রম ফলের উল্লেখ দেখিতে পাওয়া যায়। পুনশ্চ "ভন্মান্তং শরীরম," অর্থাৎ এই শরীর ভন্মে পরিণত করিবে, ইহাও একটি তাহার অমুকৃষ বাক্যা, কিন্তু ইহা সন্ন্যাদের বিরোধী প্রমাণ ; কেন না, সন্ন্যাস পক্ষে আর শরীরের ভন্মান্ততা সম্ভব হয় না, ভূমধ্যে প্রোথিত করাই ব্যবস্থা; সন্ন্যাসীর দেহ-দাহ নিষিদ্ধ। আর এই বিষয়ে (শ্রুতির কর্মনোধকতা বিষয়ে) স্থতিশান্তও माका अमान करत. यथा--याशासत श्रजीशानामि मानानास व्यर्थाए व्यखाष्टि भेशास সমস্ত ক্রিয়া মন্ত্র দারা সম্পাদিত হয়, তাহাদেরই এই বেদশাল্তে অধিকার— ষ্মস্ত কাহারও নহে। বিশেষত: যে সকল কর্ম সমন্ত্রকভাবে বেদে বিহিত चाह्य, उरममाखदरे भागानगर्गु खलूर्वम्या (तथा गरिएएह। जारा स्टेर्लरे কর্মত্যাগী সন্ন্যাসীর মাশানক্রিরার অভাব বশতঃ স্মার্ডধর্মে অনধিকার প্রতিপন্ন হওরাম শ্রোতকর্ম্মে বে অধিকার একেবারেই নাই, তাহা বুঝা গেল। বিশেষতঃ অধিত্যালে দোৰঞ্জিও আছে, বধা—"যে ব্যক্তি অগ্নি ত্যাগ করে, সে দেবতা-

দিগের বীর্যা-হত্তা হয়। অথচ সম্নাসীর অগ্নি-পরিত্যাগ মোক্ষধর্মে নির্দিষ্ট আছে। ভবেই স্যাসীর পক্ষে অগ্নিহোতাদি-বিধায়ক বাক্যের সার্থকা না থাকায় শ্রুতির কর্মবোধকতাই উদ্দেশ্য বলিতে হইবে, এই হইল কর্মবাদীর কথা। ইহাতে আশুদ্ধা इटेट शास था, यथन वादम कृथिटा दानित जात्र बाधानानित कि दिधान आहि, তথন বেদার্থের ক্রিমাবোধকতা বৈকল্লিক বলিব অর্থাং ক্রিমামাত্রবোধই বেদের উদ্দেশ্য নহে, সন্ন্যাস-বোধনও তাহার উদ্দেশ্য। তাহার উত্তর যে, না. - এই কল্পনাও হইতে পারে না; যেহেতু, ব্যথানাদি-বোধক শ্রুতিসকলের অভিপ্রায় স্বতন্ত্র, কর্মতাাগ নহে অর্থাৎ আপাততঃ যে অর্থ কল্লিত হইয়াছে, তাহা উহাদের প্রকৃত कार्य नहर ; किन ना. "शावड्डीयन क्यांदिशंख हाम कतित्व," धवः "शावड्डीयन দর্শ-পূর্ণমাস বাগ করিবে,"ইত্যাদি শ্রুতির জীকনমাত্রই নিমিত্তহেতু অর্থাৎ যত দিন कीवन. उठ मिनरे कर्खवा, धरे कारा यथन यावब्जीवामि अठिश्व जात ज्यशिखन কল্পনার সভাবনা নাই, কিন্তু ব্যুখানাদি বাক্যের অর্থান্তর কল্পনা করা সভব অর্থাৎ কর্ম্মে অনধিকৃত ব্যক্তির পক্ষে দার্থকতার সন্তাবনা আছে, যেহেতু মন্ত্র বলিয়াছেন যে, "কর্ম্ম করিয়াই শত বংসর জীবিত থাকিবে," ইত্যাদি, এবং "এই कर्मावलाहे अता ७ मुछा कर्डक विमुक्त इम्र" धहे वाका होता यथन स्त्री छ মৃত্যুদ্ধপ অবকাশ ব্যতীত ব্ঞিগণের কর্মবিস্থোগেরও সম্ভবনা নাই, তথন ক্মি-গণের পক্ষে শুশানান্ত কর্মাধিকারের বিকল্প হইবার সম্ভাবনা কোথান্ত পক্ষান্তরে, শ্রোত কর্মানধিকারী কাণ-কুজা'দ ব্যক্তিরও শ্রুতির অমুগ্রতের পাত হওয়া উচিত, এই নিমিত্ত তাহাদের জন্ম ব্যুখানাদি আশ্রমান্তরবিধান করা অসমত হয় নাই। विष तल य, जारा रहेटल जन्मार्गाष-च्यान्यम-शत्रश्वतासूमादत मन्नाटमत क्रमविधान निकल हरेबा পড়ে 🌶 উত্তর – না, निकल हब्र ना ; कांत्रन, विश्वकिए ও সর্ব্ধমেধস वाश श्रुत्वहे गावब्दीवन अधिरहाजामि विधित गांधा शाकाम जागत मधावना आहि. অর্থাৎ বাবজ্জীবন অগ্নিহোত করিবে, এইটি সাধারণ বিধি, এবং "বিশ্বজিৎ" ও "দুর্ব্বনেধ্ন" যাগের বিধি বিশেষবিধি, অথচ এরপ একটি নিয়ম আছে থে. বিশেষ বিধি থারা দামান্ত বিধি বাধিত হয়, এ জ্বতা বিশেষ বিধি অপুৰাদ ও मधातम विधि छेरमर्ग नाम एकँमार्ख निर्मिष्ट । वशास मधातम विधि-रवाधिष्ठ অগ্নিহোত্রও তর্কশান্ত্রের নিয়মান্ত্র্গারে বিশেষ বিধি বা অপবাদ বিধি-বোধিত विश्वाहिए ७ "मर्कास्मम" बाता व्यवश्रहे नाधिक हहेरत, क्रिन मा, विश्वाहिए ७ স্বামেধ্য বাগে নিজের সমস্ত সম্পত্তি সমর্পণ করিতে হয়, কিঞ্মাঞ্জ हाथिए नारे, अथे निर्धन नगात्र अर्थित अमुद्धादिः अर्थमाधा के मुकन

অগ্নিহোত্রাদি কর্মণ্ড সম্পাদিত হুইতে পারে না, কাজেই সেই স্থলে অগ্নিছোত্রাদির বাধ করিয়া প্রব্রুগা গ্রহণ সন্তব। অতএব এইরূপ স্থলেই ক্রম-সন্ন্যাস-বিধি সার্থক বলিতে পারা যায়, স্কুতরাং বেন্দ্রচর্য্য সমাপ্ত করিয়া গৃহী হইবে, গৃহী हरेए वनी हरेरव, वनी हरेश अवका। (मन्नाम) शहे कर्तित्व, वह क्रमविधानक শ্রুতিরও আর কোন বিরোধ নাই। আর এই প্রকার বিষয়ভেদ কল্পনা করিলে সন্ন্যাদের ক্রম-বিধারক বাক্যেরও আর কোনরূপ বিরোধ দৃষ্ট হয় না। ক্রমবিধির উপপত্তির জন্ম অন্তবিধ কল্পনা করিলে অর্থাৎ প্রব্রজ্ঞার বিকল্প শীকার করিলে যাবজ্জীবন অগ্নিহোত্র-বিধায়ক শ্রুতির সঙ্কোচ করা হয়, অর্থাৎ তাহার লক্ষ্য বিষয় ছোট করিয়া দেওয়া হয়, অথচ এইরূপ শ্রুতির সঙ্কোচ না করিয়াও 'বিশ্বজিত্ব' 'সর্কমেধ্য' যাগন্থলে ক্রমবিধির কল্পনা করিলে আর কোনই वांशा शांक ना। এथन मिक्रांख-वांनी उङ्ख्द वर्णन ए,--ना,-- धरेक्रभ পুর্ব্বপক্ষবাদীর এতাদৃশ কল্পনা সঙ্গত হইতে পারে না। যেহেতু, আ্লু-জানকে মোক্ষতেতু বলিয়া স্থাকার করা হইয়াছে; দেখ,—দেই "আত্মেত্যেবোপাদীত।" এই আবাজ্ঞানের কর্ত্তব্যভার প্রতিজ্ঞা হইতে "স এষ নেতি নেতি" এই পর্য্যস্ত আত্মার স্বরূপ-নির্ণয়াব্রি গ্রন্থ থারা যে আত্ম-জ্ঞানের উপসংহার করা হইয়াছে, তুমিও তাশকেই মোক্ষ-দাধন বলিয়া স্বীকার করিয়াছ, কিন্তু এখন "এতাবদেবা-মৃতত্বসাধনমন্ত্রনিরপেক্ষম," অর্থাৎ কেবল ইহাই (আত্মজ্ঞানই) অক্লের সাহায্যনিরপেক্ষ-(কর্মনিরপেক্ষ) ভাবে মোক্ষসাধন, এই বাকাটি সম্ করিতেছ না, অতএব তোমাকে জিজাসা করি তবে তুমি আত্মজানকেই বা * (মোক্ষসাধন বলিয়া) সহু করিতেছ কেন ? এত কথা বলিতেছি কেন, তাহার কারণ প্রবণ কর—যে ব্যক্তি স্বর্গকামী অথচ স্বর্গপ্রাপ্তির উপায়ে অনভিজ্ঞ, তাহাকে বেদ বেমন অগ্নিহোতাদি কর্ম দেখাইয়া স্বৰ্গ-লাভের উপায় বলিয়া জ্ঞাপন করে অর্থাৎ সেই কর্মকে বৈমন বেদবোধিত বলিয়া প্রাধারণে গ্রহণ করে, এখানেও সেইরূপ মোক্ষের উপায়ানভিজ্ঞ অর্থচ মোক্ষেছ্ (মৈত্রেয়ীর) নিমিত্ত "যাহাকে ভগৰান মোক্ষোপায় যদিয়া জানেন, তাহাই আমায় বলুন," এই প্রকারে জিজ্ঞানিত মোক্ষোপার "এতাবদেব" "এই যে বলিলাম, ইছাই মোক্ষো-भाष, **धरे भर्यास** উक्त बाकाल ज त्वम कर्डकरे विकाशिज रहेग्राहि। ज्व रेराक শানিবে না কেন ? ইহাই ত ভোমার আত্মজানকে মোকোপাররূপে ওনিবার कथा। अथन जाहा हरेता त्यमन त्यम-विहिज विशाय अधिरहाजामि कर्यमकन यर्ग-শাধন বলিয়া শ্বীকার কর, ঠিক্ সেই ভাবে এখানেও আত্মজ্ঞানকেও বেদ বে ভাবে

্মোক্ষোপায় বলিয়াছেন, তদ্ধপে স্বীকার কর, উভর পক্ষেই বেদ তুল্যপ্রমাণ, স্বতরাং অবশ্রই ঐ মত স্বীকার্য্য। যদি বল, এইরূপ স্বীকার করিলে লাভ কি ? হা, তাহাও বলিতেছি,—বেহেতু, আত্ম-জ্ঞান সমস্ত কর্ম্ম-হেতু-ভূত অবিস্থার নিবর্ত্তক, তথন অবিভার উপমর্দন বারা আত্মবিভা প্রতিষ্ঠা লাভ করিলে সমস্ত কর্ম্ম-নিবৃত্তি সম্পন্ন হইবে। কেন না, অগিহোতাদি কর্ম সকল ভার্যা-ছ্বানি-প্রভৃতি সাপেক্ষ, ত্বতরাং নিয়ত তৎসম্পূক্ত, তাহা হইলেই সেই দৈতবৃদ্ধি-(আত্মাভিন্নতা জ্ঞান) বিষয়ীভূত অন্বি-দেবতারূপ সম্প্রদান-সাধ্যতাই অগ্নিহোত্রাদি কর্মে আসিরা না কি ? বেহেতু, ভেদবৃদ্ধি-বিষয়ীভূত সম্প্রদানকারকরূপী অগ্নিদেবতা ব্যতীত অধিহোতাদি কর্ম কথনই সম্পন্ন হইতে পারে না। যে হৈতবৃদ্ধি সম্প্রদান-कांत्रकरक कर्त्मत्र माधन विविधा छेशानग निर्छिष्ट, स्मरे तूकिरक अटेब्छ বন্ধবিষ্ণা উদিত হইমাই নষ্ট করে। বেহেতু শ্রুতি বলিমাছেন,—"যে জানে যে. আমি অন্ত, এবং অমুক অন্ত; দে কিছুই জানে না। যে ব্যক্তি দেবভাগপকে আত্মা হইতে পুথকু রূপে দেখে, দেবতারা তাহাকে মোক্ষ হইতে বঞ্চিত করেন। অধিক কি, যে ইহলোকে নানাভাবের তায় এন্ধকে দেখে, সে মৃত্যুর পর মৃত্যু (জন্ম) প্রাপ্ত হয়।" স্মারও বলিয়াছেন যে, "ব্রহ্মকে এক প্রকারেই দেখিবে। জানী সমস্তই আত্মভাবে দেখে," ইত্যাদি। এখানে আপাতত: আগ্লুকা হইতে পারে যে, যথন পবিত্র স্থানে শুদ্ধকালে শান্তাচার্য্যের উপদেশ-সমুৎপন্ন জ্ঞানই পুরুষার্থ-(মোক্ষ) সাধক হয়, তবে ব্রশ্বজ্ঞান পক্ষেও ভেদবৃদ্ধি-বিষয়ীভূত দেশাদির অপেক্ষা থাকাৰ আছবিছা ভেদবৃদ্ধির উপমৰ্দক বা নিবৰ্ত্তক হয় কিব্নপে? ইহার উত্তর—আত্ম-জ্ঞান কথনও দেশ, কাল ও নিমিত্তাদির অপেক্ষা করে না। কেন না, আত্ম-জ্ঞান যথার্থ বস্ত্র-(আত্মা) গ্রাহক, মুতরাং তথার আর পুরুষের चाज्या नारे,-- (कवन वस्त्रहे धांधान ; वस्त्र शक्त स्ट्रेंद्र, क्यान किंक् मिट्रेक्शहे হয়, কিন্তু ক্রিয়াতে বিশেষ আছে; বেছেতু, ক্রিয়া পুরুষ-তন্ত্র, ফুতরাং त्यथात्न तमन, कान, निक्छिमित्र अर्थका आहि, आत खान व्य-छत्न, **अ कन्न** (मन, कांग वा निमित्र कांशह अगारिक नार, वर्षार के तमन, कांग अ निमित्र-নিরপেক্সাবেই আত্মজান উৎপন্ন হয়। যেমন বভাবতঃ উষ্ণ অগ্নি এবং স্বভাবতঃ मूर्डि-होन आकाम निक शर्यारभित्र क्या कान तम-कानानित अर्भका करत ना, আৰুজানও ঠিক সেই প্ৰকার। তাহাতে অবশ্ৰ আপত্তি হইতে পারে বে, यि डाहारे रह वर्षा पि गर्सक पंडाशशृक्षक महामग्रहणरे व्यवज्ञ कर्दवा है। **उटन कर्ण-**विधित वाध हरेत्रा পफ़्नि। अथि छूना श्रमान-(दिन) श्रविभानिक

বিধি-ছন্মের পরস্পর বাধ্য-বাধকতাও ৰুক্তিৰুক্ত নহে। উত্তর—না, দে কথা বলিতে পার না, বেহেতু, আত্মজ্ঞান অবিষ্পার শ্বভাব হইতে উৎপন্ন ভেদবৃদ্ধিমাত্র নিহৃত্তি করে, এ জন্ত কথনও অন্তান্ত কর্ম-বিধির বাধক বলা যায় না, অর্থাৎ জীবের যে শত:সিদ্ধ ভেদবৃদ্ধি, কেবল তাহারই নিবৃত্তি করিয়া দেয়। তবে আর প্রতিবধ্য-প্রতিবন্ধকভাব কোথায় ? যুদি বল, তথাপি আত্মন্তান কর্মের হেতুভূত বৈতজ্ঞানের নিবর্ত্তক, তখন কর্মোৎপত্তির বাধ দারা ফলতঃ বৈদিক কর্ম্ম-বিধিরও নিরোধক হইল ? উত্তর—না, কামনা-নিবৃত্তির ধারা কাম্য বস্তুতে প্রবৃত্তি-নিরোধের মত ইহা দোষাবহ নহে, অর্থাৎ বেমন "বর্গকামো যজেত" এই শ্রুতিবিহিত স্বর্গলাভের ইচ্ছাম অখ্যমেধ্যাগে প্রবৃত্ত ব্যক্তির কামনা-নিষেধক বিধিবশতঃ কামনা ব্যাহত হইলে, সৈই কাম্য যাগানুষ্ঠানের প্রবৃত্তিও নিরুদ্ধ হইরা বার, অথচ ইহা বারা দেই দকল কাম্য বিধি আর নিষিদ্ধ হয় না, ইহাও সেই প্রকার। আর যদি কামনা-প্রতিবেধ বশতঃ কাম্য বস্তুর অসার্ছ বোধে তাহাতে প্রবৃত্তির অন্তদমূহেতু কাম্যবিধিরও বাধ হয় বল, তবে কামনার প্রতিবেধ হইতে কাম্যবিধির বাধের মত আত্মজ্ঞান হইতে কশ্মবিধির রোধ হয় হউক, ক্ষতি নাই। আর যদি বিধিব কোর প্রামাণ্যের হানি হয় বল অর্থাৎ অফুষ্ঠাতা পুরুষের অভাবে অনুষ্ঠানহেতু কর্মবিধির আনুর্থক্য নিবন্ধন অপ্রামাণ্য বল, ভবে বলিব বে, সে দোষও হইতে পারে না। বেহেতু, আত্মজান উৎপন্ন হইবার পূর্ব্ব পর্যান্ত তাহাতে পরতি হইতে পারে, অর্থাৎ যাহাদের আত্মজান উৎপন্ন হয় নাই বা বাহাদের আত্মজ্ঞান উদিত হইয়াছে, তাহাদেরও আত্মজ্ঞান উদয়ের পূর্ব্ব পর্যান্ত ঐ কর্ম্মবিধির দার্থক্য আছে। কেন না, যেমন কাম্যবিষয়ে দোষজ্ঞানের অনুদয় পর্য্যস্ত পুরুষের স্বাভাবিক স্বর্গাদি ইচ্ছার বলবতা বশতঃ কাম্যকর্মে প্রবৃত্তি জন্ম, পশ্চাৎ দোষজ্ঞ।ন উৎপন্ন হইলে আর তাহা হয় না, ঠিক তেমন প্রুষের স্বাভাবিক ক্রিয়া-কারক ও স্বর্গাদি ফুল-জ্ঞানন্ধপী বৈতজ্ঞান সত্ত্বে কর্মের উদয় হইবেই হইবে । कर्त्यंत्र कू-फन উৎপাদন দেখিয়া विजीविकांत्र यिन वन या, मर्खकानांकत विमनाञ्च জীৰের অনর্থের কারণ, তবে বলিন, তোমার তাহাল্রম; কেন না, অর্থ আর অনর্থ পদার্থ ছইটি কেবল মনঃকল্পিত বৈ আর কিছুই নহে; কারণ, বিচার করিয়া দেখিলে জানা যায় যে, এক মোক্ষ ভিন্ন অন্ত সমস্তই অবিভা-কল্লিত বিধান অন্ত-भरधा পরিগণিত হয়। 'দেখা যায় যে, মরণস্থানীয় মহাপ্রস্থানাদি কামনায়ও বজ अप्रक्षिं रत्र। उटवर विवार रहेटव दव, अर्थानर्थकत्रना श्रुक्तवत रेष्ट्रांवीन।

ष्मञ्ज्य हेरारे हत्रम निकास एक, बावर जावळामाजिमूरथ ज्ञामत रहेरल रहेरत,

তাবৎই কর্মবিধির প্রবোজন, পরে নহে। স্থতরাং কর্মসকল যে আত্মনের সহচর নহে, তাহা স্থির হইল, এবং এই কারণেই "এতাবদরে থক্ষতত্ত্বম" বাক্য কর্মের অসহভাবিতা বোধ হেতু এক কর্মনিরপেক এই আত্মজানই অমৃতত্ত্বের (মোকের) সাধন, এই সিদ্ধান্তই দৃঢ় হইল। অতএব বিবেকীর পকে প্রব্রাই দিক, অর্থাৎ আত্মাকে সম্প্রদানাদি কারক ও জাত্যাদিশৃন্ত, নির্বিকার ব্রহ্মস্বরূপে দৃঢ়ভাবে জানিলেই শাস্ত্রবাক্য ব্যতিরেকেও পূর্ব্বোক্ত ৰুক্তিতে বিবেকীর স্বভঃই বিধন্নবৈরাগা উদিত হয়। পূর্বের "বেষাং নোহন্ত্রম্" ইত্যাদি বাক্যেও হেতু-প্রদর্শন ধারা তাহাই ব্যাখ্যাত হইয়াছে। "পূর্বতন বিধান্গণ প্রস্তামনা না করিয়া ত্রিবিধ এষণা হইতে ব্যুপিত হইতেন" এই বাক্য হইতে विज्ञ विद्वकीय नश्वत्क आञ्चनर्यन इटेट्डर निम्नान विटिष्ठ इरेब्राह्म वृत्री यात्र, দেইরূপ বিবিদিযুর (ব্রহ্মজ্ঞানেচ্চুর) সম্বন্ধেও প্রব্রজ্যা "তাঁহারা এই আত্মলোক ইচ্ছা করিয়া প্রব্রজ্ঞত হন," এই কথা হইতে অবগত হওয়া যায়। আর কর্ম্মাত্রই বে অজ্ঞানীর পক্ষে বিহিত, তাহাও পূর্ণে আমরা বলিয়াছি এবং অবিভার অধি-কারে উৎপত্তি, আপ্তি, বিকার ও সংস্কারার্থ কর্ম্ম সকল বর্ত্তমান, এই হেতু কর্ম্ম সকল চিত্ত-সংস্কার বারা আত্মজানের সাধন, এই কথাও পুর্ব্বে দলা হইরাছে। এইরূপ हरेल अखिवस्त्रक आधारमांक कर्यानमुद्दत वनावन विहात कतितन दस्था यात्र दर, আত্মজানোৎপাদন বিষয়ে অহিংসাদিরপ ব্য-প্রধান অমানিত প্রভৃতি ও মানস ধ্যান এবং বৈরাগ্যাদিও সাক্ষাৎ-সম্বন্ধে আত্মজ্ঞানের সাধন। এতভিন্ন নিম্ন-প্রধান আশ্রমধর্ম্মকক হিংসা-রাগ-ছেষাদি-প্রাচ্ধা-বর্শতঃ বছ ক্লেশজনক-কর্ম্ময়, স্থতরাং পণ্ডিতগণ মুমুকুর পক্ষে নির্দোষ পারিব্রাজ্যকেই প্রশংসা করিয়া থাকেন। পুনশ্চ (मथ, "উक्ट कर्यमकत्मत्र ज्ञागरे धरे त्मात्मत्र भत्रत्मा९कृष्टे माथन, च्याचात्र देवतांगा সেই ত্যাগের পরাকাষ্টা"।—"হে ব্রাহ্মণ। ধন ছারা তোমার কি হইবে ? বন্ধুগণ দারাই বা তোমার কোন পুরুষার্থ দিদ্ধ হইবে ও এবং স্ত্রী দারাই বা ভোমার কি গতি হইবে ? কেইই তোমার মৃত আত্মার উপকার করিতে পারিবে না। অতএব গুহা-প্রবিষ্ট অর্থাৎ, অন্তঃকরণমধ্যে নিগৃঢ় (অতি হক্তে ম) আক্ষার অবেষণ কর। দেখ, ভোমার পিতামহগণ ও পিতা কোণার গিয়াছেন।" वह श्रकात्व माःथा ও यागमाञ्चानित्व मद्यामत्वह आवाळातानत्वत्र निक्षेवर्त्ती কারণ বলা হইমাছে। কামপ্রবৃত্তির অভাবও এই বিষয়ে" অপর একটি হেতু। অর্থাৎ সমস্ত শাস্ত্রই কামপ্রবৃত্তিকে জ্ঞানের প্রতিকৃত্ত বলিয়া নির্দ্দেশ করিয়া-ছেন, अख्या यक्षर हेश প্রতিপন্ন হইল বে, मुक्तिकाभी वाक्ति वित राहे कामना

হইতে বিরক্ত হয়, তবে তাহার জ্ঞান ব্যতীতও এক ব্রহ্মচর্য্য হইতেই প্রব্রু অর্থাৎ সন্ন্যাস-গ্রহণ হইতে পারে। যদি বল, সন্ন্যাসপ্রতিপাদিকা শ্রুতি সকল[®] সাবকাশ বিধায় কর্মে অনধিকারীর জন্ম বিহিত, ইহা পূর্কেই উক্ত হই-শাছে ? নচেৎ বাবজ্জীবন 'অগ্নিহোত্র করিবে,' এই শ্রুতির বাধ হইয়া পড়ে। উত্তর—না—তাহা হয় না।, কারণ, অক্ত এবং সকাম পক্ষেই অগ্নিহোত্তাদি শ্রুতি সার্থক হওয়ায় তাহাও সম্পূর্ণ সাবকাশ, ইহা পূর্ব্বেই নির্দ্দিষ্ট আছে। কামনা ব্যতীত কেবল যে জীবনমাত্র অপেকু৷ করিয়াই অগ্নিহোত্রাদি কর্ত্তব্য কর্ম্ম অনুষ্ঠিত হয়, তাহা বলা ধার না, বেহেতু, জীবগণ প্রায়ই বহ कामनाश्विशूर्व, कामना ७ जातका त्नक विषय एक पह धवर जातक প্রকার কর্মসাধন দারা তাহা সাধ্য, আবার গাইস্থ্য বা আরণ্যাশ্রমে অহুষ্ঠের বেদবিহিত কর্ম সকলও স্ত্রী, অগ্নি প্রভৃতিতে সম্পূক্ত পুরুষের কর্ত্তব্য এবং কৃষ্যাদি কর্মের ফ্রার বছশত বর্ষ-সমাপ্য, পরস্ত পুন: পুন: অমুষ্ঠিত হইলেই বছবিধ ফল উৎপাদন করিয়া থাকে, স্বতরাং এই সকল স্থলেই যাবজ্জীবন শ্রুতি ও "কুর্ব্ব-ব্লেবেহ কর্মাণি" ইত্যাদি মন্ত্র সার্থক হইতে পারে। আর সেই পক্ষেই "বিশ্ব-জিৎ ও সর্বনেধস্^ত যাতো কর্মপরিত্যাগ সম্ভব। যে পক্ষে যাবজ্জীবন অমুষ্ঠানের ব্যবস্থা, সেই পক্ষেই শরীরের শ্রশাস্তত্ব বা ভত্মান্তত্ব শ্রুতির দার্থক্য বলিব। কিন্তা ব্রাহ্মণ ডিল্ল বর্ণকে লক্ষ্য করিয়াই বাবজ্জীবন অগ্নিহোত্র শ্রুতিসঙ্গত হইতে পারে, কারণ, ক্ষত্রির ও বৈশ্রের পারিরাজ্যে (সন্নাদে) অধিকার নাই। "মন্ত্রৈর্যন্তোদিতো বিধিং" যাহার মন্ত্র দারা বিহিত ক্রিয়া সম্পন্ন হয়, তাহারই এই শাস্ত্রে অধিকার এই স্বৃতি ও "ঐক্যাশ্রমান্তাচার্য্যা:" অর্থাৎ আচার্য্য একমাত্র আশ্রম বলিয়াছেন, ইত্যাদি স্থতিশান্ত্রও কল্রিয় ও বৈশ্রের পক্ষে অনুমোদিত। অতএব পুরুষের সামর্থ্য, জ্ঞান, বৈরাগ্য, কামনা প্রভৃতি অর্থুসারে ব্যুখানের বিকল্প, ক্রমিক আশ্রম-গ্রহণ ও পারিব্রাজ্যাদি বিধি অবিকৃদ্ধ জানিবে। আর ধাহারা বৈদিককর্শ্বে অনধি-কারী, তাহাদের সম্বন্ধেই যথন - সাতক হউক বা অস্নাতক হউক, উৎসন্নাথি হউক বা নির্বা হউক', ইত্যাদি আক্য দারা পৃথক্ পর্ধরিত্রাজ্যের বিধান করা হই-রাছে, তথন আর যাবজ্জীবন অগ্নিহোত্রাদি শ্রুতি ও বৈদিককর্ম তাহাদের সম্বন্ধে না বলিয়া যাহারা অধিকৃত, তাহাদের পক্ষেই আশ্রমাস্তর (সন্ন্যাস) ব্যবস্থিত रखेक। अल्जाव এই मैद्याम जांशामिर गत्र समाहे विहिल खरे कथा हरेरलहे भारत না ; উপদংহারে কর্ম্মে অধিকারিগণেরও আশ্রমান্তর-সন্মাস সিদ্ধ হইল ॥১৫॥

ইতি বুহদারণ্যকে ষষ্ঠাধারে পঞ্চম ব্রাহ্মণ॥

উপনিষৎস্থ—চতুর্থাহধ্যায়স্থ

ষষ্ঠ-ব্রাক্ষণম্

অথ বণ্ডশঃ। পোতিমাষ্যাৎ পোতিমাষ্যো গোপবনা-লোপবনঃ পোতিমাষ্যাৎ পোতিমাষ্যো গোপবনালোপবনঃ কৌশিকাৎ কৌশিকঃ কোণ্ডিভাৎ কোণ্ডিভাঃ শাণ্ডিল্যাচ্ছাণ্ডিল্যঃ কৌশিকাচ্চ গোতিমাচ্চ গোতমঃ॥ ১॥ '

অতঃপর এই যাজ্ঞবকাক। তীয় ব্রাহ্মণসমূদায়ের সম্প্রদায়-পর্কম্পরায় আগত ধাবিসম্প্রদায়ের বর্ণনা কবিত হইতেছে।—পৌতিমাস্ত হইতে পৌতিমাস্ত, গৌপবন হইতে গৌপবন, পুনশ্চ পৌতিমাস্ত হইতে পৌতিমাস্ত এবং গৌপবন হইতে গৌপবন, কৌশিক হইতে কৌশিক, কৌভিন্ত হইতে কৌভিন্ত, শাভিন্ত হইতে গৌভিন্ত, কৌশিক ও গৌতম হইতে গৌতম সম্প্রদায়ের প্রবর্ত্তক হইয়াছেন॥ > ॥

আমিবেশ্যাদামিবেশ্যে গার্গ্যাদগার্গ্যে গার্গ্যাদগার্গ্যে গৌতমাদেগতিমঃ দৈতবাৎ দৈতবঃ পারাশর্য্যয়ণাৎ পারা-শর্যায়ণো গার্গ্যয়ণাদগার্গ্যয়ণ উদ্দালকায়নাত্রদালকায়নো জাবালায়নাজ্জাবালায়নো মাধ্যন্দিনায়নামাধ্যন্দিনায়নঃ সৌক-রায়ণাৎ সৌকরায়ণঃ কাষায়ণাৎ কাষায়ণঃ সায়কায়নাৎ সায়কা-য়নঃ কৌশিকায়নেঃ কৌশিকায়নিঃ ॥ ২ ॥

পরে আথিবেশু হইতে স্থাথিবেশু, গার্গ্য হইতে গার্গ্য, পুনশ্চ গার্গ্য হইতে গার্গ্য, গোতম হইতে গোতম, সৈতব হইতে সৈতব, পারাশর্যায়ণ হইতে পারাশর্যায়ণ, গার্গায়ণ হইতে গার্গায়ণ, উদ্ধালকায়ন হইতে উদ্ধালকায়ন, আবালায়ন হইতে কাবালায়ন, মাধ্যন্দিনায়ন হইতে মাধ্যন্দিনায়ন, সৌকয়ায়ণ হইতে গোকরায়ণ, কাবায়ণ হইতে কাবায়ণ, গায়কায়ন হইতে সায়কায়ম এবং কোশিকায়ন হইতে কোশিকায়ন হইতে কোশিকায়ন হইতে কোশিকায়ন হুইতে কোশিকায়ন হুইতে কোশিকায়ন হুইতে কোশিকায়ন

্মতকৌশিকাদু য়তকৌশিকঃ পারাশর্যায়ণাৎ পারাশর্যায়ণঃ পারাশর্যাৎ পারাশর্য্যো জাভূকর্ণ্যাজ্জাভূকর্ণ্য আস্থরায়ণাচ্চ যাক্ষাক্তাস্থরায়ণক্ত্রৈবণেস্ত্রেবণিরোপজন্ধনেরোপজন্ধনিরাস্থরেররাস্থ-রির্ভারদ্বাজান্তারদার আত্রোদাতেয়ে মাটেশ্যাণ্টির্গোত্যা-কোতিমা গোতমাকোতিমো বাৎস্থাদ্বাৎস্থঃ শাণ্ডিল্যাচ্ছাণ্ডিল্যঃ কৈশোর্য্যাৎ কাপ্যাৎ কৈশোর্য্যঃ কাপ্যঃ ,কুমারহারিতাৎ কুমার-হারিতো গালবালাালবো,বিদভীকোণ্ডিন্যাদিদভীকোণ্ডিন্যো বং-সনপাতো বাজবাদ্বৎসনপাদ্ধাজকঃ পথঃ সেভিরাৎ পশ্থাঃ সৌভরোহ্যা খাদাঙ্গিরদাদরাশ্ত আঞ্চিরদ আভূতেস্থাষ্ট্রাদা-ভূতিস্বাষ্ট্রো বিশ্বরূপাত্তাষ্ট্রাদিশরূপস্বাষ্ট্রোহশিভ্যামৃশ্বিনো দধীচ আথৰ্ববাদ্ধ্যভ্ভাথৰ্বনোহ্থৰ্বনো দৈবাদ্ধ্বনা দৈবো মৃত্যোঃ প্রাধ্বৎসনান্মৃত্যুঃ প্রাধ্বৎসনঃ প্রধ্বংসনাৎ প্রধ্বংসন এক-ঋষেরেকষির্বিপ্রচিত্তির্বিপ্রচিত্তির্ব্ব্যক্টের্ব্ব্যষ্টিঃ সনারোঃ সনারুঃ সনাতনাৎ সনাতনঃ সনগাৎ সনগঃ পরমেষ্ঠিনঃ পরমেষ্ঠী ব্রহ্মণো ব্রকা। স্বয়ম্ভব্রকাণে নমঃ॥ ৩॥

ইতি ষষ্ঠ-ব্রাহ্মণম্।

ইতি ীর্হদারণ্যকোপ্রনিষৎস্থ চতুর্থোহধ্যায়ঃ।

তৎপরে মৃতকৌশিক হইতে মৃতকৌশিক, পারাশগ্যামণ হইতে পারাশগ্যামণ, পারাশগ্য হইতে পারাশগ্য, জাতুকণ্য হইতে জাতুকণ্য, আহ্বরামণ যাম্ব হইতে আহ্বরামণ, তৈবণি হইতে তৈবণি, ঔপজন্ধনি হইতে ঔপজন্ধনি, আহ্বরি হইতে আহ্বরি, ভারবাজ হইতে ভারবাজ, আত্রেম হইতে আত্রেম, মান্টি হইতে মান্টি, গোডম হইতে গোতম, পুনশ্চ গোতম হইতে গোতম, বাংশু হইতে বাংশু, শাহিণ্য হইতে শান্তিল্য, কৈশোগ্য কাপ্য হইতে কৈশোগ্য কাপ্য, কুমারহারিত হইতে কুমারহারিত, গালব হইতে গালব, বিদ্ভী-কৌণ্ডিশ্ব হইতে বিদ্ভী-

কোজিন্ত, বংসনপাং বাত্রব হইতে বংসনপাদাত্রব; পদ্বা সৌভর হইতে পদ্বাসৌভর, অবাক্ত আঙ্গিরদ হইতে অবাক্ত আজিরদ, আভৃতি ছাট্র হইতে আভৃতি
ছাট্র, বিশ্বরূপ ছাট্র হইতে বিশ্বরূপ ছাট্র, অধিনয়র হইতে অখিনহর, দধ্যঙ্
আথর্বণ হইতে দধ্যঙ্ আর্থব্রণ, আথর্বণ দৈব হইতে আথর্বণ দৈব, মৃত্যুপ্রাধ্বংসন হইতে মৃত্যুপ্রাধ্বংসন, প্রধ্বংসন হইতে প্রধান্দন, একথািই হইতে
একর্ষি, বিপ্রচিত্তি হইতে বিপ্রচিত্তি, ব্যক্তি হইতে ব্যক্তি, সনাক্ত হইতে সনাক্ত,
সনাতন হইতে সনাতন, সন্গ হইতে সনগ, প্রমেণ্ডী হইতে প্রমেণ্ডী, ব্রহ্মা
হইতে বন্ধা, ঐ পর্যান্ত সম্প্রদায়ের প্রবর্ত্তক জানা বার। এই সকল থবি হইতে
যে সকল বান্ধণ সাক্ষাৎকার বা প্রচার হইরাছে, তাহাদের নামে ঐ সকল
বান্ধণের নামকরণ হর। পরিশেষে শ্রুতি স্বরন্ধু—ব্রহ্মা উদ্দক্তে নমস্কার
করিলেন, যেহেতু, তিনিই সকল সম্প্রদায়ের আদি প্রবর্ত্তক।

हेि वृहमात्रभारक हर्ज्य व्यक्षात्म यष्ठं वाष्ट्रभा । 🗢 ॥ 🤊

ইতি বৃহদারণ্যকোপনিষদে চতুর্থ অধ্যান্তের ভাষ্যার্থ-বিবৃতি॥ • ॥

উপনিষৎস্থ—পঞ্চমাধ্যায়স্ত

প্রথম-ব্রান্সণমূ

অথ পঞ্চমাধ্যায়প্রারন্তঃ।

ওঁ হরিঃ। পূর্ণমদঃ পূর্ণমিদং পূর্ণাৎ পূর্ণমুদচ্যতে। পূর্ণস্থ পূর্ণমাদায় পূর্ণমেবাবশিষ্যতে॥

অতঃপর "পূর্বমদঃ" ইত্যাদি থিলনামক কাও অর্থাৎ পরিশিষ্ট কাও প্রারন্ধ ছইতেছে। পূর্ব্ব চারিটি অধ্যাবে ধাহাকে সাক্ষাৎ অপরোক্ষরূপী ব্রহ্ম ৰশিয়া নির্দেশ করা হইয়াছে, যিনি সর্বান্তর্য্যামী, নিরূপাধি, অশনায়াদি-সম্পর্কহীন আত্মস্বরূপ, "নেতি নেতি" শ্রুতি ধারা প্রতিষেধের অবধিরূপে বাঁহার স্বরূপ নির্দেশ করিতে হর, ধাহার যথার্থ জ্ঞানই অমৃতত্ব (নোকের) লাডের উপার-मिट मानाधि—नम ७ अ**ভि**ध्यामि बावहाद्वत याना आचात्रहे (म**७न बस्त्रह**े) উপাদনা এক্ষণে বক্তব্য, অর্থাৎ যে উপাদনা পূর্ব্বে উক্ত হয় নাই, যে উপাদনায় কর্মবোগের সৃহিত জ্ঞানযোগের বিরোধ ঘটে না, বাহা প্রকৃতপক্ষে পর্বর অভাষরের সাধন ও ক্রমমুক্তিরও কারণ বলিয়া নির্ণীত, সেই সকল উপাসনাই **धकर**ण वक्कवा। धहे शद्भवर्जी मन्तर्फ इट्टें ममक डेशामनाव রূপে প্রণব, দম, দাম ও দয়া এই দকল বিধান করা শ্রুতির অভিপ্রেত জানিবে। भूर्भमनः - विभि भूर्ग, कोन किছू इहेराउहे नात्छ नन, अर्धाए नर्सनाभी। কেন না, প্রণার্থ পূ ধাতু হইতে কর্ত্বাচো নিষ্ঠা— 'ক্ত' প্রত্যন্ত্র বারা উহা নিশায়, স্তরাং বিনি সর্বাগরিপুরক এই অর্থ সন্ধত। 'অদঃ'-শব্দ পরোক্ষার্থবাচক (বাহা ইব্রিষের বিষয় নছে) দর্মনাম, অর্থাৎ তিনিই ঐ অবাঙ্মনদগোলর পরম ব্ৰহ্ম, বিনি পূৰ্ণ এবং আকাশবৎ সৰ্বব্যাপী, নিরম্ভর ও উপাধি-বৰ্জ্জিত। আবার ব্যবহারদশার নাম ও রূপের আকারে অবস্থিত থাকিলে 'ইদং'-শব্দবাদ্ধ শোণাধিক, তথাপি পূর্ণ অর্থাৎ—তিনি স্বাভাবিক পরমান্ত-রূপে ব্যাপক্ট, किं डिभावि-अविधितं कार्याकारत नरह। सह धरे विस्परावष्टां नाम কার্যাশ্বক ব্রশ্ন (সপ্তণ) কারণরপী পূর্ণব্রহ্ম হইতে উক্রিক্ত অর্থাৎ উদগত হন। বনিও कार्यावशानम हरेमा उन्नाठ हम, उथानि बाहा बीम भूस्रकनवस्त्र निम्नु ্ব পরমাত্ম-ভাব, তাহা ত্যাগ করেন না। বিষ্ণাবলে এই কার্য্যাত্মক পূর্ণবন্ধের স্বাভাবিক পূর্ণত গ্রহণ করিয়া অর্থাৎ আত্মার স্বরূপ যে এক আনন্দ-রসময়ত্ব, তাহা গ্রহণ করিয়া এবং অবিম্বাক্ত ভূত ও ইন্দ্রিয়োপাধির সম্পর্কাধীন চিদাভাস-স্বরূপতা বিদ্রিত করিয়া কেবল পূর্ণ ই অর্থাৎ অস্তর-বহিঃশৃক্ত একমাত্র প্রজ্ঞান-यन विकक बकारे व्यर्थनिष्ठ बार्किन। शृद्धि व क्षाजित छेक रहेबाएइ,---'ব্ৰদ্ধ বা ইদমগ্ৰ আদীং' 'তদাত্মানমেবাবেং' অর্থাৎ "এই ব্রদ্ধই একমাত্র সৃষ্টির পূর্বেছিলেন; অতথব সেই আখাকেই (ব্রহ্মকে) অবগত হইবে। "তমাৎ তৎ সর্ব্বমন্তবং" তাঁহা হইতেই এই বিশ্ব-প্রাপঞ্চের উদ্ম। ইহা উপরি-উক্ত মন্তের অর্থ, जनार्था, "भूर्गमतः" এই অংশ পূর্ব্বোক্ত "उन्न" পদের অর্থ এবং বন্ধই অত্যে ছিলেন, এই বাক্যের অর্থপ্রকাশক "পূর্ণমিদং" এই অংশ। এই কথা অন্ত শুভিও বলিয়াছেন —हेंहरनारक बाहा, शवरनारक छाहा, धवः शवरनारक वाहा, हेहरनारक छ ভারা। অতএব "পূর্ণমদঃ" এই শ্রুতিন্থ "অদস" শব্দের অর্থ বাহা, তাহাই "ইদম" শক্ষের প্রতিপান্ত পূর্ণব্রহ্ম, কেবল অবিভাবশতঃ নাম-রূপ—উপাধি সংযুক্তভাবে উদ্ধান্ত (অভিব্যক্ত) হয়। অতএব এই প্রকারে পরমার্থ সভাষরণ হটতে বেন বিভিন্ন বলিয়া প্রতীয়মান জীবাত্মাকেই "আমিই সেই পরম ব্রহ্মস্বরূপ" ইহা জানিয়াও ব্রহ্মবিস্থা দারা তাহার পূর্ণ্য অবধারণ করিয়া ও ব্রহ্মবিস্থার প্রভাবে অবিভাজনিত নামরপাত্মক উপাধিসম্পর্কজনিত অপূর্ণত্ব অপুনীত कब्रित क्वन-निर्वित्नर उक्त मांज व्यवनिष्ठे थोरक । ध्वेह कथाहे "छ९ मुर्वा एउ९ ইজাদি শ্রুতিতে কথিত হইয়াছে। সমস্ত উপনিষদের প্রতিপাত্ম যে একা, তাহা এখানে এই "পূর্ণমদঃ" মন্ত্র দারা পুনক্র লিখিত হইদাছে, ইহার উদ্দেশ্ত-পরবর্ত্তী বাক্যের সহিত সহজ রক্ষা; কারণ, বে সকল ওকার, দম, দান, দয়ানামক সাধন कथिल हहेरत, धर्थात्म लाहात्रा बन्नविष्ठात्र माधनम्बर्ध विविक्तिल धरः धहे থিলপ্ৰকরণে উহানের উল্লেখ থাকার বৃঝা বার বে, উহারা সমস্ত উপা-সনারই অল।

কেহ কেহ ইহার অন্ত শ্রকার ব্যাখ্যা করেন। বথা পূর্ণ—অর্থাৎ কারণ হাইতে পূর্ণ—কার্য্য উলগত হয়, অর্থাৎ বে কারণ তাহা পূর্ণ এবং কার্য্যও পূর্ণঃ আবার সেই উলগত কার্য্য বর্তমান কালেও পূর্ণ অর্থাৎ বৈতরূপেও পরমার্থ সংশ্ (ব্রহ্ম) অরপ। পূনশ্চ প্রলয়কালেও পূর্ণরূপী; কারণ—পূর্ণকার্য্যের পূর্ণতা আহার্য্য করিয়া অর্থাৎ স্ব-স্বরূপে সেই পূর্ণতার সমাধান করিয়া স্বীয় পূর্ণ-কারণরূপেই অবশিষ্ট থাকে। এইরূপে উৎপত্তি, স্থিতি, প্রলয়, এই কাল্ডরেই কার্য্য ও কারণের পূর্ণতা অব্যাহত এবং সেই একই পূর্ণতা কার্য্য ও কারণের মধ্যে বিভিন্নরূপে ব্যবহৃত হয়। তাহা হইলে অনুমান করা ঘাইতে পারে যে, এক ব্রশ্বই হৈত ও অহৈত এই উভরাত্মক। এ বিষয়ে দৃষ্টান্ত এই যে, যেমন সমুদ্র বলিলে জল, তরক, ফেন ও त्व, मानियम अकरे भनार्थ व्याम, विकित नत्र, जमाश्य कन त्यमन मजा वस्त, स्वताः তহঙ্ত তরক, ফেন, ব্যুদাদিও সমুদ্রায়ক (জনময়); পরস্ক আবিভাব ও তিরো-ভাব-স্বভাবসম্পন্ন হইলেও সৈই সমস্ত ফেন-তরকাদি সামৃত্রিক বিকার যেমন সত্য বস্তু, সেই প্রকার এই সমস্ত কেন-তরকাদিস্থানীয় বৈতবস্তুত্ত পারুমার্থিক সন্ত্যু, স্তরাং পরমত্রন্ধ জনস্থানীর পরমার্থ সত্য। এইর্নপে যদি হৈত জগতের সত্যতা রক্ষা হয়, তবেই কর্মকাণ্ডেরও (বেদের যে ভাগে কর্ম বিহিত আছে) প্রামাণ্য विकिष्ठ रुष, नरहर देवछ अन्नर व्यविष्ठाकृष्ठवनिवसन मृन्नकृष्ठिकां निवर व्यनर-বৈতাভাস মাত্র ইইলে, পরমার্থতঃ সত্যক্ষপে এক ব্রহ্মই অবশিষ্ঠ থাকে, তাহাতে কর্মকেতা বা ধণার্থবিষয়ের অভাবে সমস্ত কর্মকাণ্ডই অপ্রমাণ হইরা যায় এবং তাহার ফলে শ্রুতিদিগের পরস্পর বিস্নোধই উপস্থিত হয় : কেন না বেদের একদেশ উপনিষদভাগ প্রমার্থ সত্য-ক্ষত্ত্বৈত ব্রহ্মপ্রতিপাদক, এ জন্ত প্রমাণ, এ কথা বলিতেই হইবে, আর অন্ত দিকে বেদের অপরাংশ অসৎ--অবিস্থাক্ত বৈত প্রতি-পাদক, এ জন্ম কর্মকাণ্ড সকল অপ্রমাণ হইয়া পড়ে। এই বিরোধ পরিহারের জন্মই শ্রুতি শ্বয়ং "পূর্বমদঃ" ইত্যাদি বাক্য দারা কার্যা ও কারণের সভ্যতা সমূদ্র দৃষ্টান্তে নিরূপিত করিয়াছেন। কিন্তু এ অর্থ ভাল নহে; কেন না, অধিতীয় ত্রদাবিবরে व्यथनाम এवः विकल्पन मञ्जावनार नारे, व्यात श्रुट्सांक वााधाकानीमित्यन अरे করনাও বাস্তবিক সৎকরনার মধ্যে গণ্য হইতেও পারে না। কারণ, প্রথমতঃ দেখা যাউক যে, বিশেষ বিধির স্থল কোথার ? দেখা যার, কোনরূপ ক্রিয়া-বিধি-সামান্ততঃ সাধারণবিধি অনুসারে প্রাপ্ত কার্য্যের ज्ञानाम व्यर्थाए विश्वित मान्त्राह कत्रा इट्डेमा थारक, स्वमन "व्यहिश्मन् मर्सा ভূতাপ্তक তীর্থেভ্য:" दिংসামাত্রই শাল্লে নিবিদ্ধ, এইটি সামাপ্ত (নিবেধ) विभि, ज्यावात जीर्थ जाविष्टीमानि राष्ट्र जिन्न श्रुत्न हिःत्रा कतित्व मा, अहे वादका त्मरे मामान्न विश्वित ज्यभवान ज्यर्थार मह्माठ कत्रा हरेन। अरे ज्यभवान পুর্বোক্ত সামান্য বিধির ব্যবস্থা করা হইল বে, হিংসা বক্তেতর चरन निविष । अथारन राज्ञभ जाभ बाम जासूरमामन कता इहेमारह, चारामिक वक्विवरत त्रक्रण हरेए भारत ना अर्थाए-अथमण्ड अर्थण वक्र अणिभागन कतिका शूनकांव छाँदीवरे धकरलटनं व्यनवान (निरंवर) कहा राहेरछ शास्त्र ना,

বেহেতু, অহৈত ব্ৰহ্মের একদেশই সম্ভব নহে। এই অপদাদের তার • বিকল্পও অবৈত ব্ৰন্ধের পক্ষে অসভব ; কেন না, বিকল্পের কেলে দেখা ৰাৰ যে, — "অভিনাতে বোড়শিনং গৃহাতি", এক শ্ৰুতি বংগন,—অভিনাত নামক দত্তে বোড়শী নামক যজপাত্ত গ্রহণ করিবে, অপর ফ্রান্ড বলেন "ৰাতিরাত্তে বোড়শিনং গৃহাতি।" অভিয়াতে বোড়**ণ** নামক পাত্ত এহণ করিবে না, এরপ কেত্রে যেরপ পুরুষের ইচ্ছায়ীন যোড়নীয় এহণ ও অগ্রহণরপ বিকর হইতে পারে, কিছ দেইরপ অবৈত এককে একবার देवड, जावांत्र करेवड विवर्ग विकत्न हरेटड शास्त्र मा, स्वरहष्टू, वश्वत्र धवार्थ-প্রকাপ পুরুবের কল্পনাধীন বা ইচহাধীন হয় মাঃ বিশেষতঃ বৈভ ও অধৈত পরস্পন্ধ-বিক্লম, এ জন্যও এক বস্তুতে ধৈতাবৈতভাব অসম্ভব। অতএব আময়া बनिव ए, कथनरे तमविरात शृर्काक अभवान-विकन्नानि कन्ननी क्षमके महर । আছিত এবং ৰুক্তি-বিরোধও তাহার অপর কারণ। দেখ, শ্রুতি বিদ্যাছেন, আত্মা নৈত্ৰবধণ্ডের ন্যায় একমাত্র প্রজানখন, পূর্বাপর ও বাহাভ্যস্তাদি ভেদ-রহিত, অথচ বহিঃ ও অভ্যন্তরে সমভাবে বিশ্বমান। সেই আছা নিতা, 'নেতি লেডি' বাক্য ছারা সর্ব-প্রপঞ্চেছ বাধ করিয়া বাঁচার স্বরূপ নিদেশ করা ইইরা থাকে, ভাহাই অবিনাশী, অজর, অভর, অমৃতত্তরপ ইড্যারি নিশ্চিতার্থ-প্রকাশক ও ভ্রম-সংশর্রহিত নিঃশক শ্রুতিসমূহকে যদি অপ্রমাণ করিতে হয়, ভবে অকিঞিংকর শ্রুতির আবশ্রকতা কি ? উহাদিগকে জলে কেলিয়া দেওয়াই डिविछ। ७५ हेराई नरह, हेरारि बुक्ति-विस्तायत परि,--किन ना, देशक्यांबर অব্যাবশিষ্ট, নানা ও ক্রিয়াশীল, ভাহার আত্মত স্বীকার করিলে আত্মার প্রভান্ত-মোণিত সিতাবের ব্যাঘাত হয়। অথচ স্বতিশাস্ত্রাদি দর্শন করিলে স্পষ্টতঃই শান্ধার নিভাগ অনুমিত হয়, হুতরাং ডোমার উক্তিতে ভাহারও বিরোধ হবৈর পঞ্জিল। আর আত্মার জনিভাত বলিলে ত্যেমার করনাও (বাহা পূর্কে উক হইয়াছে) নির্থক হইয়া যায়। বিশেষতঃ অনিতাত পক্তে কর্মকাণ্ডের আনর্থক্য "কুডুমাশ" ও "অকুড়াভ্যাগম" দোব ত লাইই রহিয়াছে। বদি বলু, ব্ৰদের বৈভাবৈতত বিষয়ে সমুলাদি দৃষ্টান্তই স্পষ্ট প্রমাণ, তবে একের বৈতা-নৈভন্নপভাৰ আর বিরোধ কি ? উত্তর—না, এ বিবৰে বিরোধ না হইলেও আছ ৰিবলৈ বিৰোধ আছে। যেতেতু,আমৰা নিভ্য,নিরদরণ বদানিমনেই বৈভাইৰতভেছ विद्याप पणिशृष्टि, बिन्ह गांका मानवन कार्या, छाटाएक विद्याप जामाद्रमंत्र विद्याप নহে ৷ অক্তৰ প্ৰতি, ৰতি ও বৃক্তির সহিত বিবোৰ ৰাকায় অইক্লপ কলনা কথনই

সঙ্গত হইতে পারে না। অধিকন্ত এরণ অসং কলনার পক্ষপাতী হওরা অপেকা উপনিষ্টের পরিত্যাগ করাই দর্মথা শ্রেয়:। আর ধ্যানের অযোগ্যতা নিবন্ধনও উদ্ধাপ কল্পনা করিতে পারে না : কারণ, দৃষ্টাগুরূপে উল্লিখিত সমূল ও বন প্রভৃতি পঁশার্থ ষেমন শত সহস্র অনর্থ-পরিপূর্ণ, সাবর্ষ ও নানাবিধ বিশেষভাবাপর---কথনও সেইরূপ সাবস্ব ও নামাত্মকরূপে ব্লকে জতি কোবায়ও খ্যের বলিয়া উপদেশ कर:म नाह, अछि बकारक किवन "विकानवन" विनिन्नाह निर्फर्म वितिवाहन । वित्यवन्नः "अकटेशवाज्यक्षेत्राम्" अर्थाए अक्षारक अकल्यकारक्रे वर्षन ক্ষিবে, ইন্ড্যাদি শ্রুতি যেমন একভাবে দর্শনের উপদেশই করিয়াছেন, আবার অন্তদিকে সেইরূপ ভেদদৃষ্টির নিবেঁধ করিরাছেন, ফা—"মুড্যো: স মৃত্যুমাপ্রোতি ব ইহ নানেব পশ্রতি।" অর্থাৎ বেজন ব্রহ্মকে অনেকভাবেই যেন (নানেব) দর্শন করে, সে মৃত্যুর পরও মৃত্যু প্রাপ্ত হয়। এই কথায় নানাভাব দর্শনের নিন্দা ध्यकानिक हरेराकाइ, अखताः याहा अकि-निनिक, छाहा कथनरे कुईवा नाह धवर ৰাহা কথমও কর্ত্তব্য নহে, তাহা শাস্ত্রের অভিপ্রেড বলি কিরূপে গ অভএব শ্রুতি-নিশিত বলিয়া ব্রশ্বের নানাত্ব ও অনেকরণত অর্থাৎ হৈতরূপ কথনই গ্রহণ করা উচিত নয়। এই জন্ম উহা শান্তের অভিপ্রায় বলিয়া স্বীকার করি না। ঐতি বে ব্রন্ধের একরসত নির্দেশ করিয়াছেন, তাহাই দ্রন্থর। এ জন্ম তাহাই প্রশস্ত বলি এবং প্রশন্ত বলিয়াই তাহা শাল্লের অভিপ্রেত অর্থ বলিয়া গণ্য হইতে পারে। আর বে আপত্তি করা হইয়াছিল,বৈতাভাব হেতু কর্মকেত্রের অভাবে বেলৈকদেশ কর্মকাত্তের অপ্রামাণ্য এবং অহৈত-প্রতিপাদক উপনিযুদের প্রামাণ্য ; সেই আপত্তিও অসঙ্গত ; কেন না, শাল্ত পুরুষকে জন্মনাত্রেই হৈত বা অহৈত ৰম্ভ জানাইয়া পরে কর্ম বা ব্রহ্মবিভার উপদেশ করে নাই। কিন্তু বে বন্ধ কথাৰ্থ বেরপ, তদমুসারেই উপদেশ করিরাছে মাত্র। বিশেষত: যথম প্রাণী ভূমিষ্ঠ হইয়াই বৈত জানিতে পারে, তথন আর তজ্জা উপদেশ করিবার আপশ্ৰকতা কি গ

কৈছ কথনও কি প্রথম হইতেই বৈতকে মিথা। বলিয়া জানে—যাহার জন্ত শাল্র বৈতের সতাত উপদেশ করিয়া পশ্চাৎ থীর প্রামাণ্য প্রতিপাদন করিবে। কামণ, কলং-মিথ্যাঘবাদী পায়তী—বৌদ্ধমতাবল্যিগণও বে শাল্রের প্রামাণ্য নানে মা, তাহাও লহে অথচ ভাহারা (শাল্রে জগতের মিধ্যাও অবলত হইয়াও) বর্গাদি অথলাভের মিমিন্ত চৈভাবন্দমানির ব্যবহা দেন। অভনাব বিশিতে হইবে বে, অবিভালনিত ও বভাব-নিদ্ধ বৈতবন্ত সমুদারকে বথা-প্রান্ত ভাবে

(বে বন্ধ বেরূপ, ঠিক সেইরূপেই) ধরিরা শাস্ত্র অবিষ্ঠাগ্রন্থ ও রাগন্ধেরাদি-'দোৰৰুক্ত পুৰুষকে অভীষ্ট-সাধক কৰ্ম্মের উপদেশ দিয়া থাকে, অবশেষে সেই পুৰুষ যথন অভীষ্ট বন্ধর দোব অর্থাৎ প্রসিদ্ধ ক্রিরা, কারক ও ফলের দোষ দেখে ও সেই সকল কাম্য বন্ধতেই ওদাসীভা অবলম্বনের জভাই উপায় অনুসন্ধান করে, তথন তাহাকে শাস্ত্র সেই বৈরাগ্যের উপায়রূপে আহৈত্মকতারূপিণী বৃদ্ধবিষ্ঠার উপদেশ দেয়। অনন্তর এইরপ অবস্থায় উপনীত হইলে অর্থাৎ পুরুষের मिट खेमांनीछ एए व्हेटल भाख-शामार्गात **अधू**नकान निवृद्ध हत्र ; शहा व्यामानााञ्चनकान निवृष्ठ हर्रेल स्तर्हे भूकरवत निकृष्टे नारवत्व नाव्यक नृश्च रव এবং তথন আর শাস্ত্রসমূহের পরস্পর মত-বিরোধের দেশও থাকে না। বেহেছু, অধিকারিভেদেই শাস্ত্রের বিভিন্ন উক্তি॰ ও প্রত্যেক পুরুষে শাস্ত্রপ্রামাণ্য পরিসমাপ্ত; তাহার কারণ—শান্ত্র, শিষ্য ও শাসন যাহা কিছু বঁল, সমস্তই বৈতের প্রপঞ্চ মাত্র; সেই বৈতের অবসান অবৈতজ্ঞান হইতে। গুইটি মত বদি সমান जारन शामाशानि मांजाब, जरवर ना निवान घरते। यथन माख, निवा ७ माख्य শাসন ইহারা পরপার সাপেকভাবেই বর্তমান, তথন একের অভাবে অপরওলি বে আর ভংকালে থাকিতে পারে না, ইহা বলাই বাহুলা,। তবেই সম**ন্ত বৈতের** निवृत्ति हरेल आव काहावल वित्वासिव आनका नारे. हेहा विनाल हरेता। অতএব সেই সর্বপ্রকার ভেদনিবৃত্তির পর মঞ্চলময় নির্বিশেষ অবৈভবাদের প্রতিষ্ঠা হইলে বিরোধ অবিরোধ কিছুই থাকে না, ইহা সিদ্ধ হইল।

আর বদি তোমাদের অভিনত ব্রন্ধের বৈতাবৈতভাব স্থীকার করিয়া লই, তবে ব্রন্ধের বৈতাবৈতভাবে শাস্ত্রবিরোধ তৃলাই থাকিয়া বার। বদিই না কি সম্লাদির ন্যায় এক ব্রন্ধকেই এক বৈতাবৈতত্বরূপ বলিয়া বানি অর্থাৎ শতর পদার্থ বলিরা না মানি, তাহাতেও তোমাদেরই উত্থাপিত শাস্ত্রবিরোধ হইতে অব্যাহতি পাই না; কেন না, বদি এক ব্রন্ধই বৈতাবৈত উভয়াত্মক বল, তবে অবস্তুই বলিতে হইবে বে, সেই বন্ধ শোকমোহাদির অতীত; অতরাং কোন প্রকার উপদেশের আকাজ্জা রাপ্তে না, এবং বৈতাবৈতরূপী এক বন্ধ অন্থীকার ক্রায় তদতিরিক্ত আর উপদেষ্টা নাই, ইহাও মানিতে হইবে। আর বদি, সে পজ্জের নামান্যার জন্য বল বে, কৈত বিষয় সকল অনেক, প্রত্রাং তাহাদের প্রশার শাস্ত্রোপদেশ সম্ভব, ঐ উপদেশ বন্ধবিবন্ধে নহে ? উত্তর—তাহা হুটলে বন্ধ বৈত্তস্ক্রপই প্রতিপর হয় ও তত্তির আর কেহ নাই, ইহাই ফলতঃ আসিয়া শক্তে; এরূপ স্বস্থার পূর্বোক্ত বন্ধ বৈতাবৈতত্বরূপ, এই নীমাংসার সহিত বিরোধ হয় শা

কি ? তাহার পর দৈতাধৈতের অভেদজ্ঞাপক সম্দ্র দৃষ্টান্তের অসঙ্গতি হয়; কেন না, যে বৈতকে ধরিয়া পরস্পর উপদেশ, যথন সেই উপদেশ ও বৈত পরস্পর বিভিন্নই, তথন আর সম্দ দৃষ্টান্তের উপপত্তি কোথায় ? অর্থাৎ সম্দ্র যেমন সমস্ত জলময়, ব্রহ্মও দেইরূপ এক বিজ্ঞানস্থরপ, ইহা স্বীকার করিলে ব্রন্ধের অপরের নিকট উপদেশগ্রহণ ও অপরকে উপদেশগ্রদান প্রভৃতি কর্নাই অসন্তব। মনে কর, এক দেবদন্তই (একজনের নাম) হস্ত-কর্ণাদি ছারা বৈতাধিতাত্মক হইলে সেই দেবদন্তের শরীরের এক অংশ বাক্ ও অপরাংশ কর্পের মধ্যে বাক্ উপদেষ্টা ও কর্ণ শ্রোতা, অথক দেবদন্ত নিজে উপদেষ্টা বা শ্রোতা কিছুই নহে, ইহাও কি কথন কর্না করা যাইতে পারে ? যেহেতু, জলাত্মক সমুদ্রের মন্ত দেবদন্ত এক বিজ্ঞানময়। অতএব এই বৈতাধিতাত্মকত্ম কর্না-পাক শ্রুতির বিরোধ ত ঘটেই, অধিকত্ম নিজের অভিপ্রেত অর্থও সিদ্ধ হয় না। অতএব আমরা "পূর্ণমদঃ" ইত্যাদি শ্রুতির যাহা ব্যাখ্যা করিয়াছি, তাহাই যথার্থ ব্যাখা বিনিয়া গ্রহণ করা উচিত।

ওঁ ৩ খং ব্রহ্ম, খং পুরাণম্, বায়ুরং খমিতি হ স্মাহ কোর-ব্যায়ণীপুত্রঃ, বেদোহয়ং ব্রাহ্মণা বিহুর্কেদৈনেন যদেদিতব্যম্। ১ ইতি প্রথমং ব্রাহ্মণম্॥ ०॥

অতঃপর ধ্যানাঙ্গরূপে উপনিবদের অর্থ প্রতিপাদন করিয়া সেই ব্রেক্ষর উপাসনার উপবোগী মন্ত্র নির্দিষ্ট হইতেছে।—"ও থং ব্রহ্ম" এই মন্ত্রটি অন্তর কোন স্থানে
ব্যবহৃত হয় নাই, কেবল এই ব্রাহ্মণেই ব্রেক্ষর ধ্যানকর্ম্মে প্রায়্ক্ত হইতেছে।
এই মন্ত্রস্থ "ব্রহ্ম" শব্দটি বিশেষ্য এবং "থং" পদটি তাহার বিশেষণ। নীলোৎপলাদির (নীল এমন উৎপল) স্যায় 'থং ব্রহ্ম' এ হুলেও সমান বিভক্তি নির্দেশ দ্বাহ্মা পরস্পন্ন বিশেষ্য-বিশেষণভাব অবগত হওয়া যায়। অবিশেষিত ব্রহ্মশব্দ সাধারণতঃ (ব্যুৎপত্তি অনুসারে) বৃহৎ-বন্তমাত্রের দাচক; এই জন্য তাহাকে "থং" বিশেষণ ধারা বিশেষিত করা হইরাছে। সেই বে "থং ব্রহ্ম," তাহাই ও শব্দের বাচ্য (অর্থ), ও ও-শব্দের অরুপ। উভয় পক্ষেই সামানাধিকরণ্য অর্থাৎ বিশেষ্য-বিশেষণভাব অবিক্ষম। ও-শব্দকে ব্রক্ষোপাসনার সাধনক্ষপে বিজ্ঞাপন করাই এধানে ক্রন্প প্রয়োগের উদ্দেশ্য। ও-শব্দ যে ব্রক্ষোপসনার সাধন, এ বিষরে অন্য শ্রুতিও প্রমাণ; বর্থা, শ্রুত্ব বিশ্বাছেন—"ওক্কার শ্রেষ্ঠ আলম্বন এবং ইহাই • পরমোৎকৃত্ত আলম্বন। ওম্বারের ধারাই আত্মাকে সমাহিত করিবে।" "ওঁ" এই অকারে অক্সরুপেই পরম প্রশ্বকে (পরমাত্মাকে) ধ্যান করিবে। "ওঁ এই প্রকারে আত্মার ধ্যান কর," ইত্যাদি। আর এ কথাও ঠিক বে, ওম্বার উপাসনাম অক্সরুপেই প্রযুক্ত, অন্য অর্থে নহে। বিশেষতঃ অন্য অর্থ এখানে সম্ভবই হয় না, তাহা হলৈ এ স্থলে উহার প্রধ্যোগ হইবে কেন ? অর্থাৎ বৈমন অন্যত্র 'ওঁ ইত্যাকারে জ্বারিত্ত করিবে' "ওঁ ইত্যাকারে উদ্দীথ গান কর্ত্ব্য।" ইত্যাদি স্থলে স্বাধ্যায়ের আরম্ভে ও অবসানে ।বিনিয়াগ হইতে ওম্বারের প্রম্নোগ দেখিতে পাওয়া বায়, সেইরূপ অর্থান্তর এখানে প্রতীত হইতেছে না। ,অতএব দ্বির হইল বে, ধ্যানের সাম্বনম্বপেই এখানে উন্পর্বের প্রম্নোগ। 'ব্রহ্ম' 'আত্মা' প্রভৃতি ব্রহ্মের বাচক থাকিতে 'ওম্বার'কে বন্ধা-বাচকরপে প্রকাশ করা হইল, কেবল মতঃপ্রমাণ শ্রুতি বিদ্যাহেন বলিয়া। তাৎপর্যা এই—শেক্ট ব্রহ্মের অতিপ্রিয়তম বা ঘনিষ্ঠ নাম। আত্রথৰ ব্রহ্মক্সান বিষয়ে এই প্রপ্রবই প্রধান সাধন।

সেই বন্ধানের সাধন প্রণব প্রতীকরপে ও অভিধান অর্থাৎ বাচকরপে হুই প্রকার। প্রতীকরণে যথা—বেমন বিষ্ণু প্রভৃতি দেবতার প্রতিমা সেই সেই দেবতার প্রতীক বা স্থলাভিষিক্ত, তেমন ওঁকারকেও ব্রহ্মের সহিত **অভিন্নভাবে** জ্ঞান কারবে, তাহার কলে—ওঁকার-উপাসকে**র প্রতি বন্দ** প্রসন্ন হন। এই জ্ঞা শ্রুতি বলিতেছেন যে, এই প্রশ্বই উৎকৃষ্ট আগসমন (প্রতিমূর্ত্তি), এই প্রণবই ব্রহ্মজ্ঞানের পরম সাধ্য। যিনি এই আলম্বনকে অবগত হন, তিনি পর্বমোৎকৃষ্ট ব্রহ্মানন ভোগ করেন। তথাপি "থ" শব্দে ভৌতিক আকাশের প্রতীতি হইতে পারে, এই জন্ম বিশেষ করিয়া বলিলেন त्य, "थः श्रानम्" अथार विनि ितस्त्रन आक्नां अर्थार- श्रामात्रात्रे आकाम। সেই প্রাতন আকাশ-পরমাত্মা-চকুঃ প্রভৃতি ইক্রিমের অবিষয়, মৃতরাং অক্ত কোনও আলম্বন—(প্রতীক) ব্যতিরেকে তাঁহাকে গ্রহণ করা যায় না, এই নিমিত্ত সকল লোক বেষন বিষ্ণুর অল-চিচ্চিত পাধাণাদিমর প্রতিমার বিষ্ণুর व्यादिन करत, उपन त्रहे कैंशितिय शहमाजार्त्तशी व्याकान-उकादत अद्या-अकि महकारत এवः ভावभून-श्रमध मत्नानित्वन करत । किन्न कोत्रवादनीशृक्ष 'वात्त्व' नागक (वाहाटि वाबू विश्वमान शांदक, तारे श्रीमिक श्रांकान) श्रांकानरकरे 'थ' : नरमत पूर्वा व्यर्थ वावशत करत्रन, भवमात्राकानरक नरह। छाहात व्यक्ति প্রার-উক্ত মন্ত্রন্থ 'বাহুর' নামক আকাশ অর্থে প্রযুক্ত, এবং এরূপ মুখ্য অর্থে প্ররোগ হওমাই উচিত। यादा হউক, यनि সেই তন্মধ্য পুরাণ নিরুপাধি বন্ধই "ब"

শব্দের প্রতিপাত্ম হন, কিংবা'খ'শব্দে এই'বায়ুর'আকাশ—সোপাধিক ব্রন্ধই অভি-প্রেত হয়। সর্ব্বথাই ওঙ্কার বিষ্ণু প্রভৃতির প্রতিমার ক্রায় ব্রন্ধের প্রতীক,এ জন্মসাধন।

"হে সত্যকাম! ইহাই পর ও অপর ব্রদ্ধ,—বাহা ওঁকার নামে খ্যাত।" এই শ্রুতি অমুসারে ওম্বারকে দগুণ ও নিরুপাধিক উভয় ত্রন্মেরই প্রতীকরূপে যে অবগত হওয়া যায়, সে অংশে কোনও বিবাদ নাই। বাকি রহিল কেবল 'থ'শব্দের অর্থ সম্বন্ধে মতের অনৈক্য। এই ওঁকারই বেদ, কারণ, জ্ঞাতব্য বিষয় সকল যাহা ৰারা জানা যার, তাহার নাম বেদ। ওঞ্চার উপ্রাসনায় সকলই অধিগত হয়, অতএব ওঁকরেই বেদ অর্থাথ এক্ষের বাচক—অভিধান। তাহার কারণ—সাধক এই ওঁকাররূপ অভিধান দারা প্রকাশ্রমান অর্থাৎ অভিধীয়মান জ্বেয় ব্রশ্বকে বিশেষক্ষপে উপলব্ধি করিয়া থাকেন। দেই জন্তই ব্রাহ্মণগণ এই অপবকে বেদ বলিয়া জানেন। অতএব বৃশ্বিতে হইবে যে, ব্রাহ্মণগণের অভিপ্রায় এই -- ওলার রাজার বাচকত নিবদ্ধন উপাসনার সাধন, অর্থাৎ ব্রহ্মের অভিধায়ক প্রণবই এমনিদ্ধি বিষয়ে আন্ধাগণের অভিপ্রেত সাধন। অথবা "বেদোহয়ম" ইত্যাদি অংশ প্রপবের অর্থবাদ—প্রশংসাবাক্য। যদি বল যে, বিধি ব্যতিরেকে অর্থবাদ হয় কিরুপে ? তাহার উত্তর,—এথানে "ওঁ"কারই ব্রহের এতীক (আলম্বন) ভাবে বিহিত হইম্বাছে, স্মতরাং বিধির অভাব নাই, যেহেতু, "ওঁ থং বন্ধ" এই বাক্যে ওস্কারের সহিত ব্রন্ধের দামানাবিকরণ্য (অভেদ) প্রকাশ পাইতেছে। অতএব তাহারই বেনরপে এইরপ স্তৃতি হইতে পারে যে, সমস্ত বেদই ওঁকারময়। এই প্রণব হুইতেই দুমন্ত বেদের উৎপত্তি, হতরাং ইছাই ঋক-যজ্ঞ:-সামাদি-ভেদে বিভিন্ন সমস্ত বেদময়। অক্সান্ত শ্রুতিও বলিয়াছেন,—বেমন শহু অর্থাৎ শলাকা ঘারা সমস্ত পত্র বিদ্ধ হয়, তেমন এই সমস্ত বেদও প্রেণবরূপ শহু ধারা বিদ্ধ। আর এই কারণেও এই বৈদ্বভদারাত্মক,— বেহেতু,যাহা কিছু জ্ঞাতব্য আছে, তৎসমস্তই এই ওঁকার ছারা জানা বায়, সেই হেতু এই ওঙ্কার "বেদ" বলিয়া অভিমত। অপরাপর বেদেরও যে বেদম্ব, তাহা ওন্ধারের বেদ্থাধীন। অভএব এইরপ বিশিষ্ট-গুণ্সম্পন্ন ওঁকার ত্রন্ধোপাসনার সাধনরূপে অবশু অথবা, ইহার অর্থ এইরূপ,—তাহাই বেদ, তাহা কে? না—ব্রাহ্মণ-গণ ধাহাকে ওঁকার বলিয়া জানেন। প্রণব উদগীথাদি শব্দ ধারা ইহাই আশ্বন-গণের বিজ্ঞের। তাহার কারণ,—সেই এই ওঁকার সাধনরূপে প্রবৃক্ত হইলেই সমও (वन ७ १४ मुक इस ॥ २,॥

रें जिल्लामाता अलग जानन

উপনিষ্ৎসু—পঞ্চমাহধ্যায়স্ত

দ্বিতীয়-ব্রাহ্মণম্

ত্রয়ঃ প্রাজাপত্যাঃ প্রজাপতো পিতরি ব্রহ্মচর্য্যমূচুদ্দেবা মমুষ্যা অস্করাঃ। উষিত্বা ব্রহ্মচর্য্যং দেবা উচুব্র বীতু নো ভবানিতি, তেভ্যো হৈতদক্ষরমুবাচ 'দ' ইতি। ব্যক্তাসিষ্টা ৩ ইতি ? ব্যক্তাসিষ্টোত হোচ্দাম্যতেতি ন আত্থেতি, ওমিতি হোবাচ ব্যক্তাসিষ্টোত॥ ১॥

সম্প্রতি ব্রশ্বজ্ঞানের কারণ্রপে দ্যাদি তিন্টি সাধনের বিধানার্থ এই প্রকরণ আরম হইতেছে। প্রজাপতির তিনটি সন্তান। তাঁহারা তাঁহার নিকট ব্রহ্মচর্য্য গ্রহণ করিয়া শিষ্যভাবে বাস করিতেছিলেন। কেন না, শিধ্য-বুদ্ভিতে ব্ৰহ্মচুযাই বিহিত, এই নিমিত্ত তাঁহাৱাও শিয় হইয়া পিতা—প্ৰজাপতির मभौপে उन्नहर्गा वनवन शृक्षक वाम कविशा हिलन। छोरा पिरान मर्पा पनवजी, মনুষ্য এবং অস্কুর ইহাদের নাম বিশেষ উল্লেখযোগ্য। তাঁহারা বন্ধচর্য্য অবলম্বন করত বাস করিয়া কি করিয়াছিলেন, অতঃপর তাহা কথিত হইতেছে।—তাঁহাদের মধ্যে দেবতাগণ নিতা-প্রজাপতিকে বলিলেন যে, যাহা সম্পত উপদেষ্টব্য বিষয়, তাহা আপনি আমাদিগকে উপদেশ দিউন > তথন প্রজাপতি ব্রন্ধাও সেই জ্ঞানার্থিগণের উদ্দেশে "দ" এই বর্ণমাত্র উচ্চারণ করিয়াছিলেন। এই বর্ণ বলিয়া পিতা প্রজাপতি তাঁহাদিগকে জিজাসা করিয়াছিলেন দ্বে তোমরা এ কথায় কি वृत्थिता ? अथार आमि डेशरानकारन 'म' य अक्रति डेकारन कविनाम, डाहात মশ্মার্থ গ্রহণ করিয়াছ ত ৮ না, কর নাই ৮ তথন দেবগণ বলিলেন—হা, আমরা ঐ অক্ষরার্থ বেশ বৃঝিয়াছি। প্রজাপতি বলিলেন-- যদি বৃঝিয়া থাক, তবে বল मिथ, कि तुर्विश्राह? प्रविद्यांग वित्तिन ए, आश्रीन आशारिशक वित्रा-ছেন বে, "দামাত", অর্থাৎ 'তোমরা স্বভাবতটে আদাস্ক, অতএব আত্ম হইতে मय-७१विनिष्ठे ६७' ५६ उपराम आमामित्रक नित्राह्म। अञ्चलि विमालन- "अम्," हो, यादा विलयादि, जादा म्यार्थहे अनवभग कतियाह ॥ > ॥

্অথ হৈনং মনুষ্যা উচুত্র বাতু নো ভবানিতি, তেভ্যো হৈত-দেবাক্ষরমুবাচ দ ইতি, ব্যজ্ঞাদিন্টা ৩ ইতি, ব্যজ্ঞাদিশ্বেতি হোচু-দিত্তেতি ন আথেতি, ওমিতি হোবাচ ব্যজ্ঞাদিন্টেতি॥ ২॥

অনস্তর মন্ত্রগণ বলিল য়ে, পিতঃ! আপনি আমাদিগকে উপদেশ প্রদান করন ? প্রজাপতি তাহাদিগকেও এই 'দ' অফরই উপদেশ করিলেন। উপদেশ করিয়া পূর্বেবৎ মন্ত্রগণকেও জিজ্ঞাসা করিলেন যে, তোমরা মত্তরু (দ) অক্ষরের অর্থ বৃঝিয়াছ কি ? না ব্য নাই ? মন্ত্রগণ বলিল,—হা, আমরা বৃঝিয়াছি, আপনি বলিয়াছেন "দত্ত" অর্থাৎ 'তোমরা স্বভাবতঃ ল্রু, অতএব যথাশক্তি বিভাগ করিয়া ভোগ কর—দান কর', এই কথা আমাদিগকে বলিয়াছেন। আর ইহা অপেক্ষা আমাদের পক্ষে হিতকর উপদেশ কি আছে ? তথন প্রজাপতি বলিলেন—"ওম্", তোমরা যথাথ আমার কথা বৃঝিয়াছ। ২

অথ হৈনসম্বরা উচুব্রবীতু নে। ভবানিতি, তেভ্যো হৈতদেবাক্ষরস্বাচ দ ইতি, ব্যজ্ঞাসিফা ৩ ইতি, ব্যজ্ঞাসি-মেতি হোচুর্দয়ধ্বমিতি ন আত্থেতি, ওমিতি হোবাচ ব্যজ্ঞাসিফেতি, তদেতদেবৈষা দৈবী বাগনুবদতি স্তনয়িত্ব,র্দ্দ-দ-দ-ইতি—দাস্যত দত্ত দ্যুধ্বমিতি। তদেত্বয়েও শিক্ষেদ্দমন্দানং দ্যামিতি॥ ৩॥

ইতি দিতীয়ং ব্ৰাহ্মণম্॥

অনন্তর অন্তরগণও বলিল যে; আপনি আমাদিগকেও উপদেশ করুন।
প্রজাপতি ভাহাদিগকেও সেই (দ) অক্ষরই বলিলেন। পরে জিল্ডাসা
করিলেন বে, ভোমরা মৎ-কণিত অক্ষরের অর্থ ব্যায়াছ কি ? অথবা
বৃষ্তি পার নাই ? অন্তরেরা বলিল যে, হা, বৃষিয়াছি—আপনি
আমাদিগকে "দম্বন্দ্" অর্থাৎ 'ভোমরা স্বভাবতঃ ক্রুরপ্রকৃতিসম্পন্ন, স্তরাং
ক্রুরতা পরিহার করিয়া জীবের প্রতি দয়াল হও', এই কথা বলিয়াছেন।
অক্ষাপি প্রজাপতির সেই সকল অনুশাসন চলিয়া আসিতেছে,—অর্থাৎ প্রজাণ
পতি দেব, মন্ত্রাও অন্তর্গণের প্রতি পূর্বের যে অনুশাসন করিয়াছিলেন, তিনি
আল্পত মন্ত্রাগণের প্রতি স্তন্তিক্ অর্থাৎ মেছরূপ দৈববানী ছারা সেই

অন্ধশাসনই করিতেছেন। কিসে ব্ঝিব ? উত্তর—যেহেতু, সেই দৈবী বাণী শুনিতে পাওয়া যায়। সে দৈববাণী কোথায় ? উত্তর—এ যে মেম্ম "দ-দ-দ" শব্দ করে, ইহা স্বারাই প্রজাপতি অক্সাপি "দাম্যত" (দাস্ত হও), দত্ত (দান কর) ও "দয়ধ্বম" (দ্বা কর), এইরূপু উপদেশ করিয়া থাকেন।

এই সকল শব্দের জ্ঞাপনার্থ অব্তক্রণক্রপে স্তন্মিজ, হইতে তিনবার "দ" শব্দ" উচ্চারিত হয়। বাস্তবিক স্তনয়িত্র যে তিনবার "দ" ধ্বনি করে, তাহা নহে। থেছেতু, স্তনমিত্ব ধ্বনির তিন সংখ্যার কোন নিম্ন জগতে প্রচলিত নাই। অম্বাপিও প্রজাপতির "দামাত, দত্ত, দরধ্বম" এই প্রকারই অমুশাসন মেবধ্বনিরূপে প্রচলিত আছে বলিয়াই সকলেরই এই তিনটি গ্রহণ করা উচিত। সে তিনটি কি ? না—দম, দান ও দয়া এই তিনটিই শিক্ষা করা উচিত। আমাদের সকলেরই মনে করা উচিত যে. সেই প্রজাপতির অফুশাসন দম, দীন ও দয়া অবঞ প্রতিপালা। এই বিষয়ে ভগবলগীতার বাকাও প্রমাণ—"ত্রিবিধং নরকম্মেদং ছারং নাশনমাত্মন:। কাম: ক্রোধন্তথা লোভন্তত্মাদেতত্রয়: তাভেৎ।" তাৎপর্য্য এই— কাম. ক্রোধ ও লোভ ইহারা ত্রিবিধ নরকের হার। ইহারা আত্মার সর্কানাশ-সাধন করে, অত্তর আত্মহিতৈষী বাক্তি এই তিনটি অবশ্র ত্যাগ করিবেন। এই মহাবাকোর প্রথমাংশ শেষোক্ত কামাদি পরিত্যাগ বিধির অঙ্গ—অর্থবাদ। এখানে এইরূপ আপত্তি হইতে পারে যে, পুথক পুথক উপদেশপ্রার্থী দেবাদি সমস্তকে উদ্দেশ করিয়া প্রজাপতি একমাত্র 'দ'কারের তিনবার উচ্চারণ করিলেন কি জ্ঞা ? এবং ভাহারটু বা একনাত্র দি'কার উচ্চারণ দ্বাবাই প্রজাপতির মনোগত বক্তব্য বিষয় পূথক পূথকূরপে কিরপে অবগত হইল 🐑 পরাভিপ্রায়জ্ঞ পণ্ডিভগণ ইহাতে এইরূপ বিতর্ক করিয়া থাকেন। ইহার প্রত্যুত্তরে কেছ কেহ বলেন যে, দেবতা, প্রভৃতি যথন প্রজাপতির নিকট ব্রন্ধার্য্য অবলম্বন করিয়া বাস করিতে-ছিলেন, তথনই নিজেদের অদান্তব, অদাত্ত ও অদ্যাল্ড দোষের প্রতি লক্ষা বাথিরা শক্ষাবিতচিত্তেই অবস্থান করিতেছিলেন। তাঁহারা সর্বদাই মনে করিতেন, পিতা কথন আমাদিগকে ক্লি বলেন, পেষে প্রজাপতির উচ্চারিত 'দ'কার অকর প্রবশ্মাত্রেই ভাঁহাদের হৃদরে জাগরুক শঙামুসারে সেই (দ) অক্রেরই ভিন্ন ভিন্ন অর্থজ্ঞান হইয়াছিল। জগতে ইহা খুবই প্রসিদ্ধ বে, পুত্র ও শিবাগণ অফুশাসনের যোগা হইলে গুরুজন তাহাদিগকে দোষ হইতে নিবারিত করেন। এ কারণ, প্রজাপতিরও উরপ শাসন উপযুক্তই হইয়াছে এবং দেবতা প্রভৃতিও तिहै अक्यांक "म"कात अवत्वहै मम, मान ६ मनाय 'म'कारते मचस धतिमा शाकार

নিজ নিজ দোষাগুদারে বিভিন্ন প্রকার অর্থ গ্রহণ করিরাছেন, ইহা দক্ষতই ইইরাছে। ইহার প্রয়োজন এই—লোকের আশ্বা-দোষ একবার জ্ঞানগোচর ইইলে তাহা অল্ল প্রয়েছেই নিবারিত করা বাইতে পারে, হজ্জ্ঞ উপদেষ্টার অদিক প্রয়াস পাইতে হয় না, যেমন দেবাদিগণ এক "দ"কার মাত্র শ্রবণেই নিজ নিজ দোষ হইতে নিবৃত্ত হইয়াছিলেন।

এগানে এইরূপ প্রশ্ন হইতে পারে যে, প্রজাপতি দেবতা, মহুষ্য ও অসুর এই তিন শ্রেণীর শিষ্যকে লক্ষ্য করিয়া উক্ত তিনটি উপদেশ দিয়াছিলেন এবং তাঁহাদেরও প্রত্যেকের নিজ নিজ উপদিষ্ট বিষয় গ্রহণ করা উচিত, কিন্ত অন্তাবধি সেই তিনটি উপদৈশই একমাত্র মহুষ্যের পক্ষে পালনীয় হয় কেন ? ইহার উত্তর--্যেহেতু, *পূর্ব্যতন বিশিষ্ট দেবাদিগণ ঐ তিন্টিরই সমানভাবে অমুষ্ঠান করিয়াছিলেন, অতএব ইদানীস্তন মনুষ্গণেরও তাহাই তরাধো যদি "দয়ালুম" পর্মটি অধম অস্কুরগণু কর্তৃক অসুষ্ঠিত হওয়ায় অপরের পক্ষে অনুষ্ঠিত হওয়া অনুচিত মনে হয়, তথাপি প্রহাপতির পক্ষে হিতসাধন বিষয়ে তিন পুত্রই তুলা। অতএব উহার অভিপ্রায় স্বতন্ত্ জ্ঞথাৎ দেবাদি তিন ∙ব্যক্তিই প্রজাপতির পুত্র, পিতারও পুত্রগণের উদ্দেশে হিতোপদেশই প্রদেয়, কান্ধেই হিত্ত প্রজাপতি দেইরূপই উপদেশ করিলেন। ফুত্রাং প্রজাপতি পুত্রগণের প্রতি যে উপদেশ দিয়াছেন, তাহা অবশ্রই পরম হিতকর। পরস্ত মনে হয়, মন্ত্র্যাগণেরই এই তিনটি উপদেশ অবশ্য শিক্ষণীয়। কেন না, মহুৰ্য বাভিষেকে দ্বতা, কি অস্তুর, কি অস্তু কেহু বাস্তবিক নাই. মন্থ্রগণের মধ্যেই দেবত বা অন্ত্রভাদির স্ভাবনা। বাঁহারা সাধারণ মনুষা হুইতে উত্তম-গুণবিশিষ্ট, তাঁহারা দেবতা, যাহারা লোভপরবশ—তাহারা মনুল এবং যাহারা হিংসাপরায়ণ ক্রে-ভাহারা অমুর। অথচ সেই মনুষ্যগণই অদান্তথাদি দোষত্তক ও এতদভিদ্বিক সন্ত, রজ: ও তম: এই গুণত্তর বশতঃ দেবাদি শব্দে অভিহিত হয়। অতএব মহধ্যগণই ঐ তিনটি শিক্ষা कतिरत, ष्याना नरह, हेहाहे প্রতিপর হটল। 💃 इन्ने एकाপতি ভাহাদের শিক্ষাপথ উপদেশ দিয়াছেন। মহুষ্যাতিরিক্ত যে কেহ নাই, ভাহার প্রতি ইহাও প্রমাণ যে, এক মহয়েকেই অদাস্ত, নুদ্ধ ও হিংসাপরবশ এবং জুর দেখিতে পাওয়া যায় ৮ এই নিমিত্ত স্থতি—ভগবদগীতাও বলিয়াছেন যে,—"কামঃ ক্ষৌধন্তবা লোভন্তস্বাদেতক্রনং ত্যক্তেৎ ।" ইহার অর্থ পূর্বেই উক্ত হইয়াছে ॥ ৩ ॥

ইতি পঞ্চমাধানে দিতীয় <u>রাঞ্চণ ॥</u>

উপনিষৎস্থ---পঞ্চমাহধ্যায়স্ত

তৃতীয়-ব্রাহ্মণম্

এষ প্রজাপতির্বন্ধ্ন দয়মেতদ্ ত্রক্ষৈতৎ সর্বব্য, তদেতৎ ত্র্যক্ষরং স্থানয়মিতি, হা-ইত্যেকমক্ষরমভিহরন্ত্যুক্মৈ স্বাশ্চান্তে চ, য এবং বেদ। দ-ইত্যেকমক্ষরম্, দদত্যক্ষৈ স্বাশ্চান্তে চ য এবং বেদ। যমিত্যেকমক্ষরমেতি স্বর্গং লোকং য এবং বেদ॥ ১॥

ইতি তৃতীয়-ব্ৰাহ্মণম্॥

পুর্বোক্ত সমস্ত উপাসনার অঙ্গরণে দমাদি সাধনতার বিহিত ইইল, তাহার তাৎপর্যা এই যে, দাস্ত, অলুব্ধ ও দরালু হইলে সকল কর্মে অধিকারী হয়। অতীত কাণ্ডারে নিরুপাদি ব্রক্ষজানের উপায় বর্ণিত হইরাছে। সম্প্রতি সগুণ ব্রক্ষেরই সেই উপাসনা সকল অবশ্য বক্তবা। যাহাতে জীবের পাপক্ষমাদি দ্বারা অভ্যাদরলাভ হইতে পারে, এই নিমিত্ত পরবর্তী গ্রন্থের আরম্ভ হইতেছে।

ইতঃপুর্বেই বলা হইয়াছে যে, প্রজাপতি জীবকে উপদেশ দেন, কিন্তু সেই উপদেষ্টা প্রজাপতি কে? তাহা বলা হয় নাই, প্রকণে তাঁহার কথাই বলা হই-তেছে। ইনি সেই প্রজাপতি, যিনি হৃদয় অর্থাৎ হৃদয়ন্থা বৃদ্ধি নামে খ্যাত। অতীত শাকল্য-রান্ধণের শেষভাগে দিক্-বিভাগক্রমে যাঁহার উপর নাম-রূপ ও কর্মের উপসংহার উক্ত হইয়াছে, সর্ব্বভূতে অবিষ্ঠিত, সর্ব্বভূতের আল্ল-ভূত, সেই এই চাদয়ই প্রজা-স্প্টিকর্ত্তা প্রজাপতি নামে অভিহিত্ত বৃহত্ত্ব ও স্ব্রময়তা নিবন্ধন ইনিই সেই রন্ধা। এই সমস্ত বিষয় পঞ্চম অধ্যায়ে (তৃতীর অধ্যামে) বর্ণিত হইয়াছে। যাহা হইতে হৃদয়ের হৃদয়ত ও সর্বয়য়ত্ব সিদ্ধ, সেই হৃদয়-রক্ষই স্করাং উপাত্ত। অতঃপর প্রথমতঃ 'হৃদয়' এই শব্দের নামাক্ষর ধরিয়া উপাসনা কণিত হইতেছে; স্বদয় নামে তিনটি অক্ষর আছে, একটি 'হু', দ্বিতীয়টি'দ', অবশিষ্ঠ শে। তিয়্রমো 'হু' এই অক্ষরটি আহরণার্থক 'হু' ধাতু হইতে নিজ্ঞা, উহার অর্থ আহেরণার্থক 'হু' ধাতু হইতে নিজ্ঞা, উহার অর্থ আহেরণার্থক 'হু' ধাতু হুইতে নিজ্ঞা, উহার অর্থ আহেরণার্থক 'হু' ধাতু হুইতে নিজ্ঞা, উহার অর্থ আহেরণার্থক 'হু' ধাতু হুইতে নিজ্ঞা, উহার অর্থ আহিবল করা। যিনি সেই 'হাদয়' শব্দের অন্তর্গত 'হু' অক্ষরের অর্থ জানেন, সেই জানীর উদ্দক্ষে তাহার জ্ঞাতিগণ এবং নিঃসম্পর্ক অধ্যাপর লোকও ভোগা বন্ধ সক্ষ

উপঢ়ৌকন করে। তাহার কারণ--্যেহেতু হৃদয়-ব্রহ্মের উদ্দেশ্যে ইক্রিয়সকল ও শব্দাদি বিষয় সমূহ খীয় খীয় কার্য্য সম্পন্ন করিয়া অপ্রণ করে, এবং হৃদয়ও ভোকা আত্মার জন্ত মুখাদি ভোগ্য বস্তু উপস্থাপিত করে, অতএব "श्रम्य" नात्मत 'क्' व्यक्तत्रक नाक्तित উल्लाख, ब्लाजिशन कर्ड्क উপछोकन আহরণ স্বান্ধতই। বাস্তবিক ইহা উপাদনার অনুরূপ ফল। দেখা যায়, ধাহাকে থেরপভাবে উপাসনা করা ধায়, তাহার সেইরূপ ফলই ফলিয়া থাকে। সেইরূপ আরে একটি অক্র আছে "দ", ইহাও দানার্থক দা ধাতু হইতে নিশন হইয়া ছদর নামের অঞ্চররূপে সংযোজিত হইয়াছে। এই স্থানেও দেইরূপ হৃদয় এন্দের উদ্দেশ্যে ইন্দ্রিয় সকল ও অভাত বিষয় সকল স্বীয় স্বীয় কার্য্য উপ-ঢৌকন করে এবং ছদয়ও ভোক্তা আত্মার উদ্দেশ্তে নিজ প্রভাব অর্পণ করে, অতথ্য দেই দকারের স্বরূপাভিজ ব্যক্তির উদ্দেশে তাহার জ্ঞাতিগণ ও অপরাপর সকলেই স্বাস্থা প্রিল প্রদান করিয়া থাকে। সেইরপ[্]আর একটি "য়" নামে অক্ষর মাছে, তাহার অর্থ-গ্যন, 'ইন্' ধাতু হইতে উহা নিপার হইয়া क्षम भारत निवक्ष बहेबाए । देश विकास, वि वर्गलाक आश्र द्य । व्य नास्मत প্রত্যেক অক্ষর-উপাসনাম্ব এতদ্র কল, সেই সমস্ত অক্ষরময় নামের উপাসনার যে ফল কত, তাহা **আ**রে কি বলিব। এথানে হৃদয়-ব্রন্ধের প্রশংদার নিমিত্ত (খ্রুর) নামাক্ষরের উপন্যাস করা হইয়াছে ॥ > ॥

रेजि, पक्षमाधारिय ज्जीय-वाक्षण

উপনিষৎস্থ-পঞ্চমাহধ্যায়স্ত

চতুর্থ-ব্রাহ্মণম্

তদৈ তদেতদেব তদাস, সত্যমেব সং, যো হৈতং মহদযক্ষণ প্রথমজং বেদ সত্যং প্রক্ষোতি, জয়তীমাল্লোকান্ জিত ইন্ধু সাব-সদ্ য এবমেতৃন্ মহদযক্ষণ প্রথমজং ধেদ সত্যং প্রক্ষোতি, সত্যক্ত ব্যেব প্রক্ষা ॥ ১ ॥

ইতি চতুৰ্থ ব্ৰাহ্মণম্॥

অত্যুপর সেই হান্ধাথ্য ব্রন্ধেরই 'সত্য' নামে উপাসনা-বিধানার্থ কপিত হতৈছে। শ্রুতির প্রথম 'তং' শব্দের অর্থ দেই—যে, পূর্ণের ক্রুদের ব্রহ্ম। 'বৈ' শব্দ স্মরণার্থক। তবেই সমুদায়ার্থরূপে সেই পূর্ব্বোক্ত জ্বয়-ব্রন্মেরই স্মরণ করা रुरेन। विठीय 'ठर' भक्त पाता तारे सनय-उन्नरे প্रकातास्तत डेक स्टेट-ছেন। সেই প্রকারান্তর কি ? না—'এতং' অর্থাৎ পরে যাহা বলা হইবে, তাহাই মনস্থ করিয়া শতি প্রত্যক্ষের জায় নির্দেশ করিতেছেন যে, 'আদ' অর্থাৎ ছিল। কে ছিল ? না,—'এতদেব' অর্থাৎ ইহাই, বাহাঁ ছদয়াথ্য এক বলিয়া উক্ত ইইয়াছে, তাহা (তৎ)। এই এতৎ শব্দের সহিত তৃতীয় 'তং' শব্দের সম্বন্ধ। ভাহাই কি ৷ একণে ভাহা বিশেষ করিয়া নির্দেশ করিভেছেন যে, 'সভামেব', ৰাহা 'সত্য'ই, সত্য অৰ্থে 'সং' মূৰ্ত্ত ও 'ত্যং' অমুৰ্ত্ত ব্ৰহ্ম, অৰ্থাৎ বাহা এই পঞ্চ-ভূতাত্মক সন্তা বন্ধবন্ধ। যে কেহ এই সত্যন্ত্রপী বন্ধকে মহন্তহেতু ফল, পূজা ও প্রথমজ, অর্থাৎ সমস্ত সংসারী জীবের আদিজাত বলিয়া জানে, তাহার मधरक अरे मकन कन छेक श्रेटकहर,--- राग्न मका-उन्न कर्क्क अरे श्रीवनामि লোক নকল জিত, অর্থাৎ বশীকৃত রহিয়াছে, সেইরূপ ঘে ব্যক্তি সত্যরূপী ব্রশ্ধকে আদিজাত বলিয়া জানিতে পারে, সেই ব্যক্তিওঁ এই লোকসকুলকে জর করে। म अप्र अर्थ देनीकत्रन, अर्थाए त्यमन त्रना पृथितीक आग्नल करतन, महेन्नल महे ব্যক্তিও সকল শত্রুকে বনীভূতী করে। তাহার ফলে শত্রুর আর ব্যক্তির থাকে মা। উক্তার্থেরই ফলভোগী নির্দ্ধেশের জন্ম শ্রুতি—পুনশ্চ কাহার এই ফল হয়, জিজ্ঞাসা করিয়া সিদ্ধান্ত করিতেছেন,—যিনি এই মহং, যক্ষ, প্রথমজ সত্য বন্ধকে জানেন, তাহার এই ফল হয়। মেহেতু ত্রদ্ধ সত্যুষ্ত্রপ, মুতরাং সেই সত্য-ত্রদ্ধ উপা-শকেৰ জানামূরণ ফল হওয়াই উচিত॥ ১॥

हैं जि शक्यां भारत हरूर्य-वास्त्र ॥

উপনিষৎস্থ--পঞ্চমাহধ্যায়স্থ

পঞ্ম-ব্রাহ্মণম্

আপ এবেদমগ্র আহস্ত। আপঃ সত্যমস্কৃত্ত, সত্যং ব্রহ্ম, ব্রহ্ম প্রজাপতিম্, প্রজাপতিদ্বোদস্তে দেবাঃ সত্যমেবো-পাসতে। তদেতৎ ত্যুক্তর্থ সত্যমিতি, স-ইত্যেকমক্ষরম্, তীত্যেকমক্ষরম্ ; যমিত্যেকমক্ষরম্ । প্রথমোত্তমে অক্ষরে সত্যং মধ্যতোংনৃত্য্ তদেতদনৃত্যুভয়তঃ সত্যেন পরিগৃহীত্ত সত্য-ভ্যুমেব ভর্বতি, নৈনং বিদ্বাদসমন্ত হিনস্তি॥ ১॥

সম্প্রতি পূর্ব্বোক্ত সত্য-ব্রন্ধের প্রশংসার্থ ব ।তেছেন। পূর্ব্বকৃতিতে সেই সত্য-ব্রন্ধকে "মহৎ, যক্ষ ও প্রথমজ" বলা হইয়াে। এথন জিজান্ত এই যে, সেই ব্রন্ধের প্রথমজন্ব কি প্রকৃত্তার ? উত্তর—স্টের পূর্বের এই জগৎ অন্ময়ই (জলময়) ছিল। এথানে 'অপ্' অর্থ—অন্নিহোত্রাদি কর্ম্ম-সম্বন্ধি আহুতিসমূহ। অন্নিহোত্রাদির আহুতি সকল জবমন্ন বলিয়াই 'অপ্" শব্দে অভিহিত হইরাছে। অন্নিহোত্রাদি কর্ম্মনাপ্রির পরবর্ত্তী সময়ে সেই অপ্ সকল অত্তীজ্ঞিয় কোনও স্ক্রের্পে কর্ম্মন্থন্ধ পরিত্যাগ না করিয়াই অন্তান্ত ভ্তের সক্ষেদিতিত হইয়া থাকে, কিন্তু স্বত্ত্রভাবে থাকে না।

অন্তান্ত ভ্তের সহিত সংশ্রব থাকিলেও কর্ম-সম্পর্কাধীন অপেরই প্রাধান্ত, সেই জন্ত এখানে 'অপ্' শব্দের নির্দেশ। বিশেবতঃ উৎপত্তির পূর্ণের সমস্ত ভূতই অব্যাক্ষতাবস্থায় (ফল্লরপে) যাগকর্তার সহিত মিলিত হইরা থাকে, তাহাই 'অপ্' ইত্যাদি ধারা নির্দিষ্ট হইল। নাম (শক্ষ) ও রূপাকারে অভিব্যক্ত এই সমস্ত জগং স্পৃষ্টির পূর্ণের অনভিব্যক্তরূপে অবস্থিত ও জগতের বীল্লস্বরূপ সেই 'অপ্' আকারেই বর্ত্তমান ছিল, অর্থাৎ তথন জগতের কোন নাম-রূপ ছিল না, স্ক্তরাং স্থল-জগতের সন্তা হয় নাই, পরস্ত ইহারই বীজ্মরূপ স্ক্ল অপ্যাত্ত ছিল, কোন বিকৃত বস্তই ছিল না। সেই অপ্ সমৃদ্রই 'সত্য'ব্রন্দের উৎপাদন করে। এই জন্ত সন্তা বন্ধকে প্রথমজ বলা হয়। এই যে অনভিব্যক্ত ক্রান্তের অভিব্যক্তিকসার্থন, ইহাকেই হির্ণাগর্জনামক স্ক্রান্থার উৎপত্তি বলা যায়।

ষদি বল, সত্যের ব্রশ্বত্ব কি হেতু ? তাহাও বলা হইতেছে।—যেহেতু, তিনি মহান্. এ জন্ম ব্রন্ধ। বিনি সমস্ত জগতের সৃষ্টিকন্তা, তাঁহার মহত্মসম্বন্ধে কোন মতভেদ নাই। তাঁহার স্ষ্টেকর্ত্ত্ব যে প্রকারে জানা যার, তাহাও বলিতেছি। বেহেতু, সেই সভ্যবন্ধ প্রজাপতিদিগের পতি বিরাটকে—অর্থাৎ স্থানি দেবগণ বাহার চকু: প্রভৃতি ইন্দ্রিস্থানীয়, সেই বিরাট পুরুষকেও সৃষ্টি করিয়াছেন, আবার সেই বিরাট প্রজাপতি দেবতা সমূহকে সৃষ্টি করিয়াছেন। যথন এই প্রকারে সমস্তই সেই সত্য ব্রশ্ধ হইতে উৎপন্ন, অতএব সেই সতা ব্রন্ধ অবগ্রাই মহৎ। যদি বল, দেই সত্যবন্ধ কক-পূজা কেন ? তাহার উত্তর,-যেহেতু, পূর্ব্বোক্ত প্রকারে স্বষ্ট দেবতাগণ বিরাট্—পিতাকেও ' অতিক্রম করিয়া সেই সত্য ব্রন্ধেরই উপাদনা করেন, কাজেই দেই দত্য প্রথমজ বন্ধ দক্ষ। অতএব সর্বপ্রকারে সেই দত্য ব্রশ্বই উপাশু। সেই দত্য ব্রন্ধের নাম ও (শত্য) তিনটি অক্ষরসংৰুক্ত, বথা 'দ' এক অক্ষর, 'ভ্'এক অক্ষর, (শ্রুতিতে যদিও 'ভি' আছে 'ত' নাই, তথাপি উহা উচ্চারণার্থ প্রদত্ত) এবং 'য' এক অক্ষর। তন্মধ্যে, প্রথম ও অন্তঃ অন্ধর (স ও ষ) সতা, ঘেহেডু, তাহাদের ধ্বংস নাই; এবং মধাবভী 'ত্' অক্ষরটি অনৃত শিখাস্থরণ। অনৃতই মৃত্যু, কারণ—মৃত্যু ও অনৃত শব্দের "ত্" অক্ষরের প্রভূত সাদৃগ্র আছে। সেই এই মৃত্যুরূপী 'ত্' অক্ষর সত্যস্তরণ—'স' ও 'য' বর্ণ দারা পূর্ব্বাপরভাগে বেষ্টিত আছে, স্বতরাং স্বয়ং রক্ষাসামর্থাহীন ভকার অক্ষর অতি অকিঞ্ছিংকর। 'ন' 'য' বর্ণাত্মক সত্যেরই প্রাধান্ত। ধে ব্যক্তি এই প্রকাবে সত্যের প্রাচুর্য্য এবং মৃত্যুর্নপী অনুতের অকিঞ্ছিৎকরত্ব অবগত হয়, সেই সত্যাভিজ বিধান্কে অনবধানতা প্রযুক্ত অনৃতরূপী মৃত্যু কথনও নষ্ট করিতে পারে না॥ ১॥

তদযত্তৎসত্যমসোঁ স আদিত্যো য এষ এত্রন্সিনাণ্ডলে পুরুষঃ, যশ্চারং দক্ষিণেহক্ষন পুরুষস্তাবেতাবিক্যান্সন্মিন্ প্রতিষ্ঠিতে। রশ্মিভিরেষোহন্মিন্ প্রতিষ্ঠিতঃ, প্রাণেরয়মমুম্মিন্। স যদোৎ-ক্রমিষ্যন্ ভবতি শুদ্ধমেবৈতনাণ্ডলং পশ্যতি নৈনমেতি রশায়ঃ প্রত্যায়ন্তি॥ ২॥

এই সেই সত্য-এক্ষের অবস্বববিশেষে উপাসনা-বিশেষ উক্ত হইভেছে। যে প্রথমন্দ্র সত্য এক্ষ, সেই যে—ভাহাই এই আদিত্য । এই আদিত্য কে?

তাহা বলা হইতেছে-- যাহা এই আদিভামগুলমধানতী আধিদৈনিক পুরুষ এবং যিনি দেহমধ্যে দক্ষিণ চকুর মধ্যগত অধ্যাত্মপুরুষ, এই উভয়ই সেই সতাঁ ব্রহ্ম। যেহেতু, সেই এই আদিত্যমণ্ডলম্ব ও চকুন্থিত পুরুষদায় এই সতা ব্রহ্মের অংশ, সে কারণ ইছারা পরস্পার পরস্পারে অর্থাৎ, আদিত্য পুরুষ চক্ষুতে এবং চাক্ষ পুরুষও আদিতো প্রতিষ্ঠিত; কেন না, আধ্যাত্মিক ও আধিদৈবত পুরুষ ইহাদের পরম্পর উপকার করাই স্বভাব। এক্ষণে জাঁহারা কিরুপে প্রতিষ্ঠিত আছেন, তাহা বলা হইতেছে—রশ্মি বা প্রকাশ দারা আদিত্য প্রক্ষ এই চক্ষুংস্থিত অধ্যাত্মপুরুষের উপকারসাধন করেন, স্নতরাং তাহাতে আদিতা পুরুষ প্রতিষ্ঠিত ; আর এই চার্কুষ পুরুষও প্রাণ-ব্যাপার দ্বারা আদিত্যের উপকার সম্পাদন করত তাহাতে প্রতিষ্ঠিত আছেন। এই শরীরস্ত ভোক্তা <mark>বিজ্ঞানময়</mark> জীব যে সময় দেহ হইতে উৎক্রমণ (বাহিরে গমন) করিবে, সে সময় চক্কুর অমুগ্রাহক চকু:স্থিত এই আদিতা পুরুষ রশিসমূহ প্রত্যাহরণ করিয়া নিজে উদাসীনভাবে অর্থাৎ অন্তুপকারকভাবে অবস্থিতি করেন। তথন এই বিজ্ঞান-ময় জীব সূর্যামগুলকে শুদ্ধ অর্থাৎ চক্রমগুলের স্থায় রশ্মিহীন—নিপ্পভ অবলোকন করে। স্থামণ্ডলকে প্রভাহীনভাবে দর্শন করা একটি ভাবী মৃত্যুর হচক অরিষ্ট-বিশেষ। এই অরিষ্ট-দর্শনের কথা প্রসঙ্গক্রমে বর্ণিত হইল। ইহার উদ্দেশ্স জীব মৃত্যুর পুর্বের নিজ নিজ কর্ত্তব্য কর্ম্মে যত্নবান হইবে, ইহার উপদেশ। ইতঃপূর্বের ঐ দকল রশ্মি চাক্ষ্য পুরুষের অত্গ্রহার্থ নিজ প্রভূ আদিত্যের কর্ত্তব্য-সম্পাদনের জন্ম উপস্থিত হইলেও পরে সেই প্রভূ—আদিত্যের কউব্য কর্মের ক্ষয় হইয়াছে মনে করিয়াই যেন তাহারা পুরুষকে ত্যাগ করিয়া যায়, পুনর্কার আর ইহার নিকট ফিরিয়া আইসে না ৷ অতএব, এই ভাবে পরম্পর উপকারক-উপকার্যান্ডাব হইতে জানা ধার যে, ইহারা উভয়ই দেই সত্যের আংশ॥২॥

য এষ এতি সামাওলে পুরুষস্তস্ত ভূরিতি শিরঃ, একত শির একমেতদক্ষর্ম। ভুব ইতি বাহু, দ্বে বাহু দ্বে এতে অক্ষরে। স্বরিতি প্রতিষ্ঠা, দ্বে প্রতিষ্ঠে দ্বে এতে অক্ষরে। তস্তোপনিষদ-হ্রিতি, হন্তি পাপানেং জহাতি চ য এবং বেদ॥ ৩॥

তন্মধ্যে যিনি ঐ অর্থাৎ এই মণ্ডলে স্থিত "সভা"নামা পুরুষ, "ব্যাকৃতি" সকল
 ("ভূ: ভূব:" স্বঃ) তাঁহার অবয়ব । কি প্রকারে তাহারা অবয়ব, তাহা বলিভোছ,

ভূ' এই ব্যাহাতি তাঁহার মন্তক, কেন না, মন্তক দেহের প্রথম অংশ এবং এই ভূং" ইহাও ব্যাহাতিসমূহের প্রথম, এই জয় 'ভূং'নামক ব্যাহাতিকে তাঁহার মন্তক বলা হয়। স্বরং শ্রুতিও মন্তক ও ব্যাহাতির সাধারণ ধর্ম বলিতেছেন,—"লিরং"ও একসংখ্যক, "ভূং"ও এক-সংখ্যক, এই সাদ্ভা থাকায় সত্যের শির "ভূং"। "ভূবং" এই ব্যাহাতিটি তাঁহার বাহুছয়। কারণ, উভরের, ছিছসংখ্যা সমান—অর্থাৎ "ভূবং" এই ব্যাহাতিতে হুইটি অক্ষর— ভূ ও ব, এবং বাহুও হুইটি, স্থতরাং সত্যের বাহুছয় "ভূবং" বলিয়া প্রতিপন্ন হইল। সেইরুপ 'স্বং" ইহা সত্যের প্রতিষ্ঠা, প্রতিষ্ঠা অর্থে পদ, কেন না, ছুই পদে ভর করিয়া মন্তব্য স্থিতিলাভ করে, এ জয় পদকে প্রতিষ্ঠা বলা হয়, সেই প্রতিষ্ঠা হুইটি এবং 'স্বং' শব্দে 'স্ব' ও 'ব' এই ছুই অক্ষর; স্থতরাং ঐ ব্যাহাতি সাধন্ম্য থাকায় পরক্ষর সমান, অতএব সত্য ব্যক্ষর ইহাই প্রতিষ্ঠা বা পদ। সেই এই ব্যাহাতিরূপ অবয়ববিশিষ্ট সত্যব্যক্ষের উপনিষদ্ অর্থাৎ গোপনীয় নাম—যে নামে তাঁহাকে আহ্বান করিলে তিনি প্রসম্ন হইয়া অন্তগ্রহ করেন, সেই নাম হইতেছে—"অহং"। "অহং" এইটি হিংসার্থক 'হন্' ধাতু ও ত্যাগার্থক "হা" ধাতু হইতে নিপ্পন। অতএব যিনি উক্ত প্রকারে সেই সত্যব্দ্ধকে জানেন, তিনি সমন্ত পাপকে নাশ ও ভ্যাগ করেন॥ ৩॥

যোহয়ং দক্ষিণেহক্ষন্ পুরুষস্তস্থ ভূরিতি শিরঃ, এক শির একমেতদক্ষরম্। ভূব ইতি বাহু, দ্বো বাহু দ্বে এতে অক্ষরে। স্বরিতি প্রতিষ্ঠা, দ্বে প্রতিষ্ঠে দ্বে এতে অক্ষরে। তস্থো-পনিষদহমিতি। হন্তি পাপাানং জহাতি চ য এবং বেদ॥ ৪॥ ইতি পঞ্চমং ব্রাক্ষণম্।

এইরপ এই যে জীবের দক্ষিণচক্ষিত পুরুষ, "ভূং" তাঁহার শির, "ভূবং" তাঁহার বাছরয়, "য়ঃ" তাঁহার প্রতিষ্ঠা (পদ) এবং 'অহম্" তাঁহার উপনিষদ্ (রহস নাম)। বেহেতু ∉সেই পুরুষ জীবাজায়রপ, এজফ্ত "অহং" অর্থাৎ আয়াভিমানায়ক "আমি" এই তাহার নাম সঙ্গত। পুর্কের মত এখানেও "অহম্" পদ "হন্" ধাতু ও "হা" ধাতু হইতে নিম্পন্ন, অতএব বে জন তাহাকে উক্তপ্রকারে পরিজ্ঞাত হন, তিনি সমস্ক পাণকে নাশ ও পরিহার ক্রিতে পারেন॥॥॥

हें जि नक्ष्मांशारिक नक्ष्म खांचन ह

উপনিষৎস্থ---পঞ্চমাহধ্যায়স্থ

ষষ্ঠ-ব্ৰাহ্মণম্

মনোময়োহয়ং •পুরুষো ভাঃ-সত্যস্তস্মিন্নন্তর্জনিয় যথ। ব্রীহিব্বা যবো বা, স এষ সর্ব্বস্থেশানঃ সর্বস্থাধিপতিঃ সর্ব্বমিদং প্রশাস্তি যদিদং কিঞ্চ॥ ১॥

ইতি ষ্ঠং ব্ৰাহ্মণম্।

ব্রন্ধের উপাধি এক নহে এবং এক প্রকার গুণসম্পন্ন নহে, ধাহাতে সমস্ত এক কথায় বিশ্লেষণ করা ঘাইবে ; স্থতরাং অনন্ত উপাধির মধ্যে সার মন-উপাধি-বিশিষ্ট সেই প্রস্তাবিত সপ্তণ ব্রন্ধেরই উপাসনা-বিধান করিবার অভিপ্রায়ে এই ব্রাহ্মণ বলিতেছেন যে,—এই পুরুষ "মনোমর" অর্থাৎ প্রায় মনই ; কেন না, মন দারা কিংবা মনোমধ্যে এই আত্মা উপলব্ধ হয়, স্বতরাং তাহাকে মনোময় বলা হইশ্বাছে। "ভা:-সত্য" ভা:--দীপ্তিই বাহার সত্যস্তরূপ, এ জন্ম তিনি 'ভা:-সত্য' অর্থাৎ বথার্থ দীপ্তিময়। এ কথা বলিবার উদ্দেশ্য এই যে, মন সমস্ত বস্তুর প্রকাশক, অথচ এই জীবাত্মা সেই মনোহভিমানী, স্বতরাং দীপ্তিময় বা সর্বাবভাগক হওয়াই দঙ্গত। যোগিগণ তাহাকে হৃদ্যমধ্যে ত্রীহি কিংবা ধব-পরিমাণের মত হল্মভাবে অবস্থিত বলিয়া নির্দেশ করেন। আবার তিনিই ঈশান অর্থাৎ সমস্ত জগতের স্বামী। স্বামী হইয়াও কেহ কেহ মন্ত্রী প্রভৃতির মন্ত্রণাধীন থাকেন, কিন্তু তিনি ধেইরূপ নহেন,—তবে কি ? না—অধিপতি, অর্থাৎ নিজেই তাহাতৈ অধিষ্ঠিত থাকিয়া তাহা পরিপালন করেন। জগতে যাহা কিছু বর্ত্তমান, তৎসমস্তই তিনি সম্যক্রপে শাসন করেন। এই মনোময় ব্রন্ধের উপাসনামও ঐরূপ ফলশাভ হয়। এই জুক্ত অক্সত্র শ্রুতিও বলিয়াছেন যে. "তং মধা যথোপাসতে তদেব ভবতি" অর্থাৎ তাহাকে (ব্রহ্মকে) যে যে ভাবে উপাসনা করে, সে সেই স্বরূপই প্রাপ্ত হয়॥ ১॥

रें ि शक्याशाद्य यह जायन ॥

উপনিষৎম্ব—পঞ্চমাহধ্যায়স্থ

স্প্তম-ব্রাহ্মণম্

বিদ্যুদ্রক্ষেত্যাঁহুর্বিদানাদ্বিহ্যুদ্বিতত্যেনং পাপানঃ, য এবং বেদ বিদ্যুদ্রক্ষেতি বিদ্যুদ্ধ্যেব ব্রহ্ম॥ ১॥

ইতি সপ্তমং ব্রাহ্মণন্।

দেই প্রকার দেই সত্য বন্ধের যে উপাসনার বিশিষ্ট ফল ফলে, এমন এক প্রকার উপাসনার কথা একণে আরম্ভ হইতেছে। জ্ঞানিগণ বিহাৎকে এমা বিলয়া থাকেন। সেই বিচাৎ শব্দের যে প্রকার বৃৎপত্তি ধরিলে ব্রহ্মরূপতা সিদ্ধ হয়, তাহা কথিত হইতেছে।—অন্ধকারের বিদান অর্থাৎ থণ্ডন হেতু বিহাৎ শব্দ নিপার। বাস্তবিক বিহাৎ মেঘাক্ষকার বিনাশ করেন প্রশ্নিকাশীল। যে ব্যক্তি বিহাতের মত পাপাধ্যকার বিনাশ করেন ও প্রকাশশীল। যে ব্যক্তি বিশের এইরূপ গুল জানে, সে সমস্ত পাপ বিনাশ করিতে সমর্থ হয়; অর্থাৎ এই জীবাস্থার উপলব্ধি বিষয়ে প্রতিকৃল পাপরাশিকে সে গণ্ডন করিতে পারে। যহেতু বন্ধ বিহাৎস্কর্প, অতএব বিহাদ্বেদ্ধ উপাদনাকারীর উক্ত ফল—অমুভরপই হওয়া উচিত॥ ১॥

ইঙি পঞ্চমাধ্যায়ে সপ্তম ব্রাহ্মণ॥

উপনিষৎস্থ—পঞ্চমাহধ্যায়স্থ

অফ্য-ব্রাক্ষণম্

বাচং ধেমুমুপাদীত তস্থাশ্চম্বারং স্তনাং, স্বাহাকারো বষট্কারো হস্তকারং স্বধাকারং, তস্থা ছোঁ স্তনো দেবা উপজীবন্তি স্বাহাকারং চ বষট্কারঞ্চ, হন্তকারং মন্মুষ্যাঃ, স্বধাকারং পিতরঃ, তস্থাঃ প্রাণ ঝ্যন্তঃ, মনো বৎসঃ॥ ১॥

ইত্যক্ষ্যং ব্রাহ্মণম্।

পুনশ্চ পূর্ব্বোক্ত সেই সত্য ত্রন্ধেরই উপাসনান্তর বিহিত হইতেছে।— বাক্ই ব্রহ্ম। এখানে বাক্ অর্থ শব্দ, ইক্রিয় নহে, শব্দ অর্থাৎ শব্দময় ত্রিবেদ; সেই বাক্যকে ধেমুরূপে উপাসনা করিবে। তাৎপর্য্য এই যে, ধেমু যেমন ঢারিটি গুন দারা বৎসের উদ্দেশে গুন্ত (ছগ্ধ) ক্ষরণ করে, দেইরূপ বাক্রপিণী ধেরুও নিম্নলিথিত স্তনসমূহ দারা দেবতাদিনের উদ্দেশে তৃগ্ধবৎ অন্ন ক্ষরণ করেন। এক্ষণে সেই সকল ন্তন কি 💡 এবং বাঁহাদের নিমিত্ত হ্রদ্ধ করণ করেন, তাঁহারাই বা কে 💡 তাহা ক্ষতিত হইতেছে—দেই এই বাক্-ধেন্তুর বংসস্থানীয় দেবতাগণ ছুইটি স্তনপান ক্রিয়া উজ্জীবিত হন। সেই হুইটিন্ন মধ্যে এক 'স্বাহাকার' ও অপর 'ব্মট্কার।' কারণ, এই দেবগণের উদ্দেশে 'বাহা' ও 'বষট্' মন্ত্রে হবি (দেবতা উদ্দেশে দের মুঙাদি) প্রদত্ত হয়। অবশিষ্ট ছইটি স্তনের মধ্যে 'হস্তকার' নামক একটি স্তন মনুযাগণ আশ্রম করিমা থাকে; কেন না, হুন্ত শব্দে মনুয়গণের উদ্দেশে অন্ন প্রদন্ত হয়। "স্বধাকার" নামে যে ,স্তন আছে, পিতৃলোকেরা তাহাই পান করেন। যেহেতু, "স্বধাকার" ধারা শিভূলোক উদ্দেশে অন্ন প্রদান করা হইয়া থাকে। প্রাণ দেই ধেমুরূপ বাক্যের ঋষভ (বুষ), কারণ, বাক্ যাহাই প্রদব—প্রকাশ করে, छोरा প্রাণের সমাগমেই করে। মন তাহার বিৎস, কারণ, মন সাহাষ্যেই ধেহুরূপা বাক্ হইতে ক্ষরণ (ভাবাভিব্যক্তি) হয়। তাহার কারণ দেখা বায়—মন ধারা আলোচিতবিষয়েই বাক্যের প্রবৃত্তি জন্মে। অতএব মন বৎস-স্থানীয়। এই প্রকারে সেই বাক্-ধেয়ুর উপাদকও উপাভের খডাব প্রাপ্ত হইয়া থাকে॥ ১॥

^{&#}x27; ইতি পঞ্চমাধ্যাৰে অষ্টম ব্ৰাহ্মণ ॥

উপনিষৎস্থ-পঞ্চমাহধ্যায়স্ত

নবম-ব্রাহ্মণম্

অয়মগ্রিবৈ ঝানরো যোহয়মন্তঃপুরুষে, যেনেদমন্নং পচ্যতে যদিদমন্ততে, তক্তৈষ ঘোষো ভবতি, যমেতৎ কণাবিপিধায় শৃণোতি, স যদোৎক্রমিষ্যন্ ভবতি নৈনং ঘোষল শৃণোতি ॥ ১ ॥ ইতি নবমং ব্রাহ্মণম্।

এই অগ্নি বৈশ্বানর, পূর্ব্বের মত ইহাও সত্যব্রহ্মের এক প্রকার উপাসনা। বৈশ্বানর বলিরা বাহাকে নির্দেশ করা হইল, দে অগ্নি। কোন্ অগ্নি, তাহাই বলিতেছেন যে, বে অগ্নি পুরুবের দেহাত্যন্তরে অবস্থিত। তবে কি বাহা বারা এই পাঞ্চভৌতিক শরীর গঠিত হয়, সেই শরীরারম্ভক অগ্নিই ব্রহ্ম ? উত্তর—না।ইহা সে অগ্নি নহে, পরস্ক যে বৈশ্বানর নামক অগ্নি বারা জীবের ভুক্ত অয় পরিপাক প্রাপ্ত হয়। সেই প্রাচ্য অয় কি ? উত্তর—প্রজাগণ বাহা দৈনন্দিন ভোজন করে. তাহাই। এখন সেই অগ্নিকেই সাক্ষাৎ উপলব্ধি করিবার জন্তু বলিতেছেন যে, অয়ের পরিপাচক সেই জঠরাগ্নির এইরূপ যোষ (ধ্বনি) হয়। কিরপ যোষ ? না, —অঙ্গুলিবয় বারা কর্ণবির্ম আচ্ছানন করিলে যে এক প্রকার ধ্বনি শুনিতে পাওয়া যায়, উহাই বৈশ্বানর অগ্নির বোষ বা ধ্বনি। সেই পূর্ব্বোক্ত বৈশ্বানর অগ্নিকে প্রজাপতিবাধে উপাসনা করিবে। তাহার ফলে সেই উপাসকও তলমুরূপই ফল লাভ করিয়া থাকে। এথানেও প্রসন্ধক্রমে এই এইটি অরিষ্ট নির্দ্দিন্ত হইতেছে যে, এই শরীরাভান্তরে অবস্থিত ভোগকারী পুরুষ বথন উৎক্রমণ করে, তথন পূর্বেজিক সেই ধ্বনি প্রবণ করিতে পায় না॥ ১॥

ইতি পঞ্মাধ্যামে নব্ম-ব্ৰাহ্মণ॥

উপনিষৎস্থ—পঞ্চমাহধ্যায়স্ত দশন-ব্ৰাহ্মণম্

যদা বৈ পুরুষোহ স্মাল্লোকাৎ প্রৈতি স বায়ুমাগচ্ছতি, তামে স তত্র বিজিহীতে যথা রথচক্রস্থ খম্, তেন স উর্দ্ধ আক্রমতে, স আদিত্যমাগচ্ছতি, তামে স তত্র বিজিহীতে যথা লম্বরস্য খম্, তেন স উর্দ্ধ আক্রমতে, স চক্রমসমাগচ্ছতি, তামে স তত্র বিজিহীতে যথা ছুন্দুভেঃ খম, তেন উর্দ্ধ আক্রমতে, স লোক-মাগচ্ছত্যশোক্মহিমম্, তামিন্ বদতি শাখতীঃ সমাঃ ॥ ১ ॥ ইতি দশ্যং ব্রাক্ষণম।

এই প্রকরণে সর্ববিধ উপাসকের সকল পারলৌকিক পতি উক্ত হইতেছে। বর্থন সত্যব্রহ্মের উপাসক পুরুষ ইহলোক হইতে প্রশ্নাণ করে অর্থাৎ পাঞ্চভৌতিক শরীর-সম্বন্ধ তাগি করে, তথন এই পুরুষ অন্তরীক্ষয় বারুমণ্ডলে উপস্থিত হয়, অর্থাৎ অন্তরীক্ষন্থ বায়ু স্বভাবতঃ বক্রভাবাপন্ন, স্থির ও অভেন্তভাবে অবস্থিত, সেই ব্রন্ধবিৎ উপাদক পুরুষ ধ্বন সেই বায়ুমণ্ডলে উপস্থিত হয়, তথন তাহায় উদ্ধামনের জন্ম বায়ু আপনার দেহ সচ্ছিত্র করে। সেই ছিল্ল কি পরিমাণ । তাহা বলা হইতেছে—বুথচক্রের ছিদ্র যাবৎপরিমাণ প্রসিদ্ধ, ঠিক সেই পরিমাণে তাহাতে ছিদ্র হয়। ব্রহ্মবিৎ পুরুষ সেই ছিদ্র ধারা উর্দ্ধে গমন করে, তৎপরে আদিত্যলোক প্রাপ্ত হয়। যদিও আদিত্য বায়ুর মত একলোকে গমনেচ্ছুর পথ অবরোধ করিয়া থাকেন. কিন্তু তথাপি তিনি সেই জ্ঞানী উপাসক উপস্থিত হইলে ভাঁহাকে প্রবেশধার প্রদান করেন। তিনিও সেই উপাসকের, জয় লম্বর-নামক বাভাষপ্রবিশেষের ছিজসদৃশ নিজ মণ্ডলে একটি ছিদ্র করেন, সেই পুরুষ ঐ ছিন্ত বারা উদ্ধে গুরুন করে—পরে চন্দ্রলোক প্রাপ্ত হয়। বায়ু অভতির তার চক্রও দেই উপস্থিত উপাসক পুরুষকে উর্দ্ধগমনের জন্য নিজ' শরীরে ছুদুভি-ছিড়পরিমাণ ছিন্ত করিয়া প্রবেশীধিকার দেন। পরে ঐ পুরুষ সেই ছিদ্র ছারা উর্দ্ধে প্রজাপতি-লোকে গমন করে। এই প্রজাপতিলোক অশোক অর্থাৎ মানসিক সর্ববিধ ছ:খ-বিবজ্ঞিত এবং অহিম-অর্থাৎ শারীর চঃথ ধারাও অরিষ্ট। বন্ধজ্ঞ পুরুষ সেই প্রজাপতিলোক প্রাপ্ত হট্যা শাৰ্তকাল অৰ্থাৎ ব্ৰহ্মান নিৰ্দিষ্ট কালমানে বছকল পৰ্যান্ত বাস করেন॥ ১॥

উপনিধৎস্থ—পঞ্চমাহধ্যায়স্ত

একাদশ-ব্যাস্থান্

এতবৈ পরমং তপো যদ্যাহিতস্তপ্যতে, পরমণ হৈব লোকং জয়তি য এবং বেদ, এতবৈ পরমং তপো যং প্রেত-মরণ্যত হরন্তি, পরমণ হৈব লোকং জয়তি য এবং বেদ, এতবৈ পরমন্তপো যং প্রেতম্মাবভ্যাদধতি, পরমণ হৈব লোকং জয়তি য এবং বেদ ॥ ১॥

ইত্যেকাদশং ব্রাহ্মণম্।

স্মৃত্যতি ত্রন্ধোপাসনাপ্রসঙ্গে সফল'অ-এন্ধোপাসনাও ক্থিত হইতেছে। ইহাই পরম তপস্থা। তাহা কি ?—ব্যাধিত অর্থাৎ জরাদি রোগগ্রস্ত হুইয়া যে তাপভোগ, তাহাই পরম তপস্থা। কারণ, রোগ ও তপস্থা উভয়েই চঃথভোগ সমান, স্বতরাং রোগ্যাতনাকে রোগী তপস্থাই ভাবিবে। এই প্রকারে ভাবনাকারী বিজ্ঞ ব্যক্তি ৰদি সেই রোগক্লেশে বিষয় না হয় এবং রোগক্লেশভোগকে নিন্দা না করে, তবে ভাহার পকে তাহাই পাপক্ষের কারণ অত্যুত্তম তণাখ্যাসরপ। সেই ব্যক্তি সেই জ্ঞানময় তপ্তার প্রভাবে পাপরাশি দ্র্য করিয়া প্রমাত্মাকে জয় করে। দেইরূপ মুমুর্ অক্তি মুতার পূর্বে হইতেই কল্পনা করিবে যে. ইহাই আমার পক্ষে পরম তপ বে, আমি মরিয়া ঘাইলে আমাকে ঋত্বিকৃগণ অস্ত্যেষ্টি-কর্মার্থ (দাহাদির জন্ম) গ্রাম হইতে অরপ্যে লইয়া বাইবেন। সেই গ্রাম হইতে অরণ্যগমনই আমার তপ্তা; কেন না, তপ্তা করিবার জন্তই গৃহস্থ ব্যক্তি (গৃহ ত্যাগ করিয়া) গ্রাম হইতে অরণ্যে যায় (বানপ্রস্থ অবলম্বন করে)। স্বতরাং মৃত ব্যক্তির অর্ণ্যে গমন ও তপ্সার্থ অর্ণ্যে গমন উভরই সমান। তাহা গাধারণতঃ লোকেও প্রসিদ্ধ আছে। যিনি ইহা জানেন, তিনি পরমলোক জম (লাভ) করিতে পারেন। সেই প্রকার ইহাও আর একটি পরক্ষ তপতা যে, মৃত ব্যক্তিকে অগিতে অপণ করা; কারণ, অগ্নিতে প্রবেশ উভয়ত্তই সমান, অর্থাৎ বানপ্রস্থের পর সন্ধাসীর অগ্নিতে দেহবুকা ও মৃত্যুর পর অগি ধারা দেহদাহ সমভাবে প্রসিদ্ধ। তপ্ৰসাৰ ধৰ্ম এবানেও বিশ্বমান। যে ব্যক্তি এই প্ৰকাৰ জানে, সে পৰম लाक (अडीहे, कन) छत्र करद।

रें ि शक्ष्माशादा धकाम्य बाक्षण।

উপনিষৎস্ত্ৰ—পঞ্চমাহধ্যায়স্থ

দাদশ-বাব্যাণম্

আনং ব্রেক্ষেত্যেক আহ্নস্তন্ধ তথা, পৃয়তি বা আনমুতে প্রাণাৎ, প্রাণো ব্রেক্ষেত্যেক আহ্নস্তন্ধ তথা, শুষ্যতি বৈ প্রাণ ঋতেহন্ধাৎ, এতে হ ত্বের দেবতে একধাস্থাং স্থৃত্বা পরমতাং গচ্ছতঃ, তদ্ধ স্মাহ প্রাত্দঃ প্রিতরং কিন্দ্রমিদেবৈবংবিদ্ধুষে সাধু ক্র্যাম, কিমেবাস্থা অসাধু ক্র্যামিতি। স হ স্মাহ পানিনা মা প্রাতৃদ কল্পেনয়োরেকধাস্থাং স্থৃত্বা পরমতাং .গচ্ছতীতি। তত্মা উ হৈতত্বাচ বীতি, অনং বৈ বি, অন্নে হীমানি সর্বাণি স্থৃতানি বিক্টানি। রমিতি, প্রাণো বৈ রং, প্রাণে হীমানি সর্বাণি স্থৃতানি রমন্তে। সর্বাণি হ বা অস্মিন্ স্থৃতানি বিশন্তি, সর্বাণি স্থৃতানি রমন্তে য এবং বেদ॥ ১॥

ইতি দাদশং ব্ৰাহ্মণম্।

পূর্ববং এই স্থানেও অন্ত এক প্রকার ব্রহ্মোপাসনা বিধান করিবার উদ্দেশে বলিতেছেন যে, "অলং ব্রন্ধ" অলই ব্রন্ধ। কোন কোন আচার্য্য ইহার অর্থ করেন যে, যাহা কিছু ভক্ষণ করা যার, তাহাই ব্রন্ধ, কিন্তু অন্নকে অর্থাৎ থাতা বস্ত্রকে ব্রন্ধভাবে গ্রহণ করা উচিত নহে, এই নিমিন্ত অন্ত আচার্য্যপণ বলেন যে, "প্রাণো ব্রন্ধ" অর্থাৎ প্রাণই একমাত্র অবৈত ব্রন্ধ, এই অন্তই অন্নকে (বিতীয়) ব্রন্ধভাবে গ্রহণ করা উচিত হল্প না; ইহাই তাঁহাদিগের মত। কিন্তু বাস্তবিক প্রাণও ব্রন্ধ বলিয়া ধর্ত্ব্য নহে। প্রথমতঃ কি কারণে অন্নকে ব্রন্ধ বলিয়া গ্রহণ করা উচিত নহে, তাহা বলিতেছেন।—যেহেতু, এক প্রাণের অভাবে মূর্ত্ত্মধ্যে সেই অন্ন অর্থাৎ অন্নময় দেহ প্রতিগ্রন্ধয় হর, তবে কণ-জন্মর বন্ধ কি প্রকারে বন্ধ হইবে প্রেহেতু, ব্রন্ধ তাহাকেই বলি, বে ক্রেবিনাণী নিত্য-সিদ্ধা তব্ব প্রাণই ব্রন্ধ ইউক পুনা, প্রক্রণও বলিতে

পার না, বেহেতু, প্রাণও অন্নের অভাবে গানি প্রাপ্ত হয়— গুদ্ধ হইয়া বায়; • কারণ, প্রাণই ভোজনকর্ত্তা, কাজেই সে অন্ন-খাল্ডের অভাবে আত্মরক্ষায় সমর্থ হয় না, এই জ্ঞাই অল ব্যতিরেকে প্রাণ ভক্ষ হইয়া যায়। অতএব ৰখন দেখিতেছি, এই উভয়ের যে কোন একটিও ব্রহ্ম হইতে পারে না, তথন কাজেই এই অন্ন-দেবতা ও প্রাণ-দেবতা একত্ হইয়া পরমত্ব-ভ্রন্মন্বল প্রাপ্ত হয়। প্রাতৃদ নামে জনৈক ঋষি এইরূপই নিশ্চয় করিয়া নিজ পিতাকে বিশাছিলেন যে, আমি যেরূপ ব্রহ্ম করনা করিয়াছি, এই মৎ-কল্লিত ব্রহ্ম যিনি লানেন, আমি তাঁহার উদ্দেশে হুন্দর ব্যবহার কি করিব অর্থাৎ তাঁহার পূজা আর কি করিব ? অথবা অসাধ-কর্মই বা কি করিব ? অর্থাৎ সেই পুরুষ শ্রহত বন্ধজানে কতার্থ, হুতরাং তিনি থকানরূপ সাধুকার্য্য ঘারাও আনন্দিত বা পুঞ্জিত হন না, এবং কোন প্রকার অসাধু কর্ম দারাও অবজ্ঞাত হন না। তাঁহার প্রতি কোনরূপ ব্যবহারই আৰখ্যক নাই। পুত্র এই প্রকার বলিলে ভাঁহার পিতা হস্ত ঘারা নিবারণ করত বলিতে লাগিলেন যে, ওহে প্রাতৃদ ! এরপ কথা আর বলিও না, এই অল ও প্রাণ মিলিডভাব প্রাপ্ত হইয়া ব্রহ্মত্ব লাভ করে? কোন বিহানই তোমার কথিও ব্রহ্মদর্শন দারা প্রমত্ব (একাৰ) লাভ করে না; অতএব তুমি বলিতেই পার না যে, এইরূপ জানবান (মিলিত অন্নপ্রাণের ব্রহ্মত্বিৎ) পুরুষ চরিতার্থ। তংন প্রাতৃদ পিতাকে विनातन, हेरा यनि ८ हेक्न रहे हम्, जामात क्षित्र उक्ष यनि उक्ष मा हे रूम, एटव আপনিই বলুন যে, কি প্রকারে পরমত্ব লাভ করা যাইতে পারে ? পিডা তখন পুত্ৰকে বক্ষামাণ বাক্য বলিতে লাগিলেন। সে বাক্য কি ? 'বি' অৰ্থাৎ ভাহাকে 'বি' বলা হয়। আন্নই হইতেছে 'বি', মেহেতু এই সমস্ত ভূতই আনে বিষ্ঠিত অর্থাৎ অন্নে আপ্রিভ, সেই করিণেই অন্নের নাম 'বি'। তার পর পিতা পুনর্বার 'রম্'; **धरे गण** উচ্চারণ করিলেন। সেই 'রম্' कि ? ना॰-প্রাণই 'রম্', কেন না, প্রাণই বলের আধার, দেই প্রাণ থাকিলে তবে সমস্ত প্রাণী আনন্দিত থাকে, নচেৎ নহে; অতথ্যব প্রাণ 'রম'। ইহা সিদ্ধ। একণে দেখ, অন্ন সমস্ত ভূততর আশ্রম্মণ এবং প্রাণ সমস্ত ভূতের রতিপ্রদ। কথনও কি দেখিয়াছ বে. কেই কথনও দেহবিৰ্জ্ত – নিরাশ্রয় চুট্টা আনন্দ অনুভব বরে ? তাহা কেইই পারে না, এবং আশ্রয় (দেহ) থাকিলেও প্রাণের অভাবে হুর্বনভাবে **एकर त्रमण करत ना।** किन्न क्थन तिरु शांतण कतिका श्रारणत मध्याति। सीव वनवान बादक, उथनरे जामनादक कुछार्च मदन कविदा जानम उपनित করে। এই নিমিত্ত শ্রুতিও বলিয়াছেন যে, 'বুবা ফ্রাং সাধুর্বাধ্যায়কঃ"; বুবা হইবে, অর্থাৎ তারুণ্য হারাইও না, তারুণ্য থাকিলেই উদ্ভম বেদাধ্যারী হইতে পারিবে। সম্প্রতি কথিত ব্রহ্মজ্ঞানের ফল উক্ত হইতেছে—যিনি এই তত্ত্ব জ্ঞানেন, অরপ্তণ-জ্ঞানবশতঃ সমস্ত ভূত তাঁহ্যাতে প্রবিষ্ট হয় এবং প্রাণের প্রণ-জ্ঞানাধীন ভূত সকল তাঁহাতে আনন্দ অনুভব করে ॥ ১॥

ইতি পঞ্মাধ্যায়ে বাদশ আত্মণ।

উপনিষৎস্থ—পঞ্চমাহধ্যায়স্য

ত্ৰযোদশ-বান্ধণম্

উক্থম্। প্রাণো বা উক্থম্, প্রাণো হীদ্য সর্বমুথা-পয়ত্যুদ্ধান্মাত্রক্থবিদ্ বীরস্তিষ্ঠত্যুক্থস্য সাযুজ্যুদ্দ সলোকতাং জয়তি য এবং বেদ॥ ১॥

'উক্থ' ইহাও একটি পূর্ববং উপাসনাবিশেষ বিহিত হইল। "উক্থ" অর্থ সামবেদীয় শান্ত্রবিশেষ অর্থাং গাথা। মহাত্রত-নামক যজ্ঞে এই উক্থই প্রধান অঙ্গ। এথানে সেই উক্থ কি? তাহা বলা হইতেছে,—অধ্যাত্মবিন্তায় প্রাণই 'উক্থ'। কেন না, ইক্রিয়বর্গের মধ্যে প্রাণ প্রধান এবং এই উক্থও শান্ত্রসমূহের মধ্যে প্রধান, অত্রব এই উভয়ের সাদৃশু ধরিয়া প্রাণকে "উক্থ" অর্থাৎ প্রেষ্ঠ ভাবিয়া উপাসনা করিবে। প্রাণের উক্থ সংজ্ঞার হেতু এই ধে, প্রাণই এই সমস্ত ইক্রিয়াদিকে উত্থাপিত করে; অর্থাৎ কার্যাক্ষম করে। কেন না, যাহার প্রাণ নাই, এরূপ কেহই উথিত হইতে পারে না, অত্রব প্রাণই উক্থ। সম্প্রতি উক্থরণী প্রাণের উপাসনার ফল বলিতেছেন,—যিনি এই উক্থরণী প্রাণকে জানেন, সেই উক্থ-প্রাণবিৎ প্রথ ইইতে উক্থবিদ্ অর্থাৎ প্রাণবিৎ বীর প্রত্র উৎপন্ন হয়। ইহা হইল প্রাণোগাসনার এহিক ফল, কিন্তু তাহার পারলোকিক ফল উক্থের সালোক্য ও সাম্ক্রালাভ॥ ১॥

যজুঃ। প্রাণো বৈ যজুঃ, প্রাণে ছীমানি সর্বাণি ভূতানি যুজ্যতে, যুজ্যতে হাসৈ সর্বাণি ভূতানি প্রৈষ্ঠ্যায়, যজুষঃ সাযুজ্য দলোকতাং জ্যতি য এবং বেদ ॥ ২ ॥

এই প্রাণকেই 'যজুং' বলিয়া উপাসনা করিবে. যেহেতু, প্রাণই যজুং। প্রাণ যজুং কেন, তাহা বলিতেছেন।—বেহেতু, প্রাণসন্তেই সর্বভূতের সহিত বোগ হর, নচেৎ—প্রাণ না থাকিলে কাহারও কোন প্রাণীর সহিত মিদনের সামর্থ্য থাকে না। স্বত্থব সকল বস্তুর সহিত বোগসাধন করে বলিয়া প্রাণ 'যজুং' শ্লে श्रान्थिक रहा। कादन, राष्ट्रः मूझ् थाजू रहेरा निश्न । अवः शद 'राष्ट्रः धारन' दे जेशाना द कन निर्मिष्ठ रहेराजहा — त्य दाकि धारे धानत यकः विविद्य जेशाना करत, ममख धानी जाराद धार्षक मुल्लामानद निमिष्ठ निमुक्त रहा, अधीर तार्कि धानिमार्क धानिमार्क धानिमार्क धानिमार्क धानिमार्क धानिमार्क धानिमार्क भारत । विविद्य स्वार्कि धानिमार्क धानिमार्क धानिमार्क धानिमार्क धानिमार्क भारता । विविद्य स्वार्कि धानिमार्क धानि

সাম। প্রাণো বৈ সাম, প্রাণে হীমানি সর্বাণি ভূতানি সম্যঞ্জি, সম্যঞ্জি হাস্মৈ সর্বাণি ভূতানি প্রৈষ্ঠ্যায় কল্পন্তে, সালঃ সায়ুজ্যত সলোকতাং জয়তি য এবং বেদ॥ ৩॥

আর এই প্রাণকে 'দাম' বোধেও উপাদনা করিবে, যেহেতু, প্রাণই 'দাম'। প্রাণের দামত্বের কারণ—যেহেতু, দমস্ত ভূত প্রাণে দক্ষত হয়, এই মিলনরপ দামাপ্রাপ্তির হেতু বলিয়া প্রাণ 'দাম' শব্দে অভিহিত। এই সাম-প্রাণোপাদনার ফল এই যে, যে ব্যক্তি প্রাণকে 'দাম' বলিয়া উপাদনা কবে, সমস্ত ভূত তাহার দহিত দক্ষত হয়। কেবল যে দক্ষতি ঘারাই ফলের পর্যাপ্তি, তাহা নহে; ভাঁহারা তাহার শ্রেষ্ঠ প্রপ্রাপ্তির নিমিত্ত বর্পরায়ণ হন এবং তিনিও অন্তে দামের দাযুক্তা ও দালোক্য ক্ষম করেন। ৩॥

ক্ষত্রম্, প্রাণো বৈ ক্ষত্রম্, প্রাণো হি বৈ ক্ষত্রম্, ত্রায়তে হৈনং প্রাণঃ ক্ষণিতোঃ, প্রক্ষত্রমত্রমাপ্রোতি, ক্ষত্রস্য সায়ুজ্যও সলোকতাং জয়তি য এবং বেদ ॥ ৪।।

ঁ ইতি• ত্ৰয়োদশং ব্ৰাহ্মণম্।

. সেই প্রাণকে 'ক্ষত্র' বলিয়াও উপাসনা করিবে, যেতেতু, প্রাণই 'ক্ষত্র'। আর 'প্রাণ' ক্ষত্র বলিয়াও প্রসিদ্ধ ; কেন না, সেই এই প্রাণই দেহকে শত্রাদি আবাত হইতে ত্রাণ করে, অর্থাৎ ক্ষতম্বান প্রাণ সাহায্যেই মাংস ম্বারা পূর্ণ হয়, এই প্রসিদ্ধ ক্ষত-ত্রাণবশতঃই প্রাণের ক্ষত্রত প্রসিদ্ধ । অতঃপর ক্ষত্র-প্রাণের উপাসনার ফুল কথিত হইতেছে। যে ব্যক্তি সেই প্রাণকে ক্ষত্রভাবে উপাসনা করে, সেই উপাসক সেই অঞ্জনামক ক্ষত্রপ্রাণকে প্রাপ্ত হয়।

বাহা আত্মরকার অক্ত অক্তের সহায়তা অপেকা করে না, তাহার নাম 'कव'। & थानरे क्यार्थ कवानायक कख, कानी जारादकरे थाथ হয়। শাথান্তরে 'বা' শব্দের পাঠ থাকিলে বুঝিতে হইবে যে, লে কেবলই ক্ষত্রস্বরূপ অধীৎ প্রাণ্যরূপ কভি করে এবং ঐ উপাসনার ফলে অস্তে ক্ষত্রের माबुका ७ मारनाका कब इटेबा थारक ॥ ॥ ।

ইতি পঞ্চমাধ্যায়ে ত্রেয়াদশ ব্রাহ্মণ।

উপনিষ্ৎস্থ —পঞ্চনাহধ্যায়স্থ

চতুৰ্দশ-ব্ৰাহ্মণম্

স্থমিরন্তরিক্ষং গ্রোরিত্যফীবক্ষরাণ্যফীক্ষরত হ বা একং গায়জ্যৈ পদমেতত্ব হৈবাস্যা এতৎ, স যাবদেয় ত্রিয়ু তাবদ্ধ জয়তি যোহস্থা এতদেব পদং বেদ॥ ১ ॥

ইতঃপূর্ব্বে শ্বদমাদি নানাবিধ উল্লাধি-বিশিষ্ট (সঞ্চণ) ত্রন্ধের উপাক্ষা উক্ত হইয়াছে। সম্রতি "গায়ত্রী"রূপ উপাধিবিশিষ্ট ত্রন্ধের উপাসনা বলিবার নিনিত্ত পরবর্ত্তী ত্রাহ্মণ আবিদ্ধ হইতেছে। যত প্রকার ছন্দ আছে, তাহাদিণের মধ্যে शांबजीष्क्रमहे, व्यथान । वारावा शांबजी डेक्टावर करव, डाहामिरशव नाम 'श्रव.' वह গম্বের আণ হেতু গামল্রী সংজ্ঞার উৎপত্তি, এ কথা পরে বলা হইবে। প্রাণই ছন্দকে প্রয়োগ করে, কিন্তু গায়ত্রী ভিন্ন অন্তাগ্ত ছন্দের সেই প্রয়োগকর্ত্তা প্রাণকে রক্ষা করিবার সামর্থ্য নাই, এ জন্ম তাহাদের গায়ত্রী সংজ্ঞাও হয় না। সেই গায়ত্রীই প্রাণের আয়া, আবার প্রাণ সমস্ত ছন্দের আয়া, অথচ ক্ষত হইতে ত্রাণ করে বলিয়া প্রাণও যে ক্ষত্র, আর ত্রাণকারী বিধায় মেই প্রাণই "গায়ত্রী". এই কথা পূর্ণেষ্ট বলা হইয়াছে। অতএব সেই গায়ত্রীর উপাদনা বিহিত হওয়া শ্রুতির অভিপ্রেত। বিশেষতঃ থিজোত্তমের সম্পাদক বা জন্মকারণ বলিয়াও গায়লীর প্রাধান্ত আছে। শ্রুতান্তরে আছে বে, "বিধাতা গায়ল্রা ধারা বান্ধণকে স্ষ্টি করিয়াছেনু, এইরূপ ত্রিষ্ঠ প্রারা ক্ষত্তিয়া এবং জগতী দারা বৈশ্র সৃষ্টি করিয়াছেন।" ইহাতে বুঝা যায় যে, মাতৃগর্ভ হইতে সরুৎ জাত ব্রাহ্মণের 'গায়ল্রী দিতীয় জন্মের হেতু, কাজেই অফ্রান্ত সকল ছদ্দের মধ্যে গামত্রীর প্রাধান্ত। আরও দেশ, "ব্রাহ্মণগণ পূর্বোক্ত এষণাত্রয় হইতে ব্যাখিত হইয়া" "ব্রাহ্মণগণ অভিবাদন করেন।" "সেই ব্রাহ্মণ বিপাপ বিজ্ঞর বিচিকিৎস (নিঃসন্দেছ) এবং ব্রাহ্মণ (ব্রহ্মজ্ঞ) হন।" ইত্যাদি শ্রুতিসকল ব্রাহ্মণেরই পুরুষার্থলাভের গোগ্যতা প্রদর্শন করিতেছেন। অথচ সেই সমস্ত প্রক্রবার্থলাডের হেতুভূত ব্রাহ্মণজের গায়লীজনাই একমাত্র মূল, অতএব অবশ্রই গামলীর স্বরূপ নির্দেশ করা উচিত। বেছেতু, গামলী যাহাকে বিজোত্তম পৃষ্ঠ করে, তিনিই নির্মাধে পরম-পুরুষার্থ-(মোক্ষ) লাভে অধিকারা হন; মতরাং পর্য-পুরুষার্থলাভ গায়ভীমূলক. ইহা সিদ্ধ হইল। আর এই জক্তই তাহার উপাসনা কথিত হইতেছে যে, "ভূমি" "অন্তরীক্ষ" "ভৌঃ" এই অন্ত অক্ষর গায়ভীর এক পদ অর্থাত্ব প্রথম পাদ। শ্রুভিন্থ 'হ' 'বৈ' শব্দ ছুইটি ইহার প্রসিদ্ধি স্টুচনা করিয়া দিতেছে। এখানে 'ভৌঃ' শুবের 'ষ'কার (া) পৃথক্ ধরিয়া অন্ত অক্ষর পূর্ণ করিতে হইবে। উদ্দেশ্য—অন্তাক্ষরে নিবদ্ধ গায়ভী-পাদের অক্ষরসংখ্যার পূরণ। অন্তাক্ষরের সাম্য আছে বলিয়া এই ভূমি, অন্তরীক্ষ ও ছালোক এই ত্রিভ্বনই গায়ভীর প্রথম পাদরূপে অভিহিত। এইরূপে এই ত্রেলোক্যাত্মক গায়ভীর প্রথম পাদ যে ব্যক্তি জানেন, তাহার এই ফল হয় যে, এই ত্রিলোকে যাহা কিছু জয় করিবার আছে, তিনি সমস্তই জয় করেন॥ ১॥

খাচো যজুত্যি সামানীত্য**ন্তাবক্ষরাণ্যন্তাক্ষরত হ**্বা একং গায়জ্যৈ পদমেতত্ব হৈবাস্থা এতৎ, স যাবতীয়ং ত্রয়ী বিদ্যা তাবদ্ধ জয়তি যোহস্যা এতদেবং পদং বেদ॥ ২॥

সেইরপ অয়ীবিভার 'ঝচো বজুংবি সামানি' এই তিনটি নামের অষ্ট অক্ষরই গায়জীর অন্ত এক পাদ, অর্থাৎ বিতীয় পাদ। এথানেও ঝক্, বজুং, সাম, এই অষ্টাক্ষররূপ সাদৃশুই অষ্টাক্ষরে নিবদ্ধ গায়জীর প্রধদ-কল্পনার প্রতি হেতু। এই জ্রমীবিভা বাবৎপরিমাণ অর্থাৎ জ্রমী-বিভা উপাসনা ধারা বে সমস্ত ফল প্রাপ্ত হওয়া যায়, তৎসমস্তই এই জ্রমীবিভারিপিণী গায়জীর পাদজ্ঞ সাধক লাভ করিয়া থাকেন॥ ২॥

প্রাণোহপানো ব্যান ইত্যক্টাবক্ষরাধ্যক্টাক্ষরত হ বা একং গায়ল্যৈ পদমেত হৈবাদ্যা এতৎ দ যাবদিদং প্রাণি তাবদ্ধ জয়তি যোহদ্যা এতদেবিং পদং বেদাথাস্থা এতদেব তুরীয়ং দর্শতং পদং পরোরজা য এয তপতি, যদৈ চতুর্থং তত্ত্বীয়ং দর্শতং পদমিতি—দদ্শ ইব হেয় পরোরজা ইতি দর্শব্যু হেবৈষ রক্ষ উপযুগ্রপরি তপত্যেব হৈব প্রিয়া যশদা তপতি যোহস্থা এতদেবং পদং বেদ॥ ৩॥

আর প্রাণ, অপান, বি+ আন = ব্যান, এই প্রাণাদি নামের অষ্ট অক্ষর গামজীর তৃতীয় পাদ। যে ব্যক্তি গামজীর প্রসিদ্ধ এই পাদত্রয়, জানে, সেই সাধক সমস্ত প্রাণীকে বশীভূত করে। অতঃপর সেই শব্দময়ী ত্রিপদা গায়ত্রীর প্রতিপান্ত চতুর্থ পাদ বলা হইতেছে। এই প্রকৃত গায়ন্ত্রীর ইহাই অর্থাৎ অতঃপর ৰাহার কথা বলা হইবে, তাহাই রজোগুণাতীত তুরীয় বা চতুর্থ 'দর্শত পাদ।' সে কে ? না - যিনি এই জ্গৎকে তাপ দিতেছেন। শ্রুতি শ্বরংই তুরীয়াদি পদের ব্যাখ্যা করিতেছেন—লৌকিক ব্যবহারে যাহা চতুর্থ বলিয়া প্রসিদ্ধ, তাহাই এথানে 'তুরীয়' শব্দের অর্থ। "দর্শতং পদ্ম" ইহার অর্থ কি ? ইহাও বলিতেছেন, যাহা দৃষ্ট হইতেছে, তাহাই দর্শত পদের প্রতিপাত্ত অর্থাৎ এই যে আদিতামগুলমধ্যবন্তী পুরুষ যেন দৃষ্টই হয়, এই নিমিত্ত তিনি দর্শত" নামে অভিহিত। তৎপরে 'পঞ্চোরজাঃ' এই পদের অর্থ বঁলিতেছেন, যেহেতু, এই মণ্ডলাধিষ্ঠিত পুরুষ আধিপত্যক্রমে রক্ষঃ —অর্থাৎ রজোগুণ-সমুৎপন্ন সমস্ত লোকের উপরে থাকিয়া তাপ দেন, এই জন্ম তাঁহাকে 'প্রোরজ্ঞা' বলা হয়। এথানে সর্বলোকের আধিপতা স্বচনার নিমিত্ত 'উপর্তপরি (উপরি উপরি) এই বাপ্ দা বা ধিক্তিক্তিক শব্দ প্রযুক্ত হইয়াছে। যদি বল, শ্রুতিস্থ সর্কাশ্রন ধারাই যথন সর্কলোকের আধিপত্য স্চিত হয়, তথন বীপ্সার প্রয়োজন কি 🤊 তহন্তরে বলিব যে, এ আপত্তি হইতে পারে না। কারণ, যে সমস্ত লোকের উর্দ্ধভাগে সূর্য্য দৃষ্ট হইয়া থাকেন, কেবল সেই লোকসকলের জ্ঞাপ-নার্থ এখানে সর্বা-শন্ধ প্রযুক্ত হইতেও পারে, এই সন্দেহ নিবারণার্থ 'উপযুর্বপরি' শব্দে বীপা প্রযুক্ত হইয়াছে। অন্ত শ্রুতি তাহারই অনুমোদন স্পষ্টতঃ করিতেছেন যে, "যে চামুন্নাৎ পরাঞ্চো লোকান্তেষাঞ্চেষ্টে দেবকামানাঞ", তাংপর্য্য এই,—যে সকল লোক (ভোগ্যস্থান) এই সূর্যামগুলের উপরিভাগে বর্ত্তমান, তাহাদিগেরও অর্থাৎ সেই সকল দেবকাম্য বিষয়সমূহের উপরও তিনি আধিপত্য করেন, মুতরাং সকল লোক বুঝাইবার নিমিত্র বীপা প্রয়োগ অনুচিত হয় নাই। যেমন এই সবিতা সর্বাধিপত্যরূপিণী শ্রী ও থ্যাতিসম্পন্ন হইয়া তাপ প্রদান করেন, এইরূপই সর্বাতিগা শ্রী ও খ্যাতি থারা তিনি দেদীপ্যমান ফুইতে পারেন—যিনি গায়ঞ্জীর এই চতুৰ্থ 'দৰ্শত' নামক পদ অবগত হন॥ ৩॥

্ সৈষা গায়ত্ত্যেত্স্প্রিরে দর্শতে পদে পরো-রজসি প্রতিষ্ঠিতা, তথৈ তৎ সভ্যে প্রতিষ্ঠিত্ম, চক্ষুবৈদ সত্যং চক্ষুহি বৈ সত্যম্, তত্মাদ্ যদিদানীং দ্বো বিবদমানাবেয়াতামহমদর্শমহমভৌষমিতি, য এব জ্রয়াদহমদর্শমিতি তত্মা এব শ্রুদধ্যাম।
তবৈ তৎ সত্যং বলে প্রতিষ্ঠিতম্, প্রাণো বৈ বলম্, তৎ প্রাণে
প্রতিষ্ঠিতম্। তত্মাদাহর্বলন্থ সত্যাদোগীয় ইত্যেবম্, বৈষা
গায়জ্যধ্যাত্মং প্রতিষ্ঠিতা, সা হৈষা গ্রাম্প্রত্তে, প্রাণা বৈ
গয়াস্তৎপ্রাণাণস্তত্তে, তদ্যদগ্যাণস্তত্তে তত্মাৎ গায়জ্রী নাম,
স যামেবাম্ন্থ সাবিত্রীমন্বাহৈষৈব সা, স যত্মা অন্বাহ তত্ম
প্রাণাণস্ত্রায়তে॥ ৪॥

যিনিই তৈলোক্য, এমীবিল্পা ও প্রাণক্ষপিণী, তিনিই সেই তিপদা গামতী নামে পূর্বে উক্ত হইয়াছেন। রজোগুণাতীত দর্শতবরূপ চতুর্থ পদে তাঁহার প্রতিষ্ঠা; কেন না, আদিত্যই জাগতিক সমস্ত মূর্ত্তামূর্ত্ত পদার্থের একমাত্র রস অর্থাৎ সার। বস্তুমাত্রই রসের অভাবে নীরসতা প্রাপ্ত হইয়া স্থিতির ফুবোগ্য হয়। সারাংশ দগ্ধ হইলে কাষ্ঠাদির অবস্থাই তাহার প্রকৃষ্ট উদাহরণ। সেইরূপ মূর্ত্তামূর্ত্ত জগদ্রূপিণী ত্রিপদা গায়জ্রীও নিজ তিনটি পাদের সহিত আদিত্যে প্রতিষ্ঠিত ; কারণ, আদিত্য-রূপ রসকে অবলম্বন করিয়াই তাহার অবস্থিতি, কিন্তু গায়ন্ত্রীর:সেই চতুর্থ দর্শত পদ সত্যে প্রতিষ্ঠিত। সে সত্য পদার্থ কি १ তাহাই এক্ষণে কথিত হইতেছে। চক্ষুই সত্য ; কেন না, চকুর সত্যতা সর্বত্রই প্রসিদ্ধ। দেই প্রসিদ্ধি কিরূপে ? তাহা বলিতেছেন, বর্ত্তমান সময়ে দেখা যায়, যদি ছুই ব্যক্তি পরম্পর বিবাদ করিতে করিতে আসে এবং এক खन বলে যে, ध्यामि দেখিয়াছি' ও प्रशत वल य, 'আমি গুনিয়াছি', তাহা হইলে তাহাদের মধ্যে "আমি দেথিয়াছি" এই ফথা যে বলে, আমরা তাহার কথাই বিশাস করিয়া থাকি, কিন্তু যে বলে যে, "আমি গুনিয়াছি," তাহার কথা বিশাস করি না 🜡 কেন না, শ্রোতার শ্রবণ কদাচিৎ মিথাা হইলেও হইতে পারে, কিন্তু দ্রষ্টার চাকুষ প্রত্যক্ষ কথনও মিধ্যা হওয়া সম্ভব হয় না। এই জন্ম আমরা শ্রোতার 'গুনিয়াছি' বাক্যে বিশ্বাসন্থাপন করি না। অতএব ষ্থম সকল ইন্ত্রিয় অপেকা চকু আমাদের সত্য প্রতীতি কমায়, তথম চকুই সংগ্য-শ্বরূপ বলিব। সেই সভারপী চকুতে গারতীর ত্রীয় পদ অপর পদত্তমের সহিত जारह। धरे कथा अञ्चल छक स्टेबारह त, "त्मरे जानिए। कांबाब প্রতিষ্ঠিত ? উত্তর—'চফ্ষি' অর্থাৎ "চক্ষ্তে।" আবার সেই তুরীয় পদের আশ্রম সত্য (চক্ষু) বলে প্রতিষ্ঠিত। সে বল কি ? তাহা বলিতেইন—প্রাণই বল। সেই প্রাণরপী বলে সত্য প্রতিষ্ঠিত আছে; যেহেতু, শ্রুতিই বলিয়াছেন, সেই প্রাণয়পী বলে সত্য প্রতিষ্ঠিত আছে; যেহেতু, শ্রুতিই বলিয়াছেন, সেই প্রাণয়ের বল ওতপ্রোতভাবে অবস্থিত, বলেই সত্য প্রতিষ্ঠিত; এই জন্ত লোকসকল বলিয়া থাকে বে, নত্য অপেক্ষাও বল 'ওগীয়', অর্থাৎ ওজীয়—অধিক বীর্যাবান্। যাহাতে যে আশ্রিত, সে (আশ্রয়) তাহা (আশ্রিত) অপেক্ষা বে প্রবিত্তর, ইহা জগতে খুবই প্রদিদ্ধ, কারণ, তুর্কালকে কথনই বলবানের আশ্রম হইতে দেখা বায় না। এইরূপ বৃক্তি অনুসারে এই পূর্বোক্তা গায়লীকে দেহাস্তর্বত্তী প্রাণে আশ্রিত, স্তর্বাং এই গায়লীই প্রাণস্বরূপ, ইহা অনুমান করা যায় এবং এই জন্তই সমস্ত জগওও গায়লীতে প্রতিষ্ঠিত হওয়া সক্ষত। যে প্রাণে বাইয়া সমস্ত দেবতা, সমস্ত বেদ, সমস্ত কর্ম এবং কর্মাফল সকল একীভাব প্রাপ্ত হয়, সেই এই গায়লী সেই প্রাণক্রিণি হইয়া জগতের আশ্রম্বরূপান

সেই এই গায়ত্রীই গয় সকলকে পরিত্রাণ করিয়াছিলেন। "গয়" কাহাদিগকে বলে, শ্রুতি স্বয়ংই তাহাদিগের স্বরূপ নির্দেশ করিতেছেন—প্রাণ বা বাগাদি ইক্রিয়সমূহের নাম 'গয়"। কেন না, তাহারা গান বা শক্রোচ্চারণের কারণ। সেই এই গায়ত্রী পূর্ব্বোক্ত গয়গণকে ত্রাণ করিয়া থাকেন, এই গয়ত্রাণ হেত্ই তাঁহার নাম গায়ত্রী। গয়ত্রাণ হইতে গায়ত্রী শব্দের উৎপত্তি মুপ্রসিদ্ধ। আচার্য্য * অষ্টমবর্ষায় বালককে উপনীত করিয়া যে এই সাবিত্রীকে অর্থাৎ সবিতৃদ্বতাধিষ্ঠিতা গায়ত্রীকে ক্রমশং পাদ—অর্ধাংশ—এবং সমগ্রভাবে উপদেশ করিয়া থাকেন, আচার্য্য কর্তৃক মাণবকের প্রতি উপদিষ্ট সেই এই সাবিত্রীই সাক্ষাৎসম্বন্ধে জগতের প্রাণ—আত্মান্বরূপ। বর্ত্তমানকালে এই মনুয়-জগতে আচার্য্যগণ এই সাবিত্রীই ব্যাখ্যা করিয়া মাণবককে উপদেশ দেন, অন্ত কিছু নহে। আচার্য্য, যে মাণবককে সাবিত্রী উপদেশ দেন, তাহার কলে বাগাদি ইক্রিয় সকলকে নরকাদি পাত হইতে উদ্ধার করেন॥ ৪॥

তাত হৈতামেকে সাবিত্রীমাপুক্ত, ভমন্বাহুর্বাগনুষ্ট, বৈতদ্বাচ-মন্ত্রক্রম ইতি, ন তথা কুর্য্যাদগায়জীমেব সাবিত্রীমন্ত্রক্রয়াৎ,

[্]ক "উপনীয় দদবেদমাচাৰা: পরিকীর্তিত: ।" অর্থাৎ যিনি উপনয়নানস্তর বেদ আদান ক্রেন. তিনি আচার্য্য নামে কথিত।

যদিহ বা অপ্যেবংবিদ্ বহিবৰ প্রতিগৃহ্লাতি ন হৈব তদগায়ত্ত্যা একঞ্চন পদং প্রতি॥ ৫॥

কোন কোন শাখীর প্রার্ণগণ উপনীত মাণবককে অন্ত পুর্ ইইতে উৎপন্ন অর্থাৎ অন্ত পুর্ ছলে নিবল গায়লী উপদেশ করিরা থাকেন। * তাঁহাদের অভিপ্রার শ্রুতি বলিতেছেন,—তাঁহারা বলিয়া থাকেন যে, "জীবশরীরে বাক্ই সরস্বতীরূপে বিশ্বমানা। অনুষ্ট পুর্ বাক্ ভিন্ন অন্ত কিছু নহে, স্বতরাং আমরা মাণবককে সেই বাগ্রপিণী সরস্বতীর উপদেশ করিব" এই মনে করিয়া তাঁহারা অনুষ্ট ভের উপদেশ করেন। শ্রুতি তাঁহাদের প্রতিবাদম্বরূপে বলেন যে, তাঁহারা বাহা বলিয়াছেন, তাহা সমস্কই মিথা।; স্বতরাং ভছ্ক উপদেশ পালনীয় নহে, সেরুপ বুঝা উচিত নহে।

তাহা হইলে কিরণে উপদেশ করা উচিত? উত্তর,—গায়লীকেই সাবিতী বিলিয়া উপদেশ করিবে; কেন না, পূর্কেই প্রাণকে গায়লী বলিয়া বাগ্যা করা হইয়াছে, ত্বতরাং মাণবক সমীপে সর্কম্থ্যা প্রাণরূপিণী গায়লী উপদিষ্ট হইয়াছে, ত্বতরাং মাণবক সমীপে সর্কম্থ্যা প্রাণরূপিণী গায়লী উপদিষ্ট হইয়ায়য় । এ জগু পৃথক্ উপদেশ করিতে হয় না। অপিচ, এই প্রাসম্পিক কথা সমাপন করিয়া শ্রুতি সম্প্রতি গায়লী-বিদের প্রশংসা করিতেছেন।—য়্লণ্ড নাকি গায়লীতবক্ত বাজি যেন এই প্রকার বহুতরও (বস্তুতঃ সর্কময়তাপন্ন সেই অহৈত জ্ঞানীর পক্ষে বহু বলিতে কিছুই নাই), তথাপি স্তুতির জ্ঞা বলিতেছেন—তাহারা যে কোন প্রতিগ্রহ (দান) স্বীকার করেন, তৎসমুদায়ের গায়লীর এক পদের সহিতও তুলনা হয় না, অর্থাৎ তৎসমস্তই গায়লীবিদের পক্ষে বৎসামান্ত বস্তা॥ ৫ ॥

স য ইমা^{ত্}ক্ত্রীল্লোঁকান্ পূর্ণান্ প্রতিগৃহীয়াৎ সোহস্যা এতৎ প্রথমং পদমাগ্নুয়াৎ, অথ যাবতীয়ং ত্রয়ী বিভা যস্তাবৎ প্রতি-গৃহ্লীয়াৎ সোহস্যা এতদ্দি তীয়ং পদমাগ্নুয়াদথ যাবদিদং প্রাণি যন্তাবৎ প্রতিগৃহ্লীয়াৎ দোহস্যা এতত্তীয়ং পদমাগ্নুয়াদথাস্থা

^{া &}quot;তংসবিজুত্ শীৰ্ষতে বন্ধং দেবজা ভেষজন । ত্ৰেচং সৰ্বাভন্ম ভূমা ভগজ ধীনছি।" ইকা আনুষ্ঠুত পাননী।

এতদেব তুরীয়ং দর্শতং পদং পরোরজা দ এম তপতি, নৈব , কেনচনাপ্যং কৃত উ এতাবং প্রতিগৃত্বীয়াং ॥ ৬ ॥

যদি কোন গায়ত্রীবিদ্ পুরুষ গো-অখাদি ধনে, পরিপূর্ণ এই ত্রিলোককেও প্রতিগ্রহ করেন, সেই প্রতিগ্রহও পূর্কোক্ত গারতীর প্রথম, পাদ প্রাপ্ত হয় অর্থাৎ গামজীবিদের বনরত্নাদিপূর্ণ তিলোকলাভে গামজীর প্রথম পাদবিজ্ঞানের ফল-মাত্র ভুক্ত হয়। কিন্তু সেই প্রতিগ্রহ ঐ প্রতিগ্রহীতার অধিক পাপোৎপাদক হয় না। আর যদি কোন গায়ত্রীবিং এয়ী বিস্থার সমানও প্রতিগ্রহ করেন, তবে তাহা দেই গায়লীর বিতীয় পাদে পর্যাপ্ত হয় অর্থাৎ তাহা দারা বিতীয় পাদ বিজ্ঞানের ফলমাত্র ভুক্ত ইয়। আবার যদি কোন ব্যক্তি এই সমস্ত প্রাণিজগতের তুঁল্য-পরিমাণ প্রতিগ্রহ করে, তাহা হইলে তাহা গায়ত্রীর তৃতীয়পানে পর্যাপ্ত হয়, অর্থাৎ পূর্ব্ববৎ তাহা দারা তৃতীয় পাদ-বিজ্ঞানের ফল ভুক্ত হয় মাত্র। উক্ত বুক্তি অন্তুসারে গায়জীর চতুর্থ পাদ বিজ্ঞানের ফল এইরূপ কল্পনা করা যাইতেছে যে, যদি কেহ এই পাদত্রয়ের সমানও প্রতিগ্রহ করেন. তাহা হইলে তৎসমস্তও কেবল এই পাদত্তম বিজ্ঞানেরই মাত্র ফলক্ষম করিতে সমর্থ, কিন্তু তদতিরিক্ত দোষোৎপাদনে সমর্থ নহে। বস্তুতঃ এইরূপ দাতাও নাই এবং প্রতিগ্রহীতাও ফুল্ভ, (এই যে দাতা ও প্রতিগ্রহীতার অভাব কল্পনা করা হইল, ইহা কেবল গায়ত্রীর স্তুতির নিমিত্ত)। কিংবা ধদি এরূপও দাতা এবং প্রতিগ্রহীতা সম্ভবপর হয়, তাহা হইলেও তাহার পক্ষে তাদৃশ প্রতিগ্রহ দোষাবহ নহে, ইহাই বক্তব্য; কারণ, ইহা অপেকাও অত্যধিক চতুর্থপাদ-বিষয়ক (গামলীর) বিজ্ঞান অবশিষ্ঠই রহিয়াছে, যাহা পুরুষার্থ-সাধনে সমর্থ। এক্ষণে তাহাই প্রদর্শন করিতেছেন 🗝 এই গামন্ত্রীর ইহাই তুরীয় দর্শত পদ, যাহা এই ব্রজ্যেগুণাতীত পুরুষ্মিণে তাপ দিতেছেন। এই তুরীয় পদ কোন প্রকার প্রতিগ্রহ ধারা অধিকৃত নহে অর্থাৎ যেমন গায়ত্রীর পূর্ব্বোক্ত তিন পাদ প্রতি-এহের বিনিময়ে প্রাপ্ত হয় না বা প্রকৃতপক্ষে প্লতিগ্রহের বিষয়ীভূত নহে, এইরপ এই চতুর্থপাদবিজ্ঞানও কোন বস্তুর বিনিময়েই লাভ করা যায় না। ইহা কল্পনা করিয়া বলা হইল ঘে,— তিভুবনাদি পরিমাণ প্রতিগ্রহ পাদত্তম বাস্তবিকপক্ষে কোথা হইতে এরপ ত্রৈশোক্যাদির विकास्तव जुना। দমান প্রতিগ্রহ সম্ভব ? অতএব গায়লীকে এইরপভাবে ধ্যান করিয়া উপাসনা क्तित्व, हेश विनवान अग्रहे खेत्रण कन्नना॥ ७॥

তস্থা উপস্থানম্। গায়জ্ঞাস্থেকপদী দিপদী ত্রিপদী চতুষ্পতার্পদিনি ন হি পতাদে। নমতে তুরীয়ায় দর্শতায় পদায় পরোরজ্ঞসেহসাবদো মা প্রাপদিতি, যং দিয়াদসাবশ্যৈ কামো মা সমৃদ্ধীতি বা ন হৈবাঁশ্যৈ স কাম ঋধ্যতে, যন্মা এবমুপতিষ্ঠ-তেহহমদঃ প্রাপমিতি বা ॥ ৭ ॥

একণে সেই গায়ত্রীর উপস্থান কবিত হৈতৈছে। উপস্থান অর্থে অভিসূথে উপগত হইয়া এই কছামাণ মন্ত্র ছারা নমস্কার। সেই মন্ত্র এই,— হে গায়ত্রি ৷ তুমি ত্রৈলোক্যরূপ একপদ দারা একপদী, এটা (বেদ) বিছা-রূপ দিতীয়পদ দ্বারা দ্বিপদী, প্রাণাদিরূপ তৃতীয় পদ দ্বারা ত্রিপদী এবং তুরায়পদ ছারা চতুষ্পদী হইতেছ। উপাসকগণ এই পদ-চতুষ্ট্র-বিশিপ্টরূপেই তোমাকে জানিয়া উপাদনা করেন। কিন্তু তুমি স্বীয় নিরুপাধিরূপে অপদ্ ঋর্থাৎ অজ্ঞের বটে; কারণ, যাহা দারা জ্ঞাত হইবে, তাহার নাম পদ, সেই জ্ঞানকারণ পদই বাস্তবিক নাই, এই জন্ম তুমি 'অপদ্'; যেহেতু, 'নেতি নেতি' শ্ৰুতি তোমার নির্বিশেষ প্রপঞ্চাতীত স্বরূপই প্রকাশ করে তুমি সেই নিরূপাধিক্রপিণী অপদ। অতএব ব্যবহারের অগোচর তোমার যে সেই-পরোরজঃ-তুরীয় দর্শত-পদ--তাহাকে নমস্কার। আমার পাপদ্ধপী শক্র ভোমার প্রাপ্তির বিল্লকারী, তাহার কার্য্য তোমার প্রাপ্তিবিষয়ে আমার বিল্ল সমুৎপাদন করা, তাহা যেন দে করিতে না পারে। শ্রুতিতে "ইতি" শব্দটি মন্ত্রের সমাপ্তি-স্চনার্থ প্রযুক্ত হইমাছে। সেই গায়জ্রী-বিৎ পুরুষ যদি কাহারও প্রতি ধেষ करतन, তांश रहेरल रमरे मक्कत छेक्रावेरनत निमित्व धरे वक्कामांग मन बाता (শত্র-জয়ার্থ) গায়জীর উপস্থান করিবেন। [']উপস্থানমধ্যে ""এই অমুক নামক শক্র" বলিয়া প্রথমে তাহার নাম গ্রহণ করিবেন। পরে "এই যজ্জদত্তের (শক্রর) অভিপ্রেভ—কামনা দকল হসন্পন্ন না হউক" বলিয়া উপস্থান করিবেন। এইরূপ করিলে কথনও তাহার কামনা সমূহ স্থাসিদ্ধ হইবে না। কাহার কামনা পূর্ণ হইবে না ? শ্রুতি বলিতেছেন—বে শক্রুর উদ্দেশ্যে এইরূপ উপস্থান করিবেন, কিংবা "এই দেবদত্তের অভিলবিত প্রাপ্য বস্তু বেন আমি পাই।" এই রলিয়া शाहात উत्माल जिलानना कतित्वन, जाहात कामना निम्न 'हम ना। 'आत्री आनः मा

প্রাপ্থ' 'অস্মৈ কামো মা সমৃদ্ধি' 'অহমদঃ প্রাপম্' এই তিন্টি মন্ত্রপদের মধ্যে বাঁহার যেটি আবশ্রক, তদমুখারে তিনি সেইটি জপ করিবেন মন্ত্রবিশেষে আরাধনা সাধকের ইচ্ছাধীন-বিকল্প। १॥

এতদ্ধ বৈ তজ্জনকো বৈদেহে। বুড়িলমাশ্বতরাশ্বিমুবাচ। यम् हा जन्नायञीतिनज्जथा व्यथं कथण रखीकृत्वा वहमीिज, মুখ্য হাস্তাঃ সত্রাণ্ন বিদাঞ্কারেতি হোরাচ। তস্তা অগ্নিরেব মুখম। यनि হ বা অপি বহনীবাগাবভ্যাদধতি সর্ব্বমেব তৎ দন্দহত্যেবত হৈবৈবংবিদ্যগুপি বহিবৰ পাপং কুরুতে দর্ববমেব তৎসংস্পায় শুদ্ধঃ পূতোহজরোহমূতঃ সম্ভবতি॥৮॥

পঞ্চমশ্র চতুর্দ্দশং ব্রাহ্মণম ॥

এক্ষণে গায়ত্রীর মুখবিষয়ক বিজ্ঞান-বিধানের জন্ত আখ্যায়িকাচ্ছলে তাহার প্রশংসাবাদ উক্ত হইতেঁছে। এইরূপ নাকি শ্বরণ হয় যে, এককাণে বিদেহাধি-পতি রাজা জনক গায়ত্রী-বিজ্ঞান সম্বন্ধে অখতরাখের অপত্য---আখতরাখি বুড়িলকে বলিয়াছিলেন, (শ্রুতিন্থ 'ঘংনু' শব্দটি বিতর্ক অর্থে ও 'হো' শব্দটি অহো--আশ্চর্য্য অর্থে প্রযুক্ত) তুমি যে "গায়ন্ত্রী-বিদশ্মি" অর্থাৎ আমি গায়ত্রীবিং এই অভিমানে আপনাকে ঘোষিত করিতেছ, তবে কেন সেই বাকোর অনমুরূপ ফল প্রাপ্ত হইয়াছ অর্থাৎ যদি তুমি গায়জীবিৎই হইবে, তাহা হইলে তুমি প্রতিগ্রহদোষে হস্তা হইয়া আমাকে বহন করিতেছ কেন ? 'সেই হস্তা বাজার কথার গায়লীবিজ্ঞান-বিষয়ে লব্ধ-স্বৃতি হইরা প্রভারে বলিল বে, হে সঁথাট ! বেছেতু আমি এই গামজীর 'মুখ' কি, ভাহা জানিতে পারি নাই, দেই জন্ম আমার গায়ত্রীবিজ্ঞান অসম্পূর্ণ আছে, এই এক অঙ্গ বিকল থাকায় আমাক গায়ত্রীবিজ্ঞান দকল হয় নাই। তথন রাজা বলিলেন, তাহা হইলে শ্রবণ কর, আমি তোমাকে সেই গায়জীর মুথ বর্ণনা করিতেছি—অমিই সেই গায়ত্রীর মুথ। এই সংসারে যদি কেহ নাকি বহুতর ক্ষিরাশি অগ্নিতে নিকেপ করে, (বাস্তবিক অগ্নির পক্ষে দে সমস্ত বং-সামান্ত) তবে অগ্নি বেমন তৎসমস্তই দগ্ধ করে, সেইপ্রকার "গার্ক্তীর মুগ অগ্নি" ুএই বিজ্ঞানবান্ পুরুষও অগ্নি-মুথ হইয়া গায়জ্রীস্বরূপ প্রাপ্ত হন এবং তিনি: বিদি নাকি বছতর পাপকর্মও করেন—নানাবিধ প্রতিগ্রহ দোষও করেন, তথাপি তিনি তৎসমত পাপকে ভক্ষণ অর্থাৎ দগ্ধ করিয়া অগ্নির স্থায় প্রতিগ্রহদোষ হইতে মুক্ত হন ও পবিত্র ধাকেন, আর গায়জ্রীস্বরূপ প্রাপ্ত হইয়া অজর অমরভাবে বর্ত্তমান পাতকন ॥ ৮॥

ইতি পঞ্মাধ্যামে চতুর্দশ বাহ্মণ।

উপনিষ্প্স—পঞ্চমাহধ্যায়স্থ

পঞ্চদশ-ব্ৰান্থান্

হিরপ্রেন পাত্রেন সত্যন্তাপিহিতং মুখম্। তত্ত্বং পূষরপার্ণু সত্যধর্মায় দৃষ্টয়ে। পূষরেকর্ষে যম সূর্য্য প্রাজাপত্য ব্যুহ রশ্মীন্ সমূহ তেজাে যতে রূপং কল্যাণতমম্ তত্তে পশ্যামি। যোহসাবসাে পুরুষঃ সােহহন্মি বায়ুরনিলমম্তমথেদং ভন্মান্তখ শরীরম্ ওঁ ০ ক্রতাে স্মর কৃত্ত স্মর, ক্রতাে স্মর কৃত্ত স্মর, অয়ে নয় স্পথা রায়ে অস্মান্থিয়ানি দেব বয়ুনানি বিদ্বান্। য়ুয়োধ্যস্ম-জ্ছরাণমেনাে ভ্রিষ্ঠাং তে নম উক্তিং বিধেম ০॥ ১॥

ুইতি পঞ্চদ**শ**ং ব্ৰাহ্মণম্।

ইতি ঐবৃহদারণ্যকোপনিষৎস্থ পঞ্চমাহধ্যায়ঃ

যিনি জ্ঞান ও কর্ম উভয় একযোগে অমুষ্ঠান করেন, তিনি অস্তকালে নিমোক্ত প্রকারে আদিত্যকে প্রার্থনা করিবেন। এই গায়ন্ত্রীপ্রকরণে এই আদিত্য-প্রার্থনাকে কেইই যেন অপ্রাসন্তিক মনে না করেন, কারণ, এগানেও বাস্তবিক গায়ন্ত্রীর প্রসঙ্গ আছে; প্রসঙ্গ এই যে—আদিত্য গায়ন্ত্রীর তুরীয়পাদ, তাঁহার উপাসনা পূর্ব ইইতেই আর্ব্রর; অতএব তাঁহারই এথানে 'হিরগ্রমাদি' বাক্য থারা প্রার্থনা ইইতেছে। যেমন কোন পাত্র থারা প্রিয় বন্ধ আচ্ছাদিত হুইয়া থাকিলে তাহার যথাস্বরূপ উপলব্ধ হয় না, তেমন এই 'সত্য' নামক ব্রহ্মও যেন জ্যোতির্ম্মর সৌর-মণ্ডল থারা আচ্ছাদিত আছেন। এ কল্পনার কারণ—বেহেতু সমাধি-পরিশৃন্ত মলিন-চেতা জীবগণ তাহাকে দেখিতে পায় না। এই কথাই এথানে বলা হইতেছে যে, সভ্যের মুথ অর্থাৎ যথার্থ স্বরূপ অপিছিত—আচ্ছাদিত; সাধারণ পাত্রও দর্শনের প্রতিরোধ করে, এ জন্ত মনে হয়, সৌর-মণ্ডল অপিধানের (আচ্ছাদন-পাত্রের) ন্তায়। অতএব হে পৃষন্! (জগভের পোষণকারিত হেতু স্বিতার নাম পূষা) তুমি ভাহা (আচ্ছাদন)—তোমার

সেই আ চ্ছাদন অপনয়ন কর, অর্থাৎ সভাই আমার একমাত্র স্বরূপ, অভএব ভোমারই অব্যভূত; আমার সেই ষ্থার্থস্বরূপ দর্শনের জন্ম তুমি দর্শনের প্রতিবন্ধক অপসারিত কর। 'পূষরু' ইত্যাদি নামগুলি সবিতার আমন্ত্রণার্থে প্রযুক্ত। তাহার মশ্বার্থ—কে একর্ষে । যিনি দর্শন করেন, তিনিই ঋষি, সবিতা অদিতীয় ঋষি; কেন ুনা, তিনি সকলের আত্মা, তিনি চক্ষু হইয়া সমস্ত বস্ত দর্শন করেন। অথবা সবিতা একাকী গমন করেন বলিয়া এক্ষি। শ্রৌভ মন্ত্রেও আছে বে, 'স্থ্য একশ্চরতি।' অর্থাৎ স্থ্য একাকী বিচরণ করেন। আর হে ষম! অর্থাৎ তোমা কর্তৃক সমস্ত জগতের সংযম-কার্য্য সম্পন্ন হয়; অতএব হে সংখ্যনকারী, হে হুর্যা! তুমি জগতের রুস-রিমাও প্রাণ বা বৃদ্ধি-বৃত্তি উত্তমরূপে প্রেরণ কর, এ জন্ত হে রশিপ্রেরক ৷ অপিচ হে প্রাঞ্জাপত্য ৷ অর্থাৎ প্রজাপতি—ঈশ্বরের কিংবা হিরণ্যগর্ভের অপত্য! তুমি তোমার আচ্ছাদক রশিসমূহ বিদ্রিত কর, তেজঃসমূহকে সঙ্কিপ্ত-সন্ধৃতিত কর; যাহাতে আমি তোষায় দেখিতে সমর্থ হই। কেন না, যেমন বিত্যাৎপ্রকাশে চকু: প্রতিহত হইলে কোন বস্তুর রূপ দৃষ্টিগোচর হয় না, তদ্রুপ তোমার তেজ ধারা আমার দৃষ্টিশক্তি লুপ্ত হয়, তজ্জন্ত ভোমার রশ্মি যথাষথভাবে:দেবিতে পাই না। অতএব তোমার অতি তীব্র তেজ: প্রত্যাহার কর, বাহাতে আমরা তোমার পরম কল্যাণ্মম রূপ নিরীক্ষণ করিতে পারি। (শ্রুতিতে 'পশ্রামি' পদে একবচন थाकिरमञ्ज উंহা বছৰচনে পরিণত করিয়া দইতে হুইবে)। আর যে এই "ভূতু বি:ৰ:" ব্যাহ্বতিময় পুরুষ অর্থাৎ পুরুষাকৃতিসম্পন্ন ব্যক্তি তোমাতে প্রতীয়-মান, আমিই সেই পুরুষ। পুর্বের আদিত্যপুরুষ ও চাকুষপুরুষের যে ফথাক্রমে 'खाइ:' ७ 'बाहम्' এই উপনিষদ্ (গুছ নাম) উক্ত হইরাছে, তাহাই 'তং' শব্দে বোধিত হইল অর্থাৎ আমিই সেই অমৃতাদিম্বরূপ। অমৃত ও সত্যরূপী আমার এই স্থল শরীরপাত হইলে যে শরীরান্তর্গত প্রাণবায়, তাহা বাঞ্বায়ুর সহিত মিলিত হউক। সেইরূপ শরীরাধিষ্ঠিত অক্তান্ত দেবতাগণ স্বীয় স্বীয় উপাদান প্রাপ্ত হউক এবং এই শরীরও ভন্মীভূত হইয়া পৃথিবীতে মিশিয়া বাউক। অতঃপর প্রথমতঃ নিজের সংকরভূতা ও মনোগতা অগ্নি-দেবতাকে প্রার্থনা করিতেছেন,— व्यक्ति "७ करा !" परे ७ कात ७ कर् नक उष्ट में प्रधार मरबाधनार्थ थानूक । (कन ना, अकाबरे मत्नत अजीक, धरे कश अकाबनारमं आवारन कता रहेन अवर 'मरनाममन्' (रुष्ट्र कवि अष्ट्र नारम काथाण हरेन। कावन, 'अष्ट्र'-मरक्ष दक्षि कर्ष मर्दक, त्मरे महत्त मरमाश्या, तमरे निमिक्टे मनक

ষ্মগ্রিদেব তাকে 'ক্রতু' বলা হইয়াছে। হে ক্রতো। তুমি নিজের শ্বরণীয় কার্য্য শ্বরণ কর; কারণ, জীবগণ অন্তকালে তোমাকে শ্বরণ করিয়াই অভিলবিত পতি প্রাপ্ত হয়, অতএব প্রার্থনা করি যে, আমি যাহা যাহা করিয়াছি, তাহা ভূমি শব্রণ কর। এখানে এক স্মরণের কথাই হুইবার বলা হইয়াছে, তাহার উদ্দেশ্য-কেবল এই প্রার্থনাম আদরাতিশয়প্রদূর্ন। আরও, হে অগ্নি! তুমি আমাকে কর্মফল-প্রাপ্তির জন্ম স্থলর পথ দিয়া লইয়া যাও, অর্থাৎ যে পথে (উত্তরায়ণ) যাইলে আমরা উৎক্লপ্ত'কর্মাফল ধনাদি লাভ করিতে পারি, সেই পথে লইয়া যাও ; কিন্তু কৃষ্ণ (মলিন) পথে (দক্ষিণায়ন) লইয়া যাইও না, যেহেতু, উহা প্রনরার্ত্তি-ৰ্ক্ত, স্বতরাং ও পথে বাইলে পুনশ্চ মর্জ্যে আসিতে হইবে। তবে কি কর্ত্তব্য ? না—হে দেব !—সর্ব-প্রাণিনিচয়ের প্রজানাভিজ ! তুমি অতি স্থলর ভক্রপথেই (উত্তরায়ণে) আমাদিগকে অর্থাৎ জগতের সকলকেই নইয়া যাও এবং আমাদের হৃদয় হইতে 'জুহুরাণ' অর্থাৎ কুটিল পাপ দকল বিযোজিত কর। আমরা তোমার প্রপাদে দেই পাপ হইতে বিমুক্ত হইয়া উৎকৃষ্ট ,উত্তর-পথে ঘাইতে পারিব। কিন্তু আমরা একণে তোমার পূজা করিতে পারিতেছি না,—কেবল প্রচুরভাবে "নমঃ" উক্তি অর্থাৎ নমস্কারমাত্র করিতেছি—নমস্কার-বচন দারা তোমার পরিচ্যা-বিধান করিতেছি, আর কিছুই করিতে আমাদের সামর্থ্য नारे।

ইতি পঞ্চমাধ্যায়ে পঞ্চদশ ব্রাহ্মণ।

ইতি ঐবৃহদারণ্যকোপনিষদে পঞ্চম অধ্যামের ভাষ্যার্থবিবৃতি।

উননিষ্প্স--্ষষ্ঠাহধ্যায়স্থ

প্রথম-ব্রাহ্মণম্

ওঁ হরিঃ। যোহ বৈ জ্যেষ্ঠঞ্চ শ্রেষ্ঠঞ্চ বেদ, জ্যেষ্ঠন্চ শ্রেষ্ঠন্ট স্বানাং ভবতি, প্রাণো বৈ জ্যেষ্ঠন্চ শ্রেষ্ঠন্চ, জ্যেষ্ঠন্চ শ্রেষ্ঠন্চ স্বানাং ভবত্যপি চ যেযাং বুভূষতি য এবং বেদ॥ ১॥

পূর্ব অধ্যায়ে গায়ত্রীকে মাত্র প্রাণম্বরূপ বলা হইয়াছে। একণে প্রশ্ন হইতেছে যে, কি কারণে গায়ত্রীর কেবল প্রাণম্বরূপতা, অক্সান্ত ইন্দ্রিয়রূপতা নহে অর্থাৎ গায়ত্রী কেন প্রাণম্বরূপা, ইন্দ্রিয়ম্বরূপা নহে ? উত্তর,—বেহেতু ইন্দ্রিয়বর্ণের মধ্যে প্রাণই সর্বাপেক্ষা জ্যেষ্ঠ ও প্রেষ্ঠ, এই জন্ত গায়ত্রীকে প্রাণম্বরূপ বলা হইয়াছে। কিন্তু বাগাদির জ্যেষ্ঠম্ম ও শ্রেষ্ঠম্ম কিছুই নাই। কাজেই তাহারা গায়ত্রী হইতে পারে না। যদি বল, প্রাণের জ্যেষ্ঠম্ম ও শ্রেষ্ঠম্ম কেন ? তাহার নির্মারণ করিবার অভিপ্রারে এই রাহ্মণ আরর হইতেছে। অথবা এই রাহ্মণারছের অন্তর্মণ অভিপ্রার হইতে পারে যে, পূর্বের চক্ষুং প্রভৃতি ইন্দ্রিয় সম্বেও তাহাদের ত্যাগ করিয়া উক্থ, ঝক্, য়জুং, সাম ও অজাদিরূপে যে কেবল প্রাণেরই উপাসনা অভ্যিহিত ইইয়াছে, সে বিয়য়ে কেবল কারণ বলিবার জন্তই পূর্ববাধ্যায়ের আনন্তর্যায়ণে এখানে উল্লেখ হইল, কিন্ত পূর্ববাক্ত উপাসনার অক্সরূপে এ রাহ্মণ বর্ণনীয় নছে। বিশেষতঃ এই অধ্যায়টি থিলকাও, অর্থাৎ পূর্বের অম্বরূল বিময়ের পরিশিষ্ট। অন্তর্এব পূর্বর অধ্যায়ের যে সকল বিশিষ্ট ফলজনক প্রাণোপাসনা উক্ত হয় নাই, তৎসমুদায়ই এই অধ্যায়ে প্রতিপান্ত ও বিরক্ষত। শ্রুভির তাহাই অভ্যপ্রেত বিষয়।

ৈ কেহ জ্যেষ্ঠতা ও শ্রেষ্ঠতা-গুণবিশিষ্টরূপে বক্ষ্যমাণ বিষয়কে জানে, সে
নিশ্চরই জ্যেষ্ঠ ও শ্রেষ্ঠ হয়। শ্রুভিত্ব অবধারণার্থক 'হ বৈ' শব্দ তাহার নিশ্চয়
করিয়া দিভেছে। যে শিষ্য এই প্রকারে ফল-প্রকোভনে প্রলোভিত হটরা

এই ঝিজাসার জভ অভিমুখীভূত, তাহাকে শ্রুতি উদ্দেশ করিয়া বলিতে-, ছেন যে, প্রাণই জ্যেষ্ঠ ও শ্রেষ্ঠ। প্রাণের জ্যেষ্ঠত ও শ্রেষ্ঠত কিরণে জানা যায়, তাহাও বলিতেছি—যদিও রেতঃসেককালে প্রাণাদি ইল্রিয়গণের সহিত শুক্রশোপিতসমন্ধ অবিশেষ—সমান সত্য, তথাপি দেখিতেছি, প্রাণহীন তক্র প্ররুত্ হয় না অর্থাৎ জয়লাভ করে না, এ জন্ত চকু: প্রভৃতি অপেক্ষা প্রথমেই প্রাণের বৃত্তিলাভ স্বীকার করিতে হয়। হতরাং প্রাণ অন্তাপেকা জ্যেষ্ঠ। আবার বলি, প্রাণই রেভঃসেককাল হইতে নঞ্জাত গর্ভের পরিপোষণ করে এবং প্রথমতঃ প্রাণ বৃত্তিলাভ ক্রিলে পরে অন্তান্ত চক্ষুঃ প্রভৃতি ইন্দ্রিয়গণ বৃত্তিলাভ করিয়া থাকে, এ জন্মও চক্ষাদি অপেকা প্রাণের জ্যেষ্ঠতা সায়সঙ্গত। ৢতথাপি এরপ আশন্ধা হয়তে পারে যে, বংশের মধ্যে কোন ব্যক্তি বয়সে জ্যেষ্ঠ, কিন্তু গুণহীন হওয়ায় শ্রেষ্ঠ নছে, বরং তাহার মধ্যম বা কনিষ্ঠ ব্যক্তি হয় ত গুণাধিক্য-বশতঃ শ্রেষ্ঠ, এরূপ ব্যতিক্রম হওয়া সন্তবপর। কিন্তু প্রাণের সম্বন্ধে সে আশঙ্কাই নাই। থেহেতু, প্রাণ জ্যেষ্ঠ ও শ্রেষ্ঠ উভন্নই। যদি বল, প্রাণের শ্রেষ্ঠত্ব জানা যান্ত্র কিরপে ? উত্তর—তাহা এই প্রকরণে আখ্যায়িকা দারা পরে প্রকাশ করিব। ফলত: বেরূপেই হউক, প্রাণকে জােষ্ঠ ও শ্রেষ্ঠরূপে যিনি জানেন-উপাসনা করেন, তিনি জ্ঞাতিগণের মধ্যে জ্যেষ্ঠ ও শ্রেষ্ঠ হন। কেন না, তিনি জ্যেষ্ঠতা ও শ্রেষ্ঠতা-গুণসম্পন্নের (প্রাণের) উপাসনা করেন, সেই প্রভাবে জাঁহার ঐ প্রভাব উৎপন্ন হয়। শুধু ইহাই নহে, জ্যেষ্ঠ-শ্রেষ্ঠ প্রাপদশী ব্যক্তি যদি নিজ জ্ঞাতিবর্গ-ব্যতিরিক্ত কোনও সম্প্রদায়ের মধ্যে নিজে 'আমি ইহাদের মধ্যে জার্ছ ও শ্রেষ্ঠ হইব' বলিয়া ইচ্ছা করেন, তাহা হইলেও তিনি তাহাদের মধ্যে জ্যেষ্ঠত্ব ও শ্রেষ্ঠত্ব লাভ করিয়া থাকেন। প্রশ্ন হইতে পারে যে, যে জ্যেষ্ঠত পুরুষের ব্যোমাত্রসাপেক, তাহা ইচ্ছামাত্রে সম্পন্ন হয় কিরুপে ? তাহাও বলিতেছি, এই ,প্রাণের ক্সায় সর্ব্বপ্রাথম্যে ও প্রাধাক্তে বৃত্তিলাভই এখানে জ্যেষ্ঠতা-শব্দে অভিপ্রেত। তাৎপর্য্য এই যে,—যেরূপ প্রাণের রুত্তিলাভ হইলে পর চকু: প্রভৃতি ইন্দ্রিয়গণের বৃত্তিলাভ হয়, সেইরূপ অন্ত্রী এ জ্ঞাতিবর্গের জীবনও সেই थार्गाभागरकत रेष्टात ष्यरीन बारक. - कथनरे चलत बारक ना, जरवरे थानमीत **ब्लार्डफ् रे**ष्टाधीन, किन्ह वरशावृद्धिनिवसम नरह, रेहा প্রতিপন্ন रहेन ॥ ১ ॥

ে যোহ বৈ বসিষ্ঠাং বেদ, বসিষ্ঠঃ স্বানাং ভবতি, বাথৈ বসিষ্ঠা, বসিষ্ঠঃ স্বানাং ভবত্যপি চ যেষাং বুভূষতি য এবং বেদ॥ ২ অতঃপর অন্তান্ত গুণে প্রাণের উপাসনা বিহিত হইতেছে। যে জন বসিষ্ঠাকে জানেন, তিনিও জ্ঞাতিগণের মধ্যে বসিষ্ঠ হন। বাস্তবিক জীবনে উপাসনার অন্তর্মণ ফলই ফলিয়া থাকে। আর যদি জ্ঞাতিভিয়ের মধ্যেও তিনি বসিষ্ঠ হইতেইছা করেন, তবে তাহাদিপ্তেরও মধ্যে তিনি বসিষ্ঠ হন। কিন্তু এ বসিষ্ঠা কে ? উত্তর,—বাক্ই বসিষ্ঠা। কারণ, যে অতিশম্বরপে বাস করায় অথবা আছেদেন করে, সেই বসিষ্ঠা। বাক্ই জীবকে বাস করায় জন্ম বাক্ বসিষ্ঠা; যেহেতু দেখা যায় দে, যাহারা বাক্শক্তিসম্পান, তাহারাই ধনী হয় ও স্বছেনভাবে সংসারে বাস করিয়া থাকে। আবার 'বস্' ধাতুর আছেদিনার্থ ধরিয়া দেথ যে, বাগ্মিগণ বাক্য দ্বারা অপরকে অভিভূত (আছোদিত) করিয়া থাকে। অতএব বসিষ্ঠত্ব-শুণবিশষ্ট বস্তবর উপাসনার উপাসক বসিষ্ঠত্ব-শুণবৃক্ত হয়, এটি উপাসনার অন্তর্মণ ফল॥ ২॥

যোহ বৈ প্রতিষ্ঠাৎ বেদ প্রতিতিষ্ঠতি সমে, প্রতিতিষ্ঠতি হুর্গে, চক্ষুর্বৈ প্রতিষ্ঠা, চক্ষুষা হি সমে চ হুর্গে চ প্রতিতিষ্ঠতি, প্রতিতিষ্ঠতি সমে প্রতিতিষ্ঠতি হুর্গে য এবং বেদ॥ ৩॥

আবার যে জন প্রতিষ্ঠাকে জানে, সে সমস্থান ও সমকালে প্রতিষ্ঠিত হয়, বেহেতু যাহা বারা লোকে প্রতিষ্ঠিত হয়, তাহাকে প্রতিষ্ঠা বলে, সেই প্রতিষ্ঠা-শুণবিশিষ্ট দেবতাকে যিনি জানেন, তাঁহার এই সকল ফললাভ হওয়া সঙ্গত। শুরুইহাই নহে—তিনি সমান (নিরাপদ) দেশে ও কালে বাস করেনই; অধিকস্ক বিষম—হর্গম দেশে ও হর্জিক্ষাদিকালেও অবস্থিতি লাভ করেন। কিন্তু এই প্রতিষ্ঠা কে? তাহা বলা আবশুক। উত্তর্ম;—চক্ষ্ই প্রতিষ্ঠা, চক্ষ্র প্রতিষ্ঠাছ কেন? তাহাও বলিতেছেন—মন্ত্র্যাপ কি সম, কি বিষম—হর্গম দেশে, কিংবা সম ও বিষমকালে—সর্ব্বত্তই একমাত্র চক্ষ্ বারা অবলোকন করে ও প্রতিষ্ঠা (স্থিতি) লাভ করে। অতথব যে গ্যক্তি প্রতিষ্ঠাগুণরুক্ত দেবতাকে জানে—উপাসনা করে, তাহার সম ও বিষম দেশে এবং সম ও বিষমকালে যে প্রতিষ্ঠালাভ হয়, ইহা এই বিজ্ঞানামুদারে উপাসনার অনুত্রপ কল॥ ৩॥

যো হ বৈ সম্পদং বেদ সভহাদৈয় পদ্মতে যং কামং কাময়তে। শ্রোত্র: বৈ সম্পৎ, শ্রোত্রে হীনে সর্বের বেদা অভিনম্পনাঃ সত্থ হাজৈ পদ্মতে যং কামং কাময়তে য এবং বেদ॥ ৪॥

অপিচ, যিনি সম্পদ্—অর্থাৎ সম্পদ্গুণ-বৃক্ত দেবতাঁকে জানেন, সেই জ্ঞানা যে কিছু কামনা করেন, তৎসমস্ভই তাঁহার সম্পদ্গ হয়। এখন জিঞ্জান্ত এই যে, এই সম্পদ্-গুণবিশিষ্ট দেবতা কে ? উত্তর,—শ্রোএই। শ্রোত্রের সম্পদ্গুণ কেন ? তহন্তরে শ্রুতি নিজেই বলিতেছেন,—যেহেতু শ্রোত্র বর্তমান থাকি লেই প্রুরের সমস্ত বেদ অধ্যয়নযোগ্য,। আরও শ্রোত্রসম্পৎজ্ঞান হইতে কামনা-সিদ্ধির কারণ এই যে—বেহেতু অভিনত কাম বা কাম্য বস্তু সমস্তই বেদ-বিহিত কর্মের অধীন কাজেই যিনি এই প্রকারে সম্পৎগুণসম্পন্ন শ্রোত্রকে জানেন, তিনি যে কাম্যুবস্ত কামনা করেন, তাঁহার তৎসম্প্তই স্বসম্পন্ন হয়। ইহা উপাসনার অহুরপ ফল। শ্রোত্র হইতে বেদজান সম্পন্ন হয় ও বেদ কাম্যুস্পৎ দিছ করিবার একমাত্র উপায়ু; এ জন্তু পরম্পরার শ্রোত্রকে সম্পৎ বলা হইল॥ ৪॥

যো হ বা আয়তনং বেদায়তনশ্ত স্থানাং ভবত্যায়তনং জনানাম, মনো বা ,আয়তনমায়তনশ্ত স্থানাং ভবত্যায়তনং জনানাং য এবং বেদ॥ ৫॥

আবার যিনি আয়তন অর্থাৎ আশ্রয়কে জানেন, ক্রিনি নিক্র' জাতিগণের আয়তন অর্থাৎ আশ্রয় হন। এমন কি, ইচ্ছা করিলে অপরেরও আয়তন হইতে পারেন। সেই আয়তন কি ? তাহাই বলিতেছেন—বে, মনই ইক্রিয় সমূহের এবং ইক্রিয়-গ্রাহ্থ বিষয় সকলের আয়তন বা আশ্রুয়। কেন না, ভোগ্য বিষয় সমূহ একমাত্র মনকে আশ্রয় করিয়াই আয়ার ভোগ্যত প্রাপ্ত হয় এবং মনের সক্ষয়ামুসারে ইক্রিয়সকল স্থ-স্থ-বিষয়ে প্রার্ত্ত হয়, অতএব মনই ইক্রিয় সম্মদেরে আয়তন, ইহা সঙ্গত কথা। অতএব যিনি এই আয়তনত্ব-শুল-সম্পদ্ধভাবে মনকে জানিয়া উপাসনা করেন, তিনি বিজ্ঞানামুসারে জাতিগণের ও অপয়াপয় সকলের আয়তন হন॥ ৫॥

যোহ বৈ প্রজাপতিং বেদ প্রজায়তে হ প্রজয়া পশুভী-রেতো বৈ প্রজাপতিঃ, প্রজায়তে হ প্রজয়া পশুভির্য এবং বেদ॥৬॥

আর যিনি প্রজাপতিকে জানেন, তিনি প্রজাসস্ততি ও পশুসম্পত্তি সম্পন্ন হন। এ প্রজাপতি কে? তাহা বলা হইতেছে— রেডই (শুক্র) প্রজাপতি; এখানে—রেডশেল জননে ক্রিয়কেও লক্ষ্য করিতেছে। যিনি এইরপ জানেন, তিনি প্রজা ও পশু লাভ করেন। ইহা বিজ্ঞানা মুবারী উপাসনার অনুরূপ ফল॥ ৬॥

তে হীমে প্রাণা অহুত প্রেয়সে বিবদমানা এনা জগ্ম স্তদ্ধোচুঃ কোনো বসিষ্ঠ ইতি। তত হোবাচ যশ্মিন্ ব উৎক্রোন্ত ইদ্ভ শরীরং পাপীয়ো মহাতে স বো বসিষ্ঠ ইতি॥ ৭॥

এককালে সেই বাগাদি ইক্রিম্বাণ 'আমিই শ্রেষ্ঠ, আমিই শ্রেষ্ঠ' এইরূপে নিজ প্রাধান্ত-বিস্তারের জন্ম পরম্পর বিবাদ করিতে করিতে ব্রহ্ম অর্থাৎ প্রস্কাপতির নিকট গমন করিয়াছিল, এবং তাঁহাকে বলিয়াছিল বে, আমাদিগের মধ্যে প্রকৃত বসিষ্ঠ (শ্রেষ্ঠ) কে ? অর্থাৎ আমাদিগের মধ্যে কে অপরকে বাস করাইতে অথবা অপরকে আচ্ছাদন করিবার উপৰুক্ত ? তাহারা এইরপ বিজ্ঞাসা করিলে পর প্রকাপতি উত্তর করিরাছিলেন যে, তোমাদিগের মধ্যে যে শরীর হইতে উৎক্রাস্ত (বহির্নত) হইলে লোকে এই শরীরকে পূর্ব্বাপেকা অত্যধিকরাণ পাপীয়—অম্পৃষ্ঠতুর মনে করে, দেই ভোমাদিগের মধ্যে বসিষ্ঠ বলিয়া প্রমাণিত হইবে। এই শরীর স্বাতাবিকভাবেই অশুচি---মলমুত্রাদিময়, স্বতরাং জীবদশায় পাপী আছেই, পরস্ক ততোহধিকভাবে অন্তচিতা—পাপিতা বাহার অভাবে জন্মিনে, সেই বিষষ্ঠ । শরীরের প্রতি বৈরাগ্য-पर्ननार्थ हे **এখানে এই**करि नजीरतत व्यक्तिकिकार निका कता हहेन। প্রজাপতি ইন্দ্রিগণের মধ্যে কে প্রকৃত বিষষ্ঠি, তাহা স্বয়ং জানিয়াও অপরাপর रेक्षियरार्भव अधीि जिनवात भार्य किछूरे नाम नारे। उस्रा धरेक्रभ नीमाल भन्न लाहे नानानि हेक्तिय नकत नमदवछ हहेया ज्यालन ज्यालन मक्ति नतीकांत्र कमा একে একে শরীর হইতে উৎক্রান্ত হইতে লাগিল।। ।।

াগ বোচ্চক্রাম, সা সংবৎসরং প্রোষ্যাগত্যোবাচ কথমশকত, মৃদ্তে জীবি চুমিতি। তে হোচুর্যথা কলা অবদন্তে। বাচা, প্রাণন্তঃ প্রাণেন, পশ্যন্তশ্চকুষা, শৃণুন্তঃ প্রোত্রেণ, বিশ্বাধ্যাে মনসা, প্রজায়্যানা রেত সৈব্যজীবিয়েতি, প্রবিবেশ হ বাক্॥৮॥

তন্মধ্যে প্রথমতঃ বাক্ই এই শরীর হহঁতে উৎক্রান্ত ইইল । উৎক্রান্ত ইইবার পর এক বংসরকাল প্রবাদে থাকিয়া পরে পুনঃ প্রত্যাগত ইইল ও ইন্দ্রিয়গণকে বলিল, হে ইন্দ্রিয়গণ! তোমরা আমি অবর্ত্তমানে কি প্রকারে জীবন ধারণ করিতে সমর্থ ইইলে ? এই প্রকারে জিজ্ঞাসিত ইইয়া ইন্দ্রিয়গণ উত্তর করিল বে, বেমন মৃক অর্থাৎ বাক্শক্তিহীন ব্যক্তিরা কেবল বাক্য উচ্চারণ করিতে না পারিয়াও প্রাণ দারা অন্যান্য ব্যাপার করে অর্থাৎ চক্ষু দারা দর্শন করে, শ্রোত্ত দারা প্রত্যাক করে, মন দারা কর্ত্তরা নির্মাণ করে, রেত দারা পুত্র উৎপাদন করে, অথচ বাঁচিয়া থাকে, অধ্যরাও ঠিক সেইয়পে জাবিত ছিলাম। অন্যান্য ইন্দ্রিয়গণ এইয়প উত্তর করিলে তথন বাগিন্তিয়ে নিজের অপ্রাধান্য অবগত ইইয়া পুনর্ব্বার সেই দেহে প্রবেশ করিল ॥ ৮ ॥

চক্ষুর্হোচ্চক্রাম, তথ সংবৎসরং প্রোষ্যাগত্যোবাচ কথমশকত মদৃতে জীবিতুমিতি। তে হোচুর্যথা অন্ধা অপশান্তশ্চকুষা, প্রাণন্তঃ প্রাণেন, বদন্তো বাচা, শৃণুন্তঃ জোত্রেণ, বিদ্বাদ্দো মনসা, প্রজায়মানা রেতদৈবমজীবিশ্যেতি প্রবিবেশ হ চক্ষুঃ॥ ৯॥

অতঃপর চক্ উৎক্রান্ত হইল এবং বাগিন্দ্রিরের মত দেও উৎক্রমণের পর সংবংসরকাল প্রবাসে থাকিয়া অতঃপর পূনঃ প্রীত্যাগত হইয়া অপর ইল্লিয় সম্পরকে বলিয়াছিল বে, তোমরা আমার অভাবে কি প্রকারে জীবন ধারণ করিতে সমর্থ হইয়াছিলে ? তথন সেই ইল্লিয়গণ বলিয়াছিল বে, কেন ? বেমন্ অন্ধ ব্যক্তিরা চক্ ধারা দর্শন না করিয়াও প্রাণের সাহাব্যে বাঁচিয়া থাকে, বাগিক্রিয় ধারা বাক্য বলেঃ শ্রোত্র ধারা শ্রবণ করে, মন ধারা সমন্ত বিষয়আলোচনা করে এবং রেতঃ ধারা সম্ভান উৎপাদন করিয়া থাকে, আমরাও ঠিক তেমন

ভাবেই জীবিত ছিলাম। তাহানের এই প্রকার উত্তর প্রবণ করিয়া চকু, নিজ অপ্রাধান্ত মনে মনে বৃদ্ধির। পুনর্কার সেই দৈহেই প্রবেশ করিল॥ ১॥

শোত্র হোচ্চজান, তথ দংবৎসরং প্রোষ্যাগত্যোবাচ কথমশকত মদৃত্রে জীবিতুমিতি, তে হোচুর্যথা বধিরা অশৃণৃতঃ শোত্রেণ প্রাণন্তঃ প্রাণেন বদন্তো বাচা পশান্তশচক্ষা বিদ্বাদ্দো মনদা প্রস্থায়মানা রেতসৈবমজীবিশ্বেতি, প্রবিবেশ হ শোত্রম্ ॥ ১০॥

তংপরে শ্রবণেক্তিয়ও উৎক্রাপ্ত হইল। উৎক্রমণানস্তর সংঝ্যেরকাল প্রবাসে থাকিয়া প্রত্যাগমনের পর অক্তান্ত ইক্তিয়বর্গকে জিজ্ঞাসা করিল যে, তোমরা আমার অভাবে কিরপে জীবন ধারণ করিতে পারিয়াছিলে? তথন তাহারা বিশিল, যেমন শ্রবণশক্তি-হীন—বধির লোক প্রাণ ধারা জীবনব্যাপার করিয়া, বাগিক্তিয় ধারা বাক্যোচ্চারণ করিয়া, চক্ষু বারা দর্শন করিয়া, মন ধারা বিষয়া-লোচনা করিয়া, রেতঃ ধারা সন্তান উৎপাদন করিয়া জীবিত থাকে, আমরাও সেই ভাবে জীবিত ছিলাম। শ্রোত্র ইহা শ্রবণে নিজ অবসিষ্ঠত্ব—অপ্রাধান্ত নির্দ্ধারণ করিয়া প্রনশ্চ দেহমধ্যে প্রবেশ করিল॥ ১০॥

মনো হোচ্চক্রাম, তং সংবংসরং প্রোষ্যাগত্যোবাচ কথ্যশকত মদৃতে জীবিতুমিতি, তে হোচুর্যথা াথা অবিশ্বাধ্যো মনসা প্রাণন্তঃ প্রাণেন বদন্তে। বোচা পশ্যন্তশ্চক্ষ্যা শৃণৃন্তঃ শ্রোত্রেণ প্রজায়মানা রেতদৈবমজীবিশ্লেতি, প্রবিবেশ হ মনঃ॥ ১১॥

অনস্তর পূর্ববং মনও উৎক্রমণ করিল এবং,এক বংসরকাল প্রবাসে থাকিয়া পুনরায় উপস্থিত হইয়া পূর্ববং ইন্দ্রিয়সকলকে জিজ্ঞাসা করিল যে, তোমরা আমার অভাবে কেমন করিয়া জীবনধারণে সমর্থ ইইয়াছিলে ? ভছতেরে তাহারা বলিল যে, যেমন মৃছ (কর্ত্তব্যাকর্ত্তব্যবিমৃছ) জীবগণ মন ঘারা কর্ত্তব্যাকর্ত্তব্য বিষয় স্থির করিতে না পারিলেও প্রাণসাহায্যে প্রাণ ধারণ পূর্বক বাগিন্দিয় ঘারা শ্রোচ্চারণ করে, চকু ঘারা দর্শন করে, শ্রোত্ত ঘারা শ্রণ করে ও রেভোমারা সন্তান উৎপাদন করে, আমরা দেইরূপ জীবিত ছিলাম। তোমার অভাবে আমাদের জীবনের বা দৈহিক ধ্যাপারের কোন হানিই হর নাই। মন এই উত্তর শ্রবণ করিয়া ব্ঝিল বে, আমি "বসিষ্ঠ" হইবার উপবৃক্ত নহি, এই মনে করিয়া পুনশ্চ হৃদয়মধ্যে প্রবিষ্ঠ হইল॥ ১১॥

রেতা হোচ্চন্রাম, তৎ দংবৎসরং প্রোষ্যাগত্যোবাচ কথমশকত মদৃতে জীবিতুমিতি, তে হোচুর্যথা ক্রীবা অপ্রজায়মানা রেতসা প্রাণন্তঃ প্রাণেন বণভো বাচা পশ্যন্ত কক্ষা শৃণৃতঃ শ্রোত্রেণ বিদ্বাদ্র মনদৈবমজীবিশ্বেতি, প্রবিবেশ হ রেতঃ॥ ১২॥

পরে রেতঃও (শুক্রও) পূর্ববৎ উৎক্রমণ করিয়া সংবৎসর প্রবাসবাসের পর উপস্থিত হইন ও ইন্দ্রিরগণকে জিজাসা করিল, কি হে। তোমরা আমার অভাবে কি ভাবে অবস্থান করিয়াছ ? তাহারা উত্তর করিল যে, যেমন ক্লীব ব্যক্তিরা রেত উৎসর্ক্ত দ্বারা সন্তান উৎপাদনে অক্ষম হইয়াও প্রাণের প্রাণন, বাগিল্রিরের বাক্যোচ্চারণ, চক্ষুর দর্শন, শ্রোত্রের শ্রবণ ও মনের মননকার্য্য দারা চেতন ব্যবহার সম্পাদন করে অথত জীবিত থাকে, এইরূপ আমরাও জীবনধারণ করিয়াছিলাম। রেতঃ ইন্দ্রিরগণের নিকট এইরূপ উত্তর শ্রবণ করিয়া নিজের অবসিষ্ঠ বৃথিতে পারিল ও পুনর্কার নিজ স্থানেই প্রবেশ করিল॥ ১২॥

অথ হ প্রাণ উৎক্রমিয়ান্ যথা মহাসূহয়ঃ সৈদ্ধবঃ পড়ীশশঙ্কান্ত সংব্রহেদেবল হৈবেখান প্রাণানুৎ সংব্রহ, তে হোচুশ্মা ভগব উৎক্রমীন বৈ শক্ষ্যামস্তদতে জীবিত্রমিতি। তত্যো মে বলিং কুকতেতি, তথেতি॥ ১৩॥

• ইহার পর যথন প্রাণ শরীর, হইতে বহির্গমন করিতে উদ্যোগী লইল, তথনই বাক্ প্রভৃতি ইক্রিয়ণ স্ব-স্থ-স্থান হইতে বিচলিত হইয়া পড়িল। এই বিষয়ে একটি দৃষ্টান্ত প্রদর্শিত হইতেছে।—বেমন বৃহৎপরিমাণ্ট স্থলক্ষণাক্রান্ত সিন্ধুদেশোন্তব আছে অখারোহী ভাহাকে পরীক্ষা করিবার জন্ম আরুত হইলে সে তৎক্ষণাৎ নিজ পাদ-বন্ধন শন্ধু (খুঁটি) সমুদয় উৎপাটিত করিয়া ফেলে, এই প্রকারই মুখাপ্রাণ্ড বাক্ প্রভৃতি ইক্রিয়গণকে স্থ-স্থ-স্থান হইতে বিচলিত করিয়াছিল।

তথন বাগাদি ইক্রিয়গণ শশবাতে প্রাণকে বলিয়াছিল বে, ভগবন্! আপনি উৎক্রমণ করিবেন না। বেহেতু, আপনি উৎক্রান্ত হইলে আপনার অভাবে আমরা জীবন ধারণ করিতে সমর্থ হইব না। তথন প্রাণ বলিল, যদি এইরপই হয়, তবে এখন তোমর ব্রিলে যে, আমার শ্রেষ্ঠতা কেন ? আর যদি তাহাই জানিয়া থাক জ্ঞাং 'আমিই মাত্র এই শরীরে শ্রেষ্ঠ' ইহা স্থির করিয়া পাক, তবে সেই শ্রেষ্ঠ ব্যক্তির উদ্দেশ্যে শ্রেষ্ঠত্বস্থচক কর প্রদান কর। এ স্থলে এই বে প্রাণের আখ্যারিকাটি শ্রুতিতে কল্লিভ হইন ইহার উদ্দেশ্র জ্ঞানীর শ্রেষ্ঠত্ব পরীক্ষার প্রণালী উপদেশ; অর্থাৎ 'জগতের মধ্যে শ্রেষ্ঠ কে ?' এই শ্রেষ্ঠত্ব লইয়া বিবাদ উপস্থিত হইলে বিজ্ঞ ব্যক্তি ঐ প্রণালী ধরিষাই পরীকা করিবেন। পরীক্ষার व्यकांत्ररे वाथाविकांत्र बाकारत अथारन वर्षिक रहेन। उडिह मिनिक्ष्णारि কার্য্যকারী এই সকল বাক প্রভৃতির এক কণায় নির্গমন ও সংবৎসরকাল প্রবাসে অবহিতি ইত্যাদি উক্তি কখনই সঙ্গত হইতে পারে না। অতএব বিধান ব্যক্তি প্রধান হইতে ইচ্ছুক হইলে উপাসনার জন্ম বাক্ প্রভৃতির প্রাধান্সসম্বন্ধে এই প্রকার বিচার করিয়া উপাদ্যবিশেষের সিদ্ধান্তে উপনীত হইবেন। আখ্যাদ্বিকার শেষাংশে কথিত হইশ্বাছে বে, এই প্রাণ এইর্নুপে কর (বলি) প্রার্থনা করিলে পর বাগাদি ইন্দ্রিয়গণও 'তথাস্ক' বলিয়া প্রতিজ্ঞা করিয়াছিল। ১৩।

সা হ বাগুবাচ যশ্বা অহং বসিষ্ঠান্মি ত্বং তদ্দিকোঁ হুদীতি, যদা অহং প্রতিষ্ঠ হন্মি ত্বং তৎপ্রতিষ্ঠোহদীতি চক্ষুর্যদা অহত সম্পদিশ্মি ত্বং তংসম্পদসীতি শ্রোত্রং যদ্বা অহমায়তনমশ্মি ত্বং তদায়তনমুদীতি মুদো যুৱা অহং প্রজাতির্নিয় স্বং তৎ প্রজা-ভির্মীতি রেভঃ। তত্যো মে কিমন্ন্য, কিং মে বাস ইতি। যদিদং কিঞাগভ্য আকুমিভ্য আকীটপতক্ষেভ্যস্তত্তে২ নম্। আপো বাস ইতি। ন ^{*}হ বা অস্যানমং জগ্ধং ভৰতি নানমং পরিগৃহীতং য এবমেতদুনুস্থানং বেদ, তদ্বিদাৎসঃ শ্রোতিয়া অশিষাক্য আচামস্ত্যশিত্বা চাচামস্ত্যেতমেৰ তদনমন্মং কুৰ্বস্তো মন্যন্তে | ১৪ |

ইতি ষষ্ঠে প্রথমং ব্রাহ্মণম্।

অনম্ভর দেই বাক্ প্রথমতঃ প্রাণকে কর দিবার নিমিত্ত উন্নত হইয়া ালিয়াছিল যে—আমি যে 'বসিষ্ঠা' বলিয়া খ্যাত আছি, আমার সেই বসিষ্ঠৰ তোমারই উপৰুক্ত অর্থাৎ তুমিই সেই বসিগ্রহ-গুণ দ্বারা বসিষ্ঠ হও। চক্ষু বলিল,— আমি যে 'প্রতিষ্ঠা' নামে পরিচিত আছি, তাহা তুমি অর্থাৎ প্রতিষ্ঠা ভোমারই স্বরূপ, তোমার দারাই আমি প্রতিষ্ঠারপিণী আছি, হতরাং দে প্রতিষ্ঠা ফলতঃ তোষার। শ্রোত্র বঁলিল, আমি যে সম্পদ নামে অভিহ্নিত, সেই সম্পদও ত্মি অর্থাৎ তোমার অমুগ্রহেই আমার সম্পত্তি, কাঙেই সে সম্পৎ তোমারই। মন বলিল, আমি যে আয়তনস্বরূপ, সেই আয়তনস্বরূপও তুমিই। রেত বলিল আমি যে সন্তান উৎপাদনে শক্তিশালা, তাহাও তুমিই অর্থাৎ তোমার সাহায়েই আমার সে শক্তি, কাজেই তোমার শক্তি তুমি লও। এইরূপে স্কল্ ইন্দ্রিয় নিজ নিজ গুণ সমর্পণ করিয়াছিল। তথন আপুণ বলিল, তোমরা যে আমাকে এইরপ উত্তম উত্তম বলি (কর) অর্পণ করিলে? তাহা হইলে পূর্কোক্ত গুণবিশিষ্ট— আমার অন্ন (ভক্ষণীয়) কি ? এবং বস্ত (আচ্ছাদন) কি ? ভাষা নির্দেশ কর। ত্ত্বভাবে ইন্দ্রিরগণ বলিয়াছিল-এই জগতে কুকুর হইতে আরম্ভ করিয়া, ক্লমি হইতে ধরিয়া, কীট পত্রুল হইতে গণনা করিয়া জীবগণের যাহা গাল্প এবং ক্রমি-্কীট-পতম্বের যাহা ভক্ষ্য এবং অক্সান্ত প্রাণিগণের যাহা কিছু ভক্ষণীয় আছে, সেই সমুদর্মই তোমার অন্ন । এখানে বৃঝিতে হইবে যে, শ্রুতি ইঙ্গিতে জাগতিক সমস্ত বস্ততেই প্রাণের গান্তভাবে দৃষ্টি করিতে বলিতেছেন। বা**ন্ত**বিকপক্ষে প্রাণের জন্ম নর্কবিধ থান্ত-ভক্ষণ বৈহিত হইতেছে না। কেহ কেহ এই সকল দেখিয়া প্রাণের অন্ন-বিৎ উপাসকের পক্ষে সর্বান্নভক্ষণে দোষাভাব বলিয়া থাকেন; কিন্তু তাহা ভাগ নহে, যেহেতু, এই সৰ্বান্নভক্ষণ শাস্ত্ৰান্তরে নিষিদ্ধই আছে। यपि वन, जांदा दरेतन सादे अधिरयक्षक मास्त्राक्तिक महिन्छ. वरे मास्त्राक्त-বিষয়ের সামঞ্জের রাখিবার জন্ম বিকল্প বলা হউক অর্থাৎ প্রাণাল্পবিৎ উপাসকের সম্বান্নভক্ষণ বিহিত্ত বটে, নিষিদ্ধও বটে, স্কতরাং ইচ্ছাধীন, ইহা वना रुष्ठेक । छेखन-ना, अहे कथा रहेट एहे भारत ना, रारहजू, अधारन मर्साम-ভক্ষণ বিহিত্ত নহে। বিশেষত:, অক্সত্র কথিত "ন হ বা অস্যানরং জগ্ধং ভবতি". ইহার (প্রাণবিদের) কথনও অভক্ষ্য ভক্ষিত হয় ন্যু, এই বাক্যও "সমস্তই প্রাণের ষ্ম " এই শ্রুতিবিহ্নিত বিজ্ঞানের ষ্মর্থবাদ—গ্রাশংসাপঃমাত্র- বিধারক নহে। শেই বাক্যের সহিত অত্তত্য বাক্যের একবাক্যতা করা সর্বান্ন ভক্ষণনিষেধের প্রতি অপর একটি কারণ। আর এ কথাও বলিতে পার না যে, এই বিধি শাস্ত্রাম্ভরবিহিত বিষয়কে বাধিত করিতে সমর্থ, কেন না, এই বাক্য অস্তার্থে— প্রাণান বিজ্ঞানের স্তত্যর্থে প্রযুক্ত। তাৎপর্য্য এই-—এ স্থলে, 'সমস্ত বস্তুই প্রাণ-মাত্রের অন্ন' কেবল এই বিজ্ঞানবিধানই শ্রুতির উদ্দেশ্য, তদ্ভিন্ন "সর্কাং ভক্ষামেৎ" অর্থাৎ প্রাণান্নবিৎ সমস্তই ভক্ষণ করিবে, এরূপ বিধি অভিপ্রেত নহে। আর যে সর্বভেক্ষণে দোষাভাবজ্ঞান অর্থাৎ প্রাণান্নবিৎ সর্ববিধ থাস্ত ভক্ষণ করিয়াও দৌষ জ্ঞান করেন না, ইহাও প্রমাণাভাবে মিথাা কল্পনা বলিব। কিন্তু বদি বল—যথন বিশ্বান ব্যক্তি উপাসনাবলে প্রাণস্বরূপ লাভ করেন, তথন ভাঁহার পক্ষে সর্বান্ত্র-ভক্ষণে সামর্থাই জন্মে, স্বতরাং তাঁহার তাহাতে দোষ কি? উত্তর,— না, তাহাও বলিতে পার না; কারণ, ভাঁহার পক্ষেও সর্বান্ত্রহণ বুক্তি-ৰুক্তই হয় না; কেন না, যদিও তাদৃশ বিখা্ ব্যক্তি প্রাণস্বরূপই হন, তথাপি যে দেহেন্দ্রিয়াদির সহিত অভিযান—সম্পর্ক থাকায় তাদৃশজ্ঞান লাভ হইরাছে, সেই দেহেন্দ্রিয়াদি ধারা জঘক্ত কমিকীটাদি অভগ্য বস্তু-(অর) সমূহ ভক্ষণ করা কথনও বুক্তিদঙ্গত হইতে পারে না। অতএব দেই স্থলে যথন আশেষ অল ভক্তণ সম্ভারই নয়, তথন তাহাতে দোষও অসম্ভব -- অলীক, এই অলীক বস্তর নিষেধ অধাৎ দোষাভাব-জ্ঞাপন অনর্থক নহে কি ? অবশ্র বলিতে পার যে, বিশান্ वाकि आनयन्त्र आध रहेरन यथन क्विकोंगिनिङको ७ जीरवत आनयन्त्र आने হ'ন, তথন নিশ্চিতই কৃমিকীটাদি ভক্ষণ করেন; ইহা সত্য, কিন্তু প্রাণক্রপে কমিকীটাদি ভক্ষণে তাঁহার কোনও প্রতিষেধ শাস্ত্রে শ্রুত নাই, অতএব ব্যন ইহা শাল্লীয় বিধি ব্যতিরেকেই দৈববশতঃ অভাবজাত রক্তবর্ণ কিংগুকের মত অতঃই সিদ্ধ আছে, তথন তজ্ঞপে দোষাভাবজ্ঞাপন নির্থক। কারণ, দে স্থলৈ অশেষায়-एक ग्रह्म निष्ठ मिरायत आखिर नारे। आत य मिरा क्रिय नार्थ और অন্তভ্রমণের নিষেধ করা হইয়াছে, সেই নিমেধের কোনরূপ প্রতিপ্রসবও নাই। অতএব প্রতিষেধের স্থাভিক্রম করায় অবশ্রুই দোষ হইতে পারে, যেহেতু, "ন হ বা" ইত্যাদি শ্রুতি প্রাণান্ন বিজ্ঞানের স্ততিবোধিকা মাত্র। আর এ স্থলে বে কেবল ব্রাহ্মণাদি শরীরের স্ক্রাল্লড-দর্শন বিহিত হইয়াছে, তাহা নহে, কিন্তু मामाग्रकः आन्मात्वत्रहे गर्सामय नर्मन विहिच हरेम्राह्म, व्यर्थार नकन आत्नितरे দমত অন্নের সহিত সম্পর্ক বিষ্ণমান, তাহাই মাত্র এ ছলে প্রদর্শিত হইয়াছে। নচেৎ ব্রাহ্মণাদি জাতিবিশেষের জন্ম প্রাণের সর্বান্নত্ব বিহিত হয় নাই।

এ বিষয়ে দৃষ্টান্ত এই যে, বেমন বিষ বিষ-জাত ক্ষমির জীবন-হেডু, কিছ ভাহাই আবার অক্টের দৃষ্টিগোচর হইলে জীবনান্তকর—মরণাদি দোষ পর্যান্তও

উৎপাদন করে, সেইরপ প্রাণের সর্বানরপতা সিদ্ধ হইবেও নিষিধান ভক্ষণে <u>बाक्रवानित शरक महोत्रमधक्षतमञ्हः आधित स्मृत्माम इहेरतहे इहेर्र्य अञ्चल</u> मर्खाइ जन्म (य दिनावाजातकान, जाहा यथार्थ है मिथा। कान्। अञ्चलत स्मेजित व्यर्थ हरेएउएह। हेलिक्शन वृतित एर थान । बतु रहामात तक्षयक्कन । अरे স্থাল পের জনমাত্রই বস্ত্ররূপে অভিপ্রেত। দেখা বাইতেছে বে, শুভি পীর-मान जल श्रालंत रक्ष-चाष्ट्रांमन पृष्टित विधान कतिराज्यान, व्यथक रक्षकार्या व्याष्ट्राप्तापि रारे शीवमान अन पाता मछन नर्द, अठ्यत आह्वापनार्थ जाहात विनिद्धांश উপयुक्त इम्र नारे, कार्जिं शीममान जला विक्रण नर्गन (कान) শাস্ত্র কর্ত্তবারূপে বিধান করিতেছেন, বলিতে হইবে। 'সমস্তই প্রাণের অন্ন' এই দর্মভতে প্রাণান্নভাব-দর্শনকারী বিদ্বানের কথনও অনন অর্থাৎ যাহ। ভক্ষণীয় নহে, এমন কিছু ভুক্ত হয় না। যদিও তিনি কদাচ অভ্ন্য ভ্ন্দণ করিয়া ফেলেন. তথাপি তাহা তাহার অভ্যন্ত হয় না অর্থাৎ সেই অভ্যন্ত্রন্থ দোৰে তিনি লিপ্ত হন না। ইহা ঐ বিজ্ঞানের স্ততির জন্ম প্রকৃত, ইহা আনরা পূর্বেও বলি-রাছি। সেইরপ তিনি অনর—অপ্রতিগ্রাহ কথনও প্রতিগ্রহ করেন না, অঞ্চাৎ যদিও কথনও অপ্রতিগ্রাহ হস্তা প্রভৃতি প্রতিগ্রহ করেন, তথাপি তাহা প্রতিগ্রাহ इव चर्यार के चश्रविशाश श्रविश्रीय स्रे तुव पुरुषत्क श्रविश्रद्भाषि निश्न ছইতে হয় না। এই কপাও উক্ত বিছার স্বতার্থে প্রবৃক্ত জানিবে। যে ব্যক্তি এইরূপে এই প্রাণের অন্ন জানিতে পারে, তাহার ফুল প্রাণামভাবলাভ, কিন্ত ্ইহা বাস্তবিক কৰাভিপ্ৰায়ে বলা হইতেছে না। তবে কি? না—তাহার স্বিভিন্ন निमित्र। विन तम, देशहे के विश्वाद वास्त्रविक कम हम ना दकन १ छेखद ना, তাহা হইতে পারে না। কারণ, বিনি প্রাণকে আত্মভাবে দর্শন করেন, छोहात्रहे नत्क आनायजात-आधि कन इडगाहे मक्षक । (महे न्हानहे—(महे প্রাণাস্থত ব্যক্তির পদ্দেই অত্যক্ত ভক্ষা হয়, অপ্রতিগ্রাইও প্রতিগ্রাহের বেগ্রো হয়; স্তরাং ব্রিতে,হইবে যে, এই সাভাবিক অবস্থা গ্রহণ করিয়াই বিষ্ণার श्वर कता इहेबाहा। यह अग्रहे वित्र एकि वाका कथन १ अग्रहाशक विधि-अक्रभ नार किन आदिनत वाम (अप्राम्हानन)। यह अग्रहे विधान आक्रमभून अ বেদাখ্যায়ী শ্রোতিরগণ কোন কিছু ভোজন, করিবার পূর্ণেও জল পান করেন थवः ভোজনের পেবেও <u>ज्ञान भान कतिया शास्त्रन ।</u> जाहामिश्वत थहे ভোজ-নের আন্তন্তে জনপানের অভিপ্রায় ক্রি শু শুতি তাহা নির্দেশ করিতেছেন— ভাঁছারা মনে করেন যে, আমরা এই প্রাণকে অনগ্ন অর্থাৎ বন্ধ-পরিহিত করিতেছি। আর ইহাও গোকপ্রসিদ্ধ বে, বে বাহাকে বস্ত্রদান করে, দে মনে করে বে, সামি ইহাকে অনম (ব্স্তাচ্ছাদিত) করিতেছি। অল বে প্রাণের আছোদন, ইহা পুর্বেও বলিয়াছি। এথানেও অবশুই মনে করা উচিত বে, আমরা বে জল পান করি, তাহা ধারা প্রাণকেই বস্তার্ত করিতেছি। এই অভিপ্রায়েই এখানে শ্রুতি "আপোবাসং" প্রাণের বস্ত্র' ইহা বলিয়াছেন। এখানে অবশ্রুই এ আপত্তি হইতে পারে যে, লোকে বে ভোজনের আত্তরে জলপান করে, তাহা "আমরা গুদ্ধ হইব" মনে করিয়া পবিত্রতার জ্বন্তই করিয়া থাকে, তাহা যদি আবার প্রাণকে অন্য করিবার অভিপ্রায়ে কৃত বল, তাহা হইলে এক আচমনের দ্বিবিধ কার্য্যকারিতা-রূপ দৌষ স্বীকার করিতে হয়। বাস্তবিক এক আচমনের ছইটি কার্যা কথনই युक्तियुक्त हहेएक शादा ना, व्यर्थाए यनि शविद्यकार्थ व्यानमन हम, कांटा हहेएन প্রাণের অনগ্রতার্থ হওয়া অসঙ্গত। আবার যদি অনগ্রতার জন্ম হয়, তাহা হইলেও পবিত্রতার্থ হইতে পারে না। অতএব যথন দেখিতেছি, এক অনুষ্ঠানে উভয় ফুলের সমাবেশ অসম্ভব, তথন বরং প্রাণের অনগ্রতা-করণার্থ ভোজনের আত্মন্ত আরও একবার আচমন করার ব্যবস্থা হউক? উত্তর—না, তাহা কল্পনা क्त्रियोत श्राह्मकन नारे. ध्यान धक ष्यान्मत्नत्वरे देवविद्या श्रीकोत क्रितिया উপপত্তি হইতে পারে। কেন না, যে ভক্ষণ করিবে ও যে ভক্ষণ করিয়াছে, সেই ভোক্ষামাণ ও ভুক্তব্যক্তির ক্রিয়া হইতেছে ছইটি এক স্বতিবিহিত আচমন, অপর উপাসনার্থ। বাহা স্মৃতিবিহিত, তাহা কেবল দৈহিক পবিত্রতার জন্ত অমুষ্ঠান মাত্র, পরস্ক তাহাতে কোন প্রকার জ্ঞানের অপেক্ষা থাকে না। এখন শ্বতিবিহিত সেই আচমনের অঙ্গভূত জলেই প্রাণের আচ্ছাদনরূপে দৃষ্টি মাত্র কর্ত্তব্যরূপে নির্দিষ্ট হইতেছে। অথচ ইহা (বাসজ্ঞান) খারা আর আচমনের শুদ্ধিকারিতাও বাধিত হয় না, যেছেতু, জ্ঞান অপেকা "আচমন" **पक्षि छिन्न कियो। अछ**पर प श्राम र्विए इहेर्स्य द्वा, रखाकामान ७ जुक ব্যক্তিবরের পক্ষে যে স্বৃতি[©]বারা আচমন নিহিত আছে, তাহাতেই "প্রাণ-বক্রম' জ্ঞান শ্রুতি ধারা বিহিত। বাস্তবিক উহা শাস্তান্তর ধারা প্রাপ্ত হয় नारे, श्रुवाः विधि इरेट वाधा व नारे ॥ ১৪॥

हेकि यहाधारा अधम-बाधानम् ।

উপনিষ্ভস্ত্ৰ- ষষ্ঠাহধ্যায়শ্ৰ

দিতীয়-বাশাণম্

শ্বেতকেতুই বা শ্বারুণেয়ঃ পঞ্চালানাং পরিষদমাজগাম, স আজগাম জৈবলিং প্রবাহণং পরিচারয়মাণম্, তমুদীক্যাহভ্যুবাদ কুমার ৩ ইতি। সভো ৩ ইতি প্রতিশুশ্রাবামুশিফৌহন্বতি পিত্রেত্যোমিতি হোবাচ ॥ ১॥

প্রথমতঃ 'শ্রেতকেতুর্হ বৈ' ইত্যাদি গ্রন্থের পূর্ব্বাপর সঙ্গতি দেখান হইতেছে। এইটি থিল নামক অধ্যায় পূর্বের ঘাহা উক্ত হর ন।ই, অথচ অবশ্র বক্তবা, তাহাই এগানে বর্ণিত হইতেছে। গত পঞ্চম (সপ্তম) অধ্যান্তের শেষভাগে যে কর্মমিলিত-ভাবে ক্তানের (উপাসনার) কর্মানুষ্ঠায়ী কর্তৃক "অগ্নেনয় মুপথা" ইত্যাদিরপে অগ্নির সমাপে সুপণ প্রার্থিত হইয়াছে, সেই প্রিয়াক্রামন্ত্রে 'যাহা স্থপণ, তাহা আমাকে দাও' এ কথার উল্লেখে ব্ঝা যায় যে, উহাতে পথ অনেক। সেই সমস্ত পথও নিজক্বত কর্ম্মের ফলপ্রাপ্তির উপায়, ইহা "ষৎ কুহা" ইত্যাদি বাক্য স্বারা পরে ব্যক্ত হইবে। এক্ষণে কর্মফলপ্রাপ্তির উপায়ম্বরূপ সেই সকল পথ কত ? এই প্রশ্নের নির্ণয়র্থ এবং সাংসারিক সর্ব্বপ্রকার গতির উপসংহারার্থ এই প্রকরণের আরম্ভ হইতেছে। এই প্রকরণে বলা হইবে যে, এই পর্য্যন্ত সংসারের গতি এবং জীবের স্বাভাবিক জ্ঞানের ও শাস্ত্রাভ্যাসজনিত জ্ঞানের এই পর্য্যস্ত ফল। যদিও প্রথমাধ্যায়ে "বয়া হ প্রাজাপত্যাঃ" ইত্যাদি স্থলে স্বাভীবিক পাপ সমূহ ক্ষিত হইম্বাছে সত্য, কিন্তু তথাপি "এই তাহার পরিশাম" এরপভাবে তৎসমু-দায়ের ফল প্রদর্শিত হয় নাই। পরস্ক ওন্ধবিস্থার প্রারম্ভে শান্তোক্ত কর্ম্মকলেও মুক্তিকামীর বৈরাগ্য আবশুক রিধার তাহা বক্তবট, এ জন্ম "ত্রানাত্মপ্রতিপত্তিং" ইত্যস্ত গ্রন্থ ধারা কেবল শাস্ত্রীয় কর্ম্মেরই কিয়ৎপরিমাণে কুল প্রদর্শিত তনাধ্যেও কেবল (জানহীন) কর্ম ধারা পিতৃলোকপ্রাপ্তি এবং विषा ७ विष्णा-मः कुल कर्म बाजा त्वरामा स्थारिश रक्ष, एरेजा दिर्मिक्षादि ্ফল্ও ক্ৰিড হইয়াছে। কিছু সেথানে এ কথা বলা হয় নাই বে, প্ৰিছ্টোকগামী दकान अर्थ गुमन करवन धनः क्षित्रकाक्ष्मकी द्वान अर्थ कार्ता श्राक्षा करवन ।

्थरे थिल वा शतिनिष्ठे ध्वकृतस्य निध्रम् युक्तस्य स्मातिकः निर्मा कता আবশ্রক ; এই হেতু উপস্থিত প্রকরণ আরন্ধ হইতেছে। আর ইহাও প্রায় সর্ববিত্র দেখা যায় যে, গ্রন্থের পেঁবি^২ পূর্বাইতিজ্ঞাত বিষয়সমূহের উপদংহার হয়। এ জক্তও এই প্রকরণ সার্থক। গ্রন্থের শেষ ভাগে যে শাস্ত্রীয় সমস্ত বিষয়ের উপসংহার হয়, তাহা সর্বতেই দৃষ্ট হইন। থাকে। অপিচ, "এতাবদয়ত্বস্", ইহাই এক্ষাত্র অমৃত্র, এই কথা যেমন বলা হইয়াছে, সেইরূপ কর্ম হইতে অমৃতত্বের (माक्कत) आगा नाहे, এই ज्या 3 डेक इरेग्राह, किन्न ठारात मनक-मार्थनित জন্ত কোন হেতু উক্ত হয় নাই, তাহার উল্লেখার্থও এই প্রকরণের আরম্ভ। বেহেতু, এই পূর্বোক্ত গতি কর্মজনিত, অগচ নিত্য-সিদ্ধ মোকে কোন প্রকার ক্রিয়া বা অনুষ্ঠানের বাস্তবিক সম্ভাবনা ও অপেকা নাই, হুতরাং জ্ঞান যে साक्निमितियात अकसाव ८२०, हेश वाका पाता छक ना हहेला कना : প্রতিপন্ন হর্মই। আরও এক কথা, অগ্নিহোত্র প্রকরণে কণিত হইয়াছে যে, তুমি সেই অমিহোত্রীয় সামংকাশীন ও প্রাতঃকাশীন আছতিবমের উৎক্রান্তি, গতি, অভিষ্ঠা ও তৃত্তি জান না গু সংসারে পুনরাবৃত্তি কাছাকে বলে এবং পরলোকে शैमेंदनाष्ट्र वोकि दन । व्यर्थार दन दनान् लाकित योजी, से ममुनात पूरि कीन नी, देहें शिक्षत छेउदत दर्ग "देठ नी जेटेंड" हेटेगानि भारति इन्हेंग्रित উইক্রমণরপ কার্যা কথিত হইহাছে, তাহাই এই যগিকভার আহতিরপ কর্মের केंग । रेकेन नी, क्छारक अवनवन ना कतिया अर्थार, चटकु जार अर् आहिटित উৎক্রমণাদি কোন কার্যাই কখনও সম্ভবপর হয় না, কারণ, কর্মমাত্রই কন্তার ফলসিদ্ধির জন্ত অনুষ্ঠিত হইয়া থাকে; কর্মের নিজস্ব কোন ফল নাই। অরি कार्यामा अहे मौबनेटक अवेशवन केतिहा मण्या हमें। उद्देश र्य रमे इंटन अधि-द्शिवरिक्टन कार्याम्" अधिरशास्त्रवह कार्या विनदी मिर्दिन केदी हहेबारह, जीशेल কেবল অমিটোত কর্মের ভতির নিমিত্ত, আর অধিহোত কর্মের যে ছয়টি প্রকার के थिंछ इरेबोर्ड, डोहोड डोहोड अन्स्मार जग्न, जन्न উल्लंट नेट्टो उथारन स्मेह भूदिकीक इब्रथकात कीरादेक्ट कड़ीत देखांगा कर देखिया छेभरामे कतिरहित्स। र्म जिलामान कार्यक कर्मका विद्धानहें विश्वान विविक्ति : रक्त मां. विकासीन भैक्षरिक अधि वर्गन उर्गाहारकाई উद्धेत भेषेथाश्वित मोधने, हेर्रात विधान करा व्यक्ति अधिरायेक। धरे श्रेकारित नेमछ नःनात्रनिक উপनेरहोते धेवर क्य-कार खब निर्देश (ठवम फेन), এই इंटेंडि विस्त अवनेन कविशोब बोनरेन आणि अक वान्।विकार व्यवजीवन कतिरहारून ।

ুজারণের পূল্ল আফণি, তাহার পূল্ল আরণের খেডকেতু পিতা কর্তৃক স্পিকিত হইরা আপনার বণোবিস্তারের জ্ঞা পঞ্চালনণের সভার উপস্থিত হন। প্রতিষ্ঠ 'ই' শক্ষটি আখ্যারিকার পৌরাশিকতার পরিচারক। জনতে পঞ্চালনণ স্প্রিসিন্ধ, তিনি তাহাদের সভার উপস্থিত হইরা সভানপকে বিচারে পরাজিত করিলেন, অবশেষে মনে করিলেন যে, রাজার সভাও জ্ঞা করিল, এইপ্রকার গর্ম সহকারে পরিচারকাণ কর্তৃক পরিবেষ্টিত ও পরিচর্য্যাণ জীবল-পূল্ল জেবলি প্রবাহণ নামক পঞ্চালরাজের সমীপে আগত হইয়াছিলেন। সেই রাজা ইতঃপুর্বেই খেতকেত্র বিস্থাভিমান-জনিত গর্ম প্রবণ করিয়াছিলেন এবং মনে মনে স্থির করেন যে, ইহাকে শিক্ষা দিতে হইবে। এইরূপ মনে করিয়া আগত মাত্র তাহাকে নিরীক্ষণ করিয়াই প্লুত্থরে সংখাধন করিলেন, "ওহে কুমার!"— এখানে এত দার্যপ্রে আহ্বান কেবল ভর্ৎ সনার্থ। তথন খেতকেত্ কুরু ইইয়ারজার প্রতি অন্থপর্ক হইলেও ভালতাত্বি নিকট অনুশিষ্ট অর্থাৎ শিক্ষত ইইয়াছ কি গু খেতকেত্ বলিন, "ওম্" হ্যা— অন্থশিষ্ট হইয়াছি, তোমার কোন বিষয়ে সংশির থাকিলে জিজ্ঞানী করিতে পার॥ ॥

বেখ যথেমাঃ প্রজাঃ প্রযত্যে বিপ্রতিপছন্ত। ৩ ইতি।
নৈতি হোবাচ। বেখে। যথেমং লোকং পুনরাপছন্তা ৩ ইতি।
নৈতি হৈবোবাচ। বেখে। যথেমং লোকং পুনঃ সম্পান্তা
৩ ইতি। নেতি হৈবোবাচ। বেখে। যথানে) লোক এবং
বছভিঃ পুনঃ পুনঃ প্রযন্তিন সম্পূর্যতা ৩ ইতি, নেতি হৈবোবাচ।
বেখে। যতিথ্যামান্ত্ত্যাখ হুতায়ামাপঃ পুরুষবাচা ভূতা সমুখায়
বদন্তী ৩ ইতি। নেতি হৈবোবাচ। বেখে। দেবযামস্থ বা
পথঃ প্রতিপদং পিত্যামস্থ বা, যৎক্তা দেবযামং বা পন্থামং
প্রতিপছন্তে পিত্যাম্থ বাপি হি, ন ঝ্যেব্বচঃ প্রভং—ত্তি স্থা
অশ্বরং পিত বামহং দেবানামুত মর্ত্যানাম্। তাভ্যামিদং বিখমৈজৎ সমেতি বৃদন্তরা পিতরং মাত্রখেতি। নাহমত একঞ্চন
বেদেতি হোবাচ॥ ২॥

ু রাজা বলিলেন, বেশ, তুমি যদি পিতার নিকট শিক্ষাঞাপ্ত হইয়া থাক, তাহা হইলে জান কি বে, এই সমস্ত লোক মৃত্যুপর্ণে পতিত হইয়া যে প্রকারে বিপ্রতিপন্ন হয় ? এ প্রশ্নের তাৎপর্য্য এই যে, মৃত্যুর পর বিভিন্ন যাত্রী জীব সকল সুন্দানীর ধারণ করিয়া প্রথমতঃ সাধারণ পরেথ গমন করিতে করিতে বেখানে পথ দ্বি-ভাগে বিভক্ত হইয়াছে, সেই স্থলে কেহ এক পথে যায়, আবার অপর কেহ ভিন্ন-পথেই গমন করে। এ বিষয়ে যে বিপ্রতিপত্তি—বিভিন্ন পথের উক্তি শুনা যায়. সে সংবাদ তুমি জান কি ? জাতবা বিষয়ের গুরুত্ব বুঝাইবার জ্ঞাই প্ল.তন্তবে জিজ্ঞাসা হইল। শ্বেতকেতু বলিল,না,—আমি তাহা জানি না। রাজা বলিলেন— তা হ'লে জান কি যে, পরলোকগত লোকসকল যে একারে পুন: পুন: এই লোকে ফিরিয়া আইসে ? খেতকেতু বলিল, না—আমি তাহা জানি না। রাজা পুনশ্চ জিজাসা করিলেন যে, তোমার জানা আছে কি যে অনবরত জরাদি রোগে মৃত্যুগ্রস্ত প্রাণিগণ দারা কেন পরলোক পরিপূর্ণ হয় না ় খেতকেতৃ এবারেও বলিল, না,— আমি ইহাও জানি না। রাজা পুনরপি এল করিলেন, ওমি অবগত আছ কি যে, হবনীয় দ্ৰব্যের জল হুত হইয়া যত সংখ্যক জলরূপে 'পুরুষ বাক' সংজ্ঞাপ্রাপ্ত হয় অর্থাৎ মনুয়ের যাহা শব্দ, সেই শব্দসন্দীর বা 'পুরুষ' শব্দবাচ্য হয় ? তাহার পর সেই প্রকারে সমাক্রপে উথিত অর্থাৎ জন্ম পরিগ্রহ করিয়া যে বাকপ্রয়োগ করে, তাহা ভূমি জান কি ্ কেন না, আহত জল যথন পুরুষাকারে পরিশত হয়, তথন অবশুই তাহাকে পুরুষপদবাচ্য বলা যাইতে পারে! খেতকেতৃ विनन, ना,--आमि हेरां ७ कानि ना। बाका शूनक किळामा कवितन, यि তাহাও জানা না থাকে, তবে ভমি জান কি যে, দেব-যান পথের ও পিতৃযান পথের প্রতিপদপ্রাপ্তির উপার কি ? অর্থাৎ বে কর্ম- যে প্রকার বিশিষ্ট কর্ম করিয়া দেব-যান পথে গমন করা যায় এবং যে কর্ম করিয়া পিতৃ-যান পথে গমন করিতে পারে, সেই প্রতিপদ—দেবলোক ও পিতৃলোকপ্রাপ্তির সাধন তুমি কি জান ? এই অর্থের প্রকাশক মন্ত্রও আমরা গুনিয়াছি।

এই অর্থপ্রকাশক মন্ত্র কি, তাহাও তন, আমরা বে বিবিধ পথ প্রবণ করিরাছি, তন্মধ্যে এক পথ পিত্লোকপ্রাপক। সেই পথ বারা জীব পিত্লোক প্রাপ্ত হয়। ইহা আমি তনিয়াছি এবং দেবলোকগমনের সম্বন্ধে অন্ত পথের কথাও তনিয়াছি। সে পথ জীবকে দেবলোকে উন্নীত করে। দেই উভয় পথে কাহারা পিত্লোকে ও কাহারা দেকলোকে গমন করে, তাহা বলিতেছি— মনুষ্যগণই ঐ পৃথিসাহায়ে দেবলোক ও পিত্লোকে গমন করে, অধিক কি, সমস্ত জগংই দেই হুই পথে গমনাগমন করিয়া একত্র পঞ্জিলিত হয়।
যাহাদের মধ্যে পিতা ও মাতা বর্ত্তমান আছেন,সেই হুইটি পথ কি কি ? এবং দেই
পিতা ও মাতা কে ? তাহা কণিত হুইতেছে। এই ষে ব্রহ্মাণ্ডের অণ্ড ও কপাল
নামে ছুইটি অংশ, ইহারাই স্থো ও পৃথিবী, অর্থাৎ হ্যালোক ও ভূলোক, ইহারাই
আবার পিতা ও মাতা। তন্মধ্যে এই ভূমি মাতা, আর ঐ হ্যালোক পিতা।
ব্রাহ্মণত্রন্থ পিতামাতা সহক্ষে এইরূপই ব্যাখ্যাকরিয়াছেন। তাৎপর্য্য এই যে, অণ্ড
ও কপালের মধ্যবর্ত্তা ঐ পথিষয় সংসারেরই অন্তর্গত, কিন্তু উহাদের একটিও
আত্যাত্তিক অমৃতহ্বাতের উপায় লপ্য নহে। ইহা গুনিয়া শ্বেতকেতু বলিলেন
যে, আমি এই সমুদ্য প্রশ্নের মধ্যে একটি প্রশ্নেরও উত্তর জানি না॥ ২॥

অথৈনং বসত্যোপমন্ত্রয়াঞ্চক্রে, নাদ্ত্য বসতিং কুমারঃ প্রহুদ্রোব, স আজগাম পিতরুম্, তুও হোবাচেতি 'বাব কিল নো ভবান্ পুরান্থশিফানবোচাদতি। কথুও স্থমেধ ইতি, পঞ্চ মা প্রশান্ রাজন্তবন্ধুরপ্রাক্ষীভতো নৈকঞ্চন বেদেতি। কতমে ত ইতাম ইতি হ প্রতীকাম্যুদাজহার॥ ৩॥

অনস্তর রাজা সেই শেতকেতুর বিভাতিমান দূর করাইয়া তথায় বাস করাইবার নিমিত্ত অর্থাৎ শিক্ষা দিবার জন্ত আমন্ত্রণ করিয়াছিলেন। রাজা বাললেন,
তগবন্! আপনি এথানে বাসকক্ষন এবং ভ্তাগণকে বলিলেন,মহ্ষির জন্ত পাছঅর্থা প্রভৃতি আমন্ত্রন করে। এইরপে রাজা শ্বেতকেতুর সমাদর করিয়াছিলেন কিন্তু
কুমার শ্বেকেতু রাজার কথা জনীদর করিয়াই পিতার নিকট প্রস্থান করিল।
পিতার নিকট উপস্থিত হইয়া বলিল যে, অহো! আপনি পুর্বের সমাবর্তনসময়ে
আমাকে এই প্রকারই সর্ব্ববিদ্যান্ত্র পিঞ্চিত বলিয়া নির্দেশ করিয়াছিলেন। পিতা
পুর্বের এই প্রকার তিরস্কারগুর্ত বাক্য প্রবণ করিয়া বলিতে লাগিলেন,—
হে তীক্ষর্দ্ধে! কি প্রকারে তোমার এরপ হঃথ উপস্থিত হইয়াছে বল ? পুত্র
বলিতে লাগিল যে, আমার যাহা ঘটিয়াছে, তাহা প্রবণ কর্মন। রাজন্ত-বন্ধ্র
(রাজন্ত্রগণ যাহার কন্ধ্র অর্থাৎ অশিক্ষিত ক্ষব্রিয়গণের সহচর, সেই পাঞ্চালরাজ
ক্রৈবিলি) আমাকে পাচটি প্রশ্ন জিজ্ঞাসা করিয়াছেন (এথানে 'রাজন্তবন্ধু'
শব্দে পরিন্তর বৃথাইত্বেছে); কিন্তু আমি তাহার একটিও বৃথিতে পারি নাই।

. প্লিডা বলিনেন, সেই প্রশ্ন কি কি ? পুত্র বলিন—'এই সেই সকল প্রশ্ন' এই ক্রথা বিলিয়া বেডকৈড় পূর্ব্বোক্ত প্রশ্ন সমূহের প্রতীক অর্থাৎ প্রথমাণে মাত্র উচ্চারণ করিয়াছিল। ৩॥

দ হোবাচ তথা দ ছং তাত জানীথা যথা যদহং কিঞ্চন বৈদ দৰ্বনহং তত্ত্ ভানবোচন্, প্রেছি তু তত্ত্ব প্রতীত্য ব্রহ্মচর্য্যং বংস্থাব ইতি। ভবানেব গছছিতি, দ আজগাম গোতমো যত্র প্রবাহণদ্য জৈবলেগ্রাদ, তত্মা আদনমাছত্যোদকমহারয়াঞ্চকারথ হাত্মা অর্ঘ্যং চকার, তত্ত্ব হোবাচ বরং ভবতে গৌতমায় দ্যা ইতি॥ ৪

তৎন তাহার পিতা কুদ্ধ পুত্রকে সান্তনা করিবার নিনিত বলিতে লাগিলেন যে, বংসা তৃমি আমাকে এইরপ নিশ্চম জানিও গে, আমি বে কিছু বিজ্ঞান জানি, তৎসমস্তই তোমাকে বলিয়াছি; ইহার অন্তথা করি নাই, ইহাই বৃথিও। আর তোমা অপেকা আমার অধিক প্রিয়তরই বা কে আছে—বাহার জন্ত আমি বিছা গোপন করিয়া রাখিব ? রাজা যে যে প্রশ্ন জিজ্ঞানা করিয়াছেন, বলিতে কি, বাস্তবিক আমিও ঐ সমস্ত প্রশ্নের বিষয় অবগত নহি। অতএব এস! আমরা উভরেই রাজার নিকট বাই এবং বিদ্যালাভের জন্ত ব্রদ্ধান্ত অবলহন করিয়া তথার বাস করি। পিতা এই কথা বলিলে পর খেতকেতু বলিলেন যে, আপনিই সেধানে যান, আমি আর ভাহার মুখ নিরীক্ষণ করিতেও ইচ্ছা করি না।

পূল অস্বীকার করিলে পর পিতা গৌতম-গোডোৎপর—আক্রণি (অরুণ-তনর) থৈ স্থলে পাঞ্চলরাজ জৈবলির আস্থারিকা অর্থাৎ নাধারণের দর্শনযোগ্য আসন সমিবিষ্ট ছিল, তথার উপস্থিত হইলেন। প্লবে রাজা সেই অভ্যাগত গৌছ-মের অভ্যর্থনার জ্বন্ত অনুরূপ আসন দান করিয়া ভৃত্যবর্গ হারা পাদপ্রক্ষালনার্থ জ্বল আনাইগা দিলেন। অতঃপর পুরোহিত ছারা ইঁহাকে মন্তপূত আর্যা ও মর্প্ত প্রদান করাইলেন। এইরূপে যথোচিত আভিব্যসংক্ষেত্র করিয়া তাঁহাকে বিলিলেন, হে গৌতন। আমি আপনাকে বর অর্থাৎ গোচ আম প্রভৃতি উপশ্বর

় স হোবাচ প্রতিজ্ঞাতো ম এষ বরো যাস্ত কুমারস্যাত্ত বাচমভাষথাস্তাং মে ক্রহীতি । ৫

তথন গোতম বলিলেন যে, আমার বর স্বত্তুর, আমি প্রতিজ্ঞা করিয়াছি, সেই বর ভিন্ন অন্ত বর লইব মা। আপনি আমার সেই প্রতিজ্ঞা প্রণের জ্ঞ নিজের মনকে দৃঢ় করুন। সেই প্রতিজ্ঞাত বর এই যে—আপনি আমার কুমার পুলের নিকট যে প্রশ্নবাক্য বলিয়াছিলেন, তাহা আমার স্মীপেও বলুন॥ ৫॥

স হোবাচ দৈবেয়ু বৈ গোতমো তদ্বরেয়ু, মাসুষাণাং ক্রহীতি॥ ৬

তথন রাজা বলিলেন, গৌতম ! আগনি বাহা প্রার্থনা করিতেছেন, উহা দৈব বরের অন্তর্গত। অতএব মহুয্যপ্রার্থনীর যে কোন-একটি গো, অশ্ব প্রভৃতি বর প্রার্থনা করুন॥ ৬॥

দ হোবাচ বিজ্ঞায়তে হাস্তি হিরণ্যস্যোপান্তং গো অথানাং দাসীনাং প্রবারাণাং পরিধানস্য। মা নো ভবান্ বহোরনন্তস্যা-পর্যান্তস্যাভ্যবদান্তোহভূদিতি, স বৈ গোতম তীর্থেনেচ্ছাসা ইত্যুপৈম্যহং ভবন্তয়িতি, বাচা হ স্মৈব পূর্ব্ব উপযন্তি স হোপায়নকীর্ত্ত্যা উবাস॥ ৭

এই কথা শ্রবণ করিয়া গৌতম উত্তর করিলেন যে, মহারাজ। আপনিও জ্ঞানেম, আমাকে আপনি যে মহারাসমনী বর দিতে চাহিতেছেন, সৈ বর আমারও আছে, তাহার প্রার্থনার আমার কোন, প্রয়োজন নাই। কেন না, আমারও প্রচুর পরিমাণে হিরণা উপার্জিত আছে। বছতর দাস, দাসী, পরিধের বস্ত্র এবং অপরাপর পরিজন সকলই সংগৃহীত আছে। অতএব, যাহা ক্রামার নাই, তবিষরে প্রার্থনা করা আমারও উচিত এবং আপনারও তাহা পূরণ করা সর্বাধা বিধের। বিশেষতঃ আপনিই যথন আমার অভীষ্ট বর প্রদান করিতে প্রতিশ্রুত আছেন, তথন আপনিই জানেন, এ বিবরে বাহা কর্ত্তব্য। নিজক্বত প্রতিজ্ঞা রক্ষণীর কি না, আপনিই বিলিতে পারেন। তবে আমার অভিপ্রার এই যে, মহাশর। সর্ব্বে বদান্ত—উদারতো হইরাও কেবল আমাদিগের প্রতি উপহান্ত না হন। এ কর্ষ্যে কাজ

আপনার দারা সাধিত না হয় অর্থাৎ যাহা প্রভৃত—অনন্ত ফলপ্রাদ, অপর্যাপ্তধ—
অশেষ প্রা-পৌল্রাদিক্রমে ভোগ্যা, এরপ ধ্রমহৎ বিত্ত অর্পণ করিতে কেবল আমাদের উপরই রূপণ—অলাতা (দানশক্তিশৃক্ত) ইইবেন না। বিশেষতঃ জগতে এমন
কিছুই নাই, যাহা আপনার স্থামাকে অদেয় হইতে পারে। গৌতম এই প্রকার
বলিলে পর রাজা তাঁহাকে বলিলেন,—গৌতম! শান্ত্রবিহিত নিয়মানুসারে তৃষি
আমার নিকট বিন্তাগ্রহণ করিবার ইচ্ছা কর। অনন্তর গৌতম বলিলেন যে,
হাা, আমি শান্ত্রবিহিত নিয়মানুসারে আপনার নিকট শিষ্যন্থ গ্রহণ করিতেছি।

পূর্ব্ব পূর্ব্ব ব্রাহ্মণগণও আপংকালে অর্থাৎ উপর্ক্ত ব্রাহ্মণ গুরুর অভাবে বিদ্যাশিক্ষার্থী হইরা গ প্রিয়কে, এমন কি, বৈশ্রুকৈও গুরুত্বে বরণ করিতেন এবং ক্ষপ্রিয়জাতিও বৈশ্রের নিকট শিষ্যত্ব গ্রহণ করিতেন। কিন্তু এই শিষ্যত্ব শীকার দারাই ভাঁহারা বিদ্যা গ্রহণ করিতেন। নচেৎ এ বিষয়ে উচ্চবর্ণ শিষ্য নীচরণ গুরুকে উপঢ়োকন ও শুশ্রামা দারা পরিভূষ্ট করিতেন না। এই জন্তু গৌতম উপঢ়োকন ও শুশ্রামা নামমাত্র কীর্ত্তন করিয়াই রাজার নিকট বাস করিয়াছলেন॥ ৭॥

দ হোবাচ তথা নস্তং গোতম মাপরাধান্তব চ পিতামহাঃ, যথেয়ং বিদ্যেতঃ পূর্বান্ন কিম্মিত্শ্চন ব্রাহ্মণ উবাদ, তা ত্বহং তুজ্যং বক্ষ্যামি, কো হি ত্বৈবং ব্রুবন্তমর্হ তি প্রক্র্যাখ্যাতুমিতি ॥৮

হীন জাতির শিব্যন্থ গ্রহণকে আপজন্তর কহে। বিজ্ঞাবিহীনতা অপেকা আপল্লবর শেবঃ, গৌতন এই আপজন্তবের কথা জানাইলে রাজা তাঁহাকে ক্ষতার কাতর দেখিয়া নিজ্ন অপরাধ মার্জানা করাইতে উন্তত হইয়া বলিলেন ক্ষেপ্রামিন আয়াদিহলর অপরাধ গ্রহণ করিবেন না। আপনার পিতামহলণও বেরপে অন্ধনীয় পিতামহ প্রভৃতির অপরাধ গ্রহণ করেন নাই, তক্রপ আপনারও ক্ষায়াদিলের প্রতি নিজ প্রিতামহাদির ব্যবহারের অন্ধকরণ করাই উচিত। আপনি এই যে বিজ্ঞারাভের প্রার্থনা করিলেন, ইতঃপূর্ব্বে জার কেহই এরপজাবে ব্যৱহার অবশ্বন করিয়া এই বিজ্ঞার প্রার্থনা করেন নাই ও কোন ব্যান্ধণেই পুরু বিল্পা অবশ্বান করে নাই, অর্থাৎ ইতঃপূর্ব্বে কোন ব্যান্ধণেই পুরু বিল্পা অবশ্বান করে নাই, অর্থাৎ ইতঃপূর্ব্বে কোন ব্যান্ধণেই এই বিজ্ঞার স্কান জানিত্বন না। আর ইহা আপনিও জানেন যে, এই বিজ্ঞা কেবল ক্ষান্ত্রিক বর্মা আসিতেকে; স্কতরাং শক্তির থাকিতে সেই রীতি রক্ষা করা

আমারশু সর্বাধা উচিত। এই মনে করিয়া পূর্বের আমি বলিয়াছিলাম বে, ইহা দৈববর, ইহার প্রার্থনা না করিয়া জান্য কিছু মন্ত্র্যাবর প্রার্থনা কর। কিছু কি করি, ভোমাকে আর সে বর কোনরপেই না দিগা উপায় নাই। আমি ইহার পর আর জাতিগত সেই নিয়ম রক্ষা করিতে পারিভেছি না। আমি ভোমাকে দেই অতি গোপ্পা বিছাও উপদেশ করিব।, পৃথিবীতে এমন কোন্ হালয়হীন ব্যক্তি আছে যে, ভোমার মত স্বিনয়ভাষী শিশ্বকে 'বলিব না' বলিয়া উপেকা করিতে পারে গ তবে আমিই বা ভোমাকে, বলিব না কেন ? ॥ ৮॥

অদ্যে বি লোকে হিনিগে তিম তন্সাদিত্য এব সমিদ্রশারো ধুমোহহর্নিচ দিশোহঙ্গারা অবাস্তর্নিশো বিক্ষা লিঙ্গান্ত সিমেত-স্মিমগ্রো দেবাঃ শ্রদ্ধাং জুজ্লতি, তদ্যা আহুত্যৈ সোমো রাজা সম্ভবতি ॥ ৯

দশুতি "অসৌ বৈ লোকোহমিগোঁতন।" ইত্যাদি বলিয়া চতুর্থ প্রশ্নের প্রথমতঃ নীমাংসা হইতেছে। বদিও ইহাতে ক্রমভঙ্গ-দোষ জন্মে, তথাপি সে ক্রম-ভঙ্গ-দোষ ধর্ত্তব্য নম্ন, ষেহেতু, এই চতুর্থ প্রশ্নের নির্ণয়ের উপরই অন্যান্য প্রশ্ন-নির্ণয় নির্ভর করিতেছে।

গোতম। ঐ গ্রালোককে করি বিলিয়া জানিবে। গ্রালোক অধিবরূপ হইতে পারে না, সত্যা, তথাপি বক্ষামাণ যোষিৎ ও পুরুষে অন্নিচ্ছির মত উহাতেও অন্নিচ্ছি বিহিত হইতেছে। আদিত্য সেই গ্রালোকান্নির উদ্দীপক বিলিয়া সমিদ। বাস্তবিক এই গ্রালোক জাদিত্য দারাই সমিদ্ধ—প্রদীপ্ত হয়। রিমাসমূহ তাহার ধুম। কেন না, ধুম বেমন সমিধ হইতে সম্থিত হয়, তেমন রিমাসমূহও আদিত্য হইতে উদ্দাভ হয়, অত্তর্র এই সামায় ধরিয়া রিমার উপর ধুমদৃষ্টি বিহিত হইল। সেইরূপ প্রকাশরূপ সাধর্ম্মো "অহঃ"ই তাহার অর্চিঃ। দিক্সমূহ তাহার অকার, যেহেতু, অর্চির উপশম ঝ জালানিবৃত্তি গুণ উভয়েরই সমান। অবাস্তর্বনিক্ সকল তাহার অনুনিক, কেন না, "কুলিকের ভাগর ইহারাও দ্বে বিক্লিপ্ত হয়। এবন্ধির গুণবিশিষ্ট সেই গ্রালোকান্নিতে ইক্রাদি দেবভাগণ শ্রদ্ধাকে আহবনীয় দ্বার মন্দে করিয়া আহতি প্রদান করেন। সেই আহতি হইতেই পিতৃগণ ও ক্রান্ধণ-সপ্রের রাজা লোক সমৃত্তিত্ব হয়। ভন্মধ্যে ঐ হোমকান্ধী কোন কোন দেবতা কি

পুর বভাবত উথিত হইতে পারে, তাহাদের সমাধানের জন্তই ইতঃপূর্বে আময়া অতীত অধ্যাবের সহিত আরভ্যমাণ অধ্যাবের সম্পর্ক নিরূপণ প্রসক্ষে তৎসমুদ্ধ বলিরাছি। আর অগ্নিহোত্র প্রকরণে "তুমি এই আছতিময়ের উৎক্রান্তি कान ना ?" रेजािम विवा भरत बंहे अमार्थ निर्वमार्थ वर्णा रहेबाए ए, "रारे অগ্নিহোত্রাহুতি ছুইটি অগ্নিতে প্রক্রিপ্ত হইয়া উর্দ্ধে গ্রমন করে, তাহারাই অন্ত-বীক্ষকে আহবনীয় (হোমাধারস্থান) স্বরূপ করে, এইরূপ বায়ুকে সমিধ্ ও মরীচি-সমূহকে শুদ্র আহতি করিয়া পাকে। তাহারা অন্তরীক্ষকে তর্পিত করিয়া তথা হইতে উৎক্রমণ করে ও পরে ছ্যালোকে যায়। তৎপরে তাহারা ছ্যালোককেও আহবনীয় করিতে থাকে," এইরূপ তথায় আদিত্যকে সমিধ করে ইত্যাদি। সে স্থলে এ কথাও বলা হইয়াছে যে, অগ্নিহোত্রের আছতিময় কিজ সাধনসমূলয়-সহকারেই উৎক্রাস্ত হয়, সেই আহতিদ্বয় ইহলোকে যেরপ—যে সকল আহবনীয়, ধুম, অন্নি, বিক্দুলিঙ্গ ও আহ্বনীয় দ্রব্য সহক্ষতভাবে পরিজ্ঞাত হয়, ঠিক সেইরূপ আহবনীয়াদি সাধন সহক্তভাবেই ইহলোক হৃইতে পরলোকে উৎক্রমণ (গমন) করে। তবে সেই স্থলে এইমাত্র বিশেষ যে, অগ্নি অগ্নিরূপে, সমিধ সমিধরূপে, ধুম ধ্মরূপে, অজার অজাররূপে, বিন্দুলিজ বিন্দুলিজরূপে এবং আছতি দ্রব্যসমূহও ঠিক আহতিদ্রব্যরূপেই স্বষ্টর প্রথমসময়ে অনভিব্যক্তভাবে---ফ্লব্রপে বর্ত্তমান থাকে এবং তৎসমস্ত সাধনাদিসমন্বিত সেই অগ্নিহোত্রই পূর্ব্ব (অদৃষ্ট) রূপে অবস্থিত হুইয়া স্ষ্টিকালে—স্থুলরূপে প্রকাশ পাইবার সময় সেই পূর্বের স্থায়ই অস্করীকাদির আহবনীয়তা ও অগ্যাদিভাব ধারণ করিয়া সেই সেইরপে পরিণত হয়। এখনও অগ্নিহোত্ত কর্ম সেই প্রকারেই ব্যবস্থিত আছে।

এই সমস্ত জগৎ এই প্রকারেই অগ্নিহোত্রাছুতি-জনিত অদৃষ্টের পরিণামস্বরূপ বলা হয়। এইরূপে সেই আছতির স্তুতির নিমিত্রই পূর্বে উৎক্রোম্ভি হইতে আরম্ভ করিরা পুন: প্রাহুর্ভাব পর্যান্ত ছয়টি পদার্থ কর্মপ্রকর্মণের শেষভাগ্রে মথায়থ নির্ক্রণিত হইরাছে। এখানেও 'যাগাদি কর্ম্মকারীর কর্ম্মের কির্দ্ধপ পরিণাম হয়' ইহা বলিবার অভিপ্রায়ে শ্রুন্তি প্রথমে উত্তরমার্গ-প্রাপ্তি-সাধক ছালোকাগ্রি হইতে আরম্ভ করিয়া ক্রমে পঞ্চাগ্রিদর্শন পর্যান্ত বিশিষ্ট কর্মফল উপভোগের জন্ম বিধান করিতে চাহিয়াছেন। এই নিমিত্ত ছালোকের উপর আয়দৃষ্টি প্রথমে প্রভাবিত হইতেছে। তল্মধ্যে এই অগ্নিহোত্রে যে সকল আধ্যাত্মিক ইন্দ্রির হোতা বলিয়া পরিগণিত, তাহারাই আধিদৈবিক পরিণামে পরিণত হইরা ইন্দ্রিয়াদিস্বরূপ প্রাপ্ত হয়, এবং ভাহারাই পরে ছালোকাগ্রিতে হোতা হইয়া গাকে। ইহারাই পুর্বে

অধিহোত্তের ফল-ভোগার্থ অগ্নিহোত্ত্যাগের অনুষ্ঠান করিয়াছিলেন, এবং কর্মফলের বিপাককালে তাঁহারাই সেই সকল ফলের ভোক্তত্ব নিবন্ধন সেই সেই স্থলে হোতৃত্ব প্রাপ্ত হইয়া থাকেন, অর্থাৎ ভোগের উপযোগী তত্তৎরূপে পরিণত হইয়া দেব-শব্দবাচ্য হন। অগ্নিহোত্তকর্ম্মের অবলম্বন বা সাধনস্বরূপ আহবনীয়-অগ্নিতে প্রক্ষিপ্ত • হইয়া অগ্নি বারা ভক্ষিত হয়, ক্রমশ: তাহাই অদৃষ্টরুগ স্কারপে পরিণত হইয়া যাগকর্তা—যজ্ঞমানের সহিতই উর্দ্ধলোকে ধুমাদিক্রমে অর্থাৎ প্রথমতঃ অন্তরীক্ষে, তথা হইতে গ্রালোকে প্রবেশ করে। অগ্নিহোত্রাছতির অঙ্গশ্বরূপ এবং অগ্নিহোত্রযাগুসম্বন্ধী সেই সমস্ত শ্রন্ধা নামক অপ্(ম্বতাদি) চক্রলোকে কর্মকর্তার শরীরোৎপাদনের নিমিত ত্যলোকে প্রবেশ করে। ইহারাই 'হত' নামে প্রসিদ্ধ। দেই সকল অপ্ (জলীয় দ্রব্য) সোমমণ্ডলে যাইয়া কর্তা--যজমানের ভাবী শরীরাকারে পরিণত হয়। এই মর্মার্থই "দেবাঃ শ্রদ্ধাৎ স্কুহ্বতি" এবং "তম্মা আহুত্যৈ দোমো রাজা সম্ভবতি" ইত্যাদি স্থলে উক্ত হইয়াছে। অন্ত শ্রুতিও তাহার প্রমাণ, যথা—"শ্রদ্ধা বা আপঃ" অর্থাৎ শ্রদ্ধাই অপ্। পুর্বের্ ধেতকেতুর প্রতি প্রশ্ন হুইয়াছিল যে, যাবৎপরিমাণ আছতি অগ্নিতে অপিত হইলে অমিহোত্রীয় অপ্পুরুষপদবাচ্য হইয়া শক্ষোচ্চারণ করে, তাহা জান কি? সেই প্রশ্নের উত্তরক্রপে "অসে বৈ লোকোহগ্নিঃ" ইত্যাদি বাক্য বর্ণিত হইল। অতএব এই বাক্য দারা ইহাই নিশ্চিত হইতেছে যে, অগ্নিহোত্রকর্ম্ম-সম্পর্কী ও যজমানের শরীরারম্ভক অপ্ই অত্তত্য শ্রদ্ধা শব্দের প্রতিপান্ত।

জীবের শরীর গঠন করিতে বছ উপাদান আবশুক, তন্মধ্য জলও একটি উপাদান, পরস্ক জলের আধিক্য বশতই অগ্নিহোত্র কর্ম-সম্পূক্ত জলের (পরিণাম-ভূত) পুরুষসংজ্ঞা হইরাছে। নচেৎ ভাহাতে অস্থাস্থ পৃথিবাদি ভূতের সম্পর্ক ষে নাই, এমন নহে।, যে প্রাক্তন কর্ম হইতে শরীরের উৎপত্তি হয়, সেই কর্মন্ত আবার অপের. (য়তাদি) সহিত সম্পূক্ত; কাজেই শরীরোৎপাদন বিষয়ে অপের প্রাধান্য। আর সেই কারণেই 'অপ' পুরুষ-পদের বাচ্য (অর্থ) বলিয়া উদ্ধিতি হইরাছে। সর্ব্বতেই দেখা য়ায়, প্রাক্তনকর্ম হইতে শরীরোৎপত্তি, মতরাং এখানেই বা তাহার অন্যথা হইবে কেন প যদিও ইতঃপূর্বে অগ্নিহোত্রপ্রকরণে অগ্নিহোত্রাছতির প্রশংসা ধারা উৎক্রান্তি প্রভৃতি বর্ণিত ছয়টি মাত্র পদার্থ এক অগ্নিহোত্রেরই অর্থ মনে হয়, তথাপি এখানে 'আছতি' শব্দ ভারা অগ্নিহোত্র প্রভৃতি বাবতীর বেদবিহিত কর্ম্মই লক্ষিত জানিবে। যদি বল, একমাত্র অগ্নিহোত্রা-ছৃত্তির উল্লেখ দ্বারা অঞ্জাম্ব সমস্ক্র বৈদিক কর্ম্ম লক্ষিত হয় কেন প ত্রুত্বের

বলিব বে, যেহেতু তাহা পাঙ্ক কর্ম প্রস্তাবেই উক্ত হইয়াছে। পাঙ্ক কর্ম-মাত্রই স্ত্রী ও অগ্নিসহযোগদাপেক; মৃত্রাং আছতির উল্লেখ ঘারা যাবতীয় অগ্নিসম্পূ কে কৰ্মা লক্ষিত হইবে, ইছা অসঙ্গত কি ? কৰ্মা ছাৱা পিতৃলোক লাভ হয় ইত্যাদি বাক্যে তাহার সমর্থন করা হয়। আর এই কর্ম দারা দাধারণ কর্মই যে অভিপ্রেত, তাহার জাপিকা শ্রুতিও পরে কথিত হইবে, 'যাহারা ফ্রু, দান ও তপস্থার দারা লোক সকলকে জ্বয় করেন" ইত্যাদি॥ ১॥

পর্জন্তো বা অগ্নিরোভিম ! তদ্য সংবেদর এব দমিদভাণি ধ্মো বিছাদচিরশনিরঙ্গার। হ্রাত্নয়ে। বিক্ল্লিঙ্গান্তিমিনে-তশ্মিনগোঁ দেবাঃ দোম্ভ রাজানং জুহুতি, তদ্যা আহুত্যৈ রুষ্টিঃ সম্ভবতি ॥ ১০ ॥

হে গৌতম! পর্জ্জন্তও আর এক প্রকার অগ্নি অর্থাৎ আহতিহন্দের আর্ডি অমুসায়ে পর্জ্জন্তই দিতীয় আন্তৃতির আধার। যে সকল বান্স প্রভৃতি হইতে বৃষ্টি উৎপন্ন হয়, তাহাদিগের উপর আত্মাভিমানিনী দেবতাই পর্জ্জন্ত নামে অভিহিত। সংবৎসর তাহার সমিধ (যজ্ঞীয় কাষ্ঠ)। কেন না, শরদাদি গ্রীমান্ত ঋতুরূপী ও স্বীয় অবয়বসমূহে পরিবর্ত্তমান সংবৎসরই সেই পর্জ্জনু-অগ্নিকে উদ্দীপিত করে। অভ্র (মেখ) তাহার ধ্ম, যেহেতু ধ্ম হইতে অভ্র সমূৎপন্ন, অথবা ধুমবৎ লক্ষিত হয়, এজন্ত অত্র ধৃমস্থানীয়। বিহাৎ তাহার তেজ, কারণ, উভয়ই প্রকাশক। অশনি (বজ্র) তাহার অঙ্গার; কেন না, উভয়েরই নির্ব্ধাণ ও কাঠিখন্ত্রপ ধর্মবন্ধ সমান ৷ ব্রাছনি-মেঘশলুসমূহই তাহার বিক্লিক, বেহেতু চতুর্দ্ধিকে প্রসরণ ও অনেকত্ব ধর্ম উভয়ত্রই সমর্ভাবে বিষ্ণমান। সেই এই আহতির আধারস্থরণ পর্জ্জনায়িতে কেবল দেবতাগণ হোতৃরূপে সোমরাজকে হোম করেন। পূর্বে ছালোকাগ্নিতে শ্রনা হত হইলে যে সোমের উৎপত্তি বলা হইপাছে, সেই সোমই বিতীয় পৰ্জ্ঞামিতে হত (হোমীয় স্তব্যক্ষণে নিঞ্ছিপ্ত) হয়, এবং সেই সোমাছতি হইতেই বৃষ্টি সমূদভূত হয় ॥ >• ॥

অয়ং বৈ লে:কোহগ্নিগোঁতম ! তস্তা পৃথিব্যেব সমিদগ্নিধুমো ৰাত্ৰিৰ্বচ্চিণ্চন্দ্ৰমা অঙ্গাৱা নক্ষত্ৰাণি বিশ্চুলিঙ্গান্তশ্মিমেতশ্মিমমে ্দেবা রষ্টিং জুহুরতি, তস্তা আহত্যা-অন্নত সম্ভবতি ॥ ১১॥

ুহে গৌতম! এই লোকও এক প্রেকার অধি অধাৎ প্রাণিগণের জন্ম ও উপভোগাশ্রম এবং ক্রিমা-কারকাদি ফলবিশিষ্ট ইহলোক (ভুলোক)ই ভুতীয় ष्मि । পृथितीरे जारात मिथ, यारकु धरे পृथिती প্রাণিগণের আনেকানেক উপভোগ-দামগ্রীপরিপূর্ণ, তাহা ধারাই ইহলোক সমিদ্ধ অর্থাৎ পরিপুষ্ঠ আছে। ষ্মগ্নি তাহার ধুম, কারণ, পৃথিবীরূপ আশ্রয় হইতে উভয়েরই তুলাভাবে উৎপত্তি। তাৎপর্য্য এই—যেমন কাষ্ট্রকৈ আশ্রম করিয়া ধুম উদ্গত হয়, তেমন ভৌতিক অথিও পৃথিবীর পরিণামভূত কাষ্ঠ আশ্রয় করিয়া উৎপন্ন হয়। অতএব অগ্নিকেই ভাছার ধুম বলা সঙ্গতই হইয়াছে। রাত্রি তাহার অর্চি অর্থাৎ জ্যোতি, রেছেত উভ্যেরই সমিধ্-সাহায্যে উৎপত্তিরূপ ধর্ম সমান: ভাহার কারণ, বেমন কার্চের সংযোগে অগ্নি হইতে জ্যোতি উচ্চাত হয়, তেমন পুথিবীরূপ কাষ্ট্রের সংশিক বশতঃই বাজিরপ জ্যোতির উৎপত্তি হইয়া পাকে। এই জন্মই পণ্ডিতগণ নৈশ অন্ধকারকে পুথিবীর ছায়া বলিয়া বর্ণনা করেন। চক্র তাহার অঙ্গার, কেন না, অঞ্গার অগ্নির জালা হইতে উৎপন্ন হয়, চক্রমাও সেইরূপ রাত্রিতে প্রকাশ পান্ন, এই সাধারণ ধর্মবশত: অথবা অঙ্গার যেমন প্রশান্ত উজ্জ্বল, চক্রও তদ্ধপ প্রশান্ত ও উজ্জ্বল, এই সাধারণ গুণ ধরিপে চন্দ্রকে অঙ্গার বলা হইল। নক্ষত্রসমূহ তাহার বিন্দুলিঙ্গ, कांत्रण, नक्क्व मकन मांधात्रणा विष्कृतिस्त्रत्र साम्र हेज्छा विकीर्य हरेमा थात्क। সেই এই আহতির ভৃতীয় অধিকরণ ভূলোক-অগ্নিতে দেবতাগণ বৃষ্টিকে আহতি প্রদান করেন। সেই আছতি হট্তেই অন্ন-শস্তাদি সমূৎপন্ন হয়। কারণ, ব্রীহিষবাদি অন্ন সমূদ্য একমাত বৃষ্টি হইতে উৎপন্ন বলিয়াই প্রাসিত্ধ ॥ ১১ ॥

পুরুষো বা অগ্নিগে তিম ! তম্ম ব্যান্তমেব সমিৎ প্রাণো ধুমো রাগচিশ্চকুরস্পারাঃ শ্রোত্তং বিক্ষান্তান্ত্রমেতি স্থিমেতি স্থিমি দেবা অন্নং জুহাতি, তম্মা আহুত্যৈ রেতঃ সম্ভবতি ॥ ১২ ॥

হে গৌতম! আঁর এই লোক-প্রসিদ্ধ হস্ত-মুম্ভকাদি-শালী পুরুষকেও চতুর্থ আয়ি জানিবে। তাহার বির্ত মুথই সমিধ্, কারণ, পুরুষগণ বথন কথা বলে বা বেদপাঠাদি করে, তথন তাহাদের বিরুত মুথ দারাই তাহারা দীপ্যমান হয়, সমত্রেক অয়ির সমিধ্ থারা দীপ্তির মত পুরুষের মুথ দারা দীপ্তি এ স্থানে তুলা কর্ম, এই জ্লা মুথকে সমিধ্ বলিয়া বর্ণনা করা হইল। প্রাণ তাহার ধুম, কারণ, ধুম বেমন কার্ম হইতে উৎপন্ন হয়, প্রাণও সেইরূপ এই মুথ হইতেই উপিত হয়।

মুখ হইতে বে প্রাণ উদ্গত হয়, ইহা প্রিসিদ্ধ। বাক্—শব্দই তাহার অর্চিঃ, কেন না, সাধারণ জোতি যাবতীয় বস্তুর অভিযাঞ্জক বা প্রকাশক, প্রক্রের শব্দও বক্তব্য বিষয়্মাত্রেরই ব্যঞ্জক বা বোধক হয়, স্বতরাং বাক্ই অর্চিঃ। চক্ষ্ই তাহার অকার, কারণ, অকারপু প্রশাস্ত এবং প্রকাশাশ্রয়, আর চক্ষ্ও প্রশাস্ত এবং প্রকাশাশ্রয়; অতএব চক্ষ্ই অকার। শ্রোত্র তাহার ক্লুলিঙ্গ, যেহেতু ক্লুলিঙ্গের মত শ্রোত্রেরও নানাদিকে বিক্ষেপ—প্রসরণ আর্ছে। সেই এই প্রক্রমায়িতে দেবগণ অয়কে আহতি প্রদান করেন। যদি বল, দেবতাদিগকে কদাচ এই মুখানলে অয় আহতি করিতে দেখা বায় না, তবে এই কথা বলা হইল কেন? উত্তর,—না, ইহাতে কোন দোষ হয় নাই, কারণ, এখানে দেবতা বলিতে ইন্দ্রিয়গণ ব্রিতে হইবে। পূর্ক হইতেই ইন্দ্রিয়গণের দেবত্ব স্বীকৃত আছে, বাহারাই বাহুজগতে অধিদৈব নামে খ্যাত, তাঁহারাই প্রক্রের শরীরমধ্যে ইন্দ্রিয়ের অধিষ্ঠাত্রী দেবতারূপে অবস্থিত। তাঁহারাই প্রক্রের (জীবের) মুথে অয় নিক্ষেপ (আহতি) করেন, এবং সেই আহতি হইতেই রেড'উৎপন্ন হইয়া থাকে; কেন না, রেত ষে অরের পরিণাম, ইহা প্রসিদ্ধ ॥ ১২ ॥

যোষা বা অগ্নিগেতিম ! তস্তা উপত এব সমিলোমানি ধুমো যোনিরচির্যদন্তঃকরোতি তে২ঙ্গারা অভিনন্দা বিস্ফালিঙ্গা-স্তান্মিনেতন্মিনগো দেবা রেতো জুহুবতি, তত্ত্বা আহুতৈত পুরুষঃ সম্ভবতি স জীবতি যাবজ্জীবত্যথ যদা আয়তে ॥ ১৩ ॥

হে গৌতম ! যোবা (স্ত্রী)-ই অপর অগ্নি। অর্থাৎ স্ত্রীলোকই পঞ্চম হোমাধিকরণ অগ্নি। উপস্থই সেই অগ্নির পিনী যোষিতের সমিধ্, কেন না, উহা খারাই সেই যোবা উদ্দীপিতা হয়। 'লোম সকল ধুম, যেহেতু, ম্মগ্নি হুইতে ধুমের মন্ত তৎসমন্ত উপস্থ হইতেই উৎপন্ন হয়। যোনি তাহার অর্চিঃ, যেহেতু, উভ্রের বর্ণই এক প্রকার। আর যে তাহার অভ্যন্তর ব্যাপার— মৈথুনক্রিরা, তৎসমন্তই পুরুষের বীর্যা প্রশমন করে বলিরা অঙ্গারস্থানীয়। অঙ্গারও অগ্নির উপশমের কারণ হইনা থাকে। অভিনন্দ অর্থাৎ স্থলেশ সকল ক্ষুত্ররূপ সাল্প্রান্থসারে অগ্নির বিফুলিজ-শর্মণ। দেবতাগণ সেই এই যোষিজ্ঞপ অগ্নিতে রেতঃ (অর্হুতি) হোম করেন, এবং সেই আহতি হইতে পুরুষ (স্থলেশরীর) উৎপন্ন হয়। এই প্রকারে হ্যালোক, পর্জ্ঞা, ইইলোক ও যোষিদ্যিতে যথাক্রমে প্রভাগদবাত্য অপুসমূহ আহত হইরা

সোম, বৃষ্টি, অন্ন ও রেতোরণে ক্রমিক স্থলতার পরিণামপ্রাপ্ত হয় এবং পুরুষশন্ধবাচ্য শরীর পৃষ্টি করে। পূর্বে "বেখ বিভিগ্যামান্তত্যাং" ইত্যাদি বাক্য দারা প্রশ্ন
হইয়াছিল বে, 'তুমি জান কি,—কত সংখ্যক আন্ততি দারা আন্তত হইয়া অপসমূহ
পুরুষবাচ্যরণে পরিণত হয় ও শব্দোচ্চারণ করিবার সামর্থ্য লাভ করে ৫' এখানে
সেই প্রশার্থই নির্ণাত হইল, অর্থাৎ যোষাগ্রিতে (স্পীতে) পঞ্চমী আন্ততি
প্রদন্ত হইলে অপ্রেতঃস্বরূপ প্রাপ্ত হইয়া পুরুষস্বরূপ লাভ করে এবং সেই পুরুষই
জীবিত থাকে। অতঃপর শ্রুতি তাহাই বলিতেছেন বে, যাবৎকাল এই শ্রীরে
অবস্থিতির কারণীভূত জীবের প্রাক্তন কর্ম্ম বিশ্বমান থাকে, তাবৎকাল এ পুরুষ
জীবিত থাকে॥ ১৩॥

অথৈনমন্নয়ে হরন্তি তস্থাগ্নিরেবাগ্নিভ্বতি সমিৎ সমিদ্ধুমো ধুমোইচিরচিরিঙ্গারা অঙ্গারা বিস্ফুলিঙ্গা বিস্ফুলিঙ্গান্তন্মিনত-স্মিনগ্নো 'দেবাঃ পুরুষং জুহবতি, তস্থা আহুত্যৈ পুরুষো ভাস্বরবর্ণঃ সম্ভবতি॥ ১৪॥

অনস্তর ভোগ বারা সেই জীবনের কারণীভূত কর্ম কর প্রাপ্ত হইলে পুরুষ যে সময় দেহসম্বন্ধ ত্যাগ করে, সেই সময় ঋত্বিক্গণ পুরুষকে অর্থাৎ—এই মৃত ব্যক্তিকে অগ্নি কর্মের উল্লেখ্য—অস্ত্যাছতি বা অস্তিম ক্রিয়ার জ্বন্ত কাইয়া যান; স্ত্তরাং সেই মৃত ব্যক্তি সেই শ্রণানগণ্ডির আছতিস্বরূপ। তাহার সম্বন্ধে এই লোক-প্রাসিদ্ধ অগ্নিই হোমের অধিকরণ। এতএব এ স্থলে পূর্ববৎ কোন বস্তুর উপর অগ্নির কর্মনা করিতে হয় না। সেইরূপ প্রসিদ্ধ সমিধ্ই সমিধ্, প্রসিদ্ধ ধুমই তাহার ধুম, প্রসিদ্ধ অর্চি (জ্যোতি:)-ই তাহার অর্চি:, লোক-সিদ্ধ অন্তারই তাহার অর্লার। লোকিক 'ফুলিক্সই তাহার ক্র্নিলন। সমন্তই লোক-প্রসিদ্ধ অত্সাহর গ্রহণীয়, কিছুই কর্মনীয় নহে। ঋত্বিক্গণ সেই অগ্নিতে অস্ত্যাছতিস্বরূপ পুরুষকে হোমার্থ নিক্ষেপ করেন। গর্ভীধানাদি শ্রশানান্ত অন্ত্রিত বৈধ কর্ম সমৃদ্য বারা ঐ পুরুষ সংস্কৃত হওরার সেই আহতি হইতৈ ভাস্বর্বণ—অতিশন্ধ দীপ্তিমান্ এক পুরুষ প্রান্ধভূত হন্ধ॥ ১৪॥

তে য এবনেত্ত দিছঃ। তে চামী অরণ্যে শ্রদ্ধান্ত সত্যমুপাসতে, তেহ চিরিভিদম্ভবন্তি, অচিং যোহহরহ আপূর্য্যমাণপক্ষমাপূর্য্যমাণপক্ষাদ্যান্ ষথা সামুদঙ্ গ্রাদিত্য এতি, মাসেভ্যো

দেবশোকং দেবশোকাদাদিত্যমাদিত্যাদৈত্যতং, তান্ বৈছ্যুতান্ পুরুষো মানদ এত্য ব্রহ্মলোকান্ গময়ন্তি, তেয়ু ব্রহ্মলোকেয়ু পরাঃ পরাবতো বসন্তি, তেযাং ন পুনরার্তিঃ॥ ১৫॥

সম্রতি পঞ্চামিবিদের পরিণাম বলিবার অভিপ্রামে পূর্কে প্রস্তাবিত প্রথম প্রশ্নের উত্তর বলিতেছেন। –তাহারা অর্চিচ দারা দেবলোকে গমন করে। তাহারা एक एक श ना—गशाता छक्क श्रकात श्रकाधिवर्णन (छेशांत्रना) करत । अथारन শ্ৰুতিক "এবং" শব্দ হইতে এই পূৰ্বেশক্ত পঞ্চায়ির অর্থাৎ অগ্নি, সমিধ্, ধুম, অর্চি, অঞ্চার, শুনিক ও শ্রদ্ধাদিবিশিষ্ট হ্যলোকাদি পঞায়ির ইন্সিত পাওয়া বায়। বাহারা সেই পঞ্চায়িকে পূর্ব্বকলিওভাবে অবগত হঁম, তাহারা দেবলোকে যায়। বদি বল, এই প্রস্তাবিত বিজ্ঞানটি অগ্নিহোত্রাছতিবিষয়ক বলিয়া নিশ্চিত মনে হয়। কারণ, অন্নিহোত্রপ্রকরণেই উৎক্রান্তি প্রভৃতি ষট্-পদার্থ নিরূপণাবসরে "मियामबाह्यनीयः कूर्याउ", 'शालाकाक आह्यनीय ख्ला छिषिक कंति' हेजामि উক্ত হইয়াছে এবং এই স্থানেও বে কথিত হইয়াছে. ছালোক অগ্নিও আদিতা, তাহার স্মিধ ইত্যাদি, এই উভয়স্থলীয় উক্তির পরস্পর বহু সাম্য দেখিয়া इत्र, এইश्रुनीय विकास शूर्व्याक अधिरहावविकारमध्ये अप। উত্তর।—না,—ইহা দিল্লান্ত হইতে পারে না; কারণ,এখানে পুর্বোক্ত 'যতিথাাম্' हेकानि आत्मबरे छेख्वकाल वहे वाह डिलिशिंग स्टेशाह। उत्तरे "राजिशाम्" **बहे श्राद** यात्रपाक विवय किछानिङ स्टेबाइ, उरनम्बहे वर्शान 'वर' भन ছারা বোধিত হওমা উচিত। অতএব ইহাকে উত্তরবাক্য বলিতেই হইবে, नाहः के आमुबरे जानुर्वका बहेवा शए। विरम्बन्धः यथन अधिरहाज-अकद्राप अधित ग्रंथा। शूर्विर निन्धिकार्ण शतिकार्ष आहि, जथन वर्णान करन अधि-माबहे वक्ता, जीवन जारामित मःथा कथमरे वक्ता हरेएज भारत ना। जात यि शुक्र-छा उ विश्ववहरे (अधिमःशाम) अस्वान अधीर श्नक्तह्य वन, जारा ছুইলেও বুলিব যে, ঠিক পুর্ব্বের অহরণই অহবাদ হওয়া উচিত, কিছ কথনই 'ঐ গ্রালোক অগ্নি' এরপভাবে উল্লেখ সমত হয় না অর্থাৎ পূর্বে বেয়ন উৎক্রমণাদি ষ্টুপদার্থ উল্লিখিত হুইমাছে, সেইরুণ ষট্পদার্থেরই অন্তবাদ रुखा উচিত, क्वनमाज द्यानांक अधित উল্লেখ रहेरत क्वन ? आत यनि यन रा, वह द्वालाकानि नवह अखडीकानित्र छेननकन अधीर द्वाधक, छवानि र्रानित ৰে প্ৰথমোৰু বা সেৰোক শব্দ পৱিত্যাগ ক্রিয়া মধ্যবৰ্তী শব্দ ৰাবা উপলক্ষণ

কলনা নীতিবিক্ষ। ৩৭ ইহাই নহে, এই বিষয়ের সমর্থক আছা শ্রুতিও প্রমান আছে, কথা—ছান্দোগ্যোপনিষদে ইহার তুলাপ্রকরণে দেখা বারু, "পঞ্চামীন্ বেন" অর্থাৎ যে পঞ্চ অগ্নিকে জানে। এই স্থানে অগ্নির পঞ্ সংখ্যারই স্পষ্টতঃ উল্লেখ বহিদ্বাছে, অতএব অৱশুই বলিতে হইবে বে, এই विख्वानि अधिरशेववार्शत अन नरह। जरव रा अधिरशेरवेत जात अधारमध সমিধ্ প্রভৃতির উল্লেখ দেখা যায়, তাহা কেবল অগ্নিহোত্তের প্রশংসার নিমিন্ত, **এই कथा** ७ शृत्कर विवशिष्टि। अञ्जी निकास इंडेम एवं, त्करन **उरकासि** প্রভৃতি ষ্টুপদার্থ পরিজ্ঞানমাত্তেই অর্চিরাদি পথ প্রাথ হওয়া যায় না, পর্ত্ত পঞ্চায়ি দর্শনই উক্ত পথপ্রাপ্তির কারণ। তাহা এ স্থলে এবং শব্দ দারা প্রতিশন্ধ হইয়াছে অর্থাং প্রস্তাবিত পঞ্চার্য বিছাই অর্চিরাদি পথপ্রান্তির হৈত্রশে অভিহিত হইমাছে। একণে যাহারা দেই পঞ্চায়িবিভান পারদর্শী, ভাহাদের निर्फिन क्रिंडिएइन । याहाबा धारे श्राकात खात्न, खाहाबारे भक्षाधिवित.। खाहाबी क १- गृहकुंगभरे। यनि वन, यथन मिट मकन गृहकुर्गभत स्थानि कार्याम्बन ধুমপথে গতিই পরে কথিত হইবে, তথন অচিঃপথে (উত্তরারণে) গমন কথিত হইতেছে কেন ? উত্তর—না, ভাচা তুমি ভূল বৃঞ্চিছাছ পুৰুষ্ট মাত্রের পক্ষে বজ্ঞাদি ধারা ধুমপথগ্রাপ্তি বিবক্ষিত নহে, পরস্ক বাহারা আই প্রকার বিজ্ঞান বা উপাসনা জানে না, গেই সকল বিজ্ঞানানভিত্ত গৃহত্তের পক্ষেই ৰজ্ঞাগ্নিসাধন দারা ধ্মপথপ্লান্তি নির্দিষ্ট। বিশেষত: সন্ন্যাসীর ও বামপ্রস্থাবল্ৰীয় পক্ষে যথন স্বতন্ত্রভাবে অরণ্যাশ্রয়ই উল্লিখিড রহিয়াছে, আর পঞ্চান্নিদর্শনও মধন গৃহস্থকশ্বের সহিত সম্পূ ক্ত, তখন 'যে বিহুং' এ কণায় এক গৃহস্থেরই পঞ্চারি-বিজ্ঞানী বলিয়া নির্দেশ বৃঝিতে হইবে। ভজিল 'এই প্রকার জ্ঞান করিবে', এ কথার বন্ধচারিগণ লক্ষ্য হইতে পারে না ; কারণ, তীহাদের গতি উত্তরপথে। এই বিষয়ে নিমুলিথিত স্বৃতিই প্রমাণ ;—"অষ্টানীতি-সহস্রাণামুনীণামুর্করেতকান্। উত্তরেণার্য্যঃ পস্থাক্তেম্ভক হি তেজিরে॥" অর্থাৎ অস্তানীতি সহস্র উ**র্জনেতা** (নৈষ্টিক ব্ৰহ্মচারী) ঋষির নিমিত্ত উত্তৰে সৌর পথ বিহিত আছে, জাঁহারা ঐ পথেই অমৃতত্ত্ব (মোক্ষ) লাভ করিদ্নাছেন। অভএব বে সকল গৃহস্থ নিজেকে 'আমি অগ্নিজাত বা অগ্নির পূল, স্ত্রাং অগ্নিস্বর্ণ' ইহা জানে, তাহারা এবং ৰে দকল অৱণ্যবাসী বানপ্ৰস্থ ও অৱণ্যবাসী পরিবাদক শ্রনাৰ্ক হইরা হিরণাগভাত্মক ব্রহকেই সভাভাবে উপাসনা করেন. কিছু শ্রহার উপাসনা করেন ता, ठाँहात्रा फार्कितामिशस्य गयन करतन्। और एक है अहैशास्त्र विविक्ति

এইখানে ইহা বলিয়। রাখা আবশুক যে, তাহাদিগকে ইহ-সংসারে পুনঃপুন: গঁডাগতি ভোগ করিতে হয় অধাৎ পূর্ব্বোক্ত গৃহস্থগণ যাবৎকালাবধি পঞ্চামিবিস্থা কিংবা সভ্য বন্ধজ্ঞান লাভ না করে, তাবৎকাল অগ্নিহোত্তে শ্রদ্ধাদি আছতি-ক্রমে পঞ্মী আছতি আছত হইলে যোষাদিরপ (স্ত্রীরপ) অগ্নি হইতে পুরুষরূপে জন্মধারণ করিয়া পুনর্ব্বার স্বর্গাদি লোক-সাধক অগ্নিহোত্রাদি কর্মের অন্তর্চান করে, আবার দেই কর্মফলে পুনরণি ধুমাদিক্রমে পিতৃলোক প্রাপ্ত হয় এবং পুন ক পর্জন্যাদিরপে ইহলোকে প্রত্যাবৃত্ত হয়। ক্রমে যোষাগ্নি ইইতে পুনরণি জন্ম লাভ করিয়া কর্মা করে এবং কর্মা করিয়া ধুমাদিপথক্রমে ইহলোকে আগমন করে, স্নতরাং ঘটীবল্লের * ভাষ গমনাগমন হইতে তাহারা অব্যাহতি পার না ; কিন্তু যথন ভাগ্যবশত: পূর্কোক্ত পঞ্চাগ্রি বিজ্ঞান ও সত্যজ্ঞান লাভ করে, তথনই পুন: পুন: ভ্রমণ হইতে বিনিমুক্ত হুইয়া অর্চিরাদি পৰ প্ৰাপ্ত হয়। এথানে "অৰ্চি" শন্ধের অগ্নিশিখামাত্ত অৰ্থ নহে, কিছ অর্চি—অভিমানিনী উত্তরামণপথরপিণী দেবতাই শান্ত্রসিদ্ধান্ত অর্থ। উহার ঐরপ অর্থ ধরিবার কারণ,—পরিব্রাজকগণের সাক্ষাৎসম্বন্ধে অগ্নি ভজনার সহিত কোন সমন্ধ থাকে না, সেই জন্ম দেবতা প্রয়ন্ত অর্থ গৃহীত ইইল। ইহার পর তাহারা অহ: অর্থাৎ দিবাভিমানিনী দেবতাকে প্রাপ্ত হর। এথানেও "অহ:" শব্দে অহ: অভিমানিনী দেবতারূপ অর্থ গ্রহনীর। তাহার কারণ জীবের মৃত্যুকাল অনিয়ত, অর্থাৎ এমন কোন নিয়ম নাই য়ে. ঐ জ্ঞানিগণ দিবাভাগেই দেহত্যাগ করিবেন, অতএব যথন দিবাকে মরণের সময়রূপে নির্দারণ করা ৰার না এবং যেহেতু রাত্রিতে মৃত্যু খটিলে সেই পরিব্রাঞ্চক বা জ্ঞানীর দিবা-मक्क अमुख्य, धरे कुछरे खरः मरक्षत्र खर्थ दिवा नरह, दिवा छिमानिनी दिवला। আর এ কথাও বলিতে পার না যে, ঐ জ্ঞানী রাত্তিকালে মৃত হইমাও উৰ্দ্যাতির অন্ত দিবসের অন্ত অপেক্ষা করিবে ি কারণ, অন্ত শুতি ইহার विशक्त विवाजित्हन त्य, "म यांवर किर्मन ममस्रावनानिकः शक्ति।" व्यर्थार ৰধন জীব এই দেহকে পরিত্যাগ করে, মন তৎক্ষণাৎ আদিত্যে গমন করে। পরে সেই সকল সাধক অহঃ হইতে আপুর্যামাণ পক্ষে গমন করেন অর্থাৎ অহঃ

^{*} ঘটাবন্ধ, লপুরাকালের একপ্রকার বন্ধবিশেষ, তাহার প্রণালী এইরপ-ক্রমে বহুসংগ্রক ঘটা এবন ভাবে বত্রাকারে সংযোজিত করিতে হয় যে, যাহাতে ক্রমে উহাদের প্রত্যেকের জলই थराज्य परिष्ठ अविष्ठे शहेरा भारत, अवः मिहे यक्षि चूत्राहेराके नोष्ट्र कन क्राम **ए**भरत छेथिए रम, किस रेरात त्य कोन् पीटिक सत्तत त्या रत, ठारी क्रिक नारे। उपन समापित नगरम अकरे निवय, जावि ७ जल महत्व निर्देश नहरू।

দেৱতা কর্ত্তক নীত হইয়া শুকুপক্ষাভিমানিনী দেবতাকে প্রাপ্ত হন, তৎপরে গুরুপকাভিমানিনী দেবতা হারা অতিবাহিত হইয়া আদিতা যে ছয়মাস উত্তর-দিকে গমন করেন, সেই উত্তরায়ণাভিমানিনী দেবতাকে প্রাপ্ত হন, পুনশ্চ সেই ষশ্মাসাভিমানিনী দেবতা কর্ত্তক অতিবাহিত ফুইয়া তথা হইতে দেব-লোকাভি-মানিনী দেবতাকে লাভ কুরেন। এথানে শ্রুতিতে 'মাসান্' এই মাস শব্দে বছবচন নির্দিষ্ট থাকায় বৃঝিতে হইবে যে, ছয়টি মাসাধিদেবতা পরস্পর সঙ্ঘভাবে বিচরণ করেন। অনস্তর সেইরূপ দেবলোক হইতে আদিত্যলোকে ও আদিত্য হইতে বিহাৎ-অভিমানিনী দেবতার নিকট গমন করেন, এই প্রকারে তিনি যখন বিহাৎলোকে গমন করেন, তথন ব্রহ্মার মনংকল্পিত ব্রন্ধলোকবাসী কোন পুরুষ আসিয়া তাঁহাদিগকে বিতাৎ-লোক হুইতে ব্ৰহ্মলোকে নুইয়া যান। এ স্থলেও বিশ্ব-লোকান' এই শব্দে বহুবচন থাকায় বুঝিতে হুইবে যে, উত্তমাধমভেদে ব্ৰহ্মলোকও বছ, তাহা সাধকের উপাসনার উৎকর্ষাপকর্ষামুসারে শব্ধ হয়। সেই সকল জ্ঞানী পুরুষ বন্ধলোকে নীত হইলে পর স্বয়ং অত্যুত্তম উৎকর্ষ লাভ করত ব্রাহ্ম-সংবৎসরপরিমাণে অনেক সংবৎসরকাল তথার বাস করেন, তাঁহাদের (ব্রহ্মলোক-গামীদিগের) আর ইহলোকে ফিরিয়া আসিতে হয় না অর্থাৎ যে কল্লে তাঁহারা ব্রন্ধলোকে গমন করেন, সেই কল্লেই ইহলোকে আসিতে হয় না, কিন্তু পরকলে প্রত্যাবৃত্তি সন্তব; বেদের অন্ত শাখায় এই জন্ত 'ইহ'শব্দ পঠিত इरेग्नाइ। यनि वन, এ स्ट्रान अधिरङ. (१ देर' मास्त्र छाल्य इरेग्नाइ, जारात्र অভিপ্ৰাৰ দিকদৰ্শন বলিব অৰ্থাৎ বৰ্ত্তমান স্বাষ্ট্ৰর মত সমস্ত স্বাষ্ট্ৰতেই তাঁছারা ব্ৰহ্ম-লোকে বাস করেন, ইহা বুঝাইবার জন্মই ইহ শব্দের প্রয়োগ বলিতে পারি। ইহার উদাহরণ যেমন—'যোভতে পোর্ণমানীং যজেত' কল্য আগত হইলে পূর্ণমানী যাগ कतित्व, ध ऋत्न त्यमन् त्योर्गमात्री भेषी आकृजित्वावक, त्महेक्य छेक ऋत्व 'हह' শব্দটি আঞ্চতিবোধক। উত্তর না, তাহা হইলে অর্থাৎ একাস্তিকভাবে অনাবৃত্তি হইলে ইহ শন্ধের কোনও প্রয়োজনীয়তা থাকে না। 'খোভূতে পৌর্ণমাসীং' এই প্রদর্শিত দৃষ্টাস্তস্থলে 'যোভূতে' কথাটি যদি নী দেওয়া হয়, তাহা হইলে ঐ পৌর্ণমাসী কবে, তাহা বুঝা বাইত না; হতরাং ঐ বিশেষণের সার্থক্য। আর খনব্যের আফুতিবোধকতাও অদৃষ্টপূর্ব্ব, কাজেই তাহার নিরর্থকতা আদিরাই পড়ে। তবেই মানীংসা হইতেছে যে, যেখানে কোন বিশেষণ প্রযুক্ত হইলে ভাহার উদ্দেশ্য অবেষর করিয়াও অবগত হওয়া বায় না, সেইখানেই নির্থকতা হেতু বিশেষণ পরিত্যাগ্যোগ্য, নচেৎ বিশেষপের সার্থক্য থাকিতে তাহার পুরিত্যাগ সর্বধা অসঙ্গত। অতএব আমাদের সিদ্ধান্তামুসারে স্থির হইল, বে, এই কল্লের পরি সেই জ্ঞানিগণ সংসারে পুনর্গীগমন করেন॥ ১৫॥

অথ যে যজেন দানেন তপদা লোকাঞ্জয়ন্তি, তে ধুমান্তিসম্ভবন্তি, ধুমান্তাব্রিণ রাত্রেরপক্ষীয়মাণপক্ষমপক্ষীয়মাণপক্ষাদ্যান্
যথাসান্ দক্ষিণামাদিত্য এতি, মাদেভ্যঃ পিতৃলোকং পিতৃলোকাচ্চক্রম্, তে চক্রং প্রাপ্যান্তং ভবন্তি, তাণস্তত্র দেবা
যথা দোমণ রাজানমাপ্যায়স্থাপক্ষীয়স্বেত্যেবমেনাণস্তত্র ভক্ষয়ন্তি,
তেষাং যদা তৎ পর্য্যবৈত্যথেমমেবাকাশমুভিনিষ্পদান্ত
আকাশাদ্বায়ুং বায়োর প্রিং রুটেঃ পৃথিবীম্, তে পৃথিবীং প্রাপ্যান্তং
ভবন্তি, তে পুনঃ পুরুষাগ্রে ছুয়ন্তে, ততো যোষাগ্রে জায়ন্তে
লোকান্ প্রভ্রুথায়িনন্ত এবমেবানুপরিবর্ত্তেইথ য এতৌ
পদ্বানা ন বিত্তিক্তে কীটাঃ পতঙ্গা যদিদ্ধ দক্ষশ্রুকম্ ॥ ১৬ ॥

ইতি ষষ্ঠতা দ্বিতীয়ং ব্ৰাহ্মণম ॥

পক্ষান্তরে, বাহারা এই প্রকারে জ্পানেন না ফ্রের্থাৎ অপ্লিহোত্র-সম্পূক্ত উৎক্রান্তি প্রভৃতি বট্পদার্থের স্বরূপই মাত্র জানেন, তাঁহাদিগের গতি কথিত ২ইতেছে। জ্ঞানহীন কর্মাদিগের মধ্যে কেই অগ্নিহোত্রাদি বজ্ঞ ধারা, অপরে যজ্ঞানির বহির্ভাগে ভিক্কগণকে দ্রব্য সংবিভাগরূপ দান দ্বারা ও অল্প কেই বেদী ভিন্ন স্বলেই দীক্ষাদি বৃতীত রুদ্ধচান্ত্রান্তপাদিরপ তপতা ধারা লোক সকলকে জন্ম করেন। জেতবা লোকসন্ত্রের মধ্যেও এই কর্ম্মবিশেষ অন্ত্র্সারে, ফলের তারতন্য আছে, ইহা জানাইবার জন্মই "লোকান্" (লোক সকলণ) এই বছবচন প্রবৃক্ত ইইরাছে। সেই কন্মিগণ প্রথমে ধুম অর্থাৎ ধূমবন্ধ-বাচ্য দেবতাকে প্রাপ্ত হন'। পূর্বোক্ত উত্তরপথের অর্চি শব্দে অর্চি-অভিমানিনী দেবতার স্তান্থ ও স্থলেও দিক্ষিণথে) ধূমশব্দ ধূমাভিমানিনী দেবতা অর্থ গ্রাহ্ম; কারণ, সাক্ষাৎসম্বন্ধে ধূমের সহিত তাহাদের সম্পর্ক হর না। এই কথা পূর্বেই উক্ত ইইরাছে। আর এই হলেও পূর্ববিৎই দেবতাগণ সেই মৃত্ত কর্ম্মী জীবকে ধূম ইইতে পর পর লোকে অতিবাহিত করেন, অর্থাৎ তাহারা সেই বৃদ্ধ হইতে রাত্রি, বা রাত্রাভিমানিনী

मित्रादक थार हन, जननवर अशकीइमान (क्रक)-शकाजिमानिनी तनवजादक প্রাপ্ত হন, তাহার পর বে ছব্ব মাস গ্রাদিত্য দক্ষিণদিকে গমন করেনং সেই ষ্মাস অর্থাৎ সেই ষ্মাসাভিমানিনী দেবতাকে লাভ করেন, অতঃপর তথা হইতে তাঁহারা (কন্দারা) চক্রকে প্রাপ্ত হইয়াও অন্ধরণে পরিণত হন; তৎ-পশ্চাৎ অন্নরূপে পরিণত সেই কন্মাদিগকে দেবগণ ভৃত্যভাবে উপভোগ করেন। এ বিষয়ে দৃষ্টাস্ত এই যে, যেমন ঋত্বিক্গণ যজ্ঞে 'আমাদিগকে আপ্যারিত কর, তুমি শরীর দান করিয়া ক্ষাণ হও' ইত্যাদি বলিয়া দোম ভক্ষণ করেন, সেইরূপ চন্দ্রলোকে উপনাত ও অল্লাকারে পরিণত সেই সক্ল কুর্মিগণকেও দেবতাগণ প্রভু বেম্ম ভৃত্যকে ভোগ করে, সেইরূপ উপভোগ करत्रन । शूर्व्यांक 'याशाक्षत्र अशकाष्ट्रत्य' हेहा मद्य नरह, उरव कि १ ना-ঋত্বিকৃগণ যেমন চমসন্থিত সোমরস আস্বাদন করত ক্রমে ক্রমে ভক্ষণ ক্রিয়া ক্ষম করেন, তেমন দেবতাগণও চল্রলোকে শরীরধারী কল্মিগণকেও ভোগোপ-করণ মনে করিয়া বজায় রাখেন অর্থাৎ মধ্যে মধ্যে কর্মামুরূপ ফল প্রদান করিয়া উপভোগ করে। ইহাতেই দেবগণের তৃপ্তি। দোমরদের আস্বাদনের মত দেবগণ তাঁহাদিগকে ভোগোপকরণ মনে করিয়া নিঃশেষক্রপে ভক্ষণ करवन ना, भद्र । आश्वानन करवन गांव । भरत रमरे मकल कसीनिरंगत यथन চক্রলোকপ্রাপ্তির হেতুভূত দেই ফজদ্বানাদি-কর্ম পরিক্ষাণ হয়, তথন তাঁহারা এই এদিছ আকাশরপে পরিণত হন ৷ পূর্বে যে শ্রদান্দবাচ্য অপ্ ভালোকরূপ অগ্নিতে আহত হইয়া সোমাকারে পরিণত হয় বলিয়াছি, তাহাই চক্রলোকে কর্ম্মগণের কর্মফল উপভোগের নিমিত্ত জলময় শরীর উৎপাদন করে। ত্র্যাকরসম্পর্কে 'হিমকণার ভার শেই অপ্সকল ফলভোগের हिजुबक्क कर्य कीन हरेला विनीन हरेशा यात्र। जारी विनीन हरेशा एक-**छादि আकार्मन महिल मिनिल स्म । रेरारे प्याप्त "रेमरमनाकानमिनि** নিশায়তে" উক্তির অভিপ্রার।

আর এই কথাই 'ইমমাকাশমভিনিপাছতে' এই শ্রুতি বারা প্রতিপন্ন হইল।
ক্রেই সকল কর্মা প্রেন্থ এই আকাশমন্ত শরীর প্রাপ্ত হইনা পূর্বনিগ্রামী
বারু প্রান্থতি বারা চালিত হইনা ইতত্তত: নীত হন, তাহাই 'আকাশাভারুন্' এই
ক্রান্ত ব্যক্ত হইল।, তৎপরে তাহারা বারু হইতে বৃষ্টিকে প্রাপ্ত হন, এই কথাই
প্রকারাভ্যে "পর্যাহ্যা সোমং রাজানং জ্প্রতি" ইত্যাদি বাক্যে উক্ত হইনাছে।

ত্যনম্ভর বৃষ্টিরূপে পরিণত দেই কলিগণ এই পৃথিবীতে পতিত হন, এবং পৃথিনীতে পতিত হইমা ত্রীহিষ্বাদি অন্নরূপে পরিণত হন, তাহা "অম্মিন লোকে অমৌ বৃষ্টিং জুহ্বতি, তস্তা আছত্যা অন্নং সম্ভবতি", ইহলোক-রূপী অমিতে বৃষ্টিরূপ আহুতি প্রদান করে পশ্চাৎ তাহা হইতে অন্ন (ব্রীহি-যবাদি) সমুভূত হয়, এই শ্রুতিতে বর্ণিত হইয়াছে। পুনর্বার, তাঁহারা অন্ধরপেই বেত:-সেককারী পুরুষাগ্রিতে আহত হন এবং পরে রেতোরপে পরিণত হইয়া যোষামিতে (স্ত্রীতে) আহত বা প্রক্রিপ্ত হইয়া জন্মলাভ করেন। তাঁহারাই আবার এই পৃথিবীতে জন্মগ্রহণ করিয়া চক্রাদি লোক-লাভের আশায় অগ্নি-হোতাদি কর্ম অষ্ঠান করেন এবং পুনশ্চ ধ্যাদি পথে একবার সোমলোকে, আবার ইহলোকে—এইরূপে ঘটাযন্তের স্থান্ন নিরন্তর সমুনাগমন ক্রিডে করিতে বিবর্তমান হন। যাবৎকাল পর্যান্ত তাহারা উত্তরমার্গ বা দভোম্জি-লাভের উপায়—ব্রহ্মকে জানিতে না পারেন, তাবৎ তাঁহারা গমনাগমন হইতে নিবৃত্ত হন না। এই কথা "কামর্মান: সংসরতি" অর্থাৎ কামী ব্যক্তি সংসারচক্রে পতিত হয়, ইহা ছারা নিরূপিত হইয়াছে। যাহারা উত্তরপথ किःवा मिक्क्पिय हेरांत्र कान अथरे कान ना, कैंथीए याराता मिक्कि কিংবা উত্তরপথপ্রাপ্তির নিমিত্ত কর্ম কিংবা জ্ঞানের কোনরূপ অনুষ্ঠানই করে না, তাহাদের কি গতি হয়, অতঃপর তাহাই কথিত হইতেছে। তাহারা এই যে পরিদুশুমান কীট, পতঞ্চ ও দংক-(ডাঁশ) মূলকাদি, তাহাদের শরীর প্রাপ্ত হয়। অহো। সংসারগতি এমনই ক্লেশদায়ক। ইহাতে বে একবার নিমগ্ন হয়, তাহার পুনকৃদ্ধার বিশেষ হর্লত। অন্ত শ্রুতি স্পষ্টাক্ষরেই বলিতে-ছেন যে, "তাহারা বারংবার সংসারক্ষেত্রে আরুন্তিশীল অতি কুদ্র জীব। ঈশবের 'জাত হও ও মৃত হও' এই নিৰ্দেশমত নিতা কুজ প্ৰাণিক্ৰণে উৎপন্ন হইতেছে। অতএব সর্বপ্রকার উৎসাহের সন্তি জীব প্রার্কটিক—অজ্ঞানপ্রস্থত আহার-বিহারাদি কর্ম ও মিথাজ্ঞান পরিহার পূর্বক শাস্ত্রবিহিত• কর্ম কিংবা জ্ঞানের অমুষ্ঠান করিবে। অন্তত্ত শ্রুতিও "ইহা হইতে রড় ছ:থে নিজ্ঞমণ হয়, অতএধ সকলেরই এই সংসারকে ঘুণা করা উচিত" এই বলিয়া মুক্তির জন্ত বছু করিতে আদেশ করিতেছেন। এই প্রকারে পঞ্চালরাজের পূর্ব্বোক্ত পঞ্চ প্রশ্নই নির্ণীত ब्हेन। जनात्था "आमी देव लाकः" धरे ब्हेट "शुक्रवः मर्खवेडि" शर्वास म्पूर्व-श्रम "बिज्यार" हेजानि अथम श्रमयद्भण हलमात्र लक्षाधिकर्गतन उद्भाय बाजा ভাহাৰিপের সমাধা হইল। আর পঞ্চম প্রশ্ন বিতীয় প্রশ্নমন্ত হওয়ায় একই উত্তরে বিভিন্ন প্রশ্নের উত্তর নির্ণতি হইল, অর্থাৎ দেবধানের বা পিতৃধানের (উত্তরামণ ও দক্ষিণামন পথের) প্রাপ্তিসাধন কথনহেতু দিতীয় প্রশ্নের উত্তর ক্ষিত হইল। তাহা দারা আবার প্রথম প্রশ্নও নির্ণাত হইলাছে। কে অর্চিঃ প্রাপ্ত হয়? আর কে বৃমের সহিত মিলিত হয়? এই বিবিধ গতি ও পুনরাত্তিই দিতীয় প্রশ্নের বিষয়। তাহার উত্তর—আকাশাদিক্রমে এই লোকে আগমন করে ইত্যানি দারা নির্দাপত হইয়াছে। ইহা দারাই আবার তৃতীর প্রশ্নের উত্তরও নির্ণাত হইয়াছে, কারণ, তৃতীর প্রশ্নের বিষয়—'কেন মৃত্র ব্যক্তি দারা পরলোক পূর্ণ হয় না?' ইহার মামাংসা—জাবের ইহলোকে পুনরাত্তি হেতুও কতক-শুলি জাবের কাটপতঙ্গাদি ঘোনিপ্রাপ্তিহেতু পরলোক শৃত্য থাকে, এই উক্তি দারাই নিস্পত্তি হইয়াছে॥ ১৬॥

हेि वर्ष व्यक्षादि षिठीत्र दान्न।

উপনিধৎস্থ— ষ্ঠোইধ্যায়ঃ

তৃতীয়-ব্ৰান্মণম্

দ যঃ কাময়েত মহৎ প্রাপ্ত যামিত্যুনগরন আপূর্যমানপক্ষ্য পূণ্যাহে ঘাদশাহমুপজদ্বতী ভূত্বা উত্তররে কণ্যে চমদে বা দর্কোষধং ফলানীতি দন্ত ত্য পরিদমূহা পরিলিপ্যাগ্নিমুপদমাধার পরিস্তীর্যার্ত্যাজ্য দুওস্কৃত্য পুণদা নক্ষত্রেণ মন্থ দন্নীয় জুহোতি - যাবন্তো দেবাস্থ্যি জাতবেদন্তির্যকো নিতি পুরুষম্য কামান্ তেভ্যোহহং ভাগধেয়ং জুহোমি তে মা তৃপ্তাঃ দক্ষিঃ কামৈন্তর্পয়ন্ত স্বাহা, যা তিরশ্চা নিপদ্যতেহহং বিধরণী ইতি তাং তা ঘুতস্য ধার্যা যজে দুওরাধনীমহ স্বাহা॥ ১॥

পূর্ব্ব প্রান্ধণে জ্ঞান ও কর্মের গতি উক্ত হইয়াছে। তন্মধ্যে জ্ঞান যে স্বতন্ত্ব, বিত্তসাধ্য নহে এবং কর্ম পরাধীন অর্থাৎ দৈব ও মানুষবিত্তাধীন, ইহা নিরূপিত হইয়াছে। অতএব কর্ম্মশ্পঞ্চনের নিমিত্ত বিত্ত উপার্জ্জন করা আবশ্যক, কিন্তু সেই বিভোপার্জ্জনেও এরপ উপায় অবলম্বন করা উচিত যে, যাহাতে কোনরূপ প্রত্যুবায় উৎপন্ন না হর। সংসারী জীবের এজক্ত মহত্ত-প্রাপক মহ নামক কর্ম নিরূপিত হইতেছে, কেন না, মহত্ত লব্ধ হইলে অর্থও অনায়াসেই লব্ধ হইতে পারে। ইহাই "স যং কামর্যতে" ইত্যাদি বাক্য ভারা বর্ণিত হইতেছে।

সেই কর্মাধিকারী ব্যক্তি ধনার্থী হইয়া যদি কামনা করে যে, "আমি মহত্ব প্রাপ্ত হইব" অর্থাৎ মহান্ হইব, তবে তাহার ব্রহদ্ধে নিদিষ্ট মহাথ্য কর্মের কাল বিহিত হইতেছে,—সংগ্যের উত্তরায়ণে—তত্রাপি সর্বত্র নহে, তন্মধ্যে জ্রুপক্ষে, ভাহাত্তেও সকল দিনে নহে, কিন্তু পুণ্যাহে নিজের ইটার্থসাধক দিন দেখিয়া অর্থাৎ যে দিনে ত্রত করিবে, তাহার পূর্ববর্ত্তী পুণ্যাহ ধরিয়া ঘাদশ দিবস পর্যন্ত 'উপসন্ত্রতী' হইবে; অর্থাৎ উপসদ্ সমূহে যে সকল ত্রত বা নিয়ম নির্দিষ্ট আছে, ভাহা গ্রহণ করিবে। এই 'উপসদ্' জ্যোভিষ্টোম যাগে প্রসিদ্ধ আছে। ভাহাতেও ন্তনের উপচরাপচন্ন অনুসারে ছগ্ধ পান করা বিধেয়। এই স্থানে সেই কর্ম্মের্ সম্পূর্ণ উপদেশ না থাকার কেবল ইতিকর্ত্তব্যভারহিত পরোভক্ষণমার্ত্ত ব্যবস্থিত আছে। যদি বল, 'উপসদ্বত' শব্দের উপসদের ব্রত এইরপ সমাস ধরিলে ঐ ব্রতের বাবতীয় অঙ্গই বিহিত হইয়া পড়ে, কেবল পয়োভক্ষণমাত্র বিহিত হয় না, তবে তাহার ইতিকুর্ত্তবাতা সকল গৃহীত হইল না কেন ? উত্তর,— যেছেতু এই মস্থাথা কর্ম স্মৃতিবিহিত, সেই কারণেই এথানে সেই বৈদেশিক – ভিন্ন স্থানীয় কর্মের সমস্ত অঙ্গ উপদংহৃত হইন না। এখানে এরপও আপত্তি হইতে পারে যে, যথন সেই মছকর্ম ঞাতিবিহিত, তথন তাহা স্মার্ত্তমধ্যে গণিত হয় কিরপে ? উত্তর—এই শতিটি কেবল স্বতির অনুবাদিনীমাত্র অর্থাৎ সার্তকর্মে নির্দিষ্ট পরিসমূহন, পরিলেপন, অন্তির উপদ্যাধান প্রভৃতি ইতিকর্ত্ত্বাতাপুঞ্জের মন্থকৰ্মে উক্তি পাকায় মন্থবোধিকাশ্রুতি মূলশ্রুতিম্বরূপা নহে, কিন্তু স্মৃতির প্রতি-রূপিকা অনুবাদমাত্র। যদি মন্থকর্ম বাস্তবিক শ্রোত হইত, তবে' অবশুই প্রকৃতি-বিক্ষতিভাব প্ৰাত্ হইত, অৰ্থাৎ বিক্ষত কৰ্ম মত্তকৰ্ম প্ৰকৃতকৰ্মে উপসদ্ধাণে উপদিষ্ট ধর্ম দণ্ছ গ্রহণ করিতে বাধা থাকিত, কিন্ত ইহা শ্রোত নহে; এই জন্তই এই কর্ম আব্দেখ্য নামক আগ্লিতেই কর্ত্তব্যরূপে বিহিত হইয়াছে। কিয়া যত প্রকার আর্থ নামক কর্ম আছে, তৎসমন্তই ্মৃত্যুক্ত; অতএব এই আর্থবিশিষ্ট মহকর্মাও যথন স্বত্যাক্ত, তথন ইহাতে সন্দেহের অবকাশ কি? প্রাকৃত কথা এই, উক্ত প্রকারে উপদদ্বতী •হইয়া কংদাকার বা চমদাকার বজ্ঞীর উডুম্বরকাষ্ঠনিশ্মিত পাত্রে যথাশক্তি সমস্ত ঔষধ সঞ্চয় করিবে। এ স্থলে 'কংন' ও 'চমন' এই ছইটি পদ এক উডুম্বরপাত্তেরই বিশেষণ, অভিপ্রায় এই—এ উভূমরপাত্র চমসাকারও হইতে পারে অথবা কংসাকার করিলেও হর, কিন্তু উভর পক্ষেই উডুমর ধারাই নির্মিত হওয়া চাই। স্থতরাং কেবল काकादार विकन्न, উপानात विकन्न नारे।

সেই পাত্রে সর্কোঞ্চ অর্থাৎ সমস্ত ওবধি যথাসন্তব ও বথাশক্তি আহবণ করিবে। তন্মধ্যে বিশেষ কথা এই যে, দশ প্রকার গ্রাম্য ওবধি—গ্রীহিষবাদি অবশুই গ্রহণ করিতে হইবে; ততোহধিক গ্রহণ করিলেও কোন দোষ নাই। "গ্রাম্যানান্ত কলানি"—এই বাক্যাম্যারে গ্রাম্য ফল সকলও যথাসন্তব,ও বথাশক্তি অবশু গ্রহণীয়। এইরূপ কর্মোপ্যোগী অন্তাশ্ত সমস্ত সামগ্রী সংগ্রহার্থ মূলে "ইতি" শব্দ প্রযুক্ত হইয়াছে। অভিপ্রায় এই যে, এতদতিরিক্তও যাহা যাহা যাগে সংগ্রহ করা আবশ্রক, তৎসমস্তও সংগ্রহ করিবে। এথানে বস্তু সংগ্রহের

ক্রম জানিতে ইইলে গৃহোক্ত ক্রম দ্রষ্টা। পুর্ব্বোক্ত পরিসমূহন ও পরিলেপন্থকর্ম ঘইটি আবস্থা অগ্নির ভূমিদংস্বার'র। প্রভিত্তে 'অগ্নিমুপ্সমাধার' অথাৎ 'অগ্নি আনম্বন করিয়া' এইরূপ উল্লেথ থাকার বৃঝিতে ইইবে যে, এথানে আবস্থা অগ্নিতেই ঐ কর্ম্ম কর্ত্তরা। কারণ, অগ্নিশব্দে একবচন ও তৎসহচরিত সমাধান শব্দ ঘারা বিশ্বমান অগ্নিরই সমাধান সন্তব হয়। বাহা পূর্ব্বেই স্থাপিত আছে, তাখাকে আনম্বন করিবে, ক্রিত্ত অগ্নির আনম্বন আবিগ্রুক নহে, ইহাই অভিপ্রেত। প্রভিত্ত কথিত 'পরিস্তার্ব্য' শব্দের অর্থ অগ্নি সমূহের শেষে দর্ভাগন বিস্তার্ণ করিয়া 'আবৃৎ' ঘারা হবনীয় ন্মৃত সংস্কার করিবে। এ স্থুলে 'আবৃৎ' শব্দে স্থালীপাকরূপ আবৃৎ প্রান্থ। কেন না, মস্থকর্ম স্থৃত্যুক্ত, স্কুতরাং স্মৃতিবিহিত আবৃত্তের ঘারা আজ্যসংকার হওয়াই উচিত। পরে পুণ্যাহরুক্ত পুনক্ষত্রে প্রিন্ত সর্ব্বের ঘারা আজ্যসংকার হওয়াই উচিত। পরে পুণ্যাহরুক্ত পুনক্ষত্রে প্রিন্ত সর্ব্বের বারা আজ্যসংকার হওয়াই অতিত্ব ওড়স্বর-চমদে রাখিয়া দমি, মধু ও ন্মতে সিক্ত করিবে, একটি মন্থনদও ঘারা অবশেষে তাহা মন্থন করিয়া অগ্নি ও নিজের মধ্যস্থলে স্থাপন করত উত্ত্বরমন্ব ক্রব ঘারা আজ্যসমর্পণস্থানে অগ্নিতে বক্ষ্যনাণ মন্ত্র সকল উচ্চারণ পূর্বক আজ্যের হোম করিবে॥ ১॥

জ্যেষ্ঠায় স্বাহা শ্রেষ্ঠায় স্বাহেত্যগৌ হুত্বা মন্থে সংস্থানবন্ধতি, প্রাণায় স্বাহা বসিষ্ঠায়ৈ স্বাহেত্যগৌ হুত্বা মন্থে সংস্থানবন্ধতি, বাচে স্বাহা প্রতিষ্ঠায়ে স্বাহেত্যগৌ হুত্বা মন্থে সম্প্রানবন্ধতি, চক্ষুষে স্বাহা সম্পদে স্বাহেত্যগৌ হুত্বা মন্থে সংস্থানবন্ধতি, প্রোত্রায় স্বাহা আয়তনায় স্বাহেত্যগৌ হুত্বা মন্থে সংস্থানবন্ধতি, মনদে স্বাহা প্রজাত্যৈ স্বাহেত্যগৌ হুত্বা মন্থে সংস্থানবন্ধতি ॥ ২ ॥

সেই মন্ত্র এই যে, 'জোষ্ঠার স্বাহা, শ্রেষ্ঠার স্বাহা', এই মন্ত্র হইতে আরম্ভ করিরা হই ছইটি মন্ত্র ছই ছইবার আছতি অর্পণ্ট করত ক্রব-(হোমদাধন) সংলগ্ন আল্লামছে নিক্ষেপ করিবে। এই স্থলে ল্যেষ্ঠশ্রেরিপ প্রাণাধর্ম উল্লিখিত থাকার বৃষ্ঠিতে ছইবে যে, পূর্ব্বোক্ত জ্যেষ্ঠ-প্রোণ-বিজ্ঞেরই এই মন্থাগ্য কর্ম্মে অধিকার, আন্তের নহে। সেইরূপ 'প্রাণার স্বাহা, বসিষ্ঠারৈ স্বাহা,' এই ছই মন্ত্র, 'বাচে স্বাহা, প্রতিষ্ঠারৈ স্বাহা' এই ছই মন্ত্র, 'চক্ষ্যে স্বাহা, সম্পঞ্জ স্বাহা' এই ছই মন্ত্র, "শ্রোক্রার স্বাহা, স্বাহাতনার স্বাহা" এই ছই মন্ত্র, "মনসে স্বাহা, প্রঞ্জাতৈত্য

স্বাহা" এই ছুই মন্ত্রে প্রত্যেকবার আহতি প্রদান পূর্বক ক্রবলয় গৃত মন্ত্র্যধা নিক্ষেপ করিতে হুইবে। ২

রেতদে সাহেত্যগ্রে হৃত্ব। মঞ্ সভ্সবন্ধনির তি লগ্নের সাহেত্যগ্রে হৃত্ব। মন্থে সভ্সবন্ধনিরতি, দোমার সাহেত্যগ্রে হৃত্ব। মন্থে সভ্সবন্ধনিরতি, ভূঃ সাহেত্যগ্রে হৃত্ব। মন্থে সভ্সবন্ধনিরতি, ভূঃ সাহেত্যগ্রে হৃত্ব। মন্থে সভ্সবন্ধনিরতি, স্থাহেত্যগ্রে হৃত্ব। মন্থে সভ্সবন্ধনিরতি, স্থাহেত্যগ্রে হৃত্ব। মন্থে সভ্সবন্ধনিরতি, ভূত্ব। মন্থে সভ্সবন্ধনিরতি, হৃত্ব। মন্থে সভ্সবন্ধনিরতি, ভূতার সাহেত্যগ্রে হৃত্ব। মন্থে সভ্সবন্ধনিরতি, ভূতার সাহেত্যগ্রে হৃত্ব। মন্থে সভ্সবন্ধনিরতি, তির্বার সাহেত্যগ্রে হৃত্ব। মন্থে সভ্সবন্ধনিরতি, বির্বার সাহেত্যগ্রে হৃত্ব। মন্থে সভ্সবন্ধনিরতি, বির্বার সাহেত্যগ্রে হৃত্ব। মন্থে সভ্সবন্ধনিরতি, প্রকার সাহেত্যগ্রে হৃত্ব। মন্থে সভ্সবন্ধনিরতি, প্রকার সাহেত্যগ্রে হৃত্ব। মন্থে সভ্সবন্ধনিরতি, প্রকার্পতিরে সাহেত্যগ্রে হৃত্ব। মন্থে সভ্সবন্ধনিরতি । ৩ ॥

তজপ "বেতদে স্বাহা" ইত্যাদি মূলোক্ত এক একটি মন্ত্রে অগ্নিতে আছতি প্রদান করিয়া মন্ত্রে দংস্রব (ক্রবলগ্ন দ্বত) স্থাপন করিবে। অক্যান্ত মন্ত্র মধা— 'দোমান্ত স্বাহা', 'ভূ: স্বাহা', 'ভূবং স্বাহা', 'স্বাহ্ন স্বাহা', 'ভূত্বং স্বং স্বাহা', 'বন্ধান্ত স্বাহা', 'ক্লান্ত স্বাহা', 'ভ্লান্ত স্বাহা', 'ক্লান্ত স্বাহা', 'ক্লান্ত স্বাহা', 'প্রান্ত স্বাহা', 'প্রান্ত স্বাহা', 'প্রান্ত স্বাহা', 'প্রান্ত স্বাহা', 'প্রান্ত স্বাহা ।' এই সকল মন্ত্রে এক একবার আছতি প্রদান ও ভ্রেশেন — ক্রবলগ্ন মুত্ত মন্ত্রে নিক্ষেপ কর্ত্রের । ৩

অথৈনমভিমৃশতি ভ্রমদি জ্বলদ্যি পূর্ণমিদ প্রস্তরমস্যেক-সভমদি হিস্কত্মদি হিঙ্ক্রিয়মাণমস্যাদ্যীথমদি উদ্গীয়ঘানমিদ শ্রোবিত্মদি প্রভ্যাঞাবিত্মস্যাদ্রে দন্দীপ্রমদি বিভুরদি প্রভু-রস্তরমদি জ্যোতিরদি নিধনমদি সংবর্গোহ্দীতি ॥ ৪ ॥ অবশেষে অপর একটি মহনী (মহনদণ্ড) দারা পুনশ্চ তাহা মহন বরিরে। অনিস্তর সেই থাগকারী ব্যক্তি এই মহকে বিফানাণ 'ভ্রমদর্সি' ইত্যাদি মন্ত্রে স্পর্শ করত সংস্কার করিবে। মন্ত্রার্থ এই যে, হে মহু! এই শরীরে তুমিই প্রাণস্থরূপে চঞ্চশ। ভ্রমণকারী অগ্নিরূপে জাল্লন্যমান, ব্রহ্মরূপে পরিপূর্ণ, আকাশরূপে প্রস্কুর, আকাতশক্ত হেতু একসভ্, সর্ক্ময়, তুমিই যজ্ঞারন্তে করণীয় হিন্তুত, ষজ্ঞমধ্যে ক্রিয়মাণ হিন্তার, যজ্ঞারন্তে পাঠ্য উদ্গীথরূপী এবং যজ্ঞমধ্যে অনুষ্ঠায়মান উদ্গীপ। তুনি অধ্বর্মু দারা প্রাবিত, প্রত্যাশ্রাবিত, মেদমধ্যে বিহাজপে প্রদীপ্ত। বিভু, অন্ন, জ্যোতিঃ, নিধন এবং সংহাররূপে অবস্থিত রহিয়াছ॥ ৪॥

অথৈনসুদ্যছত্যামন্ত্রামন্ত্রামন্ত্রামন্ত্রিক হি করেছিতি। ধি ॥ ২ধিপতিঃ, স মান্ত রাজেশানো২ধিপতিং করেছিতি। ধি ॥

অনস্তর "আমংস্থামং হি তে মহি" ইত্যাদি মন্ত্র পাঠ-পূর্বক আমন্ত্রণ করিরা প্রাণের সহিত সেই মহকে (ঔষধি রস) হস্তে ধারণ করিবে। মন্ত্রার্থ এই—
"হে মহ! তুমি যথন জীবের প্রাণস্বরূপ, তথন তুমি সমস্তই অবগত আছ।
আমরা তোমার মহত্তর স্বরূপ জানি। সেই রঞ্জনাদি গুণশালী ও অধিপতি প্রাণ আমাকেও লোকরঞ্জক ও অধিপতি করুকু॥ ৫॥"

অবৈন্যাচামতি—তৎসবিতুর্ববেশ্যং মধু বাতা ঋতায়তে
মধু ক্ষরন্তি সিশ্ধবঃ, মাধ্বান সেন্তাষধীভূঃ স্বাহা। ভর্গো
দেবস্থ ধীমহি মধু নক্তমুতোষসো মধুমৎ পার্থিব রক্তঃ,
মধু দ্যোরস্তানঃ পিতা ভুবঃ স্বাহা। ধিয়ো যো নঃ
প্রচোদয়ান্ মধুমামো বনস্পতির্মধুমাঁ ত অস্ত্র সূর্য্যঃ, মাধ্বী
গাবো ভবস্ত নঃ স্বঃ স্বাহেতি। সর্বাঞ্চ সাবিত্রীমন্বাহ
সর্বাশ্চ মধুমতীঃ। অহুনৈবেদ সর্বাং ভুয়াসং ভুভুবঃ স্বঃ ব্
স্বাহেত্যন্তত আচম্য পাণী প্রক্ষাল্য জঘনেনাগ্রিং প্রাক্
শিরাঃ সংবিশতি, প্রাত্রাদিত্যমুপতিষ্ঠতে দিশামেকপুণ্ণরীক্ষমন্তহং মনুষ্যাণামেকপুণ্ণরীকং ভুয়াসমিতি, যথেতমেত্য জঘনেনাগ্রিমাসীনো বর্ধশং জপতি॥ ৬॥

ু অনস্তর বক্ষ্মাণ ময়ে সেই মন্ত্রে ভক্ষণ করিবে। তন্যধ্যে গায়ন্ত্রীর প্রথম পাদ, মধুমতীর প্রথম পাদ ও প্রথমা ব্যাহাতি মন্থের প্রথম গ্রাস ভক্ষণ কর্ত্তব্য। ভদ্ধপ গায়ত্রীর দিতীয় পাদ, মধুমতীর দিতীয় পাদ ও দিতীয়া ব্যাকৃতি পাঠ করিয়া দিতীয় গ্রাস ভক্ষণ করিবে। এইরূপ গায়জীর ও মধুমুতার তৃতীয় পাদ ও তৃতীয়া ব্যাহ্তি দারা তৃতীয় গ্রাস ভক্ষণ করিতে হয়। পরিশেষে সমস্ত গায়ল্রী এবং সম্পূর্ণ মধুমতী উচ্চারণ পূর্বক 'আমিই বেন এই সমস্ত জগত্ব-ম্বরূপ হই', এই জ্ঞান করত অত্তে "ভূভুবিঃ স্বঃ স্বাহা" বলিয়া সমস্ত গ্রাস ভক্ষণ করিবে। বক্তবা এই যে, ভক্ষণের পূর্বেই ভক্ষণীয় দ্রবাসমূদ্য এমন ভাবে রাখিবে, যাহাতে চারি গ্রাদেই তৎসমস্ত নিঃশেষর পে ভক্ষিত হইতে পারে। আর পাত্রদগ্ন অবশিষ্ট বাহা কিছু থাকিবে, তংনমস্তও পাত্র ধৌত করিয়া ভূঞীন্তাবে অর্থাৎ মন্ত্র ব্যতিরেকে পান করা কর্ত্তব্য। গায়গ্রীর প্রথম পাদার্থ ম্থা,—এই জগৎস্টিকর্তা পরমেশবের দেই দর্বপূজা শ্রেষ্ঠ পদ আমরা চিন্তা করি। মধুমতী মন্তের প্রথম পাদার্থ মথা—উনপঞ্চাশ ভেদে বিভিন্ন বায়ুগণ সর্ব্বত্র স্থথশান্তি বহন করিতেছে। নদীগণ মধুর রদ ক্রীরণ করিতেছে। ওষধিগণ আমাদিগের দল্পন্ধে মধুর রদ-সম্পন্ন হউক। গাম্বল্রীর দিতীয় পাদার্থ যুথা—ইচ্ছাময়—ক্রীড়ামর **ঈশ্বরের তেজ** বা প্রকৃত অন্নরূপ পদ আমরা ধ্যান করি। মধুমতী মন্ত্রের দিতীয় পাদার্থ ষধা— রাত্রি ও দিনসমূহ আমাদের প্রীতিদানক হউক। পৃথিবার ধূলি উদ্বেগজনক মেন না হয়। ত্রালোক মধুময় হউক্। আমাদের পিতৃপুক্ষ স্থপায়ক হউন। গায়জীর তৃতীয় পাদার্থ বথা—যে সবিতা আমাদের জড়বুদ্ধিকে চেতন করিয়া কার্য্যে নিষ্ক্ত করেন, ভাঁছার দেই বরেণা চেতনা শক্তিকে আমরা আরাধনা কি। মধুমতী মন্ত্রের তৃতীয়ু পাদার্থ যথাঁ— বনস্পতি অর্থাৎ বুক্তির অধিষ্ঠাত্রী দেবতা সোম প্রীতিদায়ক হউন্। পূর্বাদেশ প্রীতিময় হউন্। তাঁহাঁর রশ্মিসমূহ বা দিবাওল শান্তিময় হউক।

• অনস্তর হস্তপ্রকালন ও জ্লপান করিয়া অগ্নির পশ্চাদ্ভাগে পূর্ব্ব-শিরা হইয়া শায়ন করিবে। অতঃপর প্রভাতে গাত্রোখান করিয়া প্রাতঃসদ্ধ্যা উপাসনা করত "দিশানেকপ্রাকিম্" ইত্যাদি মন্ত্র দারা স্থ্যোপস্থাপন করিবে, প্রশ্ভু আগ্নিয়ান হইতে যে ভাবে স্থ্যোপাসনার্থ গমন করা হইয়াছে, পশ্চাৎ ঠিক সেই ভাবে প্রত্যাগত হইয়া আ্মির পশ্চাদ্ভাগে উপবিষ্ট হইবে ও "বংশ ব্রাহ্মণ" জপ্রকরিবে॥ ৩॥

ত ত হৈতমুদ্দালক আরুণির্বাজসনেয়ায় যাজ্ঞবন্ধনা-য়াত্তেবাদিন উক্তেন্বাচাপি য এনত তকে স্থাণো নিষিঞ্চে-জ্জায়েরস্থাখাঃ প্রারেহয়ুঃ পলাশানীতি॥ ৭॥

উদ্দালক আরুণি ঋষি বাজসনের শাখা বজুর্বেদী শ্রিষা যাজ্ঞবন্ধ্য উদ্দেশে ইহা বলিয়া শেষে বলিয়াছিলেন যে, যদি কোন ব্যক্তি এই মন্ত্র শাখাপালব।দিহীন তক্ষ স্থান্তেও নিষিক্ত করে, তাহা হটলে সেই ওক্ষ স্থান্ হটতেও শাখা পুনঃ প্রকৃত্ হর এবং তাহা হটতে প্রাশ—প্রবসমূহ অনুরিত হয়॥ १॥

এতনু হৈব বাজসনেয়ো, যাজ্ঞবন্ধ্যো মধ্কায় পৈঙ্গায়াভেবাসিন উত্তেশ্বাচাপি ব এন্থ শুক্তে স্থানো নিষিঞ্জ্জোয়েরঞ্চাগাঃ প্রবাহেয়ুঃ পলাশনীতি॥ ৮॥

পরে যজুর্বেদী যাজ্ঞবন্ধ্য ঋষি পিন্ধশাথাবলম্বী স্থানিষ্য মধুককে এই মড়ের উপদেশ করিয়া বলিয়াছিলেন যে, যদি কেহ শুক্ত স্থাণ্ডেও ইহা নিধিক্ত করে, তবে তাহাতেও শাথা উৎপন্ন হয় এবং পল্লব সকল প্রের্জ্য হর ॥ ৮ ॥

এত যু হৈব মধ্কঃ পৈঙ্গান্চ লায় ভাগবিত্ত রেহতে-বাসিন উল্পোবাচাপি য এনগ্ন শুক্ষে, স্থাণে নিষিঞ্চে-জ্জায়েরঞ্জাখাঃ প্রবোহেয়ুঃ পলাশানীতি॥ ৯॥

আবার সেই পৈন্ধা মধুক এই মন্ত্র স্থাপিন ভাগবিত্তি চুলকে উপদেশ করিয়া বলিয়াছিলেন যে, যদি ধ্বেছ ইহাকে গুল স্থাণতেও প্রকিপ্ত করে, তাহা হইলে ভাহাতেও শাখা জন্ম এখং পল্লবরাশি প্রকাশ পায় ॥ ১॥

এতমু হৈব চূলো ভাগবিত্তিজ্ঞানকয় আয়স্থূণায়ান্তে-বাদিন উক্তেন্বাচাপি য এন শ্তুকে স্থাণো নিষিঞ্-জ্ঞায়েরঞ্বাথাঃ প্রবাহেয়ুঃ পলাশানীতি॥ ১০॥

ভাগবিভি চ্লও ইহা (মছ) জনকবংশীয় স্বশিষ্য আধ্বন্থপকে উপদেশ করিয়া বলিয়াছিলেন যে, যদি ইহাকে (মছকে) কেহ ৩% স্থাণুতেও সংস্থাপিত করে, তাহা হলৈ সেই ওক স্থাণু হইতে শাখা উদ্ভ হয় ও পল্লব সঞ্জাত হয় ॥ ১০॥ 'এতমু হৈব জানকিরায়স্থুণঃ সত্যকামায় জাবালা-য়ান্তেবাদিন উক্তেবাবাচাপি য এনত শুক্তে স্থাণো নিষিঞ্চে-জ্জায়েরস্থাখাঃ প্রারোহেয়ুঃ পলাশানীতি॥ ১১॥

অতঃপর আরস্থা জানকৈ নিজ শিষ্য জবালার পুত্র দৃত্যকামকে শিক্ষা দান করিয়া বলিক্ষাছিলেন যে, যদি এই মন্থ শুক্ষ—পল্লবাদিশ্তু স্থাণুতেও নিষিক্ত হয়, তাহা হইলে তাহাতেও শাধা জন্মে ও পল্লব উৎপন্ন হয়॥ ১১॥

এতমু হৈব • সত্যকামে। জাবালোহন্তেবাসিভ্য উক্তোবাচাপি য এন ওকে স্থাপে নিষিক্ষেজাকেরপ্থাঃ প্ররোহেয়ুঃ পলাশানীতি, তমেতমাপুত্রায় বানত্তেবাসিনে বা ক্রয়াৎ ॥ ১২ ॥

অবশেষে জবালা-পূল সত্যকামও শিষ্য সকলকে এই মন্থের কথা উপদেশ করিয়া বলিয়াছিলেন দে, ইহা যদি শুদ্ধ স্থাণ্ডেও নিষিক্ত হয়, তাহা হইলে জীবিত স্থাণ্র ন্যায় তাহা হইতেও নব শাথা প্ররুত হয় ও পল্লবরাশি সমুভূত হইতে থাকে; প্রতরাং ইহা দারা বে কোনও কামনা যে পূর্ণ হইবে, ইহা আর অধিক কথা কি? এই কর্ম্মের ফল অবশ্যুম্ভাবী। প্রশংসার্থই ইহা কথিত হইল। সাধারণতঃ বিস্থার উপদেশ বিষয়ে ছয় প্রকার যথার্থ তীর্থ বা উপদেশের পাত্র হয়, তাহাদিগের মধ্যে প্রাণ-বিজ্ঞানের সহিত এই মস্থ-বিজ্ঞান লাভের পক্ষে ত্ইটিনাত্র অধিকারী—পাত্র অনুমোদিত হইতেছে,—পুত্র ও শিষ্য, অন্থ কেছ নহে। এই কথা শ্রুতি বলিতেছেন যে, এই মন্থকে পুত্র ও অভেবাসী ভিন্ন ব্যক্তিকে দান করিও না, ইহার উপদেশ করিও না'॥ ১২॥

চতুরোত্ত্বরে। ভবত্যোত্ত্বরঃ ত্রুব উত্ত্বরশ্চমদ উত্ত্বর ইয় উত্ত্বর্যা তিপমন্থতো দশ গ্রাম্যাণি ধান্যানি ভবত্তি ত্রীহি-যবান্তিলমাষা অণুপ্রিয়ঙ্গবো গোধুমাশ্চ মদুরাশ্চ থল্বাশ্চ, থলকুলাশ্চ, তান্ পিন্তান্ দধনি মধুমি মত-উপষিঞ্চ্যাজ্যস্ত ,জুহোতি ॥ ১৩॥

ইতি ষষ্ঠস্থ তৃতীয়ং ব্ৰাহ্মণম।

• ইত:পুর্বের বলা হইয়াছে যে, চারিটি উড়ম্বর পাত্র করিতে হয়, যথা—ক্রব, চমস, ইশ্ব ও উপমন্থনী এবং গ্রামা ধাল্পের মধ্যে যে দশটি ধাল নিয়মত-অবশুগ্রাহ, তাহাও আমরা বলিয়াছি। সম্প্রতি সেই দশবিধ ধান্ত কি কি, তাহার স্বরূপ নির্দিষ্ট হইতেছে, বঁথা—ত্রীহি, যব, তিল, মাষ, অণুপ্রিরুষ্ণু অর্থাৎ কুডপ্ৰিয়ন্থ (কোন কোন দেশে প্ৰিয়ন্ত দকল কন্ত্ৰ নামে প্ৰসিদ্ধ), গোধুম, মহর, খৰ অর্থাৎ নিস্পাব (যাহা বন্ধ নামে প্রসিদ্ধ) এবং থলকুল (ইহা কুলখ নামে ব্যবহৃত আছে)। এতর তিরিক্ত যথাশক্তি সর্ব্যবিধ ওয়ধি ও ফল সকলও গ্রহণ করিতে হইবে। কেবল অযজ্ঞীয় ফল সকল বক্ষনীয় ॥ ১৩ ॥

ৈ ইতি ষষ্ঠ অধ্যায়ে তত্তীয় প্ৰাহ্মণ।

উপনিষৎস্থ—যঠোহধ্যায়স্থ **চতুর্থ-ব্রাহ্মণম্**

এষাং বৈ ভূতানাং পৃথিবী রদঃ পৃথিব্যা আপোহপামোষ-ध्य अधीनाः পूष्पानि श्रूष्णानाः कलानि कलानाः श्रूक्षः श्रूक्षय রেতঃ ॥ ১॥

य अकारत जन्म हरेल, य अकारत उर्शानिक हरेल ७ य मकन खन-বিশিষ্ট হইলে পাল নিজের ও পিতার লোকা অর্থাৎ লোকহিতকর হয়, সেই জন্ম, উৎপাদন ও গুণলাভের উপায় প্রদর্শনার্থ এই ব্রাহ্মণ আরন্ধ হইতেছে। বিনি পূর্ব্বোক্ত প্রকারে প্রাণবিজ্ঞান লাভ করিয়াছেন ও শ্রীমন্থ নামক কর্মায়ুষ্ঠান করিয়াছেন, তাঁহারই এই পুত্রমন্থকর্মে অধিকার। পুরুষের রেতকে ওষধি প্রভৃতির রদ হইতে দারতম বলিয়া প্রশংদা করা হইয়াছে। ইহা বারা প্রতিপাদিভ হঁইতেছে যে, যে পুরুষ ঐ পুত্রমন্থ করিতে অভিলাষ করিবেন, তিনি অগ্রে শ্রীমন্থ কর্ম করিয়া নিজ পত্নীর ঋতুকালের প্রতীক্ষা করিবেন। সেই রেভঃম্বতি এই—এই পৃথিবী চরাচর সর্বভূতের রদ— সারভূতা। পূর্বেই বলা হইরাছে যে, এই পৃথিবী সর্বভূতের মধু অর্থাৎ রম। জল সেই পৃথিবীর রদ,—দার। বেহেতু, পৃথিবীমগুল জলেতেই ওতপ্রোতভাবে অবস্থিত আছে। আবার ওষধি সমূহ জলের রস। কারণ, জল ওষধির কার্যা; স্থতরাং ওষধিবর্গ জলের সার হওয়া সঙ্গত। দেইরণ পূপা ওষধির রস, ফল পুলোর রস, ফলের রস্পুরুষ, পুরুষের রস রেতঃ (% क)। বেতঃ হব পঞ্চবের বদ, এ বিষয়ে "দর্বেভ্যোহদেভ্যক্তেজঃ দন্তুতম্।" অর্থাৎ 'পুরুষের সমস্ত অঙ্গ হইতে তেজ্ঞ:স্বরূপ রেতঃ উৎপন্ন হইরাছে' এই শ্রত্যম্ভর প্রমাণ॥ ১ ॥

म र প্রজাপতিরীক্ষাঞ্চক্রে হস্তাদের প্রতিষ্ঠাৎ কল্লয়ানীতি দ স্ত্রিয়ন্ত সম্প্রে তাও স্ফ্রাহ্ধ উপাস্ত তন্মাৎ স্ত্রিয়মধ উপাদীত, ্স এতং প্রাঞ্থ আবাণমাত্মন এব সমুদপারয়ভেনৈনামভ্য-**で**塚 (| | | | | | |

অতএব যখন এই রেড: সর্বভূতের এমন সারভূত পঁদার্থ, তখন ইহার উপ-যুক্ত প্রতিষ্ঠা অর্থাৎ অবস্থিতির পাত্র অবশুই নির্দেশ্র । এই জন্ত সেই প্রসিদ্ধ প্রজাপতি (পূর্ব্বোক্তরপে) মনে মনে কল্পনা—চিন্তা করিয়াছিলেন যে, অহো! আমি ইহার (রেতের) উপযুক্ত প্রতিষ্ঠা (আধার) কি কল্পনা করি? এরপ আলোচনা করিলা স্ত্রীজাতির সৃষ্টি করিলেন । স্ত্রীসৃষ্টি করিয়া পরে তিনি তাহার অধোভাগে মৈথুনাথা উপাসনার বিধান করিলেন, সেই হেতু স্ত্রীকে অধোভাগেই উপাসনা করিবে। কেন না, শ্রেষ্ঠ ব্যক্তি থাহা আচরণ করেন, তাহাই সাধারণ লোকের অনুক্রনীয়।

এ বিষয়ে বাজপের যাগের সাধর্ম্য দেখাইন্ডেছেন যে, বাজপের যাগে কঠিন উপলথত মুবলরূপে গৃহীত হয় এবং ঐ মুয়ল বারা সোম নিজ্পেদণ করিয়া তাহা হইতে রস নিঃসারিত করা হয়, সেইরূপ সেই প্রজাপতি এই উত্তমগতিবুক বা স্পাননশীল কাঠিন্যধর্মী নিজ পাষাণথত অর্থাৎ পুংচিক্ জননে দ্রিয়া ত্রিক পুরণ করিয়াছিলেন এবং তাহা বারাই সেই স্ত্রীতে সংসর্গ করিয়াছিলেন ॥ ২ ॥

তত্যা বেদিরুপন্থা লোমানি বর্ছিশ্চর্মাধিষবণে সমিজো মধ্যতস্তো মুক্ষো, স যাবান্ হ বৈ বাজপেয়েন যজমানত্য লোকো ভবতি তাবানত্য লোকো ভবতি য এবং বিদ্বানধোপহ।স-করত্যাসাথ স স্ত্রীপান্ত স্কৃতং বৃদ্ধ তেইথ য ইদমবিবান-ধোপহাসকরত্যতা ব্রিয়ঃ সুকৃতং বৃদ্ধতে ॥ ৩॥

অতঃপর বাজপেরবার্থের অক্সান্ত ধর্ম দেখাইরা স্ত্রীজাতির সহিত তাহার তুলনা করিতেছেন।—ঘাগে ছেরপ অধ্যাধার বেদী প্রভৃতি থাকে, 'এইরপ উপস্থ তাহার বেদী, লোম সকল তাহার বহি (কুল), আভ্যন্তর চর্ম আলভূহ চর্ম ও প্রদীপ্ত বহি অবস্থিত, ইহা স্ত্রীচিন্তের মধ্যে ক্রনা করিবে। পুরুষের মুক্তর্মকে সোমপেরক প্রস্তর্মস্বরূপ চিন্তা করিবে। (এ স্থলে অব্যাহ্মরোধ দূরবর্ত্তী পদের সহিত যোজনা করা হইল)। বাজপেরঘাজীর যে সমস্ত লোক প্রাণ্য ফল বলিরা প্রাসিক, মৈণুনকর্মান জিল্প বিশানেরও সেই পরিমাণে লোকপ্রাপ্তি ফল সিদ্ধ হয়। শ্রুতি এইর্মপে মেথুনধর্মের তব করার প্রতিপর হইতেছে যে, কথনও এই বিষয়ে বীজ্বস (স্থা) করা উচিত নহে। এইরপ বিশ্বান করিরা বিনি মেথুনাথা 'অধাপহান' আচরণ করেন,

তিনি এই স্ত্রীগণের পূণ্য দকল অধিকার করেন, কিছু যে মূর্থ বাজপের যাগের অনুষ্ঠান জানে না এবং শুক্রের সমস্ত রস্ত হইতে সারতমতাও অবগত নহে, অবীচ লালসা বশতঃ অধাপহাস আচরণ করে, স্ত্রীসকল সেই অজ্ঞের স্কৃত সমূহ হরণ করিয়া লয়॥ ৩॥

এতদ সা বৈ তি বিদাস্দালক আরুণিরাহৈতদ সা বৈ তি বিদান কো নােন্তাল আহিতদ সা বৈ তি বিদান কুমারহারিত আহ বহবে। মর্যা ব্রাহ্মণায়না নিরিন্তিয়া বিস্কৃতোহস্মা-লােকাৎ প্রযন্তি য ইন্মবিদ্যান্দাহশেশহাসঞ্জনতীতি, বহু বা ইদ্যু সুপ্রস্থা, বা জাগ্রতা বা রেতঃ ক্ষণতি ॥ ৪॥

বিধান্ অরুণতনয় উদ্দালক এই অধোপহাণ নামক মৈথুনকর্মকে বাজ-পের যাগের অনুষ্ঠানের সহিত সদৃশভাবে জানিয়া এই কথা বলিয়াছেন, এবং সেই রূপ-গুণ-সম্পন্ন নাক মৌদগলা কুমারহারিতও বলিয়াছেন। কি বলিয়াছেন ? তাহা বলা হইতেছে ধেঁ, এমন বছতর মর্ত্তা—মরণধর্মী মহুষ্য আছে, যাহারা ব্রাহ্মণাশ্রিত ও ব্রশ্ববন্ধ, অর্থাৎ কেবলমাত্র ব্রাহ্মণত্ব জাতির অভিমানে জীবিকা নির্বাহ করে, যাহারা নিরিক্রয় অর্থাৎ শিথিলেক্রিয়, হুরুতিহীন ও মূর্থ, অথচ মেথুনকর্মে আসক্ত, তাহারা পরলোক, হইতে পরিভ্রম্ভ হয়। ইহা ঘারা মৈথুনের প্রকৃত তত্ত্বের অনভিজ্ঞতা যে অত্যন্ত পাপের হেতু, তাহা প্রদর্শিত হইল। "য ইদমবিধাংগোহধোপহাসং চরন্তি" এই শ্রুতিবাকাই তাহার হুচক॥ ৪॥

তদভিম্যেদনং বা মন্ত্রেত, যন্মেহ্দ্য রেতঃ পৃথিবী মক্ষাংৎশীদমদোষধীরপ্যসরদযদপৃঃ, ইদমহং তন্তেভ আদদে পুনর্মামৈছিন্ত্রিয়ং পুনত্তেজঃ পুনর্ভগঃ। পুনর্মিধি ফ্যা যথা স্থানং
কল্পন্তামিত্যনামিকাঙ্গুষ্ঠাভামাদায়ান্তরেণ স্তনো বা ভ্রুবো বা
নিম্প্র্যাৎ ॥ ৫॥

বৃদ্ধির মহকর্ম কৃরিরা ত্রহাচর্য্য গ্রহণ পূর্বক পদ্ধীর অত্প্রতীক্ষাকালে পূক্ষধের অনুরাগাধিক্য বশত: প্রথ কিংবা জাগরণ অবস্থার অন্ন কিংবা অধিক পরিমাণে রেত: ক্ষরিত হয়, ভারা ছইলে দেই ক্ষরিত রেতকে ধৌত করিবে এবং তাহাকে লক্ষ্য করিয়া জপ করিবে। যথন জপ করিবে, তথন অনানিমনা ও অনুষ্ঠ অঙ্গুলি ধারা "যনে" ইত্যাদি "তদ্রেত আদদে" ইত্যান্ত মন্ত্র পাঠি পূর্বক সেই রেত গ্রহণ করিবে এবং "পুনর্মাং" ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া তাহা ধারা আপন ভ্রন্থর কিংবা অন্বরের মধ্যে তিলক করিবে। মন্ত্রার্থ এই বে, আমার আজ অ্যথাসময়ে রেতঃ অনুরাগাধিক্য বশতঃ পৃথিবীতে করিত হইয়া পতিত হইয়াছে এবং বাহা তাহার নিজ উৎপত্তিয়ান জলেই পুনঃ প্রবেশ করিয়াছে, সেই রেতকে আমি পুনর্গ্রহণ করিতেছি। অভিপ্রায়্ন এই বে, রেতো-রূপে বে ইন্দ্রিয় দেহ হইতে নির্নত্ত হইয়াছে, তাহাই পুনরায় আমাতে উপগত হউক। তথু ইন্দ্রিয় নহে, শরীরের ত্বক্সিত কান্তি, সৌভাগ্য বা জ্ঞান যাহারা রেতোনির্নমের পর হইতেই শরীর হইতে নির্নত হইয়াছে, আবার তাহারা আমাকে প্রাপ্ত হউক। অগ্রিয়ানাশ্রিত দেবগণ সেই রেতকে যথাস্থানে স্থাপন কর্ণন॥ ৫॥

অথ যত্ন্যদক আত্মানং পরিপশ্যেত্তদভিমন্ত্রয়েত, ময়ি তেজ ইন্দ্রিয়ং যশো দ্রবিণণ্ড স্কৃত্মিতি, শ্রীহ' বা এষা স্ত্রীণাং যন্মলোদ্বাসান্তস্মান্মলোদ্বাসসং যশস্থিনীমভিক্রাম্যাপমন্ত্রয়েত ॥১॥

ইতঃপূর্বে বোনিভিন্ন স্থানে রেডঃসেককারীর প্রায়শ্চিত্ত কথিত হইয়াছে।

এক্ষণে সেই গুক্রের উপাদানকারণ জলে গুক্রত্যাগীর আত্মপ্রতিবিদ্ধ দর্শনে
প্রায়শ্চিত্ত প্রদর্শিত হইতেছে। যদি কদাচিৎ কেহ জনমধ্যে আত্মাকে অর্থাৎ
আত্মশ্চারা দর্শন করে, তথনও এই "মির তেজঃ" ইত্যাদি মন্ত্র বারা তাহাকে অভিনত্তিত করিবে। এই হইল অযথা রেডঃসেকের প্রায়শ্চিত্তের কথা। অতঃপর
বে স্ত্রীতে স্বলক্ষণ পুজোৎণত্তির কামনা করিবে, সেই স্ত্রীর প্রশংসার্থ বলিতেছেন—স্ত্রীগণের মধ্যে গুই পত্মীই শ্রী অর্থাৎ লক্ষাক্রপিনী, যৈহেতু, মলিন বস্ত্রপরিধানী অর্থাৎ রক্ষক্ষণা; অতএব মলিনবস্ত্রপরিধানা সেই বর্ণান্থনী স্ত্রীর সমীপে
উপগত হইরা "আমরা উভক্ষে ত্রিরাত্রান্তে সন্তানোৎপাদনকার্য্যে আসক্ত হইব"
এই বলিয়া ত্রিরাত্রান্তে সেই স্নাতা স্ত্রীকে আমন্ত্রণ করিবে॥ ৬॥

সা চেদলৈ ন দদ্যাৎ কামনেনামবক্রীণীয়াৎ সা চেদলৈ নৈব দদ্যাৎ কামমেনাং যন্ত্যা বা পাণিনা বোপহত্যাতি-ক্রামেদি ক্রিয়েণ তে যশনা যশ আদদ ইত্যয়শা এব ভবতি ॥৭॥ উৎকালে যদি দেই স্ত্রী এই পুরুষকে মৈথুনার্থ অন্ধ প্রদান না করে, তাহা হইলে পুরুষ আভরণাদি ধারা তাহাকে প্রদোভিত করিয়া নিজ অভিপ্রায় বিজ্ঞাপিত করিবে। তথাপি যদি সে অন্ধ দান না করে, তাহা হইলে যষ্টি বা হস্ত ধারা প্রহার করত মৈথুনার্থ আক্রমণ করিবে—অর্থীৎ 'তোমাকে অভিশাপ দিব, হতভাগিনী করিব' ইত্যাদিক্ষপে ভীতিপ্রদর্শন করিয়া তাহাকে আকর্ষণ করত 'ইন্দ্রিরণ যশসা যশ আদদে" এই ময়ে তাহাতে উপগত হইবে। সে জন্ত ভাহার অভিশাপের ফলে সেই স্ত্রী নিশ্চরই ত্রভাগা—বন্ধ্যা হয় ও লোকনিন্দিতা হয় ॥ ৭ ॥

সা ১৮দক্রৈ দদ্যাদিন্তিয়েণু তে যশসা যশ আদধানীক্তি যশ-স্থিনাবেব ভবতঃ ॥ ৮ ॥

আর, যদি সেই স্ত্রী স্বামীর অভিলাষ পুরণের নিমিত্ত অপ'দান করে, তাহা হইলে স্বামী "ইন্দ্রিয়েণ" ইত্যাদি মন্ত্র পাঠ পূর্বক তাহাতে উপগত হইবে। ইহাতে স্বামী স্ত্রী উভয়েই বশস্থী হইয়া থাকে॥৮॥

স যামিচ্ছেৎ কাময়েত মেতি, তস্তামর্থৎ নিষ্ঠায় মূথেন
মূখণ সন্ধায়োপ হয়স্থা অভিমূখ্য জঁপেদঙ্গাদঙ্গাৎ সম্ভবসি হৃদয়াদ্বিজায়সে স অনঙ্গ ক্যান্থেশি দিয়বিদ্ধানিব মাদয়েমামমুং
ম্য়ীতি ॥ ৯ ॥

পূর্ব পূর্ব শতিতে পুরুষের পঞ্চে জীবনীকরণের প্রকার বলা হইরাছে। একণে পুরুষঘেষিণী রমণীর স্থানীর উপর অনুবাগদন্দাদনের উপায় কথিত হইতেছে। দেই পুরুষ যদি ইন্ছা করেন যে, 'আমার ভাগা আনাতে যেন কামপরায়ণা হয়', তাহা হইলে তাহাকে প্রথমতঃ পূর্বোক্ত প্রকারে বাধা করিয়া তাহার অল-বিশেষে অর্থ (পুরুষচিহ্ন) স্থাপন্য করত মুখে মুখ সংযোজিত করিবে, পরে তাহার জননেজির স্পর্ণ করত 'অঞ্চাৎ' ইত্যাদি মুলোক্ত মন্ত্র জপ করিবে। ১॥

অথ যামিচেছর গর্ভ: দধীতেতি, তস্যামর্থ: নিষ্ঠায় মুখেন মুখ^থ সন্ধায়াভিপ্রাশ্যাপান্তাদিন্দ্রিয়েণ তে রেতসা রেত আদদ ইত্যরেতা এব ভবতি ॥ ১০ ॥

⁶ कि:वा, रिप कोन भूक्व रेड्डा करत (व, क्यामात धरे जी (वन गर्डधातन ना करत, व्यर्थार शक्षि ना रम, जारा रहेला जाराज जनत्निम नित्कर कत्रिमा ७ मूर्थ মুখ ৰোজন করত অভিপ্রাণন অর্থাৎ সেই স্ত্রীতে বায়ু চালনা করিবে। তদনস্কর 'ইক্তিরেণ তে রেভসা বেভ আদধামি', এই মদ্রে আপান অর্থাৎ অপানমার্গে চনিত বায়ুর আকর্ষণ কর্ত্তব্য। এইরূপ প্রক্রিয়া করিনে সেই স্ত্রী নিশ্চয়ই পর্তবতী **इहेर्दिना ॥ ३० ॥**

অথ যামিচেছদ্দ্বীতেতি, তস্যামর্থ্ নিষ্ঠায় মুখেন মুখ্ সন্ধাঘাপানাভিপ্রাণাদিন্দিয়েণ তে, বেতসা বেত-আদধানীতি গর্ভিণোব ভবতি॥ ১১॥

অথবা, যদি কোন পুরুষ কোন স্ত্রীর সম্বন্ধে ইচ্ছা করে যে, "এই স্ত্রী গর্ভ ধারণ কক্ৰ," তাহা হইলেও সেই স্ত্রীর অঙ্গবিশেষে নিজ অঙ্গ সন্নিবেশিত করিয়া ও মুখে মুথ সংযোজিত করত পূর্ব্বোক্ত রীতির বিপরীতক্রমে 'ইক্রিমেণ তে' ইত্যাদি মন্ত্র পাঠ করিবে, এবং বায়ু আকর্ষণ ও পরে উক্ত মন্ত্রে বায়ুর চালন করিবে। এই প্রকার করিলে সেই জ্রী নিশ্চরই গর্ক্তবতী হইবে॥ ১১॥

অথ বস্য জায়ায়ৈ জারঃ দর্ভেঞ্ছেয়াদামপাতেহ্যিমূপ-পদমাধায় প্রতিলোম্খ শরবর্হস্তীত্র'া কান্মরেতাঃ শরভৃষ্ঠীঃ প্রতি শোমাঃ দৰ্পিযাক্ত। জুছুয়ান্মম দমিদ্ধেহছোষীঃ প্ৰাণাপানো ত আদদেহসাবিতি, মম সমিদ্ধেহহোট্যীঃ পুত্রপশৃত্ত আদদেহ-সাবিতি, মম সমিদ্ধেইহোষীরিষ্টাপুরতে ত আদদেহসাবিতি मम मिरकर्रहोयोदानाभवाकात्नो ७ व्यान्टन्श्मीविछ । म বা এষ নিরিজ্ঞিয়ো বিস্ফুতোহস্মালোকাৎ প্রৈতি যমেক াবদান আক্ষণঃ শপতি, তশ্মাদেবংবিচেছাঞ্ৰিয়দ্য দারেণ নোপহাসমিচ্ছেত্বত হেবংবিৎ পরে। ভবতি॥ ১২॥

मच्चिकि व्यमनकर्म व्यक्तिविक-मात्रगानि कर्म मम्बे निक्रिणे बहैरिक्छ। ধাহার ভাগ্যার প্রতি জার অর্থাৎ উপপতি আরুষ্ট হয় এবং দেই পুরুষ বনি দেই উপপৃতিকে দেব করে অর্থাৎ 'আমি ইহার প্রতি অভিচার (মারণাদি) করিব'
ইহা মনে করে, তাহা ইইলে তাহার প্রক্রিয়া এইরপ—প্রথমতঃ আমপার্ত্তি
(কাঁচা মুনাম পাত্ত্রে) অমিশংস্কার করিয়া (সমস্ত কর্মই প্রচলিত রীতির বিপরীতক্রমে কর্ত্তব্য) সেই অমিতে কতকগুলি শরেষীকা অর্থাৎ শর-ভূণের অগ্রভাগ মৃত্তাক্ত করিয়া বিপরীতভাবে 'মম সমিদ্ধে অহোষীঃ' ইত্যাদি মন্ত্রে আহুতি
প্রদান করিবে। প্রতি আহুতিমন্ত্রের অন্তে "অর্নো" স্থলে সেই দ্বেষ্য
উপপতির নামগ্রহণ কর্ত্তব্য। এই প্রকার প্রক্রিয়াভিজ্ঞ সেই ব্রাহ্মণ যাহার প্রতি
শাপ প্রদান করিবেন, সে সর্ব্বপ্রকার পূণ্যকর্মহীন হইয়া অচিরাৎ মৃত্যুমুথে
পতিত হইবে। অতএব শ্রুতি উপদেশ করিতেছেন, এই প্রকার প্রক্রিয়াভিজ্ঞ
শ্রোব্রিরের (বেদজ্রের) পত্নীর সহিষ্ঠ উপহাস করিতে বাসনাও করিবৈ না এবং
রিদিকতাও কর্ত্ব্যু নহে, মৈথুনক্রিয়ার কথা আর কি বলিব, তাহা সর্ব্বতোভাবেই পরিত্যজ্য। যেহেতু, এইরূপে বিদ্বান ব্যক্তিও শক্র হইয়াখাকেন॥ ১২ ॥

অথ যদ্য জায়ামার্ত্তবং বিন্দেৎ ত্রাহ্ণ ক দেন পিবেদহত-বাদা নৈনাণ রুমলো ন রুষল্যুপহন্তাৎ, ত্রিরাত্তান্ত আপু,ত্য ব্রীহীনবহাতয়েৎ॥ ১৩॥

প্রাদিশিক অভিচারকর্ম নিরূপণ করিয়। সম্প্রতি পূর্ব্ধ-প্রস্তাবিত ঋতুকালে কর্ত্তবা নির্দেশ করিতেছেন।—এই প্রতি 'শ্রীর্বা এবা' ইত্যাদি শ্রুতির পূর্বেই পাঠ্য জানিবে, কেন না, সেই স্থানেই ইহার উপযোগিতা, আর পাঠক্রম অপেকা বে অর্থক্রম বল্বাম, ইহাও তাহার অক্সতর কারণ। যাহার স্ত্রী আর্ত্তবপ্রাপ্তা অর্থাৎ ঋতুমতী হইবে, সেই স্ত্রী, তিন দিন পর্যান্ত কাংশুপাত্র চমসে জলাদি পান করিবে। এই ঋতুমতী স্ত্রী (তিন দিন পূর্যান্ত) স্থান কক্ষক বা না করুক্, কথনও ইহাকে শুদ্রজাতীয় স্ত্রী কিংবা পুরুষ স্পর্শ করিবেনা। ত্রিরাত্রান্তে অর্থাৎ ঐ ত্রিরাত্রত সমাপ্ত হইলে পর সেই স্ত্রী স্থান করিরা অহত বস্ত্র * পরিধাশ করিবে. অনন্তর কৃত্ত্বানা সেই স্ত্রীকে ধান্তাদি অব্যাতের নিমিত্ত অর্থাৎ ধাত্তের বিতৃষীকরণার্থ নিয়োগ করিবে॥ ১৩॥

ঈবছোতং নবং বেতং সদশং বন্ধ বারিডম্।
 অহতং তছিলানীয়াৎ সর্বকর্মস্থ শোভনম্।

যে বস্তু অন্তর্গতন, বেডবর্গ, দশাযুক্ত ও অপরিহিতপূর্ব্ব, ভাহাকেই অন্ত বস্ত্র বলে। ইহা সকল গুজনবেধি মন্ত্রদান।

শ য ইচ্ছেৎ পুলো মে শুক্লো জায়েত বেদমমুক্রবীত সর্ব্ধ-মারুরিয়াদিতি কীরোদনং পাচয়িত্বা সর্পিল্লভমন্নীয়াতামীশরো জন্মিতবৈ ॥ ১৪ ॥

कान लाक यनि देखा करत य, आयात्र शूखि शोधवर्ग इंडेक, हजूरस्रामत মধ্যে এক বেদ অধ্যয়ন করুক, এবং সম্পূর্ণ শতবর্ষ আয়ু লাভ করুক, ভাহা হইলে স্বামী ও প্রী উভয়ে হন্ধ বারা অন্ধ পাক করাইয়া মুভাক্ত করত তাহা ভক্ষণ করিবে। তাহা হইলেই তালুশ পুত্র উৎপাদনে সমাক সামর্থ্য জনিবে। 18।

व्यथ य हैएक्ट शुर्त्जा त्म किंशनः नित्रतना कुरविक रशे (वनावशूक्कवीक मर्ववाश्वविद्यामिकि, मर्थाननः পार्धाश দর্পিশ্বস্তমশ্লীয়াতামীশ্বরে জনহিত্তৈ ॥ ১৫ ॥

আৰু যদি কেহ কামনা করে যে, আমার পুত্রটি কৃপিল-পিঙ্গৰবর্ণ হয়, ছুইটি বেদ অধারন করে ও পূর্ণায়ুঃ প্রাপ্ত হয়, তাহা হুইলে দধি দ্বারা অল্প পাক করাইয়া জায়া ও পতি উভরে সেই দুদ্যোদন মৃতাক্ত করিয়া ভক্ষণ করিবে, তাহাতেই তাদুশ পুলোংশাদনে সমর্থ হইবে। বিবেদাধারী পুল লাভের কামনার **এইরাণ ভোজননিম্ম** বিহিত হইল॥ ১৫॥ *

অথ য ইচ্ছেং পুত্রো মে শ্রামো লোহিতাকো জায়েত खीम् दिनामञ्ज्ञकेवी छ । गर्वमायुवियानि कुरानीननः পाठयित्रा সর্পিন্নস্তমশ্রায়াতামীশ্বরো জনয়িতবৈ ॥ ১৬॥

व्यभिष्ठ, त्कर यनि देख्या इत्त त्य, व्यामात वक्षि भ्रामवर्ग बक्किक् शृह्य अमार्थरं करत, भरत जिर्द्यमांशांत्री हव धरः मैन्यूर्न-मञ्दर्व भर्गास जीविन পাকে, তাহা হইলে তাহারা উভরে কেবল জল দারা অর পাক করাইয়া মতাক করত ভক্ষণ করিবে, ইহাতেই সেইরূপ পুত্রস্তান লাভ করিতে সমর্থ रहेरव। এ ज्ञान य बरमन खिलाय कन्ना रहेनाएड, जारा, अन्न जरतान मिला নিবারণের জন । ১৬॥

় অথ য ইচ্ছেদ্ হিতা মে পণ্ডিতা জায়েত সর্বনায়ু-রিয়াদিতি তিলোদনং পাচয়িত্ব। সর্পিন্তমন্মন্নীয়াতানীখনে। জনয়িতবৈ ॥ ১৭॥

কিখা য়দি কোন ব্যক্তি ইচ্ছা করে যে, আমার বিগ্নী কলা হয়, এবং সম্পূর্ণ আয়ু লাভ করে, তবে সেই ব্যক্তি তিলোদন অর্থাং তিল-তণ্ডুলের ক্লমর (থিচুড়ি) অন্ন পাক করাইয়া স্বতাক্ত করত স্ত্রীর সহিত উভয়ে তাহা ভক্ষণ করিবে। তাহা হইলে তাহারা তাদ্নী কলা সমুৎপাদনে সমর্থ হইবে। এ স্থলে বে কলার পাণ্ডিত্য প্রাথিত হইয়াছে, তাহা গৃহস্থকর্মে অর্থাৎ গার্হস্থানীয়ে বুঝিবে, অলাল শাস্ত্র বিষয়ে নহে। কেন না, স্ত্রীলোকের বেদে অধিকার নাই, ইহা শাস্ত্রের নির্দেশ। ১৭॥

অথ য ইচ্ছেৎ পূলো মে পণ্ডিতো বিগীতঃ সমিতিংগমঃ শুশ্রমিতাং বাচং ভাষিত। জায়েত সর্কান্ বেদানসুক্রবীত সর্ব-মায়ুরিয়াদিতি মাখনোদনং পাচুয়িত্বা সর্পিশ্বস্তমশীয়াতামীশ্বরো জনয়িতব। উক্ষেণ বা ঋষভেণ বা ॥ ১৮॥

পক্ষাস্তরে, যদি কোন ব্যক্তি ইচ্ছা করে যে, আমার বিগীত অর্থাৎ বিবিধভাবে গীত—প্রথাত, সভ্য হইবার উপবৃক্ত, প্রগল্ভ, স্মধুর-ভাষী অর্থাৎ সংস্কারকৃত্ত ও অর্থগান্তীর্গসম্পন্ন বাক্রোর অভিভাষক ও সর্ববেদাধ্যান্তী একটি পুত্র হউক, ভবে সেই দম্পতিষুগল মাংস-মিশ্রিত অন্ধ প্রাক করাইনা স্বভাক্ত করত ভোজন করিবৈ। এথানে যে মাংসের কথা বলা হইনাছে, ভাহাতে বিশেষ বক্তব্য এই যে, উহা উক্ষ অর্থাৎ রেতঃশ্লেকসমর্থ ভরুণবন্ধস্ক ঋষভ এবং ভাতোছধিকবন্ধস্ক শ্লম্ভ ইহাদের মাংসই গ্রাহ্ণ॥ ১৮॥

অথাতি প্রাতরের স্থালীপাকারতাজ্ঞাং চেন্টিরা জালীপাক-স্থোপঘাতং জুহোত্যগ্রে স্বাহা অনুমত্য়ে স্বাহা দেবায় দবিত্রে সত্য প্রস্বায় স্বাহেতি ভ্রোদ্ধৃত্য প্রাশাতি, প্রাশ্যেতরস্থাঃ প্রথচ্ছতি প্রকাল্য পাণী উদপাত্তং পূর্বয়িত্বা তেনৈনাং ক্লির-ভূমক্ত্যুব্ভিষ্ঠাতো বিশ্বাবদোহস্থামিচ্ছ প্রফর্ক্যাং সঞ্জায়াং পত্যা সহেতি ॥ ১৯ ॥

সেই ওদনপাকাদি,কোন্ সমন্ব কর্ত্তব্য ? এখন ছাহা নির্দেশ করিতেছেন। প্রাতঃকালেই অবঘাতব্যাপার দ্বারা বিত্বীকৃত তপুলসমূহ গ্রহণ করিয়া এবং দ্বালীপাকবিধি অহুসারে মৃত্-সংশ্বার করত চরুপাক করিবে। পরে সেই পরুচরু দ্বারা আহতি সকল অথিতে অর্পণ করিবে। চরুকে বারংবার অবঘাত *করত 'অয়ারে স্বাহা' ইত্যাদি মুলোক্ত মন্ত্রে আঁহুতিপ্রদান কর্ত্তব্য । একণে স্থালীপাকবিধি কি এবং হোমেরও প্রক্রিয়া কি, তাহা অবশ্রুই, বক্তব্য , এ জন্ত ভাষ্যকার শ্রুতির সেই ন্যুনতাপরিহারের জন্ত বলিতেছেন। এ বিষমে সমন্ত গৃহুস্বভাকে বিধি দ্বন্থ । হোমানস্তর পতি স্বন্ধং চরুশেষ ভোজন করিবে, তাহার অবশিষ্ট উচ্ছিষ্টাংশ পত্নীকে প্রদান করিবে, পরে হন্ত প্রক্রালন করিয়া আচমন পূর্বক একটি জলপাত্র পূর্ণ করিবে ও "উত্তিষ্ঠাতঃ" ইত্যাদি মূলের লিথিত মন্ত্রে সেই পাত্রন্থ জল দ্বারা পত্নীকে বারত্রন্থ অন্যুক্তণ করিবে । মন্ত্র একবারমাত্র পাঠ্য মন্ত্রার্থ বিধা—হে বিশ্বাবন্ধ গন্ধর্ক । ত্মি আমার এই ভার্য্যা হইতে উথিত হও অর্থাৎ ভার্য্যা-সঙ্গ ভ্যাণ কর । যে তরুণী অন্তা রমণী ভাহার স্বামীর গহিত ক্রীড়ায় আসক্ত আছে, তাহাকে তুমি প্রহণ কর । আমি আমার এই স্ত্রীতে উপগত হইব ॥ ১৯ ॥

শ্বৈনামভিপততে মোহমিন্সি সা স্বত্ত সা স্বমশ্রমোহহং সামাহমিন্সি ঋক্ সংক্রেন্সেরহং পৃথিবী জঃ তাবেছি সন্তর্গভাবহৈ। সহ রেতো দধাবহৈ পুত্রে পুত্রায় বিত্তয় ইতি॥ ২০॥

তদনস্তর পতি পত্নীকে মন্ত্রসংস্কৃত করিয়া পুর্বেশীক্ত পুত্রবিপেষের কামনাম্পারে পূর্ব্বোক্ত পাচিত ক্ষীরোদন প্রভৃতি ভোকন করাইবে ও স্বরং ভোকন করিবে। প্রবে শ্রুককালে 'অবোহহুমস্থি' ইত্যাদি মন্ত্রে পতি স্ত্রীতে উপ্গৃত হইবে। মন্ত্রার্থ

^{*} থাগৰতঃ মেক্ষণে শ্বতবিন্দু দান, পরে চল-মধ্যে প্রতক্রব দান, অতঃপর মেক্ষণ দাবা চলাক গঙাগ গ্রহণ পুর্বাক তর্পরি প্রত্যান ও গুরীত চল খানে পুন পুত দান করাকে ব্যবহাত বলে ।

এই বে, দেখ, আমি হইতেছি অম অর্থাৎ প্রাণ, এবং প্রাণরূপী আমার তুমি অধীন বাক্, আমি হইরাছি সাম, তুমি হইতেছ সামের আধার ঋক্, আমি পিতৃত্ব নিবন্ধন আকাশস্বরূপ, তুমি মাতৃত্ব বশতঃ পৃথিবী, অতএব এস। তুমি আমি রতিক্রিয়ার উভ্তম করি, অর্থাৎ তুমি পু্ছ্রসন্তান লাভের জল্প রেতোধারণ কর॥ ২০॥

অথাস্থা উর বিহাপয়তি বিজিহীৢথাং ভাবাপৃথিবী ইতি
তস্থামর্থং নিষ্ঠায় মুখেন মুখু সন্ধায় ত্রিরেনামনুলোমামনুমাষ্টি বিষ্ণুর্যোনিং কল্লয়ভু জৃষ্টা রূপানি পিত্শভু। আদিঞ্চভু
প্রজাপতির্যানিং কল্লয়ভু তে। গর্ভং ধেহি সিনীবালি গর্ভং
ধেহি পৃথুষ্টকে। গর্ভং ত অশ্বিনো দেবাবাধতাং
পুক্রম্রজো॥ ২১॥

অনস্তর সেই স্ত্রীর উরুদ্ধ "স্থাবাপৃথিবী" ইত্যাদি মন্ত্রে বিচ্ছিন্ন করিবে এবং সেই স্ত্রীর যোনিতে জননেন্দ্রির স্থাপিত করিয়া ও তাহার মুথে মুথ সন্ধিবিষ্ট করত "বিষ্ণুর্যোনিং" ইত্যাদি মন্ত্র দ্বারা ক্রমে স্ত্রীর্ম শির: প্রভৃতি সমস্ত অঙ্গে বারত্রর হস্তলেপন করিবে। "বিষ্ণুর্যোনিম্" ইত্যাদি মন্ত্রের অর্থ এই—স্থাবান্ বিষ্ণু তোমার জননেন্দ্রিরকে পুঁল্রোৎপাদনে সমর্থ করুন। স্বন্ধী হর্য্য সেই ক্রণকে অবর্যবহুটনা দ্বারা বিভাগ করত দর্শনহোগ্য করুন, বিরাট্পুরুষ প্রজাপতি আমার সহিত অভিন্নরূপে থাকিয়া তোমাতে রেভঃসেক করুন। স্ব্যোমা— বিধাতা তোমার অভিন্নভাবে স্কুরন্থিত হইয়া গর্ভ ধারণ করুন। অমাবস্থার অধিষ্ঠাত্রী দেবতা তোমাতে অভিন্নরূপে এবং পৃথুষ্ট ক্রা শ্রেণিং বিস্তরম্বতিশালিনী দেবতাও তোমাতে অভিন্নভাবে বর্ত্তমান আছেন। অতএব হে সিনীবালি! হে পৃথুষ্ট কে! তোমরাও এই গর্ভ ধারণ কর। নিজ্কিরপশালী অখিনম্ম অর্থাৎ স্থ্য ও চন্ত্র তোমার আরুতি ধরিয়া এই গর্ভ ধারণ করুন ॥ ২১॥

হিরথায়ী অরণী যাভ্যাং নির্মন্থতামশ্বিনো। তং তে গর্ভং হ্বামহে দশমে মাসি সূত্রে। যথাহগ্রিগর্ভা পৃথিবী যথা দ্যোরিস্ফেল গর্ভিণা। বায়ুর্দিশাং যথা গর্ভ এবং গর্ভং দধামি তেহসাবিতি॥ ২২॥ ে বে জাোতিশ্বী অরণী ছইটি পূর্বে ছিল,—অধিনত্ব ফ্রা ও চন্দ্র যে অরণিব্রের সাহায্যে গর্জ মথিত করিয়াছিলেন, আমি দশম মাসে প্রস্বার্থ তোমার সেই গর্জ আধান করিতেছি। অতঃপর আধীরমান গর্ভকে দৃষ্টাস্ত হারা বিশেষিত করিতেছেন। 'পৃথিবী বেরুপ' অগ্নিগর্ভা, আকাশ বেমন ফ্র্য্য হারা গর্ভবতী, দিক্ সকল বেমন বায়ু হারা-গর্ভিণী, সেইরূপ আমি তোমাতে এই গর্ভ অর্পণ করিয়া তোমায় গর্ভবতী করিতেছি' এই বলিয়া অস্তে পত্নীর নাম গ্রহণ পূর্বিক গর্ভাধান করিবে॥ ২২॥

শোষ্যন্তীমন্তিরভূকেতি। মথা বায়ুঃ পু্চ্চরিণীত সমিয়তি সর্ববিতঃ। এবা তে গর্ভ এজতু সহাঁবৈতু জরায়ুণা,। ইন্দ্রন্থায়ং ব্রজঃ কৃতঃ সার্গলঃ সপরিশ্রেয়ঃ। তমিন্ত নির্দ্ধহি গর্ভেণ সা বরাত সহেতি॥২০॥

পরে আসরপ্রদাবকালে জীকে প্রথাসবের নিমিন্ত 'বধা বারু: পুক্রিণীম্' ইন্ডাদি মন্ত্রে জল বারা অভ্যক্ষণ (সেচন) করিবে। মন্ত্রার্থ এই যে, বারু যেমন পুকরিণী অর্থাৎ পদ্মলভাকে কোনরূপ অনিষ্ট না করিয়াই চালিভ করে, এইরপ ভোমার গর্ভও ভোমার কোনরূপ অনিষ্ট না করিয়া চঞ্চল হউক ও জরারুর সহিত নির্মাত হউক। স্বষ্টিকালে বা গর্ভাধানসময় হইতেই 'প্রাণের এই পথ নির্মাত হইয়া আছে। যে পথ অর্থাসক্ষর অর্থাৎ জরায় বারা পরিবেষ্টিভ, হে ইন্ত্র! ভূমি সেই পথ ধরিয়া গর্ভের সহিত নির্মাত হও। হে ইন্ত্র! ভ্রাণ বাহাতে সেই পথ অবলবন করিয়া গর্ভের শহিত নির্মাত হয়, ভ্রাহা ভূমি কর আর গর্ভনিঃসরণের সমর বে মাংসপেনী নির্মাত হইয়া থাকে, ভাহাকেও ভূমি নির্মাত কর ॥ ২৩॥

জাতে হ গ্রিমুপদমাধা যান্ধ আধায় ক দলে পৃষণাজ্য দদীয় পৃষণাজ্য প্রদাজ্য প্রদাজ্য প্রদাজ্য প্রদাজ্য কার্ম কিছে। ক্রেলি ক্রেলিলে মা. ছেৎদীৎ প্রজ্যা চ পশুভিশ্চ স্বাহা। মার প্রাণাশক্ষা মনদা জুহোমি স্বাহা। মথ কর্মণাজ্য রীরিচং বদা ন্যনমিহাকরম্। স্বাহিত স্বিউক্ বিদ্বাদ্ধ স্বিউপ স্বহৃত্ৎ করোতুনঃ স্বাহেতি॥ ২৪॥

অতঃপর জাতকর্ম কর্ত্তর। পুল্র জনিলে পন্ন অন্নি স্থাপন করিনা পুলকে ক্রেডি ধারণ করত কংসে (। আজাহালীতে) প্যদাজ্য অর্থাৎ ম্বর্তমিশ্রিত দিধি সংস্কুক করিয়া—দিবি-মৃত পরস্পর মিশ্রিত করিয়া অল্ল অল্ল সেই প্রদাজ্য গ্রহণ করিবে, পরে পুনঃ পুনঃ 'অন্মিন সহস্রন্' ইত্যাদি মন্ত্রে হোম করিবে। মন্ত্রার্থ এই যে, আমার এই নিজগৃহে আমি পুল্ররপে বিদ্ধিত হইয়াসহস্ত্র সহল্র মন্ত্র্যাকে পরিপাষণ করিব। আমার এই পুল্রের সন্তান সন্ততির লক্ষ্মী ও পশু-সম্পত্তি যেন অবিচ্ছিন্ন থাকে। এই আমাতে (পিতাতে) যে সমস্ত ইল্লিন্ন বর্ত্তমান আছে, আমি তৎসমন্তই মনে মনে ভোমাতে (পুল্রেতে) অর্পণ করিতেছি। আমি এই কর্মের যে কিছু ন্যনতা কিংবা অতিরিক্ততা করিয়াছি, সর্ব্বক্ত অন্নি স্বিষ্টব্রুৎক্মপে আমার যজ্ঞের সেই ন্যনতার ও অভিনিক্ততার পরিহার কর্মন। ২৪॥

অথাক্য দক্ষিণং কর্ণমভিনিধায় বাখাগিতি ত্রিরথ দধি মধু ঘুঁত সন্নীয়ানভূহিতেন জাতরূপেণ প্রাশয়তি, ভূত্তে দধামি, ভূবত্তে দধামি, স্বস্তে দধামি, ভূভুবঃস্বঃ সর্বাং স্বায়ি দধামীতি ॥ ২৫ ॥

অনস্তর পিতা বালকের দক্ষিণ কর্ণে নিজ মুখ সংলগ্ন করিয়া "বাক্
বাক্" এই শব্দ বারত্রয় জপ করিবেন। তাহার উদ্দেশ্য—ত্রমীরূপিনী
বাক্ তোমাতে প্রবেশ করুক। তাহার পর দ্বি, মধু ও
মূত মিশ্রিত করিয়া অনাচ্ছাদিত স্বর্ণ ঘারা প্রত্যেকবার "ভূত্তে দ্বামি"
ইত্যাদি মন্ত্র উচ্চারণ পূর্বকে পান ক্রুইবে॥২৫॥

অথাস্থ দাম করোঁতি বেদোহসীতি, তদস্থ তদ্গুছমেব নাম ভবতি॥ ২৬॥

আনন্তর নানকরণকালে পিতা সেই জাত-প্রের "বেনেংসি" বলিয়া নামকরণ করিবে। এই নাম অতি গোপনীয়, সাধারণে প্রকাশ্য নতে অর্থাৎ ইহার তাৎপর্যার্থ বেষ্ণুনর অন্তভাব্য, যাহা জীবের অরপ। অতি রহস্ত বলিয়া ইহা গোপন করিবে॥ ২৬॥ ্ অথৈনং মাত্রে প্রদায় স্তনং প্রয়ন্ত। যতে স্কনঃ শশয়ো যো ময়ো যেন বিশ্বা পুষ্যদি বার্য্যাণি। যো রত্নধা বস্ত্বিদ্ যঃ সূদক্রঃ সরস্থতি তমিহ ধাতবে করিতি॥ ২৭॥

ইতঃপর স্বীয় অক্ষণ্ডিত সেই বালককে মাতৃত্রেন্ডে সমর্পণ করিয়া বক্ষ্যাণ মন্ত্র পাঠ করত শুন প্রদান করাইবে। মন্ত্রার্থ এই যে, "হে সরস্বতি! তোমার যে শুন সফল, যাহা লোকস্থিতিক হেতুভূত অন্তর্মণে পরিপত এবং বে শুন ভূকে ও পীত অন্ত্র জলের ধারক, যে শুন কর্মফলরূপী বসুর প্রদাতা এবং যে শুন ঘারা ভূমি এই কুমস্ত বর্ণীয় দেবাদি প্রাণিবর্গকে পোষণ করিতেছ, তুমি আমার প্রের পানের জন্ত সেই শুন আমার ভাগ্যার শুনে প্রবিষ্ট কর মুংণ ॥

অথাস্ত মাতরমভিমন্ত্রয়তে, ইলাসি মৈত্রাবরুণী বীরে বীরমজীজনং। সা স্বং বীরবতী ভব যাহস্মান্ বীরবতো-হকরাদতি তং বা এতমাহুরতিপিতা বতাভূরতিপিতামহো বতাভূঃ পরমাং বত কাষ্ঠাং প্রাপচ্ছিয়া যশসা ব্রহ্মবর্চসেন, য এবংবিদো ব্রাহ্মণস্ত পু্ত্রো জায়ত ইতি॥ ২৮॥

ইতি ষষ্ঠতা চত্ত্বৰ্থ বান্ধণ্ম।

অতঃপর বালকের মাতাকে 'ইলাদি' ইত্যাদি মন্ত্র পাঠ পূর্বক অভিমুখী করিবে। মন্ত্রার্থ এই বে, "হে ভল্রে! তুমি আমার ইড়া অর্থাৎ ভোগ্যা হইডেছ, তুমি মিত্রাবরুণ—বদিষ্ঠের পত্নী অরুন্ধতীর মত্ব অবস্থান করিতেছ। আমি বীর, আমাকে নিমিন্ত কর্মিন্ধা, তুমি পুত্রের জননী হুইন্নাছ। 'তুমি বীরবতী অর্থাৎ দীর্ঘজীবী বহু সন্তানের মাতা হও। তুমি আমাদিগকে বীরপ্রেবান্ করিয়াছ। এই প্রকার বিধানক্রমে বে পূত্র উৎপাদিত হয়, সে পিতা ও পিতামহকে অতিক্রম করে। সে পূত্র স্ত্রী, যশ ও ব্রন্ধতেক স্থারা পরাকারা প্রাপ্ত ইইয়াছে বিশিন্ন হয়। এইরূপ জ্ঞানস্পার যে ব্রাহ্মণের এই পূত্র জ্ঞাত হয়, তিনিস্ত এইরূপ স্থাতিভালন হইয়া থাকেন॥ ২৮॥

रें छि यह अक्षादा ठेजूर्थ बाना। 🦃

উপনিষৎস্ত্_- ষষ্ঠাহধ্যায়স্ত

পঞ্চম-ব্রাহ্মণম্

অথ বংশঃ। শৌতিমাধীপুলঃ কাত্যাধনীপুলাৎ কাত্যায়নীপুলো গৌতমীপুলাদোতমীপুলো ভারদাজীপুলাদারদাজীপুলঃ পারাশরীপুলাৎ পারাশরীপুল উপস্বতীপুলাদোপস্বতীপুলঃ পারাশরীপুলাৎ পারাশরীপুলঃ কাত্যাধনীপুলাৎ কাত্যায়নীপুলঃ কোশিকীপুলাও কোশিকীপুল স্বাল্ফীপুলাচচ
বৈয়াত্রপদীপুলাচ বৈয়াত্রপদীপুলঃ কাণ্যপুলাচ কাশীপুলাচ
কাশীপুলঃ॥১॥

অতঃপর এক্ষণে সুমন্ত উপনিষদের বংশ—আচার্য্য-পরম্পরা বণিত হইতেছে।

ইতঃপৃর্ব্বে বলা হইরাছে বে, স্ত্রীর উৎকর্যাধান গুণবান্ পুল্র জন্মে, এই জন্ত
সম্প্রতি স্ত্রীরূপ বিশেষণে বিশেষিত আচার্য্যপরম্পরা বর্ণিত হইতেছে।—এই
বজ্ঃসন্ত শুদ্ধ অর্থাৎ বেদের ব্রাক্ষণাংশের সহিত মিল্রিড নহে। প্রজ্ঞাপতির পর
গোতমীপুল্র পর্যান্ত যে আচার্য্যপরম্পরায় উপনিষদের আগম নির্দিষ্ট হইল, ইহা
প্রতিলোমক্রমে জানিবে। সেই ক্রম এই—পৌতিমার্যাতনর, কাত্যারনীপুল্র হইতে
কাত্যারনীপুল্র, গোতমীপুল্র হইতে গোতমীপুল্র, ভারবাজীপুল হইতে ভারবাজীপুল,
পারশ্রীপুল্র হইতে পারাশরীপুল, উপস্বত্তাপুল্র হইতে উপস্তর্থীপুল, পারাশরী
পুল্র হইতে পারাশরীপুল, কাত্যারমীপুল হইতে কাত্রাম্বনীপুল, কৌশিকীপুল
হইতে কৌশিকীপুল, আল্বীপুল্র ও বৈষাত্রপদীপুল হইতে বৈষাত্রপদীপুল,
কারীপুল্র ও কাপীপুল্ল ইইতে কাপীপুল্ল নামে এই উপনিষদের আগম। ১॥

আতেয়ীপুলাদাতেয়ীপুলো গোতমীপুলাদোতমীপুলো ভারদাজীপুলাভারদাজীপুলঃ পারাশরীপুলাৎ পারাশরীপুলো বাহ্দানীপুলাৎ পারাশরীপুলো বাহ্দানিপুলাধার্ক ক্ষেণীপুলা বাহ্দানিপুলাধার্ক ক্ষেণীপুলা বাহ্দানিপুলাধার্ক ক্ষেণীপুলা বাহ্দানিপুলাধার্ক ক্ষেণীপুলা বাহ্দানিপুলাধার্ক ক্ষেণীপুলা বাহ্দানিপুলাধার্ক ক্ষেণীপুলা বাহ্দানিপুলাধার্ক ক্ষেণীপুলাধার্ক ক্ষেণ্ট ক্ষেণীপুলাধার্ক ক্ষেণীপুলাধার্ক ক্ষেণ্ট ক্ষে

ভাগীপুজাদার্ভভাগীপুজঃ শৌঙ্গীপুজাচ্ছোঙ্গীপুজঃ সাঙ্কতীপুক্রাৎ সাঙ্কতীপুজ আলম্বায়নীপুজাদান্যায়নীপুজ আলমীপুজাদান্দ্রী-পুজো জায়ন্তীপুজাজ্জায়ন্তীপুজো মাণ্ড কায়নীপুজামাণ্ড কায়নী-পুজো মাণ্ড কীপুজামাণ্ড কীপুজঃ শাণ্ডিলীপুজাচ্ছাণ্ডিলী-পুজো রাণীতরীপুজাদ্রাণীতরীপুজো ভালুকীপুলাদ্বালুকীপুজঃ কৌঞ্চিকীপুজাভ্যাং কৌঞ্চিকীপুজো বৈদন্ততীপুলাব্দৈন্ত্তীপুজঃ কার্শকেয়ীপুজাৎ কার্শকেয়ীপুজঃ প্রাচীনযোগীপুজাৎ প্রাচীন-যোগীপুজঃ সাঞ্জীবীপুজাৎ সাঞ্জীবীপুজঃ প্রামীপুজাদান্তরিবাদিনঃ প্রামীপুজ আন্তরায়ণাদান্তরায়ণ আন্তরেরান্ত্রিঃ ॥ ২ ॥

প্রদেশ আরেরীপূল হইতে আলেরীপূল, গৌতনীপূল হইতে গোতনীপূল, ভারদালীপূল হইতে ভারদালীপূল, পারাশরীপূল হইতে পারাশরীপূল, বাৎনীপূল হইতে বাংশীপূল, পারাশরীপূল হইতে পারাশরীপূল, বার্কারণূল হইতে বার্কারণীপূল, প্রকারণীপূল হইতে বার্কারণীপূল, আর্লভানীপূল হইতে বার্কারণীপূল, আর্লভানীপূল হইতে আর্লভানীপূল, শোক্ষীপূল হইতে আক্ষারনীপূল, নাক্ষতীপূল হইতে আক্ষারনীপূল, আক্ষারনীপূল হইতে আক্ষারনীপূল, আক্ষারনীপূল হইতে আক্ষার্কাপূল হইতে আক্ষার্কাপূল হইতে আক্ষাপূল, নাভুকীপূল, রাণীতরীপূল হইতে আক্ষাপূল, নাভিনীপূল হইতে শাভিনীপূল, রাণীতরীপূল হইতে ক্রাফানীপূল, ভাল্কীপূল, ক্রাফানীপূল, হইতে ক্রাফানীপূল, ক্রাফানীপূল, হইতে কার্শকেরীপূল, বালীনর্বানীপূল হইতে আলিকীপূল, ক্রাফানীপূল, হইতে কার্শকেরীপূল, প্রাচীনবেণীপূল, হুটুতে প্রাচীনবোণীপূল, সাঞ্জীবীপূল হইতে কার্মানিপূল, আম্বরিবাসী প্রামাপূল হইতে প্রামাপূল, আম্বরিবাসী প্রামাপূল হইতে প্রামাপূল, আম্বরিবাসী প্রামাপূল হইতে প্রামাপ্র, আম্বরিবাসী প্রামাপূল হইতে প্রামাপ্র, আম্বরিবাসী প্রামাপ্র হইতে প্রামাপ্র, আম্বরিবাসী প্রামাপ্র হইতে প্রামাপ্র, আম্বরিবাসী প্রামাপ্র হইতে প্রামাপ্র স্বাম্বরি হইতে আম্বরিবাসী প্রমাপ্র ইতে প্রামাপ্র স্বাম্বরি হইতে আম্বরিবাস। মাম্বরি হইতে আম্বরিবাস প্রমাপ্র ইতে প্রামাপ্র স্বাম্বরি হইতে আম্বরিবাস। মাম্বরি হইতে আম্বরিবাস প্রমাপ্র ইতে প্রমাপ্র স্বাম্বরি হইতে আম্বরিবাস। মাম্বরিবানী প্রমাপ্র ইতির প্রমাপ্র স্বাম্বরিবাসী প্রমাপ্র মাধ্বর বাব্যের পরিচয় ॥ ২ ॥

যাজ্ঞবন্ধ্যাদ্যাজ্ঞবন্ধ্য উদালকাছদালকোহরুণাদরুণ উপরেশে রুপবেশিঃ কুজেঃ কুজির্বাজ্ঞবসো বাজজাবা জিহ্বাবতো বাধ্যোগাজ্জিহ্বাবান বাধ্যোগোহিসভাছার্বগণা-দলিতো বার্ষগণো হরিতাৎ কশ্যপাদ্ হরিতঃ কশ্যপঃ শিক্সাৎ কশুপা চ্ছিন্ন: কশ্যূপ: কশ্যুপান্ধৈ ফ্রনে: কশ্যুপো নিঞ্জবির্বাচো বাগন্তিণ্য। অন্তিন্যাদিত্যাদীদানি শুক্লানি যজু ঘষি বাই-সনেয়েন যাজ্ঞবক্ষ্যেনাখ্যায়তে॥ ৩॥

অতঃপর পুরুষসম্প্রদায়ে আগম কথিত হইতেছে।—যাজ্ঞবন্ধ্য হইতে যাজ্ঞবন্ধ্য, উদালক হইতে উদালক, অরণ হইতে অরণ, উপবেশি হইতে উপবেশি, কুলি হইতে কুপ্রি, বাজ্ঞবা হইতে বাজ্ঞবা, জিলাবান বাধ্যোগ হইতে জিলাবান বাধ্যোগ, অসিত বার্ষণ হইতে অসিত বার্ষণ, হরিত কশুপ হইতে হরিত কশুপ, শিল্প কশুপ হইতে শিল্প কশুপ, নৈশ্রবি কাশুপ হইতে নৈশ্রবি কশুপ, বাক্ হইতে বাক্, অন্তিনী হইতে অন্তিনী, আদিত্য হইতে আদিত্য। এই সমস্ত শুক্রবন্ধ্য হাণিত্য হইতে প্রাপ্তা। বাজসদের বাজ্ঞবন্ধ্য তৎসমৃদারের ব্যাখ্যা করিয়াছেন ও সাঞ্জীবীপুত্র পর্যান্ত প্রীপ্রধান আচার্যক্রমের কোন ব্যক্তিক্রম হয় নাই। পাঞ্জীবীপুত্রের পর স্বীপ্রধান ক্রম আর নাই।

সমানমা সাঞ্জাবীপুজাৎ সাঞ্জাবীপুজাে মাণ্ডুকায়য়নেম পিছু-কায়নিম ভিব্যানাগুবাঃ কৌৎসাৎ কৌৎসামাহিত্যেম হিন্ধি-বামককায়ণঃ শাণ্ডিল্যাচ্ছাণ্ডিল্যাে বাৎস্তাদাৎস্তঃ কুত্রেঃ কুত্রির্যজ্ঞবচ্দাে রাজস্তস্বামনান্ যজ্ঞবচা রাজস্তস্বামনস্তনরাৎ কাববেয়াৎ তুরঃ কাববেয়ঃ প্রজাপতির ক্রণাে প্রক্ষাম্বনান্ ব্যক্তব্যানিষ্কালা প্রক্ষাম্বাধনান্ ব্যক্তব্যানিষ্কালা প্রক্ষাম্বাধনান্ ব্যক্তব্যানিষ্কালা প্রক্ষাম্বাধনান্ ব্যক্তব্যানিষ্কালা প্রক্ষাম্বাধনান্ ব্যক্তব্যানিষ্কালা প্রক্ষাম্বাধনান্ত প্রক্ষানিষ্কালা ব্যক্তব্যানিষ্কালা ব্যক্র ব্যক্তব্যানিষ্কালা ব্যক্তব্যানিষ্কালা ব্যক্তব্যানিষ্কালা ব্যক্তব্যানিষ্কালিষ্কালা ব্যক্তব্যানিষ্কালিষ্কালা ব্যক্তব্যানিষ্কালিষ্ক

ইতি ষঠে পঞ্চমং ব্রাহ্মণীমু। ইতি •বাজসনেয়ক বৃহদারণ্যকোপনিষৎস্থ ষষ্ঠোহধ্যায়ঃ। সমাপ্তেয়ং বৃহদারণ্যকোপনিষ্থ।

ওঁ তৎসৎ

ওঁ পূর্ণমদঃ পূর্ণমিদং পূর্ণাৎ পূর্ণমূদচ্যতে।
পূর্ণস্থা পূর্ণমাদায় পূর্ণমেবাবশিষ্যতে॥
ওঁ শান্তিঃ। ওঁ শান্তিঃ।

সেই বীপ্রবাদ্ধিন এই—সাজীবীপুল হইতে সাজীবীপুল, নাভ্কাদ্ধনি হইতে মাজুকাদ্ধনি, মাজবা হইতে মাজবা, কোণুস হইতে কোৎস, নাহিখি হইতে মাজিল, বামকক্ষাদ্ধণ হইতে বামকক্ষাদ্ধণ, শাজিলা হইতে শাজিলা, বাৎক্ষ হইতে বাংক্ত, কুলি হইতে কুলি, যজ্ঞবচা বাজজ্ঞ্ঞাদ্ধন হইতে যজ্ঞবচা দ্বাজ্ঞ্ঞাদ্ধন, তুরকাববেদ্ধ হইতে তুরকাবদেদ্ধ, প্রজাপতি হইতে প্রজাপতি, বন্ধা হইতে বন্ধা, এই নামে এই উপনিষদেদ্ধ আগম চলিয়া আদিতেছে। এখানে বন্ধা অর্থ অনাদি অনন্ত নিতা বন্ধা (পরমালা), সেই বন্ধকে নমন্ধার, জাহার অনুগামী আচার্য্যগণকেও নমন্ধার। সেই এই বেদভাগ অর্থাৎ প্রবচনাত্মক বন্ধ প্রজাপতির উপদেশপরন্ধারাক্রমে পৃথিবীতে আদিয়া শাখা-প্রশাশ্বক্রমে বিভৃতি লাভ করিয়াছে। পেরিশেষে বক্তব্য এই যে, পূর্বের যে সকল নামের উল্লেখ করা হইল, তৎসমুদান হইতে যে সকল উপনিষৎ প্রকাশিত হইলাছে, তাহাদেদ্ধ আচার্য্য নামেই থ্যাতি। এই জন্ধা সে বন্ধা নাম বর্ণিত হইল। ওঁতৎ সৎ।

इंकि वंशिशास मून जाशार्थ-विवृत्ति नमाथ।

যুগোপযোগী দাধনা বিবর্তিত মুক্তি-মন্ত্র দ্যাহিত দেকাদিকেকেবের শ্রীমুখ-কীণ্ডিভ

মহানিৰ্মাণ মহাতন্ত্ৰ

নাধক সম্প্রদায়ের আনন্দের আজ দাঁমা নাই ! আনন্দ আর এতে না হ

বহুল টীকার সমুদ্ধ-প্রবাশিয়ার সমুদ্ধল ভাদল সংস্করণ। সর্বলোক-শক্তর, বিশ্বশুক মহেশ্বর-ক্রিয়গোপধোগী সাধনার সিদ্ধি প্রদানের জন্ত স্বস্তান্ত কলির সানবের অশেষ কল্যাণ-বিধানের জন্ত --তাপদ্বাহ্নিত মোকপ্রদানের জন্ত স্বয়ং জীমুধে যে মহা নিৰ্দ্ৰাপ-ভক্ত কীৰ্ত্তন করিয়াছেন—শক্তিৰপিণী खब्बिक्कानियी बहाबाद्याटक डिशालनक्करण शाधनात विधान-রাশি স্থব্যাখ্যা করিয়াছেন-ক্লিযুপে পাপ-ভাপ নাশের এখন প্রোধ্বল প্রভা আর নাই-আর্যা-সাহিত্যের অবিনশ্বর আধারে স্বতনে স্থরক্ষিত সে অনাহত-ধ্বনি বিশ্বের চির্মল্লের শিক্ষানাদ। সাধকের প্রাণাপেশা প্রিমধন—সিম্বির খনস্ত ঐশ্বর্যা—অসংখ্য তন্ত্ররাশির সর্বশ্রেষ্ঠ তন্ত্র—কলির নানবের মুক্তি-পঞ্চ-মকার সাধনার নিগৃত মর্ম সমাহিত! মারা সাধনে মহামারা--- সুরা সাধনে অমুক্ত-- পঞ্চ-মকার সাধনে ইন্দ্রির কয়—তন্ত্রের নিগৃঢ় মর্শ্ব—গুহুতত্ত্ব এক মহানির্বাণ-তন্ত্রেই महत्व मिल्रिना कतिए व्हेरन महानिक्रान-छात्रव আশ্রর গ্রহণ ভির উপ্পারাম্বর নাই।

আবার এই মহাতত্ত্বের সহিত—

১। বছকোষ, ২। শিবভন্ত-প্রদীপিকা, ৩। বহানির্বাণ-তন্তের প্রাচীনত্ব ও প্রাধীণ্যের সন্দেহ নিরসন।

थानात्रात्मत्या मृना २।°, कालाइ वांधाहे २॥•

•বস্মতী-সাহিত্য-মন্দির ১৬ নং বহুবাজার খ্রীট, কলিকাতা। বহাবো বি ত্রিলাকের মহাতারিক—সাধকরেই মহেশরের
শীস্থনিঃস্ত - কলির মানবের মৃক্তির্ভ অলৌকিক
সিদ্ধিলাভের একমাত্র প্রথম পশ্ — অসংখ্য তর্মান্ত-সমৃত্র
আলোড়িত করিয়া হারাৎসার সম্বানে—প্রত্যক্ষ সত্য—
সন্তব্ধপঞ্জ সাধনার অপূর্বা-স্বর্ম—

তন্ত্রশান্ত্রবিশারদ্ আগমবাগীশ শ্রীমৎ ক্লফানন্দের

র্হৎ তন্ত্রসার

দেবাদিদেব মহাদেব থীঃ শ্রীমুখে বলিগাছেন—কলিতে একমাত্র ভ্রমাত্র কাত্রত—সভ্তদলপ্রাদ—জীবের মুক্তিদাভা; অন্ত শাত্র নিজিত —তাহার সাধনা নিজল। আশানে সাধনামর মহাদেব পক্ষমুধে কলিযুগে ভঙ্গশান্তের মাহাগ্যাকীক করিয়া—সংখ্যাকীক ভ্রমাত্র প্রণরন করিয়া সাধনা, মুক্তি ও সিদ্ধির পথ নির্দ্দেশ করিয়াছেন। এই সীমাতীত তন্ত্রসমুদ্র মথিত করিয়া মহাত্রা ক্ষণানন্দ সরল সহজ বোধগম্যভাবে সাধকসম্প্রদারের শক্তি-বীজনিহিত অনুস্যু রম্ব
এই বৃহৎ ভন্তসার আজীবন কঠোরভর সাধনাধ—জীবনাস্তকর পথিশ্রমে সংগ্রহ—সঙ্কলন সারৎসার সমাবেশ করিয়া
মানবের অপের মুক্লবিধান করিয়া গিয়াছেন।

ত্রে-ভূম ও তরে-রাহত পশ-মনার-রহত কি । পশ-মকার সাধনা কিরুপ। ওও সাধন কাহার নার । অইসিন্ধির সকুল প্রকারের সাধনা—ভারিক সাধনার শাক্ত তক্তপথের সকল সিন্ধিই ভ্রসারে স্থিবেশিত। এই দেবত্রে ভ রত্ম মাত্র ২১ টাকার পাইবেন।

বস্মতী-সাহিত্য-মন্দির ১৬৬ নং বহুবাজার খ্রীট, কলিকাডা।

रिक्करीयुगरणत जाना भूग।

বহু আয়াদে বৈ**।**বীয় পাধনার ঋষি-বিজ্ঞা**নকব্রিত**— সাপ্রনা ও সি**ল্লির অপূর্ব সমা**বেশ

***** গৌতমীয় তত্ত্ৰ *****

মূল ও অনুবাদসহ প্রথম প্রকাশিত।

ভব্জেন্ত অহাশক্তি ই বৈহাওনী বৈঞ্চনীরপেই মহামারার বিচিত্র বিকাশ! দেই মারার প্রভাবেই জগৎ স্বষ্ট—জগৎ চালিজ্ঞ দেই মারা-বোরে আবদ্ধ হুইয়া সংসার-কৃপ-নিবন্ধ মানব স্থামরা—মোহাক্তারে রক্জুতে সপ্তম করিতেছি—মহামারার লীলাবিভ্রমে মারা-মোহে বৃরিতেছি!

বৈষ্ণৰ-সাৰক ভক্তি-সাথনায় আ ভ্যোৎ সূপ্ কিন্তিয়াভেল-প্ৰেময়ের অনম্ভ প্ৰেম-দীদার কল্পনাতীত সৌন্ধ্-মাধুৰ্। প্ৰভাক করিয়া প্ৰেমের সাধনা করিতেছেন।

এ সাধনা সাতৃরূপে নছে—নায়িকারূপে—প্রেমময়ী রম্বরূপে—প্রেমের দিবামূর্ত্তি—শ্রীরাধারূপে—

এ সাধনা-কামগন্ধহীন স্বৰ্গীয় প্ৰেম-শুদ্ধা ভক্তির উপাসনা ভক্তবৈষ্ণবের এই শ্রেস-সাধনার গুহুত্তের মূল উৎস কোথায় হ

ষে গুছ সাধনার আজ্ঞ প্রারজ্বাম—শ্রীমণুরা, প্রীর্ন্দাবন, শ্রীনব্দীপ,
শ্রীষণড়া-ধাম প্রভৃতি পুণাতীর্থের শত শত আথড়ার—আবাদে—
আশ্রমে—কুঞ্জে কুঞ্জে—পুঞ্জে গৈঞ্চব নাইক সম্প্রদায় ব্যব্যান্তর
আগ্রনিয়োগ করিরা ভক্তি জগং সৌরভিত—গৌকস্বিত করিতেছেন—
সেই প্রেমনীলা - বৈচিত্রের সাধনা ও সিদ্ধির গঙ্গোত্রী-ধারা—

গোভনীয় ভক্ত হ

বৈক্ষীৰ গুণ্ডতেরে গুহুতর স্থাবগত হইবার লগু নহাপবিত্র দিছির আমূল।
নিধি গৌতদীয় তন্ত্রপানি সাদরে গ্রহণ করুন, বহু আহাসে এই নুপ্তরম্ব উদ্ধার
হইরাছে। শ্রুতি কোনে দেশে লাখিনা জ স্থানা দেশ আমিনা।
বস্মতী-সাহিত্য-মন্দির—১৬৬ বহুবাজার খ্রীট, কলিকাতা।

জ্ঞতে ক্ৰমে ১০৮ বানি উপনিবৰ প্ৰকাশিত ইইভেছে।

সম জেলী-

ছণ কেন ও। নাগবিল ৫। স্থক ি । বাম ২এ জল ৪। কৈবলা ৬/ এখবিল ৮। এজ ১। গোপাগভাপনী ২০। গর্ড

नक्षतकाता, कार्तका, कीलिका व गवन वकाक्षतामान की भन चानि छन्निमाप्तव এकत्व वावार गुना भाव 🔍 छोको।

३इ ट्यंनी-

को दबकाबकरवा । भाग । १। नित 📢 कानिकी है। अपूर्णिय । (दश्याविम् । नियो है। नियोग्रेषा

क्षारबात अक्रवामम् धरे उन मनवननंक धक्टन बीवार मना अन

এয় স্থোলী— ১। ঐত্রেম ৩। শিক ৫। চুলিক ৭। নয়ানি

২। কাবাল ৪। আত্ম ৩। আকৃণি ৮। কঠলাড

) श्रिक्ट्म) । नीतक्त कारमात्र वनाक्षतातम् उर्भागमः वकाव वीनाई मुना 🔍 ।

कथं ट्यानी-

हाटनमात्रा डेशनश्रम

শিববিভার ভগবান শ্রীকং শক্ষরটার্টোর ভাষোর श्रीरांग अवशातगर रीयारे मुक्ता आहे जिल्हा।

মৰ শ্ৰেকাণিত পম ভোগী-

भ वृत्रिक्ताणमी १। निगर में कटाकालां वस्त्

🕫 । कुछ डेन निरम् । ८ । निर्धाणानसम् । उद्योविष्णभनिष्ण्।

এই সংগ্ৰহাশিত উপনিষদ ভাষাজিবাদশৰ বাধাই মূলা 🔍 । শাবাৰ একৰে ২৬ পালি উপলিমদে 🙈 টাকা।

> শর্মতী-সাহিত্য-মন্দির ১৯৩ নং গ্রহাজার হুটি, কলিকানা ।